#### ম্থবন্ধ

বিশ্বভারতী রবীন্দ্রভবনের 'রবীন্দ্রনাথের চিশ্তাজগণ'-প্রকলেপর প্রথম বই 'শিক্ষাচিশ্তা : রবীন্দ্ররচনা-সংকলন' প্রকাশিত হল ।

এই প্রকল্পের লক্ষ্য হল রবীন্দ্রনাথের চিন্তার পরিচয় তলে ধরা : রবীন্দ্রনাথের চিন্তান্ত্রলক বচনা সংকলিত করে' তার সাহায্যে শিক্ষা, সাহিত্য, সমাজ, রাজনীতি, ধর্ম ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে ববীন্দ্রনাথের চিন্তাভাবনার সংগ্রে পাঠকের প্রতাক্ষ্ম পরিচয় ঘটিয়ে দেওয়া।

প্রকলেপর কাজ হল ববীন্দ্রনাথের বচনার (গ্রন্থভ্ড, পত্রিকায় প্রকাশিত কিন্তু অল্যাবিধি কোনো গ্রন্থভ্ড নয়, এবং অপ্রকাশিত—তিন রকম রচনাই। অনুসাধান ও সংগ্রহ, সেগালিকে বিষয়-অনুসারে ভাগ করা এবং প্রভোক ভাগের রচনাগালিকে কালান্ত্রমে বিনাসত করা, এবং অতঃপর প্রয়োজনীয় গ্রহণ-বজানের মধ্যে দিয়ে সংহত করে খণেড খণেড নির্বাচিত ববীন্দ্ররচনা-সংকলন প্রকাশ করা।

প্রত্যেক খণ্ডের বিষয় ন্বতন্ত্র এবং সেই দিক থেকে প্রতি খণ্ডই—প্রতিটি **সংকলনই** ন্বয়ংসম্পর্ণে।

সংকলনের প্রতিটি বচনার শেষে প্রয়োজনীয় টীকা, ক্রস-রেফারেন্স ( তুলনীয় রচনার নির্দেশিকা), িষয়-নির্দেশ ইত্যাদি থাকরে। গ্রন্থারণ্ডের সন্পাদকীয় ভূমিকায় ১ বিষয়-পরিচয়, ২ রচনাগ্র্লির ঐতিহাসিক প্রেক্ষাপট ও ঐতিহাসিক পরিচয় এবং ৩ ওই বিষয়ে রবীন্দ্রিন্তার তক্তরগত পরিচয় দেবার চেন্টা থাকরে।

সংকলনের কাজের জন্য রবীন্দ্রনাথেব চিন্তাকে ক্ষেত্র অনুযায়ী নি**মুলিথিত** কয়েকটি বিষয়ে তাগ করে নেওয়া হয়েছে :—

- ১ শিক্ষাচিশ্তা
- ২ সাহিতাচিতা
- ০ সমাজচি\*তা
- ১ স্বদেশভাবনা, পল্লীচিন্তা, রাজনীতিচিন্তা, ইতিহাসভাবনা ইতাাদি
- ্ৰালপচিনতা নন্দনতন্ত্ৰ, সংগীৰ্তাচনতা, চিত্তকলা বিষয়ক চিনতা ইত্যাদি
- ৬ দশ'নচিতা
- ৭ ধর্মচিতা
- ৮. ভাষাচিন্তা ও অন্যান্য বিবিধ বিষয়ে চিন্তা।

যদিও এখানে আটটি বিষয়ের কথা বলা হল, তাহলেও কাজের বর্তমান অবস্থায় নিশ্চিত কবে' বলা সভব নয় যে সিরিতের বইয়ের সংখ্যা আটটিই হবে। রবীন্দুনাথের চিশ্তার বিষয় নিদিশ্ট আটটি কুঠুরিতেই আট্কে রাখবার মতো নয় এ কথা কে না বোঝে সংখ্যাকে বাড়তে দিলে সিরিজটি পাঠকের পক্ষে দ্রিধিগমা হয়ে পড়ার আশক্ষাও আছে। প্রতি বিষয়ের ক্ষেতেই আয়তন-সংক্ষেপের প্রয়োজনীয়তা আছে। অন্যাদকে প্রতি বিষয়ের আয়তন বা রচনার সংখ্যাও সমান নয়। ক্ষেত্রবিশেষে এক বিষয়ের সীমানায় অপর বিষয়কে শ্থান দেবার দরকার হয়ে পড়তে পারে

গ্রন্থসংখ্যা আগে-ভাগে স্থনিধ'ারিত করে দেওয়া যায় না । আট সংখ্যাটি আন্মানিক, পরে সংখ্যার হাস-বৃদ্ধি ঘটতে পারে ।

বিষয়ের অর্থাৎ প্রকাশিতবা বইয়ের ক্রমেরও অদল-বদল ঘটতে পারে। প্রথম বইটি শিক্ষাবিষয়ক। সেটি প্রকাশিত হল। দ্বিতীয় বইটি সাহিত্যবিষয়ক। সোটির কাজ সমাপ্তপ্রায়। তার সংগ্র সংগ্রহ তৃতীয়টির কাজ চলছে। এটি সমাজবিষয়ক। এর পর ক্রমভংগ হবে কি না তা এখন বলা কঠিন।

'রবীন্দ্রনাথের চিন্তাজগণ'-এর মতো গর্র্ত্বপূর্ণ একটি প্রকলপকে অন্নোদন করার জন্য এবং উক্ত প্রকলেপর বই প্রকাশে আন্রকূলা করার জন্য রবীন্দ্র-অন্রাগী মারেই বিন্বভারতীর কাছে কৃতজ্ঞ থাকবেন। শর্ধ্ব রবীন্দ্র-অন্বাগী কেন, বাংলা সংস্কৃতির সন্পর্কে, ভারতীয় সংস্কৃতির সন্পর্কে যাঁরা আগ্রহশীল— মানব-চিন্তার ঐতিহাসিক প্রবাহ সন্পর্কে যাঁরা আগ্রহশীল, এই কাজের জন্য তাঁরা সকলেই বিন্বভারতীর কাছে কৃতজ্ঞ হয়ে থাকবেন। এ ক্ষেত্রে আলাদা কবে প্রকলেপব কমীণি হিসেবে আমার কৃতজ্ঞতা প্রকাশ বাহ্বলাের মতো মনে হবে ।

প্রকল্পের কাজে রবীন্দ্রভবন-কর্তৃপক্ষের কাছে সব সময় সব রক্ষ আন্তর্জন্য পেয়েছি। সেজনা আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। ভবনের কর্মীদের কাছেও অনেক ব্যক্তিগত সাহায্য পেয়েছি। এই স্ত্রে তাঁদের সকলকেও কৃতজ্ঞতা জানাচ্ছি।

পর্যাপ্ত সহযোগিতা পেয়েছি প্রকলেপর গবেষণা-কমী ভঃ সাম্প্রনা মজ্মদারের কাছ থেকে। কিম্তু প্রকলেপর কাজের সংগ তিনি যেভাবে যা্ত তাতে তাঁকে ধন্যবাদ দেবার প্রশ্ন ওঠে না।

প্রকাশনা-সংস্থার (গ্রন্থালয় প্রাঃ লিঃ) শ্রীনিরঞ্জন চক্রবতীরি কথা আলাদা করে বলতে চাই। তাঁর বিদ্যানারাগ এবং রবীন্দ্রানারাগের কারণে কাজটিকে তিনি যে রক্ম গা্রাছের সংগে গ্রহণ করৈছেন এবং যেভাবে আমাদের সহযোগিতা করেছেন, তাতে বোঝা যায়, কাজটিকে তিনি রবীন্দ্রকৃত্য বলেই মনে করেন। সেক্ষেত্রে কে যে কাকে ধন্যবাদ দেবে জানি না। তব্য আমাদের তরফ থেকে তাঁকে অকণ্ঠ ধন্যবাদ জানাচ্ছ।

প্রকাশনার সংগে জড়িত প্রত্যেকেই এই গ্রন্থপ্রকাশের কাজে আগ্রহ ও তৎপরতার সংগ্রে সহযোগিতা করেছেন। তাঁদের সকলকে আমার কুতজ্ঞতা জ্ঞাপন করছি।

পরিশেষে সংকলন প্রসংগে কয়েকটি কথা পাঠকদের কাছে আলাদা করে নিবেদন করছি—-

- ১ সংকলনের সর্বন্ত স্বীকৃত আধ্নিক বানান রক্ষা করাব চেণ্টা হয়েছে। সমতারক্ষার জন্য প্রানো রচনার প্রানো বানানকে বদলে নেওয়া হয়েছে। কিম্তু সর্বপ্রকার সমত্যরক্ষা সর্বন্ত সম্ভব হয় নি।
- ২০ সাধ্যভাষা চলিতভাষার ক্ষেত্রে এরকম সমতারক্ষা সম্ভব হয় নি। কিছ্যু কিছ্যু সাধ্যভাষায় রচিত প্রবন্ধ উত্তরকালে চলিতভাষায় রুপান্তরিত হয়ে প্রকাশিত হয়েছে। সেই সব প্রবন্ধের ক্ষেত্র চলিত রুপিটিই এখানে রাখা হয়েছে।
- ৩০ প্রতি রচনার শেষে তুলনীয় প্রসংগার । ক্রম-রেফারেশেসর ) যে তালিকা দেওয়া হয়েছে, সেই তালিকায় কেবল বর্তমান সংকলনে-গৃহীত রচনারই নিদেশি দেওয়া

হয়েছে। সে তালিকাতে সংকলনের সমশ্ত প্রাসন্থিক রচনাই যে সর্বত শ্রান পেয়েছে তাও নয়। তালিকা সম্পূর্ণ করতে গেলে তা অতিরিক্ত দীর্ঘ হয়ে পড়ত। তাতে কাজের পক্ষে স্থাবিধার থেকে অস্থবিধাই বেশি হবার সম্ভাবনা।

- 8 ভূমিকার ঐতিহাসিক পরিচয় অংশে রবীন্দ্রনাথের শিক্ষাম্যলক রচনার ধারাকে তিনটি প্রেক কালপরে ভাগ করে নেওয়া হয়েছে : এক, প্রাক্ শান্তিনিকেতন পর্ব ; দ্ই, শান্তিনিকেতন প্রাক্-বিশ্বভারতী পর্ব এবং তিন, বিশ্বভারতী পর্ব । স্টিচপন্তও এই ভাগের দারা চিহ্নিত হয়েছে । কিন্তু এই ভাগ সর্বসন্মত না-ও হতে পারে । নানা কারণে মূল পাঠে অর্থাং সংকলন-অংশে কোনো পর্বভাগের চিহ্ন রাখা হয় নি ।
- ৫০ দ্ব-একটি ব্যতিক্রম বাদে সাধারণত একই বিষয়ের টীকা একাধিকবাব দেওরা হয় নি । নিদেশিশকা থেকে প্রয়োজনীয় দীকার সম্থান পাওয়া যাবে ।
- ৬ ভূমিকায় প্রকাশিত কোনো মতামতেরই দায়িত্ব বিশ্বভারতীর নয়, সে দায়িত্ব সম্পূর্ণেই সম্পাদকেব, আর কারো নয়।

ভুলভাশ্তির দায়িত্বও সম্পাদকেরই।

সতোন্দ্রনাথ রায়

# সৃচিপত্ৰ

ভূমিকা		•••	5
প্রাক্	-শান্তিনিকেডন পর্ব		
٥.	মেঘনাদবধ কাবা		৬১
₹.	ন্যাশনল ফশ্ড		৬২
٥.	য়্রোপ্যাত্রীর ভায়ারি		৬৩
8	শিক্ষার হেরফের	•••	৬৫
<b>&amp;</b> .	প্রসংগকথা ১ (তিনখানি পত্র)	•••	95
৬.	শিক্ষার হেবফের প্রবশ্বের অনুবৃত্তি	•••	96
9.	প্রসংগ্রহণা ২		<b>9</b> 9
শাহি	নিকেতন প্রাক্-নিশ্বভারতী পর্ব		
٨.	জগদ শিচন্দ্ৰ বস্তকে পত্ৰ		৭৮
7.	হারদেব প্রতি সম্ভাবণ	•••	۹ <b>৯</b>
20.	পরে'প্রশ্নের ধন <b>্</b> ব্যক্তি	•••	৮৬
22	ইতিহাসকথা	•••	<b>৮</b> ৮
<b>2</b> 5.	শিকাসংকার	•••	20
20.	িকাহ∣ <b>ম</b> হা≀া		৯৪
\$8.	জাতীয় বিদ্যা <b>লয়</b>	•••	<b>\$</b> 0 <b>\$</b>
\$6.	আবরণ		200
26.	তপোবন	•••	222
59.	অঘোৰনাথ অধিকাৰীকে প্ৰ	***	<b>&gt;</b> ২৪
26.	হিন্দ্র বিশ্ববিদ্যালয়	•	১২৫
29.	বাংলাশিক্ষার অবসান		25%
<b>২</b> 0.	পিতৃদেব ( জীবনক্ষ;তি )	•••	200
<b>२</b>	ধম'শিক্ষা		202
২১.	জগদানন্দ রায়কে পত্র ১নং	•••	<b>২৩</b> ৬
২৩.	শিক্ষাবিধি	•••	209
₹8.	জগদানশ্দ রায়কে পত্র ২নং	•••	280
<b>২</b> ৫.	লক্ষ্য ও শিক্ষা		288
२७	জগদানন্দ রায়কে প <b>ত ৩নং</b>		\$2A
<b>२</b> १	জগদানন্দ রায়কে পত্র ৪নং		28%
₹४.	জগদানশ্দ রায়কে পত্র ৫নং	•••	28%
<b>২</b> ৯.	অজিতকুমার চক্রবতীকে পত্র ১নং		202
<b>90.</b>	অজিতকুমার চক্রবতীকে পত্ত ২নং	•••	265
05.	সম্ভোষ্টন্দ্র মজ্বমদারকে পত্র ১নং	•••	200

# ( v11i )

৩২.	<b>দ্বীশিক্ষা</b>		:48
<b>99</b> .	শিক্ষার বাহন	•••	2GA
08.	ছাত্রশাসনত~ত	•••	১৬৬
<b>o</b> &.	তোতাকাহিনী	•••	200
বিশ্ব	ছারভী পর্ব		
৩৬.	প্রাক্তনী (৫)		598
٥q.	মৈস্থরের কথা		১৭৬
Ob.	ইংরেজি শেখা	•••	১৭৬
<b>ు</b> న.	বিশ্বভারতী ১নং	••	১৭৮
80.	অসশেতাষের কারণ	•••	240
82.	বিশ্বভারতী ২নং	•••	১৮৩
8३.	বিদ্যার যাচাই		<b>৯</b> ৮৫
80.	বিদ্যাসমবায়		১৮৭
88.	আকা <b>ণকা</b>	••	クツフ
84.	প্রাক্তনী (৬)		228
৪৬.	শিক্ষার মিলন	•••	১৯৬
89.	ক্ষিতীশস্দ্র দত্তকে পত্র	•••	২০৪
8r.	বিশ্বভারতী ৪নং	•••	<b>२</b> ०७
8გ.	বি*বভারতী ৬নং	•••	२० <b>१</b>
Ġ0.	বিশ্বভারতী ৫নং		২০৯
¢2.	বিশ্বভারতী ১০নং	•••	522
<b>৫</b> ၃٠	বিশ্বভারতী ১১নং	•••	220
<b>ሮ</b> ፡୬	প*িচম্যাত্রীর ভায়ারি	•••	₹\$8
80	আলোচনা	•••	२>७
<b>66.</b>	প্ৰে'ব <b>ে</b> গ ব <del>ৰ</del> ্তা		২১৬
৫৬	সন্তোষচন্দ্র মজ্মদারকে পত্ত ২নং	•••	২২০
<b>6</b> 9.	জনৈক অধ্যাপককে প <b>ত্ৰ</b>	•••	222
<b>ፍ</b> ዮ	বাংলাশিক্ষার প্রণালী		२२२
<b>৫</b> ৯.	রথীন্দ্রনাথ ঠাকুরকে পত্র ১নং	•••	২২৩
৬০٠	कर्नाविन्रा	•	<b>২২</b> ৪
৬১	বি <del>*বভা</del> রতী ১৪নং		২২৬
৬২.	ভক্তিদেবীকে পত্ৰ		224
<b>ა</b> ტ.	রাশিয়ার চিঠি ১নং	•••	२२४
৬8.	রাশিয়ার চিঠি ৩নং	•••	२२৯
৬৫.	রাশিয়ার চিঠি ৪নং	•••	২৩১
৬৬.	লোকশিক্ষা সংসদ ( অনুষ্ঠানপত্ত )	••	২৩২
<b>9</b> 9.	রাশিয়ার চিঠি ৮নং		২৩৩

৬৮.	পল্লীসেবা ১নং	•••	<b>২৩</b> ৪
৬৯.	রাশিয়ার চিঠি ৯নং	•••	২৩৭
90.	সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৬নং	•••	২৩৮
95.	সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৮নং	•••	২৩৯
٩२.	সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১০নং	••	২৪৩
90.	সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১৫নং	••	>88
98.	শিক্ষার সাথ'কতা		₹8¢
96.	শিক্ষার আদশ	•••	<b>২</b> 89
৭৬.	বিশ্বভারতী ১৫নং	•••	২৪৯
99	বিশ্ববিদ্যালয়ের রূপে		295
१४	শিক্ষার বিক্বিণ	•••	২৬১
৭৯.	ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদুশ	•••	২৬৮
<b>R</b> O	ধারাবাহী	••	২৭০
R.2·	রথীন্দ্রনাথকে পত্র ২নং	•••	<b>২</b> ৭২
৮২٠	শাশ্তিনিকেতন আ <b>খ্রমে</b> র শিক্ষানীতি	•••	২৭৩
A0.	শিক্ষা ও সংস্কৃতি		<b>२</b> 99
A8.	মহেম্মদ আজিজন্ল হককে পত্ৰ		২৮০
<b>ያ</b> ያ፡	ছাত্রদেব প্রতি	•••	<b>Ś</b> Ŗ <b>2</b>
৮৬.	বিশ্বভারতী ১৭নং	••	२४२
49.	শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান	••	২৮৩
<b>ዩ</b> ዩ·	শিক্ষার স্বাৎগীকরণ	•••	₹5 %
<b>ሁ</b> ል.	আশ্রমেব শিক্ষা		<b>₹%</b> S
৯০.	ছাত্ৰ <b>স</b> শ্ভাষণ		<b>そ</b> るる
22.	লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপি	•	৩০৫
<b></b> \$ <b>₹</b> ·	বি•বভারতী ১৮নং	•••	৩০৬
৯৩.	পল্লীসেবা ২নং	•••	<b>00</b> 8
<b>%</b> 8•	বাঁকুড়ায় ছাত্রদের উদেশে	•••	220
৯৫	তপোবন (২)	•••	o22
৯৬.	আশ্রমের রূপে ও বিকাশ		975
পরি	লিষ্ট		
৯৭.			<b>0</b> \$8
24.	A Poet's School		৩১৭
	My Educational Mission	•••	०२२
200.	Letter to L. K. Elmhirst	•••	• <b>২</b> 8
<b>3</b> 00.	সম্প্রণ		<b>0২</b> 9
	না-শংগ্রন নিদেশিকা—ক	•••	৩২৯
	নিদেশিকা — খ	•••	৩৩২
	THE PART T		

#### সংকেড

র = রবীন্দ্ররচনাবলী; পরবতী সংখ্যাটি খণ্ড-নিদেশিক; তারপরের সংখ্যা প্রুণ্ঠা-নিদেশিক। দৃষ্টাশ্ত—র।১।১ = রবীন্দ্ররচনাবলী, ১ম খণ্ড, ১ম প্র্ণুষ্ঠা। কোনো স্বতন্ত্র নিদেশি না থাকলে ব্রুক্তে হবে, রচনাবলী পশ্চিমবংগ সরকার জন্মশতবাধিক সংশ্বরণ (১৩৬৮)।

রচনাবলী বিশ্বভারতী সংস্করণ হলে তার নিদে'শ দেওয়া থাকবে। যেমন— র।১২শ, বিশ্বভারতী, ১৩৪৯, প্র-৫০৩

শিক্ষক রবীন্দ্রনাথ : প্রতিকৃতি রবীন্দ্রভবনের সৌজন্যে ।

রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

**শিক্ষাচিত্ত**। রবী**স্তর্চনা-সংকল**ন "ব্যাপকভাবে সর্ব'সাধারণের মনের ক্ষেত্র ক্ষণ করে বিচিত্র ও বিশ্তীণ'-ভাবে ব্যিশ্বকে ফলিয়ে তুলতে পারলে, তবেই সে সভাতা মনস্বী হয়।"

সমাধান ( ১৯২৩, অগ্রহায়ণ ১৩৩০ ), কালান্তর, রা১৩।৩২১

" শিক্ষাসংস্কার এবং পল্লীসঞ্জীবনই আমার জীবনের প্রধান কাজ।" অমিয় চক্তবর্তীকে লেখা চিঠি, ১৫ নভেবর ১৯৩৪ (চিঠিপর—১১, প্র ১২২)

"প;থিবীতে আজ যে-সব জাতি যে-কোনো রক্ম লড়াই চালাচ্ছে, তাদের সকলেরই জোর সবজনীন জনশিক্ষায়।"

তদেব, ২০ মে ১৯৩৯ ( চিঠিপত — ১১, প্ ২৮৯ )

# ভূমিকা

১৷ সংকলন-পরিচয়

২। ঐতিহাসিক পরিচয়

৩। ভত্তরগত পবিচয

"সূদীর্ঘাকাল ধরে অনেক লেখা লিখে এসেছি,—ভূলেছি তার মাধিকাংশ। নিঃসন্দেহ তারা বার বার পরস্পরকে প্রতিবাদ করেছে। মতের ধারা চিশ্তার ধানা পরেবাহিনী পশ্চিমবাহিনী নদীর মতো—এক পর্বাত থেকে নামে কেছু চ রুফেতের অবস্থা অনুসারে ভিন্ন বিক নেয়। ভালিনে সত্যের প্রবাহ বাক ফেনে, প্রত্যেক বাঁকেই তার সত্যতা আছে। —সভাই বাদী সভাই প্রতিবাদী, উপর থেকে খটকা লাগে, তালিয়ে দেখলে মিল পাওয়া ধায়।"

[রবীন্দ্রনাথের পত্র, বৃন্দাবন ভট্টারায়'কে লেখা, শানিতনিকে চন, ১০।৩,১১,৩৭ ]

## ১। সংকলন-পরিচয়

- क। महना
- খ। বিন্যাস প্রসংজা
- গ। উপস্থাপনা প্রসঙ্গে
- ঘ। সীমানা প্রসংগ

#### ः भ हता

রবীশ্রনাথের শিক্ষাবিষয়ক প্রথম উল্লেখযোগ্য প্রবংধ 'শিক্ষার হেরফের' ১২৯৯ গলের পৌবের সাধনায় প্রকাশিত হয়। রচনাটি এর অলপ আগে রাজশাহীতে ভাষণ গোপঠিত হয়। নভেশ্বর ১৮৯২)। রবীশ্রনাথের তখন শিলাইনহ বা 'সোনার তরী' বা চলছে। বংস একজিশ পার্ণ হবার মাধে। তখনো রবীশ্রনাথ নোনো শিক্ষা-জিউঠানের সভান যাত্ত্ব পার্ল হবার মাধে। আগেবিদ্যালয়ের প্রতিঠা আরো সভাপের পরের ঘটনা। শিক্ষাব্যাপারের প্রতিক্ষা আভিজ্ঞতার সংগ্রে যাত্ত্ব না হলেও, শেক্ষান হেরফের' প্রবংধর কোথাও অন্যাভজ্ঞতার বা মনোযোগের অভাবের কোনো ছাপ এই, কোথাও চিল্ভার দর্বলভান বা মন্যান অলভিয়ির কোনো ভিল্ল নেই। প্রবশ্বের হতে হবে সের শিক্ষাব্যাপারে ব্রীশ্রনাথের আগ্রহ ও উৎকঠার প্রমাণ আছে।

আনদেভর আগেও অবশ্য অন্যক্ষ্য আরণেভর পালা থাকে। ও বন্ধ প্রথম হলেও, নতারও যে এইখানেই স্ট্রপাত এমন বলা যায় না। শিক্ষা বিষয়ে রবনিদ্রনাথের নতা যে এব অনেক আগেই ভাওত হয়েছে, তার প্রমাণ আছে যোলো বছর বয়সে রচিত মধনাদবধ প্রবশ্বে (১৮৭৭ প্রাবণ ১২৮৪ ), কংবা বাইশ বছর বয়সে রচিত 'ন্যাশনল 'ড' প্রবশ্বে (১৮৮৩, কাতিক ১২৯০)। আবো কিছু প্রমাণ তাঁর ব্যক্তিগত চিঠিপত্তের ব্যা খণ্ড-ছিন্নভাবে ছড়িয়ে আছে। অপেক্ষাকৃত উল্লেখযোগা একচি , দর্শন পাই বরাপ যাত্রীর ভায়রী তে (১২৯৮, ইং ১৮৯২)। অবশ্য বলা দ্বকার যে এর নিন্টিই স্বাস্বি শিক্ষাবিষয়ক বছনা নয়।

'শিক্ষাৰ হেন্ফের' সরাসরি শিক্ষা বিধয়ক রচনা।

শিক্ষান হেরছের' রচনার কাল (১২৯৯, ইং ১৮৯২) থেকে মৃত্যুর অহপকাল পূর্ব র্লেড দীর্য অর্ধশিতাক্দী সময়ে রবীন্দ্রনাথ শিক্ষা বিষয়ে অক্সান্ত হাবে প্রবন্ধ রচনা েছেন, ভাষণ দিয়েছেন, প্র-প্রবন্ধ প্রকাশ করেছেন, নানা আলাপ-অলোচনায় এই বধুবো নিজের ক্রিন্তিত অভিমত বাস্ত করেছেন। এই প্রক্রিয়া প্রায় ছেনহীন।

কিন্তু কোনো প্রবন্ধই কেবল প্রবন্ধরচনার জন্য গ্রচিত নয়, কোনো ভাষণই কেবল গ্রমণের জন্য রচিত নয়। সমন্তেবই লক্ষ্য কর্ম, সমন্তেবই লক্ষ্য উদ্দেশ্যসাধন। এই দেশখাসাধনেরই প্রধান ও প্রত্যক্ষ সোপান আশ্রম-বিদ্যালয়ম্থাপন, পরে বিশ্বভারতী প্রতিষ্ঠা, শ্রীনিকেতন প্রতিষ্ঠা, শ্রীনিকেতন শিক্ষাসত্র বিদ্যালয় প্রতিষ্ঠা।

দেশের প্রচলিত শিক্ষাবিধির বিরুদ্ধে নিতান্ত বালক বয়সেই রবীন্দ্রনাথ বিদ্রোহ ংরেছিলেন। এই নেতিবাচক ক্রিয়াটি পরে ইতিবাচক কর্মের মধ্যে সম্প্রণতা পেল

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

যখন তিনি শান্তিনিকেতনে ১৯০১ সালে ব্রশ্বচর্যবিদ্যালয় গ্থাপন করলেন, আরো সতেরো বছর পরে ১৯১৮ সালে বিশ্বভারতী প্রতিষ্ঠা করলেন (আইনসমত উদ্বোধন হয় ১৯২১ সালে ), শ্রীনিকেতন প্রতিষ্ঠা করলেন ১৯২১ সালে এবং তার ৩ বছর পরে ১৯২৪ সালে শ্রীনিকেতনে শিক্ষাসত বিদ্যালয় প্রতিষ্ঠা করলেন। অনমনীয় এক বালকের গ্বতঃগ্রুত বিদ্রোহ হয়তো আদৌ গণনীয়ই হত না, যদি এই ব্যক্তিগত বিদ্রোহের সতে ধরে, এরই ফলপরিণামে আমরা একদিকে এইসব ঐতিহাসিক কর্ম-প্রযাসকে এবং অন্যাদকে বিভিন্ন প্রবন্ধ-ভাষণাদির মধ্যে দিয়ে একটি অতাল্ড মহার্ঘ শিক্ষাতভাকে না পেতাম।

\* \* \*

রবীন্দ্রনাথের শিক্ষাম্লক রচনার মোট সংখ্যা নির্দিণ্ট করা কঠিন। তার কারণ এ বিষয়ে তার রচনা নানা জাতের। যেমন, বাংলা প্রবন্ধ, ইংরেজি প্রবন্ধ, বাংলাভাষণ, ইংরেজি ভাষণ, পত্রপ্রবন্ধ (পত্রাকারে লিখিত প্রবন্ধ) ইত্যাদি। এ ছাড়া ব্যক্তিগত চিঠিপত্রেও শিক্ষাবিষয়ক আলোচনার পরিমাণ নিতান্ত কম নয়। ভ্রমণকথা, ডায়েরি আত্মচরিতের অংশবিশেষ, বিষয়ান্তনের প্রবন্ধে শিক্ষাবিষয়ক অংশ, এগুলোও ধরা দরকার। এ রকম অবস্থায় সঠিক সংখ্যানির্পণ সম্ভব নয়। মোটাম্টিভাবে বলা যায়, ভ্রমণকথা ডায়েরি বা বিষয়ান্তরের প্রবন্ধে প্রাসন্ধিক আলোচনা, এ সব বদি বাদও দিই, নিছক ব্যক্তিগত চিঠির মধ্যে লভ্য প্রাস্ক্রিক মন্তব্যকে খাদ গণনা না-ও করি, অর্থাৎ কেবল বাংলা-ইংরেজি মূল প্রবন্ধ ভাষণ-পত্রপ্রবন্ধই যদি ধরি, তাহলে তার সংখ্যা একশর বেশ কিছ্ব উপরে।

এই শতাধিক প্রবংধ-ভাষণাদির অধিকাংশই এখন প্রথণত কোনো গ্রন্থের অভভর্বি হয় নি । রবীন্দ্রনাথের শিক্ষাবিষয়ক সংকলনগ্রন্থ এ গ্রাহন্ত এ টেই প্রকাশি হয়েছে—'শিক্ষা'। 'শিক্ষা'র প্রথম প্রকাশ ১৩১৫ সালের গণাগ্রন্থাবলীব ১১শ ভাগর্পে। তাতে মাত্র ৭টি প্রবংধ ছিল। পরিবধিত ৩য় সংকরণ প্রকাশিত হয় ১৩৪৮ সালে। পরিশিন্ট নিয়ে তাতে প্রবংধ ছিল ২২টি। কিছু নতুন গ্রহণ-বর্জন করেতিমান সংকরণের প্রথম প্রকাশ ১৩৫১ সালে। বর্তমানে তার ১৩৬০ সালের মুদ্র প্রচলিত। এতে প্রবংধ আছে ২৩টি। 'শিক্ষা'-র ২য় খণ্ড বর্তমানে যাত্রস্থ। তাতে জার দেওয়া হয়েছে শিক্ষার ব্যবহারিক দিকের উপর।

কিছ্ কিছ্ বড়ো প্রবন্ধ বা ভাষণ, বা ভাষণধারা প্রতন্ত বই আকারে প্রকাশি হয়েছে। যেমন, 'আগ্রমের রুপে ও বিকাশ', 'প্রান্তনী', 'শান্তিনিকেতন রন্ধ্যথাপ্রম 'শিক্ষার আন্দোলন', 'শিক্ষার ধারা', 'বিশ্বভারতী' ইত্যাদি। মৌলিক ইংরেজি রজ্বা বাংলা রচনার অনুবাদপ্রিতকা, যেমন, 'A Poet's School', 'Centre a Indian Culture', 'The Parrot's Training'—এইগ্রেলা ধরলে আরো অন্ত সাতিট বইয়ের নাম এই তালিকায় যুক্ত হবে। 'ভানুসিংহের প্রাবলী', 'জীবনস্মৃতি 'ছেলেবেলা', 'ইতিহাস', 'ধাতী', 'রাশিয়ার চিচি'—এই সর বইয়ের কোনো কোনোটি প্রাস্থিক আলোচনার অংশও অত্যন্ত গ্রেক্সণ্ণ'।

আমাদের বর্তমান প্রয়াসের লক্ষা হল রবীন্দ্রনাথের রচনা সংকলিত ক

## শিক্ষাচিতা : ভ্যিকা

রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার সংক্ষিপ্ত বিন্তু ব্যাসভেব যথায়থ পরিচয় দেওরা। অর্থাৎ ববীন্দ্রনাথের শিক্ষাবিষয়ক এচনাসম্ভ থেকে —প্রবন্ধভাষণপত্র ইত্যাদি থেকে, বিভিন্ন প্রিন্তকা থেকে, বিভিন্ন গ্রন্থ থেকে — একটি যথাসভেব নিভবিযোগ্য সংকলনগ্রন্থ প্রভত্ত করা।

রবীন্দ্রনাথের শিক্ষাবিষয়ক বিপাল রচনাসম্ভার থেকে যে-কোনো ছোট বা নাঝারি বা খনতিবাহৎ 'নিব'চিত সংকলন', বিশেষত সেই সংকলনের অবলংবন যেখানে কোথাও-বা সমগ্র রচনা আবাব কোথাও বা নিবর্মিচত বচনাংশ, তা যে **অনেক্থানি** প্রিমাণে থণিডত, অসংপূর্ণ এবং অত্থিদায়ক হতে বাধা, একথা অংবকার কবার চেন্টা ন্ড্তা মাত। গোড়াতেই স্বীকার করে নেওয়া উচিত যে. এই সংকলন রবীন্দ্রনাথের শিক্ষাবিষ্যাক সমগ্র রচনার বিকল্প নয়। এই আংশিক ও র্গান্ডত সংকলনের উদ্দেশ্য नम्भर्ग स्वाप्तः । त्रवीष्ट्रनारथव स्थारना तहनावे स्थ्यारन ग्लाकोन वा वर्धनस्यामा नत्र, সেখানে খনেক রচনার বর্জন, যেখানে জোনো বছনাংশই বাহ দেবার মতো নয়, সেখানে অনেক ব্রহনাংশের বাদ দেওয়া, এরকম সংকলন যে সমত্রের সংধানীর কাছে কথনোই আকাঙ্রাঞ্চত **হতে পাবে** না, কখনোই স্বণ্ডোয়জনক হতে পাবে না, এ-কথা বলাব অপেক্ষা রাথে না । যথার্থই যাঁরা ববীন্দুর্বসনার সমগ্রের সন্ধানী এবং কেবল সমগ্রেরই भन्यानी, औरम्त जना द्वीन्द्रन्डमादलीरे शाकरत, अदर् तहनादलीर अदा स्मर्ट किन्छ বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে*. সেই সন*্তেপো ত্রণ্যালি থাক্রে, অপ্রকাশিত পর্লা ও পাকরে,— এ সংকলন-দ্রুত প্রতাক্ষরাকে তাঁদের জন্য ন্য । লাপু বা দাপ্রাপা আকুৰ ফোকে খাঁকে খাঁকে। প্ৰকাশ সংগ্ৰহ নৱা আঁকেৰ প্ৰক্ষ সমন্তৰ এল, এ গ্ৰ**ংগ প্ৰধানত** और विस्तान

একটা কথা এইখানে বলা দাব । বিশিন্নাধের শিক্ষাদিতার বিভিন্ন সময়ের বিভিন্ন প্রশাল রবীশূর্বদ্ধার নানা একানায়ে নানা ওকে ছড়িয়ে আছে। তার সম্প্রতা এমন কি বিশেষ্ট্রের প্রেড খ্ব জ্গন নয়। একান বচনা, এশ্বভূত হওয়া তো ম্যোক আয়, এখন প্রকিত ব্যক্তির্চনাবলীতেও গ্রীত হয় নি না বিশেষ্ট্রের সংক্রের আছিল তারা বিভিন্ন অধ্যাল্য দক্ষাপা আবি প্রিনার প্রতাপ্য আব্রোপন করে আছে। তারে বিভিন্ন অধ্যাল গ্রীত হরেছে।

বিশেষজ্ঞের কথা যাই হোক না কেন্দ্র কোনারণ নিশ্বিত ও শিক্ষাথী মান্তের পক্ষে একটি অন্তিব্হং একেন্ ব্যাণ নাথের শিক্ষাহিশ্তার মোনামুটি নিভরিযোগা গবিচ্য পাওয়া কম লাভের কথা নহা।

## বিন্যাস প্রসংগে

বর্তমান সংকলনের রচনাগ,লি ঐতিহাসিক প্রশ্বরায় পরিবর্ণশত হয়েছে।
নিশ্বে চিতা ও নিজের রচনা সম্পর্কে এক সময় ববীন্দ্রনাথ নিজেই বলেছেন,
বাল্যকাল থেকে আজ প্রয়ন্তি দেশের নানা অবস্থা এবং আমার নানা অভিজ্ঞতার
মধ্যে দিয়ে দীঘ্রিলাল আমি চিন্তা করেছি এবং কাজও করেছি। যেহেতু বাক্য বচনা

### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

করা আমার শ্বভাব সেইজন্যে ধখন যা মনে এসেছে তখনি তা প্রকাশ করেছি বর্চনাকালীন সময়ের সংগে, প্রয়োজনের সংগে সেই সব লেখার যোগ বিচ্ছিন্ন করে দেখলে তার সম্পর্ন তাৎপর্য গ্রহণ করা সম্ভবপর হয় না।" (রবীম্দ্রনাথের রাষ্ট্র-নৈতিক নত, কালাম্ভর, র ১১০।৩৭০)।

কথাটা রাণ্টনৈতিক মত প্রসংগ্য বললেও মোটান টি সমসত বিষয়ের চিন্তা সন্পর্কেই তা সমানভাবে প্রয়োতা। এ কথাব পিঠপিঠই তিনি বলেছেন, "য়ে মানুষ স্তনীঘনিলে থেকে চিন্তা করতে করতে লিখেছে তাব প্রচনার ধারাকে ঐতিহাসিকভাবে দেখাই সংগত।" তদেব )

ওই একই প্রবাধে চিন্তাবে সমগ্র করে দেখার প্রায়ালনের কথাও ধ্বনিদ্রাথ বলেছেন। প্রণপ্রা যবি ভাগেশস্তে গ্রথিত নাহয়ন ভাহলে তা ইভিহাস হয় নারবীন্দ্রনাথ এই প্রসাণে বিশেষ ভাগে নিমে বলেছেন। "তানো বাঁধা সভ এটোবারে ছসাপ্রণিভাবে কোনো-এক বিশেষ সমতে আমার মন থেকে উৎপল হয় নি ভবিবলে অভিজ্ঞতার সংগ্র সংগ্র নামা পরিবভাবনা মধ্যে ভাগা গ্রেড় উঠেছে। সেই সমসং পরিবভাব-প্রশ্রার মধ্যে নিঃস্টেন্থ একটা ঐকাস্ত্র আছে। সেইটেনে উদ্যান করছে হলে রচনার কোন্ অংশ ম্যুখ্য, কোন্ আংশ গোণ কোন্টা ভংসামহিন, কোন্টা বিশেষ সময়ের সাঁনাকে অভিজ্ঞা করে প্রহ্মান, সেইটে বিসান ব্যব দেখা চাই।" (৩ জন)

সংকলয়িত। বিচাৰ সেই ঐকাস্তিটি লক্ষ্কণ, গৌণকৈ নেপ্থে। রেখে মান্তির তুলে ধরা, যা তংসান্থিক ভাকে বান নিয়ে যা বশেষ সময়ের সানাকে আভিবান কর প্রবহ্মান ভাকে সামনে নিয়ে আসা। এইখানেই নির্মাচিত সংবল্পের প্রধান সাথকিত।

বর্তমান সংকলনে রবণিদ্রমাথের মোট একণ টি তর্তনা বা রহনাংশ নির্বাচন বর নেওয়া হলেছে। এই একণ চি তর্নান কোনো-কোনোটি সমগ্র প্রবন্ধ, কোনো-কোনোটি অংশ বিশেষ। তেলনি কোনো-কোনোটি সমগ্র পর, কোনো-কোনোটি অংশ বিশেষ। আঘার নোনো নোনো কেনা সম্পূর্ণ ছিল বিষয়ের প্রপ্রের শিক্ষা বিশেষ প্রস্থাক্তর অংশ। যেমন 'জীবনম্ম,তি' বা 'মরেরাপ বারীর ডায়ারি' অথমা 'মার্র কিংবা 'পল্লাপ্রকৃতি' কি 'প্রাক্তনী' কিংবা 'বিশ্বভারতী' থেকে নির্বাচিত রচনাংশ শিক্ষা বিষরের সাপ্ত্র একই দিক নিয়ে, একই সিদ্ধানত উপ্থিয়ত করে ব্রবিদ্রাদ একাধিক প্রবন্ধ লিগ্রেছেন। তার সর কটিনেই এখানে নেওয়া হয় নি, এনই মধো যের বক্তরা বাচন ইত্যাদির কারনে মত্যা বলে নির্বোচত ইয়েছে, সেইটিনেই নির্বাচন কনে নেওয়া হয়েছে। প্রবন্ধ বা প্রের সেই অংশই বিহ্নিত হয়েছে যাকে আপেন্ধিক এরে কোন বলে গণা করা যায়। নির্বাচনে সেই সব এচনা বা রচনাংশে উপ্রেই কোন কেরেছে যালের সালাবের আজকের দিনে সমধিক গ্রেম্ছপর্ণ নলে নির্বেছ, যায়া বিশেষ কালের সালানাকে অতিক্রম বরে প্রবহ্মনে।

কাজের জবিধার জন্য রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার ধারাকে এখানে আমর। তিনা প্রথক কালপবে ভাগ করে নিয়েছি। ভাগটা চিন্তার ছেদকে অবলংবন করে নয় বস্তুত চিন্তা ছেদহীন। ভাগ শিক্ষাবিষয়ক তাঁর কর্মপ্রয়াসের সংগ্রে যা্ড—সংশ্রি কোনো গ্রেম্বপ্রপূর্ণ ঘটনার সংগ্রহ্য।

## শিক্ষাচিশ্তা: ভূমিকা

চিন্তা ছেদহীন হলেও তার ক্রমবিবর্তন আছে, তার মধ্যে পর্বে পরে অভিনবত্বের আবিতাব ঘটেছে, পরে পরে নতুন ম্লোর. নতুন তাৎপর্যের সন্ধার ঘটেছে। এই অভিনবত্বের দিক থেকে দেখলে— অর্থাৎ ভাবের দিক থেকে দেখতে একে সম্পূর্ণ তেনহান বলা যায় না। এইখানেই পর্বভাগের উপ্যোগিতা।

ভাবের নোড়-ফেরাব সংগে ঘটনার সংযোগ সব সময় আপতিক নয়। কোন্টা কার্য কোন্টা কারণ, সব সময় ভোব করে বলা না গেলেও, যেহেত্ ঘটনাই বাইরের থেকে স্থিতিয়াস, পর্বভাগ ঘটনা দিয়েই স্থবিধাজনক। যে দ্টি গ্রেজপুণে ঘটনাকে আমনা ববীন্দ্রাথেব শিক্ষাচিন্তায় পর্বভাগের ছেদবিন্দ্র বলে ধরে নির্য়েছি, তার একটি ইল ১৯০১ সালেব ২২ ডিসেবর (০ই প্রেম্ব ১৩০৮) শানিতনিকেতনে বক্ষচ্যবিদ্যালয়। নামান্তবে আশ্রনবিদ্যালয়। প্রতিষ্ঠা।

বিতীপটি সতেশো বছর প্রেন ঘটনা। সেটি হল ১৯১৮ সালের ডিসেবের ৮ পেনি ১৩২৫) শাণিতনিকেতনে বিশ্বভাবতী প্রতিষ্ঠা। সকলেই জানেন, বিশ্বভাবতী প্রতিষ্ঠান ক্ষেক্টি রাপ আছে। প্রথম রাপ প্রতিষ্ঠা—১৯১৮ সালের ডিসেবের—প্রশাসনিকভাবে কার্যাবিভ ২৩ ডিসেবের ১৯১৮ (৮ পৌষ ১৩২৫)। দিতীন রাপে—অবাহন অবাহ্লাল আকভ—ভল্লাই ১৯১৯ (আলাচ্ ১৩২৬)। তৃতীয় বা শেষ রাপ— আইনসালত উলোধন—ডিসেবের ১৯২১ (৮ পৌষ ১৩২৮)। এখানে—আনাদের প্রবিশ্ভর ক্ষেত্রে আম্বা প্রথম রাপটিকে যথার্থ আরম্ভ বলে গণা করেছি।

আশুমবিদ্যালয় প্রতিষ্ঠা এবং বিশ্বভাবতী প্রতিষ্টা, এই দ্টি ঘটনাই রবীশ্রনাথের চিল্ডাগীবনে এবং কমজিবিনে বিশেষ গ্রেভিপ্ণি। ভাবতীয় সংস্কৃতির ক্ষেত্রেও তার গ্রেজ কম নহ।

সে ধা-ই হোক, এই দূটি ঐতিহাসিক ঘটনাকে চোথের সামনে রেখে রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তায় আম্বা নিম্নলিখিত রক্ষেব পর্বভাগ কবে নিতে পারি:—

এক: প্রাব্-শাণ্ডিনিকেতন পর'.

দ্ই শাণিতনিকেতন প্রাক্-বিশ্বভাবতী পর্ব ;

তিন 'বিশ্বভাবতী পৰ'।

## ১ প্রাক-শাণিতনিকেতন পর্ব

পর্বাট প্রথম থেকে অর্থাৎ রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার উন্মেষ থেকে ১৯০১ সালে শানিতনিক্তরে আশ্রম-বিদ্যালয় স্থাপন পর্যন্ত ব্যাপ্ত।

এই পরের সংগে কোনো উল্লেখযোগা শিক্ষাবিষয়ক কর্মপ্রয়াস যান্ত ছিল না। এই পরের শেষের দিকে শিলাইদহ কুঠিতে নিজেব ছেলেমেয়েদের জনা রবীন্দ্রনাথ যে ঘরোয়া শিক্ষাবাবস্থাব পত্ন করেছিলেন, সেই গৃহবিদ্যালয়ের প্রতিটি কাজের সংগে তাঁব গভীব যোগ ছিল। তাহলেও সেই ক্ষ্যু বাবস্থাকে যথার্থ শিক্ষা-প্রতিষ্ঠান বলা সংগত হবে না।

পর্বের আরুন্ডের দিকটা ম্পণ্টভাবে চিহ্নিত করা কঠিন। ১৮৭৭ সালে ষোল বছর

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

বয়সে রবীন্দ্রনাথ ভারতীতে (১২৮৪) 'মেঘনাদবধ কাব্য' নামে যে প্রবন্ধটি লেখেন, তাব মধ্যে এদেশের প্রচলিত শিক্ষাব্যবহ্থার সম্পর্কে একটি গ্রের্ত্বপূর্ণ উক্তি আছে। তাকেই আমরা কার্যক্ষেত্রে শিক্ষাবিষয়েক চিম্তার আত্মপ্রকাশের প্রথম ধাপ বলে ধরে নিতে পারি।

এই পর্বের সব থেকে গর্র্ত্বপূর্ণ রচনা শিক্ষা বিষয়ক প্রণিংগ প্রকংধ হল শিক্ষার হেরফের'।

বর্তমান সংকলনে এই পর্ব থেকে মোট বটি রচনা বা রচনাংশ সংকলিত হয়েছে।

# ২. শান্তিনিকেতন প্রাক্-বিশ্বভারতী পর্ব

এই দিতীয় পর্বাটিকে বলা যেতে পারে শান্তিনিকেতনে আশ্রম-বিদ্যালয়ের পর্ব । যাকে জাতীয় শিক্ষা বলা যেতে পারে—বিশ্বেধ ঐতিহ্য-অনুযায়ী শিক্ষা, তারই প্রয়াস দিয়ে এই পরের শ্রু । শান্তিনিকেতনে রক্ষাহর্যবিদ্যালয় ( নামান্তরে আশ্রম-বিদ্যালয় ) প্রতিষ্ঠিত হয় পৌষ ১৩০৮ (ডিসেবের ১৯০১ সালে । এইখানেই এ পরের আরন্ড । এর ব্যাধ্যি ১৯১৮ সালে বিশ্বভারতী প্রতিষ্ঠার প্রথম ধাপ পর্যন্ত ।

বর্তমান সংকলনে এই পর্ব থেকে মোট ২৮টি রচনা বা রচনাংশ সংকলিত হয়েছে।

#### ০ বিশ্বভারতী পর্ব

তৃতীর পরের স্চনা শাশ্তিনিকেতনে বিশ্বতারতী প্রতিষ্ঠার (ভিত্তিগ্রাপন ডিসেম্বর ১৯১৮, বাং ৮ পৌষ ১০২৫ ) সময় থেকে । এর বাঞ্জিকাল র্যীন্দ্রনীরনের শেষ প্রান্ত অব্ধি (১৯৪১)।

যেহেতু এটি বিশ্বভারতী পর্বা, সেই হেতু— এথাৎ বিশেষ করে আনতভার্যিতক সংযোগের কারণে—এই পর্বেইংরেজি প্রবন্ধ ও ভাষণের সংখ্যাব্দিধ ঘটেছে। তার ফলে বাংলা রচনার বা বাংলা ভাষণের সংখ্যা যে কনে গিয়েছে, এনন নর।

অধিকাংশ ইংরেজি প্রবাধ বা ভাষণের মূল বন্ধরা পরেই কোনো-না-কোনো বাংলা রচনায় প্রকাশিত হয়েছে। তা হলেও ইংরেজি বচনার মধ্যে কয়েরজির নাম বিশেষ ভাবে উল্লেখ করা যেতে পারে। যেমন— The Centre of Indian Culture' (১৯১৯), 'An Eastern University' (১৯২১), The Visva-Bharati Ideal' (১৯২৩), 'The School Master' (১৯২৪), 'A Poet's School' ১৯২৬. 'Ideal of Education' ১৯২৯), 'My Educational Misson' (১৯৩১). 'Ideal of Indian University' (১৯৩৪) ইত্যাদি। বর্তমান সংকলনে এর তিন্তু থেকে— 'School Master', 'A Poet's School' এবং 'My Educational Misson'— রচনাংশ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া এলম্হান্তকৈ লিখিত একটি চিঠির (ইংরেজি) অংশবিশেষও এখানে সংকলিত হয়েছে।

বর্তমান সংকলনে এই পর্ব থেকে ৬৯টি বাংলা ও পরিনিটে ৪টি ইংবেজি রচনা ব রচনাংশ নেওয়া হয়েছে। অর্থাং এ পর্বে মোট ৬৫টি রচনা সংকলিত হয়েছে।

তিন পর্ব মিলিয়ে বর্তমান গ্রন্থে ৯৬টি বাংলা ও ৪টি ইংরেজি মোট ১০০টি বচনা বা রচনাংশ নেওয়া হয়েছে।

# শিক্ষাচিতা : ভূমিকা

## গ. উপস্থাপনা প্রসংগ্র

এই সংকলনের একশ'টি রচনা বা বচনাংশকে তিন পরের্ব, একাদিক্রমে সংখ্যার চিহ্নিত করে, কালান্ক্রনে পর পর সাজিয়ে দেওরা হয়েছে ।

যেখানে সমগ্র রচনাটি গৃহীত হয় নি, সেখানে বহিণ্ডি অংশেব স্থান হিস্তিত করে। দেওয়া হয়েছে।

প্রতোকটি বচনাব সংগে সেই বচনাস পর্কিত আন্মণ্যিক তথ্যাদি পবিবেশিত হয়েছে। বচনাকে যেভাবে উপস্থিত ক্বা হয়েছে, নীচে তার নির্দেশ হেওবা গেল :—

এক। শিবোনাম:

দাই। প্রকাশ সংক্রান্ত তথ্যাদি: পতিকার ফেতে তাব তাবিখ, ভাষণের ক্ষেতে হথানকাল, প্রিহিত্যার ক্ষেত্রে তার প্রথম প্রকাশের কাল ইত্যাদি;

जिन। नाल काना वा कानाश्य .

ध्य । दीकाः

পাঁচ ৷ টক্লেখযোগা বিষয় বা বছৰা :

ছর। ्लगीत ७५५० मण्डल विक्रिस-कमान्दकारका ।

যণ্ঠ বিষয়টি ত্লনীয় ওপ্রেলি নির্দেশ যা ক্স্নেরফালেন যে প্রত্যেকটি বচনার ক্ষেত্রেই সমান্ত্রির প্রেলিনীয় এনন নয়। এই বিষয়টিকে সম্পূর্ণ নিশ্ছিদ্র করতে হলে প্রত্যেরটি বচনাতেই অপ্রেপতারটি বচনার নির্দেশ দিতে হয়। এখানে তার প্রযোজন নেই। বিশেষ গ্রেব অপ্রেলিকেটেই মান্ন এই ভ্লনা-নির্দেশক সংক্তের ব্যবহ্যা বাখা হয়েছে। চত্র্য বিষয়টি—অর্থাই টীকা– তা-ও কেবল বিশেষ প্রয়োজনের ক্ষেত্রের জনাই সামিত করে বালা হয়েছে।

ভূমিনার প্রথম ভালে, এথাং সংকলন-পণিচারে নতমিন সংকলনগ্রশথটির সেই সব তথোবই পবিচয় বিশেষভালে দেওমা হলেছে যা সংকলনকাজের সণো অলপ বিশতর সম্পাক্তি । ভূমিলা । এই অংশটি প্রধানত আক্র, সংগ্রহ ও বিনাস সম্পাক্তি নির্দেশ ।

হামকাৰ বিভাগ ভাগটি বাণিদ্ৰমাণেৰ শিক্ষান্তিৰোৱা ঐতিহাসিক পৰিসায়ৰ খসজা হাতীয় বস্থা বতিয়ান সং লন্ডকাটি কালান্ত্ৰে ঐতিহাসিকভাবে বিনাসত। এনানে সেই ধাৰাকে বিলাসকাল নিৰ্বাহিন শিক্ষান্তিলতাকৈ ব্ৰীন্ত্ৰনাথেৰ সেশবালেৰ এবং ব্যাদ্ৰনা বিনেশ প্ৰেক্ষাপটে কোনা চোটা কৰা হয়েছে। বিষয়ি জিটিল এবং স্বিস্তৃত। হ্নিনা বাতে অশোহন বৰ্ষের দীৰ্ঘায় হালোনা পড়ে সেইজনা বন্ধবানে ধ্যাস হব ইণিগতেৰ মধ্যাই সীমাৰ্থ বান্যা প্রয়াস কৰা হয়েছে।

ভূমিকার তৃতীয় ভাগটি—বর্ষীন্দ্রনাথের শিক্ষাতভ্তের এপরেথা—নোটান্টি বিষয়-ভিত্তিক। এখানে রবীন্দ্রনাথের শিক্ষাচিতাকে তৎকালীন ঘটনাপ্রবাহ থেকে যথাসভিব বিচ্ছিল করে, তার তত্তকাত র্পটিকে বিষ্ণুভি একভাবে তুলে ধরার চেণ্টা করা হয়েছে। বিষয় অর্থ এখানে মূলত ব্যীন্দ্রনাথের শিক্ষাত্রেন্বর এক-একটি দিক। যেমন, শিক্ষার উদ্দেশ্য, লক্ষা বা আদেশ ; অথবা যেমন, শিক্ষার বাহন, বা শিক্ষাও ভাষা, বলতে পারি—শিক্ষায় নাত্ভাষার ম্থান, কিংবা যা একই সংগ্র গথো—শিক্ষার ম্বাণ্গীকরণ .

#### রবী'দ্রনাথের চিম্তাজগৎ

কিংবা যেমন, শিক্ষা ও স্বাধীনতা, শিক্ষা ও স্জনশীলতা, বা শিক্ষা ও জীবন ইতাাদি। বলা বাহুলা, বিষয়গুলির সবই সমান তত্ত্বভিত্তিক বা সমান দার্শনিক গোত্রের নয়, অনেকগুলো শিক্ষার ব্যবহারিক দিকের সংগে ঘনিষ্ঠভাবে যুক্ত। যেমন, শিক্ষা ও শিক্ষায়তন, শিক্ষাপ্রণালী, শিক্ষাবিস্তার বা জনশিক্ষা, কার্শিক্ষা, কিংবা যেমন, শিক্ষা ও জীবিকা, স্বীশিক্ষা। লক্ষ করলেই বোঝা যাবে, বাবহারিক হলেও এদের প্রত্যেকটির সংগেই তত্ত্বাত প্রশ্ন জড়িত।

ভূমিকার তৃতীয় ভাগে যে-সব বিষয়ের কথা বলা হয়েছে, তার প্রত্যেকটির সংগে ওই বিষয়ে সংকলনে গৃহীত রবীন্দ্রনাথো গ্রেম্পণ্ণ লেখাগ্রনির নাম দেওয়া হয়েছে। তাছাড়া, সংকলনের রচনাগ্রনির শেষে যে ক্স-বেফারেন্স বা তৃলনীয় প্রসংগর কথা বলা হয়েছে, সেখানেও পাঠক বিষয়ান্গভাবে রচনার নামোল্লেখ পাবেন।

#### য়, সীমানঃ প্রশেগ

বর্তমান সংকলনের নিদিশ্টি সীমানাব স পর্কে, ঠিক কী এই সংকলনের অভিগ্রেত এবং কী নয়, তার সাপকে পাঠকদেব আর একবাব সচেতন কবে দিতে চাই। অন্যথায় কোনো পাঠক হয়তো ভুল প্রত্যাশা নিয়ে এই সংকলনের কালে উপস্থিত হয়ে হতাশ হতে পারেন, হয়তো এমন কিছা চাইতে পারেন যা এই সংকলনের সাপ্রণ অভিপ্রায়বিহৃতি।

এই জনাই প্রণ্ট করে বলা নুকার যে এই সংকলনের একটি প্রনির্দ্দি লক্ষা আছে। সেই লক্ষ্য হল – যথাসম্ভৱ বাহালাব্লিভিভাবে, বিষয়াম্ভব-সংযোগজনিভ জটিলতা বাব দিয়ে রবীন্দ্রনাথের শিক্ষাচিশ্তাব যথাসম্ভব যথায়থ পরিচয় দেওয়া। এখানে জোর বয়েছে চিন্তা কথাদার উপব। অর্থাৎ এই পরিচয় বিশেষভাবে চিন্তা ই পরিচয়, মননের পরিচয়, শিক্ষাবিষয়ক তত্ত্তবিস্ধান্তের পরিচয়, কিন্ত শিক্ষাবিষয়ক কর্মপ্রিয়াসের পরিচয় নয়, শিক্ষাহিশ্তার প্রয়োগের পরিচয় নয়। এই সংকলনে রবীন্দ্রনাথের শিক্ষাত্যন্তরে--philosophy of education বা theory of education-এর পরিচয় পাওয়া যাবে, রবী-দুনাথের শিক্ষাবিষয়ক ভাবনাচি তা পরিণতি-পর্বে পে'ìছাুবার পথে যেভাবে ডাইনে ও বাঁয়ে পদক্ষেপ কবে' করে' এগিয়েছে সেই পরিক্রমার পরিচয় পাওয়া যাবে, রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার ক্রমবিকাশের ধাবার পরিচয় পাওয়া যাবে। এর সুবুই চিন্তাধ্মী, দেশকালের সংগ্রে সংঘ্রভাবে চিন্তার **চলং-**রূপ এবং যথাসম্ভব স্বয়ং-সম্পর্ণভাবে —ঘটনাপ্রবাহ থেকে আপেঞ্চিক অর্থে বিষয়ন্তভাবে চিন্তার তত্ত্বরপে। কিন্তু শান্তিনিকেতনে এই শিক্ষাতত্ত্বের যে প্রয়োগ ঘটেছে, তাকে নিয়ে বিভিন্ন পরে দেশের এক প্রান্তে যে বৃহৎ কর্মকাণ্ড সংঘটিত হয়েছে—এবং আজো হয়ে চলেছে, যদি এক্সপেরিনেট বলি তাহলে সেই কঠিন এক্সেরিমেটের, যদি এ্যাড্ভেণ্ডার বলি তাহলে সেই দ্বংসাহসী এ্যাড্ভেণ্ডারের, যদি সাধনা বাল তাহলে সেই মহং সাধনার সাফলা বা অসাফলোর ইতিহাস এখানে গ্রিলেবে না।

রব শ্বিনাথের শিক্ষাতক্তের প্রয়োগের ইতিহাস, তাঁর শিক্ষাকেন্দ্রিক বহু-শাখায়িত

## শিক্ষাচিশ্তা : ভূমিকা

এবং বহ-্-তরাশ্বিত প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন কর্মপ্রয়াসের ইতিবৃদ্ধ যে অত্যশ্ত কৌতুহলোম্পীপক এবং গ্রেজ্বপূর্ণ, অত্যশ্ত শিক্ষাপ্রদ এবং মূল্যবান তাতে সম্পেহ নেই। কিন্তু সে ইতিহাস প্রতশ্তভাবে রচিত হচ্ছে। অন্যান করি অনতিবিলশ্বেই তা বিশ্বভারতী থেকে প্রকাশিত হবে।

বর্তমান সংকলনের সীমানা সম্পর্কে আবো একটা কথা বলা দরকার। স্মরণ রাখতে হবে যে এটি রবীন্দ্রনাথের শিক্ষা-বিষয়ক নির্বাচিত রচনা বা রচনাংশের সংকলন, শিক্ষা-বিষয়ক তাবং রচনার অম্নিরাস নয়। এই সংকলনে রবীন্দ্রনাথের অপ্রকাশিত রচনা, এতাবং প্রত্তের ধরা হয় নি এমন রচনা, অধ্না-বিষয়ত দর্ভপ্রাপ্য রচনা অনের সংগ্রেটিও ও পরিবেশিত হয়েছে। বলা বাহাল্য, এই সংগ্রেছ শ্রমসাধা ও অনুসংধানসাপেক। কিন্তু এই অনাসন্ধান বা সংগ্রের ক্ষেত্রেও রবীন্দ্রনাথের চিন্তা—তাব তাৎপর্য, গ্রেছ, বিশেষত্র এবং অ-প্রতাই সংগ্রেরে নিয়ামক, নিছক ব্রুপ্রাপ্যতা নয়, রচনার সমগ্রতা নয়, আহ্বণের বিপালতা নয়, সংগ্রেরে জন্য সংগ্রহ ব্যু এবং অভিযান সংগ্রহ তার সংগ্রহাত হবে, তা তেলিন সংকলনের অভিপ্রায় নয়।

কো কাহ্না, বলীপুনাথের অপ্রকাশিত, দাপ্রাপ্য এবং লাপুপ্রায় রচনার অন্**সাধন,** সংগ্রহ এবং প্রকাশ একটি অতারত গা্ব ভূপা্ণ এবং ভার্নির কাছা। কিবতু সে কাজের জন্য বিভাৱ প্রবাস এবং বিভাৱ প্রকাশেত বা দাপ্রাপ্য রচনা সংগ্রহের কালেও আম্বা আমাদের বর্তমান সংকলনের মাল অভিপ্রায়ের দ্বারাই নিয়ণিতত হয়েছি।

# ২। ঐতিহাসিক পরিচয়

- २ स्टब्स
- হ। উথানিবেশিক শিক্ষাবিধি
- গ। প্রথম বা প্রাক্-শানিতনিকেতন পর' ১৯০১ সালের পর্বে
- ঘ। বিত্তীয় বা শাণিতনিকেতন প্রাক্-বিশ্বভারতী পর্ব [১৯০১ থেকে ১৯১৮ সাল]
- ও। তৃতীয় বা বিশ্বভারতী পর্ব [ ১৯১৮ **সালের পরে** ]

## ক স্চল

রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তান সময়ত পটভূমিকে ব্যাপ্ত করে, আমাদের গোটা শিক্ষালগকে ব্যাপ্ত করে যে ব্যাপারটি সব সময় ক্রিয়াশীল, তাঁর কালেও এবং আছও, সে হল
এদেশে ইংরেজ-প্রবৃতিতি শিক্ষাব্যবহথার যাকে বলা যেতে পারে ভারতের উপনিবেশিক
শিক্ষাব্যবহথা। এই শিক্ষাব্যবহথার অভিজ্ঞতা রবীন্দ্রনাথের পক্ষে একটি নেতিধমী
অর্থাং প্রতিকূল অভিজ্ঞতা। রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার মলে তত্ত্বটি অবশা তাঁর
মানবতজ্বের উপরে—যাকে তিনি চিরকালীন মানবসত্য বলে মনে করেন — তার উপরে
প্রতিষ্ঠিত, কিন্তু তাঁর শিক্ষাচিন্তার ঐতিহাসিক রপেটি স্থম্পন্ট সীমারেখা পেয়েছে
ইংরেজ-প্রবৃতিতি উপনিবেশিক শিক্ষাব্যবহথার ম্বোম্থি দাঁড়িয়েই।

## রবীন্দ্রনাথের চিন্তাজগণ

এর সংগ্রে কিছ্ কিছ্ ব্যক্তিগত বা ঘরোয়া অভিজ্ঞতাও যুক্ত হয়েছে, যাকে উদ্ভ উপনিবেশিক শিক্ষাবাবস্থার ব্যক্তিগত প্রতিক্রিয়া রুপে গণ্য করা যায়। প্রথমেই দুটি অভিজ্ঞতার কথা উল্লেখ করা দরকার।

প্রথমটি হল রবীশ্রনাথের বাল্যকালের দ্বলপদ্থায়ী দ্কুলজীবনের অভিজ্ঞত। । জীবনদ্মতির পাঠকমাত্রেই রবীশ্রনাথের এই দৃঃখকর শৈশব-অভিজ্ঞতার সংগ্য পরিচিত। এদেশের প্রচলিত যাশ্রিক শিক্ষাবিধি এবং যশ্রবদ্ধ দ্কুলজীবন তর্ণ শিক্ষাথীরে কচি মনের উপর যে কতো বড়ো জগদ্দল ভার, তা যে কতো প্রাণহীন আনন্দহীন বিড়াবনা, তা সেই অত্যানত বালক বয়সেই রবীশ্রনাথ মর্মে মর্মে উপলম্ধি করতে পেরেছিলেন। আনন্দ এবং মৃত্তির যে রবীশ্রনাথের শিক্ষাততের এমন কেন্দ্রীয় গার্র্ছ পেয়েছে তার মৃলে অবশাই রবীশ্রনাথের বিশিষ্ট মান্বতত্ত্ব, কিন্তু এর মধ্যে তার বাল্যের দ্বুল-জীবনের সেই দৃঃখজনক দ্বুতিরও কিছু দান থাকা বিচিত্র নয়।

ষিতীয় অভিজ্ঞতাটি অনেক কাল পরের, শিলাইদহ পর্বের শেষের দিকের—রবীন্দ্রনাথের পরিণত-যৌবনের ঘটনা। কোনো কোনো দিক থেকে এই পরবতী আভিজ্ঞতাটি তাঁর বাল্যকালের অভিজ্ঞতারই পরিপ্রেক। এ হল শিলাইদহে তাঁব ঘরোয়া গৃহবিদ্যালয়ের অভিজ্ঞতা। এই অভিজ্ঞতার বিশেষ গৃরুত্ব এর কমপ্রিতনায়। কেননা, দেখতে পাই, এই অভিজ্ঞতার অভপকাল পরেই গৃহবিদ্যালয় তুলে দিতেরবীন্দ্রনাথ শিক্ষাক্ষেত্রে সম্পর্ণ নতুনভাবে কাজে নেমেছেন। অর্থাৎ এর অব্যবহিত পরেই রবীন্দ্রনাথ শান্তিনিকেতনে মনোমতো পরিবেশে, নতুন শিক্ষা-আদর্শ সামনেনিয়ে নিজের পছন্দমতো শিক্ষাপ্রতিষ্ঠান ম্থাপন করেছেন।

শিলাইদহ গৃহবিদ্যালয়ের অভিজ্ঞতা প্রত্যক্ষভাবে - তাঁর প্রেকন্যার, প্রোক্ষভাবে — সমবেদনার সূত্রে তাঁব নিজেব। বিদ্যালয় যেহেল বেবল ছার্ডার্রী নিজেই নদ, তা শিক্ষকদের নিয়েও, পরিচালবকে নিয়েও, সেই হেত্বলা যান যে, উত্ত গৃহবিদ্যালয়ের সাফল্য-অসাফল্যের অভিজ্ঞতা রবীলুনাথেব নিজেরই অভিজ্ঞতা। আমবা লানি, ওই গৃহবিদ্যালয়ের ইংরেজি শেখানোর জন্য তিনি ইংরেজ লবেশসকে নিয়ত্ত করেছেন, গণিত ও বিজ্ঞান শেখানোর জন্য তিনি জমিদাবিব কাজ থেকে সবিয়ে এনে জগনানাশ রায়কে নিয়ত্ত করেছেন, সংক্ষৃত শিক্ষার কাজে তিনি পশ্তিত শিব্দন বিদ্যাণিকে নিয়ত্ত করেছেন এবং সংকৃত শিক্ষার বিষয়ে তিনি বিদ্যাণিব মহাশ্যের সংগ্রে অনেক আলাপ-আলোচনাও করেছেন। হোঝা যায়, শিক্ষা ও বিদ্যালয় ব্যাপারে এই গৃহবিদ্যালয়ের অভিজ্ঞতাটি তাঁর শিক্ষানবিশীর সংগ্রে যুক্ত।

শিক্ষানবিশীর অবশ্য এইটেই প্রথম আছিজতা নহা। এর আলে কলকাতাই জোড়াসাঁকার বাড়িতেও তিনি একটি গৃহবিন্যান্তর হলাপন করেছিলেন। শিক্ষার তন্তরগত ও ব্যবহারিক দুই নিক সাপকেই তিনি তখন থেকে সভাগ। ইংরেজ-প্রবিতিত প্রচলিত শিক্ষাব্যবস্থার অনতঃসাবশন্ন্তার সাবশেষও তিনি তখন থেকেই সচেতন ।এই সচেতনতার সব থেকে উল্লেখযোগ্য নিদর্শন তাঁর শিক্ষার হেরফের' প্রবন্ধ (১৮৯২)।

সে যা-ই হোক, এই শিক্ষানবিশীর ইতিবাচক ফল শান্তিনিকেতেনে ব্লচ্য-

## শিক্ষাচিতা: ভূমিকা

বিদ্যালয়ের কম'প্রচেণ্টায় রূপে নিয়েছে। কিন্তু এর একটা ম্ল্যেবান নেতিবাচক দিকও আছে। শিক্ষার পক্ষে কী কী বিশেষভাবে পরিহারযোগ্য তাও তিনি থানিকটা এইখান থেকে প্রত্যক্ষভাবে শিখেছেন। এইখানে তাঁর তত্ত্ব তাঁর অভিজ্ঞতার দ্বারা সম্প্রিত হয়েছে। বাল্য-অভিজ্ঞতায় যেমন জেনেছিলেন শিক্ষা যান্ত্রিক হবে না, আনন্দ্রীন হবে না, এক্ষেয়ে হবে না, শিলাইদ্হের শিক্ষানবিশীতেও তিনি থানিকটা তা-ই জানলেন।

শিলাইদহের অভিজ্ঞতার কথাটা একটু খালে বলা দরকার। অনেক পরবর্তী কালে একেবাবে বান্ধ বয়সে ওই গাহিবিদ্যালয়ের ছাত্র রথীনদ্রনাথ ঠাকুর তাঁর 'পিতৃষ্মাতি' এশেথ (১৯৬৬) উত্ত বিদ্যালয়ের অনেক প্রশংসনীয় দিকের কথা বলেছেন। নেতিবাচক দিক কিছা বলেন নি। হয় তিনি অন্তব করার বয়সে পে'ছিন নি, না হয় তাঁর ম্মরণে নেই, আর না হয় কালের দানতের বাবধানে মাতি সবটার রঙ পাল্টিয়ে দিয়েছে। ঠিক ছবিটি পাওয়া যাবে রবীন্দ্রনাথের জ্যোষ্ঠা কন্যা মাধ্রীলতার (বেলা ) বাবাকে লেখা চিঠির সমকালীন সাক্ষ্য থেকে।

শিলাইদহের নির্প্রনিতা, নগরজীবন থেকে নিজেকে প্রত্যাহার করে আনার পর শিলাইদহের বিরলবর্গ প্রশানিত, ধ্যানের অবসর, কাজের স্তে পল্লীজীবনের সংগ্র সংযোগ, দেশকে যথার্থভাবে দেখার ও চেনার অবকাশ—শিলাইদহবাসে রবীন্দ্রনাথের এই সব প্রাপ্তি ঘটেছে। রবীন্দ্রনাথের নিজের পক্ষে এ সব যে মহাম্ল্যেবান সম্পদ তাতে সম্পেহ নেই, কিন্তু এ-ও সহজেই অন্মান করা যায় যে, শিক্ষাহীন আনন্দহীন দরিদ্র অন্ধকার একটি গ্রামের সংকীর্ণ নিশ্তরংগ জীবন রবীন্দ্রনাথের গৃহবিদ্যালয়ের বালকবালিকাদের কাছে সর্বাংশে স্থকর ছিল না। ১৮৯৯ সালে, অর্থাং শান্তিনিকেতনে রক্ষ্রের্থবিদ্যালয় প্রতিষ্ঠার বংসরাধিক কাল প্রের্থবিদ্যালয়ের একঘেয়ে পরিবেশ সম্পর্কে থানিকটা ধারণা করা যায়। তথন মাধ্রীলতার বয়স ১৩, রথীন্দ্রনাথের বয়স ১১, রেণ্কার বয়স ৯, আর কনিষ্ঠ কন্যা মীরার বয়স ৬ বছর। কনিষ্ঠ পত্ত শমীন্দ্রনাথ তথন শিশ্ব, বয়স ৩ বছরের নিচে। একটি চিঠিতে মাধ্রীলতা লিখেছে, "—সারাদিন গলেপর বই পড়ে, আর ৪টি ঘণ্টা Mr. Lawrence-এর কাছে পড়ে দিন বাটান শক্ত হয়ে ওঠে।" [ বৃহস্পতিবার, ১৮৯৯ (?)

এ চিঠিতে ক্লান্তির কথা আছে, দৈনিক দীঘ' চার ঘ'টা সাহেবের কাছে ইংরেজি ভাষা শিক্ষার কথা আছে, এর বেশি কিছ্ব বলা নেই। কিন্তু না-বলা কথা অনেকটাই অন্মান করে নেওয়া যায়। অপর একটি চিঠিতে বলা এবং না-বলা দ্ই-ই অনেকথানি।—

র্শিলাইদা, ভায়া কুমারথালি সোমবার, ২৯।৫।৯৯

এখানে আর ভাল লাগে না। সব বড় এক ঘে'রে মনে হয়। আজ থেমন যাচেছ, কালও তেম্নি যাবে, তারপরিদিনও সেইরকম যাবে; একদিনের morocony ভাঙ্গবে না। বরং কলকাতায় এ, ও, সে, দু-একজন আসছে; যাচেছ। একরকম মনে

#### রবীন্দনাথের চিশ্তাজগৎ

হয়। যদি নিতাশ্তই কোথাও যেতে হয়. তবে শিলাইদায় না এসে কেন বোলপর্বে যাও না? তোমার একলা মনে হয় না কেননা তুমি ঢের বড় বড় বিষয় ভাবতে, আলোচনা কর্তে, সেগলেকে নিয়ে একরকম বেশ কাটাও। আমরা সামান্য মান্য আমাদের একটু গলপগ্লেব মান্যজন নিয়ে থাকতে এক এক সময় একটু একটু ইচ্ছে করে। আর তুমি যদি এখানে এসে আর নড়তে না চাও তবে তুমি যে যে মহৎ বিষয় নিয়ে থাকো তাই সব আমাদের একটু একটু দাও।"

শিলাইদহের অভিজ্ঞতা থেকে রবীন্দ্রনাথ এই উপলব্ধিতে পে ছিল্লেন যে, গ্রামীণতা অনেক দিক থেকে মূল্যবান হলেও, রিম্ভ সংকীর্ণ দথবির গ্রামাতা সম্পূর্ণ ভিন্ন বৃষ্তু: গ্রামীণতা আর গ্রামাতা এক নয়। আরো জানলেন যে, সাহেব শিক্ষকের কাছে চার ঘণ্টা করে ইংরেজি পড়লে ভাষাজ্ঞান বাড়াক আর না বাড়াক, বিদ্যা সেই হারে বাড়ে না ! আরো জানলেন, প্রকৃতির সংগে সংযোগ প্রয়োজন, কিন্ত সে সংযোগ সক্রিয় স্বাধীন এবং আনন্দময় হওয়া দরকার। সেই সঙ্গে তেনেছেন, গ্রামকে পেতে হলে —এবং সেই সংগ্রে শিক্ষাকে প্রেতে হলেও—গ্রামের অন্ধকার দরে করতে হবে, তার ভাীবনীশক্তিকে উজ্জীবিত করতে হবে, তাকে নতুন করে ঢেলে সাজাতে হবে। যথার্থ শিক্ষার জন্য একটি স্বাণ্গীণ ভাবপরিমণ্ডল, চিন্তাপরিমণ্ডল এবং ক্ম'প্রিমণ্ডল অত্যাবশ্যক. এমন পরিমণ্ডল যেখানে আনন্দ মৃত্তি এবং স্ক্রন্শীলতার অবকাশ অবাধ। যেখানে পরিবেশ ও পারিপাশ্বিকের সংগ্রে সংযোগ ঘনিষ্ঠ । যেখানে শিক্ষার্থীদের সহযোগিতার স্থযোগ অবাধ, চিত্তবিনোদনের স্থযোগও অপর্যাপ্ত। এ সব স্থযোগ থেকে শিলাইদহ গ্**হবিদ্যাল**য় দ্বভাৰতই বঞ্চিত ছিল। শান্তিনিকেতন ব্রহ্মসর্যবিদ্যালয় প্রতিষ্ঠার (ডিসেবর, ১৯০১ সংগে এই বোধের প্রতাক্ষ যোগ আছে এমন মনে করা কণ্টকল্পনা নয়। এই প্রস্তৃতি-পর্বের পরে ব্রহ্মত্যবিদ্যালয় প্রতিষ্ঠার সময় থেকে দিতীয় পর্ব ব্য শাশ্তিনকেতন পর্বের স্ত্রেপাত।

## ष. छेभीनावीनक निकाविध

প্রত্যেক দেশের শিক্ষাবিধিকে যথার্থ শিক্ষাবিধি হতে হলে তাকে কয়েকটি মোল শর্ত পরেণ করতে হয়। তার মধ্যে তিনটি অত্যুক্ত উল্লেখযোগা। এই তিনের মধ্যে সর্বাগ্রগণ্য যেটি, তাকে বলতে পারি তত্ত্বগত বা মানবতত্ত্বগত শর্ত। এই শর্ত শিক্ষার চরম লক্ষ্যের সক্ষেত্রত। কী শিখব, কেন শিখব, কী হতে চাই যে শিখব, কী হত্তরাতে চাই যে শেখাব ? রবীন্দ্রনাথ নিক্রেই বলেছেন, আমরা কী হইব এবং আমরা কী শিখব এই দুটা কথা একেবারে গায়ে গায়ে সংলান।' ('লক্ষ্য ও শিক্ষা', শিক্ষা, র/১১/৬২৮)। মানবজীবনের সার্থকতা কোথায়, কোন্ শিক্ষা মানুষকে তার সার্থকতায় পোঁছে দেয়, শিক্ষাতত্ত্বের এইটেই হল সব থেকে মৌল প্রশ্ন। যে শিক্ষাবিধিতে এই তত্ত্বগত প্রশ্নের সদ্বত্তর নেই, তা যথার্থ শিক্ষাবিধিই নয়।

অপর দুটি শতাও এই মোল তত্তেরে সণ্ডেগ জড়িত, কিন্তু ঐতিহাসিক স্বাতন্ত্রের কারণে তাদের আলাদা করে দেখাই সণ্গত বলে মনে হয়।

এর একটি হল <sup>৯</sup>ব-দেশের সংগ্র, জাতীয় ঐতিহ্যের সংগ্র যাক্ত থাকার শর্ত । আর

## শিক্ষাচিশ্তা : ভূমিকা

ষিতীয়টি হল শ্ব-কালের সংগে, ইতিহাসের অগ্নগতির সংগে, মানবসভ্যতার অগ্নগতির সংগে যুক্ত থাকার শত । প্রথমটির যোগ জাতীয় অতীতের সংগে, দিতীয়টির যোগ সবজনীন ভবিষ্যতের সংগে। অর্থাৎ প্রত্যেক দেশের যথার্থ শিক্ষাব্যকথাকে একই সংগে দুটি অনমনীয় দাবির মুখোমুখি হতে হয়। তাকে নিজের দেশের জাতীয় সংশ্কৃতির সংগে যুক্ত হতে হয়, জাতীয় জীবনপ্রবাহের সংগে মিলে থাকতে হয়—তা না হলে তার জীবনীশক্তি থাকে না, আত্মতা থাকে না, সত্যতাও থাকে না। অন্যাদকে, সেই সংগে তাকে কালের যুগসত্যের সংগে যুক্ত থাকতে হয়, সমগ্র মানবজাতির বর্তমান ও ভবিষ্যতের প্রতি বিশ্বস্ত থাকতে হর, মানবসভ্যতার অগ্রগতি। গ্রহিষ্যানের শরিক হতে হয়—তা না হলে সে নিজের অর্থ হারিয়ে ফেলে, নিজের ভূমিকা হারিয়ে ফেলে, ইতিহাসের আবর্জনাস্ত্রপে পরিণত হয়। রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তাকে এবং শিক্ষাক্রে তার কমপ্রিয়াসকে ব্যুক্তে হলে তিনটি শতেরি কথাই আমাদের মনে রাখতে হবে। স্বাঠিক লক্ষ্যের শত্রি বা, বলতে পারি, মন্যুব্রের শত্র সর্বপ্রথম। তার প্রে একসংগে যুক্মশত্র বা যুক্মদার্বি। তাতীয় ঐতিহ্যের দাবি এবং গ্র-কাল ও ভাবীনালের নাবি।

রবীন্দ্রনাথ যখন নিজের মনের মতো শিক্ষাণতন প্রতিষ্ঠার উল্যোগী হলেন ১৯০১ সালে, শান্তিনিকেতনে ব্রন্সমর্থ বিদ্যালয় স্থাপনের প্রাক্রালে, তখন তাঁর সমেনে ছিল দ্বাটি বিকলপ আদর্শ বা ছাঁদ —বলতে পারি, দ্বাটি বিকলপ মডেল। এক হল দেশজ প্রানো মডেল। আর দ্বাই হল ইংরেল-প্রবিতিতি শিক্ষাবিধির মডেল। ব্যান্দ্রনাথ এ দ্বাটির কোনোটিকেই গ্রহণ করলেন না, তিনি তাঁর বিদ্যালয়কে গড়ে ত্ললেন সংপ্রণ অভিনব এক তৃতীয় মডেলে।

যে দেশগ ও প্রানো মডেলকে রবীন্দ্রনাথ পরিহার করলেন সেটি কী চরিত্রের র মনে রাখতে হবে, সেটি কিন্তু প্রাচীন ভারতের তপোবনের মডেল নয়, সে হল প্রচলিত সাবেক শিক্ষাবিধির মডেল, অর্থাং এক দিকে টোল-চতুৎপাঠী এবং এনা দিকে মন্তব-মাদ্রাসার মডেল। এইটেই আমাদের পরিচিত-অতীতের শিক্ষাবিধির মডেল, তপোবন কোন্ সুদ্র অতীতে ছিল, কোথায় ছিল, কেনন ছিল তার প্রায় িন্ত্রই আমরা জানিনা। কোনো এক সময়ে এই টোল-চতুৎপাঠী বা মন্তব-মাদ্রাসার শিক্ষাবিধি হয়তো দেশোপযোগী এবং কালোপযোগী ছিল, কিন্তু রবীন্দ্রনাথের কালে তা যে দেশের জীবনপ্রবাহ থেকে সম্পর্ণ বিচ্ছিন্ন —না দেশোপযোগী, না কালোপযোগান এই সত্য রবীন্দ্রনাথ সপ্টেই ব্রুঝতে পেরেছিলেন। ব্রুঝতে পেরেছিলেন যে, তা এইন বন্ধ্যা, তার মার্থ ইতিহাসের ভল্টো দিকে।

ইংরেজ কর্তৃক প্রবাতিত উপনিবেশিক শিক্ষাবাবদ্থার সংগে প্রতিযোগিতার ক্ষমতা দেশজ শিক্ষাবাবদ্থার ছল না, ইংরেজি শিক্ষাবাবদ্থার প্রবর্তনের সংগে সংগেই নেশজ সাবেকী ব্যবদ্থার ভাঙন স্বরাশ্বিত হয়েছে। রবীশ্রনাথের যোবনে সাবেকী ব্যবদ্থা প্রায় ধরংসের মুখে এসে দাঁড়িয়েছিল। সাবেকী বিদ্যার অন্যতম প্রধান কেন্দ্র নবদ্বীপের টোল চতু পাঠীর সংখ্যার ক্রমিক হ্রাসের হিসেব থেকে এই ভাঙনের চেহারাটা দপদ্ট হবে। হিসেবটা ১৮১৮ থেকে ১৮৮৩, এই ৬৫ বছরের। এর ভিত্তি ওয়ার্ড, উইলসন, এ্যাডাম. কাউয়েল ও মহেশচন্দ্র ন্যায়রত্ব, এলের রিপোর্টণ। এই সব রিপোর্টণ থেকে আমরা

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

জানতে পারি যে, উনবিংশ শতকের দিতীয় দশকে ৬৫ বছরের মধ্যে নবদীপে টোলের সংখ্যা কমে ৩১ থেকে ১৩-তে এবং ছাত্রের সংখ্যা কমে সাড়ে সাত শ'থেকে কিণ্ণিদধিক একশ'-তে এসে দাঁড়িয়েছিল—তাও ভাটপাড়ার টোল ও ছাত্র ধরে। সন্দেহ নেই, বিংশ শতকের মুখে, রবীন্দ্রনাথ যখন বিদ্যালয় গ্থাপনের কথা ভাবছেন, তর্তাদনে এ সংখ্যা আরো অনেক হ্রাস পেয়েছে। টোল-চতু পাঠীর শিক্ষা তখন আর ইংরেজি শিক্ষাব্যকথার প্রতিদ্বন্দ্রী বলে গণনীয় নয়। সাবেকী ব্যবগ্থায় শিক্ষার বিকিরণ অবহেলিত ছিল না—এই একটি প্রশংসাবাক্য ছাড়া এর পক্ষে রবীন্দ্রনাথ আর একটিও বলার মতো কথা খাঁজে পান নি।

রবীন্দ্রনাথের স্থানিকল্পিত শিক্ষাব্যবস্থার আসল প্রতিদ্বন্ধী হল ইংরেজ-প্রবাতিত উপনিবেশিক শিক্ষাব্যবস্থা, অর্থাৎ প্রায় এক শ' বছর ধরে যে স্কুল-কলেজীয় শিক্ষা দেশে প্রচলিত আছে, সেই ব্যবস্থা।

এই প্রচলিত ইংরেজি শিক্ষাব্যবস্থার বির্দেধ রবীন্দ্রনাথের বন্থবা কী? এর বিরুদ্ধে আপত্তির কারণ একটি বা দর্টি নয়, অনেক। এখানে তার প্রধান কয়েকটির কথা উল্লেখ করা যেতে পারে।

প্রধান আপত্তি তিনটি, বা তিন গোরের। এক উপনিবেশিক শিক্ষার পেছনে কোনো স্চিশ্তিত কেন. কোনোরকম শিক্ষাতত্ত্বই নেই। অর্থাং শিক্ষার লক্ষ্য সম্পর্কে কোনো চিল্তা নেই, তদন্যায়ী কোনো পরিকল্পনা নেই। বরং বলা যায়, কুপরিকল্পনা আছে—সে হল শিক্ষা দিয়ে মান্যকে কেরানিতে পরিণত করা, উপনিবেশিক প্রভূশন্তির কীতদাসে পরিণত করা। ফলে, স্জনশীলতা, মর্নিন্ত ও আনন্দ, শিক্ষার যা অপরিহার্য ভিত্তি, এ শিক্ষার তা সম্পূর্ণ অবহেলিত। এক কথায়, এ শিক্ষা শিক্ষাই নয়, এ হল এক ধরনের বিষ্ঠিয়া।

দ্বই এ শিক্ষার দুড়োবার কোনো ভূমি নেই। ঐতিহ্যের সংগ্র, জাতীয় সংস্কৃতির সংগ্র—দেশের চিত্তের সংগ্র এ শিক্ষার কোনো যোগ নেই। অর্থাৎ এ শিক্ষা ভারতবাসীর পক্ষে সত্য নয়।

তিন, আপাতদ্ণিটতে আধ্বনিক হলেও, আধ্বনিকতার বাইরের খোলসটাই এর লক্ষ্য, আধ্বনিকতার মর্মসত্যের সংগ্য এর কোনো যোগ নেই। তলিয়ে দেখলেই বোঝা যাবে, কালের প্রবাহের সংগ্য, ইতিহাসের সভ্যের সংগ্য এই ঔপনিবেশিক কেরানি-তৈরির শিক্ষাব্যবস্থার অন্তরের কোনো যোগ থাকা সম্ভব নয়।

এই তিনটি তন্ত্রগত আপত্তি ছাড়া আরো কয়েকটি বাশ্তব এবং ঐতিহাসিক ক্ষেত্রের মারাত্মক বিপদের কথা এই শিক্ষাবিধির প্রসণ্ডেগ রবীন্দ্রনাথ বার বার বলেছেন।

এক, শিক্ষার বিষয়বদত যা-ই হোক না কেন, শিক্ষা মাতৃভাষায় না হওয়ার ফলে, একটি সম্প্র্ণ বিজাতীয় ভাষার মাধ্যাম হওয়ার ফলে, সাধারণভাবে এ শিক্ষা আমাদের অম্তরে প্রবেশ করে না। এ শিক্ষা সম্প্রণ শ্নাগভ—অনেকটা খোলসের মতো, জীবিকার ক্ষেত্রে তা আমাদের অংগ থাকে বটে, কিম্তু অম্তরংগ জীবনে তার কোনো ক্রিয়া থাকে না। বিজ্ঞানশিক্ষাতেও তাই, বিজ্ঞান আমাদের জীবনে প্রবেশ করে না। ফলে বিজ্ঞানে যারা স্থাশিক্ষত বলে গণ্য, তাদেরও জীবনদ্ভি সম্পূর্ণ অবৈজ্ঞানিক

# শিক্ষাচম্তা : ভূমিকা

থেকে যায়। সোজা কথায়, এ শিক্ষা আমাদের বাইরের চাক্চিক্য দিলেও প্রকৃতপক্ষে অশিক্ষিতই রেখে দেয়।

দাই, এ শিক্ষা দেশের মানা্যকে তথাকথিত শিক্ষিত ও আশিক্ষিত এই দাই ভাগে, বস্তুত দাই স্বতস্ত জাতিতে পরিণত করে। এতে তথাকথিত শিক্ষিত শ্রেণী দেশ থেকে সম্পাণি বিচ্ছিন্ন হয়ে পড়ে। নিজেদের শ্রেণীর যাইরে তাদের দ্বিট যায় না। এতে দেশের মধ্যে শাসক ও শাসিত এই দাই জাতির ক্রম হয়।

তিন, এ শিক্ষা অত্যন্ত সংকীণ গণ্ডীতে সীমানন্ধ। এর মধ্যে জনশিক্ষার কোনো ব্যবস্থা নেই, শিক্ষার বিকিরণের কোনো পথ নেই। এব মাধ্যম ইংরেজি বলে, অলপ-সংখ্যক শহরে সংগতিপল্ল লোকই এই শিক্ষা পেতে পারে।

শিক্ষার বিশ্তার বা বিকিরণের ব্যাপারে—শিক্ষাকে খানিকটা জনমুখী করে তোলার ব্যাপারে—ইংরেজ-পর্বে ভারতে সাবেকী ধারার যে ব্যবস্থা ঢালা, ছিল, উপানবেশিক শিক্ষার জনসাধারণ-বিনাখ ব্যবস্থার তুলনায় রবীশ্রনাথের কাছে তা অনেক প্রশংসনীয়। কিন্তু উপানবেশিক ব্যবস্থার সংগে অসম প্রতিযোগিতায় তার যে কী গতি হয়েছে তা রবীশ্রনাথের অজানা নয়।

# গ. প্রথম বা প্রাক্-শান্তিনিকেতন পর' [ ১৯০১ সালের পর্বে' ]

নানা কারণে রবীংদ্রনাথ সাবেকী টোল-ছাতীয় শিক্ষাবিধি এবং ইংরেজ-প্রবিতি গুকুল-কলেজের প্রচলিত শিক্ষাবিধি, এ দুইয়েরই ঘোর বিরোধী। ত এরত কারণ এবং ব্যবহাবিক কারণ, দা দিক থেকেই এ বিরোধ আপোসহীন। যেহেতু রবীংদ্রনাথ মনে করেন, আমাদের জাতীব জীবনে সংকটের সব থেকে গোড়ার বাবণ হল আশিক্ষা এবং তজ্জানিত অব্বিধি, যেহেত্ রবীংদ্রনাথ মনে করেন শিক্ষাই আমাদের দেশের সমস্ত সমস্যার সমাধানের প্রথম এবং সব থেকে গ্রন্থেম্পূর্ণ ধাপ, সেই হেতু ব্যাপারটাকে রবীংদ্রনাথ কেবল চিংতার স্তবে রেখেই নিশ্চিংত থাকতে পারেন নি। অথচ কর্মো প্রবৃত্ত হ্বার স্থানা তথ্যো বহুদারবতী । শিক্ষা নিয়ে তিনি যে আদৌ কোনোদিন কর্মক্ষেত্রে নামতে পারবেন, নিজেব শিক্ষাতত্ত্ব নিজ্ঞব শিক্ষাবিধি নিয়ে, নিজের শিক্ষাপ্রতিষ্ঠানকে অবলবন বরে বৃহৎ একটি পরিকলপনাকে সামনে রেখে তিনি যে অগ্রসর হতে পারবেন এ সংভাবনা সোদন মোটেই স্পণ্ট ছিল না। এই পর্বের শেষের দিকে শিলাইদহ কুঠিতে যে ঘরোয়া শিক্ষা-বাবহুথার পত্তন হয়েছিল, সেই অতি ক্ষাদ্র গৃহ্বিদ্যালয়টিকে সাধারণ অথে যোটেই বিদ্যালয় বলা চলে না।

বৃহৎ কোনো কম'প্রয়াসের সণ্ডেগ যুক্ত নয় বলেই এ পর্বে শিক্ষাবিষয়ক রচনার সংখ্যা অত্যন্ত কম।

এই পথের সব থেকে উল্লেখযোগ্য প্রবন্ধ, গোটা পর্বের কেন্দ্রগত প্রবন্ধ হল 'শিক্ষার হেরফের' (পোষ ১২৯৯, ইং ১৮৯২, রাজসাহী এ্যাসোসিয়েশনে পঠিত; পরে ঈষং সংক্ষেপিতভাবে সাধনা পত্রিকায় প্রকাশিত, পোষ ১২৯৯)। সময়টা হল শিলাইদহ পর্বের গোড়ার দিক, 'সোলার তরী' 'চিত্রা'র কবিতা রচনার কাল।

প্রাক্-শাণিতনিকেতন পর্ব'কে যদি রবীণ্দ্রনাথের প্রস্তুতির কাল বলে গণা করি,

#### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

তাহলে এই প্রম্পুতির পরিমাপের—এর গভীরতা ও ব্যাপ্তির পরিচয় পাওয়া যাবে এ পবের্ণর সব থেকে উল্লেখযোগ্য রচনা 'শিক্ষার হেরফের' প্রবংশটিতে (১৮৯২)। প্রবংশটির বস্তুব্য দুটি। দুটিই ইংরেজি শিক্ষা বা উপনিবেশিক শিক্ষা নিয়ে। স্ট্রাকারে বললে—এক, জীবনের সংগ্য শিক্ষার সংগতি-রক্ষা; আর দুই, শিক্ষায় মাতৃভাষার অপরিহার্যতা।

ইংরেজ-প্রবৃতিত শিক্ষাকে এই প্রবন্ধে রবীন্দ্রনাথ বলেছেন, 'মান্সিকর্দান্ত-হ্রাস-কারী নিরানন্দ শিক্ষা'। প্রবন্ধের মূল কথাগ্যলি রবীন্দ্রনাথের সারাজীবনের কথা, তাই সংক্ষেপে এখানে তা উল্লেখ করার প্রয়োজন অন্যূত্ব করছি।—

- ১। ইংরেজি আমাদের কাজের ভাষা, ভাবের ভাষা নয়। প্রচলিত শিক্ষায় ইংরেজি ভাষার চচায় ভাবের চচা হয় না, ভাবের সংগ্য ভাষার মিল হয় না।
- ২। এই ব্যবস্থায় আমাদের জীবনের মাহেন্দ্রক্ষণ ইংরেজি ভাষা শিক্ষার চেন্টায় কেটে যায়।
- ত। এই শিক্ষার সংগ্রে জীবনের যোগ হয় না। এ শিক্ষা চিরক:ল পোষাকী অর্থাৎ বাইরের ব্যাপার হয়ে থাকে।
  - ৪। এ শিক্ষা কেরানি-তৈরির শিক্ষা, মান্য-তৈরির শিক্ষা নয়।
- ৫। এ শিক্ষা-বিধিতে আনন্দেব ম্থান নেই। এতে গ্রহণশক্তি, ধারণাশক্তি ও চিম্তাশক্তির স্বাভাবিক বললাভ ঘটে না।
  - ৬। এ শিক্ষায় কল্পনাব,ভির স্ফুতি হয় না, শুধ্ স্মরণশক্তিরই চর্চা হয়।

তথনকার কালের যে সব মনীয়ী র্থীণ্দ্রনাথের এই প্রবন্ধের প্রভূত প্রশংসা করেছিলেন, তাঁদের মধ্যে গ্রুব্দাস বন্দ্যোপাধ্যায় এবং আনন্দ্রমাহন বস্থ বিশেষ উল্লেখযোগ্য। আরো উল্লেখযোগ্য বিষ্কমচন্দ্র। তিনি র্থীন্দ্রনাথকে লিখে গোনিয়ে-ছিলেন, প্রতি ছবে আপনার সণ্যে আমার হতের ঐক্য আছে।'

# ঘ ছিতীয় বা শানিতনিকৈতন প্রাক্-বিশ্বভারতী পর্ব ১৯০১ থেকে ১৯১৮ সাল ]

এই বিতীয় পর্বাটি হল শাশ্তিনিকেতন আশ্রম বিদ্যালয়ের পর্ব', বিন্তারতী তথন কলপনাতেও নেই। যে শিক্ষাবিধি সামনে রেখে আশ্রম বিদ্যালয়ের কাজ শ্রুর হল, তাকে বলতে পারি জাতীয় শিক্ষাবিধি বা ঐতিহ্য-অনুসারী শিক্ষাবিধি।

শান্তিনিকেতনে ব্রহ্মথ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ডিসেন্বর ১৯০১ সালে। তথন রবীন্দ্রনাথের মনের সামনে ছিল ভারতের তপোবনের আদর্শ। সে তপোবন কতোটা আদর্শনিষ্ঠ অনুমানের প্রনগঠন, কতোটা-বা রবীন্দ্রনাথের ইচ্ছাপ্রেণ কল্পনা, তা বলা কঠিন। তবে সেই তপোবন-আদর্শের ভাবরপের ছবি পাওয়া যাবে নৈবেদ্যের (১৯০১) কবিতাগানুছের মধ্যে। আইডিয়া-প্রধান এই কবিতাগানুলি রচিত হয়েছিল এক বছর আগে শিলাইদহতে। কবিতাগানুলির প্রায় সবই ঔপান্যাদিক আদর্শের দ্বারা উদ্বেশ্ধ। নৈবেদ্যের কবিতার হৈ ভারত, তব শিক্ষা দিয়েছে যে ধন'—এই আত্মিক ধন অর্জনের কামনায় ভারতে সেই শিক্ষার প্রনঃপ্রবর্তনের উদ্দেশ্য নিয়ে শান্তিনিকেতন আশ্রম-বিদ্যালয়ের প্রতিষ্ঠা।

## শিক্ষাচ\*তা : ভূমিকা

নৈবেদ্য প্রকাশিত হবার পর ব্রহ্মবান্ধ্য উপাধ্যায় Twentieth Century পত্রিকায় নেবেদ্যের কবিতাগালির অকুণ্ঠ প্রশংসা করেন এবং সেই স্তে রবীন্দ্রনাথের সংগ তার ঘনিষ্ঠ পরিচয় হয়। ব্রহ্মবান্ধ্য তথন প্রাচীন ভারতের উপনিষ্দিক আদশে উদ্বেশ্ধ, তপোধনের ফরপ্লে বিভোর হিন্দা রিভাইভ্যালিষ্ট। তিনি এসে রবীন্দ্রনাথের আশ্রমেযোগ দিলেন। "ব্রহ্মবান্ধ্যের বাবন্ধায় রবীন্দ্রনাথের পরিকলিপত 'বোর্ডিং বিদ্যালয়' ব্রহ্মবাশ্রম রূপ গ্রহণ করিল। শিষারা গ্রেগ্রহে যেন বাস করিতেছে ইহাই হইল আদশ, রবীন্দ্রনাথ হইলেন, 'গ্রেন্দের'। এই নাম উপাধ্যায় কতৃক প্রর্বাতিত। উপাধ্যায়ের কঠোর ব্যবন্ধায়ে ছাত্রদের জ্বা-ছাতা ব্যবহার নিষ্ণিধ, নিরামিষ ভোজন সাবাজিনক তবে আহারম্থানে বর্ণভেদ মানাই আবশ্যিক। এই মধ্যযুগায় ব্যাপার উপাধ্যায়ের তংকালীন মতবাদের অনুর্প্ বিলিয়াই এখানে প্রবিত্ত হইয়াছিল।"

( প্রভাতকুমার মুখোপাধ্যায়, রবীন্দ্র সীরনী, ২র খাড, পা ৫১, ৪০° সংস্করণ

মধ্যযুগীয় ব্যাপার যে কেবল উপাধ্যায়ের মতবাদেরই অন্রেপ ছিল তা নয়, রবীদ্রনাথের নিজের মতামতও তখন কম রক্ষণশীল ছিল না। সংহিত্যসংমত হিন্দ্র আচাব-আচরণকেই তখন তিনি তাঁর কলিপত তপোবনের, অতএব আশ্রম-পরিবেশের অভেন্য অংগ বলে ধরে নিয়েছিলেন। একটি সুপবিচিত দ্টোলেতৰ উল্লেখ করি।—

শাণিতানি বিভানে আশ্রম-বিশালয় যথন প্রতিষ্ঠিত হয় তথন নিয়ম হলেছিল যে ছায়য়ঃ অধ্যা প্রদের পদধ্লি নিয়ে প্রণাম করবে। সমস্যা ৬ঠল, ছায় যদি রাজণ হয় আল অধ্যাপক যদি অরাজণ হয়. তাহলো কী এয়া হবে। অধ্যাপক কুঞ্জলাল ছোয় এনিকে নাজ অন্যাদিকে কায়েছব। তাঁর কেবে কী এয়া হবে । সমস্যাটি রবীংদ্রনাথের গোচরে আনা হলে অধ্যাপক মনোরজন বনের্যাপধ্যায়কে একটি চিঠিতে (১৯ অগ্রহায়ণ ১৩০৯, বাং ১৯০২ । রবীংদ্রনাথ এ বিষয়ে যে নিদেশি দিয়েছিলেন, তা থেকে কিছমু উম্পুত করা হচ্ছে—

"প্রণাম সংব্যাধ আপনার মনে যে বিধা ওপশ্থিত ইইয়ছে তাহা উড়াইয়া দিবার নহে। যাহা হিন্দু সমাজ বিরোধী তাহাকে এ বিদ্যালয়ে গ্যান দেওয়া চলিবে না। সংহিতায় যে রাপ উপদেশ আছে ছাত্রলা তদন্সারে রান্ধণ অধ্যাপকদিগকে পাদুসপ্রশাধিকে প্রণাম ও অন্যান্য অধ্যাপকদিগকে ন্মুক্ষাব করিবে, এই নিয়ম প্রচলিত বরাই বিধেয়। স্বাপেক্ষা ভাল হয় যদি কুজলাবাকে নিয়মত অধ্যাপনার কার্য ইইতে নিজ্কতি দেওয়া যায়। তিনি যদি আহারাদির তফ্রবধানেই বিশেষর্পে নিযুক্ত থাকেন তবে ছাত্রদের সহিত তাহার গ্রেক্শিষ্য সংবংধ থাকে না।

েম্মতি, সং মনোরঞ্জন বল্লোপাধায়, প্ ১৪-১৫)

\* \* \*

এই পরের একেবারে গোড়ার দিকে শিক্ষাবিষয়ক রচনার সংখ্যা কম। রচনার পালা শরের হয়েছে চার বছর পরে ১৯০৫ সালে 'ছাত্রদের প্রতি সম্ভাষণ' নামক ভাষণের (বংগদশন ১৯০৫, বৈশাখ ১৩১২) সময় থেকে। তথন খ্ব কাছাকাছি সময়ের মধ্যে অনেকগ্রিল রচনা পাই। অকক্ষাং শিক্ষাবিষয়ে প্রবংধ ও ভাষণের এই বক্ষা বেগ-

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

বৃদ্ধির কারণ সেদিনকার ইতিহাসের মধ্যেই দেখতে পাওয়া থাবে। শুধ্ এইটুকু সমরণ করলেই যথেন্ট হবে যে সেটা হল বংগভংগ ও ংবদেশী আন্দোলনের কাল। অংপদিন আগে রবীন্দ্রনাথের বিখ্যাত 'ংবদেশী সমাজ' ভাষণটি পঠিত (১৯০৪) হয়েছে। এ হল 'আত্মশক্তি' গ্রন্থের প্রকাশকাল। দেশের সর্বত তথন বিদেশীবর্জন ও হবদেশী-বরণের সংকলপ। শিক্ষার ক্ষেত্রেও।

উপনিবেশিক শিক্ষা-ব্যবহথাকে কার্যত বাতিল করে দিয়ে তার হথানে জাতীয় শিক্ষা প্রবর্তনের আন্দোলন, এই আন্দোলনে রবী-দ্রনাথের অগ্রণীর ভূমিকা গ্রহণ, জাতীয় শিক্ষা গরিষদ্ প্রতিঠা (১৯০৬), এই হল রবীন্দ্রনাথের এই সময়ের শিক্ষাচিশ্তার পটভূমি। 'শিক্ষাসমস্যা', 'শিক্ষাসংস্কার', নাতীয় বিদ্যালয়', 'আবরণ', এই প্রবন্ধগর্মল (চারটিই ১৯০৬ সালে রচিত) াতীয় শিক্ষা বিষয়ক আলোচনা ও বাদান্বাদের সংগে প্রত্যক্ষভাবে যুক্ত।

যে ধ্যান-ধারণাকে অবলম্বন করে রবীন্দ্রনাথ শাণিতনিকেতনে ব্রশ্চর্য বিদ্যালয়ের প্রতিষ্ঠা করেছিলেন, এই সময়ের প্রবন্ধগ্রিলতে সেই সকল ধ্যান-ধারণাই রূপে পেয়েছে। এর সব থেকে পরিচ্ছন্ন এবং বিশ্তারিত প্রকাশ ঘটেছে 'তপোবন' ভাষণটিতে (১৩১৬ অগ্রহায়ন, ১ ডিসেবের ১৯০৯)। ভাষণটি প্রবন্ধাকারে প্রকাশিত হ্য ১৩১৬ পৌরের প্রবাসীতে।

'তপোবন' প্রবন্ধটি তন্ত্রনাত দিক থেকে এই পরের সব থেকে গ্রেত্বপ্র্ণ রচনা। পরের দেকের দিকে রচিত 'শিক্ষার বাহন' প্রবন্ধটিও ১০২২ পৌষ, ১৯১৫ নিঃসন্দেহে গ্রেত্বপূর্ণ। কিন্তু তার সঞ্জে পর্ব-বিশোষো কোনো নাড়ী। স পর্ক নেই। ইতিহাসের দিক থেকে দেখলে 'তপোবন' এই পরের কেন্দ্রম্থ ও প্রতিনিধি স্থানান প্রবন্ধ।

এই প্রবংধ রবীন্দ্রনাথ এতাক দেশের সভ্যতা ও সংকৃতি। বিশিন্ধতার ওপর জার দিয়েছেন। বলেছেন, সাভীয় শিক্ষা বলতে পাশ্চাতা দেন যা ব্রুবে আগরা তা ব্রুবে না। বলেছেন, এ ন-একটি বিনের দেশের মান্ত্রের লাক্ত সেই দেশের বিশিষ্ট পরিবেশ এবং বাশ্তর অবশ্থার কারণে এক-একটি বিনেয় পথ ধরে নিজের নিজের সভ্যকে থাজে পার। এই কারণে সন্দ্রসারী মান্ত্রের পর আর মর্চারী মান্ত্রের পর প্রথক, ভাদের সভ্যও প্রথক। ভারতব্যের বিশেষ পর্যাট ভপোবনের পর, তার বিশেষ সভ্যটি তপোবনের সভ্য। পাশ্চাতা দেশের পথ গ্রুবল্ব, ভার সভ্য শ্বতশ্ব, সেই কারণে তার শিক্ষার আদশ্তি ব্রুভ্র । ভারতের শিক্ষা আদশ্কে ভার নিজের সভ্যের উপর প্রভিণ্ঠিত হতে হবে। "ভাই আজ আমাদের অবহিত হয়ে বিচার করতে হবে যে, যে সভ্যে ভারতবর্ষ আপন কৈ আপনি নিশ্চিতভালে লাভ করতে পারে সে সভ্যাটি কী ?… ভারতবর্ষের সভ্য হক্তে জ্ঞানে অব্যেত্তত্ব ভাবে বিশ্বমেন্ত্রী এবং কর্মে যোগসাধনা।"

রবীন্দ্রনাথের তপোবন বিষয়ক ধারণার মধ্যে যেট্রে নির্যাসিত তন্তর, তা এসেছে উপনিষদ; থেকে, আর যা সেই তন্তরে শুরুর বিশ্বর ক্রেট্র ক্র ও চরিত্র, সে সবই এসেছে সংস্কৃত কাব্য-নাটকাদি থেকে, প্রার্থিক কালিদাস থেকে তপোবন কতটা ঐতিহাসিক সত্য, পরে এ প্রশ্ন রবীন্দ্রনায় ক্রিকেই তুল্লেছিলেন বিভাগেক সত্য

## শিক্ষাচিশ্তা : ভূমিকা

হোক আর না-ই হোক, এই তপোবন-কলপনা রবীন্দ্রনাথের তথনকার ভারত-ভাবনার সংগে এক হয়ে মিশে আছে। এই ভারত-ভাবনা যে বিশেষ করে হিন্দ্র মনের ভারত-ভাবনা যে বিশেষ করে হিন্দ্র মনের ভারত-ভাবনা, অহিন্দ্র অনেক ভারতবাসীই যে এই ভাবনার শরিক হতে পারেন না, এই ভাবনা যে যথেষ্ট উদার নয়, কঠিন ভাব সংকট পার হয়ে কয়েক বছর পরে রবীন্দ্রনাথ নিজেই উপলব্ধির সেই ঘাটে গিয়ে পেইছিলেন। মনে রাখতে হবে, 'গোরা' উপন্যাসে গোরাব যে উত্তরণ, তা রবীন্দ্রনাথের নিজের উত্তরণ বলেই গোরার পক্ষে সে উত্তরণ সম্ভব হয়েছিল।

চিশ্তার অন্য ক্ষেত্রে যে উত্তরণ ঘটে গিয়েছে, শিক্ষাবিষয়ক প্রবাধে তা সজ্যে সংগ্রাস্থ হয়ে ওঠে নি। উঠলে গোরা' ভগন্যাসের প্রায় সমকালে—কার্যত একটু পরে রচিত তপোবন' প্রবাধে সে উত্তরণের ছাপ পড়ত। আলো দু'বছর পরে রচিত 'ধ্যাশিক্ষা' প্রবাধেও তত্তরোধিনী পত্রিকা, ১৩১৮ নায়, ১৯১২। একই চিশ্তার অনুবৃত্তি দেখতে পাই। সেখানে বলেছেন. "এ দেশে একদিন তপোবনের এইরপে বাবহারই ছিল; সেখানে সাধনা ও শিক্ষা এবত্রে মিলিত হইয়াছিল। তপোবন কংপিতে যা মতো সমগত সনাবে ব মেশিথান অধিকার করিয়া তাহার প্রাণকে শোধন পরিচালন এবং রক্ষা কিলাছে।"

ি তু করেকমাস পরের 'শিক্ষানিধি' প্রবন্ধেই (প্রবাসনী, ১০১৯ আশ্বিন, ১৯১২) রবীত ।থেব মনের হাওয়াবধলের আভাস পাওয়া যায়। এই প্রবন্ধের জারটা তপোবর বা প্রাচীন ঐতিহ্যের তপর নয়, জারটা নানা কালের উপযোগনি শিক্ষার উপর। এখানে তিনি লিখেছেন, "যে দেশে সামাভিক শিক্ষাশালার বাঁধা প্রথা হইতে এক ছুল সরিয়া গেলে জাত হারাইতে হয় সে দেশে মান্যু হইবার পক্ষে গোড়াতেই একটা প্রকা ও বাধা। অমাদেন সমাজ আমাদেন কালের উপযোগনি শিক্ষা আমাদিনকে দিতেছে। আত্রন মান্যুর কবিয়া লিখনে প্রকা সকলের চেয়ে যে বড়ো বিস্নালয় সেটা আমানে বন্ধ।" বিস্নালয় সিটা বামানে বন্ধ।"

থানা পরে বচিত, তত্তরাবিনী গাঁৱকান প্রকাশিত 'লক্ষা ও শিক্ষা' প্রবশ্ধে (১৮১৯ অপ্রহায়ণ, ১৯১১ স্বাভাবিকভাবেই ধর্মেনি কথা এসেছে, কিন্ত হাওয়াবনলের আভান নিমোহি নালিই নালাং এখানেও মিলবে। যেনন, "এ কথা বলিয়া কোনো লাভ নাই, মানা্মকে মানা্য কাংয়া ভুলিবার পক্ষে আমাদের সনাতন সমাজ বিশ্বসংগালের সকল সমাভাবে সেরা; এত বড়ো একটা অন্ত্ আজি যাহা মানা্মের ইতিহাসে প্রভাক্ষতই প্রভাহ আপনাকে অপ্রমাণ করিয়া দিয়াছে ভাহাকে আভ্যবর সহকানে ঘোষণা করা নিশ্বেটভার গায়ের ভোরি কৈফিষত । গোড়াতেই নিজেব এই মোহটাকে কঠিন আঘাতে ছিন্ন কবিয়া ফেলা চাই।"

এর পবের প্রথম দিকের অভাদত গ্রেত্বপূর্ণ প্রবন্ধ যেমন 'তপোরন', শেষের দিকের অভাদত গ্রেত্বপূর্ণ প্রবাধ তেমনি শিক্ষার বাহন' ( সব্ত্লপ্র, ১০২২ পেটি । ডিসেব্র ১৯১৫-তে রাম্মোহন লাইরেরীতে পঠিত )।

্রিশক্ষার বাহন' বলাকা-পরে'র রচনা। হাওয়াবদল এই প্রবন্ধে ম্পন্টতর। কালের

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

দিক থেকে প্রবন্ধটিকে বিতীয় পরে প্যান দেওয়া হলেও, ভাবের দিক থেকে এটি তৃতীয় পরে প্যান পেতে পারত। রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার ইতিহাসে বিশ্বভারতী প্রতিষ্ঠাকে (১৯১৮) আমরা একটি ছেদবিন্দ্র হিসেবে ধরেছি, তৃতীয় পরের সেইখান থেকেই শ্রুর। কিন্তু রবীন্দ্রনীবনের একটা বড়ো পালাবদল—চিন্তায় অনুভবে জীবনদর্শনে—গীতাঞ্জলি-পরের শেবেই বা বলাকা-পরের শ্রুরেতই ঘটে গিয়েছে।

এ প্রবন্ধের প্রধান আলোচ্য বিষয় হল শিক্ষায় মাতৃভাষার প্রথান, কনশিক্ষা এবং প্রসংগক্তমে সংশ্লিষ্ট শিক্ষাতত্ত্ব। কয়েকটি স্তু উদ্ধান করে দিলে এই সময়ে রবনিদ্রনাথের মনেব গতি কোন্দিকে তা সহজেই বোঝা যাবে।—

- ১। "আমানের বিলাতি বিদ্যাট। আমানের াবিনের ভিতরের সামগ্রী হইয়া যায় না। অমানের নেশের আধ্যানক পণ্ডিত বলেন, ইহার একমার কারণ জিনিসটা বিদেশী। একথা মানি না। যা সত্য তার ি রোগ্রাফ নাই।" (রাহ্যাভ্রত)
- ২। "এখনকার দিনে স্ব'্নীন শিক্ষা সকল সভা দেশেই মানিয়া লওয়া হইয়াছে।"
- ে। "শিক্ষাবিশ্তারে আমাদের গা নাই। তার মানে শিক্ষার ভোজে নিজ্ঞো বিসিয়া বাইব, পাতের প্রসাদটুকু পর্যাতি আর-কেনে ফর্মিত পার বা না পায় সে মিকে থেয়ালই নাই।" (তদের, ৬৪০
- 8। "বেদ্যাবিশ্তাবের কথাটাকে যথন ঠিংমত মন দিয়া দেখি তখন তার সর্বপ্রধান বাধাটা এই দেখিতে পাই যে তার বাহনটা ইংরেজি।" (তদের ৬৮১)
- ৫। "আমরা ভরসা করিয়া এ পর্যাশত বলিতেই পারিলাম না যে বাংলাছায় তেই আমরা উচ্চশিক্ষা দিব এবং দেওয়া যায় এবং দিলে তবেই বিদ্যার ফসল দেশ ুরিয়া ফলিবে।"

# ঙ তৃতীয় বা বিশ্বভারতী পর' [১৯১৮ সালের পরে ]

এই তৃতীয় পবের স্চনা শান্তিনিকেতনে বিশ্বভাবতী প্রতিষ্ঠান সময় থেকে। বলা দরকার, ১৯১৮ সালের ৮ পেট্র বিশ্বভারতীর পাত্তন হয় এবং অধ্যয়ন-অধ্যাপনার কাজ শ্রের হয় জালাই, ১৯১৯ ( আবাঢ়, ১৩২৬ ) থেকে। ফুল অংশ প্রেবিভাগ এবং এই নতুন অংশ উত্তর-বিভাগ নামে পরিচিত হয়। ডিসেবের ১৯২১ (৮ পেট্র ১৩২৮) সালে বিশ্বভারতীর আইনস্মত উদ্বোধন হয় এবং বিশ্বভারতীর কন্তিটিউশন গৃহীত হয়।

বিতীয় অর্থাৎ শান্তিনিকেতন আশ্রম-বিদ্যালয়ের পর্বের কেন্দ্রগত প্রেরণা ছিল জাতীর শিক্ষা, ভারতের জন্য খাঁটে ভারতীয় শিক্ষা। এর ভিত্তিম্থানীয় প্রত্য়য় হল এই যে প্রত্যেক জাতি একাশতভাবে স্বতন্ত্র ও বিশিষ্ট, স্কুতরাং তার শিক্ষাবিধিকেও স্বতন্ত্র এবং বিশিষ্ট হতে হবে। তৃতীয় অর্থাৎ বিশ্বভারতী পর্বের কেন্দ্রগত প্রোণা হল বিদ্যার সাবভান্ত, শিক্ষার সবজনীনতা, শিক্ষায় আন্তর্জাতিকতা। এব তত্ত্বগত ভিত্তি হল এই কথা যে, মানুষে মানুষে হেলটা সাময়িক ও আপ্তিক, মিলটাই আসল, যাকে বলা যেতে পারে মানুষ্টভার মৌল ঐক্যের প্রত্যয়।

# শিক্ষাচিশ্তা : ভূমিকা

শিক্ষাকে যখন আশ্তর্জাতিক বলা হচ্ছে, তখন সে-কথার অর্থ মোটেই এ নয় যে, শিক্ষা নতীয় হবে না। রবীন্দ্রনাথের কাছে তার অর্থ এই যে, শিক্ষা জাতীয় হয়েই আশ্তর্গাতিক হবে। বদ্ধুত রবীন্দ্রনাথের মনে জাতীয় আর আশ্তর্জাতিকে কোনো বিরোধ নেই। তিনি বিরোধী—উন্তরোক্তর প্রবলভাবে বিরোধী হয়ে উঠেছেন—সংকীণ ও উন্ন জাতীয়তাবাদের, সেই নাতীয়তাবাদ যার ভিক্তি জাতিবৈর ও আক্ষরার্থ। বিরোধী হয়ে উঠেছেন সেই জাতীয়তাবাদের পাশ্চাতা দেশে যাকে বলে ন্যাশানালিভ্ম।

শারণ রাখতে হবে, তৃতীয় পরের স্টেনার কাছাকাছি সময়ে - বিশ্বভারতী পাওনের ( জিসেবন, ১৯১৮) প্রাক্কালে প্রথম সহায়্দেরর অন্তিন পর্যায় চলছে (১১ জিসেবন, ১৯১৮ যুন্ধবিরতি, তার দেড় মাস পরেই বিশ্বভারতীব পত্তন )। মহায়্দেরর বীভংসতার মধ্যে দিয়ে নেশান ব্যাপারটির স্ববাপ তথন রবন্দিনাথের কাছে স্পন্ট হয়ে উঠছে। তথন তিনি ভাপানে এবং আর্মোরকায় সংকীর্ণ ন্যাশানালিজ্মের বিরোধিতা করে বক্তা দিয়ে দেশে ফিরেছেন এবং অলপ দিন হল তার 'ন্যাশানালিজ্ম' বইটি প্রকাশিত হয়েছে (১৯১৭)।

কিন্ত জাতীয় কথাটার একটা গভীব অথ'ও আছে। সেই গভীর অথে তাকে লেতীয়দেতনা বলে ধরতে পারি; যে চেতনা আমাদের আত্মতার উৎস, আমাদেব আত্মতাব ভিত্তি। রবীন্দ্রনাথ তাকে কখনোই অস্থীকার বা অশুদা কবেন নি। তাঁব কাছে যথার্থ জাতীয় শিক্ষা আন্তর্জাতিক শিক্ষার খন্ডন নয়, এরা প্রম্পরেব প্রিপ্রেব্ব, আদুশ্ শিক্ষা এই দ্যাের সমন্বর।

বিশ্বভাবতী পত্তনো কাল্টা উত্তেজনাপ্রণি। অলপ প্রেই জালিনওয়ালাবাগের হত্যাক্রণড় (এপ্রিল ১৯১৯)। মে ১৯১৯-এ রবীলুনাথের নাইটহুড় পরিত্যাগ। সামনে জাতীয় আলেবালনের প্রস্তৃতি। এই প্রথর জাতীয়তাবাদী ভাবাবহের মধ্যেই বিশ্বভারতীর কাল আরুভ হচ্ছে। এই সময় খ্র অলপকালের মধ্যে তিনটি গ্রুত্বপূর্ণ প্রক্ষ শান্তিনিকেতন পত্রিনায় প্রশান্তি হয়: 'অস্তেতা্যের কারণ' (১৩২৬ জিলুচ, ১৯১৯) এবং 'বিদ্যাসমবায়' (১৩২৬ আশ্বন-কাতিক, ১৯১৯)। প্রথম দুটি প্রবেধের বন্ধবা হল এই যে, এ দেশের প্রচলিত শিক্ষা-ব্যবহ্থায় দ্বাধীন চিন্তার ক্ষমতা জন্মায় না। তৃতীয় প্রক্ষে অর্থাৎ 'বিদ্যাসমবায়ে'র লক্ষ্যা বিশ্বভারতীর আদর্শ — প্রাচা ও পাশ্চাত্য শিক্ষার সমন্বয়।

অধ্যাত্ম-শিক্ষা ও বিজ্ঞান-শিক্ষার মিলন, জাতীয় শিক্ষা ও সব<sup>4</sup>জাতিক শিক্ষার সম্প্র্য, এই হল বিশ্বভারতীর লক্ষ্য। এখানে বিশ্ব একনীড় হবে, বিশ্বভারতী দোব মান্যক্তার কেন্দ্র হবে, এই হল প্রতিষ্ঠাতার প্রত্যাশা।

বিশ্বভারতী-আদশের স্পন্টতম প্রকাশ ঘটেছে 'শিক্ষার মিলন' (সব্ক পত্র ১৩২৮ ভাদ্র, ১৯২১) প্রবংধটিতে। সেই দিক থেকে 'শিক্ষার মিলন' প্রবংধটিকে তৃতীয় পরে'র প্রতিনিধিস্থানীয় এবং কেন্দ্রস্থ প্রবংধ বলা যায়। 'বিদ্যাসমবায়' তারই প্রের্গামী উপক্রমণিকা। 'বিদ্যাসমবায়' প্রবংধ থেকে দ্টি উদ্ধৃতি দিলেই বন্তবা স্পন্ট হবে।

১। "সমন্ত প্থিবীকে বাদ দিয়া যাহারা ভারতকে একান্ত করিয়া দেখে তাহারা ভারতকে সতা করিয়া দেখে না।"

#### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

২। "····আমাদের বিদ্যায়তনে বৈদিক, পোরাণিক, বৌদ্ধ, জৈন, ম্সলমান ও পাসি'-বিদ্যার সমবেত চচ'য়ে আন্মহিণ্যকভাবে য়ুরোপীয় বিদ্যাকে স্থান দিতে হইবে।" (তদেব)

শিক্ষার মিলন' প্রবংধটির ঐতিহাসিক গ্রেত্ব ব্রুতে হলে তাকে দেখতে হবে সমকালের অসহযোগ আন্দোলনের পটভূমিতে। ১৯২০ সালের মে থেকে ১৯২১ সালের জ্বলাই, এই দীর্ঘ ১৪ মাস কাল রবীন্দ্রনাথ যথন ইউরোপ এবং আমেরিকায় সফরে আছেন, দেশে তথন রাজনৈতিক আন্দোলনের ৬ত্তেরনা তীর হয়ে ৬ঠছে। এর মধ্যে রবীন্দ্রনাথের অনুপশ্থিতিকালে গান্ধিনীর শান্তিনিকেতন আগমন (সেপ্টেম্বর ১৯২০) ঘটে গিয়েছে। ডিসেন্বর ১৯২০-তে অসহযোগ প্রস্তাব গৃহীত হয়েছে এবং আন্দোলন শ্রের্ হয়ে গিয়েছে। শান্তিনিকেতনে সেই আন্দোলনের তরণগ্রেগ এসে লেগেছে। রবীন্দ্রনাথ বিশ্বভারতীকে সমস্ত রাজনৈতিক উত্তেরনা থেকে দরে রাখতে চেয়েছিলেন। কিন্তু ঘটনা তার ইন্দ্রা অনুযায়ী ঘটল না। এই প্রস্থেগ বিদেশ থেকে শান্তিনিকেতনের স্ববিধ্যক্ষ গেদানন্দ রায়কে তান যে চিঠি (৮ মার্চ ১৯২১) লেখেন. তার কয়েকটি কথা এই প্রস্থেগ বিশেষ প্রাণধান্যারা:

"··· latic natism হচ্ছে একটা ভৌগোলিক অপদেবতা, পৃথিবী সেই ভূতের উপদ্রবে কণ্পাদিবত; সেই ভূত ঝাড়্বার দিন এসেছে। কিছুদিন থেকে আমি তার আয়োজন করছি। দেবতার নাম াবলে তবেই অপদেবতা ভাগে। আমাদের শাদিতানিকেতনের দরজায় সেই দেবতার নাম লেখা; আমাদের বিশ্বভারতীতে সেই দেবতার মন্দির গাঁথছি। দেশের নাম করে এখানে যদি কোনো থাবা দেবার কোগতে প্রভূল তাহলে আমাদের দেবতার প্রবেশপথে বাবা দেওয়া হবে। সিদিন খাবের কাগতে পড়ল্ম মহাত্মা গান্ধী আমাদের মেয়েদের বলেছেন, তোমরা ইংরেজি পড়া বন্ধ কর সেই দিন ব্রেছি আমাদের দেশে দেয়াল গাঁখা শ্রের হয়েছে, অর্থাৎ নিদের ঘরকে নিজের কারাগার করে তোলাকেই আমাদা মুদ্ধি হলে মনে করাছ—আমরা বিশ্বন সময়ত আলোককে বহিত্তাত করে দিয়ে নিজের ঘলে অন্ধানকৈ ত্যাগ কনতে থসেছি। অর পরে কোন দিন কথা উঠবে এশ্ভ্রেজ পিয়াসনিকে ত্যাগ কলতে থবে, কেননা তারা ইংরেজ। শাণি প্রাসনী, জ্যোষ্ঠ ১০২৮, প্যা ১৮৮-৯)।

ইউরোপ-আমেরিকা থেকে দেশে ফিনে ( স্ক্রাই ১৯২১ ) সংগ্র-সংগ্রই নানা কারণে রবীন্দ্রনাথ অন্তব করলেন যে, গানিধ সীর অসহযোগ আলেরালন সংপর্কে তার অভিমত প্রকাশের সময় উপপ্রিত হয়েছে। শিক্ষার ক্ষেত্রেও অসহযোগের আপ্রান এসেছে—ইংরেজ-প্রবৃতি তাশিক্ষা গোলামীর শিক্ষা, তা সম্পূর্ণভাবে বর্জনীয়। স্ক্রলকলেজের ছাত্ররা তখন সেই আপ্রানে সাড়া দিতে শ্রের্ করেছে। এ বিষয়ে রবীন্দ্রনাথের বক্তব্য তখন অত্যম্ত স্পণ্ট করে বলার দরকার। 'শিক্ষার নিলন' প্রক্রেটি সেই স্পণ্ট বক্তব্য।

ভারতবাসীর শিক্ষায় ভারতীয়ত্ব থাকরে, এ কথা রবীন্দ্রনাথ একবারও অস্বীকার করেন না। কিম্তু সেইটেই সব নয়। রবীন্দ্রনাথের বস্তব্য এই যে, শিক্ষার একটি সর্বমার্নাবক পিকও আছে, সকল শিক্ষাতেই সেই সর্বমার্নাবক সত্যকে থাকতে হবে.

# শৈক্ষাচিশ্তা : ভূমিকা

ভারতবাসীর শিক্ষাতেও। বিজ্ঞান তেমনি একটি সর্বমানবিক সত্য, বিজ্ঞানের প্রাচ্য-পাশ্চাত্য নেই, তার জাতিবর্ণ নেই। যেহেন্ত পাশ্চাত্যদেশেই এখন তার চর্চা, তাই আপাতদ্বিতিতে তা পাশ্চাত্য শিক্ষা। বিশেষ করে সেই হেতুই ভারতবাসীর শিক্ষাব্যবস্থায় পাশ্চাত্য শিক্ষাকে স্বাংগীকৃত করে নিতে হবে। বিচ্ছেদ নয়, জাতিতে জাতিতে দিলনই আগামী দিনের সত্য। সেই সত্য প্রথম প্রতিষ্ঠা পাবে শিক্ষার ক্ষেত্রে। এই হল শিক্ষাব দিলন' প্রবল্ধা মূল কথা।

'শিক্ষার মিলন' প্রবশ্ধের মূল স্তুগুলিকে আমরা এইভাবে সাজিয়ে নিতে পারি :

- ১। " বিশ্বশন্তি হচ্ছে চ্টাবিহান বিশ্বনিয়মেরই রাপ ; আনাদের নিয়ন্তিত বর্দ্ধ এই নিয়ন্তিত শন্তিকে ওপলাবে করে।" এই নিয়নকে নিজে হাতে গ্রহণ করার শিক্ষাই বিজ্ঞান। ভারতের বেজ্ঞানিক শিক্ষা নেট ভাই সে আজ বন্ধ, ন্বলি, রিস্ত। বিজ্ঞান শিক্ষাব জারেই পাশ্চাত্য দেশ আজ শক্তিশালী।
- ২। "···পশ্তিমের লোক যে বিকার তোরে বিশ্ব জয় করেছে সেই বিদ্যাকে গলে পাড়তে থাকলে দক্ষি কমৰে না, কেবল খণ্ডাধ বাড়বে। কেননা, বিদ্যা যে সতা।"
- ৩। শিক্ষায় প্রথম ধাপ।বজ্ঞানশিকা। অধ্যাত্মশিক্ষা তাব পরের ধাপ। প্রথমটি না হলে কেবলই রিক্ততা, কেবলই দেন্য। "---আমি বৈবাগ্যের নাম করে শ্রেম ঝুলিব সমর্থন করি নে।"
- 8। "এক-কোঁকা আবাছিক ব্ৰিষ্ঠে আমরা দালিদ্রো দুর্বলতাম কাত হলে পড়েছি।" ৬টো দিকে এক-কোঁকা নিজ্ঞানচ্চনি পাশ্চাত্য দেশ মন্যাজের সার্থকিতা থেকে ব্ৰভিত হড়েছ।
- ৫। যথাথ শিক্ষায় এ গৃহ-কৈ মিলিয়ে নিতে হবে। "এই মিলনের অভাবে প্রবিদেশ দৈনাপ্রীড়িত ; আর পশ্চিম অশান্তির দ্বারা ক্ষুখ্য, সে নিরানক।"
- ৬। বিজ্ঞানের কল্যাণে আত্র ভূগোলের বেড়া ভেঙে গিয়েছে, জাতিয়া পরস্পরের কাছাকাছি এসেছে। "সাতিতে জাতিতে একত্র হচ্ছে অথ্য মিলছে না। এরই বিষম বেদনার সমুহত প্রথিবী পাঁড়িত।" ঘাঁনা নুব্যাগের সাধ্য তাঁলে। সংধ্যা আজ্ ঐক্যের সান্না।
  - वानामांत्रका वह बेद्धाव वाचा
- ৮। "মান্য সাময়িক ও ম্থানিক বছালে গাড়ীর মধ্যে সভাকে পায় বলেই সভোৱ প্রান্তেড়ে গণ্ডীর প্রোক্তর ৮। প্রথিবীতে নেশন গড়ে উঠল সভোৱ লোবে : কিন্তু ন্যাশানালিজ্য সভ্যানয়।" এ হল বিপা।
- ১। "স্বাজাতোর সহ্মিকা থেকে ম্রিরান করার শিক্ষাই আজকের নিনের প্রধান শিক্ষা। কেননা কালকের দিনের ইতিহাস সার্বজাতিক সহযোগিতার এরাষ আরুভ করবে।"
- ১০। "এই জনোই আমাদের বিন্যানিকেতনকৈ প্র'পশ্চিমের মিলন নিকেতন করে তুলতে হবে।" সমুহত উদ্ধৃতি: বাহ্চা৬৬৪-৭৮)

অসহযোগ আন্দোলনের সেই জাতীয়তাবাদী উত্তেজনার সময় রবীন্দ্রনাথের এই মিলনতত্ত্ব প্রচুর বির্পেতার সৃণ্টি করোছল। রবীন্দ্রনাথ ইংরেজের সংগ মিলনের

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

কথা বলেছেন, গাশ্বিজীর বিরোধিতা করেছেন এবং ন্যাশানালিজ্মের নিশ্য করেছেন, স্থতরাং তিনি যে বহু স্মাক্তমণের লক্ষ্য হবেন এতে আর আশ্চর্য কী? মনে রাখতে হবে, দেশভাবনার যে শ্তরটিকে রবীন্দ্রনাথ দশ-বারো বছর আগে পার হয়ে এসেছেন, তাঁর দেশবাসীর সকলেরই মন তখন সেই শ্তরে—অর্থাং 'গোরা' রচনার প্রবিতীণ শ্তরে আবাধ।

শিক্ষার মিলন' প্রবশ্ধের প্রতিবাদে শরংচন্দ্র 'শিক্ষান বিরোধ' নামে যে প্রবশ্ধিট রচনা করেন (১৩২৮ সালে গে।ড়ীয় সব'বিদ্যায়তনে পঠিত , সেটির কথা এখানে উল্লেখ করা যেতে পারে। শরংচন্দ্রের অনেক বস্তবোর মধ্যে তিনটি বিশেষ উল্লেখযোগ্য।—

- ১। এদেশের ইংরেজ-প্রবিতিত শিক্ষাব্যবহথা বিভিত্ত জাতির জন্য বিজয়ী জাতি কতৃ কি প্রবিতিত শিক্ষাব্যবহথা। এই ব্যবহথায় কোনো শিক্ষাই সাথ কি হতে পারে না, বিজ্ঞানশিক্ষাও নয়। যাতে ইংরেজের বিন্দ্র্মান্ত ক্ষতির সম্ভাবনা এমন কোনো বিদ্যাই ইংবেজ আমাদের দেবে না। ইংরেজ যা দিজে, তাতে আমাদের স্বর্ণবিষ্ঠানে বিভেনের প্রতি অবজ্ঞা আর ইংগ্রেজর প্রতি শ্রুখাই বেড়ে যাজে।
- ২। পশ্চিমের ইণ্ডাম্ট্য়াল সভাতা বণিকতন্ত্রে সভাতা। তার শিক্ষাদশও তাই। তা আমাদেব ্রিনের সংগ্রে সংগতি রক্ষা করে না।
- ৩। এবীন্দ্রনাথ বলেছেন, আমরা পশ্চিমের কাছ থেকে নেব বিজ্ঞান আর পশ্চিম আমানের কাছ থেকে নেবে অধ্যাত্মবিদ্যা, ত্যাগের মন্ত্র। বার্যক্ষেত্রে দেখা থাবে, ওলের বিজ্ঞান—যথার্থ বিজ্ঞান ওবা আমানের দেবে না, আমানের অধ্যাত্মবিদ্যা ও ত্যাগের মন্ত্রও ওরা নেবে না। ওদের মন্ত্র ধনলাভের মন্ত্র, তার সংগ্রে আমানের ত্যাগের মন্ত্রের সংগ্রিত নেই। প্রাচ্যাও পশ্চাত্য শিক্ষার আমল বিশেধ এইখানে।

( দুণ্টব্য. শিক্ষাব বিরোধ, স্বদেশ ও সাহিত্য, শ্বং রচনাবলী জন্মশতভাষিতি সংস্করণ, ওম খণ্ড, পঢ় ওঠি৯-২৭ )।

শরংসন্দের বন্ধব্য সম্পূর্ণ যুক্তিহীন এমন বলা যায় না। শরংচন্দের বন্ধব্য আমাদের সাক্ষাং অভিজ্ঞতার সংগ্যায় । উপনিবেশিক শাসন ও শোষণের প্রকৃতি, সাম্রাজ্যবাদী শক্তির মোল প্রভাব, এই হল শরংচন্দের বন্ধব্যের ভিত্তি। একে এক-কথার উড়িরে দেওয়া যায় না।

আমাদের মনে হয়, নিজের নিজের প্রসংগক্ষেত্রের মধ্যে দ্বালনের বন্ধরেই সভ্য আছে। শরৎসন্দ্র বাস্তববাদী, ভাব বন্ধরা কাছের-দিনের পক্ষে সভ্য। রবীন্দ্রনাথ আদর্শবাদী এবং দ্রুটা, ভার বন্ধরা দুরের-দিনের পক্ষে—ভাবীকালের পক্ষে সভ্য।

শাধ্য শরৎচনদ্র কেন, আমাদের দেশের অনেক বাস্তববর্দিধসম্পন্ন বিজ্ঞ ব্যক্তির সংগ্রে রবীন্দ্রনাথের এই ধরনের মততেদ বার বার ঘটেছে। এই প্রসংগ্রে গান্ধিজীর সংগ্রে রবীন্দ্রনাথের মতান্তরের কথাও উল্লেখ করা যেতে পারে।

'শিক্ষার মিলন' প্রবশ্ধের অলপ পরেই শ্রীনিক্তেনে পল্লীসংগঠন বিভাগের প্রতিষ্ঠা (ফেব্রুয়ারি ১৯২২) হয়। এর অলপকাল পরেই শিক্ষাব্যাপারে রবীন্দ্রনাথ এমন একটি কাজে হাত দিলেন, যার গ্রুম্ব তখন রবীন্দ্রনাথের কাছে অনেকখানি। কাজটি হল

১৯২৪ সালে শ্রীনিকেতনে একটি গ্রামীণ বিদ্যালয়ের প্রতিষ্ঠা। প্রথম প্রতিষ্ঠা শান্তিনিকেতনে, অলপ পরেই বিদ্যালয়টি শ্রীনিকেতনে—অর্থাৎ যথান্থানে শ্র্থানাশ্তরিত হয়। এই বিদ্যালয়টিই পরে 'শিক্ষাসত্র' নামে পরিচিত হয়।

রবীন্দ্রনাথের মন এই সময় বা এব কিছ্কোল পূর্ব থেকে বিশেষভাবে পল্লী-অভিমুখী ও জনসাধারণ-অভিমুখী হয়েছে। জ্রীনকেতনে পল্লীসংগঠনবিভাগের প্রতিষ্ঠা তাঁব এই পল্লীভাবনার সংগেই যুক্ত। শিক্ষাসত প্রতিষ্ঠাও তাই। শারণ কবতে পারি যে, দাবছৰ আগে মুক্তধানা (১৯২২) প্রকাশিত হয়েছে, এবং প্রকাশিত হয়েছে শ্রীনিকেতনের সেই বিখ্যাত উদ্ধোধনী-সংগতি ফিরে চলা মান্তির টানে। আরো শারণ কবতে পারি যে এইটে হল 'রক্তকবনী' চনার কলে, 'পাবরী' কাব্যগ্রহেথর কবিতার্কনার কাল। সরের সংগেই শ্রীনিকেতন ও শিক্ষাস্ত্রের একটা গভাঁব ভাবগত আন্থায়িতা আছে।

শাহিতনিকেতন রক্ষ্যেবিদালের প্রতিষ্ঠান তেইশ বছল পলে শ্রীনিবেতনে এই পল্লীবিদালেনের প্রতিষ্ঠা। বেউ কেউ একে বলেছেন ববীন্দ্রনথেব দিউটা শিক্ষা-এক সাপোবিদোলী। ববীন্দ্রনথেব প্রথন শিক্ষা-একাস পেরিটোলী করে থাকি নিজন কাছে স্বতোষ্টনক মনে হয় নি বলে তেইশ বছল পলে তিনি এই দ্বিতীয় শিক্ষা-এক স্প্রিটোটিটিতে হাত দেন। শ্রীনিকেতনের পল্লী-বিদ্যালয় যেন শ্যাতিনিকেতন বিদ্যালয়ের সংশোধন বা প্রিপ্রেণ।

বথাটাকে সাপার্ণ উড়িলে দেওরা যায় না কা প বর্ণাপুনাথ নিজেও অনেকটা এই রকমই বলেজে। াতনি অনাভব করেছেন যে কিছাবে যেটা নিম্নতর লক্ষা, অর্থাৎ চাক্রি বা গৌবিকা এবং তদাদেশো পর্বীক্ষা-পাশ ও তিপ্রি লাভ, একটু একটু করে জ্যোই শানিতনিকেতন বিদ্যালয়ে তার গা্র্ড ব্যুণিধ পাস্তে। এও তিনি অন্যুভব করেছেন যে ভদুসম্প্রাধ্যে পরিবারের সংতান-সাত তরা তিপ্রিল্যখী হরেই। পরীক্ষামান্থী হরেই। যেখানে ছাত্রছাত্রী তথাকথিত তদুপরিবারের সেখানে এই চিপ্রিম্ন্থিতাকে ঠেকানো যাবে না। শান্তিনিকেতন বিদ্যালয়কে এব সংগ্রাখানিকটা ফা করতেই হবে। এই রফা তার সেকে নিজে হয়েছে। সেই কারণে নতুন পরিবেশে দরিদ্র পল্লীবাসী ছাত্রনে নিলে এই তাঁর ছিতীয় প্রয়াস।

শিক্ষাত প্রতিষ্ঠার ছ' বছর পরে রাশিয়াল্রমণে গিয়ে জনশিক্ষায় রাশিয়ার অসামানা সাফলা দেখে রবীন্দ্রনাথ অ'তভূত হয়েছিলেন। তখন এই চিন্তাই রবীন্দ্রনাথের মনে খান বড়ো করে দেখা দিয়েছিল। মন্ফোতে ছাত্রছাত্রী ও অধ্যাপকদের সংগ্র আলাপে এ কথা তিনি বেশ স্পাট করেই বলেছেন (১৩ সেপ্টেবন, ১৯৩০)। কিছুটা উদ্ধৃত করা যাত্য। –

" · অপেক্ষাকৃত ধনী ঘর থেকে যারা আনে তাবা সবাই জীবিকানিবাহের হান্য পরীক্ষা পাশ করে ডিগ্রি নিতে উৎস্ক। তাই তাদের আদর্শ শিক্ষা দেওয়া সম্ভব নয়। · তারা চায় পড়া ম্বুখ্য করে কোনো রক্ষে পাশ করে বেরিয়ে যেতে। আমাকে এ ব্যাপার কিছ্টা মেনে নিতে হয়েছে, তা না হলে আমাব ইম্কুলে একটি ছাত্রও থাকত না। এর একটি কারণ হল, আমাদের দেশ অত্যাত্ত দরিদ্র, তাই স্বভাবতই ছেলেরা

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

বড়ো হয়ে জীবিকা অর্জন করে পরিবারের ভরণপোষণ করতে চাইবে। তাদের পরীক্ষা পাশের স্থযোগ দিতেই হবে। সেই কারণেই আমি আরেকটি ইম্কুল খ্লি। সেটি গ্রামের, যাদের সরকারী বা সওদাগরী আপিসে চাকবীর উচ্চাশা নেই তাদের জন্য। এই অপর ইম্কুলটিতে [শিক্ষাসত্রে] পরিপ্রে শিক্ষার জন্য যা কিছ্ম আমি একাম্ত প্রয়োজনীয় বলে মনে করি তা প্রবর্তনের চেণ্টা করছি। অনতিকাল পরেই এই গ্রামের ইম্কুলটিই সত্যিকার আদর্শ বিদ্যালয় হয়ে উঠবে, অন্যটি ভখন পাবে অবহেলা।"

( 'সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ, নথিপত্তের সংকলন,'--বিদেশী ভাষায় সাহিত্য প্রকাশালয়, মন্ফো, প্র: ৪১ )

( তদের, গ্রে৬৮-৯

রবীন্দ্রনাথ যথন এই কথাগালি উচ্চারণ করেছিলেন তার পর প্রায় অর্ধ শতান্দী অতিক্রান্ত হয়েছে। উন্ধাতির শেষের বাক্যটিতে 'অনতিকাল পরেই' যা ঘটবে বলে তিনি আশা প্রকাশ করেছিলেন, আজো তা ঘটে নি।

আগেই বলেছি, সোভিয়েট রাশিয়ার শিক্ষাবিস্তার রবীশ্রনাথকে মুশ্ব, বিস্মিত ও অভিভূত করে। টেড ইউনিয়ন ভবনের এক সম্বর্ধনা সভায় (২৪ সেপ্টেম্বর, ১৯৩০) তিনি বলেন—

"আমাদের দাহিদ্রা, মহামারী, সাম্প্রদায়িক হিবোধ আর ফরাশিলেপ আমাদের পশ্চাৎপরতা, অর্থাৎ যা হিছু আমাদের জীবনকে বিপ্রয়ণত গবেছে, সে সবই শ্রেছ শিক্ষার অভাবের ফল। আসাদারা শিক্ষার বিরটে সমস্যাকে কী ভাবে দরে করেছেন তা দেখার আমাহুল আমি সামদেদ গ্রহণ করেছি। আমি হবপ্প দেখি সেই দিনটির যেদিন আর্যসভ্যতার এই প্রাচীন ভূমিব সব মান্য শিক্ষা ও সাম্যোগ মহাশবিদিলাভ করবেন। আমার বহুদিনের হবপ্প, যুগে যুগে ধ্বে শৃত্থলিত গণমানসম্ভির হবপ্পের বাহতবর্পে দেখতে আমায় যাঁরা সাহাযা করলেন তাদেন প্রতি আমি কৃতজ্ঞ।"

ভক্সের সভাপতি পেরভের সংগে এক আলোচনায় (১৩ সেপ্টেব্ব, ১৯৩০ ব্বীদ্রনাথ বলেন :

আমার জীবনের একটি মাত্র লক্ষ্য হল—শিক্ষার আলোক বিষ্ঠান । ... আমি বিশ্বাস করি, সাধারণের মধ্যে শিক্ষার বিষ্ঠান ঘটলে, জনগণের মনে চেতনার বিকাশ ঘটলে, আজকের অনেক দুঃথকণ্টই আপনা থেকে দুরে হবে । শিক্ষা তাকে নত্ন শক্তি দেবে । আমাদের চাষী সাধারণকে অজ্ঞতার হাত থেকে ম্কি দেওয়া—এই হল আমার মূল লক্ষ্য।"

এর প্রায় সংগে সংগেই তিনি বলেছেন --

`আমার জীবনের মূল লক্ষ্য হল—প্রকৃত শিক্ষার বিশ্তার। শর্ধ্ মনীয়া নয়, ব্যক্তি,স্বর সর্বতোমুখী বিকাশ, মানুষের সক্তিয়তার বিকাশ।" তদেব

'রাশিয়ার চিঠি'র (১৯৩১) প্রগ্নলির মধ্যেও এই একই সূব, একই কথা। সব কথার মূল কথা হল শিক্ষা এবং সে শিক্ষা সব সময়ই জনশিক্ষা।

রাশিয়া থেকে ফেরার পর যে দ্টি বিখ্যাত প্রকংধ রচিত হয়েছে, একটি 'বিশ্ববিদ্যালয়ের রূপ' (ভাষণ, ডিসেব্রর ১৯৩২, প্রিতকা ১৯৩৩) এবং অনাটি

'শিক্ষার বিকিরণ' (ভাষণ ও প্রিশ্তকা ১৯৩৩)। দুর্টিতেই রাশিয়াশ্বমণের অভিজ্ঞতার ছাপ দপতিভাবে মুদ্রিত হরেছে। দুর্টিটেই মূল বন্ধব্য শিক্ষাবিদ্তার—জনশিক্ষা। দুর্টি প্রবর্গের্থ রবীশ্রনাথ ওপনিবোশক শিক্ষাব্যবদ্থার—লাজে তিনি বলেছেন 'ইংরেজি বিদ্যার খাঁচা' —সেই কৃত্রিম ও যাত্রিক শিক্ষাব্যবদ্থার কঠোর সমালোচনা করেছেন। দুর্টিরই অন্যতম প্রধান আলোচ্য বিষয় হল শিক্ষায় মাত্তাযার দ্থান, শিক্ষাবিদ্তারে মাত্রাধার অপনিহার্যাতা।

িবিশ্ববিদ্যালনের নূপে প্রবাদে ববনিদ্রনাথ বলেছেন, আমাদের দেশের নালনা তক্ষণিলা ওঘ্ট প্রাচীন বালে। বিশ্ববিদ্যালরের সলে দেশের ভিত্তের যোগ ছিল। আমাদের বর্তনান কালের বিশ্ববিদ্যালরের সলে কেই। তাই তা : বিদ্যা দেশের স্বসাবারণে (মধ্যে ব্যাপ্ত হল না। এর প্রধান বাবা ভাষা ইংরোজ ভাষা। বলেছেন, ব্যাহন থেকে নূরে পের প্রত্যেক জাতিই আপেন ভাষাকে শিক্ষার বাহনর্পে স্বীকার করলে তথন শিক্ষা বাগে হল স্বসাধারণের মধ্যে। " (র ১১ । ৬৮০)

'শিক্ষাৰ বিকিরণ' প্রবংশ্ব শিক্ষার সংগে দেশের বিভেদের কথাটাই বিশেষ জোর দিয়ে বলেছে । -

"এই বিদেশী শিক্ষাবিধি বেলকানৱাব বীপের মতো। কামরাটা উজ্জ্বল, কিন্তু যে যোজন যোজন পথ গাড়ি চলেছে ছুটে নেটা অন্বকারে লত্ন্ত। কামরাখানার গাড়িটাই যেন সত্য, আও প্রাণ্ডেবদন্ত পূর্ণ সমন্ত শেড়ীই যেন অবাদত্তব।

শহরবাসী একদল মান্য এই স্থেতে শিক্ষা পেলে, মান পেলে, মর্থ পেলে। তারাই হল এন্লাইটেন্ড্, মালোকিত। সেই আলোর পিছনে বাকি দেশটাতে লাগল প্রেণ । সেকের ব্রেক এই প্রান্ত থেকে আয়-এই প্রান্তে এত বড়ো বিচ্ছেদের হারি আর-ভোনোহিন চালানো হয় নি, সে কথা মনে এখতে হবে। (রা১১৮৯৩-১)

শিক্ষার বিকিব্য' প্রবর্গে তাঁর শিক্ষাবিশ্যক কয়েকটি আকাশ্চার কথা, কয়েকটি আশ্-করণীয় কাজের কথা বলোছেন। তালের এই তাবে স্তাকারে সাজিয়ে নিতে পারি:—

১। ত্রশিক্ষাবিধির সহজ পথগ্লি —ঔপনিবেশিক চন্দ্রথা যাকে নণ্ট করে ব্রেছে—সূত্র পথগ্লির পন্নবৃদ্ধার করা। লক্ষা হবে, শিক্ষার ধ্বতঃস্কার ধেন সমাজে। সাজি ঘটতে পারে, ধেন তার সেচন চলে স্বধ্বিণ জনসাধারণের চিত্তভূমিতে।

श्व जना श्वत्याजन माञ्डाषाद्य प्रविश्वति विकास वाहन कहा ।

ত। আরো প্রয়োজন বাংলাসাহিত্যকে সর্বাংগীণর্পে শিক্ষার আধার করে। তোলা।

এর বছন দ্যেক পরে 'শিক্ষা ও সংস্কৃতি' প্রবন্ধে । বিচিন্ন ১৩৪২ প্রাবণ, ১৯৩৫ )
শিক্ষার লক্ষ্য বা ওপেশ্যে কথা বলেছেন। প্রবংশতি আসলে ধীরেল্রন্থেইন সেনকে
লিখিত একটি পত্র (১৫ জালাই, ১৯৩৫)। কেন্দ্র করে শিক্ষার মধ্যে সংস্কৃতির আদর্শ প্রবেশ করতে পারে এইটে হল প্রস্থা। এই সাতে এসেছে শিক্ষার লক্ষ্যের কথা। শিক্ষা শাধা বেষয়িক সিন্ধির জন্য নয়, শিক্ষা অন্তরের ঐশ্বর্থ। শিক্ষার লক্ষ্য ইন্দ্রিয়মনের তৎপরতা ভবিনশিত্তি, মননশক্তিও কমশিত্তির বিকাশ। শিক্ষার

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

লক্ষ্য চরিত্রকে কমিন্ট ও বলিন্ট করে তোলা। শিক্ষার লক্ষ্য নিছক উপকরণবান হওয়া। নয়, সর্বপ্রকারে সামর্থ্যবান হওয়া। শিক্ষার লক্ষ্য আত্মশক্তির উদ্বোধন।

এর ছ-সাত মাস পরে ১৯৩৬ সালের ফেব্রুয়ারিতে কলকাতায় 'শিক্ষা সপ্তাহ' অনুষ্ঠিত হয়। 'শিক্ষা সপ্তাহ' ও 'নবশিক্ষা ফেলোশিপে'-র এই যৌথ সম্মেলনে রবীন্দ্রনাথ প্রথম দিনে 'শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান' এবং শেষ দিনে ৮ ফেব্রুয়ারি ১৯৩৬ - 'শিক্ষার স্বাংগীকরণ' প্রবন্ধ (বিশ্বভারতী ব্লেটিন ২০, ১৩৪২ মাঘ, ১৯৩৬) পাঠ করেন।

বহু-খ্যাত 'শিক্ষার ব্যাংগীকরণ' প্রবন্ধটিতে অনেক মূল্যবান কথা থাকলেও তার অধিকাংশই পর্বের্ব বলা হয়েছে—বিশেষ করে' 'বিশ্ববিদ্যালয়ের রূপ', 'শিক্ষার বিকিরণ' এবং 'শিক্ষা ও সংস্কৃতি' প্রবন্ধে। বস্তব্যের প্রধান তিনটি স্তুকে আর- একবার সমরণ করতে পারি।

এক, আমাদের বর্তমান শিক্ষাব্যবস্থায় দেশের জনসাধারণের সংগে শিক্ষিতের যোগ নেই, শিক্ষার একতলা ও নোতলার মধ্যে সি ছি নেই। এ হল ব্যাপক-ভূমিকা-ল্রুট শিক্ষাব্যবস্থা।

দুই, 'শিক্ষায় মাতৃভাষাই মাতৃদুশ্ব' (ব। ১১। ৭০৫ , আমরা সেই মাতৃদুশ্ব থেকে বণিত. অথচ শিক্ষায় সকল খাদ্য ঐ ভাষাব রসায়নে আমাদের আপন খাদ্য হয়।' (তদেব)

তিন, মাতৃভাষার রসায়নের অভাবে বিজ্ঞানশিক্ষা আমাদের অভবে প্রবেশ করে না। শর্ধা বিজ্ঞান কেন, কোনো শিক্ষাই আমাদের আপন হয় না। আমাদের সমস্ত শিক্ষাই আজ যাল্তিক, জৈব নয়।

'আশ্রমের শিক্ষা' প্রবশ্বে (১৩৪৩ আবাঢ়, ১৯৩৬) মূল প্রসংগ যদিও শাশ্তিনিকেতনের বা বিশ্বভাবতীর শিক্ষা-আদশ', তাহলেও কথাস্তে রবীনদ্রনাথের শিক্ষাতন্ত্রের অনেক গোড়ার কথাই এখানে এসে পড়েছে।

প্রবশ্বের শ্রেতে তর্গোবনের প্রসংগ তিনি বলৈছেন যে, প্রাচীন ভারতের ঐতিহাসিক তপোবন যে রকমই হোক না কেন, ভারতের সাহিতো তার যে ভাবমাতি সৈ হল বিলাসমোহমাক প্রাণবান আনন্দর্যয় কলাণ্যাতি ।

শিক্ষক বা গ্রের প্রসংগে বলেছেন, তাঁরা হলেন 'মানবচিত্তের মালী'। বলেছেন, আশুমের শিক্ষাদান খ্রিব দান। 'সেই খ্রি স্ক্রনশীল।' (র। ১১। ৭১১)

প্রকৃতির প্রসঞ্গে বলেছেন, "ছেলেরা বিশ্বপ্রকৃতির অত্যন্ত কাছের। …িবরাট প্রকৃতির নাড়ীতে নাড়ীতে প্রথম প্রাণের সের নিগড়েভাবে চণ্ডল। শিশ্বর প্রাণে সেই বের র্গতিসন্ধার করে।" (তদেব, ৭১২)

প্রাত্যহিক জীবনযাত্রার প্রসংগ্য বলেছেন ব্যাপক কর্মসহযোগিতার কথা। লক্ষ্য এই যে, প্রতিদিনের বহ্মুখী কর্মপর্যায়ের দ্বারা আশ্রমের সংগ্য যেন মিলে যায় ছাত্রদের নিত্যপ্রবাহিত কর্মধারা। ছাত্ররা যেন নিজের চার দিককে নিজের চেন্টায় স্থানর, সুশৃংখল ও স্বাস্থ্যকর করে তোলার দ্বারা একত বাসের সতর্ক দায়িন্দের অভ্যাস বাল্যকাল থেকেই বহন করতে পারে।

এই প্রবেশ্বে রবীশ্রনাথ খ্বে বেশি জোর দিয়েছেন ছাত্রদের আল্পন্কত্তির উপর। বলেছেন, এতে স্থি-উদান আপনি লাগে। বলেছেন, আল্কত্তির প্রধান লক্ষণ স্থিকত্তি।"

উপসংহারে বলেছেন, "আশ্রমের শিক্ষা পরিপর্ণভাবে বে'চে থাকবা কিক্ষা।"

্ ত্রেব, ৭৪৪)

অবশেষে আবার শিক্ষকের প্রসংগ এনে বলেছেন, যাঁরা অসহিন্তু, স্বভারনার্বল বলেই কঠোর, তাঁরা শিক্ষক হবার অন্প্যান্ত । বলেছেন, "রাণ্ট্রতক্রেই হোক আর শিক্ষাতক্রেই হোক, ফঠোর শাসননীতি শাসরিতারই অযোগ্যতার প্রনাণ ।"

( उरहर, १५४ )

এব আট মাস পরে রবীন্দ্রনাথ কলকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯১৭-এব সমাবর্তানে উদেবাধনী ভাষণ দেন (১৭ ফেব্রোবী, ৫ ফাল্স্ন ১৩৪৩)। এই প্রথম কলকতো বিশ্ববিদ্যালয়ের সমাবর্তান-ভাষণ বাংলায় তেওয়া হল। ভাষণটি ছাত্রসম্ভাষণ নামে প্রকাশিত হয় (প্রিণ্ডিকা, ১৬৪৩ ফাল্স্ন, ১৯৩৭)।

এই প্রবদেধও ভাষার প্রসংগ, দেনে শিক্ষিত আন অশিক্ষিতদের মধ্যে বিরাট ব্যবধানের প্রসংগ। বলেছেন, "দ্বেদেশী ভাষাব থেকে আমবা বাতিব আলো সংগ্রহ কবতে পারি মাত্র, কিন্তু আরপ্রকাশের জন্য হলোত-আলো বিকশির্ণ হয় আপন ভাষায়।"

প্রসংগক্তমে বলেছেন, আমানের বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ভাষার সংগানের আসন থাকবেই। এতে দোষ নেই। ইংরেজি ভাষা ইউরোপীর বিদ্যার প্রবেশপথ। "আজকের দিনে রাবেলে । জ্ঞান-বিজ্ঞান সমস্ত মানবলোকের জ্ঞান এছিল। করেছে, স্বাজাতোর অভিমানে একথা অস্থানিক করলে একলাগে। আর্থিক ও বাহিট্ক ক্ষেত্রে আজ্ঞারক্ষার প্রকে এই নিজান হেমন প্রয়োজন তেমনি মনকে ও বাহহারকে মান্তভামান্ত করনার দোন তারে প্রভাব মা্লানান।"

সেই সংগ্রেই তিনি আবো বলেছেন, 'রাণ্ট্রত বা ব্যক্তিগত বিষয়সংপদে নান্ধের পাথকি অনিবার্য, কিল্ড চিত্সংপদের বানসতে স্বলিশে স্বকি ৮. মান্য এক ।''

( তদেব )

উনবিংশ শতকের নবলেগে ৭ প্রসাপে বলেছেন, "…নবম্প এবতকি প্রতিভাবানের সাধনায় ভারতবংঘ সবপ্রিথমে বাংলাদেশেই য় রোপায় সংস্কৃতিব ফসল ভাষা কারেব প্রত্যাশা নিয়ে দেখা নিয়েছে, বিদেশ থেকে আনতি পণা-আকাবে নয়, ব্যুদ্ধের ভূমিতে উৎপন্ন শস্য-সংপদের মতো। মাটি যাকে গ্রহণ কবতে পারে দে ফসল বিদেশী হলেও আর বিদেশী থাকে না।"

আবার সেই সংগ্রেই উল্টো দিকের সত্যটাও, অর্থাৎ সাম্বাজ্যবাদী ইয়োবোপের ধনতান্ত্রিক লোভের সত্যটাও স্পণ্ট করে মেলে ধরেছেন। বলেছেন, " রুরোপীয় শিক্ষা ও সভ্যতার মহন্ত্র সম্বশ্ধে স্বতীর প্রতিবাদ জানাবার দিন আজ এসেছে। হিংস্ত্রতা, ল্বাণ্টক কুটনীতির কুটিলতা পাশ্চাত্য মহাদেশ থেকে যেরকম প্রচণ্ড মর্তি ধরে মানুষের স্বাধিকারকে নির্মাভাবে দলন করতে উদ্যত হয়েছে ইতিহাসে

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

এমন আর কোনো দিন হয় নি । · · · উনিশ শতকের আরশ্ভ ও মাঝামাঝি কালে যখন রাবরাপীয় সভ্যতার সংগ্ আমাদের প্রথম পরিচয় হয়েছিল তখন ভক্তির সংগ্, আমাদের মনে প্রথম ধারণা জন্মছিল যে, এই সভ্যতা সর্বমানবের প্রতি অকৃতিম শ্রুখা নিয়ে জগতে আবিভূতি . নিশ্চিত শ্রির করেছিলাম যে, সত্যানিষ্ঠা ন্যায়পরতা ও মানুষের স মন্থে স্থাভী লোগোন্দির এর চরিত্রগত লক্ষণ · · ৷ দেখতে দেখতে আমাদের জীবিত কালের মধ্যেই তার ন্যায়বর্শিধ তার মানুষ্ঠাতী এমনি ক্ষান্ন হল যে বলদিপতির শোষণ্যক্তি পাঁড়িত মানুষ এই সভ্যতার বিচারশালায় ধর্মের দোহাই দেবে এমন ভরসা আজ কোথাও রইল না ।'' (তদেব, ৭১৯-২০)

তৃতীয় পরের এইটেই প্রায় শেষ প্রান্ত। 'ছাত্রসম্ভাষণ' মৃত্যুর চার বছর আগের রচনা। এর পরে আর বিশেষ উল্লেখযোগ্য এমন রচনা নেই যাতে নতুন কথার সাক্ষাৎ পাওয়া যাবে।

আগেই বলা হয়েছে, নানা কাবণে এই পরে ইংরেজি প্রবন্ধ ও ভাষণের কিছ্ সংখ্যাধিক্য ঘটেছে। তার ফলে বাংলা রচনায় কিছ্ যে ভাঁটা দেখা দিয়েছে এমন নয়। ইংরেজি রচনার প্রয়োলন এবং গাল্লে অবশাস্বীকার্য, কিছু এদের সবগালিকে খাব মোলিক রচনা বলা যায় না। অধিকাংশের মধ্যেই গালেগানী বাংলা রচনার ছায়াপাত ঘটেছে। অপেকাকৃত মোলিক চারাট রচনা থেকে - তিনটি প্রবন্ধ ও একটি চিঠি— এই সংকলনে গ্রহণ করা হয়েছে।

এই পর্বের শেষে 'আশ্রমের রূপ ও বিকাশ' প্রনিতকাটি প্রকাশিত হয় ১৯৪১ সনে। এটি কয়েকটি প্রেলিখিত প্রবর্গের সমাহার। এর কথাগ্রিল নড়ন নয়, তবে নতুন-ভাবে বলা। বিশেষ করে প্রকৃতির সংখ্যে সংযোগের কথাটা।

'বিশ্বভারতী' (১৯৫১ বইয়ের এচনাগর্মিও অনেকটা এই রকম, নানা সময়ে রচিত। আলোচনার মূল কক্ষ্য বিশ্বভারতী। নিক্ষাতত্ত্ব এসেছে প্রসংগক্ষম। মূল স্ক্রেগ্নিল স্বই প্রের্বি এবন্ধসমূহে মোটাম্টি আলোচিত। এর শেষ প্রবন্ধটি মৃত্যুর এক বছর আগে ৮ এবেণ ১৩৪৭ সনে রচিত হয়।

### । ভত্তগত পরিচয় ঃ রবাজ্ঞনাথের শিক্ষাভত্তের রূপটেখা

- क। भूहना
- থ। শিক্ষার লক্ষ্য, উদেদশ্য বা আদর্শ
  - অ। শিক্ষার উচ্চতর **লক্ষ**া
    - ১) শিক্ষা ও মন্যোজের বিকাশ
    - (২) শিক্ষা ও স্জনশীলতা
    - (৩) শিক্ষা ও স্বাধীনতা
  - আ। শিক্ষার নিয়তর বা ব্যবহারিক লক্ষা:---
    - (১) শিক্ষাও জীবিকা
    - (২) ব্তিমুখী শিক্ষা
    - (৩) টেক্নলজি শিক্ষা

- গ। শিক্ষাও জীবন
- ঘ। শিক্ষাও প্রকৃতি
- ঙ। জাতীয় শিক্ষা ও সবজিনীন শিক্ষা—শিক্ষায় বিরোধ ও মিলন
- ৮ শিক্ষার বাহন—শিক্ষায় মাতৃভাষা, শিক্ষার স্বাণ্গীকরণ
- ছ। শিক্ষার বিকিরণ, শিক্ষাবিস্তার জনশিক্ষা
- জ। দ্বীশিকা
- ঝ। শিক্ষাও শিক্ষায়তন
  - অ। শিক্ষাথী
  - আ। শিক্ষণীয় বিষয়—পাঠক্রম বিজ্ঞানশিক্ষা চারনুশিক্স, ধর্মশিক্ষা নৈতিক আদর্শ, গঠনমন্ত্রক আদর্শ ইত্যাদি
  - ই। শিক্ষক বা গানা
  - ঈ। শিক্ষাপ্রণালী: অন্শীলন, শৃংখলা, স্বাধীনতা
  - উ। বিদ্যালয়, পরিবেশ, প্রকৃতি
  - উ। বিশ্ববিদ্যালয়, বিশ্বভারতী, শ্রীনিকেতন

### क. ऋ्टना

আগের অংশে আমরা রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তাকে কালান্দ্রমে দেখতে চেন্টা করেছি। বর্তামান অংশে আমাদের লক্ষ্য রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার তত্ত্বম্লক দিক।

রবীন্দ্রনাথের শিক্ষাতত্ত্বের মূল প্রত্যয় সমূহ একে অপরের সংগ্য সংগত হয়ে যে সামগ্রিকতা রচনা করেছে যাকে আমরা বলতে পারি রবীন্দ্রনাথের শিক্ষাদর্শন, তার উৎস রবীন্দ্রনাথের জীবনভাবনায়, রবীন্দ্রনাথের মানবপ্রতায়ে। অথবা ইচ্ছা করলে এমন বলতে পারি যে, তার উৎস রবীন্দ্রনাথের মানবপ্রতায়ে। অথবা ইচ্ছা করলে এমন বলতে পারি যে, তার উৎস রবীন্দ্রনাথের ভূল হয় না যে, তার উৎস রবীন্দ্রনাথের ত্বভাবে, রবীন্দ্রনাথের উপলম্বিতে।

র্বীন্দ্রনাথের শিক্ষাতত্ত্বের প্রধান বা গ্রেপুণ্ণ প্রত্যয়সমূহকে কেন্দ্র করে যে সব বিভিন্ন ভাবনাভূমি গড়ে উঠেছে, বাদের বলতে পারি শিক্ষাতত্ত্বের এক-একটি দিক, এক-একটি 'বিষয়', তাদের কয়েকটি নিঃসন্দেহে সাধারণ-ধমী অর্থাৎ দর্শনিজাতীয়। সেই গ্রেলাই মৌল বা ভিক্তিথানীয় প্রত্যয়। বাকিগ্রেল তত্ত্বে ও ব্যবহারিকে মিশ্রিত। তত্ত্বালোচনায় তাদের বাদ দেওয়া যায় না। কেননা শিক্ষা ব্যাপারটাই তত্ত্বে ও ব্যবহারিকে জড়ানো।

এই 'বিষয়'-গ্রালির সংক্ষিপ্ত পরিচয় দেওয়া, সমগ্রের সংগ্যে তাদের সম্পর্ক নির্দেশ করা এবং কোন্ কোন্ রিষয়ের সংগ্য রবীন্দ্রনাথের কোন্ কোন্ প্রধান রচনা বিশেষ-ভাবে সম্পর্কিত তার একটি নির্দেশিকা দেওয়া, এইটেই আমাদের বর্তমান আলোচনার প্রধান লক্ষ্য।

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

# थ. भिकात लका, छेटममा वा आमर्भ

#### অ শিক্ষার উচ্চতর লক্ষ্য:--

- (১) শিক্ষা ও মন্যাত্বের বিকাশ
- (২) শিক্ষা ও স্জনশীলতা
- (৩) শিক্ষা ও স্বাধীনতা

### আ. শিক্ষার নিন্দতর বা ব্যবহারিক লক্ষ্য:--

- (১) শিক্ষা ও জীবিকা
- (२) वृज्ञियुथी भिका
- (৩) টেক্নলজি শিক্ষা

শিক্ষা যদিও আসলে অথ°ড ও অবিভাজ্য, তাহলেও কার্যক্ষেত্রে শিক্ষার লক্ষ্যকে আমরা দ্বভাগে ভাগ করে নিতে পারি। রবীন্দ্রনাথের অন্সরণে বলতে পারি শিক্ষার চরম উদ্দেশ্য—উচ্চতর আদর্শ: মন্যাজলাভ, মন্যাজের বিকাশ। দিতীয় হল নিমুতর লক্ষ্য: জৈব অম্তিজকে রক্ষা করার জন্য শিক্ষা, জীবিকার জন্য শিক্ষা। একটি ভাষণে এই কথাটা রবীন্দ্রনাথ খব স্পণ্ট করে বলেছেন।—

" সকল বড়ো দেশেই বিদ্যাশিক্ষাব নিম্নতর লক্ষ্য ব্যবহারিক হুয়োগ-লাভ, উচ্চতর লক্ষ্য মানবজীবনের পূর্ণতা-সাধন।" (বিশ্বভারতী, র । ১১ । ৭৫০ )

জৈব-প্রয়োজনকৈ বাদ দেওয়া যায় না, কিন্তু মান্ধের লক্ষ্য দৈবতা নয়, ভাবতাকে অতিক্রম করে এগিয়ে যাওয়া, যার নাম মন্যাত্ত্বসাধন। সেইটেই মান্ধের জীবনের লক্ষ্য। শিক্ষারও মুখ্য লক্ষ্য তাই। রবীন্দ্রনাথের কথাতেই বলি—

" পাশ্চান্তা দেশে মান্ধের জীবনের একটা লক্ষ্য আছে; সেখানকার শিক্ষা দীক্ষা সেই লক্ষ্যের দিকে মান্ধকে নানা রকম বল দিছে ও পথ নিদেশি করছে। তারই সশেগ সংগে এই শিক্ষাদীক্ষায় অন্য দশ রকম প্রয়োজনও সিন্ধ হয়ে যাছে। কিন্তু বর্তমানে আমাদের দেশে জীবনের বড়ো লক্ষ্য আমাদের কাছে জাগ্রত হয়ে ওঠে নি, কেবলমাগ্র জীবিকার লক্ষ্যই বড়ো হয়ে উঠল।

"জীবিকার লক্ষ্য শাধ্য অভাবকে নিয়ে, প্রয়োজনকে নিয়ে; কিন্তু সৌবনের লক্ষ্য পরিপর্ণতাকে—সকল প্রয়োজনের উপরে সে।" (বিশ্বভারতী, র। ১১। ৭৪৯)

শিক্ষার লক্ষ্য আর মানবজীবনের লক্ষ্য একই। সেই জন্য, প্রথমেই ব্ঝে নেওয়া দরকার, মান্য কী, সে কী করতে চায়, কী হতে চায়, কোথায় তার জীবনের সার্থকতা। প্রত্যেক মহৎ শিক্ষাবিদেরই শিক্ষাতন্তন তার মানবতন্তন থেকে নিঃস্ত। রবীন্দ্রনাথেরও তাই। রবীন্দ্রনাথের অভিজ্ঞতা এবং শ্বাভাবিক প্রবণতা তাকে প্র্ণিট দিয়েছে, বিশিষ্টতা দিয়েছে প্র্ণাণ্য করে তলেছে।

সকলেই জানেন রবীন্দ্রনাথের গানবতত্ত্বের একদিকে আছে ঔপনিবদিক আদর্শ—
"— ভানে অবৈততত্ত্বে, ভাবে বিশ্বমৈত্রী এবং কর্মে যোগসাধনা" (তপোবন, শিক্ষা,
র । ১১ । ৬০৫ ) । অন্যদিকে আছে পাশ্যাত্য রেনেসাসের মানবতন্ত্রী আদর্শ—ব্যক্তি
ম্বিক্ত য্বিক্ত বিশ্বমির সীমাহীন বিকাশ, সর্বপ্রকারের বন্ধন থেকে মানুষের

মর্কি, নাকু মনের বাধাহীন প্রকাশ এবং মান্বের যাক্তি-বাদ্ধি-বিচারশীলতায় সীমাহীন আম্থা, আপোষহীন বাক্তিবাদ। আরো অনেক ধারার মিশ্রণ এর মধ্যে আছে। কিম্তু এই নাল দাই ধারার তুলনায় আর সবই গৌণ।

রবীন্দ্রনাথ নানা উপলক্ষে একাধিক প্রবন্ধে বলেছেন, শিক্ষার লক্ষ্য হল মন্যাজ্বাভন জীবনকৈ সব দিক থেকে উদ্বোধিত করা, প্রাণকে সম্পূর্ণ জাগানো, আপনাকে বিকশিত করা, পরিপ্রণ হওয়া। শন্ধ্র মান্যামের নয়, এটা সব-কিছ্বরই—বিশ্ব জগতেরই গোড়াকাব সত্য। রবীন্দ্রনাথের ভাষণ থেকে উন্ধার করে বলিন

"প্রত্যেক নাহাতেই আমাদের নধ্যে একটি প্রেরণা আছে নিজেকে বিকশিত করবার। বিকাশই হচ্ছে বিশ্বঃগতের গোড়াকাব কথা।"

( বিশ্বভারতী, র । ১১ । ৭৬৭ )

—মান্যের সত্যও এইখানেই, নিজেকে বিকাশ করাতেই মান্যের মন্যায়। এইটেই শিক্ষা: লক্ষ্য। "পরিপর্ণ মান্য হবার অপ্রিমিত আকাৎক্ষাকে জাগিয়ে রাথবার সন্ই শিক্ষা।"

( আকাৎক্ষা, শাণিতানকেতন পত্তিকা, পৌষ ১০২৬, পান ৭—১০)।
মান্যের অনেক বৃদ্ধি, অনেক শান্ত সীমাহীন উদ্যম, অন্তহীন সংভাবনা। কেউ
জানে না কোথায় মান্যেব সীমানা, কোথায় মান্যেব শেষ। মান্য রেডি-মেড
বস্তু নয়। মান্যকে প্রতি মাহাতেরি সংগ্রাম ও সাধনার মধ্যে দিয়ে প্রতি মাহাতেরি
হয়ে-হয়ে উঠতে হয় বিবামহীনভাবে। এই হয়ে-ওঠাতেই তার বিকাশ দেহে এবং মনে
—বৃদ্ধিতে ক্রয়ে কমাণিজতে, জ্ঞানে ভাবে ও কমো। এই ছেনহীন হয়ে-ওঠার
সাধনাই শিক্ষা। শিক্ষা অর্থ শাস্ত্র জ্ঞানের সাধনা নয়; জ্ঞানের সাধনা, অন্তুতির
বা সৌশ্যেবিধি বা শিক্সবৃত্তির সাধনা—এবং ক্রমাণিজ বা ইচ্ছার্শ জর সাধনা। একেই
বলা হয়েছে প্রিপ্র্ণিতার সাধনা—'Education for Fulness'.

বাজ্মচনদ্র তার ধ্যতিত্ত প্রশেষ ( প্রথম ভাগ। অনুশীলন – ১৮৮৮ ) ঠিক একই ভাবে মন্যাজ-সাধনার কথা বলেভেন। তাঁর মতে এই হল মাা ধের দবধর্মা-সাধন। সেই সন্মাই একে তিনি বলেছেন ধর্মা। এই দবধর্মা-সাধনের অতন্ত্র প্রয়াসকেই বাজ্মচনদ্র বলেছেন অন্শীলন। একে শিক্ষা বললেও ভুল হয় না। অথাং, তালিয়ে দেখলে, বাজঃমচন্দ্রের ধর্মাত ভুই বাজ্মচন্দ্রের শিক্ষাত ভ্রা

বাৎক্ষসংশ্রের অন্শীলনতত্ত্বন বা আমরা যাকে বলতে পারি, শিক্ষাতত্ত্বন, তা হল মানুষের ব্রিভানিটেয়ের বিকাশের তত্ত্ব। বিজ্ঞানস্ত বলেছেন, শারীরিক এবং মানসিক মিলিয়ে মানুষের চার রকম ব্রিভ - "১) শারীরিকী, '২ জ্ঞানাজনি, (৩) কার্য-কারিণী, (৪) চিত্তরজিণী। এই চতুবিধি ব্রতিগ্রালির উপযুক্ত সফ্তি, পরিণতি ও সামজস্যই মনুষ্যত্ব।" (বিজ্ঞার রচনাবলী, সাহিত্য সংসদ, ২য় খণ্ড, প্রতি ৫৬ )।

এ প্রয়ণত বিষ্ক্রমচন্দ্রের অনুশীলনতক্ত্রে এবং রবীন্দ্রনাথের শিক্ষাতত্ত্বে কোনো মোলিক তফাৎ নেই। বিষ্ক্রমচন্দ্রের মতো রবীন্দ্রনাথও অনায়াসে বলতে পারেন যে, মানুষের বৃত্তিনিচয়ের সামঞ্জস্যপূর্ণ বিকাশেই মানুষের মনুষ্যত্ব-লাভ—মানবজীবনের চরম সাথকিতা। কিম্তু সামঞ্জস্য-সাধনের পথ হিসেবে বিষ্ক্রমচন্দ্র যা বলেছেন, সেইখানে

### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

বিষ্ক্রমচন্দ্রের অন্নশীলনতন্তেরে সংগ্র রবীন্দ্রনাথের শিক্ষাতন্তেরে কোনো যোগ নেই।
এটা স্বাভাবিক। সামঞ্জস্যের প্রসংগে বিষ্ক্রমচন্দ্র যা বলেছেন খাটি রেনেসাসী মানবতন্ত্রী তা কখনোই মেনে নিতে পারেন না।

বৃত্তিনিচয়ের,—শারীরিক বৃত্তিসম্হ জানা অক বৃত্তিসম্হ কর্ম-প্রযোজক বৃত্তিসম্হ এবং নান্দনিক বৃত্তিসম্হ, চার গোটের সমহত বৃত্তির বিকাশ, শার্ধ বিকাশ নয়, বিকাশ এবং সামঞ্জস্য, এইটেই বিকাসন্দের অন্শালনতত্ত্ব বা শিক্ষাতত্ত্বের ম্লেকথা। সামঞ্জস্য না ঘটলে ব্যান্তত্ত্বে ঐক্য কেমন করে থাকবে, বিকাশের মৌল তাৎপর্য কোথায় খাঁলে পাওয়া যাবে ? কিন্তু এমন কি কোনো শান্ধ আছে যা সমহত বৃত্তিকে নিয়ন্তিত করতে পারে. তাদের মধ্যে ঐক্য ও সমগ্রতা এনে দিতে পারে তাদের মধ্যে উচ্চতর তাৎপর্যের সঞ্চার করতে পারে, এক-কথায় তাদের সামঞ্জস্য-সাধন করতে পারে? আছে, বিক্চেন্দ্রের মতে এই সামঞ্জস্য-বিধায়নী শান্ধ হল ভক্তি।

বিংকমদন্দ্র অন্শীলনের পরিণামে ব্যক্তিনিচরের ঈংবরম্থিতাকেই বলেছেন ভব্তি। স্বব্ভূতে প্রতি এর প্রধান অংশ। বিংকমচন্দ্রের কথায় বলি —

"সব′ভূতে প্রাতি ব্যতীত ঈশ্বরে ভক্তি নাই. মন্ব্যুত্ব নাই, ধর্ম নাই ।"

( তদেব, প্র ৬৭১ )

বৃত্তির বিকাশেই যে মন্যান্ধ, এই পথেই যে মান্যের প্রেয়ার্থা, এই অভিমতে বিশ্বমচন্দ্র এবং রবীন্দ্রনাথ দ্বালনেই নোটাম্টি তৎকালীন য্গধ্যের সম্ভ চিন্তাধারার সহগামী। বিশ্বমচন্দ্রের মৌলিকতা তাঁর সামপ্তস্যের তত্তের ভক্তির ভূমিকাতে, বৃত্তিনিচয়ের ঈশ্বরম্থিতার তত্তের। এইখানে এসে বিশ্বমচন্দ্রের শিক্ষাতত্ত্বর বা অনুশীলনতত্ত্ব প্রচলিত অর্থে ধর্মতিত্ত্বের বাপে নিয়েছে। এইখানেই রবী দ্রনাথে বিশ্বমচন্দ্রে প্রধান অমিল। বিশ্বমচন্দ্রের মানবতত্ত্বের পাশ্চাতা ইভডিমানস্ট্রের প্রভাব স্কুম্পটে। কিন্তু তাঁর ভাবপ্রিন ভলটি পৌরাণিক হিন্দ্র্বরের, বিশেষ করে গীতার। ভক্তি-তত্ত্বে অনা সমূহত প্রভাবকে ছাড়িয়ে বিশ্বমচন্দ্র তাঁর শ্বকীরতাকে স্প্রতিশিষ্ঠত করেছেন।

আগেই বলেছি, রবীন্দ্রনাথের মানবতান্ত্র কিছ্টা উপনিধনিক এবং অনেকটাই রেনেসাসী। কিন্তু সবকে নিয়েই এবং সব ছাপিয়েও তা বিশেষভাবে বাবীন্দ্রিক।

রেনেসাঁসী বলেই রবীন্দ্রনাথের শিক্ষাতত্ত্ব, ধর্মনিরপেক্ষ সেকুলার শিক্ষাতত্ত্ব, চড়োশতভাবে মানবম্খী শিক্ষাতত্ত্ব। সেখানে ভত্তির কোনো বাড়তি পথান নেই, কোনো বিশিষ্ট গ্রেম্ব নেই। রেনেসাঁসী বলেই রবীন্দ্রনাথের শিক্ষাতত্ত্ব স্ববিধ অথরিটেরিয়ান বা গ্রেম্বাদী শিক্ষানীতির বিবোধী তা প্রাধীন সন্ধানের শিক্ষাতত্ত্ব।

রবীন্দ্রনাথের শিক্ষাতত্ত্বের আসল মোলিকতা তাঁর মানবতত্ত্বের মধ্যেই নিহিত। সেই মোলিকতা হল এই অভিমতে যে মানুষের স্বধর্ম হল তার স্কোনশীলতায় এবং তার মুক্তিত — স্বাধীনতায়, আত্মকর্তৃত্বে। রবীন্দ্রনাথের মানবতত্ত্বে স্কিট এবং মুক্তি খুবে পূথক নয়। মুক্তি ছাড়া সুক্তন অসাধ্যা সুক্তন ছাড়া মুক্তি বংধ্যা।

পশ্র জৈবধর্মের অধীন, জৈবতাতেই তার অম্তিছের সীমানা। মান্যও কিছ্ব পরিমাণে জৈবধর্মের অধীন। সেইটুকুতে মান্যের জীবছ। কিম্তু সেইটেই মান্যের

অণিতত্বের সীমানা নয়। প্রতি পদক্ষেপে সে আপন জৈবধর্মকে অতিক্রম করে। করে বলেই সে মান্ব। মান্ব 'শ্ব্ব মাত্র প্রাণ' নয় তাই 'আহারনিদ্রার শেষ ঋণ' শোধ করাতেই তার পরিসমাপ্তি নয়। ঠিক যতোটুকু পরিমাণে সে আপন জৈবধর্মকে অতিক্রম করে, ততোটুকুতেই সে স্বাধীন, ততোটুকুতেই তার মানবত্ব। জৈব-জগতে নয়, তার মানবত্বের জগতেই তার আত্ম-কর্তৃত্ব। সেইখানেই সে দ্রুটা।

এই স্কাণ্টিধমে, এই ম্বিজতে মান্যে পশ্তে পার্থকা। পশ্ব প্রণী নয়। তার কোনো ম্বিজর জগৎ নেই। আহার নিদার ঋণ শোধ করতে-করতেই তার দিন শেষ হয়ে যায় (কণ্কাল, প্রবী, র। ২।৭১০-১১)। নান্যের মতো পশ্ব বলতে পারে না—

"মা্ক আমি প্ৰকৃত আমি, প্ৰতন্ত্ৰ আমি,, নিত্যকালের আলো আমি সুণ্টি-উৎসের আনন্দধারা আমি"

(২২ সংখ্যক কবিতা, শেষ সপ্তক, র।৩।১৮০)।

মানাষের ক্ষান্তা পরিসয় তার জৈবতায় নর, তার আত্মকর্তার গরাধীনতার, স্কানশীলতার। াবি চিত্রকর গায়ক ভাষ্কর না-ও যদি হয়, তার স্ব মানাষ্ট শিল্পী। কেননা প্রত্যেক মানা্ষ্ট জীবনশিল্পী। মানা্ষ নিলেকে স্থিত করে, নিজের পরিবেশকে স্থিত করে—নানা্ষ সমাজ স্থিত করে, সংস্কৃতি স্থিত করে, সভ্যতা স্থিত করে। প্রত্যেক মানা্ষ্ট স্থতা, সব মানা্ষ, প্রতিটি মানা্ষ। স্রুণ্ট্রই মানা্ষের স্বধ্মা। স্বধ্মান্তার আগ্রের নান্যের নান্যের লান্যাজ্লাভ। আগ্রের শিক্ষা প্রবর্গের রবীন্দ্রনাথ বলেছেন। শিক্ষা, র । ১১ । ৭১৩ :—

আত্মকতৃত্বের প্রধান লক্ষণ স্থিতক্ত্রি। সেই মান্ষ্ই যথার্থ প্ররাট, আপনার রাজ্য যে আপনি স্থিতি করে।"

এইখানেই মান যেব মনে কক্ষ্য, মানবজীবনের স্বাথকিতা। আত্মকত্তি এবং স্থানিকত্তি বিকাশের নামে সাধনা, তারই নাম মনুষ্যত্তের সাধনা, তারই নাম শিক্ষা।

যদিও রবীন্দ্রনাথ শিক্ষায় নান্বের ব্যক্তিগত সন্ধাছ-সাধনের ওপরেই বেশি জোর দিয়েছেন, তাহলেও ননে রাথতে হবে যে, শিক্ষায় সমালগত লক্ষাও এই ব্যক্তিগত মন্ষ্যুত্ব সাধনের মন্তেই নিহিত আছে। ব্যক্তিয়াথ জানেন মান্যুষ সমাজবংধ জীব। তিনি বার বার বলেছেন, এক্লা-মান্যু সতা নয়, সমাজজীবনের মধ্যেই মান্যুষ্যথার্থ লান্যুষ, সমাজজীবনের মধ্যেই মান্যুষ্যথার্থ লান্যুষ, সমাজজীবনের মধ্যেই মান্যুষ্য সাধন সতা ও সার্থক হয়। মান্বের ব্যক্তিগত সাধনা এবং সনাজগত সাধনা এখানে অভিন্ন মান্ত্রের আত্মকল্যাণ এবং মানবকল্যাণ অভিন্ন। শিক্ষার লক্ষ্য ব্যক্তিতে ও সমাজে ভিন্ন ভিন্ন নয়, শিক্ষার লক্ষ্য একই সংগ্র মান্ত্রের আত্মিবনাশ এবং বৃহত্তর ক্ষেত্রে মানবিক্ষাশ।

### আ. শিক্ষার নিম্নতর বা ব্যবহারিক লক্ষা---

রবীন্দ্রনাথ মান্বের জৈব-প্রয়োজনকে অস্বীকার করেন নি, মান্বের বাঁচার সংগ্রামকে অগ্রাহ্য করেন নি। তিনি জানেন, মান্য এক স্তুগ্স প্রয়োজনের জগতের—

### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

জৈববিশ্বের এবং প্রয়োজন-ছাড়ানো জগতের--মানবিক-বিশ্বের অধিবাসী। সেই জনাই তিনি শিক্ষার লক্ষ্যকে উচ্চতর এবং নিয়ুতর এই দুইে ভাগে ভাগ করেছেন।

শিক্ষার নিশ্নতর বা ব্যবহারিক লক্ষা হল বেঁচে-থাকার সামর্থ্য অর্জন করা, সোজা কথায় জীবিকা অর্জনের সামথ্য লাভ করা। একে রবীন্দ্রনাথ বলেছেন, 'ব্যবহারিক স্থযোগলাভ'। ব্রতিশিক্ষা, কারিগরী শিক্ষা সবই এই লক্ষ্যকে সামনে রেখে শিক্ষা।

রবীন্দ্রনাথের শিক্ষাতত্ত্ব প্রাধানা উচ্চত্তর লক্ষার। কিন্তু, আগেই বলেছি, নিম্নতরকে তিনি অস্বীকার করেন নি। রবীন্দ্রনাথ সমগ্রতার সাধক—মানুষের কোনো দিককেই সম্পূর্ণ অস্বীকার করা তাঁর পক্ষে স্বাভাবিক নয়। সেই সমগ্রতার দিক থেকে ভেবে দেখলে বলা যায়, উচ্চত্রর ও নিম্নতর দ্টির মধ্যে কোনো বিরোধ নেই, তাদের সম্পূর্ণ পৃথক করাও স্বাভাবিক নয়। দ্টিকে আলাদা কামরায় স্থাপন করা যুক্তি-যুক্ত নয়। তার কারণ চ্ভান্ত সেবতার মধ্যেও মানুষেব মানবধর্ম সম্পূর্ণ অবলুপ্ত হয় না—মানুষ আসলে একটা অথাত সাল। 'শিক্ষাও সংস্কৃতি' প্রবংশ শিক্ষা, র। ১১। ৬৯৭ ববীন্দ্রনাথ নিভেই বলেছেন যে, শিক্ষাক্তমের মধ্যে বাব্যাবিক বা বৈষয়িক শিক্ষাকে স্থান দিতে হবে। " তারই এঃ সীমানায় বেয়য়িক শিক্ষাকে স্থান দেওৱা চাই, কেননা মানাধের সত্য বাবহাতিত পাব্যাথিককৈ মিলিয়ে।"

উচ্চতর আনশকে রবন্দ্রনাথ বলেছেন মুখা প্রয়োজন আর নিম্নতং আদশকে তিনি বলেছেন গৌণ প্রয়োজন। বলেছেন এ নাইকে মিলিয়ে নিয়েই মান্ধের সকা। জগদানদর রায়কে রবন্দ্রনাথ ইংলাভ থেকে যে চিঠি লিখেছেন (১৯১৩) তাতে তিনি পথাই করে বলেছেন থে, মান্ধের প্রকৃতিরে আলানা-আলান করে ভাগ করা যায় না। বলেছেন, "তার মুখা প্রয়োজনের সংগেই তার গৌণ প্রযোজনকৈ মিলিয়ে দেখতে হবে—বিভিন্ন করতে গেলেই মান্ধের মুমো আঘাত দেওয়া হবে।" (বিশ্বভারতী পতি।, মাঘ-টেত ১৩৭৬)

এ সন্দেও দেখতে পাই, রবীন্দ্রনাথ মাঝে-মধ্যেই ব্যবহানিক শিক্ষার প্রতি তাঁর কটাক্ষপাত করেছেন। এটা ঘটেছে এই কারণে যে, আমানের উপনিবেশিক শিক্ষা-ব্যবহথায় সমহত শিক্ষাই জীবিকার জন্য শিক্ষা, উচ্চতর আদর্শের সেখানে কোনো হথান নেই। এরই প্রতিক্রিয়াতে রবীন্দ্রনাথ হয়তো উচ্চতর আদর্শের উপর একট্ অতিরক্ত জার দিয়ে নিমুত্র আদর্শের প্রতিক্রিছ্ন বাড়তি অবজ্ঞা দেখিয়ে থাকবেন। এটা যে শৃধ্য শ্বাভাবিক তা-ই নয়, আমাদের হুংবন্ধি শিক্ষাচিন্তার ক্ষেত্রে এটা একটা অতান্ত গ্রেছ্পর্শে আত্মসমালোচনা এবং অত্যান্ত মলোবান দিক্-নির্দেশ।

আমাদের এই ঔপনিবেশিক শিক্ষার প্রসংগ্রেই রবীন্দ্রনাথ 'শিক্ষা ও সংস্কৃতি' প্রবশ্ধে ( শিক্ষা, র ১১ ৬৯৮ ) বলেছেন, "চিত্তের ঐশ্বয়'কে অবজ্ঞা করে আমরা জীবনযাত্রার সিম্ধিলাভকেই একমাত্র প্রাধান্য দিয়েছি।" আরো বলেছেন, "কৃতিত্বশিক্ষা অত্যা শাক হলেও এই-যে যথেণ্ট নয় সে কথা মানতে হবে।"

আমাদের দেশের প্রচলিত আদশ'হীন শিক্ষাবিধির—একপেশে কেরানি-তেরির শিক্ষাবিধির প্রতি প্রবল বিরপেতার কারণেই রবীন্দ্রনাথের বিপরীত দিকে একটু আঁতরিক্ত ঝোঁক পড়ে গিয়েছে। নতুবা, জীবিকামুখী শিক্ষাকে, ব্যক্তিমুখী শিক্ষাকে, ব্যবহারিক

সামর্থ্য-অর্জনের শিক্ষাকে তিনি কখনোই সম্পূর্ণ বাদ দেবার কথা বলেন নি। তিনি শ্নাক্লির দারিদ্রের সমর্থক নন। তিনি বলেছেন (তদেব, ৬৯৭), "সামর্থ্যহীন দারিদ্রেই ভারতবর্ষের মাথা হে'ট হয়ে গেছে ।।"

বাবহারিক সামর্থা অর্জনিকে যে রবীন্দ্রনাথ বাদ দেন নি তার প্রত্যক্ষ প্রমাণ তার গ্রীনিকেতনের শিক্ষাসত বিদ্যালয়। আরো বড়ো প্রমাণ গ্রীনিকেতনকে কেন্দ্র করে তাঁর পল্লীসংগঠন প্রয়াস। এর সবটাই ব্যবহারিক সামর্থ্য-অর্জনের অভিযান এবং স্বটাই তাঁর শিক্ষা-প্রয়াসের সংখ্য অচ্ছেদ্যভাবে যান্ত। এই সূত্রেই তিনি বৈজ্ঞানিকভাবে কৃষিশিক্ষাব উপর জোর দিয়েছেন; কাঠের কাজ, চামড়ার কাজ, ব্রনশিলপ প্রভৃতি কার শিল্পশিক্ষার উপর জোব দিয়েছেন। কী কৃষি, কী কার্যশিল্প, সমুষ্ঠ ক্ষেত্রে রবীন্দ্রনাথ যদেরর প্রয়োগে উৎসাহী। বিজ্ঞানের বিশান্থ জ্ঞান-সাধনাকেও যেনন ডেয়েছেন, বিজ্ঞানের প্রয়োগগত দিবকে—টেক্নলজিকেও তিনি তেমনি চেয়েছেন। তিনি গ্রামে বিজ্ঞান আনতে চেয়েছেন : কৃষিতে বিজ্ঞানের সাহায্য নিতে চেয়েছেন : সীনিত ক্ষেত্রে গ্রামীণ শিল্পায়নে তিনি আগ্রহী। তিনি বলেছেন (পল্লীপ্রকৃতি, 'পল্লীপ্রকৃতি' গ্রন্থ, র/২০/৫২৫ ), "বিজ্ঞান মানুষকে মহাশক্তি দিয়েছে।…মানুষের শক্তিব এই নাতনতম বিকাশকে গ্রামে গ্রামে আনা চাই।" এই প্রবশ্বেই তিনি আরো বলেছেন (তদেব, ৫১৪), "মান্যে যেমন একদিন লাঙলকে, চরকা তাঁতকে, তীর ধনকেকে, চক্রবান যানবাহনকে গ্রহণ করে ভাকে নিজের জীবনযান্তার অনুগত করেছিল, আধ<sup>-</sup>নিক ফ্রুকেও আমাদের সেই রক্ম করতে হবে। যুক্তে যারা পিছিয়ে আছে ফ্রু অগ্রবর্তীদের সংগ্রে তারা কোনোমতেই পেরে উঠবে না।"

একটা কথা এই প্রসংগে মনে রাখতে ববে। এই-যে যশ্বকে জীবনযাত্রার অন্যত করে নেওয়া, এই-যে টেক্নলভিকে প্রায়ে প্রাতি ঠিত করা, এটা শিক্ষাসাপেক্ষ। এ শিক্ষা ম্লত প্রয়োগভিত্তিক বাবহারিক শিক্ষা—যশ্ববিং হয়ে উঠবার শিক্ষা, অর্থাৎ এক অংথা ব্রিম্থী শিক্ষা। এতে রবীন্দ্রনাথের কিছ্মাত্র আপতি নেই। শুধ্র যে আপতি নেই তা নয়, প্রচুর আগ্রহ আছে। শুধ্র একটি শ্রতা। ওটা যেন একপেশে হয়ে না ওঠে, শিক্ষার উচ্চতর আদর্শ যেন চাপা পড়ে না যায়।

গ্রীলিকেতন প্রয়াসের প্রসংগ্য রবীন্দ্রনাথ ঠিক সেই কথাই বলেছেন। তিনি বলেছেন ( অভিভাষণ, পল্লীপ্রকৃতি, র / ১৩ / ৫৩৪ ). "আমানের কর্মব্যবশ্বায় আমরা শীবিকার সমস্যাকে উপেক্ষা করি নি, কিশ্ত সৌন্দর্যের পথে আনন্দের মহার্ঘাতাকেও দ্বীকার করেছি।"

এই স্বীকৃতি জীবনে যেমন শিক্ষাব্যবস্থাতেও তেমনি। পল্লীসংগঠনের প্রসংগে মুখ্য ও গৌণের সমন্বয়ের কথা তিনি যা বলেছেন তাই দিয়েই শিক্ষার লক্ষ্য বিষয়ের আলোচনা শেষ করি।—

"আমার ইচ্ছা ছিল স্থিটের এই আনন্দপ্রবাহে পল্লীর শৃংক চিত্ত্মিকে অভিষিষ্ট করতে সাহায্য করব, নানা দিকে তার আত্মপ্রকাশের নানা পথ খুলে যাবে। এই রুপস্থিট কেবল ধনলাভ করবার অভিপ্রায়ে নয়, আত্মলাভ করবার উন্দেশ্যে।"

(তদেব)

### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

শিক্ষার মূল লক্ষ্য এই আত্মলাভ। এরই অন্য নাম আত্মপ্রকাশ। সামর্থা-অর্জন এর বাইরে নয়।

### প্রাসন্থিক রচনা :--

১। ছারদের প্রতি সম্ভাষণ; ২। শিক্ষাসংশ্বার; ৩। তপোবন; ৪। লক্ষ্য ও শিক্ষা; ৫। জগদানশ্ব রায়কে পর—০নং; ৬। অসম্ভোষের কারণ; ৭। আকাশ্ক্ষা; ৮। প্রাক্তনী—(৬); ৯। বিশ্বভারতী (২); ১০। বিশ্বভারতী (৪); ১১। প্রেবিংগ বক্তা; ১২। জনৈক অধ্যাপককে পর . ১৩। কলাবিদ্যা: ১৪-১৫। সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ (১) ও (৪): ১৬। শিক্ষার সার্থকতা; ১৭। শিক্ষার আদর্শ; ১৮। বিশ্বভারতী (১৫); ১৯। ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ; ২০। শিক্ষা ও সংস্কৃতি; ২১-২২। বিশ্বভারতী ১৭) ও (১৮): ২৩। পল্লীপ্রকৃতি; ২৪। The School Master ইত্যাদি।

#### श. भिका ७ जीवन

পরবর্তী প্রত্যেকটি বিষয়ের আলোচনাই প্রথম আলোচনার অর্থাৎ শিক্ষার লক্ষ্য বিষয়ক আলোচনার অন্বৃত্তি। শিক্ষার লক্ষ্য বিষয়ে রবীন্দ্রনাথের যা অভিমত, অপর সমস্ত বিষয়েরই অভিমত সেই মলে অভিমতের অন্ত্রগত। সেই কারণে শিক্ষাতত্ত্বের অন্যান্য দিক বা অন্যান্য বিষয়ের আলোচনা এখন আমরা অনায়াসেই অপেক্ষাকৃত সংক্ষিপ্ত করে ফেলতে পারি।

শিক্ষার লক্ষ্য যদি হয় মন্বাজ-সাধনা, তাহলে, সহজেই বোঝা যায়, শিক্ষাব ব্যাপ্তিকাল সারা জীবন। তা হলেও, সাধারণ ভাবে জীবনো প্রশানিতর কালকেই, অর্থাৎ শৈশ্ব-কৈশোর-যৌবনকেই আমরা শিক্ষাব কাল বলে ধবে থাকি। গৃহশিক্ষা, পাঠশালা, বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, বৃত্তিশিক্ষাসদন ইত্যাদি দিয়ে এই পর্বাটি চিহ্নিত এবং জীবনের অন্যান্য পর্ব থেকে প্রকীকৃত। কিশ্তু এই পার্থকা নিতাশ্তই আপেক্ষিক। পর্বকে র্যাদ আমরা আলানা বলিও, তাহলেও তা জীবনেরই অংগ এবং তা সমগ্র জীবনের সংগে ঘনিষ্ঠভাবে বৃদ্ধ। যে শিক্ষা জীবনের জনা প্রস্তুত করে না, তা শিক্ষাই নয়।

এই প্রস্তৃতি দ্বিম্থী। জীবিকাম্থী শক্তির বিকাশের প্রস্তৃতি এবং সেই সংগ্রেম্ব্রাক্ষ্ম্থী ব্যক্তির বিকাশেরও প্রস্তৃতি। এই দুই প্রস্তৃতি যেমন একসংগে গাঁথা, তেম্মন একসতে গাঁথা মানুষের ব্যক্তিজীবনের বিকাশ এবং তার সমাজজীবনের বিকাশ।

ভারতের ঔপনিবেশিক শিক্ষা ভারতীয়ের জীবনের সগেগ যুক্ত শিক্ষা নয়। তার উদ্ভব তত্তটা ভারতীয় জীবনের স্বকীয় প্রয়োজনে নয় যতটা শোষকের নিজম্ব প্রয়োজনে—কেরানি ইত্যাদি তৈরির প্রয়োজনে, অন্গত একটি প্রেণী তৈরি করার প্রয়োজনে। এই তথাকথিত শিক্ষা মান্সকে বিকশিত করে না, মান্সকে ঐশ্বর্য দেয় না, মান্সকে অশ্তঃসারশ্না যশ্যে পরিণত করে।

শুধ্য ঔপনিবেশিক শিক্ষা নয়, যে-কোনো অর্থারটেরিরান গ্রেবাদী শিক্ষাই মানুষের স্বাধীন চিম্তাকে বিনণ্ট করে দেয়, মানুষকে চিরাগত প্রথার দাস করে

ফেলে। জগদানশ্ব রায়কে লেখা চিঠিতে ১৯১৩) রবীন্দ্রনাথ সেই কথাই জোর দিয়ে বলেছেন।—

"আমাদের চিত্তব্তির নধ্যে চিরাগত প্রথার অধীনতা স্বীকার করবার একটা মন্জাগত অন্রাগ আছে - মন্তির প্রতি আমাদের বিশ্বাস নেই, খাঁচার পাথির মতো আমরা আকাশকে ভয় কবি। এই জন্য আমাদের ছেলেদের মনও জড়বং হয়ে যায়। তাদের ভভাবনী শক্তির একেবালে শিক্ত প্যশ্তি শ্বিষয়ে যায়। ৩ " (২৯ বৈশাখ ১৩২০, বিশ্বভারতী পত্তিকা, মাণ্-চেত্ত ১০৭৬)

জীবনের দাবি সম্পির দাবি, ঐশ্বরেণি দাবি, বিকাশের দাবি। জীবনের দাবি অগ্রগতির দাবি। জীবনের দাবি স্বাধীনতার দাবি, স্জনশীলতার দাবি। যে শিক্ষাবিধি এই দাবি প্রেণের জন্য প্রস্তুত নয়, তা আদৌ শিক্ষাবিধি নয়।

### প্রাস্থিক রচনা--

১। শিক্ষার হেবকের । তার গোলানন্দ রায়কে পত্র ২নং । আবা**ংকা** । ৪। বিশ্বভারতী (৬); ৫-৬। সোচিয়েত ইটনিয়নে ববদিদ্রনাথ (১) ও (২); ৭। শিক্ষার সাথ্কিতা; ৮। আবরণ ৯। লক্ষ্য ও শিক্ষা, ইত্যাদি।

### ঘ. শিক্ষাও ক্রি

আমরা দেখেছি। শিক্ষার প্রতঃশ্কৃতিতাও স্ক্রনশীলতার অবকাশ পাকতে হবে. এই ব্যাপারটির উপর রবীশ্রনাথ খ্ব জোব দিয়েছেন। এই কারণেই তিনি চান ষে, শিক্ষা যাশ্রিক হবে না অন্তবংধ হবে না-আশিরক পরিবেশ সব সময়েই যথাওঁ শিক্ষার পরিবশ্বী। প্রকৃতির সংগ্রে গনিষ্ঠ সংযোগ মনের মুক্তির জনা প্রয়োজন, শ্বতঃশ্কৃতি ও স্ক্রনশীলতার বিকাশের প্রাই তা অপরিহার্য। ববীশ্রনাথের কথা দিয়েই বলি—

িবিরাট প্রকৃতিব নাড়ীতে নাড়ীতে প্রথম প্রাণের বেগ নিগাড়ভাবে চণ্ডল । শিশ্বর প্রাণে সেই বেগ গতিস্ঞাব ারে। "আগ্রনের শিক্ষা, ব/ ১ ৭১১ )

প্রকৃতি যে মান্যের বন্ধ; এবং শিক্ষান্ধ, এই র্থাটা শা্ধাু রোমাণ্টিক বিবরাই নন, শিক্ষাবিদেরাও অনেকেই বলেছেন। কথাটাকে রবীশুনাথ অপবীকার করেন নি, বরং গ্রেছ্ম দিয়েই প্রীকার বর্ষেন। কিল্ড আবো বেশি গ্রেছ্ম দিনেছেন তিনি প্রকৃতির বর্ণাগাধাণ্প-সমস্থারের উপবা, প্রকৃতির মধ্যে যে সহা ম জিললীলা আছে তার উপরা, আন্তোল্য উপবা।

শিক্ষার নান্দানক দিকটির উপর শ্ধ্য ছবি ভাশ্বর্য সংগতি নৃত্য নয় স্ববিধ নান্দানক বিকাশের ভপর রবীন্দ্রনাথ থেনন লোর দিয়েছেন, পূথবীর খ্বে ক্য শিক্ষাবিদের ক্ষেত্রেই তেনন দেখতে পাওয়া যাবে। এটা খ্বই ধ্বাতাবিক যে বিশ্ত বাারাক বাজারের পরিমণ্ডল, যশ্ববংধ নগবজীবনের ধ্সার নিরানন্দ পরিমণ্ডল ছেড়ে রবীন্দ্রনাথ শিক্ষাকে প্রকৃতির সজীবতার মধ্যেই ধ্থান দেবেন।

# প্রাসণ্গিক রচনা—

১। শিক্ষাসমসাা ; ২। তপোবন . ৩। জগদানন্দ রায়কে পত্ত—১ নং : S। অজিত

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

চক্রবর্তীকে পত্র—২ নং: ৫-৮। বিশ্বভারতী ৪). (১০), (১৪) ও (১৭); ৯। আশ্রমের শিক্ষা; ১০। আশ্রমের রূপ ও বিকাশ; ১১। The School-Master; ১২। A Poet's School, ইত্যাদি।

#### জাতীয় শিক্ষা ও সর্বায়নীন শিক্ষা—শিক্ষায় বিরোধ ও মিলন

মানুষের সত্তা অথাত এবং অবিভাজা। তবং তারি মধ্যে অনেক শতর অনেক কক্ষ-প্রকোষ্ঠ, অনেক বৈচিত্রা। মানুষের সত্তার একটা দিক যেমন তার বাক্তিভাবন, আর একটা দিক সমাজজ্ঞীবন, ঠিক তেমনি মানুষের সত্তাব একটা দিককে বলতে পানি তার জাতীয় সত্তা, অনা দিককে বলতে পারি তার মান্বিক সত্তা। ব্যক্তিশীবনে মানুষের এক পরিচয়, সমাজজ্ঞীবনে সেই মানুষেবই ঈষং অন্যত্তর পরিচয়। এই দুই পরিচয়ে কোনো বিরোধ নেই। এবা প্রশ্বসাপেক্ষ, প্রস্পরেব পরিস্কৃত্র, এবা অচ্ছেল। এদের কোন্টা বেশি কোন্টা কম, মানুষের পক্ষে কোন্ পরিচয়টা সভাত্ব, এ প্রশ্ন সম্পূর্ণ অর্থাহান।

জাতীয়জীবনের ক্ষেত্র এবং মানব-ইতিহাসের ক্ষেত্রও সেই রকম। নাতীয়জাবনে, পরদেশ ও গ্র-সংস্কৃতির প্রেক্ষাপটে মানায়ের এক রকম পরিচয়—আমি ভারতীয়, আবার আশ্তর্জাতিক শীরনে মানব-সভাতার ও মানব সংস্কৃতির প্রেক্ষাপটে তার অনারকম পরিচয়—আমি মান্য । দুটো পরিচয়ই সমান সতা। শধ্যে তাই নয়, এ দাইকে বিভিন্ন করা যায় না। জাতীয়-পরিচয়কে বাতিল করে মান্সের মানব-পরিচয় সতানয়, আবার মানব-পরিচয়কে বার দিয়ে মানায়ের জাতীয় পরিচয় সতানয়।

এই ক্ষেত্রটাতে অনেক সময়ই ভুল ঘটে গাকে। আদর্শনিষ্ঠ ভাবনুকেরা অনেক সময় ভেবে বসেন, মাননুষের মানবসন্তাটাই একমাত্র! অন্যা দিকে উগ্র ও আগ্রাসী গাতীয়তাবাদের পরিমাণ্ডলে শাধ্য সাধারণ মানাযরাই নয়—শ ভব্যিষ সাপন্ন মানবভাবাদীও অনেক সময় ভেবে বসেন, মানাষের জাতীয় সন্তাটাই একমাত্র, মানবিক সন্তাটা একটা এলস কল্পনা, একটা ভাববিলাস।

একমার জৈব-সন্তাটাই অনেকখানি পরিমাণে মান্যের প্রকৃতিদন্ত, আর সবই কী সামাজিক-সন্তা, কী জাতীয়-সন্তা, কী মানব-সন্তা, সবই মান্যকে অর্জনি করে নিতে হয়, স্ভিকতা-মান্যকে সাধনার দ্বারা স্ভন করে নিতে হয়। এ তার মন্যান্থ-সাধনারই অংগ। অর্থাৎ সবই তার শিক্ষার অংগ।

ভারতীয়ের পক্ষে সেই শিক্ষাই যথার্থ শিক্ষা এবং প্রণাংগ শিক্ষা যা একই সংগে তাকে ভারতীয় করে এবং মান্য করে। অর্থাৎ যা একই সংগে জাতীয় শিক্ষা বা ভারতীয় শিক্ষা এবং আনতজ'াতিক শিক্ষা বা সর্বমানবিক শিক্ষা। বিদায়র একটি দিক আছে যা বিশেষ দেশের, বিশেষ সংস্কৃতির, বিশেষ ঐতিহাের সংগে অংগাংগী াবে যক্ত, যা জাতি বিশেষের বিশিষ্ট জীবনপরিবেশের সংগে অচ্ছেদাভাবে শান্য, সেই জাতির বিশেষ প্রয়োজনের সংগে গ্রহিত। সেই দিকটি জাতীয় শিক্ষার দিক। তেমনি জ্ঞানবিজ্ঞানের এমন অনেক দিকই আছে যা সার্বভাম এবং সর্বমানবিক। সেই দিকটি আনতজানিক শিক্ষার দিক।

শিক্ষার গালে বা দোষে ভারতীয় যদি খাঁট ভারতীয় থেকেই সর্ব-মানবের প্রতিনিধি হতে না পারে, ব্যুতে হবে তার ভারতীয়ত্ব সংকীর্ণ, কৃত্রিম, অসতা। এই সংকীর্ণ ভারতীয়ত্বকে তার অতিক্রম করতে হবে। পরাধীন জাতির পক্ষে, শোষিত জাতির পক্ষে, সাম্বাজাবাদী শব্বি শাসনাধীন উপনিবেশের পক্ষে এই অতিক্রমণ সহজ নয়। তার প্রতি মাহাতের প্রতাক্ষ অভিজ্ঞতাই এর বড়ো বাধা।

সমশ্ত উপনিবেশই অথবা সমশ্ত সদ্য-দ্বাধীন আনস্নত দেশই আজ প্রথবভাবে জাতীয় ভাবাদী। তার লক্ষা জাতীয় শিক্ষা। এটা খ্রই দ্বাভাবিক। শধ্যে উপনিবেশ নয়, সামাজাবাদী প্রতিষ্কিষ্টির কারণে সামাজাবাদী শক্তিরাও আজ সমান প্রথবভাবেই লাতীয়তাবাদী। জণি জাতীয়তাবাদ আজ প্রায় যুগেচেতনারই অংগ। অসংশোধনীয় রক্মের মানবতাবাদী ছাড়া, অসামান্য দ্বেশ্ভিস্পন্ন মানবতাবাদী ছাড়া কেউ-ই আজ আর মানবস্ভাতার মোল ঐকোর কথা ভাবতে ইচ্ছকে নন।

ধ্বশিদ্রনাথ সেই বিরল ব্যতিকান গ্রানীয়ের একতন থিনি মানাষের আছকেব দিনের ইতিহাসকেই চড়োনত করে দেখেন না। প্রচলিত অপ্রে জাতীয়তাবাদ আবা স্থাথ ধ্বাভাবিক জাতীয় চেতনা এক নয়। জাতীয়তাবাদ অতীতের প্রয়োজনোর করে হতে পারে, কিলা সংকীর্ণ জাতীয়তাবাদ — গেতীয় অহ্যিকা ভাবীকালের সভা নয়। ব্যক্ত আছেই সে কালানিকানত। জাতীয় শিক্ষা আবা জাতীয়তাবাদী শিক্ষা যে মাটেই এক নয়, উপনিবেশিক শোষণে জহাবিত জাতিব প্রেক এই সভাটা উপলব্ধি করা খাবিই কঠিন। এই উপলব্ধিতে পেইছতে রবীন্দ্রনাথকেও অনেক অভিজ্ঞতাব ঘাট প্রেবিধ আসতে হয়েছে।

তেগোবন' প্রবাধ রচনাব কালে রবীন্দ্রনাথ ভাবে বিয়েছিলেন, জাতীয়তাবালী শিক্ষা নয়, লাতীয় শিক্ষার উপর । জাতীয় শিক্ষা নোষাবহ নয়, অতানত প্রয়োজনীয়, চিন্তু অন্যপ্রেণ । আনতজাতিক বা সাবভাগি শিক্ষা তাব পরিপ্রেক । 'শিক্ষাব মিলন' প্রবাধে এই সভাটি লোধরেন । জোর নিয়ে বলেন, অন্য ক্ষেত্রে যতাই বিবোধ থাক, শিক্ষায় বিরোধ সংপর্গে ভুল সিম্ধানত । এইখানেই গান্ধিলীৰ সংগ্র এবং তারই সতে ধরে শর্বছন্দ্রের সংগ্র রবীন্দ্রনাথেব প্রবল মতবিরোধ ঘটে । 'শিক্ষার মিলন' প্রবাধে – এবং পরব ভাগি অনেক রচনাতেই রবীন্দ্রনাথ জ্পোউভাবে ঘোষণা করেন, বিন্যার ক্ষেত্রে জাতিভে নিজন সম্পর্গ বাধাহীন । এই শিক্ষারত ও সাংস্কৃতিক গ্লিলনই বিশ্বভারতীর আনশ্রেণ ।

### পাসাংগক রচনা—

১। তপোবন; ২। হিন্দুবিশ্ববিদ্যালয়; ৩। শিক্ষাবিধি । ৪। অজিত চক্রবতীকৈ প্র—২নং । ৫। বিশাস্ম্রবায়; ৬। শিক্ষার মিলন । ৭-১২। বিশ্বভারতী ।৪', (১), (১), (১৫) ও (১৭) ১৩। প্রেণ্বেগে বজুতা, ১৪। My Educational Mission—ইত্যাদি।

# শিক্ষার বাহন—শিক্ষায় মাতৃভাষা, শিক্ষার সাংগীকরণ

শিক্ষার বাহন বা শিক্ষার মাধামের প্রশ্নটি আসলে ভাষার প্রশ্ন-শিক্ষায় ভাষার স্থান

### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

বা ভূমিকা নিয়ে প্রশ্ন । প্রশ্নটি শিক্ষার মনশ্তা ন্তিকে ভিত্তির প্রসণ্গের সংগে জড়ানো । তালিয়ে দেখলে প্রশ্নটি মান্ধের মনোবিকাশের গতি-প্রকৃতির সংগে জড়ানো । আরো তালিয়ে দেখলে মান্ধের মানবন্থের সংগেই জড়ানো । কেননা মান্ধই বোধকরি একমাত্র প্রাণী যাকে প্রোপ্রভাবে ভাষাব্যবহারকারী বলা যায় । মান্ধ থেকে তার ভাষাকে এবং ভাষা থেকে মান্ধকে আলাদা করা যায় না ।

গোড়াতেই একটা আপত্তি জানিয়ে রাখা যায়। তাষা কি শিক্ষার কেবল থাহন? বাহন কথাটা কি এক্ষেত্রে যথোপযুক্ত?

'বাহন' বললে যে ছবিটা মনে জাগে তা অনেকটা এই রক্ষ: একদিকে আছে শিক্ষাথী' আর অন্য দিকে আছে শিক্ষণীয় বিষয় হাতে নিয়ে শিক্ষক। শিক্ষক যেন শিক্ষণীয় বিষয়টিকে বাহনের পিঠে তাপিয়ে শিক্ষাথী'র মনের দরজায় পে'ছৈ দিছেন।

এই ছবিটা ভূল। সাধারণ ক্ষত্রে বাহন কোনো অচ্ছেদ্য বহতু নয়। কিন্তু শিক্ষার ক্ষেত্রে ভাষা মোটেই যে রকম নয়। রবীদ্রনাথ নিজেও ভাষাকে কথনো সে রক্ষা বাইরের ব্যাপার বলে মনে করেন নি। তব্ যে তিনি 'বাহন' কথাটা বাবহার করেছেন, এটা সম্ভবত খানিকটা তার আলংকারিক শব্দ প্রয়োগের প্রবণতার জন্য এবং খানিকটা উপযুক্ত শব্দের অভাবের জন্য। নইলে ববীন্দ্রনাথ খ্বে ভালোই ভানেন, শিক্ষণীয় বিষয়কে ভাষা থেকে বিচ্ছিন্ন করা যায় না, শিক্ষাথীবি মনকে ভাষা থেকে বিচ্ছিন্ন করা যায় না, শিক্ষাথীবি মনকে ভাষা থেকে বিচ্ছিন্ন করা যায় না, শিক্ষাওত ভাষা থেকে বিচ্ছিন্ন করা বার, শিক্ষণীর নিষ্কের নায়ের নায় নায় বাহনও নর, ভাষা শিক্ষণীর বিষয়ের মুর্মের সংগ্রে স্থানের স্থানিক স্থান তার কারণ ভাষা মন্ত্রের স্থানিক, একথা যেন্ন স্থা, মান্য ভাষার স্থানিক ব্রথাও তেমনি সন্ত্য।

কিন্তু সে কোন্ ভাষা ? যে ভাষা নান্বের ভারবিনিনয়ের এবং প্রকাশের শ্বাভাবিক 'নাধান', নেই ভাষা । যে ভাষা নান্বকে আলানা করে 'শিখতে' হয় না, যা অতি শেশ্ব থেকে নান্বের মনৈ 'সৃষ্ট' হয়, স্বানশীলভাবে একো-ওঠে সেই ভাষা । অথাং নাতৃভাষা । অনা কোনো ভাষাই নহু, একনাত নাতৃভাষা, মাতৃদনুধের সংগোষারে আমরা আত্মহথ করি । সেই ভাষাই শিক্ষার গ্যাভা বক 'নাধান', গ্যাভাবিক 'নাহন'।

সেই শিক্ষা শিক্ষাই নয়। যে শিক্ষা শিক্ষণীয় বিষয়কৈ আপন করে না দেয়। মাতৃভাষাই শিক্ষণীয় বিষয়কে স্বাংগীকৃত করে দেয় – জ্ঞানকৈ সভার সংগ অংগীভূত করে নেয়। আপন করাটাই শিক্ষার আসল কথা। রব্ধ-দুনাথ দ্বার্থহিনি ভাষায় বলেছেন, (শিক্ষার স্বাংগীকরণ, শিক্ষা, রা ১৯৭০৫), "সেই আপন করিবার স্বাংপ্রধান সহায় আপন ভাষা। শিক্ষার সকল খান্য ঐ ভাষার রসায়নে আনাদের খান্য হয়। শিক্ষার আতৃভাষাই মাতৃত্বশ্ধ।"

মাতৃভাষা শর্ধর শিক্ষার ক্ষেত্রেই নাতৃতন্য নান তা সর্বক্ষেত্রেই মাতৃতন্য—সমগ্র ঐতিহার দতন্য, রবীদ্দ্রনাথের গানের তায়া নিয়ে বলি—বাগ-যাগাদতরের দতনা। তাই দিয়েই আমাদের চৈতন্য গড়া, আমাদের ভাবনালোক, বেদনালোক, বাসনালোক গড়া। অপর ভাষার সহায়তায় আমরা ব্যবহারিক জগতে বিচরণ করতে পারি, তার বেশি পারি না। অপর ভাষায় আমরা নিমাণ করতে পারি, স্থিট করতে পারি না। কর্নিচং

ংয়তো এর আপাত-বাতিক্স কিছু নজরে পড়বে কিন্তু সে ন্ণ্টাশ্ত এতই বিরশ এবং এমনই বিশিষ্ট যে তা এই সাধারণ সভাকে সোটেই অপ্রমাণ করে না।

শিক্ষায় ভাষা প্রসংগে রগীন্দ্রনাথের মূল বন্ধবা এই সর্ব*্রনান সাধারণ সভার* উপর প্রতিষ্ঠিত।

যে শিক্ষা সূর্থিশন্তির উল্মেষ ও নিকাশ ঘটার না, তা শিক্ষাই নর। সেই কারণেই আনালের দেশের ইংরেজস্তি উপনিবেশিক শিক্ষা শিক্ষা নামের অনুপ্যুত্ত। এই শিক্ষাবাবস্থার সর্বপ্রিরান ফাতির কি এই গে এর বাহন 'বাহন' কথাটা এই ক্ষেত্রে মোটেই অপ্রন্ত করা ) ইংরেলি ভালা। "তা কেল স্ট্রাহে, উপ্স-সংগ্রে শিক্ষা মির বা আনরা নাহ তপ্ত-অংগর জিতা আনরা করি না। কারণ চিতার স্বাভাবিক বাহন ভাষা। বিদ্যালয়ের বাহিকে আ সরা পোশাকি ভাষাটা আনরা ছাড়িয়া ফেলেন।" শিক্ষার বাহন, শিক্ষা, রা১১৮৪৫)

ইংরেতি ভাষার মাব্যনে শিক্ষার প্রথমত ছাত্রের তাঁবনের এতি ম্লাবান সময় কেবল ভাষানিশক্ষার ব্যর্থ চেতায় ব্যর হবে যায়। পিতায়ত সেই অপেক্ষাকৃত ব্যরসাপেক্ষা শক্ষা দেশের দবিদ্র জনসাধা পের অবিগন্য হয় না সে শিক্ষা শহরের অবপ কতিপরেরই আয়ন্তাধীন ; ফলে এই শিক্ষা শহ্বে শিক্ষাত্রের গোটা দেশ থেকে বিচ্ছিল্ল করে ফেলে। এবং, তৃতীয়ত নাতৃভাষার মাধ্যমে নর বলে, এই ব্যবস্থায় শিক্ষণীয় ব্যয় শিক্ষাথী। প্রাণের সান্ত্রী হয়ে ওঠে না শিক্ষিতবা' অশিক্ষিতই থেকে যায়।

পরভাবরা নাক্ষাতে শিক্ষা যা হয় — যদি হয় — তা অতি অকিণ্ডিংকর। তার সঙ্গে দেশের জীবনের যোগ নেই। রবী-দুনাথের ভাষায় ব ল, "আমাদের দেশের আর্থিক দাবিদ্রা দ্বের নিষয়, লজ্জার বিষয় আমাদেব দেশের শিক্ষার অকিণ্ডিংকরত্ব। এই অকিন্ডিংকরত্বে। মন্ত্রে আহে আমাদের শিক্ষাবাবদ্যার অদ্যাভাবিকতা, দেশের মাটির সংগে এই বাবদ্যার বিচ্ছেদ।" নিক্ষার বাগগীকরণ, শিক্ষা রা১১।৬৯৯)

এই বিভেদের অন্যতম প্রধান কারণ হল প্রভাষায় শিক্ষা, শিক্ষায় প্রধ্ম। এ বিষয়ে রবী দ্রনাথের বহুরা অভিস্পটে। "…িনিশ্চিত জানি সকল প্রাশ্য়ভার চেয়ে ভয়াবহ, শিক্ষায় প্রধ্ম।" (ভদেব ৭০০)

### প্রাস্থাগক রচনা-

১। ন্যান্নল ফণ্ড , ২। শিক্ষার হেরফের; ৩। প্রসংগকথা ১ (৩ খানি পত); ১। শিক্ষার হেরফের প্রবিদ্ধার অন্মৃত্তি ও। বাংলা শিক্ষার অবসান (জীবনফা,ত); ৬। ইংগ্রেডি শেখা , ৭। লোকশিক্ষা গ্রণ্থনালার বিজ্ঞপ্তি , ৮। ছাত্রদের প্রতি সম্ভাষণ; ৯। শিক্ষার বাহন , ১০। বিশ্ববিদ্যালয়ের রূপ; ১১। শিক্ষার ধ্বাংগীকরণ , ১২। ছাত্রসম্ভাষণ ; ১১। বাংলা শিক্ষার প্রণালী — ইত্যাদি।

# ছ. বিকাৰ বিকিরণ, শৈকাবিস্তার-জনশিকা

কার জন্য শিক্ষা ? শিক্ষা সকলের জন্য এবং প্রত্যেকের জন্য । কার জন্য শিক্ষা, এ প্রশ্ন আদে উঠবে কেন ? কিন্তু যে সমাজ উচ্চ-নাঁচ শ্রেণীতে বিভক্ত, যে সমাজ 'নিমতর শ্রেণীর' মানুষ অনেক মানবাধিকার থেকেই বণ্ডিত, সেখানে এ প্রশ্ন উঠবেই ।

#### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

শিক্ষার বিশ্বারই বলি, আর বিকিন্তর বলি, কার জন্য শিক্ষা—মলে প্রশ্ন হল এইটেই। শিক্ষা কি শৃধ্যু এলিটের জনা ? শৃধ্যু 'ভদ্রসম্প্রশায়ের' নরনারীর জন্য ? দেশের শিক্ষাব্যবদ্ধা দেশের অথে দেশের সামর্থো গাড়ে ওঠে। হয় তাকে পরিচালনা করে রাণ্ট্র, না হয় করে সমাজ। কিন্তু কার দ্বার্থে করে ? কে শিক্ষিত হয় ? কে লাভ্বান হয় ? গোটা দেশ, না অন্স কতিপয় ব্যক্তি ? আমাদের ব্রতনান শিক্ষাব্যবদ্ধা কার দ্বার্থে পরিচালিত, এই শিক্ষার আলো কোথায় বিকিরিত হয় ?

রবীন্দ্রনাথের ভাষায় বলি, "এ কালে যাকে অমরা এডুকেশন বলি তার আরশ্ভ শহবে। তার পিছনে বাবসা ও চাকরি চলেছে আন্সভিগক হয়ে। "শহবেবাসী একদল মান্য এই স্থােগে শিক্ষা পালে, মান পেলে, অর্থ পেলে, তারাই হল এন্লাইটেন্ড, সেই আলার পিছনে বাকি দেশটাতে লাগল পার্ণগ্রহণ। ইন্কুলের বেণিতে বসে যারাইরেজি পড়া মা্থ্যথ করলেন শিক্ষাদীপ্ত দাণ্টির অন্ধতায় তারা দেশ বলতে বাঝলেন শিক্ষাসমাজ, ময়ার বলতে বাঝলেন তার পেখমটা, হাতি বলতে তার গঞ্চনত। "দেশের বাকে এক প্রান্ত থেকে আর-এক প্রান্তে এত বড়ো বিচ্ছেদের ছারি আর-কোনোদিন চালানো হয় নি, সে কথা নান রাথতে হবে। একে আধ্যানিকের লক্ষণ বলে নিন্দা করলে চলবে না। কেননা, কোনো সভা দেশেরই অবংথা এ রকম নয়।" শিক্ষার বিকিরণ, শিক্ষা, রা১১।৬৯১ '

উচ্চবর্ণ এবং উচ্চবিত্ত মান্যদের তন্য উচ্চশিক্ষা আবা লেশের জন্যাধারণের জন্য লোকশিক্ষা, অনেকটা এই ধরনের বাবংখা প্রাচীন কালে আমাদের দেশে ওচালিও ছিল। দুই শিক্ষার মধ্যে নিবিত্ত দেওয়া-নেওয়ার সংযোগ ছিল। উচ্চশিক্ষাকে বলা যেতে পারে শাশ্রিক শিক্ষা, আর লোকশিক্ষা হল তাবই তবলীকৃত লোকায়ত সংখবল। উচ্চশিক্ষাকে যদি বলি বিশিণ্ট জ্ঞান, তাহলে লোকসাধারণের শিক্ষাকৈ বলতে পারি সাধারণ জ্ঞান। রবীন্দ্রনাথের কথাতেই বলি শাল্বিকেলে লাধ্যয়গোর মতো আমাদের দেশে শাল্বিক শিক্ষাই ছিল প্রধান। এই শিক্ষার বিশেষ চর্সা টোলে, চতুপাসীতি, কিন্তু সমন্ত দেশেই বিশ্বীণ ছিল বিদ্যার ভূনিকা। বিশিণ্ট জ্ঞানের সংগ্র সাধারণ জ্ঞানের নিতাই ছিল চলাচল। শসমাজ দেশের বিদ্যা আপনিই দেশময় বিতরণ করেছে। না যদি করত তবে সমন্ত দেশে আজ বর্ষরতায় কালো কর্কশি হয়ে উঠত। বিদ্যা তথন বিশ্বানের সম্পত্তি ছিল না, সে ছিল সমন্ত স্মাজের হন্পদ।" (শিক্ষার বিকিরণ, শিক্ষা, রা১৯।৬৮৯-১০)

ইংরেজসূণ্ট ব্যবন্থায় উচ্চবি ওর জন্য বা শহ্বের ভদ্রলোকের জন্য তৈরি হল উপনিবেশিক ইংরেজি শিক্ষা আর লোকসাধারণের জন্য লোকশিক্ষার বদলে রইল শান্যতা রইল অন্ধকার। থিয়োরি হল যে, সকলকে শিক্ষিত করার প্রয়োজন নেই, উপরের নতরের যারা শিক্ষা পাবে, তাদের মধ্যে দিয়ে শিক্ষা চুইয়ে নিচের সিকে যাবে, নিচের গতরের পক্ষে ঠিক যতোটুকু শিক্ষা আবশ্যক তা ওই চোয়ানো শিক্ষাতেই মিটে যাবে। এই চোয়ানো প্রতিক্রিয়াটিকে বলা হয়েছিল শিক্ষার অভিসেচনক্রিয়া।

বি ক্ষান্ত এই অভিসেচন থিয়োরির কঠোর সমালে।চনা করেছিলেন : "এক্ষণে একটা কথা উঠিয়াছে, এডুকেশন ফিল্টুর ডোন্" করিবে। এ কথার তাৎপর্য এই

যে, কেবল উচ্চ শ্রেণীর লোকেরা স্থাশিক্ষত হইলেই হইল, অধ্যশ্রেণীর লোঞ্দিগকৈ পৃথক্ শিখাইবার প্রয়োজন নাই . তাহারা কাজে-কাজেই বিশ্বান্ হইয়া উঠিবে।" বংগদশনৈর প্র-স্কুনা, বিবিধ প্রবংধ, ২য় ভাগ, বংগীয় সাহিত্য প্রিষদ সংক্রন, পৃ ২২৩ )

কেন এই থিয়ারি ভাশ্ত বিশ্বমান্দ্র তার কারণও নিদেশি করেছেন। "প্রধান কথা এই যে এক্ষণে আমাদিগের ভিতরে উচ্চ শ্রেণী এবং নিম্ম শ্রেণীর লোকের মধ্যে পরস্পরের সহলয়তা কিছুমান্ত নাই। উচ্চ শ্রেণীর কৃতবিদ্য লোকেরা, মুর্খ দরিদ্র লোকদিগের কোন দর্শ্বে দর্শ্বেশী নহেন। তেওল শ্রেণীর মধ্যে দিন দিন অধিক পার্থক্য জন্মিতেছে।" তেদেব, ২২৪ স্বিশ্বমান্দ্র দেখিয়েছেন, পার্মকা প্রচান ভারতেও ছিল। সে হল বর্ণগত পার্থক্য। "এই বর্ণগত পার্থক্যের কারণ উচ্চ বর্ণ এবং নাঁচ বর্ণে যেরপে গ্রুর্ক্তেদ জন্মিয়াছিল। এরপে কোন দেশে জন্ম নাই, এবং এত অনিন্টও কোন দেশে হয় নাই। এক্ষণে বর্ণগত পার্থক্যের অনেক লাঘ্ব হইরাছে। দ্রভাগ্যক্রে শিক্ষা এবং সম্পত্তির প্রভেদে অন্যপ্রকার বিশেষ পার্থক্য জন্মিতেছে।" (তদ্বের ২২৫)

শিক্ষার মাতৃভাষার পথান বিষয়ে যেমন, ইংরেজি শিক্ষার ফলে দেশে ইংবেজি-শিক্ষিত এবং ইংরেজি-আনিক্ষিত এই দুই গ্রেণীৰ মান্যেৰ দুস্তর দুরেছের বিষয়ে ফোন, শিক্ষার অভিসেচন থিয়োরি ক্ষেত্রেও তেমনি রবীন্দ্রনাথের অভিমত পুরেরাপ্রার বিশ্বনাথের বভবাটা তার নিজের ভাষাতেই বলি : শিক্ষার অভিসেচনক্রিয়া সনাজের উপরেন হতরকেই দুই-এক ইবি মাত্র ভিলিয়ে দেবে আর নিচের হতবপরক্রা নিভানীবস কাঠিনো জন্যুরপ্রসারিত মর্ম্যতাকে ক্ষাণ আবরণে ঢাকা দিয়ে রাথবে, এনন চিত্রভাতী জ্গভীর মুখিতাকে কোনো সভা সমাজ জলসভাবে নেনে নেয় নি । ভারতবর্ষ কে মানতে নাধা করেছে আনানের যে নিন্ন ভাগ্য তাকে শতবাৰ বিক্ কাব দিই।" (শিক্ষার প্রাণীকরণ, শিক্ষা, রা১১।২০১ )

প্রাচীন ভারতের বর্ণগত অসান্য এবং তজ্জনত কতিকে বহিন্দ্রের তীরভাবে সনালোচনা করেছেন, রবীন্দ্রনাথ ভা করেন নি। তাঁর কলপনার প্রাচীন ভারতে তিনি যথাসংভব শোমিত র্পেই প্রহন করেছেন। নি প্রাচীন ভারতে উচ্চশিক্ষা এবং লোক শক্ষার মধ্যে বিদ্যালয়ের বাইরেই যে সব সংযোগের সূত্র ছিল্ফ যেমন রামায়ণ-মহাভারত-ভাগবত-পাঠ, যাত্রা, কথকতা, কাঁতনি ইত্যাদি, বহিন্দান্ত এবং রবীন্দ্রনাথ দ্বান্ত্র এই সংযোগস্ত্রগ্লির কথা খ্র জাের নিয়ে বলছেন। রবীন্দ্রনাথ এগ্লিকে বলছেন জন শক্ষার সহজ পথ। উপনিবেশিক শিক্ষাব্যকথায় এই পথগ্লি লাগু হয়ে গিয়েছে।

এ বিষয়ে ব্রিক্সচন্দ্র তার 'লোক্শিক্ষা' প্রবন্ধে বলেছেন, ''এক্ষণকার অবন্ধা এইরপে হইয়াছে বটে, কিন্তু চিরকাল এদেশে লোক্শিক্ষার উপায়ের অভাব ছিল, এমত নহে।…ইংরেজি শিক্ষার গ্লে লোক্শিক্ষার উপায় ক্রমে লাপ্ত বাতাত বিধিত হইতেছে না। তাহার স্থলে কারণ বলি শিক্ষিতে অশিক্ষিতে সমবেদনা নাই, শিক্ষিত, অশিক্ষিতের দ্রদয় ব্রেথ না। শিক্ষিত, অশিক্ষিতের প্রতি দ্ভিপাত করে না।" প্রেশিশ্বত গ্রন্থ, প্রত্১৩-৪)

বিক্ষাচন্দ্র মনে করেন, ইংরেজ-প্রবাতিত শিক্ষাব্যবংথায় শিক্ষিত আর অণিক্ষিত

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

দ্বিট পৃথক্ জাতিতে পরিণত হয়েছে। ইংরেজি শিক্ষার গ্রেণে লোকশিক্ষার পথ রুম্ধ হওয়াতে, অশিক্ষিত জনসাধারণ উত্তরোত্তর গভীরতর অন্ধকারে নিমজ্জিত হচ্ছে। ফলে শিক্ষিত অশিক্ষিতের বিচ্ছেদ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

রবীনদ্রনাথও তাই মনে করেন। ইংরেজি শিক্ষাব্যবংথার বিদ্ধুদ্ধে তাঁরও প্রধান অভিযোগ দর্ঘি। এক, জনশিক্ষার সমণ্ড পথকে লব্ধে করে দেওয়া। দর্ই, শিক্ষিত শহরবাসী এবং অশিক্ষিত গ্রামবাসী, দেশকে এইভাবে দর্ই পৃথক জাতিতে পরিণত করে দেওয়া। এ বিষয়ে রবীনদ্রনাথের কথা তাঁ মুখেই শোনা যাক:

"কেউ কেউ তথা গণনা করে দেখিয়েছেন, প্রাকালে এ দেশে প্রাম্য পাঠশালায় প্রাথমিক শিক্ষার যে উদ্যোগ ছিল বিটিন শাসনে ক্রমই তা কমেছে। কিন্তু তার চেয়ে সর্বনেশে ক্ষতি হয়েছে, জনশিক্ষাবিধির সহজ পথগালি লোপ পেয়ে আসাতে। এক দিকে আমাদের দেশে সনাতন শিক্ষার ব্যাপ্তি রুখ্ধ হয়ে জনসাধারণের মধ্যে জ্ঞানের অনাবাণিট চিরকালীন হয়ে দাঁড়ালো, অন্য দিকে আধানিক কালের নতুন বিদ্যার যে আবিভাবি হল তার প্রবাহ বইল না সর্বজনীন দেশের অভিমাথে। শেইংরেজি শিখে যাঁরা বিশিষ্টতা পেয়েছেন তাঁদের মনের মিল হয় না সর্বসাধারণের সংগ্রা। দেশে সকলের চেয়ে বড়ো জাতিভেদ এইখানেই, শ্রেণীতে শ্রেণীতে অপপ্রাতা।" । শিক্ষার বিকিরণ, শিক্ষা, র ১১৬৯১-২)

এ বিষয়ে বিষ্কমচন্দ্রের বস্তব্য আমরা একটু আগেই শনেতে পেয়েছি। এখানে বিষ্কমচন্দ্র এবং রবীন্দ্রনাথের মন একেবারে এক তারে বাধা।

শ্রেণীতে শ্রেণীতে যে অংশ্যাতার কথা বিষ্কমচন্দ্র এবং রবীন্দ্রনাথ বলেছেন, সেই অংশ্যাতা আজা – এই বর্তমান ভারতেও সমান সতা। এই অংশ্যাতা দরে করার জন্য এ'দের যে উৎক'ঠা তা আজো সমান জীবনত। রবীন্দ্রনাথের শিক্ষাপ্রয়াসকে, তাঁর শিক্ষাবিদ্যারের প্রয়াসকে এই দিক থেকেই দেখতে হবে। গ্রীনিকেতনে শিক্ষাস্ত দ্বুল প্রতিষ্ঠাকেও (১৯২৪) এই প্রয়াসের সংগ্যামিলিয়ে দেখতে হবে। আরো অনেক পরে রবীন্দ্রনাথ যে 'নোকশিক্ষাসংগন্' গঠন করেছিলেন (১৯৩৬) তাও এই শিক্ষাবিদ্যার প্রয়াসের বিশেষ উল্লেখযোগ্য একটি দিক।

যে শিক্ষা কেবল উচ্চবিত্ত বা মধ্যবিত্তের জন্য নয়, যে শিক্ষা কৈবল শহরবাসীর জন্য নয়, যে শিক্ষা দেশের সমত নান্বের জন্য, রবীন্দ্রনাথের কাছে সেই শিক্ষাই শিক্ষা। রমুশদেশে সেই শিক্ষার আলোক সর্বত্ত বিকিরিত হয়েছে বলেই রবীন্দ্রনাথ ওই দেশকে তীর্থ শ্থান বলে গণ্য করেছেন। মন্কোর উচ্চশিক্ষা শতিষ্ঠানের ছাত্তছাত ও অধ্যাপকদের সংগ আলাপের কালে ১৩ সেপ্টেন্বর, ১৯৩০) নিজের শিক্ষা-এক্সপেরিমেণ্টের কথা বলতে গিয়ে শান্তিনিকেতনের দক্লের উপর জার দেন নি, জার দিয়েছেন শ্রীনিকেতনের শিক্ষাসতের উপর। আশা করেছেন যে এই গ্রামীণ বিদ্যালয়টিই এক সময় ভবিষ্যতের আলোকবিতিকা হয়ে উঠবে। (নোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ, প্রতংশন ২২-৪২ দ্রন্টব্য।)

### প্রাসন্থিক রচনা—

১। প্র'প্রশ্নের অন্ব্িত ; ২। শিক্ষার বাহন ; ৪-৮। রাশিয়ার চিঠি (১ম, ৩য়, ৪র্থ', ৮ম ও ৯ম পত্র ); ৯-১২। সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ (১ম, ২য়,

তম ও ৪৭ রচনা); ১৩। পঙ্লীদেবা; ১৪। শিক্ষার বিকরণ; ১৫। মৃহন্মদ আজিজন্ম হককে পত্র; ১৬। শিক্ষার শ্বাংগীকরণ; ১৭। লোকশিক্ষা প্রন্থমালার বিজ্ঞাপ্তি—ইত্যাদি।

#### **छ.** म्हीनका

শ্রীশিক্ষা বিষয়ে দুটো বড়ো প্রশ্ন। প্রথম প্রশ্নটি আজ কালাতিক্রাশ্ত, প্রায় বাতিল হয়ে গিয়েছে। কিন্তু আগের শতাশ্বীতে এবং এই শতকেবও প্রথম দিকে প্রশ্নটি সকলের কাছেই খ্ব গ্রুর্ত্বপূর্ণ ছিল। প্রশ্নটি হল : ন্ত্রীশিক্ষার আদৌ প্রয়োজন আছে কি না।

আছে, এ বিষয়ে আজ প্রায় কারোই সংশয় নেই। সমাজের নিচের তলার দিকে তাকালে অবশ্য সংশয় নেই একথা তেমন জোর দিয়ে বলা যাবে না। বলা ভাল-স্থাশিক্ষার প্রয়োজনীয়তার বিষয়ে শিক্ষিতের মনে আজ আব বিশেষ প্রশ্ন নেই।

যোদন প্রশ্ন ছিল, সেদিনও এ বিষয়ে রবীন্দ্রনাথের বক্তব্য খ্র প্রপণ্টই ছিল। শিক্ষা যখন মন্যান্থলাভের পথ তখন শিক্ষায় সকলেরই সমান অধিকার। এখানে ধনী দরিদ্রে ভেদ নেই, উচ্চ নিচে ভেদ নেই, রান্ধণ শুদ্রে ভেদ নেই—এবং প্ররুষে নারীতেও ভেদ নেই। "যাহা-কিছ্ জানিবাব যোগ্য তাহাই বিদ্যা, তাহা প্রুষকেও জানিতে হইবে, মেয়েকেও জানিতে হইবে—শ্ধে কাজে খাটাইবার জন্য যে তাহা নয়, জানিবার জনাই।" ( স্বীশিক্ষা, শিক্ষা, রা১১।৬৩২ )

দিতীয় প্রশারে গ্রেড আজও কমে নি। প্রশারি হল এই যে পর্র্য ও নারীর শিক্ষা কি অবিকল একই রকম হবে।

মন্বাবে নারী ও প্রেষ এক। কিন্তু দ্বভাবে স্প্রে এক নয়। শ্রীরে মনে জৈবতায় এরা প্থক—পরস্পরের পরিপ্রেক। দ্বেরে আত্মবিকাশ সম্প্র্ণ এক রকম নয়। জীবনে দ্বেরে ভূমিকা সম্প্র্ণ এক নয়। ব্যবহারিক জীবনের ক্ষেত্রে যদি দেখি দ্বেরে সামাজিক ভূমিকা সম্প্র্ণ এক নয় পারিবাবিক ভূমিকায় গ্রেত্বপ্র্ণ ভেদ আছে—ব্তিও দ্বেরে সম্প্রি এক হবার কথা নয়।

রবীন্দ্রনাথ দ্বীশিক্ষার অকুঠ সমর্থক—এই জন্যই নয় যে তাতে প্রেষের লাভ বা তাতে সমাজের উপকার। সেটা আন্যঞ্জিক : এই জন্য যে নারীকে পরিপূর্ণ মন্যুদ্ধ অর্জন করতে হবে, তার ব্যক্তিষের পরিপূর্ণ বিকাশ ঘটতে হবে। কিন্তু নারী প্রেষে দেহে মনে কর্মে ব্যক্তিষে যে মোলিক ভেদ আছে, শিক্ষার ক্ষেত্রে সেই ভেদকে অবশাই মেনে নিতে হবে।

অনেকে আশব্দা করেন শিক্ষা নারীপ্রকৃতির প্রাতন্ত্রাকে নন্ট করে দেবে। রবীন্দ্রনাথ তা মনে করেন না। শিক্ষা যদি যথার্থ হয় তাহলে এ আশব্দা সম্পূর্ণ অম্লক। "···আমার ধারণা এই যে, মেয়েরা যদি-বা কাণ্ট্রেগেলও পড়ে তব্ শিশ্বদের স্নেহ করিবে এবং প্রেষ্ট্রের নিতাশ্ত দ্রে-ছাই করিবে না।" (প্রাণিশ্বদা, রা১১।৬৩৩)

শিক্ষার সার্বভোম দিক এবং জাতীয় শিক্ষার দিক এই দুই দিকই ষেমন সতা-

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

এখানেও তেমনি শিক্ষার সাধারণ এবং বিশেষ এই দুই দিকের সত্যকে স্বীকার করতে হবে। রবীন্দ্রনাথের কথা দিয়েই বলি—

"…শিক্ষাপ্রণালীতে মেয়ে-পর্র্যে কোথাও কোনো ভেদ থাকিবে না, একথা বিললে বিধাতাকে অমান্য করা হয়। বিদ্যার দর্টো বিভাগ আছে। একটা বিশ্বন্থ জ্ঞানের, একটা ব্যবহারের। যেখানে বিশব্দ জ্ঞান সেখানে মেয়ে-পর্র্যে পার্থক্য নাই, কিল্তু যেখানে ব্যবহার সেখানে পার্থক্য আছেই। মেয়েদের মান্য হইতে শিখাইবার জন্য বিশব্দ জ্ঞানের শিক্ষা চাই, কিল্তু তার উপরে মেয়েদের মেয়ে হইতে শিখাইবার জন্য যে ব্যবহারিক শিক্ষা তার একটা বিশেষত্ব আছে…।" (তদেব)

কিন্তু এই বিশেষত্ব প্রেষের স্থাবধার দিকে তাকিয়ে নয়, মেয়েদের নিজন্ব ভূমিকার গরজে, মেয়েদের নিজন্ব ন্থভাবের গরজে। এই রন্ধ পথেই কিন্তু অনেক সময় এমন কুষ্বিত্ত এনে উপন্থিত করা হয় যা নারীম্ভির পরিপন্থী, নারী-ব্যক্তিষের বিকাশের বাধা। এই কুষ্বিত্তকে রবীন্দ্রনাথ কখনোই প্রশ্নয় দেন নি। তিনি স্পণ্ট বলেছেন, ''…দ্বী হওয়া, মা হওয়া, মা হওয়া, মায়েদের স্বভাব; দাসী হওয়া নয়।" (তদেব, ৬৩৪)

বিশাশধ জ্ঞানের শিক্ষা নিয়ে কোনো প্রশ্নই নেই, বাবহারিক শিক্ষাও এমন হওয়া চাই ষে, "পর্ব্ব পর্ব্বই থাকিবে, মেয়েরা মেয়ে থাকিয়া যাইবে বিলয়াই তার 'সংকটে সহায়, দ্বর্হ চিশ্তায় অংশী এবং স্থাখে দ্বাথে সহচরী হইয়া সংসারে তাহার প্রকৃত সহযাতী হইবেন।" (তাদেব, ৬৩৫)

# প্রাসন্থিক রচন—

১। 'য়ারোপ যাত্রীর ডায়ারি' থেকে; ২। স্ত্রীশিক্ষা , ৩। ক্ষিত্রীশচন্দ্র দত্তকে পত্র ; ৪। ভত্তিদেবীকে পত্র - ইত্যাদি।

# ঝ. শিক্ষা ও শিক্ষায়তন

- তো: শিক্ষাথী
- ্আ) শিক্ষণীয় বিষয়—পাঠকুম : বি<mark>জ্ঞানশিক্ষা, চার্নুশিল্প, ধ্মশিক্ষা, নৈতিক আদশ্ন গঠনত্তক আদশ্ন-</mark> ইত্যাদি
- (ই) শিক্ষক বা গারু
- (ঈ) শিক্ষাপ্রণালী অনুশীলন, শৃত্থলা, স্বাধীনতা
- (উ) বিদ্যালয়, পরিবেশ, প্রকৃতি
- (উ) বিশ্ববিদ্যালয়, বিশ্বভারতী, শ্রীনিকেতন

শিক্ষা ও শিক্ষায়তন সংক্রান্ত বিষয়গর্নল সবই তত্তের এবং প্রয়োগে মেলানো। এই সব বিষয়ে রবীন্দ্রনাথের বস্তব্য আমাদের প্রবের আলোচনার মধ্যেই অলপ্রিন্তর নিহিত আছে। স্বতন্তভাবে বিস্তৃত আলোচনার খ্ব বেশি প্রয়োজন নেই, সংক্ষেপে ম্লেক্থাগ্রিলকে স্পর্শ করে গৈলেই আমাদের কাজ হবে।—

প্রথমেই বলা দরকার, শিক্ষা একটা সামগ্রিক ব্যাপার—অখণ্ড, অবিভাজ্য এবং প্রায় জীবন্ত সমগ্রতা। জীবন্ত এই জন্যে যে তার কেন্দ্রে আছে জীবন্ত মান্য—িশক্ষার্থী বা ছাত্র। বিশ্লেষণ করলে শিক্ষার বিভিন্ন অন্ধোর কথা বলা যাবে, কিন্তু মনে রাখতে হবে, শিক্ষার প্রাণকেন্দ্র কোনো বিশিষ্ট অন্ধোন নয়।

শিক্ষার সর্বপ্রধান অংগ শিক্ষাথী, সব থেকে গ্রের্ছ তার, সব কিছ্ তার বিকাশের জন্য। এবং যেহেতু বিকাশটাই প্রধান কথা, শিক্ষা কথনোই 'শিক্ষণীয় বিষয়ে' সীমাবদ্ধ থাকতে পারে না। তথাক্থিত শিক্ষণীয় বিষয় বা পাঠক্রম সমগ্র শিক্ষাব্যাপারের একটি অংশ মাত্র। এই সত্য স্মরণ রেথে আমরা শিক্ষা ব্যাপার্টকে চারটি অংগ ভাগ করে নিতে পারি: (১) শিক্ষাথী, (২) শিক্ষণীয় বিষয়, (৩) শিক্ষক বা গ্রের্, এবং (৪) শিক্ষাপ্রণালী। আরো একটি এর সংগে যান্ত করে নেওয়া যায়—(৫) শিক্ষায়তন বা বিদ্যালয়।

শৈশব, বাল্য, কৈশোর এবং প্রথম-যৌবন, শিক্ষার্থীর জীবনের এই চারটি প্রধান পরের প্রত্যেকটিতে শিক্ষার্থীর আকাজ্ফা, বোধ, অন্তব স্বতন্ত, প্রয়োজন স্বতন্ত। প্রত্যেক পরে তার ভূমিকা স্বতন্ত—পরিবারে, বিদ্যালয়ে, সমাজে —সর্বত্ত। প্রতি পরে তার শিক্ষায়তন পৃথিক, শিক্ষকের সজ্গে তার সম্পর্কও পৃথিক। সব থেকে বড়ো কথা, প্রত্যেক পরে তার ব্যক্তিত্ববিকাশের রূপও আলাদা। স্থতরাং প্রতি পরের শিক্ষাসমস্যাও অলপবিষ্ঠার আলাদা।

এক দিক থেকে এর মধ্যে শৈশব ও বাল্যের পর্বাই সব থেকে গ্রেছ্বপূর্ণ, কেননা এইটেই শিক্ষার্থীর ব্যক্তিষ্ঠিনের প্রথম এবং সমস্যাসংকুল ধাপ। শান্তিনিকেতনের শিক্ষা-প্রতিষ্ঠান প্রতিষ্ঠার পর তা শিশ্ব এবং বালক-বালিকাদের বিদ্যালয়ই ছিল। শ্বাভাবিকভাবেই, রবীন্দ্রনাথের শিক্ষাচিত্তায় এই প্রথম দুটি প্রবিই প্রাধান্য প্রেছে।

একটা ক্ষেত্রে পর্বে পরে ভেন নেই। সেই ক্ষেত্রটাই সব থেকে গ্রুত্বপূর্ণ। প্রত্যেকটি পরেই শিক্ষাকে মানুষের গ্রধর্ম সাধনের পথ হতে হবে। সেই কারণেই শিক্ষাকে স্কানশীল হতে হবে, শিক্ষার গ্রাধীন চিন্তা ও গ্রাধীন ন্দ্রাসার অবকাশ থাকতে হবে, শিক্ষাকে আনন্দময় হতে হবে। আনন্দ যে শিক্ষার অপরিহার্য সংগী, গ্রাধীনতা যে শিক্ষার অপরিহার্য শতং স্কোনশীলতা যে শিক্ষার উচ্চতম লক্ষ্য, মনুষ্যন্ত্র-বিকাশ যে স্কোনশীলতাকে কেন্দ্র করেই, এটা শিক্ষার্থীর জীবনের সমন্ত পরের পক্ষেই সমান সতা।

বিদ্যালয়-পরিবেশের প্রশ্ন যাত্রবন্ধ নগরজীবনের পরিবেশ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানকে মৃত্তির পোরার প্রশ্ন, শিক্ষায় প্রকৃতির পথান নিয়ে যে প্রশ্ন—এই সব প্রশ্নকে রবীন্দ্রনাথ প্রাভাবিকভাবেই আনন্দ এবং মৃত্তির সংগ্য মিলিয়ে দেখেছেন। বিদ্যালয়ের চারদেয়ালে ঘেরা অস্থান্দর নিরানন্দ কক্ষ, নীরস পাঠক্রম, গতান্ত্রগতিক শৃংখলাবন্ধ রৃটিন, নিয়মের জন্য নিয়ম—ছাত্রের নির্পায় বন্দীদশা—এই ভয়ংকর অপচয় ও বিড়াবনা থেকে শিক্ষাকে মৃত্তু করা রবীন্দ্রনাথের সারাজীবনের সাধনা। সহজেই বোঝা যায়, কী বিদ্যালয়-পরিবেশ, কী প্রকৃতির গ্রহুত্ব, কী পাঠক্রম, কী শৃংখলা—সমস্তই শিক্ষার মৃত্তুল লক্ষ্যের সংগ্র সংগ্রহত।

#### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

শৃত্থলার প্রয়েজন নেই এমন কথা রবীন্দ্রনাথ বলেন নি । সাধনা মারেই নিষ্ঠা, শ্রম, অধ্যবসায় এবং শৃত্থলাসাপেক্ষ । কিন্তু সে শৃত্থলা নিজের মধ্য থেকে উন্তৃত শৃত্থলা, বাইরের থেকে চাপানো শৃত্থলা নয় । 'ছাত্রশাসনতন্ত' প্রবন্ধে (শিক্ষা, রা১১।৬৪৭-৫৭) ছাত্রদেব শাসন বিষয়ে রবীন্দ্রনাথ বিস্তৃত আলোচনা করেছেন । 'জেলখানার করেদের বেলায় আমরা নিয়মের কড়াকড়ি করি, কেননা তাদের আমরা অপরাধী হিসেবে দেখি, মানুষ হিসেবে দেখি না । ফোজের সিপাইদের বেলায় নিয়মের কড়াকড়ি করা হয়, কারণ তাদের আমরা যন্ত হিসেবে দেখি, মানুষ হিসেবে দেখি না । 'কিন্তু, ছাত্রকে জেলের কয়েদি বা ফোজের সিপাই বিলয়া আমবা তো মনে ভাবিতে পারি না । আমরা জানি, তাহাদিগকে মানুষ করিয়া তুলিতে হইবে । মানুষের প্রকৃতি সংক্ষা এবং সজীব তন্তুজালে বড়ো বিচিত্র করিয়া গড়া । এই জনাই মানুষের মাথা ধরিলে মাথায় মাণুর নারিয়া সেটা সারানো যায় না '' (তদেব, ৬৪১)

ওই প্রবন্ধ থেকেই আর-একটা উদ্ধৃত কবি।—

ছাত্রেরা গড়িয়া ভঠিতেছে । ভাবের আলোকে, রসের বর্ষণে তাদের প্রাণকোরকের গোপন মর্মাঞ্চলে বিকাশবেদনা কাজ করিতেছে । প্রকাশ তাদের মধ্যে থামিয়া যায় নাই; তাদের মধ্যে পরিপ্রণ্তার ব্যঞ্জনা । সেইজনাই সংগ্রের ইহাদিগকে প্রখা করেন, প্রেমের সহিত কাছে আহ্বান করেন, ক্ষমার সহিত ইহাদের অপরাধ মার্জনা করেন এবং ধৈর্যের সহিত ইহাদের চিত্তব্যত্তিকে উধের্যর দিকে উদ্ঘাটন করিতে থাকেন । ইহাদের মধ্যে প্রণমন্যান্তের মহিমা প্রভাতের অর্ণরেখার মতো অসীম সম্ভাব্যতার গোরবে উক্তরল । সেই গোরবের দাঁপ্তি যাদের ত্যেথে পড়ে না, যারা নিজের বিদ্যা পদ বা জাতির অভিমানে ইহাদিগকৈ পদে পদে অবজ্ঞা করিতে এদাত, তারা গ্রের্পদের অযোগ্য । ছাত্রিদগ্রে যারা স্বভাবতেই এখা করিতে না পারে ছাত্রদের নিকট হইতে ভব্তি তারা সহতে পাইতে পারিবে না ।" (তানের, ১৫০ )

প্রবশ্ধের শেষে বলেছেন --

"শ্রন্থার সংশ্ব দান করিলেই এন্ধার সংগ্রে গ্রহণ করা সংভব হয়। যেখানে সেই শ্রন্থার সম্পর্ক নাই সেখানে আদানপ্রদানের সম্বন্ধ কল্পনিত হইয়া উঠে। জেলখানার কয়েদিরা হাতে বেড়ি পড়িয়া যে অন্ন খাইতে বসে তাকে যজ্ঞের ভেক্তে বলা বিদুপি করা। জ্ঞানের ভোজ আনশ্বেদর ভোজ।" (তদেব, ৬৫৭)

জ্ঞানের ভোজ আনন্দের ভোজ'—এইটে রবীন্দ্রনাথের শিক্ষাতত্ত্বের একটা প্রধান কথা। শিক্ষার মলে লক্ষাের সণ্ডেগ এর সংযােগ অচ্ছেদা। আদশ শিক্ষাকের প্রসংগকে দেখতে হবে শিক্ষার মলে লক্ষাের পরিপ্রেক্ষিতে। শিক্ষক পথলে অনেক সময়ই রবীন্দ্রনাথ গ্রের্ কথাটি গ্রহণ করেছেন বটে, কিন্তু কথনােই তাঁকে আমাদের পরিচিত ধর্মগর্বের আসনে বসান নি। রবীন্দ্রনাথ তাঁর কলিপত তপােবনের কেন্দ্রশথলে মনে যে গ্রের্কে বাসয়েছেন, তাঁকেও তিনি শিক্ষার সজীব আদর্শের সঙ্গাে মিলিয়েই কলপনা করেছিলেন। ষেমন—

"দেখেছি মনে মনে তপোবনের কেন্দ্রম্পলে গ্রেকে। তিনি যশ্ত নন, তিনি মানুষ—নিশ্বিষ্ণভাবে মানুষ নন, স্কিয়ভাবে; কেননা মনুষ্যশ্বের লক্ষ্য-সাধনেই তিনি

প্রবৃত্ত। এই তপসারে গতিমান ধারার শিষ্যের চিত্তকে গতিশীল করে তোলা তাঁর আপন সাধনারই অংগ।" ( আশ্রমের শিক্ষা, শিক্ষা, র।১১।৭১১ ।

এই রকম শিক্ষকই তিনি তাঁর নিজের বিদ্যালয়ের জন্য কামনা করেছিলেন। তাঁর এমনও ননে হয়েছে যে, ছাত্রছাত্রীরা শিক্ষকের কাছ থেকে যে "নিত্যজ্ঞানরপু নানবচিত্তের" সংগ পার, সেইটেই শিক্ষার সব চেয়ে মূল্যবান উপাদান।" । তদেব )

ওই একই প্রবন্ধে ( আশ্রমের শিক্ষা ) তিনি আরো বলেছেন--

<u>"যে গরেরে অংতরে ছেলেনান্</u>ষ্টি একেবারে শ্রকি<u>য়ে কাঠ হলেছে তিনি ছেলেদের</u> ভার নেওয়ার অয়োগ্য। উভয়ের নধ্যে শর্মে, সামীপা নয়, আ তরিক <u>সায়ক্তা ও</u> সাদ্শ্য থাকা চাই, নইলে দেনা-পাওনায় নাডীর যোগ থাকে না।' ' তলের ২১১-১২ )

এই কথাটি বিশীন্দ্রন্থের শিক্ষাত্তেরে একটি মলোরান সতা। যার মধ্যে সহান্ত্রিত নেই, সমমমিতা বা এম্প্যাথি নেই, যার কল্পনাশক্তি নেই, থিনি মিলতে এবং মেলাতে পারেন না, থাঁর মধ্যে আন্দের উৎস নেই, স্কুলন্দীলতার উৎসার নেই, ম্রিক্তর সঙ্গীবতা নেই, তিনি গ্রের্হবার যোগ্য নন। তা থাঁর আছে তেমন গ্রের্কথনোই অথবিটোবয়ান নন, কেননা তিনি মন্ত মনেব সাধক। যেনন ববীন্দ্রনাটকের গ্রেব্বা ঠাকুশা। তেমন গ্রেব্ব কথনোই শৃংথলাব নায় শৃংথলার সাধক নন, নিয়মের জনা নিয়মনিষ্ঠ নন।

এ থেকে আমরা শিক্ষাপ্রণালী সংবদেধও সহজেই একটা ধারণা করে নিতে পারি। শিক্ষাপ্রণালী অথরিটেরিয়ান হবে না, শাসনতান্ত্রিক হবে না, শাংখলাসর্বস্ব হবে না— মার মনের বিকাশের উপযাল শিক্ষাপ্রণালী হবে। কথাটা শিক্ষণীয় বিষয় সংপক্তে সমভাবেই প্রযোজ্য। বিষয়ও যেনন তথাসবস্বি নয়, শিক্ষাপ্রণালীও তেমনি ক্ষাতিনিভার হবে না। এ কথা কখনোই বলব না যে, আবৃত্তি স্বাবিষয়েই বোধাদিপি গ্রীয়সী। ববীন্দ্নাথেয় ভাষাতে বলি—

শনানা আলোচনা নানা বাদগ্রতিবাদের ভিতর দিয়া পাঠ্যবিষয়গর্নল যেখানে প্রতাহ প্রসত্ত হইরা উঠিতেছে— যাঁহাবা আবিংকাব রিরেছেন, স্থিটি বিতেছেন, প্রকাশ করিতেছেন, তাঁহারাই যেখানে শিক্ষা নিতেছেন—সেখানে শিক্ষা সড় শিক্ষা নহে। সেখানে কেবল যে বিষয়গর্নলিকেই পাওয়া যায় ভাহা নহে, সেই সংগে দ্ভিটর শক্তি, মননের উপাম, স্থিটির উৎসাহ পাওয়া যায়। এমন অবস্থায় পরিথগত বিদ্যার অসহ্য জন্ম্য থাকে না, এশ্য ইইতে যেটুকু লাভ করা যায়, তাহারই মধ্যে একাশতভাবে বন্ধ হইতে হয় না।"

( ছার্টেব প্রতি সম্ভাষণ, আত্মধন্তি ও সন্থ, রা১২।৭২৬ )

াবল্যালয়ে ধর্মশিক্ষা বা নৈতিক আদশেরি প্রচার বা নাতিনিক্ষা বিষয়ে রবীন্দ্রনাথ খুব বেশি কিছু বলেন নি। বলা দ্বাভাবিকও নয়। শিক্ষার প্রসংগ্য রবীন্দ্রনাথ যে ধর্মের উপর জাের দিয়েছেন তা হল মান্ধের দ্বধর্মঅর্জন বা মন্ধ্যক্ষাভ। কােনা সাম্প্রদায়িক ধর্মের প্রতিই তাঁর বিশেষ পক্ষপাত ছিল না। সম্প্রত শিক্ষাই যেখানে মানব-ধর্মের বিকাশের প্রয়াস, তখন আলাদা করে ধর্মশিক্ষার আর কতটুকুই বা অবকাশ থাকে? নীতিশিক্ষার কথাও তাই। শিক্ষার সমগ্র ব্যাপার্টাই তাে মানব-নীতির

#### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

সাধনা, সমস্ত শিক্ষার মধ্যেই নীতিশিক্ষা অন্স্যুত, আলাদা করে নীতিশিক্ষার ক্ষেত্র কোথায় ?

শিক্ষণীয় বিষয়কে বৃত্তিবিকাশের সংগ্র মিলিয়ে জ্ঞানাত্মক, ভাবাত্মক বা নাম্পনিক এবং কর্ম মুখী বা ব্যবহারিক, এই তিন গোত্রে ভাগ করে নিতে পারি। জ্ঞানাত্মক বিষয়ের সম্পর্কে নতুন করে বলার বিশেষ কিছু নেই। বিজ্ঞানশিক্ষা ও চার্শিলপ বা কলাবিদ্যা বিষয়ে কিছু বলা দরকার।

সকলেই জানেন রবীন্দ্রনাথ বিজ্ঞানে প্রয়োগবিদ্যায় যেমন উৎসাহী বিশন্ধ বিজ্ঞানচর্চাতেও তেমনি—বোধকরি আরো বেশি আগ্রহী। শন্ধ্ বৈজ্ঞানিক তথ্যজ্ঞান নয়, বৈজ্ঞানিক তত্যজ্ঞানও নয়, রবীন্দ্রনাথের সমানই আগ্রহ বৈজ্ঞানিক দ্ভিভ•গীতে, তাঁর সমানই আগ্রহ ছাত্ররা যাতে বৈজ্ঞানিক জীবনদ্ভিত অর্জন করতে পারে, তারা যাতে প্রশ্ন, পরীক্ষা, যাচাই এবং যুক্তি ও বিচারের উপর আম্পাশীল হয়ে উঠতে পারে।

বিশ্ববিদ্যাসংগ্রহের বিজ্ঞানবিষয়ক যে ক্ষ্রুদ্র পাঠ্যপ্রশুতকটি রবীন্দ্রনাথ রচনা করেছিলেন, সেই 'বিশ্বপরিচয়' বইটির ভূমিকায় ( সত্যেন্দ্রনাথ বস্তুর কাছে চিঠি ) তিনি লিখেছেন—

"শিক্ষা যারা আরুভ করেছে, গোড়া থেকেই বিজ্ঞানের ভা°ডারে না হোক, বিজ্ঞানের আঙিনায় তাদের প্রবেশ করা অত্যাবশ্যক।" র র।১৪।৮২১

লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞাপ্তিতে তিনি লিখেছেন,—

"বৃদ্ধিকে মোহমান্ত ও সতক' করবার জন্য প্রধান প্রয়োজন বিজ্ঞানচচার ।"

এইবারে কলাবিদ্যার কথা—চিত্রকলা সংগীত, নৃত্য প্রভৃতি চার্শিণেপর কথা। বলা বাহ্লা, এর প্রত্যেকটিই স্বতন্ত্র বিষয় রুপেই শিক্ষণীয়। তাছাড়া প্রত্যেকটি অনপবিস্তর বৃত্তিমুখী, স্থতরাং ক্ষেত্রবিশেষে বৃত্তি রুপেও শিক্ষণীয়। কিন্তু সেখানে এদের দাবি আবশ্যিক বিষয় রুপে নয়, ঐচ্ছিক বিষয় রুপে। কিন্তু যে পাঠক্রমে নান্দনিক দিককে কোনো স্থান দেওয়া হয় নি, তা যে প্র্ণাঙ্গ পাঠকুনই নয়, তাতে বান্ধিছের বিকাশই যে অসম্পূর্ণ থাকে, এই সত্যের উপর জার দেওয়াটা রবীন্দ্রনাথের শিক্ষাত্তের একটা বড়ো বিশেষত্ব।

পাঠক্রমের প্রসংগে রবীশ্রনাথের বন্ধব্য স্ত্রাকারে পর পর উল্লেখ করা যেতে পারে।

প্রথম কথা পাঠক্রমের সীমানা নির্দিণ্ট বা সীমাবন্ধ হতে বাধা। কিন্তু পাঠের সীমা যেন পাঠক্রমেই আবন্ধ না হয়। "অত্যাবন্যক শিক্ষার সহিত শ্বাধীন পাঠ না মিশাইলে ছেলে ভালো করিয়া মান্য হইতে পারে না…।" (শিক্ষার হেরফের, শিক্ষা, রা১১।৫৩৭)

দ্বিতীয় কথা, পাঠক্রম কেবল জীবিকার ক্ষেত্র আবন্ধ থাকবে না, জ্ঞানের জন্য জ্ঞান শিক্ষার একটি প্রধান দিক।

তৃতীয় কথা, শিক্ষা শ্ব্ধ জ্ঞানচর্চা নয়, জ্ঞান ভাব কর্ম তিনেরই সাধনা। পাঠক্রম সেই ভাবেই রচিত হবে। অর্থাৎ সংগীত, চিত্রশিল্প ভাষ্কর্ম, নৃত্য ছাত্রদের শিক্ষাজীবনের অচ্ছেদ্য অঞ্চা হবে।

চতুর্থ কথা, পাঠক্রম যেন জীবনের সঙ্গে ঘনিষ্ঠভাবে ঘ্রন্ত হয়, তা ধেন জাতীয়জীবনের প্রয়োজনের সংগে যুক্ত থাকে।

পঞ্চম কথা, মাতৃভাষা ছাড়া এই যোগ সম্ভব নয়। যথার্থ স্জনশীল শিক্ষাও মাতৃভাষা ছাড়া সম্ভব নয়।

ষষ্ঠ কথা, পাঠক্রমকে অবলম্বন করে পাঠক্রমের বাইরে গিয়ে দেশের চিত্তের সঞ্জে যুক্ত হলে, পাঠক্রমে এবং শিক্ষাপরিমণ্ডলে দেশীয় সাহিত্যের জন্য একটি বড়ো স্থান সংরক্ষিত রাখতে হবে।

সপ্তম কথা, কর্মসাধনাকে, পারম্পরিক সহযোগিতাকে পাঠক্রমে অথবা তার পাশাপাশি সমান গ্রেছে খ্যান দিতে হবে। এই কর্মের স্তেই ছাত্রেরা চারপাশের সমাজজীবনের সংগে প্রতাক্ষভাবে যান্ত হতে পারবে।

বিশ্বভারতীর উদ্দেশ্য বা লক্ষ্য সাবশেধ নানা প্রবাশ্বে রবীন্দ্রনাথ বার বার তার বক্তব্য বলেছেন। বিদ্যালাভের এমন এক ক্ষেত্র রচনা করা — যত্র বিশ্বং ভবত্যেক নীড়ম্। প্রকৃত বিশ্ববিদ্যালয়ের আদশা কী তাও বিশ্বভারতীর সাত্রে বার বার বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়কে – এবং বলা বাহ্ল্য বিশ্বভারতীকে তাবং বিদ্যার এবং বিশ্বের তাবং দেশের বিদ্যাথীর মিলনের কেন্দ্র হতে হবে। 'বিশ্ববিদ্যালয়ের র্প' প্রবন্ধে (শিক্ষা, রা১১।৬৮৪) রবীন্দ্রনাথ বলেছেন "সমস্ত সভ্যদেশ আপন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে জ্ঞানেন অবারিত আতিথ্য করে থাকে।" এই আতিথ্য আজ ভারতবর্ষের বিশ্ববিদ্যালয়ের পক্ষে বিশেষ প্রয়োজনীয়। সেই কথা স্মরণ করেই 'শিক্ষার মিলন' প্রবন্ধে (শিক্ষা, রা১১।৬৭৭) স্পদ্ট করে বলেছেন, "এইজন্যেই আমাদের দেশের বিদ্যানিকেতনকে প্রেপিন্টনের মিলনানিকেতন করে তুলতে হবে, এই আমার অন্তরের কামনা।"

বলা নিষ্প্রোজন বিশ্বভারতী এই কামনারই অভিব্যক্তি।

বিশ্ববিদ্যালয় প্রসঞ্জে রবীন্দ্রনাথ আর একটি কামনা প্রকাশ করেছেন যে, তা সজীব হবে। তা শ্ব্য বিদ্যা বিতরণ করবে না, বিদ্যা উল্ভাবনও করবে। শেষেরটাই বেশি গ্রুবপুণ্ণ।—

শিক্ষার প্রকৃত ক্ষেত্র সেইখানেই যেখানে বিদ্যার উম্ভাবনা চলিতেছে। বিশ্ববিদ্যালয়ের মুখ্য কাজ বিদ্যার উৎপাদন, তাহার গোণ কাজ সেই বিদ্যাকে দান করা। বিদ্যার ক্ষেত্রে সেই সকল মনীষীদিগকে আহ্বান করিতে হইবে যাঁহারা নিজের শক্তি ও সাধনা দ্বারা অনুসন্ধান আবিষ্কার ও স্বৃষ্টির কার্যে নিবিষ্ট আছেন।" (বিশ্বভারতী, রা১১।৭৪৭)

আদর্শ ভারতীয় বিশ্ববিদ্যালয় প্রসংগ্যে—বা সোজা কথায় বিশ্বভারতী প্রসংগ্য অপর যে কামনাটি বার বার আবেগের সংগ্য উচ্চারিত হয়েছে, তা হল এই যে বিশ্বভারতী একদিন যেমন জ্ঞানের ক্ষেত্রে প্রাচ্য ও পাশ্চাত্যের মিলনকেন্দ্র হবে, অন্যাদিকে তা যেন খাঁটি ভারতীয় বিশ্ববিদ্যালয় হয়—জাতীয় বিশ্ববিদ্যালয় হয়, জাতীয়জীবনের সংগ্য যুক্ত থাকতে পারে। কথাটা রবীন্দ্রনাথের ভাষাতেই বলি—

"···সকল দেশেই শিক্ষার সংগ্যে সর্বাংগীণ জীবনযাত্রার যোগ আছে। আমাদের

#### রবীন্দ্রনাথের চি\*তাজগৎ

দেশে কেবলমাত্র কেরানিগিরি ওকালতি ডাঞ্জার ডেপ্টিগিরি দারোগাগিরি মুন্সেফি প্রভৃতি ভদ্রসমাজে প্রচলিত করেকটি বাবসারের সংগেই আমাদের আধুনিক শিক্ষার প্রতাক্ষ যোগ। যেখানে চাষ হইতেছে, কল্বর ঘানি ও কুমারের চাক ঘ্রিতেছে, সেখানে এ শিক্ষার কোনো শপর্শও পে'ছিয়ে নাই। অন্য কোনো শিক্ষিত দেশে এমন দ্রেশাগ ঘটিতে দেখা যায় না। তাহার কারণ, আমাদের নৃত্ন বিশ্ববিদ্যালয়গ্রলি দেশের মাটির উপরে নাই, তাহা পরগাছাব মতো পরদেশীয় বনম্পতির শাখায় ঝ্লিভেছে। ভারতবর্ষে যদি সত্য বিদ্যালয় শ্রাপিত হয় তবে গোড়া হইতেই সে বিদ্যালয় তাহাব অর্থশাস্ত্র, তাহার কৃষিতত্ত্ব, তাহার শ্রাখ্যবিদ্যা, তাহার সম্যুত ব্যবহারিক বিজ্ঞানকে আপন প্রতিষ্ঠাস্থানের চতুদিকবর্তী পিল্লীর মধ্যে প্রয়োগ করিয়া দেশের জীবন্যাত্রার কেন্দ্রখ্যান অধিকার করিবে। এই বিদ্যালয় উৎকৃষ্ট আদর্শে চাব করিবে, গো-পালন করিবে, কাপড় ব্রনিবে এবং নিজের আর্থিক সম্বল-লাভের জন্য সমবায়-প্রণালী অবলম্বন করিয়া ছাত্র শিক্ষক ও চারি দিকের অধিবাসীদের সঙ্গে জীবিকার যোগে ঘনিষ্ঠভাবে যান্ত হইবে।" (তদেক, রা১১।৭৪৭-১৮)

শাশ্তিনিকেতন আশ্রমবিদ্যালয় প্রতিষ্ঠার ১৮ বছর পরের এবং শ্রীনিকেতন প্রতিষ্ঠার ৩ বছর পরের এই ভাষণে (বৈশাখ ১৩২৬, ইং ১৯১৯) যে বিশেষ আকাষ্পন্ন প্রকাশিত হয়েছে, শাশ্তিনিকেতন বিদ্যালয়ে সেই অভিপ্রায় সিম্ধ হবে কি না, এ বিষয়ে রবীন্দ্রনাথের মনে প্রশ্ন জেগেছে। যেভাবে পল্লীজীবনের সংগ শিক্ষাপ্রতিষ্ঠানকে যুদ্ত করার কথা বলেছেন—'যেখানে চাষ হইতেছে, কলুর ঘানি ও কুমারের চাক ঘ্রিরতেছে', শিক্ষাকে যেভাবে তার মাঝখানে এনে শ্রাপন করার কথা বলেছেন, তিনি ব্রেছেন, শাশ্তিনিকেতনে তা প্ররাপ্রির ঘটা সম্ভব নয়। সেই কারণে পল্লীজীবনের সংগ্রঘনিষ্ঠভাবে যুদ্ধ প্রতিষ্ঠান হিসেবে, কেবল জ্ঞানচ্চার প্রতিষ্ঠান রূপে নয়, কমেরি সঞ্চো সমাশ্বত, জীবন ও জীবিকার প্রয়োজনের সংগ্র গভীরভাবে সংযুক্ত ভাতীয় প্রতিষ্ঠান হিসেবে তিনি শ্রীনিকেতনের প্রতিষ্ঠা করেন।

শ্রীনিকেতন-প্রয়াসের সাফল্য-অসাফল্য আমাদের আলোচা নয়। শিক্ষায় যে আমলে পরিবর্তন রবীন্দ্রনাথের কাম্য ছিল, তা শ্রুণ শ্রীনিকেতনের জন্য নয়, তা সাবা দেশের জন্য। শ্রীনিকেতন-প্রয়াস তার মলোবান দিগ্দেশনী। কাছের সিন্ধি অথবা কাছের অসিন্ধি দিয়ে তার বিচার হয় না।

### প্রাস্থািক রচনা

িশিক্ষা ও শিক্ষায়তন বিষয়ে—শিক্ষাথী, শিক্ষণীয় বিষয় ও পাঠক্রম, শিক্ষক বা গ্রের, শিক্ষাপ্রণালী, বিদ্যালয় পরিবেশ, আদশ বিশ্ববিদ্যালয় ইত্যাদি বিষয়ে আলোচনা রবীন্দ্রনাথের শিক্ষাবিষয়ক প্রায় সমন্ত রচনাতেই—অলপবিস্তর সর্বন্তই ছড়িয়ে আছে। এ রকম ক্ষেত্রে প্রাসন্থিক রচনার নির্দেশ খণিতত ও সামাবিষ হতে বাধ্য। এখানে মাত্র মলোবান নম্না হিসেবেই কয়েকটি রচনার নির্দেশ দেওয়া গোল। জানিয়ে রাখা প্রয়োজন যে, এ তালিকা নিতাশ্তই অসম্পূর্ণ।

১। প্রসংগকথা (তিনখানি পত্র); ২। প্র'প্রশ্নের অনুব;তি ; ৩। শিক্ষা-

সমস্যা, ৪। শিক্ষাসংক্ষার; ৫। জাতীয় বিদ্যালয়, ৬। তপোবন; ৭। লক্ষ্য ও শিক্ষা; ৮। শিক্ষার মিলন; ৯-১০। জগদানদ রায়কে পত (২ এবং ৩); ১১-১২। অজিত চক্রবতীকৈ পত (১ এবং ২); ১০। সশ্তোষ মজ্মদারকে পত; ১৪-২২। বিশ্বভারতী (১), (২), (৪, (৬), (১০), ১১), (১৪, ১৭) এবং (১৮); ২০। অসতোবের কারণ; ২৪। বিদ্যার যাচাই; ২৫। আকাষ্কা; ২৬। সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ (২); ২৭। শিক্ষার বিকিরণ; ২৮। বিশ্ববিদ্যালয়ের রপে: ২৯। ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ; ৩০। শান্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি, ৩১। আশ্রমের শিক্ষা; ৩২। আশ্রমের রপে ও বিকাশ; ৩০। দ্বীশিক্ষা; ৩৪। কলাবিদ্যা; ৩৫। শিক্ষা ও সংকৃতিতে সংগীতের স্থান; ৩৬। শিক্ষার আদর্শ; ৩৭। ধর্মশিক্ষা; ৩৮। মৃহক্ষদ আজিজ্বল হককে পত; ৩৯। শিক্ষার আদর্শ; ৩৭। ধর্মশিক্ষা; ৩৮। মৃহক্ষদ আজিজ্বল হককে পত; ৩৯। শিক্ষার অদর্শ; ৪০। শোক্ষার স্বাংগীকরণ; ৪১। আশ্রমের শিক্ষা; ৪২। ছাত্রশাসনতনত; ৪০। শোক্ষার স্বাংগীকরণ; ৪১। আশ্রমের শিক্ষা; ৪২। ছাত্রশাসনতনত; ৪০। নাক্ষার স্বাংগীকরণ; ৪১। আশ্রমের শিক্ষা;

সতোন্দ্রনাথ রায়

রবীন্দ্রনাথের চিক্তাজ্ঞগং শিক্ষাচিন্তা রবীন্দ্র-রচনাসংকলন

#### **)। (अधनाप्तर्थ काता**

ভারতী, গ্রাবণ ১২৮৪ (১৮৭৭)

···বংগদেশে এখন এমনি স্ভিছাড়া শিক্ষাপ্রণালী প্রচলিত হইয়াছে যে তাহাতে শিক্ষিতেরা বিজ্ঞান দর্শনের কতকগন্নি বৃলি এবং ইতিহাসের সাল—ঘটনা ও রাজাদিগের নামাবলী মৃখ্যুথ করিতে পারিয়াছেন বটে, কিম্তু তাহাতে তাহাদের র্ন্চিরও উর্লাত করিতে পারেন নাই বা শ্বাধীনভাবে চিম্তা করিতেও শিখেন নাই।

[ রবীশ্র রচনাবলী, পঃ বঃ সরকার ১৫শ খণ্ড, প;—১১৯ ]

#### होका :

মেঘনাদবধ কাব্য—মাইকেল মধ্যেদেন দত্ত প্রণীত 'মেঘনাদবধ কাব্যে'র উপর রবীন্দ্রনাথ সনালোচনা লেখেন। ১২৮৪ (১৮৭৭) সালে 'ভারতী' পত্রিকায় প্রথম বর্ষে গ্রাবণ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়। ক্রমান্বয়ে ভাদ্র, আন্বিন, কার্তিক, পৌষ ও ফালগ্রন সংখ্যায় প্রকাশিত হয়।

রচনাকালে রবীন্দ্রনাথের বয়স ১৬ বছর।

# উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য 🔅

### শৈকা প্রণালী

# তুলনীয় প্রসংগঃ

- ১. প্রসংগ কথা- -১ নং ( তিনখানি পত্র '।
- প্রেপ্রিশ্নের অন্বর্গত।
- ত. শিক্ষা সংশ্কার।
- ৪. শিক্ষা সমস্যা।
- ৫. আবরণ।
- ৬. পিতৃদেব ( জীবনক্ষাতি )।
- ৭. শিক্ষাবিধি।
- h লক্ষা ও শিক্ষা।
- জগদানশ্দ রায়কে পত্র ওনং।
- ১০ অ**সন্তোষে**র কারণ।
- ১১ বিশ্বভারতী ২নং।
- ১২ বিদ্যার যাচাই।
- ১৩. আকা কা।
- ১৪. বিশ্বভারতী ৬নং।
- ১৫. পশ্চিমবারীর **ভায়ারি**।
- ১৬. আলোচনা।
- ১৭. প্রবিশে বস্তা।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

- ১৮. জনৈক অধ্যাপককে চিঠি।
- ১৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং।
- ২০. শিক্ষার বিকিরণ।
- ২১ বিশ্বভারতী ১৭ নং।
- ২২ আশ্রমের শিক্ষা।
- 20. The Poet's School.
- 38 The School Master.
- ২৫ তোতাকাহিনী।
- ২৬. সম্তোষ্টশ্র মজ্মদারকে পর ২নং।

#### ২। স্থাপনল কণ্ড

[ ভারতী, কার্তিক ১২৯০ (১৮৮৩) প্র-২৮৯—৯৫ ]

·· সম্প্রতি ন্যাশনল ফশ্ড্ নামে আর একটা কথা শ্বনা যাইতেছে ।··· শ্বনা যাইতেছে একমান্ত্র Political agitation-ই এই অনুষ্ঠানের উদ্দেশ্য ।···

•••এই কাজটার ভার কাহাদের উপরে, এবং তাঁহারা কি উপায়ে ইহা সাধন করিতেছেন? যাঁহারা বাংগালা ভাষা অবহেলা করেন, বাংগালা ভাষা জানেন না, ইংরাজী ভাষায় বাণ্মতা প্রদর্শন করাই যাঁহাদের জীবনের প্রধান উদ্দেশ্য, তাঁহারাই ইহার প্রধান। গোড়াতে ইহার নামই হইয়াছে national fund, ইংরাজিতেই ইহার উদ্দেশ্য প্রচার হইয়াছে, আজ পর্যান্ত ইংরাজিতেই ইহার কাণ্ডকারখানা চলিতেছে। অথচ মুখে বলা হইতেছে, Peopleরাই আমাদের সহায়, People-দের জনাই আমরা এতটা করিতেছি. People-দের উপরই আমাদের ভরসা! এ সব ভাগ করিবার দরকার কি? People-রা যে তোমাদের কথাই ব্রিশতে পারে না। ইংরাজি ভাষায় তোমাদের তজনি গজনি শ্রনিয়া সে বেচারিরা যে হা করিয়া তাকাইয়া থাকে! তোমরা যাদি তাহাদের ভালবাসিতে, তবে তাহাদের ভাষা শিখিতে…।

••• আজ গবর্ণমেশ্ট আমাদিগকে প্রায়ন্ত শাসন দিয়াছেন, কিন্তু ভিক্ষার মত দিয়াছেন, অনুগ্রহের মত দিয়াছেন, যেন পরীক্ষা করিয়া দেখিবার জন্য দিয়াছেন, এ বিষয়ে যেন নানা সংশয় আছে, নানা বিবেচনার বিষয় আছে, কাল যদি দেখা যায় এ প্রণালী ভাল খাটিল না, তবে কালই হয়ত ইহা বন্ধ করিতে হইবে। কিন্তু যদি আমরা সমন্ত জাতি এই প্রায়ন্ত শাসন প্রণালীর জন্য আগে প্রস্তুত হইতে পারিতাম, তবে এ অধিকার আমরা অসন্কোচে গ্রহণ করিতাম ও গবর্ণমেশ্টকে অবিচারে দিতে হইত। এইরপে প্রস্তুত হইবার উপায় কি? তাহার এক উত্তর আছে বিদ্যাশিক্ষার প্রচার। আজ যে ভারগ্রিল কেবল গ্রিদ্যুই তিন মাত্র লোক জানে, সেই ভাব সাধারণে যাহাতে প্রচার হয় তাহারই চেন্টা করা, এমন করা, যাহাতে দেশের গাঁয়ে গাঁয়ে, পাড়ায় পাড়ায় নিদেন গ্রেটী কতক করিয়া শিক্ষিত লোক পাওয়া যায়, এবং তাহাদের ঘারা আশিক্ষিতদের মধ্যেও কতকটা শিক্ষার প্রভাব ব্যাপ্ত হয়। কেবল ইংরাজি লিখিলে

### রবীন্দ্র-রচনাসংকলন

কিবা ইংরাজিতে বস্তুতা দিলে ইটি হয় না! ইংরাজিতে যাহা শিখিয়াছ তাহা বাণ্যালায় প্রকাশ কর, বাংগালাসাহিত্য উর্নাত লাভ করুক ও অবশেষে বংগবিদ্যালয়ে দেশ ছাইয়া সেই সম্প্র শিক্ষা বাংগালায় ব্যাপ্ত হইয়া পড়ক। ইংরাজিতে শিক্ষা কথনই দেশের সর্বাত্ত ছড়াইতে পারিবে না। তোমরা দ্বটি চারটি লোক ভয়ে ভয়ে ও কি কথা কহিতেছ, সমশ্ত জাতিকে একবার দাবী করিতে শিখাও কিশ্তু সে কেবল বিদ্যালয় শ্থাপনের দ্বারা হইবে, Political agitation-এর দ্বারা হইবে না।…

### ः किर्चि

#### नामनल कुष्ड

১২৯০ সালে (৪ঠা জ্বলাই ১৮৮৩) রাজনৈতিক আন্দোলনের সহায়তাকদেপ Indian Mirror পত্রিকায় 'ন্যাশনল ফণ্ড' বা জাতীয় তহবিল খোলার প্রশতাব হয়। উল্লেখযোগ্য বিষয়/মনতব্য ঃ

#### মাতৃভাষা

## जुलनीय अन्धनः :

- শিক্ষার হেরফের।
- ২০ প্রসংগ কথা ১ (তিনখানি পত্র)।
- শিক্ষার হেরফের প্রবন্ধের অন্বর্তি।
- 8. বাংলা শিক্ষার অবসান।
- ৫. ইংরেজি শেখা '
- ৬. লোকশিকা গ্রন্থমালার বিজ্ঞাপ।
- ছারনের প্রতি সম্ভাষণ।
- ৮. শিক্ষার বাহন।
- ১ বিশ্ববিদ্যালয়ের রূপ।
- ১০. শিক্ষার দ্বাংগীকরণ।
- ১১. ছাত্রসম্ভাষণ।
- ১২. বাংলাণিফার প্রণালী ইত্যাদি।

# ৩। য়ুরোপযাত্রীর ভায়ারি

্'রা্রোপযাত্রীর ভাষারি'র ১ম খণ্ডের বিতীরাংশ, বৈশাখ ১২৯৮। 'সমাজ' (সদ্যগ্রন্থাবলী ১৩শ, ১৩১৫) গ্রন্থের অন্তভুক্ত। পা্রহ-৫৬। ]

···সম্প্রতি সমাজের নানা বিষয়ে অবস্থান্তর ঘটছে। দেশের আথিক অবস্থার এমন পরিবর্তন হয়েছে যে জীবনযাত্রার প্রণালী স্বতই ভিন্ন আকার ধারণ করছে এবং সেই স্তে আমাদের একাল্লবর্তী পরিবার কালক্সমে কথাঞ্চি বিশ্লিষ্ট হবার মত বোধ হচ্ছে। সেই সংগ্রে ক্লমশ আমাদের স্বীলোকদের অবস্থা পরিবর্তন আবশ্যক এবং অবশান্তাবী হয়ে পড়বে। কেবলমাত্র গৃহল্পিষ্ঠত কোমল হাদয়রাশি হয়ে থাকলে চলবে

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

না, মের্দশ্ডের উপর ভর করে' উন্নত উৎসাহী ভাবে স্বামীর পাশ্ব'চারিণী হতে হবে।

অতএব দ্বীশিক্ষা প্রচলিত না হ'লে বর্তমান শিক্ষিত সমাজে শ্বামী দ্বীর মধ্যে সামঞ্জসা নন্ট হয়। আমাদের দেশে বিদেশী শিক্ষা প্রচলিত হওয়াতে ইংরাজি ষে জানে এবং ইংরাজি যে জানে না তাদের মধ্যে একটা জাতিভেদের মত দাড়াচ্ছে, অতএব অধিকাংশ দথলেই আমাদের বরকন্যান মধ্যে যথার্থ অসবর্ণ বিবাহ হচ্ছে। একজনের চিশ্তা, চিশ্তার ভাষা, বিশ্বাস এবং কাজ আর এক জনের সংগ্যে বিশ্তর বিভিন্ন। এই জনো আমাদের আধ্বনিক দাশপতো অনেক প্রহসন এবং সম্ভবত অনেক টাজেডিও ঘটে থাকে। শ্বামী যেখানে ঝাঁঝালো সোডাওয়াটার চায়, দ্বী সেখানে স্থাতিল ভাবের জল এনে উপদ্থত করে।

এই জন্যে সমাজে স্বীশিক্ষা ক্রমশই প্রচলিত হচ্ছে, কারো বন্ধুতায় নয়, কর্তবা-জ্ঞানে নয়, আবশাকের বংশ।

এখন, অন্তরে বাহিরে এই ইংরাজি শিক্ষা প্রবেশ করে' সমাজের অনেক ভাবান্তর উপস্থিত করবেই সন্দেহ নেই। কিন্তু যাঁরা আশাকা করেন আমরা এই শিক্ষার প্রভাবে য়ুরোপীয় সভ্যতার মধ্যে প্রাচালীলা সন্বরণ করে, প্রম পাশ্চান্তালোক লাভ করব—আমার আশা এবং আমার বিশ্বাস তাঁদের সে আশাকা ব্যর্থ হবে।

কারণ, যেমন শিক্ষাই পাই না কেন, আমাদের একেবারে র্পাণ্ডর হওয়া অসণ্ডব। ইংরাজি শিক্ষা আমাদের কেবল কতকগ্লি ভাব এনে দিতে পারে কিন্তু তার সমস্ত অন্ত্রুল অবস্থা এনে দিতে পারে না। ইংরাজি সাহিত্য পেতে পারি কিন্তু ইংলন্ড পাব কোথা থেকে। বীজ পাওয়া যায় কিন্তু মাটি পাওয়াই কঠিন। ··

·· বর্তমান কালে যাঁরা বলেন আমরা প্রাচীন শাস্তের মধ্যে বন্ধমলে হয়ে বাহিরের শিক্ষা হ'তে অপনাকে রক্ষা করবার জন্যে আপাদমস্তক আচ্ছন্ন করে' বসে' থাকব, কিন্বা যাঁরা বলেন হঠাং-শিক্ষার বলে আমরা আতসবাজির মত এক মহুতে ভারতভূতল পরিত্যাগ করে' স্থদ্র উন্নতির জ্যোতিন্দ-লোকে গিয়ে হাজির হব তাঁরা উভয়েই অনাবশ্যক কলপনা নিয়ে অতিরিক্ত বংশিধ-কৌশল প্রয়োগ করছেন।

কিন্তু সহজ-বৃদ্ধিতে স্বভাবতই মনে হয় যে, ভারতবর্ষ থেকে শিকড়-উৎপাটন করে'ও আমরা বাঁচবনা এবং যে ইংরাজি শিক্ষা আমাদের চতুদিকৈ নানা আকারে বর্ষিত ও প্রবাহিত হচ্ছে তাও আমাদের শিরোধার্য করে' নিতেই হবে।…

## े कि

১৮৯০ সালে দিতীয় বার বিলেত ভ্রমণ উপলক্ষে রচিত। প্রথমে ১৮৯১ সালে সাধনাতে প্রকাশত।

উল্লেখযোগ্য বিষয়/মন্ত্ৰা :

## श्वीशका

## जुननीय श्रमणः

১. স্ত্রীশিক্ষা। ২. ভারদেবীকে পত্র ইত্যাদি।

#### রবীন্দ্ররচনা-সংকলন

## ৪। শিক্ষার ছেরফের

[ রচনা—অগ্রহায়ণ ১২৯৯, নভেশ্বর ১৮৯২, প্রকাশ—সাধনা, পোষ ১২৯৯ ]

যতটুকু অত্যাবশ্যক কেবল তাহারই মধ্যে কারার্ম্থ হইয়া থাকা মানবজীবনের ধর্ম নহে। আমরা কিয়ৎপরিমাণে আবশ্যক-শৃত্থেলে বদ্ধ হইয়া থাকি এবং কিয়ৎপরিমাণে গ্রাধীন। আমাদের দেহ সাড়ে তিন হাতের মধ্যে বদ্ধ, কিশ্তু তাই বলিয়া ঠিক সেই সাড়ে তিন হাত পরিমাণ গৃহ নির্মাণ করিলে চলে না। গ্রাধীন চলাফেরার জন্য অনেকখানি গ্রান রাখা আবশ্যক, নতুবা আমাদের গ্রাহ্য এবং আনন্দের ব্যাঘাত হয়। শিক্ষা সন্বশ্বেও এই কথা খাটে। যতটুকু কেবলমাত্ত শিক্ষা, অর্থাৎ অত্যাবশ্যক, তাহারই মধ্যে শিশ্বদিগকে একাশ্ত নিবম্ধ রাখিলে কখনোই তাহাদের মন যথেণ্ট পরিমাণে বাড়িতে পারে না। অত্যাবশ্যক শিক্ষার সহিত গ্রাধীন পাঠ না মিশাইলে ছেলে ভালো করিয়া মান্য হইতে পারে না—বয়ঃপ্রাপ্ত হইলেও ব্রিধ্বান্তি সন্বন্ধে সে অনেকটা পরিমাণে বালক থাকিয়াই যায়।

কিন্তু দা্ভাগ্যক্তমে আমাদের হাতে কিছ্মাত্ত সময় নাই। যত শীঘ্র পারি বিদেশীয় ভাষা শিক্ষা করিয়া, পাস দিয়া, কাজে প্রবিণ্ট হইতে হইবে। কাজেই শিশ্কাল হইতে উধর্শবাসে, দ্রুত বেগে, দক্ষিণে বামে দ্ক্পোত না করিয়া, পড়া মাখুম্থ করিয়া যাওয়া ছাড়া আর কোনো-কিছ্র সময় পাওয়া যায় না। স্তরাং ছেলেদের হাতে কোনো শথের বই দেখিলেই সেটা তৎক্ষণাৎ ছিনাইয়া লইতে হয়।…

তাহার ফল হয় এই, হজমের শক্তিটা সকল দিক হইতেই হ্রাস হইয়া আসে। যথেণ্ট খেলাধ্লা এবং উপয্ত আহারাভাবে বংগসংতানের শরীরটা যেমন অপ্টে থাকিয়া যায় মার্নাসক পাক্ষংশুটাও তেমনি পরিণতি লাভ করিতে পারে না। আমরা ষতই বি. এ. এম. এ. পাস করিতেছি, রাশি রাশি বই গিলিতেছি, বৃশ্ধিবৃতিটা তেমন বেশ বিলণ্ঠ এবং পরিপক্ত ইতৈছে না। তেমন ম্ঠা করিয়া কিছু ধরিতে পারিতেছি না, তেমন আদ্যোপাশ্ত কিছু গাঁড়তে পারিতেছি না, তেমন জোরের সহিত কিছু দাঁড় গ্রাইতে পারিতেছি না। আমাদের মতামত কথাবার্তা এবং হাতার-অনুষ্ঠান ঠিক সাবালকের মতো নহে। সেইজন্য আমরা অত্যুত্তি আড়াবর এবং আম্ফালনের স্বারা আমাদের মান্সিক দৈন্য ঢাকিবার চেন্টা করি।

ইহার প্রধান কারণ, বাল্যকাল হইতে আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা-কিছ্ব নিতান্ত আবশ্যক তাহাই ক-ঠম্থ করিতেছি। তেমন করিয়া কোনোমতে কাজ চলে মাত্র, কিন্তু বিকাশলাভ হয় না। হাওয়া খাইলে পেট ভরে না, আহার করিলে পেট ভরে; কিন্তু আহারটি রীতিমত হজম করিবার জন্য হাওয়া খাওয়ার দরকার। তেমনি একটা শিক্ষাপ্মতককে রীতিমত হজম করিতে অনেকগ্রলি পাঠ্য-প্মতকের সাহায্য আবশ্যক। আনন্দের সহিত পড়িতে পড়িতে পড়িবার শক্তি অলক্ষিতভাবে ব্দিধ পাইতে থাকে; গ্রহণশক্তি ধারণাশক্তি চিন্তাশক্তি বেশ সহজে এবং শ্বাভাবিক নিয়মে বললাভ করে।

#### রব। মনার্মের ।চ তাজগ্র

কিম্তু এই মানসিক-শব্তি-হ্রাসকারী নিরানন্দ শিক্ষার হাত বাঙালি কী করিয়া এড়াইবে, কিছ্বতেই ভাবিয়া পাওয়া যায় না।

এক তো, ইংরাজি ভাষাটা অতিমান্তায় বিজাতীয় ভাষা। শব্দবিন্যাস পদবিন্যাস সম্বশ্ধে আমাদের ভাষার সহিত তাহার কোনোপ্রকার মিল নাই। তাহার 'পরে আবার ভাববিন্যাস এবং বিষয়প্রসংগও বিদেশী। আগাগোড়া কিছুই পরিচিত নহে, স্থতরাং ধারণা জন্মিবার প্রেই মুখ্যুথ আরম্ভ করিতে হয়। তাহাতে না চিবাইয়া গিলিয়া খাইবার ফল হয়়। হয়তো কোনো একটা শিশ্-পাঠ্য রীডারে hay-making সম্বশ্ধে একটা আখ্যান আছে; ইংরাজ ছেলের নিকট সে ব্যাপারটা অতাম্ত পরিচিত, এইজন্য বিশেষ আনম্পায়ক। অথবা snowball খেলায় চালি এবং কেটির মধ্যে যে কির্পে বিবাদ ঘটিয়াছিল তাহার ইতিহাস ইংরাজ-সম্তানের নিকট অতিশয় কোতুকজনক। কিম্তু আমাদের ছেলেরা যথন বিদেশী ভাষায় সেগ্লো পড়িয়া যায় তথন তাহাদের মনে কোনোরপে স্মৃতির উদ্রেক হয়় না, মনের সম্মুখে ছবির মতো করিয়া কিছ্ব দেখিতে পায় না, আগাগোড়া অম্ধভাবে হাৎড়াইয়া চলিতে হয়।

আবার নীচের ক্লাসে যে-সকল মাস্টার পড়ায় তাহারা কেহ এন্ট্রেন্স্ পাস, কেহ বা এন্ট্রেন্স্ ফেল; ইংরাজি ভাষা ভাব আচার ব্যবহার এবং সাহিত্য তাহাদের নিকট কখনোই স্থপরিচিত নহে। তাহারাই ইংরাজির সহিত আমাদের প্রথম পরিচয় সংঘটন করাইয়া থাকে। তাহারা না জানে ভালো বাংলা, না জানে ভালো ইংরাজি; কেবল তাহাদের একটা স্থবিধা এই যে, শিশ্বদিগকে শিখানো অপেক্ষা ভুলানো ঢের সহজ কাজ এবং তাহাতে তাহারা সম্পূর্ণ কৃতকার্য তা লাভ করে।

বেচারাদের দোষ দেওয়া যায় না ।—Horse is a noble animal : বাংলায় তর্জানা করিতে গেলে বাংলারও ঠিক থাকে না, ইংরাজিও ঘোলাইয়া যায় । কথাটা কেমন করিয়া প্রকাশ করা যায় ? ঘোড়া একটি মহৎ জশ্তু, ঘোড়া অতি উ'চ্নরের জানোয়ার, ঘোড়া জশ্তুটা খ্ব ভালো—কথাটা কিছুতেই তেমন মনঃপ্তে-রকম হয় না ; এমন শথলে গোঁজামিলন দেওয়াই স্থবিধা । আমাদের প্রথম ইংরাজি শিক্ষায় এইর্পে কত গোঁজামিলন চলৈ তাহার আর সীমা নাই । ফলত, অলপ বয়সে আমরা যে ইংরাজিটুকু শিখি তাহা এত যৎসামান্য এবং এত ভুল যে, তাহার ভিতর হইতে কোনো-প্রকারের রস আকর্ষণ করিয়া লওয়া বালকদের পক্ষে অসভব হয়, কেহ তাহা প্রত্যাশাও করে না ; মাস্টারও বলে ছাত্রও বলে, 'আমার রসে কাজ নাই, টানিয়া ব্রনিয়া কোনো মতে একটা অর্থ বাহির করিতে পারিলে এ যাতা বাহিয়া যাই, পরীক্ষায় পাস হই, আপিসে চাকরি জোটে ।'…

তবে ছেলেদের ভাগ্যে বাকি রহিল কী? যদি কেবল বাংলা শিখিত তবে রামায়ণ মহাভারত পড়িতে পাইত; যদি কিছুই না শিখিত তবে খেলা করিবার অবসর থাকিত —গাছে চড়িয়া, জলে শাপাইয়া, ফুল ছি'ড়িয়া, প্রকৃতিজননীর উপর সহস্র দৌরাখ্য করিয়া, শরীরের প্রশিষ্ট, মনের উল্লাস এবং বাল্যপ্রকৃতির পরিতৃথি লাভ করিতে পারিত। আর ইংরাজি শিখিতে গিয়া না হইল শেখা, না হইল খেলা, প্রকৃতির সত্যরাজ্যে প্রবেশ করিবারও অবকাশ থাকিল না, সাহিত্যের কল্পনারাজ্যে প্রবেশ

### রবীন্দ্ররচনা-সংকলন

করিবারও খ্বার রুখ্ধ রহিল। অশ্তরে এবং বাহিরে যে দুইটি উদার এবং উষ্মত্তে বিহারক্ষেত্র আছে, মনুষ্য যেখান হইতে জীবন বল এবং শ্বাম্থ্য সঞ্চয় করে—যেখানে নানা বর্ণ, নানা রূপে, নানা গশ্ধ, বিচিত্র গতি এবং গাঁতি, প্রাতি ও প্রফল্লেতা, সর্বদা হিল্লোলত হইয়া আমাদিগকে সর্বাণ্গসচেতন এবং সম্পূর্ণবিকশিত করিয়া তুলিবার চেন্টা করিতেছে—সেই দুই মাতৃভূমি হইতে নিব্যাসিত করিয়া হতভাগ্য শিশ্বদিগকে কোন বিদেশী কারাগারে শূর্ণ্থলাবন্ধ করিয়া রাখা হয় ? ঈশ্বর যাহাদের জন্য পিতা-মাতার হ'দেয়ে পেনহস্ঞার করিয়াছেন, জননীর কোল কোমল করিয়া দিয়াছেন, যাহারা আকারে ক্ষুদ্র তব্ব সমস্ত গ্রের সমস্ত শ্নো অধিকার করিয়াও তাহাদের খেলার জন্য যথেণ্ট ম্থান পায় না, তাহাদিগকে কোথায় বালা যাপন করিতে হয় ? বিদেশী ভাষার ব্যাকরণ এবং অভিধানের মধ্যে । যাহার মধ্যে জীবন নাই আনন্দ নাই, অবকাশ নাই, নবীনতা নাই, নড়িয়া বাসবার একতিল স্থান নাই, তাহারই অতি শুক্ত কঠিন সংকীণ'তার মধ্যে। ইহাতে কি সে ছেলের কখনো মানসিক প্রভিট, চিত্তের গ্রসার, চরিত্রের বলিষ্ঠতা লাভ হইতে পারে? সে কি একপ্রকার পাশ্চবর্ণ রক্তহীন শীর্ণ অসম্পূর্ণে হইয়া থাকে না? সে কি বয়ঃপ্রাপ্তিকালে নিজের ব্রুম্থি খাটাইয়া কিছু বাহির করিতে পারে, নিজের বল খাটাইয়া বাধা অতিক্রম করিতে পারে, নিজের ম্বাভাবিক তেজে মুস্তক উন্নত করিয়া রাখিতে পারে ? সে কি কেবল মুখুম্থ করিতে, নকল করিতে এবং গোলামি করিতে শেখে না ?…

চিন্তাশক্তি এবং কলপনাশক্তি জীবনযাত্তা-নির্বাহের পক্ষে দুইটি অত্যাবশ্যক শক্তি, তাহাতে আর সন্দেহ নাই। অর্থাৎ, যদি মানুষের মতো মানুষ হইতে হয় তবে ঐ দুটা পদার্থ জীবন হইতে বাদ দিলে চলে না। অতএব বাল্যকাল হইতে চিন্তা ও কলপনার চর্চা না করিলে কাজের সময় যে তাহাকে হাতের কাছে পাওয়া যাইবে না, এ কথা অতি পুরাতন।

কিন্তু আমাদের বর্তমান শিক্ষার সে পথ একপ্রকার রুন্ধ। আমাদিগকে বহুকাল পর্যন্ত শুন্ধমাত ভাষাশিক্ষার ব্যাপ্ত থাকিতে হয়। প্রেই বলিয়াছি, ইংরাজি এতই বিদেশীর ভাষা এবং আমাদের শিক্ষকেরা সাধারণত এত স্পর্শিক্ষিত যে, ভাষার সংগে সংগে ভাব আমাদের মনে সহজে প্রবেশ করিতে পারে না। এইজন্য ইংরাজি ভাবের সহিত কিয়ৎপরিমাণে পরিচয় লাভ করিতে আমাদিগকে দীঘালাল অপেক্ষা করিতে হয় এবং ততক্ষণ আমাদের চিন্তাশন্তি নিজের উপযুক্ত কোনো কাজ না পাইয়া নিতান্ত নিশ্চেটভাবে থাকে। এন্ট্রেন্স্ এবং ফার্স্টা-আর্ট্র্স্স পর্যন্ত কেবল চলনসই রকমের ইংরাজি শিখিতেই যায়; তার পরেই সহসা বি এ ক্লাসে বড়ো বড়ো পর্যথ এবং গ্রুর্বতর চিন্তাসাধ্য প্রসংগ আমাদের সম্মুখে ধরিয়। দেওয়া হয়; তখন সেগ্রেলা ভালো করিয়া আয়ত্ত করিবার সময়ও নাই, শক্তিও নাই—সবগ্রলা মিলাইয়া এক-একটা বড়ো বড়ো তাল পাকাইয়া একেবারে এক-এক গ্রাসে গিলিয়া ফেলিতে হয়।

যেমন যেমন পড়িতেছি অমনি সংগ্যে সংগ্যে ভাবিতেছি না ইহার অর্থ এই যে স্তুপ উ'চা করিতেছি, কিল্তু সংগ্যে সংগ্যে নির্মাণ করিতেছি না।

···সংগ্রহযোগ্য জিনিসটা যখনি হাতে আসে তর্থান তাহার ব্যবহারটি জানা, তাহার

## রবীন্দ্রনাথের চিন্তাজগণ

প্রকৃত পরিচয়টি পাওয়া, জীবনের সংগে সংগে জীবনের আশ্রয়ম্থলটি গড়িয়া তোলাই রীতিমত শিক্ষা। মানুষ এক দিকে বাড়িতেছে আর তাহার বিদ্যা আর-এক দিকে জমা হইতেছে; খাদ্য এক দিকে ভাণ্ডারকে ভারাক্রাশ্ত করিতেছে, পাকষশ্য আর এক দিকে আপনার জারক রসে আপনাকে জীর্ণ করিয়া ফেলিতেছে—আমাদের দেশে এই একপ্রকার অভূতপূর্ব কাণ্ড চলিতেছে।

অতএব, ছেলে যদি মানুষ করিতে চাই তবে ছেলেবেলা হইতেই তাহাকে মানুষ করিতে আরুভ করিতে হইবে ; নতুবা সে ছেলেই থাকিবে. মানুষ হইবে না। শিশ্বকাল হইতেই. কেবল স্মরণশক্তির উপর সমস্ত ভর না দিয়া, সংগ্রে সঞ্গে যথাপরিমাণে চিশ্তা-শক্তি ও কল্পনাশক্তির স্বাধীন পরিচালনার অবসর দিতে হইবে। সকাল হইতে সম্ধান পর্যাপত কেবলই লাঙল দিয়া চাষ এবং মই দিয়া ঢেলা ভাঙা, কেবলই ঠেঙালাঠি মুখ্যুথ এবং এক জামিন — আমাদের এই 'মানব-জনম'-আবাদের পক্ষে, আমাদের এই দলেভি ক্ষেত্রে সোনা ফলাইবার পক্ষে যথেণ্ট নহে। এই শক্তে ধ্রলির সংগ্রে, এই অবিশ্রায় কর্ষণ-প্রীড়নের সংগ্রের থাকা চাই। কারণ, মাটি যত সরস থাকে ধান তত ভালো হয়। তাহার উপর আবার এক-একটা বিশেষ সময় আসে যখন ধানাক্ষেত্রের **পক্ষে** বৃষ্টি বিশেষরূপে আবশ্যক। সে সময়টি অতিক্রম হইয়া গেলে হাজার বৃষ্টি হইলেও আর তেমন স্বফল ফলে না। বয়োটিকাশেরও তেমনি একটা বিশেষ সময় আছে যখন জীবনত ভাব এবং নবান কম্পনাসকল জীবনের পরিণতি এবং সরসতা-সাধনের পক্ষে অত্যাবশ্যক, ঠিক সেই সময়টিতে যদি সাহিত্যের আকাশ হইতে খ্রব এক পশলা বর্ষণ হইয়া **যা**য় তবে 'ধন্য রাজ্য পশ্যে দেশ'। নবোশিতর হাদ্যাংকুবগর্লি যথন অন্ধকাব মাতভূমি হইতে বিপলে প্রথিবী এবং অনুষ্ঠ নীলাবেরের দিকে প্রথম মাথা ভূলিত দেখিতেছে, প্রচ্ছন্ন জন্মান্তঃপ্রের দারদেশে আসিয়া বহিঃসংখারের সহিত ভাহাব নতেন পরিচয় হইতেছে —যখন নবীন বিষ্মার, নবীন প্রতি, নবীন কৌত্রল চারি দিকে আপন শীর্ষ প্রসারণ করিতেছে—তথন যদি ভাবের সমীরণ এবং চিরানন্দলোক হইতে আলোক এবং আশীর্বাদধারা নিপতিত হয়, তবেই তাহার সমুহত জীবন যথাকালে সফল সরস এবং পরিণত হইতে পারে। কিন্তু সেই সময় যদি কেবল শাুণ্ক ধর্লি এবং তপ্ বালকো, কেবল নীরস ব্যাকরণ এবং বিদেশী অভিধান তাহাকে আঞ্চল করিয়া ফেলেন তবে পরে ম্যলধারায় বর্ষণ হইলেও—গ্রুরোপাঁগ সাহিত্যের নব নব জীবনত সত্য. বিচিত্র কলপনা এবং উন্নত ভাবসকল লইয়া দক্ষিণে বামে ফেলাছতা করিলেও—সে আর তেমন সফলতা লাভ করিতে পারে না, সাহিত্যের অম্তানিহিত জীবনীশান্তি আর তাহাব জীবনের মধ্যে তেমন সহজভাবে প্রকাশ করিতে পারে না ।

আমাদের নীরস শিক্ষায় জীবনের সেই মাহেণ্দ্র ক্ষণ অতীত হইয়া যায়। আমরা বাল্য হইতে কৈশোর এবং কৈশোর হইতে যৌবনে প্রবেশ করি কেবল কতকর্লা কথার বোঝা টানিয়া। সরস্বতীর সাম্রাজ্যে কেবলমাত্র মজনুরি করিয়া মরি; প্রেণ্ঠর মের্দণ্ড বাঁকিয়া যায় এবং মন্যান্থের সর্বাংগাণ বিকাশ হয় না। যথন ইংরাজি ভাবরাজ্যের মধ্যে প্রবেশ করি তখন আর সেখানে তেমন যথার্থ অশ্তরংগের মতো বিহার করিতে পারি না। যদিবা ভাবগুলা একর্প ব্লিতে পারি, কিশ্তু সেগুলাকে মম্প্লে

#### রবীন্দ্ররচনা-সংকলন

আকর্ষণ করিয়া লইতে পারি না ; বস্তুতায় এবং লেখায় ব্যবহার করি, কিন্তু জীবনের কার্যে পরিণত করিতে পারি না ।···

বাল্যকাল হইতে যদি ভাষাশিক্ষার সংগ্রে সংগ্রে ভার্বাশক্ষা হয় এবং ভাবের সংগ্রে সংগ্রে সমণ্ড জীবনযাত্রা নির্মানত হইতে থাকে তবেই আমাদের সমণ্ড জীবনের মধ্যে একটা যথার্থ সামপ্ত্রস্থাপিত হইতে পারে, আমরা বেশ সহজ মান্ধের মতো হইতে পারি এবং সকল বিষয়ের একটা যথায়থ পরিমাণ ধরিতে পারি ।

···আমরা যে শিক্ষায় আজন্মকাল যাপন করি সে শিক্ষা কেবল যে আমাদিগকে কেরানিগিরি অথবা কোনো একটা বাবসায়ের উপযোগী করে মাত্র, যে সিন্দকের মধ্যে আমাদের আপিসের শামলা এবং চাদর ভাঁজ করিয়া রাখি সেই সিন্দকের মধ্যেই যে আমাদের সমুহত বিদ্যাকে তুলিয়া রাখিয়া দিই, আটপোরে দৈনিক জীবনে তাহার যে কোনো ব্যবহার নাই, ইহা বর্তমান শিক্ষাপ্রণালীগুণে অবশাশ্ভাবী হইয়া উঠিয়াছে। এজন্য আমাদের ছার্ত্তাদগকে দোষ দেওয়া অন্যায়। তাহাদের গ্রন্থজগৎ এক প্রান্তে আর তাহাদের বর্সাত-জগৎ অন্য প্রান্তে, মাঝখানে কেবল ব্যাকরণ-অভিধানের সেতু। এইজন্য যখন দেখা যায় একই লোক এক দিকে য়ারোপীয় দর্শন বিজ্ঞান এবং ন্যায়শাস্তে স্পশ্ডিত, অন্য দিকে চিরকুসংস্কারগর্মালকে স্বর্থে পোষণ করিতেছে—এক দিকে ম্বাধীনতার উষ্জ্বল আদুশ মুখে প্রচার করিতেছেন, অন্য দিকে অধীনতার শত সহস্র ল,তাতন্তপাশে আপনাকে এবং অন্যাকে প্রতি মহেতে আচ্ছন্ন ও দূর্বল করিয়া ফেলিতেছেন—এক দিকে বিচিত্তভাবপূর্ণ সাহিত্য স্বতন্তভাবে সম্ভোগ করিতেছেন, অন্য দিকে জীবনকে ভাবের উচ্চ শিখরে অধিরতে করিয়া রাখিতেছেন না, কেবল ধনোপাজ'ন এবং বৈষ্ঠারক উন্নতি-সাধনেই বাসত— তখন আর আশ্চর্য বোধ হয় না। কারণ, তাঁহাদের বিদ্যা এবং ব্যবহারের মধ্যে একটা সত্যকার দর্ভেদ্য ব্যবধান আছে, উভয়ে কখনো স্তমংলগনভাবে মিলিত হইতে পায় না । ...

আমাদের এই শিক্ষার সহিত জীবনের সামঞ্জসাসাধনই এখনকার দিনের সর্বপ্রধান মনোযোগের বিষয় হইয়া দাঁড়াইয়াছে।

কিন্তু এ মিলন কে সাধন করিতে পারে ? বাংলা ভাষা বাংলা সাহিত্য।…

প্রে বলিয়াছি, আমাদের বাল্যকালের শিক্ষায় আমরা ভাষার সহিত ভাব পাই না। আবার বয়স হইলে ঠিক তাহার বিপরীত ঘটে , যখন ভাব জ্টিতে থাকে তখন ভাষা পাওয়া যায় না। এ কথাও প্রে উল্লেখ করিয়াছি যে, ভাষাশিক্ষার সংগে সংগে ভাবশিক্ষা একর অবিচ্ছেদ্যভাবে বৃদ্ধি পায় না বলিয়াই যুরোপীয় ভাবের যথার্থ নিকটসংসর্গ আমন্য লাভ করি না এবং সেইজন্যই আজকাল আমাদের অনেক শিক্ষিত লোক য়ুরোপীয় ভাবের সংগে সংগেই আপনার প্রকাশ করিতে আরুভ করিয়াছেন। অন্য দিকেও তেমান ভাবের সংগে সংগেই আপনার মাতৃভাষাকে দৃঢ়সংক্ষর রূপে পান নাই বলিয়া মাতৃভাষা হইতে তাহারা দ্রের পাড়য়া গেছেন এবং মাতৃভাষার প্রতি তাহাদের একটি অবজ্ঞা জন্মিয়া গেছে। বাংলা তাহারা জানেন না সে কথা স্পন্টরূপে হবীকার না করিয়া তাহারা বলেন, বাংলায় কি কোনো ভাব প্রকাশ করা যায় ? এ ভাষা আমাদের মতো শিক্ষিত মনের উপযোগী নহে। প্রকৃত কথা আঙ্বর আয়ডের

### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

অতীত হইলে তাহাকে টক বলিয়া উপেক্ষা আমরা অনেক সময় অজ্ঞাতসারে করিয়া থাকি।

যে দিক হইতে যেমন করিয়াই দেখা যায়, আমাদের ভাব ভাষা এবং জীবনের মধ্যকার সামঞ্জসা দরে হইয়া গেছে। মান্য বিচ্ছিন্ন হইয়া নিজ্ফল হইতেছে, আপনার মধ্যে একটি অখণ্ড ঐক্যলাভ করিয়া বিলণ্ঠ হইয়া দাঁড়াইতে পারিতেছে না ষখন যেটি আবশ্যক তখন সোটি হাতের কাছে পাইতেছে না। একটি গণ্প আছে, একজন দরিদ্র সমশ্ত শীতকালে অণ্প অণ্প ভিক্ষা সঞ্চয় করিয়া যখন শীতবশ্ব কিনিতে সক্ষম হইত তখন গ্রীন্ম আসিয়া পড়িত, আবার সমশ্ত গ্রীন্মকাল চেণ্টা করিয়া যখন লঘ বেশ্ব লাভ করিত তখন অগ্রহায়ণ মাসের মাঝামাঝি, দেবতা যখন তাহার দৈনা দেখিয়া দয়ার্দ্র হইয়া বর দিতে চাহিলেন তখন সে কহিল. 'আমি আর কিছ্ চাহি না, আমার এই হেরফের ঘ্টাইয়া দাও। আমি-যে সমশ্ত জীবন ধরিয়া গ্রীন্মের সময় শীতবশ্ব এবং শীতের সময় গ্রীন্মবন্দ্র লাভ করি, এইটে যদি একটু সংশোধন করিয়া দাও তাহা হইলেই আমার জীবন সাথেক হয়।'

আমাদেরও সেই প্রার্থনা। আমাদের হেরফের ঘ্রচিলেই আমরা চরিতার্থ হই। শীতের সহিত শীতবদ্র, গ্রীন্মের সহিত গ্রীন্মবদ্র, কেবল একর করিতে পারিতেছি না বলিয়াই আমাদের এত দৈনা , নহিলে আছে সকলই। এখন আমরা বিধাতার নিকট এই বর চাহি, আমাদের ক্ষ্মার সহিত অল্ল. শীতের সহিত বদ্র ভাবের সহিত ভাষা. শিক্ষার সহিত জীবন কেবল একর করিয়া লাও।…

শিক্ষা, বিশ্বভারতী ১৯৭৩, পর ৭—১৯

### े कि

শৈক্ষার হেরফের—১২৯৯, অগ্রহায়ণ (১৮৯২, নভেন্বর) মাসে রবান্দ্রনাথ রাজসাহীতে লোকেন পালিতের নিকট অতিথিরপে বাস করেন। প্রমথ চোধুরীও রবীন্দ্রনাথের সংগ্ণ রাজসাহীতে গিয়েছিলেন। রাজসাহীতে সেই সময়ে অক্ষয়কুমার মৈত্র প্রম্ব কয়েকজন সাহিত্যিক ছিলেন। রাজসাহীতে তংকালীন এসোসিয়েশন থেকে শিক্ষা সন্বন্ধে প্রবন্ধ পাঠ করবার জন্য রবীন্দ্রনাথকে আহ্বান করা হয়। রবীন্দ্রনাথ সেই সময়েই 'শিক্ষার হেরফের' প্রবন্ধিটি পাঠ করেন। রবীন্দ্রনাথের এই প্রবন্ধ তথনকার বহু মনীষীর কাছে সমাদৃত হয়। উক্ত প্রবন্ধ পাঠ করে বণিকমচন্দ্র চট্টোপাধ্যায় পত্রে রবীন্দ্রনাথকে লিখেছিলেন,—" শিক্ষা সাবন্ধীয় প্রবন্ধটি আমি দুইবার পাঠ করিয়াছি। প্রতি ছত্রে আপনার সংগ্র আমার মতের ঐক্য আছে।" প্রসাক্ষাক্রথা, তিনথানি পত্র, সাধনা, ১২৯৯—১৩০০, প্র—৪৪০—৪১ ।

জাঙ্গিস গ্র্দাস বন্দ্যোপাধ্যায় এবং ভারতীয় র্যাংলার আনন্দমোহন বস্ত্র রবীন্দ্রনাথের প্রবন্ধেক্ত মতগুলিকে পত্রে বিশেষভাবে সমর্থন করেন। উক্ত প্রবন্ধের অনুবৃত্তিরপে রবীন্দ্রনাথ 'প্রসংগকথা (তিনখানি পত্র)' এবং 'প্রে প্রশের অনুবৃত্তি' দ্বিটি প্রবন্ধ লেখেন।

## রবীন্দ্রচনা-সংকলন

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য : ৰাতৃভাষা, শিক্ষা ও জীবন তুলনীয় প্ৰসংগ :

১. ন্যাশনল ফ'ড। ২ প্রসংগ্রহণ ১ (তিনখানি পত্র)। ৩. শিক্ষার হেরফের প্রবন্ধের অনুবৃত্তি। ৪. বাংলা শিক্ষার অবসান (জীবনক্ষাতি)। ৫. ইংরেজি শেখা। ৬. লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি। ৭. ছারদের প্রতি সম্ভাষণ। ৮. শিক্ষার বাহন। ৯. বিশ্ববিদ্যালয়ের রূপ। ১০. শিক্ষার ধ্বাংগীকরণ। ১১ ছারস্ভাষণ। ১২. জগদানন্দ রায়কে পত্র ১নং। ১৩. আকাৎক্ষা। ১৪ বিশ্বভারতী ৪নং। ১৫. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ১৬. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ১৮. আবরণ। ১৯. লক্ষ্য ও শিক্ষা। ২০. বাংলা শিক্ষার প্রণালী ইত্যাদি।

## ে। প্রসঙ্গ কথা ১ (ভিনখানি পত্র)

[ সাধনা, চৈত্ত ১২৯৯ ( ১৮৯৩ ) ]

···দেশের অধিকাংশ লোকের শিক্ষার উপর যদি দেশের উন্নাত নির্ভার করে, এবং সেই শিক্ষার গভীরতা ও গ্থায়িত্বের উপর যদি উন্নতির গ্থায়িত্ব নির্ভার করে, তবে মাতৃভাষা ছাড়া যে আর কোনও গতি নাই, এ-কথা কেহ না ব্যক্তিল হাল ছাড়িয়া দিতে হয়।

রাজা কত আসিতেছে কত যাইতেছে; পাঠান গেল, মোগল গেল, ইংরেজ আসিল আবার কালক্সমে ইংরেজও যাইবে, কিম্তু ভাষা সেই বাংলাই চলিয়া আসিতেছে এবং বাংলাই চলিবে; যাহা কিছু বাংলায় থাকিবে তাহাই ষথার্থ থাকিবে এবং চিরকাল থাকিবে। ইংরেজ যদি কাল চলিয়া যায় তবে পরশ্ব ওই বড়ো বড়ো বিদ্যালয়গর্মল বড়ো বড়ো সোধবাৰুদের মতো প্রতীয়মান হইবে।

ভালোর্প নজর করিয়া দেখিলে আজও ওগ্নলাকে বৃদ্ধ বলিয়া বোঝা ষায়। উহারা আমাদের বৃহৎ লোকপ্রবাহের মধ্যে অত্যুক্ত লঘ্নভাবে অতিশয় অচপ স্থান অধিকার করিয়া আছে। প্রবাহের গভীর তলদেশে উহাদের কোনও মলে নাই। তীরে বিসয়া ফেনের আধিক্য দেখিলে শ্রম হয় তবে বৃধি আগাগোড়া এইর্প ধবলাকার,

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

একটু অশ্তরে অবগাহন করিলেই দেখা যায় সেথানে সেই দিনপ্ধ শীতল চিরকালের নীলাশ্ব,ধারা।

শিক্ষা যদি সেই তলদেশে প্রবেশ না করে, জীবশ্ত মাতৃভাষার মধ্যে বিগলিত হইয়া চিরম্থায়িত্ব লাভ না করে, তবে সমাজের উপরিভাগে যতই অবিশ্রাম নৃত্য কর্ক এবং ফেনাইয়া উঠুক তাহা ক্ষণিক শোভার কারণ হইতে পারে, চিরম্তন জীবনের উৎস হইতে পারে না।

এ-সব কথা ইতিহাসে অনেকবার আলোচিত হইয়া গেছে, এবং অনেক ইংরেজ লেখকও এ-কথা লিখিয়াছেন। জর্মানিতে যতাদন না মাতৃভাষার আদর হইয়াছিল ততাদন তাহার যথার্থ আত্মাদর এবং আত্মোন্নতি হয় নাই। শিক্ষাসভার যে-সভাগণ মাতৃভাষার প্রতি আপত্তি প্রকাশ করেন তাঁহারা এ-সমন্ত উদাহরণ অবগত আছেন, সেইজন্যই কথাটা তাঁহাদের ব্ঝানো আরও কঠিন, কারণ, ব্ঝাইবার কিছু নাই।

আর-একটা যুক্তি আছে। এতদিনকার ইংরেজি শিক্ষাতেও শিক্ষিতগণের মধ্যে প্রকৃত মানসিক বিকাশ দেখা যায় না। তাঁহারা এমন একটা কিছু করেন নাই যাহাকে প্রিবীর একটা ন্তন উপার্জন বলা যাইতে পারে, যাহাতে মন্যাজাতির একটা ন্তন গোরব প্রকাশ পাইয়াছে। কেহ কেহ ভাল ইংরেজি বলেন, কেহ কেহ বিশৃষ্ধ উচ্চারণ রক্ষা করেন, কিম্তু ধান্তীর অঞ্চল ছাড়িয়া কেহ এক পা হাঁটিতে পারেন না।

তাহার প্রধান কারণ, বিদেশী ভাষার ভার বড়ো গ্রেব্তর। একজনের খোলস আর একজনের স্কশ্বে চাপাইলে সে কখনোই তাহা লইয়া বেশ শ্বাধীন সহজভাবে চলিতে পারে না। আমাদের ভাবকে বিদেশী ভাষার বোঝা কাঁধে লইয়া চলিতে হয়, প্রতি পদে পদস্থলনের ভয়ে তাহাকে বড়ো সাবধানে অগ্রসর হইতে হয়, কোনোমতে মান বাঁচাইয়া বাঁধা রাশ্বা ধরিয়া চলিতে পারিলেই তাহার পক্ষে যথেন্ট।

কিন্তু তত্টুকু করাই এত কঠিন যে, সেইটুকু সুসম্পন্ন করিলেই পরম একটা গোরব অন্ভব করা যায়, সেটাকে খ্ব একটা মহং ফললাভ বলিয়া লম হয়। অন্যদেশে একটা বড়ো কাজের যতটা মল্যে, আমাদের দেশে একটা অবিকল নকলের মল্যে তাহা অপেক্ষা অলপ নহে। এতটা করিয়া যাহা হইল তাহা যে কিছ্ই নহে, এ-কথা লোককে বোঝানো বড়ো শক্ত। এইজন্য মুখুযোর ছেলেকে গড়গড় শম্পে ইংরেজি বক্তুতা করিতে শ্রিনেলে বাঁড়ুযোর ছেলেকেও সেই চড়ান্ত গোরব হইতে বিগত করিতে তাহার বাপের প্রবৃত্তি হয় না। তথ্ন যদি তাহাকে ব্রুবাইতে বসা যায় যে, বাক্ বাইট্ প্লাডস্টোনের ভাষার সহিত প্রচুর পরিমাণে পানাপ্রকুরের জল মিশাইয়া একটি বংগশাবক যে বহ্কেটে অথবা অল্পায়াসে গোটাকতক অকিণ্ডিকর কথা বলিয়া গেল, উহাতে কোনো কাজই হইল না, উহা না আমাদের দেশের অন্তঃকরণে স্থায়ী হইল, না বিলাতী সাহিত্যে প্রবেশ লাভ করিল—কেবল নিষ্ফল শিলাব্ণির ন্যায় অত্যন্ত ক্ষণশ্থায়ী চট্পেট্ শন্দের করতালি আকর্ষণ করিয়া শস্যবীজহীন পথকর্দ মের সহিত মিশাইয়া গেল, উহা অপেক্ষা বাংলা ভাষায় ভাব প্রকাশ করিবার চেণ্টারও সহস্রগ্রণ সফলতা আছে। তবে এ-সব কথা বাঁড়ুযোর কর্ণে প্থান লাভ করে না, মুখুযোর ছেলের ইংরেজি ফাঁকা আওয়াজের কাছে শ্বদেশের সমন্ত দাবি তাহার নিকট এতই ক্ষীণ বাঁলয়া প্রতীয়মান হয়।

### রবীন্দ্রচনা-সংকলন

ব্ৰাইবার পক্ষে আর-একটা বড়ো বাধা আছে। অনেকে এমন কথা মনে করেন, আমরাও তো আধ্ননিক প্রণালীতে শিক্ষালাভ করিয়াছি; কই আমাদের মানসিক উৎকর্ষ সম্বন্ধে আমাদের মনে তো কখনও তিলমান্ত সংশয় উপস্থিত হয় না। ব্রক্তি পাড়িতে কহিতে বালিতে আমরা তো বড়ো কম নহি।

সে-কথা অম্বীকার করিয়া কাজ নাই । তাঁহাদিগকে বলা যাক, আপনারা কিছুতেই নান নহেন । কিম্তু আরও ঢের বেশি হইতে পারিতেন । এখনই যদি আপিসের কাজ স্থশাভ্রমল-মতো নির্বাহ করিয়া জগংকে চমংকৃত করিয়া দিতে পারিতেছেন, বিদেশী ভাষার বাধা অতিক্রম করিতে না হইলে না জানি কী হইতেন এবং কী করিতেন । তাঁহাদিগকে আরও বলা যাইতে পারে যে, আপনাদের কথা স্বতন্ত্র । আপনারা যে এমন প্রতিকলে অবম্থার মধ্যেও এত বড়ো হইয়া উঠিয়াছেন, তাহাতে আপনাদেরই বিশেষ মাহাত্ম্য প্রকাশ পাইতেছে, শিক্ষাপ্রণালীর নহে । কিম্তু দেশের সকলেই তো আপনাদের মতো হইতে পারে না ।

শিক্ষায় স্বদেশী ভাষা অবলম্বন করিলে কেন যে মনের বিশেষ উন্নতি হয় সে-কথা প্রে বলিয়াছি। যে-সৌভাগ্যবান সভ্যজাতিরা দেশীভাষায় শিক্ষালাভ করে তাহারা প্রথম হইতেই ধারণা করিবার চিন্তা করিবার অবসব পায়। সারন্ত হইতেই তাহাদের ভাব প্রকাশ করিবার স্থযোগ ঘটে। কেবল যে কতকগ্লো মুখ্যুথ জ্ঞান অর্জন হয় তাহা নহে, মানসিক শক্তির বিকাশ হইতে থাকে। · · · · কোনো কোনো ইংরেজ অধ্যাপক আক্ষেপ করিয়া থাকেন যে, বাঙর্নল ছাতের মধ্যে ওরিজিন্যালিটির কোনো লক্ষণ দেখিতে পাওয়া যায় না। সে-কথা সত্য। কিন্ত্ কচুর আবাদ করিয়া, <mark>কলা</mark>র কাঁদি পাওয়া যাইতেছে না বলিয়া পরিতাপ করা শোভা পায় না। ঢে<sup>\*</sup>কির কাষ্ঠ নিয়মিত পদাঘাত ঘারা চালিত হইয়া অবিশ্রাম মাথা খাঁড়িয়া ফুচার্রুপে ধান ভানিতে পারে, কিন্তু তাহাতে পাতা গঞায় না, ফল ফলে না। এ জনা অন্য যে-খ্রশি আক্ষেপ কর্ক, কিন্তু যে-ছাতার সজীব গাছ কাটিয়া এই নিজীবি ঢে কি বানাইয়াছে সে কেন বিদ্মিত হয়। মানুষের মনকে যদি মনরূপে বাড়িতে তে তবেই তো **মধ্যে** মধ্যে ওরিজিন্যালিটি বিকাশ লাভ করিত, কিন্তু শিশ্বকাল হইতে তাহাকে যদি যদ্তরপে পরিণত করিলে তবে সে নির্পায় হইয়া কৈবল শেখা-কথা আওড়াইতে এবং অভাষ্ত কাজ সম্পন্ন কবিতে পারিবে। ভিজ্ঞাসা করি, জর্মানি যথন ফরাসি শিথিত, তথন কি সে ফরাসিভাষায় ওরিজিন্যালিটি দেখাইয়াছিল। জ্মনি-রচিত কোন্ ফরাসি গ্রন্থ ফরাসি-সাহিতো স্থায়ী সমাদর প্রাপ্ত হইয়াছে। ফ্রেণ্ড এবং জ**র্মানদের** ভাষা, ভাব, দেশের প্রকৃতি, ইতিহাস ও ধর্ম কর্মের যতটা ঐক্য আছে আমাদের সহিত ইংরেজের কি তাহার <mark>শতাংশ আছে। আম</mark>রা সেই ইংরেজি শিথিয়া সেই ইংরেজি ভাষায় ইংরেজ অধ্যাপকের নিকট ওরিজিন্যালিটি দেখাইব ? নিজের পা খোয়াইয়া কাঠের পা পরিয়া চলিতে পারি এই পরম সোভাগ্য, নৃত্য করিতে পারি না বলিয়া ধিকার দাও কেন। · · · · ·

দেশী ভাষায় যদি আমরা শিক্ষালাভ করিতে পারিতাম, তবে সে-শিক্ষা আমাদের পক্ষে অপর্যাপ্ত হইত। আমরা তাহার মধ্যে যথেচ্ছ বিচরণ সঞ্চরণ করিতে পারিতাম,

## রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

তাহার মধ্যে বাস করিতে পারিতাম এবং ক্লীড়া করিতেও পারিতাম। তাহার মধ্যে কাজও পাইতাম অবকাশও পাইতাম, সেও আমাকে গঠন করিত আমিও তাহাকে গঠন করিতাম। শিক্ষা এবং মনের মধ্যে খুব একটা স্বাভাবিক চলাচল থাকিত।

এখন, কথা হইতে পারে, বাংলায় এত বই কোথায়। তবে সেই কথাই হউক। বাংলায় যাহাতে পাঠা বই হয় সেই চেণ্টা করা যাক।

ওরিজিন্যাল কেতাব না পাওয়া যায় তো তর্জমা করিতে দোষ নাই। জ্ঞান বিজ্ঞান যেখানকারই হউক, ভাষা মাতার হওয়া চাই। শিক্ষাকে এমন আকারে পাওয়া চাই যাহাতে ইচ্ছা করিলে আমরা সকল ল্লাতাভিগিনীই তাহার সমান অধিকারী হইতে পারি।……

সরল হইতে ক্রমে দ্বর্হে অধিরোহণ করাই শিক্ষার অভিক্রম। শিক্ষার পশ্ধতিটি আয়ন্ত করাই শিক্ষার একটি প্রধান বাধা, সেই ছাঁচটি একবার গড়িয়া লইতে পারিলে অনেক কঠিন শিক্ষা সহজ হইয়া আসে। ব্যাকরণশিক্ষা ভাষাশিক্ষার একটি প্রণালী। কিন্তু যে-ভাষার কিছ্বই জানিনা সেই ভাষার ব্যাকরণ হইতেই যদি প্রথম ব্যাকরণ শিক্ষা হয়, তবে শিশ্বদের মন্তিন্তের প্রতি কী অন্যায় উৎপীড়ন করা হয়। কর্তা কর্ম ক্রিয়া প্রভৃতি আবেম্ট্রাক্ট্রশন্দগর্বলি ছেলেদের পক্ষে কত কঠিন সকলেই জানে; উপর্যুপরি সহজ উদাহরণের দারা ব্যাকরণের কঠিন স্কুগ্রালি কথান্তং বোধগমা হয়। কিন্তু ভাষা এবং ব্যাকরণ দ্বৃই যখন বিদেশী তখন কাহার সাহায্যে কাহাকে ব্রুথিবে। তখন স্কুও অপরিচিত, উদাহরণও অপরিচিত। যে-ভাষা স্ব্রাপেক্ষা পরিচিত সেই ভাষার সাহায্যে ব্যাকরণজ্ঞান লাভ করাই প্রশন্ত নিয়ম: অবশেষে একবার ব্যাকবণজ্ঞান জন্মিলে সেই ব্যাকরণের সাহায্যে অপরিচিত ভাষাশিক্ষা সহজ হইয়া আসে।

অতএব, শিখিবার প্রণালীটি যদি একবার মাতৃভাষার সাহায্যে অপেক্ষাকৃত সহজে আয়ত্ত হইয়া আসে, মনটি যদি শিক্ষার জন্য প্রস্তুত হইয়া উঠে তবে ধারণাশন্তি যে কতটা পরিপক্ষ হইয়া উঠে, কত অনাবশ্যক পীড়ন, কঠিন চেণ্টা ও শরীরমনের অবসাদ হইতে নিষ্কৃতি পাওয়া যায়, কত অলপ সময়ে ও কত স্থায়ীর্পে ন্তন শিক্ষা গ্রহণ করা যায়, তাহা যাহারা দুণ্টাশ্ত দেখিয়াছেন তাঁহারাই জানেন।

বাল্যকাল হইতেই ইংরেজি ভাষা শিক্ষা দেওয়া হউক কিন্তু বাংলার আনুষ্ঠিপক রুপে অতি অলেপ অলেপ, তাহা হইলে বাংলাশিক্ষা ইংরেজিশিক্ষার সাহাষ্য করিবে। ইতিহাস ভূগোল অব্দ প্রভৃতি শিক্ষার বিষয়গর্লি বাংলায় শিথাইয়া ইংরেজিকে কেবল ভাষাশিক্ষা রুপে শিথাইলে ভাষারুপে ইংরেজি শিথিবার সময় অধিক পাওয়া যায়; বুঝিয়া পড়িবার এবং অভ্যাস করিয়া লিথিবার যথার্থ অবসর থাকে।…

র। ১২শ, বিশ্বভারতী, ১৩৪৯, গ্রন্থপরিচয়, প্র ৬১৮—২২,

### े किर्च

## প্রস্পাকথা ভিন্থানি পর )—

১২৯৯ সালে রাজসাহী এসোসিয়েশনে রবীন্দ্রনাথ 'শিক্ষার হেরফের' প্রবন্ধটি পাঠ করেন। উক্ত প্রবন্ধটি বাংলাদেশে সর্বন্তই সমাদৃত হয়। বিক্ষাচন্দ্র চট্টোপাধ্যায়,

## রবীশ্ররচনা-সংকলন

গরেনাস বন্দ্যোপাধ্যায় ও আনন্দ মোহন বস্তু উক্ত প্রবন্ধটিকে বিশেষভাবে সমর্থন করে রবীন্দ্রনাথকে পত্র লেখেন। রবীন্দ্রনাথ উক্ত তিনখানি পত্র উন্ধৃত করে 'প্রসংগ কথা' (তিনখানি পত্র ) প্রবন্ধটি লেখেন। 'সাধনা' পত্রিকায় ২২৯৯ – ১৩০০, (প্— 880—868) প্রকাশিত হয়।

## **के**द्भिथरवागा विषय/मन्छवाः

মাতৃভাষা, শিক্ষাপ্রণালী, সার্থক শিক্ষা, শিক্ষা ও জনজীবন

## जूननीय भ्रमण्यः

১. ন্যাশনল ফণ্ড। ২. শিক্ষার হেরফের। ৩. শিক্ষার হেরফের প্রবন্ধের অনুবৃত্তি। ৪. বাংলাশিক্ষার অবসান (জীবনঙ্গাতি)। ৫. ইংরেজি শেখা। ৫. লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি। ৭. ছান্তদের প্রতি সম্ভাষণ। ৮. শিক্ষার বাহন। ৯. বিশ্ববিদ্যালয়ের রপে। ১০. শিক্ষার দ্বাংগীকরণ। ১১. ছান্তসম্ভাষণ। ২২. মেঘনাদবধ কাবা। ১৩. পরে প্রশ্নের অনুবৃত্তি। ১৪. শিক্ষাসংস্কার। ১৫. শিক্ষাসমস্যা। ১৬. আবরণ। ১৭. পিতৃদেব (জীবনঙ্গাতি)। ১৮. শিক্ষাবিধি। ১৯. লক্ষ্য ও শিক্ষা। ২০. জগদানন্দ রায়কে পত্র ৩ নং। ২১. অসনেতাবের কারণ। ২২ বিশ্বভারতী ১ নং। ২৩. বিশ্বভারতী ২ নং। ২৪. বিদ্যার বাচাই। ২৫. আকাজ্ফা। ২৬. বিশ্বভারতী ৬ নং। ২৭. পশ্চিম্যান্তীর ভায়ারি। ২৮. আলোচনা। ২১। পরেবিগে বক্তুতা। ৩০. জনৈক অধ্যাপকের চিঠি। ৩১. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২ নং। ৩২. শিক্ষার বিকিরণ। ৩০. বিশ্বভারতী ১৭ নং। ৩৪। আগ্রমের শিক্ষা। ৩৫. The Poet's School। ৩৬. The School Master। ৩৭. তোতাকাহিনী। ৩৮. সন্তোষচন্দ্র

## ৬। শিক্ষার ছেরফের প্রবন্ধের অনুরতি

[ সাধনা, আষাঢ় ১৩০০ (১৮৯৩) ]

····ভালো করিয়া ভাবিয়া দেখিলে আমাদের বিশ্ববিদ্যালয়গর্নালকে সৌধব্দ্ব্দ্ বিলয়া প্রতীয়মান হইবে: লোকপ্রবাহের গভীর তলদেশে তাহার মূল নাই।

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

বলা বাহ্লা, এর্প কথা তুলনাসাপেক্ষ। যে-সকল কথা কাবো প্রাণে প্রচিলত, যে-সকল কথা দেশের আবালব্ ধর্বনিতার মুখে মুখে সর্বদা প্রবাহিত, ষে-সকল কথা সহজে শ্বাভাবিক নিয়মে অনুক্ষণ কার্যে পরিণত হইয়া উঠিতেছে তাহাই জাতীয় জীবনের মুলে গিয়া সণিত হইতেছে, তাহাই চিরম্থায়ী। অতএব কোনো শিক্ষাকে শ্থায়ী করিতে হইলে, গভীর করিতে হইলে, ব্যাপক করিতে হইলে তাহাকে চির-পরিচিত মাতৃভাষায় বিগলিত করিয়া দিতে হয়। যে-ভাষা দেশের সর্বাত্ত সমারিত, অশ্তঃপুরের অসুর্যম্পদা কক্ষেও যাহার নিষেধ নাই, যাহাতে সমসত জাতির মানসিক নিশ্বাসপ্রশ্বাস নিম্পন্ন হইতেছে, শিক্ষাকে সেই ভাষার মধ্যে মিশ্রিত করিলে তবে সে সমসত জাতির রক্তকে বিশাম্থ করিতে পারে, সমসত জাতির জীবনক্রিয়ার সহিত তাহার যোগ সাধন হয়। ব্রুধ সেইজনা পালিভাষায় ধর্মপ্রচার করিয়াছেনে, চৈতন্য বংগভাষায় তাহার প্রেমাবেগ সর্বসাধারণের অশ্তবে সঞ্চারিত করিয়া দিয়াছিলেন। তাহার প্রমাবেগ সর্বসাধারণের অশ্তবে

র। ১২শ, বিশ্বভারতী, ১৩৪৯, প্:--৫০৩,

#### हे का :

# निकात रहतरकत श्रवत्थत वन्तर्शित-

১২৯৯ সালে রাজসাহী এসোসিয়েশনে রবীন্দ্রনাথ 'শিক্ষার হেরফের' প্রবংধটি পাঠ করেন। প্রবংধটি সর্বজনের নিকট বিশেষভাবে সমাদৃত হয়। প্রবংধটি পাঠ করে বিশ্বেমচন্দ্র চট্টোপাধ্যায়, গ্রুর্দাস বন্দ্যোপাধ্যায়, আনন্দমোহন বস্থ প্রবংধটি বিশেষভাবে সমর্থন করে রবীন্দ্রনাথকৈ পত্র প্রদান করেন। প্রনরায় রবীন্দ্রনাথ উন্ধ পত্র তিনখানি উন্ধৃত করে 'প্রসংগ কথা। তিনখানি পত্র)' প্রবংধটি রচনা করেন। তারপরেও এ বিষয়ে আলোচনা চলতে থাকে। 'শিক্ষার হেরফের প্রবংধর অন্ব্রিত' প্রবংধটি উন্ধ আলোচনারই বিশেষর্প।

## উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য ঃ

## মাতৃভাষা

## তুলনীয় প্রসংগ:

১. ন্যাশনল ফণ্ড। ২. শিক্ষার হেরফের। ৩. প্রসংগ কথা ১ (তিনখানি পর)। ৪. বাংলা শিক্ষার অবসান (জীবনক্ষাতি)। ৫. ইংরেজি শেখা। ৬. লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি। ৭। ছাত্রদের প্রতি সম্ভাষণ। ৮. শিক্ষার বাহন। ৯. বিশ্ববিদ্যালয়ের রূপে। ১০. শিক্ষার স্বাংগীকরণ। ১১. ছাত্রসম্ভাষণ। ১২. বাংলা শিক্ষার প্রণালী ইত্যাদি।

## রবীন্দ্রচনাসংকলন

#### ৭। প্রসঙ্গর থা ২

[ ভারতী, বৈশাখ ১৩০৫।১৮৯৮) ]

•••বিজ্ঞান যাহাতে দেশের সর্বসাধারণের নিকট জগম হয় সে-উপায় অবলম্বন করিতে হইলে একেবারে মাতৃভাষায় বিজ্ঞান চর্চার গোড়াপজন করিয়া দিতে হয়। নায়াম্স অ্যাসোসিয়েশন যদি গত প'চিশ বংসর এই কার্যে যহশীল হইতেন তবে যেফললাভ করিতেন তাহা রাজপ্রুষ্বর্গের সমুস্ত প্রাসাদ বাতায়ন হইতে দ্ভিগৈছের না হইলেও আমাদের এই বিজ্ঞানদীন দেশের পক্ষে অতাম্ত মহার্ঘা; হইত।

নালিশ এই যে, বিজ্ঞানসভা দেশের জনসাধারণের নিকট হইতে উপযুক্ত-মতো খোরাকি এবং আদর পায় না। কেনন করিয়া পাইবে। যাহারা বিজ্ঞানের মর্যাদা বোঝে না তাহারা বিজ্ঞানের জন্য টাকা দিবে, এনন অলোকিক সন্ভাবনার পথ চাহিয়া বিস্মা থাকা নিজ্জল। আপাতত মাতৃভাষার সাহায়ে সমন্ত বাংলাদেশকে বিজ্ঞানচঙ্গায় দীক্ষিত করা আবশ্যক, তাহা হইলেই বিজ্ঞানসভা সাথকি হইবে এবং সফলতঃ
মুগতৃঞ্চিকার ন্যায় দিগন্তে বিলীন হইবে না।

প্রেকালে ভারতবর্ষে কেবল রান্ধণদের জ্ঞানান্দীলনের অধিকার ছিল। ব্রন্ধণার উচ্চ আদশ সেই কারণেই কমে মান এবং বিকৃত হইয়া যায়। ক্রমে কম নির্থক, ধর্ম পর্যুগত, এবং পর্যুগত মুখন্থ বিদ্যায় পরিণত হইয়া আসিতেছিল। ইহার কারণ, নিম্নের মাধ্যাক্র্যণশন্তি অতানত প্রধল। যেথানে চতুর্দিক অনুন্নত সেখানে সংকীণ ভ্রনতিকে দীঘাকাল রক্ষা করা দ্বোসাধা। অদ্য রান্ধণ নামমাত রান্ধণ তাহার তিন দিনের উপনয়ন ব্রন্ধ্রের বিদ্রেপমাত, তাহার মন্তার্থজ্ঞানহীন সংক্ষার বর্বরতা। তাহার কারণ, অশিক্ষিত বিপল্লবিদ্ত্ত শ্রেসম্প্রনায় আপন দ্রব্যাপী প্রকাণ্ড মাতৃতার গ্রুর্ভাবে ধারে বারে ক্রমে ক্রমে ক্রমে রন্ধণ্যের উচ্চাশ্রকে ধ্রলিসাং করিয়া জয়ী ইইয়াছে।

অস্য ইংরেজিশিক্ষিতগণ কিয়ৎপরিমাণে সেই ব্রাহ্মণদের স্থান অধিকার করিয়াছেন। সাধারণের কাছে ইংরেজিভাষা বেনের মত্র অপেকা সরল নতে। এবং অধিকাংশ জ্ঞানবিজ্ঞান ইংরেজিভাষার কড়া পাহারার মধ্যে আবন্ধ।

তাহার ফল এই, বিদ্যালয়ে আমরা যাহা লাভ করি সমাজে তাহার কোনো 55'। নাই। ততরাং আমাদের বিদ্যা আমাদের প্রাণের সহিত রক্তের সহিত মিছিত হয় না। বিদ্যার প্রধান গোরব দাড়াইয়াছে অর্থোপার্জনের উপায়র্কে।

সায়ান্স অ্যাসোসিয়েশন সেই ব্রুপসংখ্যক আধ্বনিক ব্রাহ্মণপ্থানীয়দের জনা আপন শক্তি নিয়োগ করিয়াছে। যে-কয়জনা ইংরেজিতে বিজ্ঞান শেখে সভা তাহাদের নিকট ইংরেজিভাষায় বিজ্ঞান ব্যাখ্যা করে . বাকি সমন্ত বাঙালির সহিত তাহার কৈছুনাত্র সংপ্রব নাই। অথচ সায়ান্স অ্যাসোসিয়েশনের জন্য বাঙালি বিশেষ উদ্যোগী হইতেছে না, এ-আক্ষেপ তাহার উত্তরোত্তর প্রবল হইয়া উঠিতেছে।

বিজ্ঞানচচ'ার দ্বারা জিজ্ঞাসাব্তির উদ্রেক, পরীক্ষণশন্তির সংক্ষাতা এবং চিশ্তন-ক্রিয়ার যাথাতথ্য জন্মে এবং সেইসংগে সর্বপ্রকার ল্লাম্ত সিম্ধান্তও অন্ধ সংস্কার

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

স্থোদয়ে কুয়াসার মতো দেখিতে দেখিতে দ্র হইয়া যায়। কিশ্তু আমরা বারংবার দেখিয়াছি আমাদের দেশের ইংরেজিশিক্ষিত বিজ্ঞানঘে বা ছাটেরাও কালকমে তাঁহাদের সমস্ত বৈজ্ঞানিক কায়দা ঢিলা দিয়া অযোক্তিক সংস্কারের হস্তে আত্মসমপ্রণপ্রেক বিশ্রামলাভ করেন। যেয়ন পাথ্রে জমির উপর আধহাতখানেক প্র্করিণীর পাঁক তুলিয়া দিয়া তাহাতে বৃক্ষ রোপণ করিলে গাছটা প্রথম প্রথম খ্ব ঝাড়িয়া মাথা তুলিয়া ডালেপালায় গজাইয়া উঠে, অবশেষে শিকড় যেমনি নিচের কঠিন স্তরে গিয়া ঠেকে অমনি অক্ষাৎ মুসাডিয়া মরিয়া যায়—আমাদের দেশের বিজ্ঞানশিক্ষারও সেই অবশ্যা।

ঘরে বাহিরে চারিদিকে বিজ্ঞানের আলোককে সাধারণভাবে পরিব্যাপ্ত করিয়া দিলে তবেই বিশেষভাবে বিজ্ঞানের চর্চা এদেশে স্থায়ীরূপে বর্ধিত হইতে পারিবে। নতুবা আপাতত দুইদিনের উর্রাত দেখিয়া অত্যুক্ত উৎফ্লে হইবার কারণ নাই—কেননা, চারিদিকের দিগশ্তপ্রসারিত মৃঢ়তা দিনে নিশীথে অলক্ষ্যভাবে আকর্ষণ করিয়া সংকীণমূল উচ্চতাকে আপনার সহিত সমভূম করিয়া আনিবে। ভারতবধীয়ে প্রাচীন জ্ঞান-বিজ্ঞানের অধার্গতির প্রধান কারণ এই ভিত্তির সংকীর্ণতা, ব্যাপ্তির অভাব, একাংশের সহিত অপরাংশের গ্রেত্র অসাম্য

র। ১২শ খড, বিশ্বভারতী, আশ্বিন, ১৩৪৯, পৃ: ৫০৭ — ০৮

#### **উল্লেখযোগ্য विষয়** 'ম-তব্য :

#### विख्वानहर्ण

# कुलनीम् अनुकाः

১. শিক্ষার মিলন। ২ শান্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি। ৩ লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞাপ্তি। ৪ ছাত্রসম্ভাষণ ইত্যাদি।

## ৮। জগদীশচনদ্র বস্তুকে পত্র

( অগাস্ট ১৯০১ )

[ চিঠিপত্র-৬, বিশ্বভারতী ১৯৫৭ পৃ: ৩৫—৩৬ ]

·····শান্তিনিকেতনে আমি একটি বিদ্যালয় খ্রালবার জন্য বিশেষ চেন্টা করিতেছি। সেখানে ঠিক প্রাচীনকালের গ্রের্গ্হ-বাসের মত সমঙ্গত নিয়ম। বিলাসিতার নামগন্ধ থাকিবে না—ধনী দরিদ্র সকলকেই কঠিন ব্রশ্বচর্যে দীক্ষিত হইতে হইবে। উপযুক্ত শিক্ষক কোনমতেই খ্রিজয়া পাইতেছি না। এখনকার কালের বিদ্যা

#### রবীন্দরচনা-সংকলন

ও তথনকালের প্রকৃতি একরে পাওয়া যায় না। গ্বার্থ-চেণ্টা এবং আড়াবর হইতে কোন মহং কার্যকে বিচ্যুত করিতে গেলে কাহারো মুখরোচক হয় না। এতাদনকার ইংরেজি বিদ্যায় আমাদের কাহাকেও যথার্থ কর্মযোগী করিতে পারিল না কেন? •••ছেলেবেলা হইতে ব্রশ্বচর্য না শিখিলে আমরা প্রকৃত হিশ্ব; হইতে পারিব না। •••••

#### हीका :

জগদীশচন্দ্র বস্থ-রবীন্দ্রনাথের স্কৃষ্ণ, বিশ্ববিখ্যাত ভারতীয় বৈজ্ঞানিক। জন্ম — ১৮৫৯, মৃত্যু — ১৯৩৭।

বিদ্যালয়—শাণ্তিনিকেতন ব্ৰহ্মত্য' বিদ্যালয়।

উল্লেখযোগ্য বিষয় / মন্তৰ্য :

আশ্রমের শিক্ষা ( তপোবন )

তুলনীয় প্রসংগ ঃ

১. শিক্ষাসমস্যা।
 ২. ধর্ম শিক্ষা।
 ৩. জগদানন্দ রায়কে পত্র ২নং।
 ৪. শিক্ষার আদর্শ।
 ৫. ধারাবাহী।
 ৬. আগ্রমের শিক্ষা ইত্যাদি।

## ১। ছাত্রদের প্রতি সম্ভাষণ

( রচনা— চৈত্র ১৩১১ )

প্রকাশ : বজ্গদর্শন, বৈশাথ ১৩১২ (১৯০৫)—বজ্গীয় সাহত্য পরিষদে ভাষণ ]
পঞ্জাশ বংসর প্রের্ব এমন দিন ছিল যথন ইংরেজি পাঠশালা হইতে আমাদের
একেবারে ছর্টি ছিল না। বাড়ি আসিতাম, সেথানেও পাঠশালা পশ্চাৎ পশ্চাৎ চিলিয়া
আসিত। বন্ধ্বকেও সম্ভাষণ করিতাম ইংরেজিতে, পিতাকেও পত্র লিখিতাম
ইংরেজিতে, প্রাণের কথা বলিতাম ইংরেজি কাব্যে, দেশের লোককে সভায় আহ্বান
করিতাম ইংরেজি বক্তৃতায়। আজ যখন সেই পাঠশালা হইতে, একেবারে না হউক,
ক্ষণে ক্ষণে ছর্টি পাইয়া থাকি, তখন সেই ছর্টির সময়টাতে আনন্দ করিব কোথায় ?
মাতার অশ্তঃপ্রের নহে কি ?…

পরীক্ষাশালা হইতে আজ তোমরা সদ্য আসিতেছ, সেইজন্য ঘরের কথা আজই তোমাদিগকে শ্মরণ করাইবার যথার্থ অবকাশ উপস্থিত হইয়াছে; সেইজন্যই বণ্গবাণীর হইয়া বংগীয়-সাহিত্যপরিষদ্ আজ তোমাদিগকে আহ্বান করিয়াছেন।

## রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

কলেজের বাহিরে যে দেশ পাড়িয়া আছে তাহার মহগুর একেবারে ভূলিলে চলিবে না। কলেজের শিক্ষার সংগ দেশের একটা স্বাভাবিক যোগ স্থাপন করিতে হইবে।

অন্য দেশে সে যোগ চেণ্টা করিয়া ম্থাপন করিতে হয় না। সে-সকল দেশের কলেজ দেশেরই একটা অংগ—সমম্ত দেশের আভাশ্তরিক প্রকৃতি তাহাকে গঠিত করিয়া তোলাতে দেশের সহিত কোথাও তাহার বোনো বিচ্ছেদের রেখা নাই। আমাদের কলেজের সহিত দেশের ভেদচিহ্নহীন স্থশ্যর ঐক্য ম্থাপিত হয় নাই।

এমন অবস্থায় আমাদের বিশেষ চিশ্তার বিষয় এই হইয়াছে, কী করিলে বিদেশী-চালিত কলেজের শিক্ষার সংগ্র সংগ্র ছাত্রদিগকে একটা স্বাধীন শিক্ষায় নিয্তু করিয়া শিক্ষাকার্যকে যথার্থভাবে সম্পূর্ণ করা যাইতে পারে। তাহা না করিলে শিক্ষাকে কোনোমতে পর্থথির গণিডর বাহিরে আনা দ্বংসাধ্য হইবে।

নানা আলোচনা, নানা বাদ-প্রতিবাদের ভিতর দিয়া পাঠ্যবিষয়গর্বল যেখানে প্রতাহ প্রস্তৃত হইয়া উঠিতেছে— যাঁহারা আবিৎকার করিতেছেন, সৃণ্টি করিতেছেন, প্রকাশ করিতেছেন, তাঁহারাই যেখানে শিক্ষা দিতেছেন সেখানে শিক্ষা জড় শিক্ষা নহে। সেখানে কেবল যে বিষয়গর্বলকেই পাওয়া যায় তাহা নহে, সেই সংগ্র দৃণ্টির শন্তি, মননের উদ্যম, সৃণ্টির উৎসাহ পাওয়া যায়। এমন অবন্থায় প্রথিগত বিদ্যার অসহ্য জন্ত্রম থাকে না, গ্রন্থ হইতে যেটুকু লাভ করা যায় তাহারই মধ্যে একাশ্তভাবে বন্ধ হইতে হয় না।

আমাদের দেশেও পরিথকে মনের রাজা না করিয়া মনকে পরিথর উপর আধিপত্য দিবার উপায় একটু বিশেষভাবে চিশ্তা ও একটু বিশেষ উদ্যোগের সহিত সম্পন্ন করিতে হইবে। এই কাজের জন্য আমি বংগীয়-সাহিত্যপবিষধকে অনুরোধ করিতেছি—আমার অনুনয়, বাঙালি ছাত্রদের জন্য তাঁহারা যথাসম্ভন একটি ন্বাধীন শিক্ষার ক্ষেত্র প্রসারিত করিয়া দিন, যে ক্ষেত্রে ছাত্রগণ কিঞ্ছিৎ-পরিমাণেও নিজের শক্তিপ্রোগ ও ব্রাধ্বর কত্তি অনুভব করিয়া চিত্তব্তিকে ফর্তিদান করিতে প্রবিবে।

বাংলাদেশের সাহিত্য ইতিহাস ভাষাতক্ত্র লোকবিবরণ প্রভৃতি যাহা-কিছ্ আমাদের জ্ঞাতব্য, সমস্তই বংগাঁয়-সাহিত্যপরিষদের অন্সম্ধান ও আলোচনার বিষয়। দেশের এই-সমস্ত ব্তাহত জানিবার ঔৎস্ক্য আমাদের পক্ষে দ্বাভাবিক হওয় উচিত ছিল; কিন্তু তাহা না হইবার কারণ, আমরা শিশ্কোল হইতে ইংরোজ বিদ্যালয়ের পাঠ্যপত্তক, যাহা ইংরেজ ছেলেদের জন্য রচিত, তাহাই পড়িয়া আসিতেছি। ইহাতে নিজের দেশ আমাদের কাছে অসপত এবং পরের দেশের জিনিস আমাদের কাছে অধিকত্ব পরিচিত হইয়া আসিয়াছে।

এজন্য কাহাকেও দোষ দেওয়া যায় না। আমাদের দেশের যথার্থ বিবরণ আজ প্রশত প্রস্তুত হইয়া উঠে নাই; সেইজন্য যদিও আমরা শ্বদেশে বাস করিতেছি তথাপি স্বদেশ আমাদের জ্ঞানের কাছে সর্বাপেক্ষা ক্ষুদ্র হইয়া আছে।

এইর্পে স্বদেশকে ম্থাভাবে সম্প্রভাবে আমাদের জ্ঞানের আয়ন্ত না করিবার একটা দোষ এই যে, দ্বদেশের সেবা করিবার জন্য আমরা কেহ যথার্থভাবে যোগ্য হইতে

#### রবীন্দ্ররচনা-সংকলন

পারি না। আর-একটা কথা এই, জ্ঞানশিক্ষা নিকট হইতে দ্রে, পরিচিত হইতে অপরিচিতের দিকে গেলেই তাহার ভিত্তি পাকা হইতে পারে। যে বন্তু চতুদিকৈ বিশ্তুত নাই, যে বন্তু সম্মুখে উপন্থিত নাই, আমানের জ্ঞানের চর্চা যদে প্রধানত তাহাকে অবলম্বন করিয়াই হইতে থাকে তবে সে জ্ঞান দ্বর্বল হইবেই। খাহা পরিচিত তাহাকে সম্প্রেপে যথার্থভাবে আয়ন্ত করিতে শিখিলে তবে যাহা অপ্রতাক্ষ, যাহা অপরিচিত, তাহাকে গ্রহণ করিবার শন্তি জ্ঞান।

আমাদের বিদেশী গ্রেরা প্রায়ই আমাদিগকে খোঁটা দিয়া বলেন যে, 'এতদিন যে তোমরা আমাদের পাঠশালে এত করিয়া পড়িলে, কিম্ভু তোমাদের উম্ভাবনাশক্তি জম্মিল না, কেবল কতকগ্লো মর্থাথ বিদ্যা সংগ্রহ করিলে মাত্র।'

যদি তাঁহাদের এ অপবাদ সতা হয় তবে ইহাব প্রধান কারণ এই, বদতুর সহিত বহির সহিত আমবা নিলাইয়া শিখিবার অবকাশ পাই না । আমাদের অধিকাংশ শিক্ষা যে-সকল দুর্ভৌশত আগ্রয় করে তাহা আমাদের দুর্ভিগোচর নহে । আমরা ইতিহাস পড়ি; কিল্তু যে ইতিহাস আমাদের দেশের জনপ্রবাহকে অবলম্বন করিয়া প্রশতুত ইইয়া উঠিয়াছে, যাহার নানা লক্ষণ নানা সমৃতি আমাদের ঘবে বাহিরে নানা শ্থানে প্রতাক্ষ হইয়া আছে, তাহা আমরা আলোচনা করি না বলিয়া ইতিহাস যে কী জিনিস তাহার উল্লেখন আমাদের হইতেই পাবে না । আমবা ভাষাতত্ত্ব মুখ্যুথ করিয়া পরীক্ষার উচ্চ হথান অধিকার করি; কিল্তু আমাদের নিজের মাতৃভাষা কালে কালে প্রদেশে প্রদেশে কেমন করিয়া যে নানা রাপাল্তরের মধ্যে নিজের ইতিহাস প্রতাক্ষ নিবম্ব করিয়া রাখিয়াছে তাহা তেমন করিয়া দেখি না বলিয়াই ভাষারহস্য আমাদের কাছে স্থায়পত ইইয়া উঠে না । এক ভারতবর্ষে সমাজ ও ধর্মের যেমন বহুত্ব অবশ্থাবৈচিত্র্য আছে, এমন বোধ হয় আর কোনো দেশে নাই । অনুসন্ধানপূর্বেক অভিনিবেশপূর্বেক সেই বৈচিত্র্য আলোচনা করিয়া দেখিলে সমাজ ও ধর্মের বিজ্ঞান আমাদের কাছে যেমন উল্ভাসিত হইয়া উঠিবে এমন দ্রেদেশের ধর্ম ও সমাজ-সম্বন্ধীয় বই পড়িয়া মাত্র কখনো হইতেই পারে না ।

ধারণা যখন অম্পণ্ট ও দ্বের্ণল থাকে তখন উম্ভাবনাশ। এ আশা করা যায় না; এনন কি, তখনকার সমুহত উম্ভাবনা অবাস্ত্রিক অম্ভুত আকার ধারণ করে। এইজনাই আমরা কেতাবে ইতিহাস শিখিয়াও ঐতিহাসিক বিচার তেমন করিয়া আয়ন্ত করিতে পারি নাই, কেতাবে বিজ্ঞান শিখিয়াও অভ্তুতপ্রেণ কাল্পনিকতাকে বিজ্ঞান বিলয়া চালাইয়া থাকি, ধর্ম সমাজ এমন-কি সাহিত্য-সমালোচনাতেও অপ্রমন্ত পরিমাণবোধ রক্ষা করিতে পারি না।

বাদতবিকতাবিবজিণত হইলে আমাদের মনই বলো হলয়ই বলো, কলপনাই বলো কৃশ এবং বিকৃত হইয়া যায়। আমাদের দেশহিতৈষা ইহার প্রমাণ। দেশের লোকের হিতের সংগে এই হিতৈযার যোগ নাই। দেশের লোক রোগে মরিতেছে, দারিদ্রো জীণ হইতেছে, অশিক্ষা ও কুশিক্ষায় নণ্ট হইতেছে—ইহার প্রতিকারের জন্য যাহারা কিছুমান্ত নিজের চেণ্টা প্রয়োগ করিতে প্রবৃত্ত হয় না তাহারা বিদেশী সাহিত্য-ইতিহাসের পর্বথিগত প্যাট্রিয়টিজ্ম, নানাপ্রকার অসংগত অন্করণের স্বারা লাভ

## রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

করিয়াছি' বলিয়া কল্পনা করে। এইজনাই, এত কাল গেল, তথাপি এই প্যা ট্রিরটিজ্ম আমানি নকে যথার্থ কোনো ত্যাগম্বীকারে প্রবৃত্ত করিতে পারিল না। যে দেশে প্যাট্রিরটিজ্ম, অবাশতব নহে, পর্যথগত-অন্করণ-মলেক নহে, সেখানকার লোক দেশের জন্য অনারাসে প্রাণ দিতেছে; আমরা সামান্য অর্থ দিতে পারি না, সময় দিতে পারি না, আমানের দেশ যে কির্পে তাহা সন্ধানপ্রেক জানিবার জন্য ওৎসাহ অন্ভব করি না। …

অতএব এ কথা যদি সত্য হয় যে, প্রত্যক্ষ বস্তুর সহিত সংস্থব ব্যতীত জ্ঞানই বলো, ভাবই বলো, চরিত্রই বলো, নৈজীব ও নিম্ফল হইতে থাকে, তবে আমাদের ছাত্রদের শিক্ষাকে সেই নিম্ফলতা হইতে যথাসাধ্য রক্ষা করিতে চেণ্টা করা অত্যাবশ্যক।

বাংলাদেশ আমাদের নিকটতম—ইহারই ভাষা সাহিত্য ইতিহাস সমাজতত্ত্ব প্রভৃতিকে বিংগীয়-সাহিত্যপরিষদ, আপনার আলোচ্য বিষয় করিয়াছেন। পরিষদের নিকট আমার নিবেদন এই যে, এই আলোচনাব্যাপারে তাঁহারা ছাত্রাদগকে আন্থান করিয়া লউন। তাহা হইলে প্রত্যক্ষ বহুর সম্পর্কে ছাত্রদের বীক্ষণশান্ত ও মননশান্ত সবল হইয়া উঠিবে এবং নিজের চারি দিককে, নিজের দেশকে ভালো করিয়া জানিবার অভ্যাস হইলে অন্যসময়ত জানিবার যথার্থ ভিত্তপত্তন হইতে পারিবে। তা ছাড়া, নিজের দেশকে ভালো করিয়া জানার চর্চণ নিজের দেশকে যথার্থভিবে প্রাতির চর্চার অংগ।

বাংলাদেশে এমন জিলা নাই যেথান হইতে কালকাতার ছাত্রসমাগম না হইয়াছে। দেশের সময়ত বৃত্তাংত-সংগ্রহে ই হানের যান সহায়তা পাওয়া যায় তবে সাহিত্যপারবন্ত্রার্থকতা লাভ করিবেন। এ সাহায্য কির্পে এবং তাহার কত দরে প্রয়োজনায়তা তাহার দৃহ-একটা দৃশ্টাংত দেওয়া যাহতে পারে।

বাংলাভাষায় একথানে ব্যাকরণ-রচনা সাহিত্যপরিষ্ণের একটে প্রধান কাজ। কিন্তু কাজটি সহজ নহে। এই ব্যাকরণের উপকরণ-সংগ্রহ একটি দুরুহে ব্যাপার। বাংলাদেশের ভিন্ন ভিন্ন অংশে যতগটোল উপভাষা প্রচালত আছে তাহারহ তুলনাগত ব্যাকরণই যথার্থ বাংলার বৈজ্ঞানিক ব্যাকরণ। আমাদের ছাত্রগণ সমবেতভাবে কাজ কারতে থাকিলে এই বিচিত্র উপভাষার উপকরণগটোল সংগ্রহ করা কাঠন ২ইবে না।

বাংলায় এমন প্রদেশ নাই যেখানে ম্থানে ম্থানে প্রাকৃত লোকদের মধ্যে নাতন নাতন বাংলায় এমন প্রদেশ নাই যেখানে ম্থানে ম্থানে প্রাকৃত লোকদের মধ্যে নাতন নাতন বাংলায় থবরই রাখেন না। তাঁহায়া এ কথা মনেই করেন না প্রকাণ্ড জনসম্প্রশায় অলক্ষ্যাগতিতে নিঃশন্দ-চরণে চলিয়াছে, আমরা অবজ্ঞা কারয়া তাহাদের দিকে তাকাই না বলিয়া যে তাহায়া ম্থির হইয়া বাসয়া আছে তাহা নহে; নাতন কালের নাতন শাক্ত তাহাদের মধ্যে পরিবর্তনের কাজ করিতেছেই, সে পারবর্তনি কোনা প্রে চলতেছে, কোনা রাপ ধারল করিতেছে, তাহা না জানিলে দেশকে জানা হয় না। শাবা যে দেশকে জানাই চরম লক্ষ্য তাহা আমি বলি না। যেখানেই হউক-না কেন, মানবসাধারণের মধ্যে যা-কিছ্ম কিয়া-প্রতিক্রয়া চলিতেছে তাহা ভালো করিয়া জানারই একটা সার্থকিতা আছে, পর্মাথ ছাড়িয়া সঙ্গাব মানাম্বকে প্রত্যক্ষ পড়িবার চেন্টা করাতেই একটা শিক্ষা আছে; তাহাতে শাবা জানা নয়, কিম্তু জানিবার শক্তির এমন একটা বিকাশ হয় যে কোনো স্থাসের পড়ায় তাহা হইতেই পারে না। পরিষদের অধিনায়কতায় ছাত্রগণ যদি স্ব স্ব প্রদেশের

### রবীন্দরচনা-সংকলন

নিশ্নশ্রেণীর লোকের মধ্যে যে-সমুস্ত ধর্ম সম্প্রদায় আছে তাহাদের বিবরণ সংগ্রহ করিয়া আনিতে পারেন, তবে মন দিয়া মানুষের প্রতি দৃণ্টিপাত করিবার যে-একটা শিক্ষা তাহাও লাভ করিবেন এবং সেই সংগে দেশেরও কাজ করিতে পারিবেন।

আমরা নৃতন্তন অর্থাৎ ethnology-র বই যে পড়ি না তাহা নহে। কিল্তু যখন দেখিতে পাই সেই বই পড়ার দর্ন আমাদের ঘরের পাশে যে হাড়ি ডোম কৈবর্ত বাগ্দি রহিয়াছে তাহাদের সম্পূর্ণ পরিচয় পাইবার জন্য আমাদের লেশমার ঔৎস্কার জন্মে না তখনই ব্লিখতে পারি, পর্নথ সম্বন্ধে আমাদের কত বড়ো একটা কুসংম্কার জন্মিয়া গেছে, পর্নথকে আমরা কত বড়ো মনে করি এবং পর্নথ যাহার প্রতিবিশ্ব তাহাকে কতই তুচ্ছ বলিয়া জানি। কিল্তু জ্ঞানের সেই আদিনিকেতনে একবার যদি জড়ত্ব ত্যাগ করিয়া প্রবেশ করি তাহা হইলে আমাদের উৎস্কল্যের সীমা থাকিবে না। আমাদের ছাত্রগণ যদি তাহাদের এইসকল প্রতিবেশীদের সমস্ত খোঁজে একবার ভালো করিয়া নিয়ন্ত হন তবে কাজের মধ্যেই কাজের প্রেক্কার পাইবেন, তাহাতে সন্দেহ নাই।

সন্ধান ও সংগ্রহ করিবার বিষয় এমন কত আছে তাহার সীমা নাই। আমাদের ব্রতপার্বণগর্নলি বাংলার এক অংশে যেরপে অন্য অংশে সেরপে নহে। ব্যানভেবে সামাজিক প্রথার অনেক বিভিন্নতা আছে। এ ছাড়া গ্রাম্য ছড়া, ছেলে ভুলাইবার ছড়া, প্রচলিত গান প্রভৃতির মধ্যে অনেক জ্ঞাতব্য বিষয় নিহিত আছে। কম্তুত দেশবাসীর পক্ষে দেশের কোনো বৃত্তাশ্তই তুচ্ছ নহে, এই কথা মনে রাখিয়াই সাহিত্যপরিষদ্ নিজের কতব্য নির্পণ করিয়াছেন।

আমাদের ছাত্রগণকে পরিষদের কর্মশালায় সহায়দ্বর্পে আকর্ষণ করিবার জনা আমার অনুবাধ পরিষদ্ গ্রহণ করিয়াছেন বলিয়াই অদ্যকার এই সভায় আমি ছাত্র-গণকে আমন্ত্রণ করিবার ভার লইয়াছি। সেই কাজে প্রবৃত্ত হইবার সময় আমাদের তর্মণাবদ্যার কথা আমার মনে পড়িতেছে।…

আমাদের প্রথম ব্যাসে ভারতমাতা ভারতলক্ষ্মী প্রভৃতি শব্দগ্লিল বৃহদায়তন লাভ করিয়া আমাদের কলপনাকে আছের করিয়াছিল। কিন্তু মাতা যে কোথায় প্রত্যক্ষ আছেন তাহা কখনো দপত করিয়া ভাবি নাই; লক্ষ্মী দরে থাকুন, তাহার পেচকটাকে প্রথমিত কখনো চক্ষে দেখি নাই। আমরা বায়্রনের কাব্য পাত্রি ইলাম, গারিবল্ভির জীবনী আলোচনা করিয়াছিলাম এবং প্যাট্যুটিজ্মের ভাবরসসক্তোগের নেশায় একেবারে তলাইয়া গিয়াছিলাম।

মাতালের পক্ষে মদ্য যের্প খাদ্যের অপেকা প্রিয় হয়, আমাদের পক্ষেও দেশহিতৈষার নেশা প্রয়ং দেশের চেয়েও বড়ো হইয়া উঠিয়াছিল। যে দেশ প্রত্যক্ষ তাহার
ভাষাকে বিশ্যুত হইয়া তাহার ইতিহাসকে অপমান করিয়া, তাহার স্থ-দ্থেক নিজের
ভাষাকো বিশ্যুত হইয়া তাহার ইতিহাসকে অপমান করিয়া, তাহার স্থ-দ্থেক নিজের
ভাষাকাহা হইতে বহু দ্রের রাখিয়াও আমরা দেশহিতৈষী হইতেছিলাম। দেশের সহিত
লেশমাত্র লিপ্ত না হইয়াও বিদেশীয় রাজদরবারকেই দেশহিতৈষিতার একমাত্র কার্যক্ষেত্র
বলিয়া গণ্য করিতেছিলাম। এমন অক্থাতেও, এমন ফাঁকি দিয়াও, ফললাভ করিব,
আনন্দলাভ করিব, উৎসাহকে বরাবর বজায় রাখিব, এমন আশা করিতে গেলে বিশ্ববিধাতার চক্ষে ধ্লা দিবার আয়োজন করিতে হয়।

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

'আইডিয়া' যত বড়োই হউক, তাহাকে উপলম্বি করিতে হইলে একটা নিদি'ন্ট সীমাবন্ধ জায়গায় প্রথম হতকেপ করিতে হইবে। তাহা ক্ষান্ত হউক, দীন হউক, তাহাকে লন্দন করিলে চলিবে না। দরেকে নিকট করিবার একমাত্র উপায় নিকট হইতে সেই দরের যাওয়া। ভারতমাতা যে হিমালয়ের দর্গম চড়োর উপরে শিলাসনে বসিয়া কেবলই কর্ণ সুরে বীণা বাজাইতেছেন, এ কথা ধ্যান করা নেশা করা মাত্র। কিন্তু ভারতমাতা যে আমাদের পল্লীতেই পন্দশেষ পানাপর্কুরের ধারে ম্যালেরিয়াজীণ প্লীহানরোগীকে কোলে লইয়া তাহার পথোর জন্য আপন শ্বা ভাশ্ডারের দিকে হতাশ দ্ভিটতে চাহিয়া আছেন, ইহা দেখাই যথার্থ দেখা। যে ভারতমাতা ব্যাস বশিষ্ঠ বিশ্বামিত্রের ওপোবনে শমীবৃক্ষমালে আলবালে জলসেচন করিয়া বেড়াইতেছেন তাহাকে বরভাড়ে প্রণাম করিলেই যথেন্ট, কিন্তু আমাদের ঘরের পাশে যে জীণ্টিরধারিণী ভারতমাতা ছেলেটাকে ইংরেজিবিদ্যালয়ে শিথাইয়া কেরানিগিরির বিড়ন্থনার মধ্যে স্বপ্রতিষ্ঠিত করিয়া দিবার জন্য অর্থাশনে পরের পাকশালে রাধিয়া বেড়াইতেছেন তাহাকে তো অমন কেবলমাত্র প্রণাম করিয়া সারা যায় না।

যাহাই হউক, কিছুই হইল না। বিজয়ীর মতো বাহির হইলাম, ভিখারির মতো পরের দারে দাঁডাইলাম, অবশেষে সংসারী হইয়া দাওয়ায় বসিয়া সেভিংসা-ব্যাঞ্জের খাতা খালিলাম। কারণ, যে ভারতমাতা, যে ভারতলক্ষ্মী কেবল সাহিত্যের ইণ্দুধন-বান্দের রচিত, যাহা পরান,সরণের মাগ্রতিষ্কিকার মধ্যে প্রতিষ্ঠিত, তাহার চেয়ে নিজের সংসারটক যে ঢের বেশি প্রতাক্ষ, নিজের জঠর-গধ্বরটা যে ঢের বেশি স্থানিদি<sup>ভ</sup>ট। এবং ভারতমাতার অধ্যধারা ঝি\*ঝিটখাশ্বাজ রাগিণীতে যতই মুম'ভেদী হউক-না, ডেপ্রটি-গিরিতে মাসে মাসে যে প্রণ ঝংকারমধার বেতনটি মিলে তাহাতে সম্পূর্ণ সাংখনা পাওয়া যায়, ইহা পর্নাক্ষিত। এননি করিয়া যে মান্যুয় একদিন উদারভাবে বিস্ফাতি হইয়া দিন আরম্ভ করে সে যখন সেই ভাবপত্নজকে কোনো প্রত্যক্ষ বদত্তে প্রয়োগ করিতে না পারে, তখন সে আত্মন্ডরী ন্বার্থপের হইয়া বার্থভাবে দিনশ্যে করে: একদিন যে ব্যক্তি নিজের ধ্রপ্রাণ সমন্তই হঠাং দিয়া ফেলিবার জন্য প্রন্তত হয় সে ধ্র্মন দান কবিবার কোনো লক্ষ্য নির্ণয় করিতে পারে না, কেবল সংকলপবলপার বিলাস-ভোগেই আপনাকে পরিতৃপ্ত করে, দে একদিন এমন কঠিনদ্রদায় হইয়া উঠে যে উপবাসী **স্বদেশকে যদি স্থদরে পথে দেখে তবে** টাকা ভাঙাইয়া সিকিটি বাহিব কবিবার ভয়ে পার রুম্ধ করিয়া দেয়। ইহার কারণ এই যে, শুম্ব্যাত্র ভাব যত বড়োই হউক ক্ষরেত্য প্রতাক্ষ বন্তর কাছে তাহাকে পরান্ত হইতে হইবে।

এইজন্যই বলিতেছিলান, যাহা আমরা পর্নথ হইতে পড়িয়া পাইয়াছি, যাহাকে আমরা ভাবসন্ভোগ বা অহংকারতৃপ্তির উপায়য়্বর প করিয়া রসালস ত্রুজের মধ্যে উপিছিথত হইয়াছি ও ক্রমে অবসাদের মধ্যে অবতরণ করিতেছি, তাহাকে প্রতাক্ষতার মন্তি, বাহতবিকতার গ্রুজে দান করিলে তবে আমরা রক্ষা পাইব। শ্রুধ্ বড়ো জিনিস কল্পনা করিলেও হইবে না, বড়ো দান ভিক্ষা করিলেও হইবে না, এবং ছোটো মনুথে বড়ো কথা বলিলেও হইবে না, দারের পাশ্বে নিতাহ্ত ছোটো কাজ শ্রুর্ করিতে হইবে। বিলাতের প্রাসাদে গিয়া রোদন করিলে হইবে না, দ্বনেশের ক্ষেতে বসিয়া

### রবীন্দ্রচনা-সংকলন

ক'টক উৎপাটন করিতে হইবে। ইহাতে আমাদের শক্তির চর্চা হইবে—সেই শক্তির চর্চামারেই স্বাধীনতা, এবং স্বাধীন তামারেই আনন্দ।…

শিক্ষা, বিশ্বভারতী ১৯৭৩, প্:--২০-২৮

#### धीका :

#### ছাত্রদের প্রতি সম্ভাষণ

পরীক্ষার জন্য যে সব ছাত্র কলকাতায় আসতেন, তাঁদের অভ্যর্থনার জন্য বংগীয়-সাহিত্যপরিষদ: একটি সভা আহ্বান করেন এবং ক্লাসিক রংগমণ্ডে সভার অধিবেশন হয়। এই অধিবেশনেই ১৭ই চৈত্র ১৬১১ সালে রবীন্দ্রনাথ 'ছাত্রদের প্রতি সম্ভাষণ' প্রবন্ধ পাঠ করেন।

## বণগীয়-সাহিত্যপরিষয়

১৩০১ (১৮৯৪) বৈশাথ মাসে বংগীয়-সাহিতাপরিষদের প্রতিষ্ঠা। জাতীয় ভাষা ও সাহিত্য মান্ব্রের মধ্যে জাতীয় ঐক্যবংধনের সবচেয়ে বড় উপায়। বংগভাষা ও বাংলা সাহিত্যের প্রসারের উদ্দেশ্যেই বংগীয়-সাহিত্যপরিষদ প্রতিষ্ঠিত হয়। এই পরিষদের প্রথম সভাপতি ছিলেন রমেশ দত্ত ও প্রথম সম্পাদক ছিলেন এলা লিওটার্ড।

## ৰায়ৰূপ ( George Gordon Byron )

ইংরেজ কবি। জন্ম-১৭৮৮, মৃত্যু-১৮২৪।

গারিবলডি : Garibaldı )

ইটালির বিখ্যাত দেশপ্রেমিক। জন্ম—১৮০৭, মৃত্যু—১৮৮২।

উল্লেখযোগ্য বিষয় / মণ্ডব্য ঃ

জাতীয় শিক্ষা, শিক্ষা ও স্বাধীনতা, শিক্ষার লক্ষ্য, শিক্ষা ও স্কুলনশীলতা ।

## তুলনীয় প্রসংগঃ

১০ তপোবন। ২০ হিন্দ্ববিশ্ববিদ্যালয়। ৩০ ছাত্রশাসনতন্ত্র। ৪০ বিশ্বভারতী ১নং। ৫ বিশ্বভারতী ২নং। ৬ বিশ্বভারতী ৬নং। ৭০ প্রেবিংগ বস্থাতা। ৮০ লাতীয় বিদ্যালয়। ৯০ প্রান্তনী। ১০০ বিশ্বভারতী ১০ নং। ১১০ ধারাবাহী। ১২০ শিক্ষা ও সংকৃতিতে সংগীতের ল্যান। ১৩০ The School Master। ১৪০ A Poet's School। ১৫০ শিক্ষাসংল্যার। ১৬০ লাক্ষা ও কিল্লা। ১৭০ জগদানন্দ রায়কে পত্র ২নং। ১৮০ অসল্ভোষের লারণ। ১৯০ আকাংক্ষা। ২০০ প্রান্তনী। ২১০ বিশ্বভারতী ৪নং। ২২০ জনক মধ্যাপকের চিঠি। ২৩০ কলাবিদ্যা। ২৪০ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২৫ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২৫ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২৬০ শিক্ষার সাথাকতা। ২৭০ শিক্ষার আদর্শা। ২৮০ বিশ্বভারতী ১৫নং। ২৯০ ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শা। ৩০ বিশ্বভারতী ১৭নং। ৩১ বিশ্বভারতী ১৮নং। ৩২০ আশ্রমের শিক্ষা। ৩০০ আশ্রমের রব্প ও বিকাশ। ৩৪০ বাংলা শিক্ষার প্রণালী। ৩৫০ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৩নং ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

# ১০। পূর্ব প্রাশ্নের অনুর্ত্তিঃ

িভান্ডার, জ্যৈষ্ঠ ১৩১২ (১৯০৫)

··· শিক্ষা-জিনিসটাকে একদিকে একবার শ্রে করিয়া দিলে তার পরে তাহাকে গণিড টানিয়া কমানো শক্ত । বিদেশী রাজার পক্ষে সেটা একটা বিষম ভাবনা । প্রজ্য বাঁচিয়া-বার্তিয়া থাকে, এটা তাঁহার একাশ্ত প্রয়োজন, কিশ্তু বাঁচার চেয়েও যদি বেশি অগ্নসর হইয়া পড়ে, তবে সেটা তাঁহার প্রয়োজনের সংগে ঠিক খাপ খায় না ।

এইজন্য প্রাইমারি শিক্ষার প্রশ্তাবে কর্তৃপক্ষের নানা রকম দর্শিচনতার লক্ষণ দেখা যাইতেছে। তাঁহারা ভাবিতেছেন খাল কাটিয়া বেনো জল ঢোকানো কাজটা ভাল নয়— শিক্ষার স্থযোগে আমাদের দেশের ভদ্রলোকের ঢেউটা থদি চাষার মধ্যে প্রবেশ করে, তবে সে একটা বিষম ঝঞ্চাটের স্টিট করা হইবে।

অতএব চাষাদের শিক্ষাকে এমন শিক্ষা করা চাই, যাহাতে মোটের উপর ভাহারা চাষাই থাকিয়া যায়। তাহারা যেন কেবল গ্রামের ম্যাপটাই বোঝে; প্রথিবীর ম্যাপ চুলায় যাক, ভারতবর্ষের ম্যাপটাও ভাহাদের ব্রথিবার প্রয়োজন নাই। তা ছাড়া তাহাদের ভাষাশিক্ষাটা প্রাদেশিক উপভাষার বেড়া ডিঙাইয়া না যায়, সেটাও দেখা দরকার।

অতএব প্রথমেই দেখিতেছি, আমরা চাষাদের শিক্ষালাভ হইতে দেশের যে স্থাবিধাটা আশা করিতেছি, কর্তৃপক্ষ ব্যভাবতই সেটাকে আনব্দের বিষয় বলিয়া মনে করিতে পারেন না।

আমাদের দেশহিতৈষীরা যদি মনে করেন, সরকারের কর্তব্য দেশের সাধারণ লোকদের শিক্ষার ব্যবহথা করা এবং আমাদের কর্তব্য তৎসম্বন্ধে রেজোল্মশন পাস করা, তবে এ-কথাটা আমাদিগকে মনে রাখিতেই হইবে যে, সরকারের হাতে শিক্ষার ভাব দিলে সে-শিক্ষার দারা তাঁহারো তাঁহাদের উদ্দেশ্য সাধনেরই চেণ্টা করিবেন, আমাদের উদ্দেশ্য দেখিবেন না। তাঁহারা চাষাকে গ্রামের চাষা রাখিবার জন্যই ব্যবহথা করিবেন, তাহাকে ভারতব্যের অধিবাসী করিয়া তুলিবার জন্য ব্যহত হইবেন না।

শিক্ষা যদি নিজের হাতে লই, তবেই নিজের মতলব মতো শিক্ষা দিতে পারিব— ভিক্ষাও করিব, ফরমায়েশ্ও দিব, এ কখনও হয় না। ইংরেজিতে একটা চলতি কথা আছে, দানের ঘোড়ার দাঁত পরীক্ষা করিয়া লওয়াটা শোভা পায় না।

আমাদের নিজের শিক্ষার ন্বতন্ত্র ব্যবস্থা নিজেরা করিব, এ-কথা তুলিলেই আপত্তি এই উঠে যে, আমাদের পাঠশালার শিক্ষায় অন্নের সংস্থান কেমন করিয়া হইবে। সরকার যদি এমন কথা বলেন, সরকারী বিধানের ছাঁচে বিদ্যালয় না বানাইলে সেথানকার উত্তীর্ণ ছাত্রদিগকে আমরা উমেদারির বেলা আমল দিব না, তবে আমরা কী উপায় করিব।

এই প্রশ্নের সদত্ত্তর অত্যশ্ত প্রয়োজনীয় হইয়াছে। উত্তর দিবার পর্বে প্রশ্নের বিষয়টাকে পরিশ্কার করিয়া সম্মুখে ধরা যাক।

### রবীন্দ্রচনা-সংকলন

প্রথম কথা— দেশের কাজে দেশকে যথার্থভাবে নিয**়ন্ত** করিতে হইলে গোড়ায় সাধারণকে শিক্ষা দিতে হইবে।

শ্বিতীয় কথা—শিক্ষার যদি একটা প্রধান উদ্দেশ্য এই হয় যে, দেশের লোককে দেশের কাজে যোগ্য করা, তবে স্বভাবতই শিক্ষার প্রণালী সম্বন্ধে সরকারের সংগ্র আমাদের মতের মিল হইবে না।

তৃতীয় কথা—যদি তাহা না হয় তবে পরের বাঁধা-চালে কতকগন্না বিদ্যালয় বানাইয়া বিদেশের শাসনে স্বদেশের সরন্বতীকে জিঞ্জির পরাইলে বিশেষ ফললাভ প্রত্যাশা করা চলিবে না। শিক্ষাপ্রণালীকৈ সকল প্রকারেই স্বদেশের মণ্যলসাধনের উপযোগী করিবার জন্য দেশের বিদ্যালয়কে সরকারের শাসন হইতে মর্ক্তি দেওয়া দরকার।

শেষ কথা—তাহার বাধা এই যে, অন্নের দায়ে বিদ্যা সরকারের দারে বাঁধ্য পড়িয়াছে। সে-বন্ধন না কাটিলে বিদ্যাকে স্বাধীন করিব কী উপায়ে। .....

র। ১২শ, বিশ্বভারতী, ১৩৪৯, প্রঃ—৫১৬-৫১৭

## धैका :

## প্ৰ' প্ৰদেনৰ অন্বাতিঃ

১৩১২ সালের বৈশাথের ভাণ্ডারে শ্রী স্করেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় একটি প্রশ্ন উত্থাপিত করেন। প্রশ্নটি এইঃ আমাদের দেশের পাব্লিক উদ্যোগগর্নলর সন্দো দেশের প্রাকৃত সাধারণের যোগরক্ষাব উপায় কি। বিপিনচন্দ্র পাল, রামেন্দ্রস্থন্দর চিবেদী, হীরেন্দ্রনাথ দত্ত্ব, প্রমন্থ অনেক বিশিষ্ট লোকের কাছ থেকে ঐ প্রশ্নের উত্তর পাওয়া যায়। 'পর্বেশ্রনার অন্বর্গত্তি' (ভাণ্ডার, জ্যোষ্ঠ—১৩১২) প্রবংধটি এই প্রস্থেগই লিখিত হয়।

## উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

## শিক্ষার বিকিরণ, শিক্ষাপ্রণালী

## তুলনীয় প্রসংগ ঃ

১ মেঘনাদবধ কাব্য। ২ প্রসংগকথা ১ (তিনখানি পত্ত)। ৩ শিক্ষাসংগ্রা । ৪ শিক্ষাসমসায়। ৫ আবরণ। ৬ পিতৃদেব (জীবনন্মাতি)।
৭ শিক্ষাবিধি। ৮ লক্ষ্য ও শিক্ষা। ৯ জগদানন্দ রায়কে পত্ত ৫নং।
১০ অসংশ্তামের কারণ। ১১ বিশ্বভারতী ২নং। ১২ বিদ্যার যাচাই।
১৩ আলোহনা। ১৪ বিশ্বভারতী ৬নং। ১৫ পশ্চিমযাত্তীর ডায়ারি।
১৬ আলোহনা। ১৭ পর্ববিগে বক্তুতা। ১৮ জনৈক অধ্যাপকের চিঠি।
১৯ সোভিয়েত ইউনিয়নে রবীশ্রনাথ ২নং। ২০ শিক্ষার বিকিরণ। ২১ বিশ্বভারতী ১৭নং। ২২ আশ্রমের শিক্ষা। ২০ A Poet's School. ২৪ The
School Master. ২৫ তোতাকাহিনী। ২৬ স্প্রোধ্যব্য ইত্যাদি।

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

## ১১। ইভিহাসকথা

িভান্ডার, আষাঢ় ১৩১২ (১৯০৫)]

আমাদের দেশে লোকশিক্ষা দিবার যে দ্টি সহজ উপায় অনেকদিন হইতে প্রচলিত আছে, তাহা যাত্রা এবং কথকতা। এ-কথা দ্বীকার করিতেই হইবে প্রকৃতির মধ্যে কোনো শিক্ষাকে বন্ধমূল করিয়া দিবার পক্ষে এমন সুন্দর উপায় আর নাই।

আজকাল শিক্ষার বিষয় বৈচিত্যালাভ করিয়াছে—একমাত্র পরাণকথার ভিতর দিয়া সকলপ্রকার উপদেশ চালানো যায় না। অথচ শিক্ষিত এবং অশিক্ষিত দলের মধ্যে ভেদ যদি যথাসম্ভব লোপ করিয়া দেওয়াই প্রেয় হয়, তবে যাহারা শিক্ষা হইতে বণিত তাহাদের মধ্যে এমন অনেক জ্ঞান প্রচার করা আবশ্যক যাহা লাভ করিবার উপায় তাহাদের নাই।

একেবারে গোড়াগর্ড় ইম্কুলে পড়িয়া সেই-সকল জ্ঞানলাভের প্রত্যাশা করা দ্বাশা। সাধারণ লোকের ভাগো ইম্কুলে পড়ার স্থযোগ তেমন করিয়া কখনোই ঘটিবে না। তা ছাড়া ইম্কুলে-পড়া জ্ঞান প্রকৃতিব মধ্যে যথেন্ট গভীরভাবে প্রবেশ করে না।

ভালো করিয়া ভাবিয়া দেখিলে আমাদের দেশে শিক্ষিত ও অশিক্ষিতের মধ্যে যে জ্ঞানের বৈষম্য সব-চেয়ে বেশি করিয়া অনুভব করা যায়, তাহা ইতিহাসজ্ঞান। স্বনেশে ও বিদেশে মানুষ কী করিয়া বড়ো হইয়াছে, প্রবল হইয়াছে, দল বাঁধিয়াছে, যাহা শ্রেয় জ্ঞান করিয়াছে তাহা কী করিয়া পাইয়াছে, পাইয়া কী করিয়া রক্ষা করিয়াছে, সাধারণ লোকের এ-সমস্ত ধারণা না থাকাতে তাহারা শিক্ষিতলোকের অনেক ভাবনা- চিশ্তার কোনো অর্থ খাজিয়া পাইতেছে না এবং তাহাদের কাজকর্মো যোগ দিতে পারিতেছে না। প্রথিবীতে মানুষ কী করিয়াছে ও কী করিতে পারে, তাহা না জানা মানুষের পক্ষে শোচনীয় অজ্ঞতা।

কথা এবং যাত্রার সাহায্যে জনসাধারণকে ইম্কুলে না পড়াইরাও ইতিহাস শেখানো যাইতে পারে। এমন কি, সামান্য ইম্কুলে যতটুকু শিক্ষা দেওরা সম্ভব, তার চেয়ে অনেক ভালো করিয়াই শেখানো যাইতে পারে।

আজকাল মুরোপে ঐতিহাসিক উপন্যাস ও নাটক ইতিহাস শিক্ষার প্রকৃট উপক্রণ বিলয়া গৃহীত হইয়াছে। ইতিহাসকে কেবল জ্ঞানে নহে, কল্পনার দ্বারা গ্রহণ ক্রিলে তবেই তাহাকে যথার্থভাবে পাওয়া যায়—এ-কথা সকলেই স্বীকার করেন।

সেই কলপনার সাহায্যে সরলভাবে জ্ঞানদানের প্রণালী, জ্ঞানের বিষয়কে ফ্রন্যের সামগ্রী করিয়া তুলিবার উপায় আমানের দেশে অনেকদিন হইতেই চলিত আছে — মুরোপ আজ সেইরপে সরস উপায়ের দিকে ঝোঁক দিয়াছে, আব আমরাই কি আমাদের জ্ঞান প্রচারের দ্বাভাবিক পথগুর্লিকে পরিত্যাগ করিয়া কলপনালোকবি জিত ইম্কুল-শিক্ষার শরণ লইব।

### রবীন্দরচনা-সংকলন

আমার প্রশ্তাব এই যে, ইতিহাসকে কথা ও যাত্রার আকারে শ্থান ও কালের উদ্জবল বর্ণনার দ্বারা সজীব সরস করিয়া দেশের সর্বত্ত প্রচার করিবার উপায় অবলম্বন করা হউক। আমরা আজকাল কেবল মাসিক কাগজে ও ছাপানো গ্রন্থে সাহিত্য-প্রচারের চেণ্টা করিয়া থাকি,—কিম্তু যদি কোনো কথা বা যাত্রার দল ইতিহাস ও সাহিত্য দেশের সর্বত্ত প্রচার করিয়া দিবার ভার গ্রহণ করেন, তবে প্রচুর সার্থকতা লাভ করিবেন। আজকালকার দিনে কেবলমাত্র পৌরাণিক যাত্রা ও কথা আমাদের সম্পূর্ণ উপযোগীনহে। ইতিহাস, এমনকি, কালপনিক আখ্যায়িকা অবলম্বন করিয়া আমাদিগকে লোকশিক্ষা বিধান করিতে হইবে।

যদি বিদ্যাসম্পরের গলপ আমাদের দেশে যাত্রায় প্রচলিত হইতে পারে, তবে পথেনীরাজ, গ্রেগোবিন্দ, শিবাজী, আকবর প্রভৃতির কথাই বা লোকের মনোরঞ্জন না করিবে কেন। এমন কি, আনন্দমঠ রাজসিংহ প্রভৃতির ন্যায় উপন্যাসই বা স্থগায়ক কথকের মাথে প্রম উপাদেয় না হইবে কেন।

ব। ১২শ, বিশ্বভারতী, ১৩৪৯, প্:--৫২০-২১,

উল্লেখযোগ্য বিষয়/মণ্ডৰঃ

ইতিহাসাশকা

#### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

## ১২। শিক্ষাসংস্থার

িভান্ডার, জ্যৈষ্ঠ ১৩১৩ (১৯০৬) ী

…র্রোপের যে য্গকে অশ্ধকার য্গ বলে, যথন বর্বর-আক্রমণের ঝড়ে রোমের বাতি নিবিয়া গেল সেই সময়ে র্রোপের সকল দেশের মধাে কেবলমাত্র আয়য়৾ন্ডেই বিদ্যার চচা জাগিয়া ছিল। তথন য়্রোপের ছাত্রগণ আয়য়৾ন্ডের বিদ্যালয়ে আসিয়া পড়াশ্না করিত। সশ্তম শতাশ্লীতে যথন বহুতর বিদ্যাথী এখানে আসিয়া জর্টিয়াছিল তথন তাহারা আহার বাসা পর্মথি এবং শিক্ষা বিনা মল্লাই পাইত। কতকটা আমাদের দেশের টোলের মতাে আর-কি।

· প্রাচীন আইরিশ বিদ্যালয়ে যদিচ লাটিন গ্রীক এবং হিত্র শেখানো হইত তব্ সেখানে শিখাইবার ভাষা ছিল আইরিশ। গণিতজ্যোতিষ ফলিতজ্যোতিষ এবং তখনকার কালে যে-সকল বিজ্ঞান প্রচলিত ছিল তাহা আইরিশ ভাষা দারাই শেখানো হইত, স্থতরাং এ ভাষায় পারিভাষিক শন্দের দৈন্য ছিল না।

যখন দিনেমার এবং ইংরেজেরা আয়ল'ন্ড্ আক্রমণ কবে তখন এই-সকল বিদ্যালয়ে আগন্ন লাগাইয়া বিপ্লেসণ্ডিত প্রথিপত্ত জনলাইয়া দেওয়া হয় এবং অধ্যাপক ও ছাত্রগণ হত ও বিক্ষিণত হইতে থাকে। কিশ্তু আয়ল'ন্ডের যে যে শ্থান এই-সকল উৎপাত হইতে দরের থাকিয়া ষোড়শ শতাশ্দী পর্যশত দেশীয় রাজাদের অধীন ছিল সে-সকল শ্থানের বড়ো বড়ো বিদ্যাগারে শিক্ষাকাষ' সম্পর্ণ আইরিশ প্রণালীতেই নিব'াহিত হইত। অবশেষে এলিজাবেথের কালে লড়াই হইয়া যখন সমশত সম্পত্তি অপহ্ত হইল তখন আয়ল'ন্ডের শ্বায় র বিদ্যা ও বিদ্যালয় একেবারে নণ্ট কবিশা দেওয়া হইল।

এইর্পে আয়ল ন্ড্বাসীরা জ্ঞানচ্চা হইতে বঞ্চিত হইয়া রহিল। তাহাদের ভাষা নিকৃষ্ট সমাজের ভাষা বলিয়া অবজ্ঞা প্রাপ্ত হইতে থাকিল। ··

আইরিশদিগকে জাের করিয়া স্যাক্সনের ছাঁচে ঢালা এবং ইংরেজ করিয়া তােলাই ন্যাশনাল দ্কুল-প্রণালীর মতলব ছিল। ফলে এই চেন্টার ব্যথাতা প্রমাণ হইল। ভালােই বলাে আর মন্দই বলাে, প্রকৃতি ভিন্ন ভিন্ন জাতিকে এমন ভিন্ন রকম করিয়া গাড়িয়াছেন যে এক জাতকে ভিন্ন জাতের কাঠামাের মধ্যে পর্নিতে গেলে সমন্ত খাপছাড়া হইয়া যায়।

যে সময়ে এই শিক্ষাপ্রণালীর প্রবর্তন করা হয় তথন আয়লনিডের শতকরা আশিজন লোক আইরিশ ভাষায় কথা কহিত। যদি শিক্ষা দেওয়াই ন্যাশনাল বোডের উদ্দেশ্য হইত, তবে আইরিশ ছাত্রদিগকে আগে নিজের ভাষায় পড়িতে শ্নিতে শিথাইয়া তাহার পরে সেই মাতৃভাষার সাহায্যে তাহাদিগকে বিদেশী ভাষা শিক্ষা দেওয়া উচিত ছিল। কিন্তু তাহা না করিয়া নানা প্রকার কঠিন শান্তিত দ্বারা বালকদিগকে তাহাদের মাতৃভাষা ব্যবহার করিতে একেবারে নিক্সত করিয়া দেওয়া হইল।…

ইহার ফল যেমন হওয়া উচিত, তাহাই হইল। মার্নাসক জড়তা সমস্ত দেশে ব্যাপ্ত

### রবীন্দ্ররচনা-সংকলন

হইয়া গেল। আইরিশভাষী ছেলেরা বৃণ্ধি এবং জিজ্ঞাসা লইয়া বিদ্যালয়ে প্রবেশ করিল, আর বাহির হইল পণ্গত্ন মন এবং জ্ঞানের প্রতি বিতম্বা লইয়া।

ইহার কারণ, এ শিক্ষাপ্রণালী কলের প্রণালী, ইহাতে মন খাটে না, ছেলেরা তোতাপাথি বনিয়া যায়।…

ঠিক একটা দেশের সংগ্র অন্য দেশের সকল অংশের তুলনা হইতেই পারে না।
আয়লনিডের শিক্ষানীতি যে ভাবে চলিয়াছিল, ভারতবর্ষেও যে ঠিক সেই ভাবেই
চলিয়াছে তাহা বলা যায় না; কিল্তু আয়লনিডের শিক্ষাসংকটের কথা আলোচনা
করিয়া দেখিলে একটা গভীর জায়গায় আমাদের সংগ্রেমিল পাওয়া যায়।

বিদ্যাশিক্ষায় আমাদেরও মন খাটিতেছে না, আমাদেরও শিক্ষাপ্রণালীতে কলের অংশ বেশি । যে ভাষায় আমাদের শিক্ষা সমাধা হর সে ভাষায় প্রবেশ করিতে আমাদের অনেক দিন লাগে। তত দিন প্যশ্তি কেবল শ্বারের কাছে দাঁড়াইয়া হাতুড়ি পেটা এবং কুল্প খোলার তত্ত্ব অভ্যাস করিতেই প্রাণাশ্ত হইতে হয়। আমাদের মন তেরো চোদ্যে বছর বয়স হইতেই জ্ঞানের আলোক এবং ভাবের রস গ্রহণ করিবার জন্য ফুটিবার উপক্রম করিতে থাকে; সেই সময়েই অহরহ যদি তাহার উপর বিদেশী ভাষার ব্যাকরণ এবং মুখুম্মবিদ্যার শিলাব খিবষ'ণ হইতে থাকে তবে তাহা প্রফিলাভ করিবে কী করিয়া ? প্রায় বছর কৃতি বয়স পর্য'নত মারামারির পর ইংরেজি ভাষায় আমাদের ম্বাধীন অধিকার জন্মে, কিন্তু তত দিন আমাদের মন কী খোরাতে বাঁচিয়াছে ? আমরা কী ভাবিতে পাইয়াছি, আমাদের হুবয় কী রস আকর্ষণ করিয়াছে, আমাদের কলপুনাব্রুক্তি সুভিকার্যচিচ্যুর জন্য কী উপকরণ লাভ করিয়াছে? যাহা গ্রহণ করি তাহা সংগ্র সংগ্র প্রকাশ করিতে থাকিলে তবেই ধারণাটা পাকা হয়। পরের ভাষায় গ্রহণ করাও শক্ত, প্রকাশ করাও কঠিন। এইর্পে রচনা করিবার চর্চা না থাকাতে যাহা শিথি তাহাতে আমাদের অধিকার দৃঢ় হইতেই পারে না। key মুখুম্ব করিয়া, শেখা এবং লেখা দুয়ের কাজ চালাইয়া দিতে হয়। যে বয়সে মন অনেকটা পরিমাণে পাকিয়া যায় সে বয়সের লাভ পরো লাভ নহে। সে 'চা বয়সে মন অজ্ঞাতসারে আপনার খাদ্য শোষণ করিতে পারে তর্খান সে জ্ঞান ও ভাবকে আপনার রক্তমাংসের র্স হত প্রেভাবে মিশাইয়া নিজেকে সজীব সবল সক্ষম করিয়া তোলে। সেই সময়টাই আমানের মাঠে মারা যায়। সে মাঠ শস্যাশন্য অন্বর্ণর নারস মাঠ। সেই মাঠে আনাদের ব্যান্ধ ও ম্বান্থ্য কত যে মারিয়াছে তাহার হিসাব কে রাথে!

এইর্প শিক্ষাপ্রণালীতে আমাদের মন যে অপরিণত থাকিয়া যায় বৃদ্ধি যে সম্প্রণ ফ্রাতি পায় না. সে কথা আমাদিগকে স্বীকার করিতে হইবে। আমাদের প্রাণ্ডতা অলপ কিছু দ্রে প্রশাত অগুসর হয়, আমাদের উণ্ভাবনাশান্তি শেষ পর্যান্ত প্রেটিছে না. আমাদের ধারণাশন্তির বিলস্ঠতা নাই। আমাদের ভাবনাচিশ্তা আমাদের লেখাপড়ার মধ্যে সেই ছাত্র-অবস্থার ক্ষ্মীণতাই বরাবর থাকিয়া যায়; আমরা নকল করি, নাজর খ্রাজ, এবং স্বাধীন মত বলিয়া যাহা প্রচার করি তাহা হয় কোনো না কোনো মৃথুগথ বিদ্যার প্রতিধ্বনি, নয় একটা ছেলেমান্ধি ব্যাপার। হয় মানসিক ভীর্তাবশত আমরা প্রদৃহ্ছি মিলাইয়া চলি, নয় অজ্ঞতার স্পর্ধাবশত বেড়া ডিঙাইয়া চলিতে থাকি।

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

কিম্তু আমাদের বৃদ্ধির যে স্বাভাবিক থব'তা আছে, এ কথা কোনো মতেই স্বীকার্য নহে। আমাদের শিক্ষাপ্রণালীর বৃ্টি সন্তেরও আমরা অন্প সময়ের মধ্যে যতটা মাথা তুলিতে পারিয়াছি, সে আমাদের নিজের গ্রেণে।

আর-একটি কথা। শিক্ষা দিবার উদ্দেশ্যের সংগে সংগে যদি আর-কোনো অবাশ্তর উদ্দেশ্য ভিতরে ভিতরে থাকিয়া যায় তবে তাহাতে বিকার জম্মায়।…

শ্ধ্ তাই নয়। ডিসি শিলনের যক্টাকে যে পরিমাণ পাক দিলে ছেলেরা সংযত হয়, তাহার চেয়ে পাক বাড়াইবার চেন্টা দেখা যাইতেছে—ইহাতে তাহাদিগকৈ নিঃসন্তর করা হইবে। ছেলেদের মধ্যে ছেলেমান্বির চাঞ্চল্য যে স্বাভাবিক ও স্বাস্থ্যকর তাহা স্বদেশের সম্বন্ধে ইংরেজ ভালোই বোঝে। তাহারা জানে, এই চাঞ্চল্যকে দমন না করিয়া যদি নিয়মিত করিয়া প্র্ট করা যায় তবে ইহাই এক দিন চরিত্র এবং ব্রদ্ধির শক্তির্পে সঞ্চিত হইবে। এই চাঞ্চল্যকে একেবারে দলিত করাই কাপ্রে, যতাস্থির প্রধান উপায়। ছেলেদের যাহারা যথার্থ হিতৈষী তাহারা এই চাঞ্চল্যের মধ্যে প্রকৃতির শভে উদ্দেশ্য স্বীকার করে, তাহারা ইহাকে উপদ্রব বলিয়া গণ্য করে না। এইজন্য বালোচিত চাপলোর নানাবিধ উৎপাতকে বিজ্ঞলোকেয়া সম্বেহে রক্ষা করেন। ইংলম্ভে এই ক্ষমাগ্রনের চর্চা যথেন্ট দেখা যায়— এমন-কি, আমাদের কাছে তাহা অতিরিক্ত বলিয়া মনে হয়।

নিজে চিশ্তা করিবে, নিজে সন্ধান করিবে, নিজে কাজ করিবে, এমনতরো মান্য তৈরি করিবার প্রণালী এক; আর পরের হ্কুম মানিয়া চলিবে, পরের মতের প্রতিবাদ করিবে না, ও পরের কাজের জোগানদার হইয়া থাকিবে মান্ত, এমন মান্য তৈরির বিধান অন্যর্পে। আমরা দ্বভাবত দ্বজাতিকে দ্বাতশ্ব্যের জন্য প্রস্তুত করিতে ইচ্ছা করিব, সে কথা বলাই বাহ্লা। ইংলাডের যখন স্থাদিন ছিল তখন ইংলাডও কোনো জাতি সাবশ্বেই এই আদশো বাধা দিত না, ভারতবর্ষে শিক্ষানীতি সদ্বশ্ধে মেকলেব মানতব্য তাহার প্রমাণ। এখন কালের পরিবর্তান হইয়াছে—এইজন্যই শিক্ষার আদশা লইয়া কর্তাপক্ষদের সংগ্রা দ্বদেশভন্তদের বিরোধ অবশাদভাবী হইয়া পড়িয়াছে। আমরা বিদ্যালয়ের সাহায়্যে এ দেশে তাবেদারির চিরাগ্রায়ী ভিত্তিপক্তন করিতে কিছাতেই রাজি হইতে পারি না। কাজেই, সময় উপিন্থিত হইয়াছে, এখন বিদ্যাশিক্ষাকে যেনন করিয়া হউক নিজের হাতে গ্রহণ করিতেই হইবে।

গবমেন্ট্-প্রতিষ্ঠিত সেনেটে সিন্ডিকেটে বাঙালি থাকিলেই যে বিদ্যাশিক্ষাব ভার আমাদের নিজের হাতে রহিল তাহা আমি মনে করি না। গবমেন্টের আমাদের কাছে জবাবদিহি না থাকিয়া দেশের লোকের কাছে জবাবদিহি থাকা চাই। আমরা গবমেন্টের সম্মতির অধীনে যথন বাহাস্বাতশ্রের একটা বিজ্বনা লাভ করি তথনি আমাদের বিপদ সব চেয়ে বেশি। তথন প্রসাদলখ সেই মিথ্যা স্বাতশ্যের মলো যাহা দিতে হয় তাহাতে মাথা বিকাইয়া যায়। বিশেষত দেশী লোককে দিয়াই দেশের মংগল দলন করা গবমেন্টের পক্ষে কিছুমাত কঠিন নহে, নহিলে এ দেশের দ্রগতি কিসের! অতএব, চাকরির অধিকার নহে, মন্যাজের অধিকারের যোগ্য হইবার প্রতি যদি লক্ষ্য রাখি, তবে শিক্ষা সম্বন্ধে সম্পূর্ণ স্বাতশ্রা-চেন্টার দিন আসিয়াছে এ বিষয়ে সম্পেহ

### রবীন্দ্রচনা-সংকলন

নাই। দেশের লোককে শিশ্কোল হইতে মান্য করিবার সদ্পায় যদি নিজে উণ্ভাবন এবং তাহার উদ্যোগ যদি নিজে না করি তবে আমরা সবপ্রকারে বিনাশপ্রাপ্ত হইব, অমে মরিব, শ্বাণেথ্য মরিব, বর্ণিধতে মরিব, চরিত্রে মরিব—ইহা নিশ্চয়। বশ্তুত আমরা প্রত্যহই মরিতেছি, অথচ তাহার প্রতিকারের ওপযুক্ত চেটামাত্র করিতেছি না, তাহার চিশ্তানাত্র যথার্থার্পে আমানের মনেও উদ্ধ হইতেছে না, এই-ধে নিবিভ্ মোহাব্তি নির্নাম ও চরিত্রবিকার—বালাকাল হইতে প্রকৃত শিক্ষা ব্যতীত কোনো অনুপ্রান প্রতিপ্রকার হার বিহাববের রোনো ওপার নাই।

শিকা, শিক্তা 'তী ১৯৭৩, প্লেত্২-৩৭

## होका :

মেকলে ( Thomas Babington Macaulay )

ইংরেজ সাহিত্যিক ও শিক্ষাতত্ত্ববিদ। জন্ম—১৮০০, মৃত্যু—১৮৫%।

উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য ঃ

শিক্ষাপ্রণালী, শিক্ষার লক্ষ্য

## তুলনীয় প্রসাগ :

১. মেঘনাদবধ কাব্য। ২. প্রসংগ কথা ১ (তিনখানি পত্র)। ৩. পুর্ব প্রশ্নের অনুবৃত্তি। ৪ শিক্ষা সমস্যা। ৫. আবরণ। ৬. পিতৃদেব , জীবন শ্যুতি)। ৭. শিক্ষাবিধি। ৮. লক্ষ্য ও শিক্ষা। ৯ জগদানন্দ রায়কে পত্র ৫নং। ১০. এসন্তোষের কারণ। ১১. বিশ্বভারতী ২নং। ১২. বিদ্যার যাচাই। ১৩. আকাৎক্ষা। ১৪. বিশ্বভারতী ৬নং। ১৫ পশ্চিম্যাতীর ভায়ারি। ১৬. আলোচনা। ১৭. পুর্ববংগে বঙাতা। ১৮. জনেক অধ্যাপকের চিঠি। ১৯. সোভিয়েত ইউনিয়নে রবশ্দিনাথ ২নং। ২০. শিক্ষার বিকিবল ২১. বিশ্বভারতী ১নং। ২২. আশ্রমের শিক্ষা। ২৩. শিক্ষার বিকিবল ২১. বিশ্বভারতী ১নং। ২২. আশ্রমের শিক্ষা। ২৩. শিক্ষার বিকিবল ২৯. কাক্ষ্যমদারকে পত্র ২নং। ২৭ ছাত্রদের প্রতি সংভাষণ। ২৮ সন্তোষচন্দ্র মজ্মদারকে পত্র ২নং। ২৭ ছাত্রদের প্রতি সংভাষণ। ২৮ তপোবন। ২৯. লক্ষ্য ও শিক্ষা। ৩০. জগদানন্দ রায়কে পত্র ২নং। ৩১. প্রান্তনী। ৩২ বিশ্বভারতী ১নং। ৩৬. শোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৩৫. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৩৫. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৩৫. বিশ্বভারতী ১৫নং। ৩৯. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শণ। ৪০. বিশ্বভারতী ১৭নং। বিশ্বভারতী ১৮নং ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

## ১০। লিকাসমস্যা

[ প্রকাশ —বঙ্গদশনি, আষাঢ় ১৩১৩ ( ১৯০৬ ) ]

জাতীয় শিক্ষাপরিষদের সভ্য আমার কয়েক জন শ্রুদেধয় স্কুল্ব্ এই পরিষদের স্কুল্ব-বিভাগের একটি গঠনপত্রিকা তৈরি করিবার জন্য আমার উপরে ভার দিয়াছিলেন।

…গোড়াতেই মনে প্রশ্ন উদয় হয় যে. জাতীয় শিক্ষাপরিষণটি কোন্ ভাবের প্রেরণায় জন্মগ্রহণ করিতেছে। দেশে সম্প্রতি যে-সকল বিদ্যাশিক্ষার ব্যবস্থা আছে তাহার মধ্যে কোন্ ভাবের অভাব ছিল যাহাতে সেই শিক্ষা সম্পূর্ণ হইতেছিল না, এবং প্রস্তাবিত বিদ্যালয়ে সেই ভাবটিকে কোথায় স্থান দেওয়া হইতেছে।

জাতীয় শিক্ষাপরিষৎ শা্ধা যদি কার্বিদ্যালয়-গ্থাপনের জন্য প্রতিষ্ঠিত হইও তাহা হইলে ব্বিতাম যে, একটা বিশেষ সংকীণ প্রয়োজন সাধন করাই ইহার উদ্দেশ্য। কিন্তু যখন দেখা থাইতেছে সাধারণত দেশের সমন্ত শিক্ষার প্রতি পরিষৎ দৃষ্টি রাখিতে চান তখন এই জিজ্ঞাসা মনে উঠে যে কোন্ভাবে এই শিক্ষাকার্য চলিবে। কোন্নিয়েম চলিবে এবং কী কী বই পড়ানো হইবে, সে-সমন্ত বাহিরের কথা।

ইহার উন্তরে যদি কেহ বলেন 'জাতীয়' ভাবে শিক্ষা দেওয়া হইবে তবে প্রশ্ন উঠিবে, শিক্ষা সংবশ্বে জাতীয় ভাব বলিতে কী ব্যুঝায় ? 'জাতীয়' শব্দটার কোনো সীমানিদেশি হয় নাই, হওয়াও শস্ত। কোন্টা জাতীয় এবং কোন্টা জাতীয় নহে, শিক্ষা স্থাবিধা ও সংক্ষার অনুসারে ভিন্ন লোকে তাহা ভিন্ন রকমে পথর করেন।

এইজন্য শিক্ষাপরিষদের প্রতিষ্ঠাতাগণ যখন উদ্যোগে প্রবৃত্ত আছেন তখন দেশের স্ব'সাধারণের তরফ হইতে নিজের চিত্ত, নিজের অভাব, ব্রিখবার জন্য একটা আলোচনা হওয়া উচিত।

সেই আলোচনাকে জাগাইয়া তোলাই আমার এই রচনার প্রধান উদ্দেশ্য ।…

ইস্কুল বলিতে আমরা যাহা বুঝি সে একটা শিক্ষা দিবার কল। মাস্টার এই কাব-খানার একটা অংশ। সাড়ে দশটার সময় ঘশ্টা বাজাইয়া কারখানা খোলে। কল চলিতে আরশ্ভ হয়, মাস্টারেরও মুখ চলিতে থাকে। চারটো সময় কারখানা বন্ধ হয়, মাস্টাব-কলও তখন মুখ বন্ধ করেন; ছাত্ররা দুই-চার পাতা কলে-ছাঁটা বিদ্যা লইয়া বাড়ি ফেরে। তার পর পরীক্ষার সময় এই বিদ্যার যাচাই হইয়া তাহার উপরে মাক্যি প্রিয়া যায়।

কলের একটা স্থাবধা ঠিক মাপে, ঠিক ফর্মাশ-দেওয়া জিনিসটা পাওয়া যায় ; এক কলের সংগ্র আর-এক কলের উৎপল সামগ্রীর বড়ো একটা তফাত থাকে না, মার্কা দিবার স্থাবিধা হয় ।

কিশ্তু এক মানুষের সংগে আর-এক মানুষের অনেক তফাত। এমন-কি, একই মানুষের এক দিনের সংগে আর-এক দিনের ইতর-বিশেষ ঘটে।

তব্ব মান্বের কাছ হইতে মান্ব যাহা পায় কলের কাছ হইতে তাহা পাইতে পারে না। কল সম্মুখে উপস্থিত করে, কিম্তু দান করে না; তাহা তেল দিতে পারে, কিম্তু আলো জনালাইবার সাধ্য তাহার নাই।

য় রোপে মান্য সমাজের ভিতরে থাকিয়া মান্য হইতেছে, ইম্কুল তাহার কথণিং সাহায্য করিতেছে। লোকে যে বিদ্যা লাভ করে সে বিদ্যাটা সেখানকার মান্য হইতে

## রবীশ্ররচনা-সংকলন

বিচ্ছিন্ন নহে ; সেইখানেই তাহার চর্চা হইতেছে, সেইখানেই তাহার বিকাশ হইতেছে, সমাজের মধ্যে নানা আকারে নানা ভাবে তাহার সন্ধার হইতেছে, লেখাপড়ার কথাবার্তার 'কাজে-কর্মে তাহা অহরহ প্রত্যক্ষ হইয়া উঠিতেছে। সেখানে জনসমাজ যাহা কালে কালে নানা ঘটনার নানা লোকের শ্বারার লাভ করিয়াছে, সন্ধার করিয়াছে এবং ভোগ করিতেছে, তাহাই বিদ্যালয়ের ভিতর দিয়া বালকদিগকে পরিবেশনের একটা উপায় করিয়াছে মাত্র।

এইজন্য সেখানকার বিদ্যালয় সমাজের সংগ্যামিশিয়া আছে, তাহা সমাজের মাটি হইতেই রস টানিতেছে এবং সমাজকেই ফলদান করিতেছে।

কিন্তু বিদ্যালয় যেখানে চারি দিকের সমাজের সণ্যে এমন এক হইয়া মিনিতে পারে নাই—যাহা বাহির হইতে সমাজের উপরে চাপাইয়া দেওয়া তাহা শৃন্দ, তাহা নিজীব, তাহার কছে হইতে যাহা পাই তাহা কণ্টে পাই, এবং সে বিদ্যা প্রয়োগ করিবার বেলা কোনো স্থাবিধা করিয়া উঠিতে পারি না। দশ্টা হইতে চারটে পর্যন্ত যাহা মুখ্যথ করি, জীবনের সণ্যে, চারি দিকের মানুষের সণ্যে, ঘরের সণ্যে, তাহার মিল দেখিতে পাই না। বাড়িতে বাপ মা ভাই বন্ধুরা যাহা আলোচনা করেন বিদ্যালয়ের শিক্ষার সংগে তাহার যোগ নাই, বরণ অনেক সময়ে বিরোধ আছে। এমন অবশ্যায় বিদ্যালয় একটা এজিনমাত্র হইয়া থাকে, তাহা বন্ধু জোগায়, প্রাণ জোগায় না।

এইজন্য বলিতেছি, মুরোপেব বিদ্যালয়ের অবিকল বাহ্য নকল করিলেই আমরা যে সেই একই জিনিস পাইব এনন নহে। এই নকলে সেই বেণি, সেই টেবিল, সেই প্রকার কার্যপ্রণালী সমঙ্গতই ঠিক মিলাইয়া পাওরা যায়, কিন্তু তাহা আমাদের পক্ষে বোঝা হইয়া উঠে। ··

অতএব আমাদের এনেকার প্রয়োজন যদি আমরা ঠিক বর্ঝি তবে এমন ব্যবংথা করিতে হইবে, যাহাতে বিদ্যালয় ঘরের কাজ করিতে পারে, যাহাতে পাঠ্য বিষয়ের বিচিত্রতার সংগ্র অধ্যাপনার সজীবতা মিশিতে পারে, যাহাতে পর্নথির শিক্ষাদান এবং হুদর্মনকে গড়িয়া তোলা দুই ভারই বিদ্যালয় গ্রহণ করে। দেখিতে হইবে আনাদের দেশে বিদ্যালয়ের সংগ্র বিদ্যালয়ের চতুদিকের যে বিচ্ছেদ, এমন-কি বিরোধ আছে, তাহার দ্বারা যেন ছাত্রদের মন বিক্ষিপ্ত হইয়া না যায় ও এইর্পে: ন্দ্যাশিক্ষাটা যেন কেবল দিনের মধ্যে করেক ঘণ্টা মাত্র সম্পূর্ণ প্রতন্ত হইয়া উঠিয়া বাস্ত্রবিক্তাসম্পর্ক-শ্না একটা অত্যক্ত গ্রহ্বপাক আব্স্টাক্ট্র ব্যাপার হইয়া না দাঁড়ায়।

আসল কথা, মান, ষের মন পাইতে হইবে। তাহা হইলে যেটুকু আয়োচন করা যায় সেইটুকুই প্রেরা ফল দেয়। ভারতবর্ষ যখন শিক্ষা দিত তখন মন পাইরাছিল কী করিয়া সে কথাটা ভাবিয়া দেখা চাই—বিদেশী য়্রনিভার্সিটির ক্যালেডার খ্রলিয়া তাহার রস বাহির করিবার জন্য তাহাতে পোন্সলের দাগ দিতে নিষেধ করিব না, কিন্তু সঙ্গে সংগ্রে এই বিচারটাও উপেক্ষার বিষয় নহে। কী শিখাইব তাহা ভাবিবার বটে, কিন্তু যাহাকে শিখাইব তাহার সমস্ত মনটা কী করিয়া পাওয়া যাইতে পারে সেও কম কথা নয়।

এক দিন তপোবনে ভারতবর্ষের গ্রের্গৃহ ছিল. এইর্পে একটা প্রাণকথা আমাদের দেশে প্রচলিত আছে। অবশ্য তপোবনের যে একটা পরিষ্কার ছবি আমাদের মনে আছে তাহা নহে এবং তাহা অনেক অলোকিকতার কুর্হেলিকায় আচ্ছন্ন হইয়া পড়িয়াছে।

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

যে কালে এই-সকল আশ্রম সত্য ছিল সে কালে তাহারা ঠিক কির্পে ছিল তাহা লইয়া তর্ক করিব না, করিতে পারিব না। কিন্তু ইহা নিশ্চয় যে, এই-সকল আশ্রমে যাঁহারা বাস করিতেন তাঁহারা গৃহী ছিলেন এবং শিষ্যগণ সন্তানের মতো তাঁহাদের সেবা করিয়া তাঁহাদের নিকট হইতে বিদ্যা গ্রহণ করিতেন। এই ভাবটাই আমাদের দেশের টোলেও আজ কতকটা পরিমাণে চলিয়া আসিয়াছে।

এই টোলের প্রতি লক্ষ করিলেও দেখা যাইবে, চতুৎপাঠীতে কেবলমার পর্নথর পড়াটাই সব চেয়ে বড়ো জিনিস নয়, সেখানে চারি দিকেই অধ্যয়ন-অধ্যাপনার হাওয়া বহিতেছে। গ্রের নিজেও ঐ পড়া লইয়াই আছেন। শর্ধ্ব তাই নয়, সেখানে জীবনযাতা নিতান্ত সাদাসিধা; বৈষয়িকতা বিলাসিতা মনকে টানাছে ড়া করিতে পারে না, স্কুরাং শিক্ষাটা একেবারে প্রভাবের সঙ্গে মিশ খাইবার সময় ও স্থবিধা পায়। য়৻রোপের বড়ো বড়ো শিক্ষাগারেও যে এই ভাবটি নাই, সে কথা বলা আমার উদ্দেশ্য নহে।

প্রাচীন ভারতবর্ষের মতে, যত দিন অধায়নের কাল তত দিন ব্রহ্মচর্যপালন এবং গ্রুগ্রে বাস আবশ্যক।

ব্রম্বচর্যপালন বলিতে যে কৃচ্ছ্রসাধন ব্রুথায় তাহা নহে। সংসারের মাঝখানে যাহারা থাকে তাহারা ঠিক দ্বভাবের পথে চলিতে পারে না। নানা লোকের সংঘাতে নানা দিক হইতে নানা ঢেউ আসিয়া অনেক সময়ে অনাবশ্যকর্পে তাহাদিগকে চণ্ডল করিতে থাকে—যে সময়ে যে-সকল প্রদয়বৃত্তি ভ্রুণ অবদ্থায় থাকিবার কথা তাহারা কৃত্রিম আঘাতে অকালে জন্মগ্রহণ করে। ইহাতে কেবলই শক্তির অপব্যয় হয় এবং মন দ্বেল এবং লক্ষ্যভর্ত ইইয়া পড়ে।

শ্ব্য এই এক্ষচর্যপালন নয়, তাহার সংগ বিশ্বপ্রকৃতির আন্ত্রকূল্য থাকা চাই।
শহর ব্যাপারটা মান্বের কাজের প্রয়োজনেই তৈরি হইয়াছে; তাহা আমাদের
শ্বাভাবিক আবাস নয়। ই'ট কাঠ পাথরের কোলে ভূমিণ্ঠ হইয়া আমরা মান্ব হইব,
বিধাতার এমন বিধান ছিল না। আপিসের কাছে এবং এই আপিসের শহরের কাছে
প্রপক্ষেব-চন্দ্রস্থের কোনো দাবি নাই তাহা সজীব সরস বিশ্বপ্রকৃতির বক্ষ হইতে
ছিনাইয়া লইয়া আমাদিগকে তাহার উত্তপ্ত জঠরের মধ্যে গিলিয়া পরিপাক করিয়া
ফেলে। যাহারা ইহাতেই অভ্যাত এবং যাহারা কাজের নেশায় বিহনল তাহারা এ
সম্বন্ধে কোনো অভাবই অন্ভব করে না—তাহারা শ্বভাব হইতে ল্লণ্ট হইয়া বৃহৎ
জগতের সংস্তব হইতে প্রতি দিনই দ্বের চলিয়া যায়।

কিন্তু কাজের ঘ্রণির মধ্যে ঘাড়ম্বড় ভাঙিয়া পড়িবার প্রের্ব, শিখিবার কালে, বাড়িয়া উঠিবার সময়ে, প্রকৃতির সহায়তা নিতান্তই চাই। গাছপালা, ন্বচ্ছ আকাশ, মন্ত বায়্, নির্মাল জলাশয়, উদার দৃশ্য—ইহারা বেণি এবং বোর্ড, পর্বথি এবং পরীক্ষার চেয়ে কম আবশ্যক নয়।

চির্নাদন উদার বিশ্বপ্রকৃতির ঘনিষ্ঠ সংস্রবে থাকিয়াই ভারতবর্ষের মন গড়িয়া উঠিয়াছে। জগতের জড় উণ্ডিদ' চেতনের সংগ নিজেকে একান্তভাবে ব্যাপ্ত করিয়া দেওয়া ভারতবর্ষের শ্বভাবসিশ্ধ হইয়াছে।…

### রব শিবরচনা-সংকলন

অশ্নি বায় জল ম্পল বিশ্বকে বিশ্বাদ্ধা দারা সহজে পরিপর্ণে করিয়া দেখিতে শেখাই যথার্থ শেখা। এই শিক্ষা শহরের ইম্কুলে ঠিকমত সম্ভবে নাঃ সেখানে বিদ্যাশিক্ষার কারখানা-ঘরে জগৎকে আমরা একটা যশ্য বলিয়াই শিখিতে পারি।

···খোলা আকাশ, খোলা বাতাস এবং গাছপালা মানবসম্তানের শরীর-মনের স্বর্পারণতির জন্য যে অত্যাত দরকার এ কথা বোধ হয় কেজো লোকেরাও একেবারেই উড়াইয়া দিতে পারিবেন না। বয়স যখন বাডিবে, আপিস যখন টানিবে, লোকের ভিড় ষখন ঠেলিয়া লইয়া বেডাইবে, মন যথন নানা মতলবে নানা দিকে ফিরিবে, তখন বিশ্বপ্রকৃতির সংগ্রে প্রতাক্ষ হাদয়ের যোগ অনেকটা বিচ্ছিন্ন হইয়া যাইবে। তাহার প্রবে যে জলম্থল-আকাশবায়র চিরুতন ধাতীক্রোডের মধ্যে জন্মিয়াছি তাহার সপ্সে ষ্থার্থভাবে পরিচয় ২ইয়া যাক, মাতৃশ্তনোর মতো তাহার অম্তর্স আক্ষ'ণ করিয়া णहे, তাহার উদার মত্র গ্রহণ করি—তবেই সংপ্রেণরিংপে মানুষ হইতে পারিব। বালকদের হৃদয় যথন নবীন আছে, কোত্তল যখন সজীব এবং সম্দয় ইন্দ্রিশান্ত যখন সতেজ, তথনই তাহাদিগকৈ মেঘ ও রৌদ্রের লীলাভমি অবারিত আকাশের তলে খেলা করিতে দাও – তাহাদিগকে এই ভুমার আলিখ্যন হইতে বঞ্চিত করিয়া রাখিয়ো না। দিনপথ নিম'ল প্রাতঃকালে সংযোগিয় তাহাদের প্রত্যেক দিনকে জ্যোতিম'র অংগ্রালির দ্বারা উম্ঘাটিত করকে এবং সূর্যোগতদীপ্ত সোমা গম্ভীর সায়াহ্ন তাহাদের দিবাবসানকে নক্ষ্ত্রথচিত অন্ধ্কারের মধ্যে নিঃশব্দে নিমালিত করিয়া দিক। তর্**লতা**র শাখাপল্লবিত ন্ত্ৰেশালায় ছয় অঙক ছয় ঋতুর নানারসবিচিত্র গাঁতিনাট্যভিনয় তাহাদের সম্মূখে ঘটিতে দাও। তাহারা গাছের তলায় দাঁড়াইয়া দেখুক, নববর্ষা প্রথম-যৌবরাজ্যে-অভিষিত্ত রাজপুতের মতো তাহার পুঞ্জ পুঞ্জ সজলনিবিড় মেঘ লইয়া আনন্দগর্জনে চিরপ্রত্যাশী বনভূমির উপরে আসম বর্ষণের ছায়া ঘনাইয়া তুলিতেছে— এবং শরতে অল্লপূর্ণা ধরিতীর বক্ষে শিশিরে সিঞ্চিত, বাতাসে চণ্ডল, নানা বর্ণে বিচিত্র, দিগ্রুতবাপ্তে শামল সফলতার অপর্যাপ্ত বিশ্তার স্বচক্ষে দেখিয়া তাহাদিগকে ধনা হইতে দাও। হে প্রবীণ অভিভাবক, হে বিষয়ী, তুমি কম্পনাব্যক্তিকে যতই নিজাবি, হৃদয়কে যতই কঠিন করিয়া থাক, পোহাই তোমাং, এ কথা অশ্তত লম্জাতেও বলিয়ো না যে, ইহার কোনো আবশ্যক নাই—তোমার বালকদিগকে বিশাল বিশেবর মধ্য দিয়া বিশ্ব-জননীর প্রত্যক্ষলীলাম্পর্শ অনুভব করিতে দাও—তাহা তোমার ইন্সেপেইরের তদস্ত এবং পর্নাফ্রকের প্রশ্নপত্রিকার চেয়ে যে কত বেশি কাজ করে তাহা অশ্তরে অনভেব কর না বলিয়াই তাহাকে নিতাত্ত উপেক্ষা করিয়ো না।

মন যথন বাড়িতে থাকে তখন তাহার চারি দিকে একটা বৃহৎ অবকাশ থাকা চাই। বিশ্বপ্রকৃতির মধ্যে সেই অবকাশ বিশালভাবে বিচিত্রভাবে স্থন্দর-ভাবে বিরাজমান। কোনোমতে সাড়ে-নয়টা দশটার মধ্যে তাড়াতাড়ি অন্ন গিলিয়া বিদ্যা শক্ষার 'হরিণবাড়ি'র মধ্যে হাজিরা দিয়া কখনোই ছেলেদের প্রকৃতি স্থন্থভাবে বিকাশ লাভ করিতে পারে না। শিক্ষাকে দেয়াল দিয়া ঘিরিয়া, গেট দিয়া র্ম্প করিয়া, দরোয়ান দিয়া পাহারা বসাইয়া, শান্দিত দারা কন্টকিত করিয়া, ঘণ্টা দারা তাড়া দিয়া, মানবজীবনের আরক্তে এ কী নিরানন্দের

## রবীন্দ্রনাথের চিশ্তাজগং

সৃষ্টি করা হইয়াছে ! শিশ্ব যে আলেজেরা না ক্ষিয়াই, ইতিহাসের তারিথ না মুখণ্থ করিয়াই মাতৃণত হইতে ভূমিণ্ঠ হইয়াছে, সে জন্য সে কি অপরাধী ? তাই সে হতভাগ্যদের নিকট হইতে তাহাদের আকাশ বাতাস, তাহাদের আনশ্দ অবকাশ, সমুস্ত কাড়িয়া লইয়া শিক্ষাকে সর্বপ্রকারেই তাহাদের পক্ষে শান্তি করিয়া তুলিতে হইবে ? না জানা হইতে ক্রমে ক্রমে জানিবার আনশ্দ পাইবে বলিয়াই কি শিশ্বরা অশিক্ষত হইয়া জন্মগ্রহণ করে না ? আমাদের অক্ষমতা ও বর্বরতা-বশত জ্ঞানশিক্ষাকে যদি আমরা আনশ্দজনক করিয়া না তুলিতে পারি, তব্ব চেণ্টা করিয়া, ইছা করিয়া, নিতাশ্ত নিষ্ঠারতাপ্রেক নিরপরাধ শিশ্বদের বিদ্যাগারকে কেন আমরা কারাগারের আকৃতি দিই ? শিশ্বদের জ্ঞান-শিক্ষাকে বিশ্বপ্রকৃতির উদার রমণীয় অবকাশের মধ্য দিয়া উদ্মেষিত করিয়া তোলাই বিধাতার অভিপ্রায় ছিল ; সেই অভিপ্রায় আমরা বে পরিমাণে ব্যর্থ করিতেছি সেই পরিমাণেই ব্যর্থ হইতেছি ৷ হরিণবাড়ির প্রাচীর ভাঙিয়া ফেলো, মাতৃগভের্বর দশ মাসে পণ্ডিত হইয়া উঠে নাই বলিয়া শিশ্বদের প্রতি সশ্রম কারাণ্ডের বিধান করিয়ো না—তাহাদিগকে দয়া করে৷ ৷

তাই আমি বলিতেছি, শিক্ষার জন্য এখনও আমাদের বনের প্রয়োজন আছে এবং গ্রেক্স্ছও চাই। বন আমাদের সজীব বাসম্থান এবং গ্রেক্ আমাদের সহ্পয় শিক্ষক। এই বনে এই গ্রেক্স্হে আজও বালকাদগকে ব্রদ্ধ্যপালন করিয়া শিক্ষা সমাধা করিতে হইবে। কালে আমাদের অবস্থার যতই পরিবর্তন হইয়া থাক, এই শিক্ষানিয়মের উপযোগিতার কিছ্নাত্র হ্রাস হয় নাই; কারণ এ নিয়ম নানবচরিত্রের নিতাস তাের উপর প্রতিষ্ঠিত।

অতএব, আদশ'-বিদ্যালয় যদি স্থাপন করিতে হয় তবে লোকালয় হইতে দ্রে নির্জানে মৃত্ত আকাশ ও উদার প্রাশতরে গাছপালার মধ্যে তাহার ব্যবস্থা করা চাই। সেখানে অধ্যাপকগণ নিভূতে অধ্যয়ন ও অধ্যাপনায় নিয়ত্ত থাকিবেন এবং ছাত্রগণ সেই জ্ঞানচর্চার যজ্ঞক্ষেত্রের মধ্যেই বাড়িয়া উঠিতে থাকিবে।

যদি সম্ভব হয় তবে এই বিদ্যালয়ের সংগে খানিকটা ফসলের জান থাক। আবশ্যক; এই জান হইতে বিদ্যালয়ের প্রয়োজনীয় আহার্য সংগ্রহ হইবে, ছাত্ররা চাষের কাজে সহায়তা করিবে। দুধে যি প্রভৃতির জন্য গোর্ থাকিবে এবং গোপালনে ছাত্রদিগকে যোগ দিতে হইবে। পাঠের বিশ্রাম-কালে তাহারা শবংশেত বাগান করিবে, গাছের গোড়া খাড়িবে, গাছে জল দিবে, বেড়া বাধিবে। এইর্পে তাহারা প্রকৃতির সংগে কেবল ভাবের নহে, কাজের সাবশ্বও পাতাইতে থাকিবে।

অন্কুল ঋতুতে বড়ো বড়ো ছায়াময় গাছের তলায় ছাত্রদের ক্লাস বাসিবে । ভাহাদের শিক্ষার কতক অংশ অধ্যাপকের সহিত তর্গ্রেণীর মধ্যে বেড়াইতে বেড়াইতে সমাধা হইবে । সন্ধ্যার অবকাশ তাহারা নক্ষ্যপরিচয়ে, সংগীত্রতায়, প্রাণকথা ও ইতিহাসের গ্রন্থ শ্নিয়া যাপন করিবে ।

অপরাধ করিলে ছাত্রগণ আমাদের প্রাচীন প্রথা অনুসারে প্রায়ণ্ডিত পালন করিবে। শান্তি পরের নিকট হইতে অপরাধের প্রতিফল, প্রায়ণ্ডিত নিজের দ্বারা অপরাধের সংশোধন। দণ্ডশ্বীকার করা ধে নিজেরই কর্তব্য এবং না করিলে যে গ্লানিমোচন

#### রবীন্দ্ররচনা-সংকলন

হয় না, এই শিক্ষা বা**ল্যকাল হইতেই** হওয়া চাই—পরের নিকটে নিজেকে দ**ণ্ডনীর** করিবার হীনতা মনুষ্যোচিত নহে।

র্যাদ অভয় পাই তবে এই প্রসণ্গে সাহসে ভর করিয়া আর-একটা কথা বিলয়া রাখি। এই বিদ্যালয়ে বে.ণি টেবিল চৌকির প্রয়োজন নাই। আমি ইংরেজি সামগ্রার বিরুদ্ধে গোঁড়ামি করিয়া এই কথা বলিতেছি, এমন কেহ যেন না মনে করেন। আমার বন্ধব্য এই যে, আমাদের বিদ্যালয়ে অনাবশ্যককে খর্ব করিবার একটা আদর্শ সর্বপ্রকারে স্পন্ট করিয়া তুলিতে হইবে।

· আমি জানি অনেকের মত এই যে, লেখাপড়া শিখাইবার জন্য ঘর হইতে ছাত্র-দিগকে দারে পাঠানো তাহাদের পক্ষে হিতকর নহে।

এ সম্বশ্বে প্রথম বস্তব্য কথা এই যে, লেখাপড়া শেখানো বলিতে আমরা আজকাল যাহা ব্রিক তাহার জন্য বাড়ির গলির কাছে যে-কোনো একটা স্থবিধামত ইম্কুল এবং তাহার সংগ্য বড়ো জাের একটা প্রাইভেট টিউটার রাখিলেই যথেন্ট। বিদ্যুত্ব এইর্প লিখাপড়া করে যেই গাড়ি ঘাড়া চড়ে সেই' শিক্ষার দীনতা ও কাপণা মানবসম্তানের পক্ষে যে অযোগ্য তাহা আমি একপ্রকার ব্যক্ত করিয়াছি।

দিতীয় কথা এই. শিক্ষার জন্য বালকদিগকে ঘর হইতে দ্বে পাঠানো উচিত নহে, এ কথা মানিতে পারি যদি ঘর তের্মান ঘর হয়। কামার কুমার তাঁতি প্রভৃতি শিলিপগণ ছেলেদিগকে নিজের কাছে রাখিয়াই মানুষ করে—তাহার কারণ, তাহারা ষেটুকু শিক্ষা দিতে চায় তাহা ঘরে রাখিয়াই ভালোরপে চালতে পারে। শিক্ষার আদর্শ আর-একটু উন্নত হইলে ইম্কুলে পাঠাইতে হয়—তথন এ কথা কেহ বলে না যে বাপ-মায়ের কাছে শেখানোই সর্বাপেক্ষা শ্রেয়; কেননা, নানা কারণে তাহা সম্ভবপর হয় না। শিক্ষার আদর্শকে আরও যদি ৬৫৮৮ তুলিতে পারি, যদি কেবল পরীক্ষাফললোলাল্প প্রথির শিক্ষার দিকেই না তাকাইয়া থাকি, যদি সর্বাগণীণ মনুব্যুদ্ধের ভিত্তিম্থাপনকেই শিক্ষার লক্ষ্য বলিয়া থিথব করি তবে তাহার ব্যবস্থা ঘরে এবং ইম্কুলে করা সম্ভবই হয় না।

সংসারে কেহ বা বাণিক, কেহ বা উকিলন কেহ বা ধনী জমিদার, কেহ বা আর-কিখ্। ইহাদের প্রত্যেকের ঘরের রকমসকম আবহাওয়া স্বতন্ত্র। ই<sup>\*</sup>হাদের ঘরে ছেলেরা শিশ্বকাল হইতে বিশেষ একটা ছাপ পাইতে থাকে।

জীবন্যান্তার বৈচিত্ত্যে মান্যুষের আপনি যে একটা বিশেষত্ব ঘটে তাহা জনিবার্য এবং এইর্পে এক-একটা ব্যবসায়ের বিশেষ আকারপ্রকার লইয়া মান্যুষ এক-একটা কোঠার বিভন্ত হইয়া যায়, কিশ্ বালকেরা সংসারক্ষেত্তে প্রবেশ করিবাব প্রবেশ জ্ঞাতসারে তাহাদের অভিভাবকদের ছাঁচে তাৈর হইতে থাকা তাহাদের পক্ষে কল্যাণকব নহে। ••

ল্রণকে গভের মধ্যে এবং বাজিকে মাটির মধ্যে নিজের উপযুক্ত খাদ্যের দারা পরিবৃত হইয়া গোপনে থাজিতে হয়। তখন দিনরাত্রি তাহার একমাত্র কাজ খাদ্যালাষণ করিয়া নিজেকে আকাশের জন্য আলোকের জন্য প্রস্তৃত করা। তখন সে আহরণ করে না, চারি দিক হইতে শোষণ করে। প্রকৃতি তাহাকে অন্কৃল অন্তর্নলের মধ্যে আহার দিয়া বেণ্টন করিয়া রাখে; বাহিরের নানা আঘাত অপঘাত তাহার নাগাল পায় না এবং নানা আকর্ষণে তাহার শক্তি বিভক্ত হইয়া পড়ে না।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

ছাত্রদের শিক্ষাকালও তাহাদের পক্ষে এইর্প মানসিক স্ক্র্ণ-অবস্থা। এই সময়ে তাহারা জ্ঞানের একটি সজীব বেণ্টনের মধ্যে দিনরাত্রি মনের খোরাকের মধ্যেই বাস করিয়া বাহিরের সমস্ত বিল্লান্তি হইতে দ্বে গোপনে যাপন করিবে, ইহাই স্বাভাবিক বিধান। এই সময়ে চতুদি কৈ সমস্তই তাহাদের অন্ক্ল হওয়া চাই, যাহাতে তাহাদের মনের একমাত্র কাজ হয়—জানিয়া এবং না জানিয়া খাদ্যশোষণ, শক্তিসগুয় এবং নিজের প্রভিসাধন করা।

সংসার কাজের জায়গা এবং নানা প্রবৃত্তির লীলাভূমি। সেখানে এমন অনৃক্লে অবস্থার সংঘটন হওয়া বড়ো কঠিন যাহাতে শিক্ষাকালে অক্ষ্ম্পভাবে ছেলেরা শক্তিলাভ এবং পরিপ্রেণ জীবনের ম্লেপত্তন করিতে পারে। শিক্ষা সমাধা হইলে গৃহী হইবার যথার্থ ক্ষমতা তাহাদের জন্মিবে। কিন্তু সংসারের সমস্ত প্রবৃত্তিসংঘাতের মধ্যে যথেছে মান্ম হইলে গৃহস্থ হইবার উপযুক্ত মান্ম হওয়া যায় না—বিষয়ী হওয়া যায়, বিস্কু মান্ম হওয়া কঠিন হয়। একদিন গৃহধমের আদর্শ আমাদের দেশে অত্যন্ত উচ্চ ছিল বলিয়াই সমাজে তিন বর্ণকে সংসারপ্রবেশের প্রেণ ব্রক্ষাহর্ণ-পালনের দ্বারা নিজেকে প্রস্কৃত করিবার উপদেশ ও ব্যবস্থা ছিল। অনেক দিন হইতেই সে আদর্শ হীন হইয়াছে এবং তাহার স্থলে কোনো মহং-আদর্শই গ্রহণ করি নাই বলিয়া আজ আমরা কেরানি সেরেন্তাদার দারোগা ডেপ্র্টি-ম্যাজিস্টেট হইয়াই স্নত্ট থাকি; তাহার বেশি হওয়াকে মন্দ বলি না, তবে বাহ্নল্য বলি।…

দুষ্ঠত্বমত একটা ইম্কুল ফাদার চেয়ে জ্ঞানদানের উপযান্ত আশ্রম ম্থাপন কঠিন, তাহাতে সন্দেহ নাই। কিম্তু এই কঠিনকে সহজ করাই ভারতবর্ষের কাজ হইবে। কারণ. এই আশ্রমের আদর্শ আমাদের কল্পনা হইতে এখনো যায় নাই এবং য়ুরোপে র **নানাপ্রকার বিদ্যাও আমাদের গো**চর হইয়াছে। বিদ্যালাভ ও জ্ঞানলাভের প্রণালীর মধো আমাদিগকে সামঞ্জস্যত্থাপন করিতে হইবে। ইহাই যদি না পারিলায় তবে কেবলই নকলের দিকে মন রাখিয়া আমরা সর্বপ্রকারে ব্যর্থ হইব। আ্রধকার লাভ করিতে গেলেই আমরা পরের কাছে হাত পাতি এবং গড়িয়া ভূলিতে গেলেই আমরা নকল করিতে বসিয়া যাই—নিজের শক্তি এবং নিজের মনের নিকে, দেশের প্রকৃতি ও দেশের যথার্থ প্রয়োজনের দিকে তাকাই না, তাকাইতে সাহসই হয় না। যে শিক্ষার ফলে আমাদের এই দশা হইতেছে সেই শিক্ষাকেই নতেন একটা নাম দিয়া আপন করিলেই যে তাহা নতেন ফল প্রসব করিতে থাকিবে, এরপে আশা করিয়া নতেন আর-একটা নৈরাশ্যের মূথে অগ্রসর হইতে প্রবৃত্তি হয় না। এ কথা আনাদিগকে মনে রাখিতে হইবে, যেখানে মুখলধারায় চাঁদার টাকা আসিয়া পড়ে সেইখানেই যে শিক্ষা বেশি করিয়া জমা হইতে থাকে তাহা নহে, মনুষাত্ব টাকায় কেনা যায় না ; যেখানে কমিটির নিয়মধারা অহরহ ববি'ত হয় সেইখানেই যে শিক্ষাকল্পলতা তাড়াতাড়ি বাড়িয়া উঠে তাহাও নহে—শান্ধমাত নিয়মাবলী অতি উত্তম হইলেও তাহা মান্ধের মনকে খাদ্য দান করে না। বহুবিধ বিষয়-পাঠনার ব্যবস্থা করিলেই যে শিক্ষায় লাভের অব্দ অগ্রসর হয় তাহা নহে, মান্ত্র যে বাড়ে সে 'ন মেধয়া ন বহ্না শ্রতেন'। যেখানে নিভূতে তপস্যা হয় সেইখানেই আমরা শিখিতে পারি। যেখানে গোপনে ত্যাগ,

#### রবীন্দরচনা-সংকলন

যেখানে একান্ডে সাধনা, সেইখানেই আমরা শক্তিশাভ করি। যেখানে সম্পূর্ণভাবে দান সেইখানেই সম্পূর্ণভাবে গ্রহণ সম্ভবপর। যেখানে অধ্যাপকগণ জ্ঞানের চর্চায় ম্বয়ং প্রবৃত্ত সেইখানেই ছাত্রগণ বিদ্যাকে প্রভাক্ষ দেখিতে পায়। বাহিরে বিশ্বপ্রকৃতির আবির্ভাব যেখানে বাধাহীন, অম্ভরে সেইখানেই মন সম্পূর্ণ বিকশিত। ব্রক্ষরের সাধনায় চরিত্র যেখানে সুম্থ এবং আত্মবশ, ধর্মশিক্ষা সেইখানেই সরল ও দ্বাভাবিক। আর, যেখানে কেবল পর্নথি ও মান্টার, সেনেট ও সিন্ভিকেট, ই'টের কোঠা ও কাঠের আসবাব, সেখানে আজও আমরা যত বড়ো হইয়া উঠিয়াছি কালও আমরা তত বড়োটা হইয়াই বাহির হইব।

#### धीका :

#### विकासभागा

১৩১৩ সালের ২০শে জ্যেষ্ঠ ওভারটুন হলে আহ্ত সভায় রবীন্দ্রনাথ 'শিক্ষাসমস্যা' প্রবন্ধটি পাঠ করেন।

#### জাতীয় শিক্ষা পরিষৎ

১৯০৬ সালের ১১ই মার্চ গর্র্দাস বন্দ্যোপাধ্যায়, রাজা স্থ্রোধচন্দ্র মাল্লক, রজেন্দ্রনাথ শীল, সতীশচন্দ্র মূথোপাধ্যায়, চিত্তরঞ্জন দাস, রামেন্দ্রস্থানর তিবেদী, রামিবিহারী ঘোষ, স্থানেন্দ্রমাথ বন্দ্যোপাধ্যায়, রবন্দ্রনাথ প্রমুখের ইদ্যোগে জাতীয় শিক্ষা পরিষদ্ প্রতিষ্ঠিত ২য়। এই পরিষদ্কে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রূপ দেবার উদ্দেশ্যে কর্মকতারা একটি প্র্ণাংগ শিক্ষাপরিকলপনা তৈরি করেন। এই পরিষদের মূল লক্ষ্য ছিল "Quickening of the national life of the people" (সতীশচন্দ্র মূথোপাধ্যায়ের ভাষায়)। রবীন্দ্রনাথ, হীরেন্দ্রনাথ দত্ত রামেন্দ্রস্থানর তিবেদী প্রমুখ মনীষীরা এই পরিষদে বিভিন্ন বিষয়ে নিয়মিত বক্তাতা দিতেন।

উত্তরকালে ১১৫৫ সালে উক্ত জাতীয় শিক্ষা পরিষদ্ যাদবপত্র াক্ববিদ্যা**ল**য় নামে স্বীকৃতি লাভ করেছিল।

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্যঃ

শিক্ষাপ্রণালী, আশ্রমের শিক্ষা, প্রকৃতি, শিক্ষার পরিবেশ

# তলনীয় প্রকাঃ

১ মেঘনাদবধ কাব্য। ২ প্রেশিকথা ১ (তিনখানি পত্র)। ৩ প্রেশিপ্রের অন্ব্রি । ৪ শিক্ষাসংস্কার। ৫ আবরণ। ৬ পিতৃদেব (জীবনস্মৃতি)। ৭ শিক্ষাবিধি। ৮ লক্ষ্য ও শিক্ষা। ৯ জগদানন্দ রায়কে পত্র ৫নং। ১০ অসন্তোষের কারণ। ১১ বিশ্বভারতী ২নং। ১২ বিদ্যার যাচাই। ১৩ আকাঙ্কা। ১৪ বিশ্বভারতী ৬নং। ১৫ পশ্চিমযাতীর ডায়ারি। ১৬ আলোচনা। ১৭ প্রেশ্বেণো বস্কুতা। ১৮ জনৈক অধ্যাপকের চিঠি। ১৯ সোভিয়েত ইউনিয়নে

### রবীন্দ্রনাথের চিশ্তাঞ্চগৎ

রবীন্দ্রনাথ ২নং। ২০ শিক্ষার বিকিরণ। ২১ বিশ্বভারতী ১৭নং। ২২ আশ্রমের শিক্ষা। ২৩. The Poet's School, ২৪. The School Master. ২৫ তাতাকাহিনী। ২৬ সম্তোষচন্ত্র মজ্মদারকে পত্র ২নং। ২৭ জগদীশচন্ত্র বস্ত্রকে পত্র। ২৮ ধর্মশিক্ষা। ২৯ জগদানন্দ রায়কে পত্র ২নং। ৩০ শিক্ষার আদর্শ। ৩১ ধারাবাহী। ৩২ তপোবন। ৩৩ অজিতকুমার চক্তবতীকৈ পত্র ২নং। ৩৪ বিশ্বভারতী ৪নং। ৩৫ বিশ্বভারতী ৫নং। ৩৬ বিশ্বভারতী ১০নং। ৩৭ বিশ্বভারতী ১৪ নং। ৩৮ আশ্রমের রূপ ও বিকাশ ইত্যাদি।

# ১৪। জাভীয় বিস্তালয়

[ বঙ্গদর্শন, ভাদ্র ১৩১৩ (১৯০৬) ]

জাতীয় বিদ্যালয় তো বাংলাদেশে প্রতিষ্ঠিত হইয়া গেল, এখন এই বিদ্যালয়ের উপযোগিতা যে কী সে কি যুক্তি দিয়া বুঝাইবার আর-কোনো প্রয়োজন আছে ?…

জগতের মধ্যে ভারতবাসীর যে একটি বিশেষ অধিকার আছে সেই অধিকারের জন্য আমাদের জাতীয় বিদ্যালয় আমাদিগকে প্রুত্ত করিবে, আজ এই মহতী আশা হৃদয়ে লইয়া আমরা এই নতেন বিদ্যাভবনের মণ্গলাচরণে প্রবত্ত হইলাম। স্থাশক্ষার লক্ষণ এই যে, তাহা মান্ত্রকে অভিভূত করে না, তাহা মান্ত্রকে ম্বান্তিদান করে। এতদিন আমরা ইন্কল-কলেজে যে শিক্ষালাভ করিতেছিলাম তাহাতে আমাদিগকে পরাস্ত করিয়াছে। আমরা তাহা মুখ্যুথ করিয়াছি, আবৃত্তি করিয়াছি, শিক্ষাল্য বাধি বচনগুলিকে নিঃসংশয়ে চুড়ান্ত সত্য বলিয়া প্রচার করিতেছি। যে ইতিহাস ইংরেজি কেতাবে পড়িয়াছি তাহাই আমাদের একমাত ইতিহাসের বিদ্যা, যে পোলিটিক্যাল ইকর্নাম মুখ্যুথ করিয়াছি তাহাই আমাদের একমা**ন্ত পোলিটিক্যাল ই**কর্নাম । যাহা-কিছু পডিয়াছি তাহা আমাদিগকে ভূতের মতো পাইয়া বসিয়াছে: সেই পড়া বিদ্যা আমাদের भाय निया कथा वनारेट्टाइ, वारित ररेट्ट भटन रहेट्टाइ एमन आभतारे कथा वनिटाई । আমরা মনে করিতেছি, পোলিটিক্যাল সভ্যতা ছাড়া সভ্যতার আর-কোনো আকার হইতেই পারে না। আমরা শ্থির করিয়াছি, য়ুরোপীয় ইতিহাসের মধ্য দিয়া যে পরিণাম প্রকাশ পাইয়াছে জাতিমাত্রেরই সেই একমাত্র সম্পতি। যাহা অন্য দেশের শাস্ত্রসম্মত তাহাকেই আমরা হিত বলিয়া জানি এবং আগাগোড়া অন্য দেশের প্রণালী অনুসেরণ করিয়া আমরা স্বদেশের হিতসাধন করিতে বাগ্র।

মান্য যদি এমন করিয়া শিক্ষার নীচে চাপা পড়িয়া যায় সেটাকে কোনোমতেই

### রব শির্মানা-সংকলন

মণ্ণল বলিতে পারি না। আমাদের যে শক্তি আছে তাহারই চরম বিকাশ হইবে, আমরা যাহা হইতে পারি তাহাই সম্প্রণভাবে হইব, ইহাই শিক্ষার ফল। আমরা চলশ্ত পরিথ হইব, অধ্যাপকের সজীব নোট্ব্রক হইয়া ব্রুক ফ্লাইয়া বেড়াইব, ইহা গবের্বর বিষয় নহে। আমরা জগতের ইতিহাসকে নিজের স্বতশ্ব দ্ণিউতে দেখিতে সাহস করিলাম কৈ, আমরা পোলিটিক্যাল ইক্রমিকে নিজের স্বাধীন গবেষণার দ্বারা যাচাই করিলাম কোথায়? আমরা কী, আমাদের সার্থকতা কিসে, ভারতবর্ষকে বিধাতা যে ক্লেরে দাঁড় করাইয়াছেন সে ক্লের হইতে মহাসত্যের কোন্ম্রতির্বিক ভাবে দেখা যায়, শিক্ষার দ্বারা বলপ্রাপ্ত হইয়া তাহা আমরা আবিক্ষার করিলাম কৈ? আমরা কেবল—

ভয়ে ভয়ে যাই, ভয়ে ভয়ে চাই, ভয়ে ভয়ে শৃধ্য পর্নথ আওড়াই।

হায়, শিক্ষা আমাদিগকে পরাভত করিয়া ফেলিয়াছে।

আজ আমি আশা করিতেছি, এবারে আমরা শিক্ষার নাগপাশ কাটিয়া ফেলিয়া শিক্ষার মাক্ত অবস্থায় উত্তীর্ণ হইব। আগরা এতকাল যেখানে নিভূতে ছিলাম আজ সেখানে সমুত জগৎ আসিয়া দাঁডাইয়াছে, নানা জাতির ইতিহাস তাহার বিচিত্র অধ্যায় উন্মাক্ত করিয়া দিয়াছে, দেশ দেশাশ্তর হইতে যাগ্যাগাশ্তরের আলোকতরংগ আমাদের চিম্ভাকে নানা দিকে আঘাত করিভেছে—জ্ঞানসামগ্রীর সীমা নাই, ভাবের পণ্য বোঝাই হইয়া উঠিল। এখন সময় আসিয়াছে, আমাদের দ্বারের সম্মুখবতী এই মেলায় আমরা বালকের মতো হতবুদিধ হইয়া কেবল পথ হারাইয়া ঘুরিয়া বেড়াইব না; সময় আসিয়াছে যখন ভারতব্যের মন লইয়া এইসকল নানা ম্থানের বিক্ষিপ্ত বিচিত্র উপকরণের উপর সাহসের সাহিত গিয়া পড়িব, তাহাদিগকে সম্পূর্ণে আপনার করিয়া লইব, আমাদের চিত্ত তাহাদিগকে একটি অপুর্ব ঐক্যাদান করিবে, আমাদের চিন্তাক্ষেত্রে তাহারা ষথাযথ স্থানে বিভক্ত হইয়া একটি অপরূপ ব্যবস্থায় পরিণত হইবে ; সেই ব্যবস্থার মধ্যে সতা নতেনদীপ্তি নতেনব্যাপ্তি লাভ করিবে এবং মানবের জ্ঞানভাষ্টারে তাহা ন্তন সম্পত্তির মধ্যে গণ্য হইয়া উঠিবে। বন্ধবাদিনী মৈতেরী জানিয়াছিলেন, উপকরণের মধ্যে অমৃত নাই। বিদ্যারই কি আর বিষয়েরই কি, উ^করণ আমাদিগকে আবন্ধ করে, আচ্চন্ন করে। চিত্ত যখন সমূহত উপকরণকে জয় করিয়া অবশেষে আপনাকেই লাভ করে তর্থান সে অমৃতলাভ কবে। ভারতবর্ষকেও আজ সেই সাধনা করিতে হইবে , নানা তথ্য নানা বিদ্যার ভিতর দিয়া পূর্ণতররত্বে নিজেকে উপলব্ধি র্ণারতে হইবে। পাশ্চিতোর বিদেশী বেডি ভাঙিয়া ফেলিয়া পরিণত জ্ঞানে জ্ঞানী হইতে হইবে। আজ হইতে ভদ্রং কর্ণেভিঃ শূনুয়াম দেবাঃ। হে দেবগণ, আমরা কান দিয়া যেন ভালো করিয়া শর্না, বই দিয়া না শর্না। ভদ্রং পশোমাক্ষভিযাঞ্জনাঃ। হে প্রজ্যাগণ, আমরা চোথ দিয়া যেন ভালো করিয়া দেখি, পরের বচন দিয়া না দেখি। জাতীয় বিদ্যালয় আবৃত্তিগত ভীরু বিদ্যার গণ্ড হইতে বাহির করিয়া আমাদের বন্ধনজর্জার ব্রাণ্ধের মধ্যে উদার সাহস ও শ্বাতন্ত্যের সন্ধার করিয়া যেন দেয়। পাঠাপ্র-তকটির সঙ্গে আমাদের যে কথাটি না মিলিবে তাহার জন্য আমরা যেন লক্ষিত না হই। এমন-কি আমরা ভল করিতেও সংকোচ বোধ করিব না। কারণ, ভল করিবার

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

অধিকার যাহার নাই সত্যকে আবিকার করিবার অধিকারও সে পায় নাই। পরের শত শত ভূল জড়ভাবে মৃথাপ করিয়া রাখার চেয়ে সচেণ্টভাবে নিজে ভূল করা অনেক ভালো। কারণ, ষে চেণ্টা ভূল করায় সেই চেণ্টাই ভূলকে লাখন করাইয়া লইয়া যায়। যাহাই হউক, যেমন করিয়াই হউক, শিক্ষার বারা আমরা যে প্রণপরিণত আমরাই হইব, আমরা যে ইংরেজি লেক্চারের ফোনোগ্রাফা, বিলিতি অধ্যাপকের শিকল-বাঁধা দাঁড়ের পাখি হইব না, এই একাণ্ড আশ্বাস হাদয়ে লইয়া আমি আমাদের ন্তনপ্রতিষ্ঠিত জাতীয় বিদ্যামন্দিরকে আজ প্রণাম করি। এখানে আমাদের ছাত্রগণ যেন শৃষ্ধমাত্র বিদ্যা নহে, তাহারা যেন শ্রুমা, যেন নিষ্ঠা, যেন শক্তি লাভ করে; তাহারা যেন অভয় প্রাপ্ত হয় , বিধাবজিত হইয়া তাহারা যেন নিজেকে নিজে লাভ করিতে পারে; তাহারা যেন অন্তিম্বেমন্জার মধ্যে উপলব্ধি করে: সর্বাং পরবশং দৃঃখং সর্বামাত্রবণং স্থমা, নালেপ স্বাক্তরে যেন এই মহামন্ত সর্বদাই ধ্রনিত হইতে থাকে: ভূমেব স্থমা, নালেপ স্থামান্তি। যাহা ভূমা, যাহা মহান্, তাহাই স্বথ: অলেপ স্বথ নাই। 

• তাহারা হ্যান হয়া, যাহা মহান্, তাহাই স্বথ: অলেপ স্বথ নাই। 
•

#### डीका :

#### काजीय विम्हालय

জাতীয় শিক্ষাপরিষদের উদ্যোগে প্রতিষ্ঠিত বিদ্যালয়। ১৪ই আগণ্ট ১৯০৬ সালে জাতীয় বিদ্যালয়ের উদ্বোধন হয়। এই বিদ্যালয়ের প্রথম অধ্যক্ষ অর্রিন্দ ঘোষ। সতীশচন্দ্র মুখোপাধ্যায় ছিলেন প্রথম অবৈতনিক কর্মাধ্যক্ষ।

# উল্লেখযোগ্য বিষয় মন্তব্য ঃ

শিক্ষা ও স্বাধীনতা, শিক্ষা ও নৈতিক আদর্শ।

# তলনীয় প্রসংগ:

১ ছারদের প্রতি সম্ভাষণ। ২ প্রাক্তনী ( ৫নং )। ৩ বিশ্বভারতী ১০নং।

8. ধারাবাহী। ৫ শিক্ষা ও সংকৃতিতে সংগীতের ম্থান। ৬ The School Master.

q. A Poet's School. ৮ অজিতকুলার চক্রবতীকৈ পত্র ১নং। ৯ বিশ্বভারতী ১১নং। ১০ বিশ্বভারতী ১৫নং। ১১ শাম্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি।

১২. বাঁকুড়ায় ছারদের উদ্দেশে। ১৩ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৩নং ইত্যাদি।

#### রবীন্দ্ররচনা-সংকলন

#### ১৫। আবর্ণ

# [ বংগদশ্ন, ভাদ্র ১৩১৩ (১৯০৬) ]

পায়ের তেলোটে এমন করিয়া তৈরি হইয়াছিল যে, খাড়া হইয়া দাঁড়াইয়া প্রথিবীতে চলিবার পক্ষে এমন ব্যবংথা আর হইতে পারে না। যে দিন হইতে জ্বতা পরিতে শ্রের করিলাম সেই দিন হইতে তেলোকে মাটির সংস্তব হইতে বাঁচাইয়া তাহার প্রয়োজনকেই মাটি করিয়া দেওয়া গেল।…

এইর্পে বিশ্বজগং এবং আমাদের শ্বাধীন শক্তির মাঝখানে আমরা স্থবিধার প্রলোভনে অনেকগ্লা বেড়া তুলিয়া দিয়াছি। এইর্পে সংস্কার ও অভ্যাসক্রমে সেই কৃতিম আশ্রয়গ্লাকেই আমরা স্থবিধা এবং নিভার শ্বাভাবিক শক্তিগ্লিকেই অস্থবিধা বিলয়া জানিয়াছি। কাপড় পরিয়া পরিয়া এর্মান করিয়া তুলিয়াছি যে, কাপড়টাকে নিজের চামড়ার চেয়ে বড়ো করা হইয়াছে। এখন আমরা বিধাতার সৃষ্ট আমাদের এই আশ্চর্য স্কুলর অনাবৃত্ত শরীরকে অবজ্ঞা করি। ··

…মাটি জল বাতাস আলোর সঙ্গে সম্পূর্ণ যোগ না থাকিলে শরীরের শিক্ষা সম্পূর্ণ হয় না। শীতে গ্রীমে কোনো কালে আমাদের মুখটা ঢাকা থাকে না, তাই আমাদের মুখবৈ চামড়া দেহের চামড়ার চেয়ে বেশি শিক্ষিত; অর্থাৎ, বাহিরের সঙ্গে কী করিয়া আপনার সামঞ্জস্য রক্ষা করিয়া চলিতে হয় তাহা সে ঠিক জানে। সে আপনাতেই আপনি সম্পূর্ণ; তাহাকে কবিয় আশ্রয় প্রায় লইতে হয় না।…

অবশ্য ভদ্রসমাজে কাপড়চোপড় জবতামোজার একটা প্রয়োজন আছে বলিয়াই ইহাদের স্থি হইয়াছে; কিন্তু এই-সকল কৃত্রিম সহায়কে প্রভু করিয়া তুলিয়া তাহার কাছে নিজেকে কুণ্ঠিত করিয়া রাখা সংগত নয়। এই বিপরীত ব্যাপারে কখনোই ভালোফল হইতে পারে না। অন্তত ভারতব্যের জলবায় এরপে যে, আমাদের এই-সকল উপকরণের চিরদাস হওয়ার কোনো প্রয়োজন নাই; কোনো কালে আমরা ছিলামও না। আমরা প্রয়োজনমত কখনো বা বেশভূষা ব্যবহার করিয়াছি, কখনে তাহা খ্লিয়াও রাখিয়াছি। বেশভূষা-জিনিসটা যে নৈমিভিক, ইহা আমাদের প্রয়োজন সাধন করে মাত্র, এই প্রভৃত্যুকু আমাদের বরাবর ছিল। ...

শরীর সংবদ্ধে কাপড় জাতা মোজা যেমন আমাদের মন সম্বদ্ধে বই জিনিসটা ঠিক তেমনি হইয়া উঠিয়াছে। বই-পড়াটা যে শিক্ষার একটা স্থবিধাজনক সহায়মাত্র তাহা আর আমাদের মনে হয় না, আমরা বই-পড়াটাকেই শিক্ষার একমাত্র উপায় বিলয়া ঠিক করিয়া বসিয়া আছি। এ সম্বদ্ধে আমাদের সংক্ষারকে নড়ানো বড়ই কঠিন হইয়া উঠিয়াছে।

মান্টার বই হাতে করিয়া শিশ্বকাল হইতেই আমাদিগকে বই ম্বশ্থ করাইতে থাকেন। কিন্তু বইয়ের ভিতর হইতে জ্ঞানসঞ্চয় করা আমাদের মনের স্বাভাবিক ধর্ম নহে। প্রত্যক্ষ জ্ঞিনিসকে দেখিয়া-শ্বনিয়া নাড়িয়া-চাড়িয়া সণ্গে সংগ্রেই অতি সহজেই আমাদের মননশন্তির চর্চা হওয়া স্বভাবের বিধান ছিল। অন্যের অভিজ্ঞাত ও

#### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

পরীক্ষিত জ্ঞান, তাও লোকের মুখ হইতে শুনিলে তবে আমাদের সমশ্ত মন সহজে সাড়া দের। কারণ, মুখের কথা তো শুধু কথা নহে, তাহা মুখের কথা; তাহার সংগো প্রাণ আছে। চোখমুখের ভণ্গি, কণ্ঠের শ্বরলীলা, হাতের ইণ্গিত—ইহার দ্বারা কানে শুনিবার ভাষা, সংগীত ও আকার লাভ করিয়া, চোখ কান দুয়েরই সামগ্রী হইয়া উঠে। শুধু তাই নয়, আমরা যদি জানি, মানুষ তাহার মনের সামগ্রী সদ্য মন হইতে আমাদিগকে দিতেছে, সে একটা বই পড়িয়া মাত্র যাইতেছে না, তাহা হইলে মনের সংগো মনের প্রতাক্ষ সাম্পানে জ্ঞানের মধ্যে রসের সঞ্চার হয়।

কিশ্তু দর্ভাগ্যক্তমে আমাদের মান্টাররা বই পড়াইবার একটা উপলক্ষমাত্ত , আমারেও বই পড়িবার একটা উপসর্গ । ইহাতে ফল হইয়াছে এই, আমাদের শরীর যেমন কৃত্তিম জিনিসের আড়ালে পড়িয়া প্থিবীর সংগ গায়ে গায়ে যোগটা হারাইয়াছে এবং হারাইয়া এমন অভাশ্ত হইয়াছে যে সে যোগটাকে আজ ক্লেশকর লম্জাকর বলিয়া মনেকরে, তেমনি আমাদের মন এবং বাহিরের মাঝখানে বই আসিয়া পড়াতে আমাদের মন জগতের সংগে প্রতাশ্ব যোগের শ্বাদশক্তি অনেকটা হারাইয়া ফেলিয়াছে । সব জিনিসকে বইয়ের ভিতর দিয়া জানিবার একটা অন্বাভাবিক অভ্যাস আমাদের মধ্যে কথমলে হইয়া গেছে । পাশেই যে জিনিসটা আছে সেইটেকেই জানিবার জন্য বইয়ের মূখ তাকাইয়া থাকিতে হয় । নবাবের গল্প শর্নারাছি—জন্তাটা ফিরাইয়া দিবার জন্য চাকরের অপেক্ষা করিয়া শত্রহতে বন্দী হইয়াছিল । বই-পড়া বিদ্যার গতিকে আমাদেরও মানসিক নবাবি তেমনি অত্যান্ত বাড়িয়া উঠিয়াছে । তুচ্ছ বিষয়টুকুর জন্যও বই নহিলে মন আশ্রয় পায় না । বিকৃত সংশ্বারের দোষে এইর্পে নবাবিয়ানা আমাদের কাছে লক্ষাকর না হইয়া গৌরবজনক হইয়া উঠে এবং বইয়ের ভিতর দিয়া জানাকেই আমরা পাশ্বিডার গর্ব করি । জগংকে আমরা মন দিয়া ছর্বই না, বই দিয়া ছর্বই ।

মান্ধের জ্ঞান ও ভাবকে বইয়ের মধ্যে সঞ্চিত করিবার যে একটা প্রচুর স্থাবিধা আছে, সে কথা কেইই অন্বীকার করিতে পারে না। কিন্তু সেই স্বিধার দারা মনের শ্বাভাবিক শক্তিকে একেবারে আচ্ছন্ন করিয়া ফেলিলে ব্রণ্টিকে বাব্ করিয়া তোলা হয়। বাব্-নামক জীব চাকর-বাকর জিনিস-পত্রের স্থাবিধার অধান। নিজের চেণ্টাপ্রয়োগে যেটুকু কণ্ট, যেটুকু কাঠিনা আছে, সেইটুকুতেই যে আমাদের স্থখ সত্য হয়, আমাদের লাভ মলোবান হইয়া উঠে, বাব্ তাহা বোঝে না। বই-পড়া বাব্রানাতেও জ্ঞানকে নিজে পাওয়ার যে একটা আনন্দ, সত্যকে তাহার যথাম্থানে কঠিন প্রেমাভিনারের দারা লাভ করার যে একটা সাথাকতা, তাহা থাকে না। ক্রমে মনের সেই শ্বাভাবিক শ্বাধীনশক্তিটাই মরিয়া যায়; স্কতরাং সেই শক্তিচালনার স্থখটাই থাকে না, বরণ চালনা করিতে বাধ্য হইলে তাহা কণ্টের কারণ হইয়া উঠে।

এইর্পে বই-পড়ার আবরণে মন শিশ্কাল হইতে আপাদমশ্তক আবৃত হওয়াতে আমরা মান্বের সংগ সহজভাবে মেলামেশা করিবার শান্ত হারাইতেছি। আমাদের কাপড়-পরা শরীরের যেমন একটা সংকোচ জিশ্ময়াছে আমাদের মনেরও তেমনি ঘটিয়াছে; সে বাহিরে আসিতেই চায় না। লোকজনদের সহজে আদর-অভ্যর্থনা করা, তাহাদের সংগে আপন-ভাবে মিলিয়া কথাবার্তা কওয়া, আমাদের শিক্ষিত লোকদের পক্ষে ক্রমশই

# রবীন্দ্ররচনা-সংকলন

এক বই হইতে আর-এক বই উৎপন্ন হইতেছে, এক কাব্যপ্রশ্ব হইতে আর-এক কাব্যপ্রশেষর জন্ম, একজনের মত মুখে-মুখে সহস্ত লোকের মত হইয়া দাঁড়াইতেছে, এন্যুকরণ হইতে অন্যুকরণের প্রবাহ চলিয়াছে—এমনি করিয়া পর্নাথ ও কথার অরণ্য নান্যের চার দিকে নিবিড় হইয়া ডাঁঠতেছে। প্রাকৃতিক জগতের সপ্যে ইহার সন্বন্ধ ক্রশই দুরে চলিয়া যাইতেছে। মান্যের অনেকগ্লি মনের ভাব উৎপন্ন হইতেছে যাহা কেবল পর্নাথর স্টি। এই-সকল বাস্তবতাবার্জিত ভাবগ্লা ভূতের মতো মান্যকে পাইয়া বসে, তাহার মনের নামথা নন্ট করে, তাহাকে অত্যুক্তি এবং আতিশ্যোর দিকে লইয়া যায়, সকলে মিলিয়া ক্রমাগতই একই ধ্রা ধরিয়া কৃতিম উৎসাহের শানা সত্যের প্রিমাণ নন্ট করিয়া তাহাকে মিথাা ক্রিয়া তোলে।…

্নান্বের ননের চারি দিকে এই-যে অতিনিবিড় পর্বিথর সাপো ব্যালর বোল ধরিয়াছে ইহার মোদো গলেধ আমাদিগকে মাতাল করিতেছে; শাখা হইতে শাখান্তরে কেবলই চণ্ডল করিয়া মারিতেছে; কিন্তু যথার্থ আনন্দ, গভীব তৃষ্ঠি দিতেছে না। নানাপ্রকার বিদ্যোহ ও মনোবিকার উৎপন্ন করিতেছে।

সহজ জিনিসের গুণ এই যে, তাহার দ্বাদ কথনোই পারাতন হয় না, তাহার সরলতা তাহাকে চিরদিন নবীন করিয়া রাখে। যাহা যথার্থ দ্বভাবের কথা তাহা মান্য যতবার বলিয়াছে ততবারই নতেন লাগিয়াছে। প্থিবীতে গুটি দুইতিন মহাকাব্য আছে যাহা সহস্রবংসরেও লান হয় নাই; নির্মাল জলের মতো তাহা আমাদের পিপাসা হরণ করিয়া তৃথি দেয়, মদের মতো তাহা আমাদিগকে উত্তেজনার ডগার উপরে তুলিযা শাষ্ক অনুসাদের মধ্যে আছাড় মারিয়া ফেলে না। সহজ হইতে দুরে আসিলেই একবার উত্তেজনা ও একবার অবসাদের মধ্যে কেবলই ডে'কি-কোটা হইতে হয়। উপকরণবহৃত্ত অতিসভাতার ইহাই ব্যাধি।

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

এই জণ্গলের ভিতর দিয়া পথ বাহির করিয়া, এই রাশীকৃত পর্বাথ ও বচনের আবরণ ভেদ করিয়া, সমাজের মধ্যে, মানুষের মনের মধ্যে, স্বভাবের বাতাস ও আলোক আনিবার জন্য মহাপর্র্য এবং হয়তো মহাবিপ্লবের প্রয়োজন হইবে। অত্যুক্ত সহজ কথা, অত্যুক্ত সরল সত্যকে হয়তো রক্তসমুদ্র পাড়ি দিয়া আসিতে হইবে। যাহা আকাশের মতো ব্যাপক, যাহা বাতাসের মতো মুল্যহীন. তাহাকে কিনিয়া, উপার্জন করিয়া লইতে হয়তো প্রাণ দিতে হইবে। য়ুরোপের মনোরাজ্যে ভূমিকম্প ও অংন্যুংপাতের অশাশ্তি মাঝে মাঝে প্রায়ই দেখা দিতেছে , স্বভাবের সংগে জীবনের, বহিঃপ্রকৃতির সংগে অংত:-প্রকৃতির প্রকাণ্ড অসামঞ্জস্যই ইহার কারণ।

কিন্তু য়ৢরোপের এই বিকৃতি কেবল অনুকরণের দ্বারা, কেবল ছোঁয়াচ লাগিয়া আমরা পাইতেছি। ইহা আমাদের দেশজ নহে। আমরা শিশ্কাল হইতে বিলাতি বই মুখপ্থ করিতে লাগিয়া গেছি, যাহা আবর্জনা তাহাও লাভ মনে করিয়া লইতেছি। আমরা যে-সকল বিদেশী বৃলি সর্বপাই অসন্দিশ্ধমনে পরম শ্রুণার সঙ্গে ব্যবহার করিয়া চলিতেছি, জানি না, তাহার প্রত্যেকটিকে অবিশ্বাসের সহিত আদিসত্যের নিক্ষপাথরে ঘাষয়া যাচাই করিয়া লওয়া চাই; তাহার বারো-আনা কেবল পর্নথর সৃষ্টি. কেবল তাহারা মুখে-মুখেই বৃষ্ধি পাইয়া চলিয়াছে, দশ জনে পরস্পরের অনুকরণ করিয়া বলিতেছে বলিয়া আর-দশ জনে তাহাকে ধ্রুবসত্য বলিয়া গণ্য করিতেছে। আমরাও সেই-সকল বাধিগং এমন করিয়া ব্যবহার করিতেছি যেন তাহার সত্য আমরা আবিশ্কার করিয়াছি, যেন তাহা বিদেশী ইম্কুল-মাস্টারের আবৃত্তির জড় প্রতিধর্ননমাত্ত নহে।

আবার, যাহারা নতেন পড়া আওড়াইতেছে তাহাদের উৎসাহ কিছা বেশি হইয়া স্থাশিক্ষত টিয়াপাখি যত উচ্চন্বরে কানে তালা ধরায় তাহার শিক্ষকের গলা তত চড়া নয়। শুনা যায়, যে-সব জাতির মধ্যে বিলাতি সভাতা নতেন প্রবেশ কবে তাহারা বিলাতের মদ ধরিয়া একেবারে মারা পড়িবার জো হয়, অথচ যাহাদের অন্করণে তাহারা মদ ধরে তাহারা মদে এত বৈশি অভিভূত হয় না। তেমনি দেখা যায়, যে-সকল কথার মোহে কথার সুন্টিকতারা অনেকটা পরিমাণে অবিচলিত থাকে. আমরা তাহাতে একেবারে ধরাশায়ী হইয়া যাই। সেদিন কাগজে দেখিলাম, বিলাতের কোন্-এক সভায় আমাদের দেশী লোকেরা একজনের পর আর একজন উঠিয়া ভারতবর্ষে ফ্রীশিক্ষার অভাব ও সেই অভাবপরেণ সাবশ্বে অতি পরেতেন বিলাতি বর্লি দাঁড়ের পাখির মতো আওড়াইয়া গেলেন; শেষকালে একজন ইংরেজ উঠিয়া ভারতবর্ষের মেয়েদের ইংরেজি কায়দায় শেখানোই যে একমাত্র 'শিক্ষা' নামের যোগ্য এবং সেই শিক্ষাই আমাদের স্ত্রীলোকের পক্ষে যে একমাত্র শ্রেয় সে সাবন্ধে সন্দেহ প্রকাশ করিলেন। আমি দুই পক্ষের তকের সত্যমিথ্যা সাবশ্বে কোনো কথা তুলিতেছি না। কিন্তু, বিলাতে প্রচলিত দদ্তুর ও মত যে গশ্ধমাদনের মতো আদ্যোপানত উৎপাটন করিয়া আনিবার যোগ্য এ সম্বশ্ধে আমাদের মনে বিচারমাত্র উপপথত হয় না, তাহার কারণ, ছেলেবেলা হইতে এ-সব কথা আমরা পর্বাথ হইতেই শিথিয়াছি এবং আমাদের যাহা-কিছু, শিক্ষা সমস্তই পর্বাথর बिनका ।

#### রবীন্দরচনা-সংকলন

বুলি ও প্রথির বিবরের মধ্যে প্রবেশ করিয়া আমাদের দেশেও শিক্ষিত লোকের মধ্যে নিরানন্দ দেখা দিয়াছে। কোথায় স্বদ্যতা, কোথায় মেলা-মেশা, কোথায় সহজ হাস্যকোতুক! জীবনযাত্রার ভার বাড়িয়া গেছে বলিয়াই যে এতটা অবসন্নতা তাহা নহে। সে একটা কারণ বটে সন্দেহ নাই, আমাদের সহিত সর্বপ্রকার সামাজিক যোগ-বিহীন আত্মীয়তাশ্ন্য রাজশক্তির অহরহ অলক্ষ্য চাপও আর একটা কারণ; কিন্তু সেই সংগে আমাদের অত্যন্ত কৃত্রিম লেখাপড়ার তাড়নাও কম কারণ নহে। নিতান্ত শিশ্বকাল হইতে তাহার পেষণ আরন্ভ হয়; এই জ্ঞানলাভের সংগে মনের যোগ অতি অবপ। এ জ্ঞান আনন্দেব জন্য নহে, এ কেবল প্রাণের দায়ে এবং কতকটা মানের দায়েও বটে।

আমরা নন খাটাইরা সজীবভাবে যে জ্ঞান উপার্জন করি তাহা আমাদের মুদ্ধার সংগে মিশিয়া যায়; বই মৃথ্যথ করিয়া যাহা পাই তাহা বাহিরে জড়ো হইয়া সকলের সংগ আমাদের বিচ্ছেদ ঘটায়। তাহাকে আমরা কিছুতেই ভূলিতে পারি না বলিয়া অহংকার বাড়িয়া উঠে; সেই অহংকারের যেটুকু স্থথ সেই আমাদের একমাত্র সংবল। নহিলে জ্ঞানের গ্রভাবিক আনন্দ আমরা যবি লাভ করিতাম তবে এতগালি শিক্ষিত লোকের মধ্যে অন্তত গাটিকয়েককেও দেখিতে পাইতাম যাহারা জ্ঞানচর্চার জন্য নিজের সমুস্ত গ্রাথকৈ থবা করিয়াছেন। কিন্তু দেখিতে পাইতাম যাহারা জ্ঞানচর্চার জন্য নিজের সমুস্ত গ্রাথকৈ থবা করিয়াছেন। কিন্তু দেখিতে পাই, সায়াদেসর পরীক্ষায় প্রতিষ্ঠা লাভ করিয়া ডেপাটি ম্যাজিস্টেট হইয়া সমুস্ত বিদ্যা আইন-আদালতের অতলম্পর্ণ নিরথকতার মধ্যে চিরনিনের মতো বিস্কান করিতে সকলে বায়, এবং কতকগালো পাস করিয়া কেবল হতভাগা কন্যার পিতাকে ঋণের প্রেক ভূবাইয়া মায়াই তাহাদের একমাত্র ম্থায়ী কীতি হইয়া থাকে। দেশে বড়ো বড়ো শিক্ষিত উকিল জজ কেরানির অভাব নাই, কিন্তু জ্ঞানতপ্রথবী কোথায়?

কথায় কথায় কথা অনেক বাড়িয়া গেল। উপস্থিতমত আমার যেটুকু বন্তব্য সে এই, বই পড়াটাই যে শেখা, ছেলেদের মনে এই অন্ধ্যংশ্কার যেন জন্মিতে দেওয়া না হয়। প্রকৃতির অক্ষয় ভাণ্ডার হইতেই যে বইয়ের সঞ্চয় আহরিত হইয়ছে, অন্তত হওয়া উচিত, এবং সেখানে যে আমাদেরও অধিকার আছে, এ কথা পদে পদে জানানো চাই। বইয়ের দোরাত্ম্য অত্যন্ত বেশি হইয়াছে বলিয়াই বেশি কবিয়া জানানো চাই। এ দেশে অতি প্রোকালে, যখন লিপি প্রচলিত ছিল, তখনো তপোবনে পর্বাথ ব্যবহার হয় নাই। তখনো গ্রের্ শিষ্যকে মুখে-মুখেই শিক্ষা দিতেন এবং ছাত্র তাহা খাতায় নহে, মনের মধ্যেই লিখয়া লইত। এমনি করিয়া এক দীপশিখা হইতে আর এক দীপশিখা জর্বলিত। এখন ঠিক এমনটি হইতে পারে না। কিন্তু যথাসন্তব ছাত্রদিগকে পর্বাথ আক্রমণ হইতে রক্ষা করিতে হইবে। পারতপক্ষে ছাত্রদিগকে পরের রচনা পড়িতে দেওয়া নহে, তাহারা গ্রের্র কাছে যাহা শিখিবে তাহাদের নিজেকে দিয়া তাহাই রচনা করাইয়া লইতে হইবে; এই স্বরচিত গ্রন্থই তাহাদের গ্রন্থ। এমন হইলে তাহারা মনেও করিবে না, গ্রন্থগন্লা আকাশ হইতে পড়া বেদবাক্য। 'আর্যরা মধ্য-এশিয়া হইতে ভারতে আিলয়াছেন', 'খৃষ্টজন্মের দুই হাজার বৎসর প্রের্ব বেদরচনা হইয়াছে', এ-সকল কথা আমরা বই হইতে পড়িয়াছি। বইয়ের অক্ষরগ্রেলো কাটকুট-হীন নিবিকার তাহারা

## রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

শিশ্বয়সে আমাদের উপরে সংমাহন প্রয়োগ করে; তাই আমাদের কাছে আজ এ-সমুষ্ঠ কথা একেবারে দৈববাণীর মতো। ছেলেদের প্রথম হইতেই জানিতে হইবে এই-সকল আনুমানিক কথা কতকগ্রেলা যুক্তির উপর নির্ভার করিতেছে। সেই-সকল যুক্তির মাল উপকরণগালি যথাসম্ভব তাহাদের সম্মাথে ধরিয়া তাহাদের নিজেদের অনুমান-শক্তির উদ্রেক করিতে হইবে। বইগালা যে কী করিয়া তৈরি হইতে থাকে তাহা প্রথম হইতেই অন্পে-অন্পে ক্রমে-ক্রমে তাহারা নিজেদের মনের মধ্যে অনুভব করিতে থাকুক: তাহা হইলেই বইয়ের যথার্থ ফল ভাহারা পাইবে, অথচ তাহার অন্ধ শাসন হইতে মুক্তিলাভ করিতে পারিবে এবং নিজের প্রাধীন উদ্যমের দ্বারা জ্ঞানলাভ করিবার যে প্রভাবিক মানসিক শত্তি তাহা ঘাড়ের-উপরে-বাহির-হইতে-বোঝা চাপানো বিদ্যার দ্বারা আচ্ছন্ন ও মভিভূত হইবে না, বইগ্রলোর উপরে মনের কর্তৃত্ব অক্ষান থাকিবে। বালক অলপমাত্রও যেটুক শিখিবে তথনি তাহা প্রয়োগ করিতে শিখিবে, তাহা হইলে শিক্ষা তাহার উপরে চাপিয়া বসিবে না , শিক্ষার উপরে সেই চাপিয়া বসিবে । এ কথায় সয়ে দিয়া যাইতে অনেকে দ্বিধা করেন না, কিন্তু কাজে লাগাইবার বেলা আপত্তি করেন। তাঁহারা মনে করেন, বালকদিগকে এমন করিয়া শিক্ষা দেওয়া অসভব। তাঁহারা যাহাকে শিক্ষা বলেন তাহা এমন করিয়া দেওয়া অসম্ভব বটে। তাঁহারা কতকগলো বই ও কতকগুলো বিষয় বাঁটিয়া দেন নিদিন্ট সময়ের মধ্যে নিদিন্ট প্রণালীতে তাহার পরীক্ষা লওয়া হয়—ইহাকেই তাঁহারা বিদ্যাশিক্ষা দেওয়া বলেন এবং যেখানে সেইর প শিক্ষা দেওয়া হয় তাহাকেই বিদ্যালয় বলা হয়। বিদ্যা জিনিসটা যেন একটা দ্বত<u>ুত্</u> পদার্থ দিশার মন হইতে সেটাকে যেন তফাত করিয়া দেখিতে হয় . সেটা যেন বইয়ের পাতা এবং অক্ষরের সংখ্যা: তাহাতে ছাত্রের মন যদি পিষিয়া যায়, সে যদি পরিথব গোলাম হয়, তাহার দ্বাভাবিক বঃদ্ধি যদি অভিভূত হইয়া পড়ে—দে যদি নিচের প্রাকৃতিক ক্ষমতাগরেল চালনা করিয়া জ্ঞান অধিকার করিবার শক্তি অনভ্যাস ও উৎপীতন বশত চিরকালের মতো হারায়—তব্ ইহা বিদ্যা, কারণ, ইহা এতটুকু ইতিহাসের অংশ, এতগর্নল ভূগোলের পাতা, এতক'টা অব্ক এবং এতটা পরিমাণ বি-এল-এ ব্লে, সি-এল-এ কে ! শিশ্বর মন যতটুকু শিক্ষার উপরে সম্পূর্ণ কর্তৃত্ব লাভ করিতে পারে অল্য হইলেও সেইটুকু শিক্ষাই শিক্ষা; আর যাহা শিক্ষা নাম ধরিয়া তাহার মনকে আছেন করিয়া দেয় তাহাকে পড়ানো বলিতে পার, কিম্তু তাহা শেখানো নহে। মানুষের 'পরে মান্স অনেক অত্যাচার করিবে জানিয়াই বিধাতা তাহাকে শত্ত করিয়া গডিয়াছেন; সেইজন্য গুরুপাক অখাদ্য খাইয়া অজীণে ভূগিয়াও মানুষ বাঁচিয়া থাকে এবং শিশ্-কাল হইতে শিক্ষার দুবি ষহ উৎপীড়ন সহ্য করিয়াও সে খানিকটা পরিমাণে বিদ্যালাভও করে ও তাহা **ল**ইয়া গর্বও করিতে পারে। এই তাড়নায় ও পীড়নে তাহাকে যে কতটা লোকসান দিতে হয়, কী বিপলে মলো দিয়া সে যে কত অলপই ঘরে আনিতে পায়, তारा क्ट वा व्रायन ना ; क्ट वा व्रायन, श्वीकात करतन ना ; क्ट वा व्रायन छ স্বীকার করেন, কিম্তু কাজের বেলায় ষেমন চালয়া আসিতেছে তাহাই চালাইতে থাকেন।

### রবীন্দরচনা-সংকলন

# होका :

# উল্লেখযোগ্য विषय | ম•তব্য :

শিক্ষাপ্রণালী, শিক্ষা ও জীবন

# जूननीय প্রসংগ:

১. মেঘনাদবধ কাব্য। ২. প্রসংগ কথা ১ (তিনখানি পত্ত)। ৩. প্রেপ্রশ্নের অন্ব্রু । ৪. শিক্ষা সংক্ষার। ৫. শিক্ষা সমস্যা। ৬. পিতৃদেব জীবনক্ষাতি)।
৭. শিক্ষাবিধি। ৮. লক্ষ্য ও শিক্ষা। ৯. জগদানন্দ রায়কে পত্ত ৫নং।
১০ অসন্তোষের কারণ। ১১. বিশ্বভারতী ২নং। ১২. বিদ্যার যাচাই।
১৩ আকাম্কা। ১৪. বিশ্বভারতী ৬নং। ১৫. পশ্চিমযাতীর ডায়ারি।
১৬. আলোচনা। ১৭. প্রেবিণে বস্কৃতা। ১৮. জনৈক অধ্যাপকের চিঠি।
১৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২০. শিক্ষার বিকিরণ। ২১. বিশ্বভারতী
১৭নং। ২২. আশ্রমের শিক্ষা। ২৩ A Poet's School. ২৪. The School
Master. ২৫ তোতাকাহিনী। ২৬. সন্তোষচন্দ্র মজ্মদারকে পত্র ২নং।
২৭. শিক্ষার হেরফের। ২৮. জগদানন্দ রায়কে পত্র ১নং। ২৯. বিশ্বভারতী ৪নং।
১০ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৩১. শিক্ষার সাথকেতা ইত্যাদি।

## ১৬। ভপোৰন

প্রবাসী, পৌষ ১৩১৬ ১৯০৯ ) ]

আধ্যনিক সভ্যতালক্ষ্মী যে পন্মের উপর বাস করেন সেটি ই ট-কাঠে তৈরি, সেটি শহর। উন্নতির সূর্যে যতই মধ্যগগনে উঠছে ততই তার দলগ্মীল একটি একটি করে খুলে গিয়ে ক্রমশই চার দিকে ব্যাপ্ত হয়ে পড়ছে। চুন-স্থর্কির জয়যাত্রাকে বস্তুন্ধবা কোথাও ঠেকিয়ে রাখতে পারছে না।

এই শহরেই মানুষ বিদ্যা শিথছে, বিদ্যা প্রয়োগ করছে, ধন জমাচ্ছে, ধন খরচ করছে, নিজেকে নানা দিক থেকে শক্তি ও সম্পদে পূর্ণ করে তুল্ছে। এই সভাতায় সকলের চেয়ে যা-কিছু শ্রেষ্ঠ পদার্থ তা নগরের সামগ্রী।

বস্তুত, এ ছাড়া অন্যরকম কলপনা করা শক্ত। যেখানে অনেক মান্যের সম্পিন সেখানে বিচিত্র বৃশ্ধির সংঘাতে চিত্ত জাগ্রত হয়ে ওঠে এবং চার দিক থেকে ধাকা খেয়ে

## রবীন্দ্রনাথের চিন্তাজগণ

প্রত্যেকের শক্তি গাতি প্রাপ্ত হয়। এমনি করে চিন্তসম্বদ্রের মন্থন হতে থাকলে মান্বের নিগঢ়ে সারপদার্থসকল আর্পনিই ভেসে উঠতে থাকে।

তার পরে মান্বের শক্তি যখন জেগে ওঠে তখন সে সহজেই এমন ক্ষেত্র চায় যেখানে আপনাকে ফলাও রকম করে প্রয়োগ করতে পারে। সে ক্ষেত্র কোথায়? যেখানে অনেক মান্বের অনেক প্রকার উদ্যম নানা স্থিতিকার্যে সর্বদাই সচেণ্ট হয়ে রয়েছে। সেই ক্ষেত্রই হড়েছ শহর।…

কিন্তু ভারতবর্ষে এই একটি আশ্চর্য ব্যাপার দেখা গেছে, এখানকার সভ্যতার মূল প্রপ্রবণ শহরে নয়, বনে। ভারতবর্ষের প্রথমতম আশ্চর্য বিকাশ যেখানে দেখতে পাই সেখানে মানুষের সগেগ মানুষ অত্যন্ত ঘে'ষাঘেষি করে একেবারে পিশ্ড পাকিয়ে ওঠে নি। সেখানে গাছপালা নদীসবোবর মানুষের সগেগ মিলে থাকবার যথেন্ট অবকাশ গেয়েছিল। সেখানে মানুষও ছিল, ফাঁকাও ছিল; ঠেলাঠেলি ছিল না। অথচ এই ফাঁকায় ভারতবর্ষের চিত্তকে জড়প্রায় করে দেয় নি, বরণ্ড তার চেতনাকে আরো উশ্জ্বল করে দিয়েছিল। এরকম ঘটনা জগতে আর কোথাও ঘটেছে বলে দেখা যায় না।

আমরা এই দেখেছি, যে-সব মান্য অংশ্যাগতিকে বনের মধ্যে আবাধ হয়ে পড়ে তারা বুনো হয়ে ওঠে। ২য় তারা বাঘের মতো হিংস্ত হয়, নয় তারা হরিণের মতো নিবেশিধ হয়।

কিন্তু প্রাচীন ভারতবর্ষে দেখতে পাই অরণ্যের নিজনতা মান্বের ব্রিধিকে অভিভূত করে নি, বরণ্ড তাকে এমন একটি শব্তি দান করেছিল যে সেই অরণ্যবাস-নিঃস্ত সভ্যতার ধারা সমহত ভারতবর্ষকে অভিষিত্ত করে দিয়েছে, এবং আজ পর্যন্তি তার প্রবাহ বন্ধ হয়ে যায় নি।

এই রক্মে আরণ্যকদের সাধনা থেকে ভারতবর্ষ সভ্যতার যে প্রৈতি (energy) লাভ করেছিল সেটা নাকি বাইরের সংঘাত থেকে ঘটে নি, নানা প্রয়োজনের প্রতিযোগিতা থেকে জাগে নি, এইজন্যে সেই শক্তিটা প্রবানত বহিরভিদ্বখী হয় নি। সে ধ্যানের দ্বারা বিশ্বের গভীরতার মধ্যে প্রবেশ করেছে, নিখিলের সংগে আত্মার যোগ স্থাপন করেছে। সেইজন্যে ঐশ্বর্ষের উপকরণেই প্রধানভাবে ভারতবর্ষ আপনার সভ্যতার পরিচয় দেয় নি। এই সভ্যতার যারা কাশ্ডারী তারা নিজন্বাসী, তারা বিরল্বসন তপ্রশী।

সম্দ্রতীর যে জাতিকে পালন কবেছে তাকে বাণিজ্যসম্পদ দিয়েছে. মর্ভূমি যাদের অলপস্তন্যদানে ক্ষ্মিত করে রেখেছে তারা দিগ্রিজ্ঞাী হয়েছে – এমনি করে এক-একটি বিশেষ স্থযোগে মানুষের শক্তি এক একটি বিশেষ পথ পেয়েছে।

সমতল আর্থাবতের অরণ্যভূমিও ভারতবর্ষকে এক ট বিশেষ স্থযোগ দিয়েছিল। ভারতবর্ষের বৃদ্ধিকে সে জগতের অন্তরতম রহস্যলোক-আবিন্দারে প্রেরণ করেছিল। সেই মহাসমুদ্রতীরের নানা স্কুরে শ্বীপ দ্বীপান্তর থেকে সে যে-সমন্ত সন্পদ আহরণ করে এনেছিল সমন্ত মানুষকেই দিনে দিনে তার প্রয়োজন স্বীকার করতেই হবে। যে ওম্বাধ-বন্দপতির মধ্যে প্রকৃতির প্রাণের ক্রিয়া দিনে রাত্রে ও ঋতুতে ঋতুতে প্রত্যক্ষ হয়ে উঠে এবং প্রাণের লীলা নানা অপর্প ভংগীতে ধ্বনিতে ও র্পবৈচিত্যে নিরন্তর ন্তন নৃত্রেন ভাবে প্রকাশিত হতে থাকে, তারই মাঝখানে ধ্যানপ্রায়ণ চিক্ত নিয়ে যারা ছিলেন

### রবীন্দরচনা-সংকলন

তারা নিজের চারি দিকেই একটি আনন্দময় রহস্যকে সম্পণ্ট উপলব্ধি করেছিলেন। সেইজন্যে তাঁরা এত সহজে বলতে পেরেছিলেন : যাদদং কিণ্ড জগৎ সর্বাং প্রাণ এজতি নিঃসূতং। এই যা-কিছু, সমুষ্ঠই পরমপ্রাণ হতে নিঃসূত হয়ে প্রাণের মধ্যেই কম্পিত হচ্ছে। তাঁরা শ্বরচিত ই'ট কাঠ লোহার কঠিন খাঁচার মধ্যে ছিলেন না, তাঁরা যেখানে বাস করতেন সেখানে বিশ্বব্যাপী বিরাট জীবনের সংগে তাঁদের জীবনের অবারিত যোগ ছিল। এই বন তাঁদের ছায়া দিয়েছে, ফল ফ**ুল দি**য়েছে, কুশ সমিৎ জ্বগিয়েছে; তাঁদের প্রতি দিনের সমষ্ত কর্ম অবকাশ ও প্রয়োজনের সংগে এই বনের আদানপ্রদানের জীবনময় সম্বন্ধ ছিল। এই উপায়েই নিজের জীবনকে তাঁরা চারি দিকের একটি বড়ো জীবনের সংগ্যে যুক্ত করে জানতে পেরেছিতে ন। চতুদিকিকে তাঁরা শ্না ব'লে, নিজীব ব'লে, প্রেক্ ব'লে জানতেন না। বিশ্বপ্রকৃতির ভিতর দিয়ে আলোক বাতাস অন্নজ্জল প্রভৃতি যে-সমুষ্ঠ দান তাঁরা গ্রহণ করেছিলেন সেই দানগালি যে মাটির নয়, গাছের নয়, শ্না আকাশের নয়, একটি চেতনাময় অনশ্ত আনশের মধ্যে তার মলে প্রস্তবণ, এইটি তাঁরা একটি সহজ অন্ভবের দারা জানতে পেরেছিলেন; সেইজন্যেই নিশ্বাস আলো অন্নজল সমষ্ট্রই তাঁরা শ্রুধার সঞ্জে, ভক্তির সঞ্চে গ্রহণ করেছিলেন । এইজন্যেই নিখিলচরাচরকে নিজের প্রাণের দারা, চেতনার **দা**রা, *হল*য়ের দারা, বোধের দারা, নিজের আত্মার সংগে আত্মীয়রপে এক করে পাওয়াই ভারতবর্ষের পাওয়া ।

এর থেকেই বোঝা যাবে, বন ভারতবর্ষের চিন্তকে নিজের নিভ্ত ছায়ার মধ্যে, নিগতে প্রাণের মধ্যে কেমন করে পালন করেছে। ভারতবর্ষে যে দুই বড়ো বড়ো প্রাচীন যুগ চলে গেছে, বৈদিক যুগ ও বৌষ্ধ যুগ, সে দুই যুগকে বনই ধাত্রীর্পে ধারণ করেছে। কেবল বৈদিক ঋষিরা নন, ভগবান্ বৃষ্ধও কত আম্রবন কত বেণ্বনে তাঁর উপদেশ বর্ষণ করেছেন, রাজপ্রাসাদে তাঁর স্থান কুলায় নি, বনই তাঁকে বৃকে করে নিয়েছিল।

ক্রমশ ভারতবর্ষে রাজ্য-সায়্রাজ্য নগর-নগরী গ্রাপিত হয়েছে; দেশবিদেশের সংগে তার পণ্য-আদান-প্রদান চলেছে, অল্পলোল্প কৃষিক্ষের অলেপ অলেপ ছায়ানিভ্ত অরণ্যগর্নিকে দরে হতে দরে সরিয়ে দিয়েছে। কিশ্তু সেই প্রতাপশালী ঐশ্বর্থপ্রণ থোবনদপ্তে ভারতবর্ষ বনের কাছে নিজের ঋণ স্বীকার করতে কোনোদিন লম্জাবোধ করে নি। তপস্যাকেই সে সকল প্রয়াসের চেয়ে বেশি সম্মান দিয়েছে এবং বনবাসী প্রাতন তপস্বীদেরই আপনাদের আদিপ্রর্য ব'লে জেনে ভারতবর্ষের রাজ্যানহারাজাও গৌরব বোধ করেছেন। ভারতবর্ষের প্রোণকথায় যা-কিছ্ম মহৎ আশ্চর্য পবিত্র, যা-কিছ্ম শ্রেষ্ঠ এবং পর্জ্যা, সমস্ত সেই প্রাচীন তপোবনস্মৃতির সংগেই জড়িত। বড়ো রাজার রাজত্বের কথা সে মনে করে রাখবার জন্যে চেণ্টা করে নি, কিশ্তু নানা বিপ্লবের ভিতর দিয়েও বনের সামগ্রীকেই তার প্রাণের সামগ্রী করে আজ পর্যশ্ত সে বহন করে এসেছে। মানব-ইতিহাসে এইটেই হচ্ছে ভারতবর্ষের বিশেষত্ব।

ভারতব্বের্বের বিক্রমাদিত্য ধখন রাজা, উম্জায়নী যখন মহানগরী, কালিদাস যখন কবি, তখন এ দেশে তপোবনের যুগ চলে গেছে। তখন মানবের মহামেলার মাঝখানে এসে আমরা দাঁড়িয়েছি; তখন চীন হুন শক পার্রাসক গ্রীক রোমক সকলে আমাদের চার

### রবী'দ্রনাথের চিম্তাজগৎ

দিকে ভিড় করে এসেছে ; তখন জনকের মতো রাজা এক দিকে শ্বহণেত লাঙল নিয়ে চাষ করেছেন, অন্য দিকে দেশ-দেশাশতর হতে আগত জ্ঞানপিপাস্থদের ব্রহ্মজ্ঞান শিক্ষা দিছেন, এ দৃশ্য দেখবার আর কাল ছিল না। কিশ্তু সেদিনকার ঐশ্বর্যমদগবিত যুগেও তখনকার শ্রেণ্ঠ কবি তপোবনের কথা কেমন করে বলেছেন তা দেখলেই বোঝা যায় যে, তপোবন যখন আমাদের দৃণ্টির বাহিরে গেছে তখনো কতখানি আমাদের দ্বায় জুড়ে বসেছে।

কালিদাস যে বিশেষভাবে ভারতবর্ষের কবি তা তাঁর তপোবনচিত্র থেকেই সপ্রমাণ হয়। এমন পরিপ্রেণ আনন্দের সংগ্য তপোবনের ধ্যানকে আর কে ম্তিমান করতে পেরেছে!

রঘ্বংশ কাব্যের যবনিকা যখনি উদ্ঘাটিত হল তথন প্রথমেই তপোবনের শাশ্ত স্থানর পবিত্র দুশ্যেটি আমাদের চোখের সামনে প্রকাশিত হয়ে পড়ল।

সেই তপোবনে বনাশ্তর হতে কুশ সমিৎ ফল আহরণ করে তপাধবীরা আসছেন এবং যেন একটি অদৃশ্য অণিন তাঁদের প্রত্যুদ্গমন করছে। সেখানে হরিণগর্বাল ঋষিপাছীদের সন্তানের মতো, তারা নীবারধান্যের অংশ পায় এবং নিঃসংকোচে কুটীরের দার রোধ করে পড়ে থাকে। মর্নকন্যারা গাছে জল দিচ্ছেন এবং আলবাল থেমনি জলে ভরে উঠেছে অমনি তাঁরা সরে যাছেন, পাখিরা নিঃশংকমনে আলবালের জল খেতে আসে এই তাঁদের অভিপ্রায়। রোদ্র পড়ে এসেছেন নীবারধান্য কুটীরের প্রাংগণে রাশীকৃত এবং সেখানে হরিণরা শর্মে রোমন্থন করছে। আহ্বতির স্থগণধন্ম বাতাসে প্রবাহিত হয়ে এসে আশ্রমান্যুখ অতিথিদের সর্বশিরীর পাবির করে দিচ্ছে।

তর্লতা পশ্পক্ষী সকলের সংগ্য মান্ধের মিলনের প্রণিতা, এই হচ্ছে এর ভিতরকার ভাব।

সমশ্ত অভিজ্ঞানশকুশ্তল নাটকের মধ্যে ভোলালসানিষ্ঠার রাজপ্রাসাদকে ধিকার দিয়ে যে একটি তপোবন বিরাজ করছে তারও মূল স্বটি হচ্ছে ওই, চেতন অচেতন সকলেরই সংগ্র মান্বের আত্মীয়স্বশ্ধের পবিত্র মাধ্যে ।

কাদন্বরীতে তপোবনের বর্ণনায় কবি লিখছেন—সেখানে বাতাসে লতা গৃর্লি মাথা নত করে প্রণাম করছে, গাছগ্রলি ফ্ল ছড়িয়ে প্রা করছে, কুটীরের অংগনে শ্যামাক ধান শ্বেকাবার জন্যে মেলে দেওয়া আছে, সেখানে আমলক লবলী লবংগ কদলী বদরী প্রভৃতি ফল সংগ্রহ করা হয়েছে, বটুদের অবায়নে বনভূমি মুখরিত, বাচাল শ্বেকরা অনবরত-শ্রবণের দ্বারা অভ্যণত আহ্বতিমন্ত উচ্চারণ করছে, অরণাকুক্ট্টেরা বৈশ্বদেববিলিপিও আহার করছে, নিকটে জলাশয় থেকে কলহংসশাবকেরা এসে নীবার-বলি খেয়ে যাচেছ, হরিণীরা জিহ্বাপল্লব দিয়ে ম্বিনবালকদের লেহন করছে।

এর ভিতরকার কথাটা হচ্ছে ওই। তর্লতা জীবজন্তুর সংগ্রেমান্যের বিচ্ছেদ দরে করে তপোবন প্রকাশ পাচ্ছে, এই প্রোনো কথাই আমাদের দেশে বরাবর চলে এসেছে।

কেবল তপোবনের চিত্রেই যে এই ভার্বাট প্রকাশ পেয়েছে তা নয়। মানুষের সংশা বিশ্বপ্রকৃতির সন্মিলনই আয়াদের দেশের সমঙ্গু প্রসিধ্ধ কাব্যের মধ্যে পরিষ্ফুট।

# রবীন্দ্রচনা-সংকলন

যে-সকল ঘটনা মানবচরিত্রকৈ আশ্রয় করে ব্যক্ত হতে থাকে তাই নাকি প্রধানত নাটকের উপাদান, এইজন্যেই অন্য দেশের সাহিত্যে দেখতে পাই বিশ্বপ্রক্ষতিকে নাটকে কেবল আভাসে রক্ষা করা হয় মাত্র, তার মধ্যে তাকে বেশি জায়গা দেবার অবকাশ থাকে না । আমাদের দেশের প্রাচীন যে নাটকগর্নল আজ প্র্যাত রক্ষা করে আসছে তাতে দেখতে পাই, প্রকৃতিও নাটকের মধ্যে নিজের অংশ থেকে বিশ্বত হয় না ।

মান্বকে বেণ্টন করে এই-যে জগৎপ্রকৃতি আছে এ যে অত্যান্ত অন্তর্গগভাবে মান্বের সকল চিন্তা সকল কাজের সংগ্য জড়িত হয়ে আছে। মান্বের লোকালার যদি কেবলই একান্ত মানবময় হয়ে ওঠে, এর ফাঁকে ফাঁকে যদি প্রকৃতি কোনোমতে প্রবেশাধিকার না পায়, তা হলে আমাদের চিন্তা ও কর্মা কমান কর্মাত ব্যাধিপ্রদত হয়ে নিজের অতলম্পর্শ আবর্জানার মধ্যে আত্মহত্য করে মবে। এই-য়ে প্রকৃতি আমাদের মধ্যে নিত্যানয়ত কাজ করছে অথচ দেখাছে যেন সে চুপ করে দাঁড়িয়ে রয়েছে, যেন আগরাই সব মন্ত কাজের লোক আর সে বেচারা নিতান্তই একটা বাহার মাত্র—এই প্রকৃতিকে আমাদের দেশের কবিরা বেশ করে চিনে নিয়েছেন। এই প্রকৃতি মানবের সমনত স্থান্থের মধ্যে যে অনতের স্থরটি মিলিয়ে রাখছে সেই স্থরটিকে আমাদের দেশের প্রাচীন কবিরা সর্বদাই তাঁদের কাবোর মধ্যে বাজিয়ে রেখেছেন।…

কালিদাসের কাব্যে বাহিরের সংগে ভিতরের, অবস্থার সংগে আকাজ্ফার একটা দদ্দ আছে। ভারতবর্ষে যে তপস্যার যুগ তখন অতীত হয়ে গিয়েছিল ঐশ্বর্যশালী বাজসিংহাসনের পাশে বসে কবি সেই নির্মাল স্থদরে কালের দিকে একটি বেদনা বহন করে তাকিয়েছিলেন।

রঘ্বংশ কাব্যে তিনি ভারতবর্ষের প্রাকালীন স্থাবংশীয় রাজাদের চরিতগানে যে প্রবৃত্ত হয়েছিলেন, তার মধ্যে কবির সেই বেদনাটি নিগতে হয়ে রয়েছে। তার প্রমাণ দেখনে।

আমাদের দেশের কাঝ্যে পারণামকে অশ্বভকর ভাবে দেখানো ঠিক প্রথা নয়। বদত্ত যে রামচন্দের জীবনে রঘ্ব বংশ উচ্চতম চ্ডায় অধিরোহণ করেছে সেইখানেই কাব্য শেষ করলে তবেই কবির ভূমিকার বাক্যগালি সাথকি হত।

তিনি ভূমিকায় বলেছেন : সেই যাঁরা জন্মকাল অবধি শা্ষ্য, যাঁরা ফলপ্রাপ্তি অবধি কম করতেন, সমাদ্র অবধি যাঁদের রাজ্য এবং দ্বর্গ অবধি যাঁদের রথবর্জ গিয়েছিল; যথাবিধি যাঁরা অন্নতে আহ্বতি দিতেন, যথাকাম যাঁরা প্রাথীদের অভাব প্রেক্ করতেন, যথাপরাধ যাঁরা দেও দিতেন এবং যথাকালে যাঁরা জাগ্রত হতেন; যাঁরা ত্যানের জন্যে অর্থ সন্তর করতেন, যাঁরা সত্যের জন্য মিতভাষী, যাঁরা যশের জন্য জয় ইচ্ছা করতেন এবং সন্তানলাভের জন্য যাঁদের দারগ্রহণ; শৈশবে যাঁরা বিদ্যাভ্যাস করতেন, যোঁবনে যাঁদের বিষয়সেবা ছিল, বার্ধক্যে যাঁরা মানিব্যক্তি গ্রহণ করতেন এবং যোগান্তে যাঁদের দেহত্যাগ হত—আমি বাক্সম্পদে দরিদ্র হলেও সেই রঘ্রাজদের বংশ কীতনি করব, কারণ তাঁদের গ্রেণ আমার কর্পে প্রবেশ করে আমাকে চন্দল করে তুলেছে।

কি∗তু গুনুকীর্তানেই এই কাব্যের শেষ নয়। কবিকে যে কিসে চণ্ডল করে তুলেছে তা রঘুবংশের পরিণাম দেখলেই বোঝা যায়।

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

রঘ্রবংশ যার নামে গোরবলাভ করেছে তার জন্মকাহিনী কী? তার আরম্ভ কোথায় ?

তপোবনে দিলীপদন্পতির তপস্যাতেই এমন রাজা জন্মেছেন। কালিদাস তাঁর রাজপ্রভুদের কাছে এই কথাটি নানা কাব্যে নানা কোশলে বলেছেন যে, কঠিন তপস্যার ভিতর দিয়ে ছাড়া কোনো মহংফললাভের কোনো সন্ভাবনা নেই। যে রঘ্ম উত্তর দক্ষিণ প্রে পাঁচমের সমন্ত রাজাকে বাঁরতেজে পরাত্ত করে প্থিবতি একচ্ছত্র রাজত্ব বিশ্তার করেছিলেন তিনি তাঁর পিতামাতার তপঃসাধনার ধন। আবার যে ভরত বাঁথবিলে চক্রবতার্ণ সমাট হয়ে ভারতবর্ষকে নিজ নামে ধন্য করেছেন তাঁর জন্মঘটনায় অবারিত প্রবৃত্তির যে কলংক পড়েছিল কবি তাকে তপস্যার অন্নিতে দন্ধ এবং দ্বংথের অধ্যজলে সন্পর্ণে ধ্যাত না করে ছাড়েন নি।

রঘ্রংশ আরুত হল রাজ্যেচিত ঐশ্বর্যগোরবের বর্ণনায় নয়। স্থদক্ষিণাকে বানে নিয়ে রাজা দিলীপ তপোবনে প্রবেশ করলেন। চঙুঃসমহুদ্র যার অনন্যশাসনা প্রিবীর পরিখা সেই রাজা অবিচলিত নিষ্ঠায় কঠোর সংখ্যে তপোবনধেন র সেবায় নিয়ন্ত হলেন।

সংযমে তপস্যায় তপোবনে রঘ্বংশের আরন্ত. আর মদিরার ইন্দ্রিয়মত্ত।য় প্রমোদভবনে তার উপসংহার। এই শেষ সর্গের চিত্র বর্ণনার উত্তর্জতা যথেও আছে, কিন্তু
যে আনন লোকালয়কে দশ্ব ক'রে সর্বনাশ করে সেও তো কম উত্তর্জন নর। এক পঞ্লীকে
নিয়ে দিলীপের তপোবনে বাস শান্ত এবং অন্তি-প্রকট বর্ণে অভিকত, আর বহ্ব
নায়িকা নিয়ে আন্নিবর্ণের আত্মবাতসাধন অসম্বৃত্ত বাহ্বল্যের সংগে যেন জ্বলন্ত
রেখায় বর্ণিত।

প্রভাত যেমন শানত, যেমন পিংগলজটাধারী খাধিবালকের মতো পরিত্ব, প্রভাত যেমন মুক্তাপাণ্ডুর সোমা আলোকে শিশিবহিন্দ্র প্রথিবীর উপরে ধীরপদে অবতরণ করে এবং নবজীবনের অভ্যুদয়বাত রি জগৎকে উদ্বোধিত করে তোলে, কবির কাব্যেও তপস্যার দ্বারা স্থসমাহিত রাজমাহাত্মা তের্মান হিন্দ্র তেজে এবং সংঘত বাণীতেই মহোদয়শালী রঘ্ববংশের স্টেনা করেছিল। আর, নানাবর্ণবিচিত্র নেঘজালের মধ্যে আবিষ্ট অপরাহ্ম আপনার অভ্যুত রি মছেটায় পশ্চিম-আকাশকে যেমন ক্ষণকালের জন্যে প্রগল্ভ করে তোলে এবং দেখতে দেখতে ভীষণ ক্ষয় এসে তাব সম্ভত মহিমা অপহরণ করতে থাকে, অবশেষে অনতিকালেই বাক্যহীন কর্মাহীন অচেতন অভ্যুক্তারামেক্রের ক্রমেন্ড সম্ভত বিল্পু হয়ে যায়, কবি তেমনি করেই কাব্যের শেষ সর্গে বিচিত্র ভোগায়োজনের ভীষণ সমারোহের মধ্যেই রঘ্বংশজ্যোতিকের নির্বাপণ বর্ণনা করেছেন।

কাব্যের এই আরশ্ভ এবং শেষের মধ্যে কবির একটি অশ্তরের কথা প্রচ্ছন্ন আছে। তিনি নীরব দীর্ঘানশ্বাসের সংগ্যে বলছেন, ছিল কী আর হয়েছে কী! সে কালে যথন সম্মুখে ছিল অভ্যুদয় তথন তপস্যাই ছিল সকলের চেয়ে প্রধান ঐশ্বর্য, আর এ কালে যথন সম্মুখে দেখা যাচ্ছে বিনাশ তথন বিলাসের উপকরণরাশির সীমা নেই আর ভোগের অতৃপ্ত বহুং সহস্র শিখায় জনলে উঠে চারি দিকের চোথ ধাদিয়ে দিচ্ছে।

কালিদাসের অধিকাংশ কাব্যের মধ্যেই এই দ্বন্দবিট স্থন্পণ্ট দেখা যায় । এই দ্বন্দের

### রবীন্দ্ররচনা-সংকলন

সমাধান কোথায় কুমারসম্ভবে তাই দেখানো হয়েছে। কবি এই কাব্যে বলেছেন, ত্যাগের সংগে ঐশ্বর্যের, তপস্যার সংগে প্রেমের সম্মিলনেই শোর্যের উদ্ভব ; সেই শোর্যেই মানুষ সকলপ্রকার প্রাভব হতে উদ্ধার পায়।

অর্থাৎ ত্যাগের ও ভোগের সামগুস্যেই পূর্ণ শক্তি। ত্যাগী শিব যখন একাকী সমাধিমণন তখনো স্বর্গারাজ্য অসহায়, আবার সতী যখন তাঁর পিতৃভবনের ঐশ্বর্যে একাকিনী আবন্ধ তখনো দৈতোর উপদ্রব প্রবল।

প্রবৃত্তি প্রবল হয়ে উঠলেই ত্যাগের ও ভোগের সামঞ্জস্য ভেঙে যায়।

কোনো একটি সংকীর্ণ জায়গায় যখন আনরা অহংকারকে বা বাসনাকে ঘনীভত্ত করি তখন আমরা সমগ্রের ক্ষতি করে অংশকে বড়ো করে তুলতে চেণ্টা করি। এর থেকে ঘটে অমণ্যল। অংশের প্রতি আসন্থিবশৃত সমগ্রের বিবহুদ্ধে বিদ্রোহ, এই হচ্ছে পাপ।

এই জন্যেই ত্যাগের প্রয়োজন। এই ত্যাগ নিজেকে রিন্ত করবার জন্যে নয় নিজেকে প্রণ করবার জন্যেই। ত্যাগ মানে আংশিককে ত্যাগ সমগ্রের জন্য, ক্ষণিককে ত্যাগ নিত্যের জন্য, অংংকারকে ত্যাগ প্রেমের জন্য, মুখকে ত্যাগ আনন্দের জন্য। এইজন্যই উপনিষদে বলা হরেছে, তান্তেন ভুঞ্জীথাঃ। ত্যাগের দারা ভোগ করবে, আর্যন্তির দারা নয়।

প্রথমে পার্বতো মদনের সাহায্যে শিবকে চেয়েছিলেন, সে চেণ্টা বার্থ হল ; অবশেষে ত্যাগের সাহায্যে তপ্রসাব দ্বায়াতেই তাঁকে লাভ করলেন।

কাম হচ্ছে কেবল সংশের প্রতিই আসক্ত, সমগ্রের প্রতি অন্ধ ; কিন্তু শিব হচ্ছেন সকল দেশের, সবল কালের—কামনাত্যাগ না হলে তাঁর সঞ্গে মিলন ঘটতেই পারে না।

তেন ত্যক্তেন ভুঞ্জীথাঃ, ত্যাগের দানাই ভোগ করবে. এইটি উপনিষদের অনুশাসন। এইটেই কুমারসভ্তব কাব্যের মর্মকথা এবং এইটেই আমাদের তপোবনের সাধনা— লাভ করবার জন্যে ত্যাগ করবে।

Sacrifice এবং Resignation, আয়াতাগ এবং দ্বঃখন্থাকার, এই দ্বিট পদাথের মাহাল্য আমরা কোনো কোনো ধর্মশানের বিশেষভাবে বর্ণিত দেখেছি। জগতের স্বৃতিকার্মে উত্তাপ ঘেমন একটি প্রধান জিনিস, মান্যের জীবনগঠনে দ্বঃখও তেমনি একটি খ্বন বড়ো রাসায়নিক শক্তি; এব দ্বারা চিত্তের দ্বভেদ্য কাঠিনা গ'লে যায় এবং অসাধ্য স্থদয়গ্রাণিথর ছেদন হয়। অতএব সংসারে যিনি দ্বঃখকে দ্বঃখর্পেই নম্মভাবে স্বীকার করে নিতে পারেন তিনি বথার্থ তপদ্বী বটেন।

কিল্ড় কেউ যেন মনে না করেন, এই দ্বেশ্বীকারকৈই উপনিষৎ লক্ষ্য করেছেন। ত্যাগকে দ্বেখবলেপ অংগীকার করে নেওয়া নয়, ত্যাগকে ভোগর,পেই বরণ করে নেওয়া উপনিবদের অনুশাসন। উপনিবৎ যে ত্যাগের কথা বলছেন সেই ত্যাগই প্রণিতর গ্রহণ, সেই ত্যাগই গভীরতর আনন্দ। সেই ত্যাগই নিখিলের সংগে যোগ, ভ্যার সংগে মিলন। অতএব, ভারতবর্ষের যে আদর্শ তপোবন সে ভপোবন শরীরের বিরুদ্ধে আত্মার, সংসারের বিরুদ্ধে সন্মাসের একটা নির্ভ্তর হাতাহাতি যুম্ধ করবার মল্লক্ষ্যে নয়। যৎকিঞ্চ জগত্যাং জগৎ অর্থাৎ যা-কিছ্ব-সমন্তের সংগে, ত্যাগের

# রবী'দ্রনাথের চি'তাজগৎ

শ্বারা বাধাহীন মিলন, এইটেই হচ্ছে তপোবনের সাধনা। এইজনোই তর্লতা-পশ্বপক্ষীর সংগে ভারতবর্ষের আত্মীয়-সম্বশ্ধের যোগ এমন ঘনিষ্ঠ যে অন্য দেশের লোকের কাছে সেটা অম্ভূত মনে হয়।

এইজন্যেই আমাদের দেশের কবিত্বে যে প্রকৃতিপ্রেমের পরিচয় পাওয়া যায় অন্য দেশের কাব্যের সংগ্য তার যেন একটা বিশিষ্টতা আছে। আমাদের এ প্রকৃতির প্রতি প্রভুষ করা নয়, প্রকৃতিকে ভোগ করা নয়, এ প্রকৃতির সংগ্র সম্মিলন।

অথচ এই সম্মিলন অরণ্যবাসীর বর্বরতা নয়। তপোবন আফ্রিকার বন যদি হত তা হলে বলতে পারত্ম, প্রকৃতির সংখ্য মিলে থাকা একটা তামসিকতা মাত্র। কিম্তু মান্বের চিন্ত যেখানে সাধনার দারা আগ্রত আছে সেখানকার মিলন কেবলমাত্র অভ্যাসের জড়ছ-জনিত হতে পারে না। সংস্কারের বাধা ক্ষয় হয়ে গেলে যে নিলন স্বাভাবিক হয়ে ওঠে তপোবনের মিলন হচ্চে তাই।

আমাদের কবিরা সকলেই বলেছেন, তপোবন শাশ্তরসাদপদ। তপোবনের যে একটি বিশেষ রস আহে সেটি শাশ্তরস। শাশ্তরস হচ্ছে পরিপ্রেণিতার রস। যেমন সাতটা বর্ণারশিম মিলে গেলে তবে সাদা রঙ হয় তেমনি চিত্তের প্রবাহ নানা ভাগে বিভন্ম না হয়ে যখন অবিচ্ছিন্নভাবে নিখিলের সখেগ আপনার সামঞ্জসাকে একেবারে কানায় কানায় তবে তোলে তখনি শাশ্তরসের উদ্ভব হয়।

তপোবনে সেই শাশ্তরস। এখানে স্থা অণিন বায় জলম্থল আকাশ তর্জতা ম্গপক্ষী সকলের সংগই চেতনাব একটি পরিপাণ যোগ। এখানে চতুদিকৈব কিছার সংগই মানুষের বিচ্ছেদ নেই এবং বিরোধ নেই।

ভারতব্বের তপোবনে এই-যে একটি শাশতরসের সংগীত বাঁধা হয়েছিল, এই সংগীতের আদশেই আমাদের দেশে অনেক মিশ্র রাগরাগিণীর স্থিতি হয়েছে। সেইজন্যেই আমাদের কাব্যে মানবব্যাপালের মাঝাদের প্রকৃতিকে এত বড়ো প্রথান দেওয়া হয়েছে, এ কেবল সম্পূর্ণতার জিন্যে আমাদের যে একটি প্রাভাবিক আকাশ্ফা আছে সেই আকাশ্ফাকে প্রেণ করার উদেরশে।

অভিজ্ঞানশকুশ্তল নাটকে যে দ্বি তপোবন আছে সে দ্বিই শকুশ্তলার স্থদ্ঃথকে একটি বিশালতার মধ্যে সম্পূর্ণ করে দিয়েছে। তার একটি তপোবন প্থিবীতে, আর-একটি স্বগলোকের সীমার। একটি তপোবনে সহকারের সংগ্র নবমিল্লকার মিলনোৎসবে নবযৌবনা ঋষিকন্যারা প্রলিকত হয়ে উঠেছেন, মাতৃহীন ম্যাশিশ্বকে তাঁরা নীবাবম্থিটি দিয়ে পালন করছেন, কুশস্চিতে তার ম্থ বিষ্ধ হলে ইংগ্দেখিতল মাখিয়ে শ্রেষ্য করছেন—এই তপোবনটি দ্যালত-শকুশ্তলার প্রেমকে সারল্য সৌন্দর্য এবং স্বাভাবিকতা দান ক'বে তাকে বিশ্বস্থেরের সংগ্র মিলিয়ে নিয়েছে।

আর, সম্ধ্যামেঘের মতো কিম্পুর্য্পবিত যে হেমকুট, যেখানে স্থরাস্থরগারর মরীচি তার পত্নীর সপে মিলে তপ্স্যা করছেন, লতাজালজাড়ত যে হেমকুট পক্ষিনীড়গচিত অরণ্যজ্ঞটামশ্ডল বহন করে যোগাসনে অচল শিবের মতো স্থেরি দিকে তাকিয়ে ধ্যানমশন, যেখানে কেশর ধ'রে সিংহশিশকে মাতার মতন থেকে ছাড়িরে নিরে যখন দ্রেশত তপম্বিবালক তার সংগে খেলা করে তথন পশ্র সেই দ্বেশ্থ খ্যিপত্নীর পক্ষে

# রবীশ্বরচনা-সংকলন

সমহ্য হয়ে ওঠে সেই তপোবন শকুশ্তলার অপমানিত বিচ্ছেদদ্বংখকে অতি করে শাশ্তি ও পবিত্রতা দান করেছে।

এ কথা গ্রীকার করতে হবে, প্রথম তপোবনটি মর্তলোকের, আর দিত নুর্ব অমৃতলোকের। অথাৎ, প্রথমটি হল্ডে যেমন-হয়ে-থাকে, দিতীরটি হল্ডে যেমন-হয়য়ে-ভালো। এই যেমন-হয়ে-ভালোর দিকে যেমন-হয়ে-থাকে চলেছে। এরই দিকে চেয়ে সে আপনাকে শোধন করছে, পূর্ণ করছে। যেমন-হয়ে-থাকে হল্ডেন সতী অর্থাৎ সত্য, আর যেমন-হয়য়্য-ভালো হল্ডেন শিব অর্থাৎ মণ্যল। কামনা ক্ষয় ক'রে তপস্যার মধ্য দিয়ে এই সতী ও শিবের মিলন হয়। শকুশ্তলার জীবনেও যেমন-হয়ে-থাকে তপস্যার দ্বারা অবশেষে যেমন-হয়্রা ভালোর মধ্যে এমে আপনাকে সফল করে তুলেছে। দ্বংথের ভিতর দিয়ে মর্ত শেষকালে স্বর্গের প্রাক্তে এসে উপনীত হয়েছে।

মানস-লোকের এই-যে দ্বিতীয় তপোবন এখানেও প্রকৃতিকে ত্যাগ করে মানুষ ধ্বতন্ত্র হয়ে ওঠে নি । দ্বগে যাবার সময় যুধিন্ঠির তাঁর কুকুরকে সংগে নিয়েছিলেন । গ্রাচীন ভারতের কাবো মানুষ যখন দ্বগে পেছিয় প্রকৃতিকে সংগে নেয় বিচ্ছিন্ন হয়ে নিজে বড়ো হয়ে ওঠে না । মরীচির তপোবনে মানুষ যেমন তপদ্বী হেমকুটও তেমনি তপদ্বী ; সিংহও সেখানে হিংসা ত্যাগ করে, গাছপালাও সেখানে ইচ্ছাপ্রেক প্রাথীর অভাব প্রেণ করে । মানুষ একা নয়, নিখিলকে নিয়ে সে সম্পূর্ণ ; অতএব, কল্যাণ বখন আবিকৃতি হয় তখন সকলের সংগে যোগেই তার আবিভাবে ।

রামায়ণে রামের বনবাস হল। কেবল রাক্ষসের উপদ্রব ছাড়া সে বনবাসে তাঁদের আর কোনো দৃঃখই ছিল না। তাঁবা বনের পর বন, নদীর পর নদী, পর্বতের পর পর্বত পার হয়ে গেছেন; তাঁরা পর্ণকুঠীরে বাস করেছেন, মাটিতে শুয়ে রাতি কাটিয়েছেন, কি-তৃ তাঁবা ক্লেশ বোধ করেন নি। এই-সমঙ্গত নদী-গিরি-অরণ্যের সঙ্গে তাঁদের হৃদয়ের নিলন ছিল; এখানে তাঁরা প্রবাসী নন।

অন্য দেশের কবি রাম লক্ষ্যণ সীতার মাহাত্মাকে উষ্জ্বল করে দেখাবার জনাই বনবাসের দহুঃখকে খুব কঠোর করেই চিত্রিত করতেন। কিন্তু বাল্মীন্দি একেবারেই তা করেন নি, তিনি বনের আনন্দকেই বারশ্বার প্রনর্বক্তিশ্বারা কীর্তন করে চলেছেন।…

রামের প্রতি সীতার ও সীতার প্রতি রামের প্রেম তাঁদের পরম্পর থেকে প্রতিফলিত হয়ে চারি দিকের মূলপক্ষীকে আচ্ছন্ন করেছিল। তাঁদের প্রেমের যোগে তাঁরা কেবল নিজেদের সংগ্র নয়, বিশ্বলোকের সংগ্র যোগযুক্ত হয়েছিলেন; এইজন্য সীতাহরণের পর রাম সমস্ত অরল্যকেই আপনার বিচ্ছেদ্বেদনার সহচর পেয়েছিলেন। সীতার অভাব কেবল রামের পক্ষে নয়, সমস্ত অরল্যই যে সীতাকে হারিয়েছে। কারণ, বামসীতার বনবাসকালে অরণ্য একটি ন্তন সম্পদ পেয়েছিল, সেটি হচ্ছে মান্ষের প্রেম। সেই প্রেমে তার পল্লবঘন শ্যামলতাকে, তার ছায়াগভীর গহনতার রহস্যকে, একটি চেতনার সন্ধারে রোমান্তিত করে তলেছিল।

শেক্স্পীয়রের As You Like It নাটক একটি বনবাসকাহিনী—Tempestও তাই, Midsummer Night's Dreamও অরণ্যের কাবা। কিম্তু সে-সকল কাবো মান্ধের প্রভূত্ব ও প্রবৃত্তির লীলাই একেবারে একাম্ত, অরণ্যের সঙ্গে সৌহার্দ দেখতে

## রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

শ্বারা বন। অরণ্যবাসের সংশ্যে মান্বেরে চিন্তের সামাঞ্জস্যসাধন ঘটে নি ; হয় তাকে জয় পশ্পে ব নয় তাকে ত্যাগ করবার চেন্টা সর্বাদাই রয়েছে, হয় বিরোধ নয় বিরাগ নয় লোকেনীন্য। মান্বেরে প্রকৃতি বিশ্বপ্রকৃতিকে ঠেলেঠুলে স্বতন্ত্র হয়ে উঠে আপনার নারব প্রকাশ করেছে।

মল্টনের Paradise Lost কাব্যে আদি মানবদশ্যতির স্বর্গারণ্যে বাস বিষয়টি এমন যে অতি সহজেই সেই কাব্যে মানুষের সংগ্য প্রকৃতির মিলনটি সরল প্রেমের সম্বন্ধে বিরাট ও মধ্রর হয়ে প্রকাশ পাবার কথা। কবি প্রকৃতি-সৌশ্দর্যের বর্ণনা করেছেন, জীবজন্তুরা সেখানে হিংসা পরিত্যাগ করে একত্বে বাস করছে তাও বলেছেন, কিন্তু মানুষের সংগ্য তাদের কোনো সান্তিকে সম্বন্ধ নেই। তারা মানুষের ভোগের জন্যেই বিশেষ করে সূত্ট, মানুষ তাদের প্রভু। এমন আভাসটি কোথাও পাই নে যে এই আদিদশ্যতি প্রেমের আনন্দপ্রাচুষে তর্লতা পশ্যক্ষীর সেবা করছেন, ভাবনাকে কম্পনাকে নদী গিরি অরণ্যের সংগ্য নানা লীলায় স্মির্মালত করে তুলছেন। এই স্বর্গারণ্যের যে নিভ্ত নিকুপ্রটিতে মানবের প্রথম পিতামাতা বিশ্রাম করতেন সেখানে—

Beast, bird, insect, or worm, durst enter none

Such was their awe of Man...

্রিঅর্থাৎ, পশ**্পক্ষ**ী কীটপতংগ কেউ প্রবেশ করতে সাহস করত না, নান্ধের প্রতি এমনি তাদের একটি সভয় সম্ভ্রম ছিল।

এই-যে নিখিলের সংগ্র মানুষের বিচ্ছেদ, এর মুলে একটি গভীরতর বিচ্ছেদের কথা আছে। এর মধ্যে ঈশা বাস্যামিদং সর্বং য়ং কিণ্ড জগত্যাং জগৎ, জগতে যা-কিছ্ আছে সমস্তকেই ঈশ্বরের শ্বারা সমাবৃত করে জানবে. এই বাণীটির অভাব আছে। এই পাশ্চান্তা কাব্যে ঈশ্বরের স্থিট ঈশ্বরের যশোকীতন করবার জন্যেই; ঈশ্বর শ্বয়ং দরের থেকে তার এই বিশ্বরচনা থেকে বশ্বনা গ্রহণ করছেন।

মানুষের সংগেও আংশিক পরিমাণে প্রকৃতির সেই সাবন্ধ প্রকাশ পোয়ছে, অর্থাৎ প্রকৃতি মানুষের শ্রেষ্ঠতা প্রচারের জন্যে।

ভারতবর্ষ ও যে মান্ধের শ্রেষ্ঠতা অন্বাকার করে তা নয়। কিন্তু প্রভুত্ব করাকেই, ভোগ করাকেই সে শ্রেষ্ঠতার প্রধান লক্ষণ বলে মানে না; মান্ধের শ্রেষ্ঠতার প্রধান পরিচয়ই হচ্ছে এই যে, মান্ধ সকলের সংগে মিলিত হতে পারে। সে মিলন মা্ট্তাব মিলন নয়; সে মিলন চিত্রের মিলন, স্ত্রাং আনন্ধের মিলন। এই আনন্দের কথাই আমাদের কাব্যে কীতিতি।

উত্তরচরিতে রাম ও সীতার যে প্রেম সেই প্রেম আনুদের প্রাচ্ছর্যবেগে চারি দিকের জল গ্রল আকাশের মধ্যে প্রবেশ করেছে। তাই রাম দ্বিতীয়বার গোদাবরীর গিরিতট দেখে বলে উঠেছিলেন 'যত্র দ্র্যা অপি মাগা অপি বন্ধবাে মে'; তাই সীতাবিচ্ছেদকালে তিনি তাদের প্রেনিবাসভূমি দেখে আক্ষেপ করেছিলেন যে, 'মৈথিলী তার করকমলবিকীর্ণ জল নীবার ও তুণ দিয়ে যে-সকল গাছ পাথি ও হরিণদের পালন করেছিলেন তাদের দেখে আমার হাদয় পাষাণ গলার মতো গ'লে যাছেছ।'

মেঘদ্তে যক্ষের বিরহ নিজের দৃঃথের টানে স্বতন্ত হয়ে একলা কোণে বসে বিলাপ

## রবীন্দর্চনা-সংকলন

করছে না। বিরহদ্বঃখই তার চিত্তকে নববর্ষায়-প্রফর্ল্ল প্রিথবীর সমষ্ঠ নদনদী-অরণ্যনগরীর মধ্যে পরিব্যাণ্ড করে দিয়েছে। মান্ববের হৃদয়-বেদনাকে কবি সংকীর্ণ করে
দেখান নি, তাকে বিরাটের মধ্যে বিষ্ঠীর্ণ করেছেন: এইজনাই প্রভুশাপগ্রন্থত একজন
যক্ষের দ্বঃখবার্তা চিরকালের মতো বর্ষাঋতুর মর্মাণ্থান অধিকার করে প্রণয়ীহৃদয়ের
খেয়ালকে বিশ্বসংগীতের ধ্রুপদে এমন করে বেঁধে দিয়েছে।

ভারতবর্দের এইটেই হচ্ছে বিশেষত্ব। তপস্যার ক্ষেত্রেও এই দেখি, যেখানে তার হদেয়ব্যতির লীলা সেখানেও এই দেখতে পাই।

মান্র দুই রক্ম করে নিজের মহন্তর উপলব্ধি করে—এক দ্বাতন্ত্রের মধ্যে, আর-এক মিলনের মধ্যে; এক ভোগের দ্বারা, আর-এক যোগের দ্বারা। ভারতবর্ধ দ্বভাবতই শেষের পথ অবলাবন করেছে। এই জন্যেই দেখতে পাই, যেখানেই প্রকৃতির মধ্যে কোনো বিশেষ সৌন্দর্য বা মহিমার আবিভাবি সেইখানেই ভারতবর্ষের তীর্থদ্থান; মানবিছিত্তের সক্যো বিশ্বপ্রকৃতির মিলন যেখানে দ্বভাবতই ঘটতে পারে সেই দ্যান্টিকেই ভারতবর্ষ পবিত্র তীর্থ বলে ভোনেছে।…

নান্ধের জ্ঞান বর্বরতা থেকে অনেক দ্রের অগ্রসর হয়েছে, তার একটি প্রধান লক্ষণ কী ? না, নান্ধ বিজ্ঞানের সাহায্যে জগতের সর্বন্তই নিয়মকে দেখতে পাচ্ছে। যতক্ষণ পর্যন্ত তা না দেখতে পাচ্ছিল ততক্ষণ পর্যন্ত তার জ্ঞানের সম্পূর্ণ সাথাকতা ছিল না। ততক্ষণ বিশ্বচরাচরে সে গিচ্ছিল হয়ে খাস করছিল; সে দেখছিল জ্ঞানের নিয়ম কেবল তার নিজের মধ্যেই আছে, আর এই বিরাট বিশ্বব্যাপারের মধ্যে নেই। এইজন্যেই তার জ্ঞান আছে বলেই সে েন জগতে একঘরে হয়েছিল। কিন্তু আজ তার জ্ঞান অণ্
হতে অণ্তুম ও বৃহৎ হতে বৃহত্তম সকলেব সংগেই নিজের যোগস্থাপনা করতে প্রবৃত্ত হয়েছে, এই হচ্ছে বিজ্ঞানের সাধনা।

ভারতবর্ষ যে সাধনাকে গ্রহণ কলাছে সে হচ্ছে বিশ্বব্রহ্যান্ডের সঞ্জে চিত্তের যোগ, আত্মার যোগ, অর্থাৎ সম্পর্ণ যোগ। কেবল জ্ঞানের যোগ নয়, বোধের যোগ।…

অতএব, যদি আমরা মনে করি ভারতবর্ষের এই সাধনাতে<sup>ই</sup> দীক্ষিত করা ভারতবাসীর শিক্ষার প্রধান লক্ষ্য হওয়া উচিত তবে এটা মনে দিথর রাংতে হবে যে, কেবল ইন্দ্রিয়ের শিক্ষা নয়, কেবল জ্ঞানের শিক্ষা নয়, বোধের শিক্ষাকে আমাদের বিদ্যালয়ে প্রধান দ্থান দিতে হবে। অর্থাৎ কেবল কারখানায় দক্ষতাশিক্ষা নয়; দ্কুল-কলেজে পরীক্ষায় পাস করা নয়; আমাদের যথার্থ শিক্ষা তপোবনে, প্রকৃতির সংগ্রে মিলিত হয়ে, তপস্যার দারা পবিত হয়ে।

আমাদের শ্বুল-কলেন্ডে তপস্যা আছে, কিন্তু সে মনের তপস্যা, জ্ঞানের তপস্যা ; বোধের তপস্যা নয়।

জ্ঞানের তপস্যায় মনকে বাধাম্ব করতে হয়। যে-সকল প্রবিশংস্কার আমাদের মনের ধারণাকে এক-ঝোঁকা করে রাখে তাদের ব্রুগে ক্রমে পরিষ্কার করে দিতে হয়। যা নিকটে আছে বলে বড়ো এবং দরে আছে বলে ছোটো, যা বাইরে আছে বলেই প্রত্যক্ষ এবং ভিতরে আছে বলেই প্রচ্ছন্ন, যা বিচ্ছিন্ন করে দেখলে নির্থাক, সংযুক্ত করে দেখলেই সার্থাক—তাকে তার যাথার্থা রক্ষা করে দেখবার শিক্ষা দিতে হয়।

# রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

···বর্তামানকালে এখনি দেশে এইরকম তপস্যার শ্থান, এইরকম বিদ্যালয় যে অনেকগ্রলি হবে, আমি এমনতরো আশা করি নে। কিশ্তু আমরা যখন বিশেষভাবে জাতীয় বিদ্যালয়ের প্রতিষ্ঠা করবার জন্যে সম্প্রতি জাগ্রত হয়ে উঠেছি তখন ভারতব্বের্ধ রিদ্যালয় যেমনটি হওয়া উচিত অশ্তত তার একটিমান্ত্র আদর্শ দেশের নানা চাঞ্চন্য নানা বিরম্প্রভাবের আন্দোলনের উধ্বের্ধ জেগে ওঠা দরকার হয়েছে।

ন্যাশনাল বিদ্যাশিক্ষা বলতে য়্রোপ যা বোঝে আমরা যদি তাই ব্রিঝ তবে তা নিতাশ্তই বোঝাব ভুল হবে। আমাদের দেশের কতকগ্নিল বিশেষ সংশ্কার, আমাদের জাতের কতকগ্নিল লোকাচার, এইগ্নিলব দ্বারা সীমাবন্ধ কবে আমাদের শ্বাজাত্যের অভিমানকে অত্যপ্র করে তোলবার উপায়কে আমি কোনোমতে ন্যাশনাল শিক্ষা বলে গণা করতে পারি নে। জাতীয়তাকে আমরা পরম পদার্থ ব'লে প্রেল করি নে এইটেই হচ্ছে আমাদের জাতীয়তা। ভূমৈব স্থং, নালেপ স্থম্মিত, ভূমাত্মেব বিজিজ্ঞান্সতবঃ — এইটিই হচ্ছে আমাদের জাতীয়তার মন্ত্র।

প্রাচীন ভারতের তপোবনে যে মহাসাধনার বনস্পতি একদিন মাথা তুলে উঠেছিল এবং সর্বাত্ত তার শাখাপ্রশাথা বিশ্তাব করে সমাজের নানা দিককে অধিকার করে নিয়েছিল, সেই ছিল আমাদের নাশনাল সাধনা। দেই সাধনা যোগসাধনা। যোগসাধনা কোনো উৎকট শারীরিক মানসিক ব্যায়ামচর্চা নয়। যোগসাধনা মানে সমুহত জীবনকে এমনভাবে চালনা করা যাতে ধ্বাতক্ত্রের দ্বারা বিক্রমশালী হয়ে ওঠাই আমাদের লক্ষ্যা না হয়, মিলনের দ্বারা পরিপূর্ণ হয়ে ওঠাকেই আমরা চরম পরিণাম বলে মানি— ঐশ্বর্থকে সন্তিত করে তোলা নয়, আত্মাকে সতে উপলব্ধি করাই আমরা সফলতা বলে ধ্বীকার কবি। ••

কেউ না মনে করেন. ভারতবর্ষের এই সাধনাকেই আমি একমাত্র সাধনা বলে প্রচার করতে ইচ্ছা করি। আমি বরণ বিশেষ করে এই কথাই ভানাতে চাই যে, মান্যের মধ্যে বৈচিত্যের সীমা নেই। সে তালগাছের মতো একটিমাত্র ঋত্বরেখায় আকাশের দিকে ওঠেনা, সে বটগাছের মতো অসংখ্য ডালে-পালায় আপনাকে চার দিকে বিষ্ঠীণ করে দেয়। তার যে শাখাটি যে দিকে সহজে যেতে পারে তাকে সেই দিকেই সম্প্রণভাবে যেতে দিলে তবেই সমগ্র গাছটি পরিপর্ণতা লাভ করে, স্থতরাং সকল শাখারই তাতে মংগল।…

এ কথা দ্টের্পে মনে রাখতে হবে, এক জাতির সংগে অন্য জাতির অন্করণঅন্সরণের সম্বন্ধ নয়, আদান-প্রদানের সম্বন্ধ। আমার যে জিনিসের অভাব নেই
তোমারও যদি ঠিক সেই জিনিসটাই থাকে তবে তোমার সংগে আমার আর অদল-বদল
চলতে পারে না, তা হলে তোমাকে সমকক্ষভাবে আমার আর প্রয়োজন হয় না।
ভারতবর্ষ যদি খাঁটি ভারতবর্ষ হয়ে না ওঠে তবে পরের বাজারে মজ্বরিগিরি করা ছাড়া
প্থিবীতে তার আর কোনো প্রয়োজনই থাকবে না। তা হলে তার আপনার প্রতি
আপনার সম্মানবাধ চলে যাবে এবং আপনাতে আপনার আনন্দও থাকবে না।

তাই আজ আমাদের অবহিত হয়ে বিচার করতে হবে যে যে সত্যে ভারতবর্ষ আপনাকে আপনি নিশ্চিতভাবে লাভ করতে পারে সে সত্যি কী। সে সত্য প্রধানত বিণগ্রেক্তি নয়, স্বারাজ্য নয় স্বাদেশিকতা নয়, সে সত্য বিশ্বজাগতিকতা। সেই সত্য

# রবীন্দ্ররচনা-সংকলন

ভারতবধে'র তপোবনে সাধিত হয়েছে, উপনিষদে উচ্চারিত হয়েছে, গীতায় ব্যাখ্যাত হয়েছে; বার্ম্বদেব সেই সত্যকে পাথিবীতে সর্বমানবের নিতাবাবহারে সফল করে তোলবার জন্যে তপস্যা করেছেন এবং কালক্রমে নানাবিধ দর্গেতি ও বিকৃতির মধ্যেও কবীর নানক প্রভৃতি ভারতবর্ষের পরবতী মহাপারামগণ সেই সত্যকেই প্রকাশ করে গেছেন। ভারতবর্ষের সত্য হচ্ছে জ্ঞানে অদ্বৈততত্ত্ব, ভাবে বিশ্বমৈতী এবং কর্মে যোগসাধনা। ভারতবর্ষের অন্তরের মধো যে উদার তপস্যা গভীরভাবে সঞ্চিত হয়ে রয়েছে সেই তপস্যা আজ হিন্দ; মূসলমান বেশ্বি এবং ইংবেজকে আপনার মধ্যে এক ক'রে নেবে ব'লে প্রতীক্ষা করছে—দাসভাবে নয়, জডভাবে নয়, সাত্তিকভাবে, সাধকভাবে। যতাদন তা না ঘটবে ততাদন আনাদের দঃখ পেতে হবে, অপমান সইতে হবে, ততদিন নানা দিক থেকে আমাদের বারুবার বার্থ হতে হবে। ব্রহ্মত্যর্থ, ব্রহ্মজ্ঞান, সব'কৌবে দ্য়া, সব'ভতে আত্মোপলব্দি – একদিন এই ভারতে কেবল কাব্যকথা, কেবল মতবাদ-রূপে ছিল না , প্রত্যেকের জীবনের মধ্যে একে সত্য করে তোলবার জন্যে অন্<mark>শাসন ছিল। সেই অন্শাসনকে আ</mark>জ যদি আমশ বিক্ষাত না হই, আমাদের সমস্ত শিক্ষা-দীক্ষাকে সেই অনুশাসনের যদি অনুগত করি, তরেই আমাদের আত্মা বিরাটের মধ্যে আগনার প্রাধীনতা লাভ করবে এবং কোনো সাময়িক বাহ্য অবস্থা মামাণের সেই স্বাধীনতাকে বিলাপ্ত করতে পারবে না।

প্রবলতার মধ্যে সংপৃত্ণতার আদর্শ নেই। সমগ্রের সামঞ্জন্য নন্ট ক'রে প্রবলতা নিত্রেকে প্রবল্ করে দেখার বলেই তাকে বড়ো মনে হয়় কিন্তু আসলে সে ক্ষরে। ভারতবর্ষ এই প্রবলতাকে চার নি, সে পরিপূর্ণতাকেই চেয়েছিল। এই পরিপূর্ণতা নিখলের সংগ্র যোগে , এই যোগ অংকারকে দরে করে বিনম্ম হয়ে। এই বিনম্রতা একটি আধ্যাত্মিক শক্তি, এ দর্বল প্রভাবের অধিগম্য নয়। বায়রে যে প্রবাহ নিত্য শান্ততার দারাই কড়ের চেয়ে তার শক্তি বেশি। এইজনোই ঝড় চিরদিন টিকতে পারে না, এই নেনাই ঝড় কেবল সংকীর্ণ প্যানকেই কিছুকালের জন্য ক্ষর্থ করে, আর শান্ত বায়রপ্রবাহ সমপ্ত প্রথিবীকে নিত্যকাল বেণ্টন করে থাকে। যার, নম্বতা, যা সাাত্মিকতার তেজে উৎস্কল, বা ত্যাগ ও সংযমের কঠোর শক্তিতে দ্রুপ্রতিষ্ঠিত, সেই নম্বতাই সমপ্তর সক্ষে অবাধে যাক্ক হয়ে সত্যভাবে নিত্যভাবে সমপ্তকে লাভ করে। সেকাউকে দর্ম করে না, বিচ্ছিন্ন করে না, আপনাকে ত্যাগ করে এবং সকলকেই আপন করে। এইজনোই ভগবান যিশ্ব বলেছেন যে, যে বিনম্ন সেই পৃথ্নীবিজয়ী, শ্রেণ্ঠধনের অধিকার এক্যাত্র তারই।

# े कि उ

স্কেস্পীয়র ( William Shakespeare )

ইংরেজ কবি ও নাট্যকার। জন্ম—১৫৬৪, ম\_ত্যু—১৬১৬।

### ববীন্দ্রনাথের চিন্তাজগৎ

# মিলটন ( John Milton )

ইংরেজ কবি। জন্ম—১৬০৮, মৃত্যু—১৬৭৬।

# উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য :

শিক্ষার লক্ষ্য, তপোবনের শিক্ষা, প্রকৃতি, জাতীয় শিক্ষা

# তুলনীয় প্রসংগঃ

১. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ২. শিক্ষা সংক্ষার। ৩ লক্ষ্য ও শিক্ষা।
৪. জগদানন্দ রায়কে পত্র ২নং। ৫. অসন্তোষের কারণ। ৬. আকাম্কা।
৭. প্রান্তনী ২নং। ৮ বিশ্বভারতী ৪নং। ৯. প্রেবিংগ বক্তুতা। ১০. জনৈক
অধ্যাপকের চিঠি। ১১ কলাবিদ্যা। ১২. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং।
১৩. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৪নং। ১৪. শিক্ষার সার্থকিতা। ১৫. শিক্ষার
আদর্শ। ১৬. বিশ্বভারতী ১৫নং। ১৭. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ।
১৮. বিশ্বভারতী ১৭নং। ১৯. বিশ্বভারতী ১৮নং। ২০. শিক্ষাসমস্যা।
২১. অজিতকুমার চক্রবতীকৈ পত্র ২নং। ২২. বিশ্বভারতী ১০নং। ২০ বিশ্বভারতী
১৪নং। ২৪. আশ্রমের রূপে ও বিকাশ। ২৫. The School Master.
২৬. A Poet's School. ২৭. হিন্দ্র বিশ্ববিদ্যালয়। ২৮. ছাত্র শাসনতন্ত।
২৯. বিশ্বভারতী ১নং। ৩০. বিশ্বভারতী ২নং। ৩১. তপোবন ২নং ইত্যাদি।

# ১৭। অঘোরনাথ অধিকারীকে পত্র

( আনুমানিক ১৯১০ )

# রবীন্দ্রচনা-সংকলন

## ः किर्वि

অথোরনাথ অধিকারী—'বিদ্যালয়-বিধায়ক বিবিধ বিধান' প্রুশ্তকের রচিয়তা। এই প্রুশ্তকের দ্বিতীয় সংস্করণের সংগে রবীন্দ্রনাথের উল্লিখিত মন্তব্য প্রকাশিত হয়। উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য ঃ

**भिका**श्रवाली

# जूननीय প্রসংগ ঃ

- ১ শিক্ষা সংস্কার।
- ২. শিক্ষাবিধি।
- ৩. অসক্তোধের কারণ।
- 8. জগদান•<br/>
  न ताय्राक भव ।
- ৫ শিক্ষার বিকিরণ।
- ৬ A Poet's School. ইত্যাদি।

# ১৮ ৷ হিন্দু বিশ্ববিভালয়

! তত্তুবোধিনী পত্রিকা, ্রহায়ণ ১৩১৮ (১৯১১)]

আজকালক।র দিনে প্রথিবী জর্জিয়া আনাগোনা মেলামেশা চলিতেছে। মান্বের নানা জাতি নানা উপলক্ষে পরস্পরের পরিচয় লাভ করিতেছে। অতএব ভিন্ন ভিন্ন জাতির স্বাতংগ্র ঘর্চিয়া গিয়া পরস্পর মিলিয়া যাইবার সময় এখন উপস্থিত হইয়াছে একথা মনে করা যাইতে পারিত।

কিন্তু আশ্চর্য এই, বাহিরের দিকে দরজা যতই খ্লিতেছে, প্রাচীর যতই ভাঙিতেছে, মান্বের জাতিগ্রালর স্বাতন্ত্রাবোধ ততই যেন আরও প্রবল হইয়া উঠিতেছে। এক সময় মনে হইত মিলিবার উপায় ছিল না বলিয়াই মান্বেরা প্রক হইয়া আছে। কিন্তু এখন মিলিবার বাধা সকল যথাসম্ভব দ্রে হইয়াও দেখা যাইতেছে পার্থক্য দ্রে হইতেছে না।…

…এখন জগৎ জর্ণিয়া সমস্যা এ নহে যে, কী করিয়া ভেদ ঘর্চাইয়া এক হইব—
কিশ্তু কী করিয়া ভেদ রক্ষা করিয়াই মিলন হইবে। সে কাজটা কঠিন—কারণ সেখানে
কোনো প্রকার ফাঁকি চলে না, সেখানে পরশপরকে পরশপরের জায়গা ছাড়িয়া দিতে হয়।
সেটা সহজ নহে, কিশ্তু যেটা সহজ সেটা সাধ্য নহে, পরিণামের দিকে চাহিলে দেখা
ধায় যেটা কঠিন সেটাই সহজ। …

…আমাদের শ্বজাতির এমন কোনো একটি বিশিণ্টতা আছে যাহা মল্যোবান,

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

একথা সম্পূর্ণ অশ্রুদ্ধা করেন এমন লোকও আছেন, তাঁহাদের কথা আমি একেবারেই ছাডিয়া দিতেছি।

এই বিশিষ্টতাকে দ্বীকার করেন অথচ ব্যবহারের বেলায় তাহাকে ন্য়নাধিক অগ্রাহা করিয়া থাকেন এমন লোকের সংখ্যা অলপ নহে। তাহাদের মধ্যে অনেকে হয়তো আছিকতপণিও করেন এবং শাদ্যালাপেও পটু কিন্তু জাতীয় আদশ্কে তাহারা অত্যন্ত আংশিকভাবে গ্রহণ করেন এবং মুখে যতটা করেন কাজে ততটা করেন না। ই হারা নিজেরা যে বিদ্যালয়ে পড়া মুখ্যথ করিয়া আসিয়াছেন তাহাকে বেশিদ্রে ছাড়াইয়া যাইতে ভরসা করেন না।

আর একদল আছেন তাঁহারা শ্ব্রাতির বিশিষ্টতা লইয়া গোরব করেন কিল্টু এই বিশিষ্টতাকে তাঁহারা অত্যান্ত সংকীণ করিয়া দেখিয়া থাকেন। যাহা প্রচলিত তাহাকেই তাঁহারা বড়ো আসন দেন, যাহা চিরল্ডন তাহাকে নহে। আমাদের দুর্গতির দিনে যে বিকৃতিগর্বাল অসংগত হইনা উঠিয়া সমন্ত মান্বের সংগে আমাদের বিরোধ ঘটাইয়াছে, খাড খাড করিয়া আমাদিগকে দুর্বাল করিয়াছে, এবং ইতিহাসে বারবার করিয়া কেবলই আমাদের মাথা হোট করিয়া দিতেছে, তাঁহারা তাহাদিগকেই আমাদের বিশেষত্ব বিলয়া তাহাদের প্রতি নানাপ্রকার কালপানক গ্রুণের আরোপ করিবার চেন্টা করিতেছেন। ইহারা কালের আবর্জনাকেই ন্বজাতির প্রকৃত পরিচয় মনে করিয়া তাহাকেই চিরল্থায়ী করিবার চেন্টা করিবেন এবং দুর্বিত বাণেপর আলেয়া-আলোককেই চন্দ্রস্থের চেয়ে সনাতন বলিয়া সম্মান করিবেন তাহাতে সন্দেহ নাই।

অতএব যাঁহারা গ্বতশ্বভাবে হিন্দ্ বা ম্মূলনমান বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকে ভয় করেন তাঁহাদের ভয়ের কোনো কারণ নাই এমন কথা বলিতে পারি না। কিন্তৃত্বংসত্ত্বেও একথা জার কবিয়া বলিতে হইবে যে, যে শিক্ষার মধ্যে প্রাচা পাশ্চান্তা সকল বিদ্যারই সমাবেশ ইইতেছে সে শিক্ষা কথনোই চিরদিন কোনো একাণ্ড আতিশয়ের দিকে প্রশ্নম লাভ করিতে পারিবে না। যাহারা গ্বতন্ত ভাহারা প্রশ্বর পাশাপাশি আসিয়া দাঁড়াইলে তবেই তাহাদের বাড়াবাড়ি কাটিয়া যায় ও তাহাদের সভাটি যথার্থভাবে প্রকাশ পায়। নিজের ঘরে বসিয়া ইচ্ছামতো যিনি যতবড়ো খাদি নিজের আসন প্রস্তৃত করিতে পারেন, কিন্তু পাঁচজনের সভার মধ্যে আসিয়া পড়িলে গ্রতই নিজের উপযুক্ত আসনটি গ্রের হইয়া যায়। হিন্দ্র বা ম্মূসলমান বিশ্ববিদ্যালয়ে যদি বিশ্বকে গ্রান দেওয়া হয় তবে সেই সংগ্র নিজের গ্রাতন্ত্রকে গ্রান দিলে কোনো বিপদের সম্ভাবনা থাকিবে না। ইহাতেই বস্তুত গ্রাতশ্বের যথার্থ মল্যু নিধ্বিত হইয়া যাইবে।

এ পর্যন্ত আমরা পাশ্চান্ত্য শাশ্রসকলকে যে প্রকার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও যুর্ন্তিমূলক প্রণালীর দ্বারা বিচার করিয়া আসিতেছি নিজেদের শাশ্রগ্র্লিকে সের্প করিতেছি না। যেন জগতে আর সর্বত্রই অভিব্যান্তির নিয়ম কাজ করিয়া আসিয়াছে, কেবল ভারতবর্ষেই সে প্রবেশ করিতে পারে নাই—এখানে সমশ্তই অনাদি এবং ইতিহাসের অতীত। এখানে কোনো দেবতা ব্যাকরণ, কোনো দেবতা রসায়ন, কোনো দেবতা আয়ুর্ব্বিদ আশ্ত স্থিত করিয়াছেন—কোনো দেবতার মুখ-হুশ্ত-পদ হুইতে

#### রবীন্দ্ররচনা-সংকলন

একেবারেই চারি বর্ণ বাহির হইয়া আসিয়াছে—সমণ্টই ঋষি ও দেবতায় নিলিয়া এক মাহাতেই খাড়া করিয়া দিয়াছেন। ইহার উপরে আর কাহারও কোনো কথা চলিতেই পারে না। সেই জনোই ভারতবর্ষের ইতিহাস রচনায় অশ্ভূত অনৈসাগিক ঘটনা বর্ণনায় আমাদের লেখনীর লন্ডা বোধ হয় না—শিক্ষিত লোকেদের মধ্যেও ইহার পরিচয় প্রতিদিনই পাওয়া য়য়। আমাদের সামাজিক আচার বাবহারেও বর্নিধবিচারের কোনো অধিকার নাই—কেন আমরা একটা কিছা করি বা করি না তাহার কারণ জিল্ঞাসা করাই অসংগত। কেননা কার্যকারেরে নিয়ম বিশ্বরক্ষাণেড কেবলমাত ভারতবর্ষেই খাটিবে না—সকল কারণ শাক্ষরেনের মধ্যে নিহিত। এইজন্য সমন্দ্রেয়াতা ভালো কি মন্দ, শাক্ষ খালিরা তাহার নির্ণয় হইবে, এবং কোন্ বাজি ঘরে চুকিলে হর্ননার এল ফেলিতে হইবে পণ্ডিঅমশার তাহার বিধান দিনেন। কেন যে একজনের ছোনা দ্বি বা খেজার রস বা গাড় খাইলে অপরাধ নাই, জল খাইলেই অপরাধ—কেন যে যবনের প্রস্তুত মদ খাইলে জাত যায় না, অয় খাইলেই জাত যায় এসব প্রশ্ন জিজ্ঞাসা করিলে ধোনা নাপিত বন্ধ করিয়াই মাখ বন্ধ করিয়া দিতে হয়।

শিক্ষিত সমাজেও যে এমন অশ্ভূত অসংগত ব্যবহার চলিতেছে তাহার একটা কারণ আমার এই মনে হয়, পাশ্চান্তা শাশ্ব আমার বিদ্যালয়ে শিথিয়া থাকি এবং প্রাচ্য-শাশ্ব আমার শ্কুলের কাপড় ছাড়িয়া অন্যব অন্য অবংথার মধ্যে শিক্ষা করি। এই জন্য উভরের সংবশ্ধে আমাদের মনের ভাবের একটা ভেদ ঘটিয়া যায়—অনায়াসেই মনে করিতে পারি ব্রশ্বির নিয়ম কেবল এক জায়গায় খাটে—অন্য জায়গায় বড়ো জার কেবল ব্যাকরণের নিয়মই খাটিতে পারে। উভয়কে এক বিদ্যান্তিররে এক শিক্ষার অংগ করিয়া দেখিলে আমাদের এই মোহ কাটিয়া যাইবার উপায় হইবে।…

াশিক্ষত সম্প্রদায়ের মধ্যে গ্রাতশ্র্য-অভিমানটা প্রবল হইয়া উঠিতেছে। এই অভিমানের প্রথম জোয়ারে বড়ো একটা বিচার থাকে না, কেবল জোরই থাকে। বিশেষত এতদিন আমরা আমাদের যাহা কিছু সম্পত্তেই নিবিচারে অবজ্ঞা করিয়া আসিয়াছি—আজ তাহার প্রবল প্রতিক্রিয়ার অবস্থায় আমরা মাঝে মাঝে বৈজ্ঞানিক বিচারের ভান করি, কিন্তু তাহা নিবিচারেকও বাড়া।

এই তীর অভিমানের আবিলতা কখনোই চিরদিন টিকিতে পারে না—এই প্রতিক্রিয়ার ঘাত প্রতিঘাত শানত হইয়া আসিধেই—তখন ঘর হইতে এবং বাহির হইতে সতাকে গ্রহণ করা আমাদের পক্ষে সহজ হইবে।…

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

দিয়া সিন্ধান্তে ও সাধনার ভিতর দিয়া সিন্ধিতে উত্তীর্ণ হইতেছিল; যাহা শ্লোক সংহিতার জটিল রুজ্বতে বাঁধা কলের প্রলার মতো একই নিজাঁব নাটা প্রতিদিন প্ররাবৃত্তি করিয়া চলিতেছিল না;—বৌন্ধ যে সমাজের অন্স, জৈন যে সমাজের অন্প, ম্বানলমান ও খ্রীপ্টানেরা যে সমাজের অন্তর্গত হইতে পারিত; যে সমাজের এক মহাপ্রব্য একদা অনার্থাদিগকে মিত্রর্পে গ্রহণ করিয়াছিলেন, আর এক মহাপ্রব্য কমের আদর্শকে বৈদিক যাগযজ্ঞের সংকীণতা হইতে উন্ধার করিয়া উদার মন্যাম্বের ক্ষেত্রে ম্বিজান করিয়াছিলেন এবং ধর্মাকে বাহ্য অনুষ্ঠানের বিধিনিষ্ধের মধ্যে আবন্ধ না করিয়া তাহাকে ভক্তিও জ্ঞানের প্রশান্ত পথে সর্বলোকের স্থগম করিয়া দিয়াছিলেন; সেই সমাজকে আজ আমরা হিন্দ্রসমাজ বলিয়া স্বীকার করিতেই চাই না;— যাহা চলিতেছে না তাহাকে আমরা হিন্দ্রসমাজ বলিয়া স্বীকার করিতেই চাই না;— যাহা চলিতেছে না তাহাকে আমরা হিন্দ্রসমাজ বলিয়া স্বীকার ধর্মাকে আমরা হিন্দ্রসমাজের ধর্মা বিলায়া মানিই না, কারণ, প্রাণের ধর্মা বিকাশের ধর্মা, পরিবর্তানের ধর্মা, তাহা নিয়ত গ্রহণ বজানৈর ধর্মা।

এই জন্যই মনে আশ কা হয় খাঁহারা হিন্দ্ব-বিশ্ববিদ্যালয় স্থাপন করিতে উদ্যোগী, তাঁহারা কির্পে হিন্দ্বেষ ধারণা লইয়া এই কার্মে প্রবৃত্ত ? কিন্তু সেই আশ কামাত্রেই নিরুত হওয়াকে আমি শ্রেয়ন্কর মনে করি না।…

31201292-42

## शकि

# हिन्द् विश्वविद्यालय

কাশীতে হিন্দ্ বিশ্ববিদ্যালয় এবং আলিগড়ে ম্সলিম বিশ্ববিদ্যালয় ন্থাপনের প্রশতাব যথন উত্থাপিত হয়, এই উত্থাপন প্রসংগে রবীন্দ্রনাথ চৈতন্য লাইব্রেরীর অধিবেশন উপলক্ষে রিপন কলেজ হলে ২৯শে অক্টোবর ১৯১১ (১৩১৮) সালে 'হিন্দ্র বিশ্ববিদ্যালয়' শীর্ষক প্রবন্ধটি পাঠ করেন।

# উল্লেখযোগ্য বিষয় / ম-তব্য :

জাতীয় শিক্ষা, সর্বজনীন শিক্ষা

#### রবীন্দর্কনা-সংকলন

# তুলনীয় পুসংগঃ

১ ছাত্রদের প্রতি সম্ভাষণ। ২. তপোবন। ৩ ছাত্রশাসনতংগ্র। ৩. বিশ্বভারতী ১নং। ৫. বিশ্বভারতী ২নং। ৬. বিশ্বভারতী ৬নং। ৭. প্রেবিংগ বস্তুতা। ৮. শিক্ষাবিধি। ৯ অজিত চক্রবতীকে লেখা চিঠি ২নং। ১০. বিদ্যাসমবায়। ১১. শিক্ষার মিলন। ১২. বিশ্বভারতী ৪নং। ১৩. বিশ্বভারতী ৫নং। ১৪. বিশ্বভারতী ১০নং। ১৬. বিশ্বভারতী ১৭নং। ১৭. শিক্ষারতী ১০নং। ১৮. বিশ্বভারতী ১৭নং।

# ১৯। বাংলাভিকার অবদান

জীবনম্মতি, ১৯১১

শশিক্ষা জিনিষ্টা ঘ্যাসাতে আহানেবাপারের মতো হওয়া উচিত। খাদারব্যে প্রথম কাম্ডটা দিবামারেই তাহাব ধ্বাবের এখ আবাত হয়া পেট ভরিবার প্রে হইতেই পেটটি খাশি হইয়া জাগিয়া উঠে — ভাহাতে তাহাব জারক বসগালিব আলস্য দ্রে হইয়া যায়। বাঙালিব পাকে ইংরেলি শিকাম এটি হইবার জো নাই। পারা প্রথম কামড়েই দাইপাটি দাঁত আগাগোড়া মহিলা উঠে নাই বিবরের মধ্যে একটা ছোটোখাটো ভূলিকদেপর অবতালা হয়। তাবপরে, সেটা য়ে লোড় লাতীয় পদার্থা নহে সেটা য়ে রসে-পাক-করা মোদবর্ত্তা, তাহা বর্নিতে বর্নিতেই বয়স অর্থেক পার ইইয়া য়ায়। বানানে ব্যাকরে বিমা লাগিয়া নাক-চোম দিয়া য়খন অজন্ত জলধারা বহিয়া য়াইতেছে, অন্তরটা তখন একেবারেই উপবাসী হইয়া আছে। অবশেষে বহুকটে অনেক দেরিতে খামারের সংগ্র যথন পাররর ঘটে তখন ক্ষাধাটাই যায় মরিয়া। প্রথম ইইতেই মনটাকে চালনা করিবার স্থাগে না পাইলে মনের চলং শান্ততেই মন্যা পড়িয়া য়ায়। যখন চারিদিকে খার ক্ষিয়া ইংরোজ পড়াইবার ধাম পড়িয়া গিয়াছে, তখন ফিনি সাহস করিয়া আমাদিগকে দীঘলিল বাংলা শিখাইবার ব্যবন্থা করিয়াছিলেন, সেই আমার ধ্বর্না গেলদার উদ্দেশ্যে সক্তজ্ঞ প্রণাম নিবেদন করিতেছি।……

া জীবন্**মন্**তি থেকে: বিশ্বভারতী ১৩৬৬, প**ঃ ৩**৩ ]

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য : মাতৃভাষা

# ज्लनीय श्रमण :

১. ন্যাশনল ফণ্ড। ২. শিক্ষার হেরফের। ৩. প্রসংগকথা (তিনখানি পত্র)।
৪. শিক্ষার হেরফের প্রবশ্বের অনুবৃত্তি। ৫. ইংরেজি শেখা। ৬. লোকশিক্ষা
গ্রন্থমালার বিজ্ঞপ্তি। ৭. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ৮. শিক্ষার বাহন।
১. বিশ্ববিদ্যালয়ের রূপ। ১০. শিক্ষার স্বাংগীকরণ। ১১. ছাত্রসম্ভাষণ।
১২ বাংলা শিক্ষার প্রণালী ইত্যাদি।

# २०। शिकुदम्ब

জীবনক্ষ্যতি, ১৯১১

··· শিক্ষার সকলের চেয়ে বড়ো অংগটা ব্ঝাইয়া দেওয়া নহে, মনের মধ্যে ঘা দেওয়। সেই আঘাতে ভিতরে যে-জিনিসটা বাজিয়া উঠে যদি কোনো বালককে তাহা বাখ্যা করিয়া বলিতে বলা হয় তবে সে যাহা বলিবে, সেটা নিতাশ্তই একটা ছেলেমানুষি কিছা। কিন্তু যাহা সে মুখে বলিতে পারে তাহার চেয়ে তাহার মনের মধ্যে বাজে অনেক বেশি; যাঁহারা বিদ্যালয়ের শিক্ষকতা করিয়া কেবল পরীক্ষার গরাই সকল ফল নির্ণায় করিতে চান, তাঁহারা এই জিনিস্টার কোনো খবর রাখেন না। আমার মনে পড়ে ছেলেবেলায় আমি অনেক জিনিস বুমি নাই কিন্তু তাহা আমার অন্তরের মধ্যে খ্রে-একটা নাড়া দিয়াছে। আমার নিতাশ্ত শিশ্বকালে মলোজোড়ে গংগার ধারের বাগানে মেঘোদয়ে বড় দানা ছাদের উপরে একদিন মেঘদতে আওডাইতেছিলেন, তাহা আমার ব্রমিবার দরকার হয় নাই এবং ব্রমিবার উপায়ও ছিল না—তাহার আনন্দ-আবেরাপূর্ণে ছন্দ-উচ্চারণই আমার পক্ষে যথেণ্ট ছিল। ছেলেবেলায় যখন ইংরেজি আমি প্রায় কিছুইে জানিতাম না তখন প্রচুর-ছবি-ওয়ালা একথানি Old Curiosity Shop লইয়া আগাগোড়া পড়িয়াছিলাম। পনেরো-আনা কথাই ব্যব্তি পারি নাই— নিতাশ্ত আবছায়া-গোছের কী একটা মনের মধ্যে তৈরি করিয়া সেই আপন মনের নানা রঙের ছিল্ল সূত্রে গ্রাম্থ বাধিয়া তাহাতেই ছবিগলো গাথিয়াছিলাম ; পরীক্ষকের হাতে যদি পডিতাম তবে মুহত একটা শুনা পাইতাম সংশ্বহ নাই কিংতু আমার পক্ষে সে পড়া তত্ত্বড়ো শুনা হয় নাই।…

[ জীবনক্ষাতি থেকে, বিশ্বভারতী ১৩৬৬, প্ ৪১ ]

# রবীন্দ্রচনা-সংকলন

#### : किर्चि

Old Curiosity Shop.

চাল'স ডিকেন্সের উপন্যাস, ১৮৪০—৪১।

## উল্লেখযোগ্য বিষয় মণ্ডবাঃ

**িশক্ষাপ্রণালী** 

# তুলনীয় প্রসংগঃ

১. মেঘনাদবধ কান্য। ২. প্রসংগকথা ১ (তিন্থানি পত্ত)। ৩. প্র'প্রশ্নের অন্বাভি। ৪ শিক্ষাসংস্কার। ৫. শিক্ষাসমস্যা। ৩. আবরণ। ৭ শিক্ষাবিধি। ৬. লক্ষ্য ও শিক্ষা। ১. জগদানন্দ বায়কে পত্ত ৫ নং। ১০. অসল্ভোষের কারণ। ১১. বিশ্বভারতী ২ নং। ১২. বিদ্যার বাচাই। ১৩. আলোচনা। ১৭. প্রেবিশের বিশ্বভারতী ৬ নং। ১৫. পশ্চিম্যাতীর ডায়ারি। ১৬. আলোচনা। ১৭. প্রেবিশ্বের বিভ্রা। ১৮. জনৈক অধ্যাপকের চিঠি। ১৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২০. শিক্ষার বিকিরণ। ২১. বিশ্বভারতী ১৭ নং। ২২. আশ্রমের শিক্ষা। ২০. ম Poet's School. ২৪. The School Master. ২৫. তোতাকাহিনী। ২৬. স্তেতাষ চন্দ্র মভ্যমদারকে পত্ত ২নং ইত্যাদি।

# ২১৷ প্র্যশিক্ষা

[ তত্তরোধনী পত্তিকা, মাঘ ১৩১৮ (১৯১২ ) ]

বালক-বালিকাদিগকে গোড়া হইতেই ধর্মশিক্ষা কেমন করিয়া দেওয়া যাইতে পারে, এ তক' আজকাল খাস্টান মহাদেশে খ্বই প্রবল হইয়া উঠিয়াছে এবং বোধ করি কতকটা একই কারণে এ চিম্তা আমাদের দেশেও জাগ্রত হইবার উপক্রম করিতেছে।…

ধর্ম যেখানে পরিব্যাপ্ত ধর্ম শিক্ষা সেইখানেই স্বাভাবিক। কিন্তু যেখানে তাহা জীবন্যাত্তার কেবল একটা অংশমাত সেখানে মন্ত্রীরা বসিয়া যতই মন্ত্রণা কর্ক্ক-না কেন, ধর্ম শিক্ষা যে কেমন করিয়া যথাথ রূপে দেওয়া যাইতে পারে ভাবিয়া তাহার কিনারা পাওয়া যায় না।…

এক সময়ে প্থিবীর প্রায় সর্বত্তই শিক্ষাব্যাপারটা ধর্মাচার্যগণের হাতে ছিল। তথন রাণ্ট্রব্যবস্থার মধ্যে এমন একটা অনিশ্চয়তা ছিল যে, দেশের সর্বসাধারণে দীর্ঘকাল শান্তি ভোগ করিবার অবসর পাইত না। এইজন্য জাতিগত সমুস্ত বিদ্যা

### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

ও ধর্মকৈ অবিচ্ছিন্নভাবে রক্ষা করিবার জন্য শ্বভাবতই এমন একটি বিশেষ শ্রেণীর স্থিট ইইয়াছিল যাহার প্রতি ধর্মালোচনা ও শাস্তালোচনা ছাড়া আর কোনোপ্রকার সামাজিক দাবি ছিল না : তাহার জীবিকার ভারও সমাজ গ্রহণ করিয়াছিল। স্থতরাং এই শ্রেণীর লোকেরাই সমাজের শিক্ষক ছিলেন। তথন শিক্ষার বিষয় ছিল সংকীণ, শিক্ষাথীও ছিল অল্প: এবং শিক্ষাবের দলও ছিল একটি সংকীণ সীমায় বংধ। এই কারণে শিক্ষাসমস্যা তথন বিশেষ জটিল ছিল না, তাই তথনকার ধ্যাশিক্ষাও অন্যান্য । শক্ষা অনায়াসে একত মিলত হইয়াছিল।

এখন অবস্থান পারবর্তনি ঘটিয়াছে। রাণ্টবাবস্থার উন্নতির সংগে সংগে জনসাধারণের শিক্ষালাভের ইচ্ছা চেণ্টা ও সুযোগ প্রশাসত হইয়া উঠিতেছে চেনই সংগে বিদ্যার শাখাপ্রশাখাও চারি দিকে অন্যধে বাড়িয়া চলিয়াছে। এখন কেবল ধর্মাফাকগণের রেখাজ্বিত গণ্ডির ভিতর সগস্ত শিক্ষাব্যাপার বন্ধ হইয়া থাকিতে চাহিতেছে না।

তব্ সময় ভত্তীণ হইনা গেলেও প্রোতন প্রথা সহজে মরিতে চায় না। তাই বিদ্যালয়ের অন্যান্য শিক্ষা কোনোমতে এ পর্যণত ধ্যাণিক্ষার সংগ্রান্যাধিক পরিমাণে জড়িত হইয়া চলিয়া আসিয়াছে। কিন্তু, সমস্ত য়ারোপ-খণ্ডেই আজ তাহাদের বিচ্ছেদসাধনের জন্য তুন্ল চেণ্টা চলিতেছে। এই বিচ্ছেদকে কোনোমতেই স্বাভাবিক বলিতে পারি না, কিন্তু তব্ বিশেষ কারণে ইহা আনিবার্য হইয়া উঠিয়াছে।

কেননা, সেখানকার ইতিহাসে ইয়া দেখা গিয়াছে যে, একদিন মে ধর্মসম্প্রদায় দেশের বিদ্যাকে পালন করিয়া আসিয়াছে পরে তাহারাই সে বিদ্যাকে বাধা দিবার সর্বপ্রধান হেতু হইয়া উঠিল। করিল, বিদ্যা যতই রাজিয়া তঠিতে থাকে ততই সে প্রচলিত ধর্মশান্তের দনাতন সামানে চাল দিকেই অতিক্রম করিতে ভদতে হয়। শ্রেষ্ যে বিশ্বতত্ত্ব ও ইতিহাস সমাস্থেই সে ধর্মশান্তের বেড়া ভাঙতে বলে তাহা নহে, মান্তের চালিক্রনীতিগত নতেন ভানজিলে সংগও প্রচলি শাহান্ত্রাস্থান আগাগোড়া নিল থাকে না।

এমন অবস্থায় হয় ধানিদেরকে নিত্রে ভানিত কব্ল করিতে হয়, নয় বিদ্রোধনি বিদ্যা স্বাতন্ত্র অবলম্বন করে। উভয়ের এট অলে থাকা আন সাভ্যায় হা না।

কিবতু ধর্মশাসত বিদ স্বীকার করে যে কোনে অংশে তাহার জান অনপেশ্ব ও আশত, তবে তাহার প্রতিষ্ঠাই চলিনা যার । কাবন, সে বিশ্বেশ নেবনানী, এবং তাহার সমসত দলিল ও পরোষানার উপর স্বয়ং সর্বজ্ঞ দেবতার সীলংমাংরের স্যাক্ষর আছে এই বলিয়াই সে আপন শাসন পাকা করিয়া আসিয়াছে। বিদ্যা তথ্য বিশেষণারের বিশ্বশাস্তকে সাক্ষী মানে, আর ধর্মসম্প্রনায় তাহানের সনাতন ধর্মশাস্তকে সাক্ষী খানে, আর ধর্মসম্প্রনায় তাহানের সনাতন ধর্মশাস্তকে সাক্ষী খানে তাবা একা এমিল ঘটিতে থাকে যে, ধর্মশাস্ত ও বিশ্বশাস্ত যে একই দেবতার বালী এ কথা আর দেকে না এবং এ অবস্থায় ধর্মশিক্ষা ও বিদ্যাশিক্ষাকে লোব করিয়া মিলাইয়া রাখিতে গেলে হ্র মন্ট্রাকে নাম কপ্রতিকে প্রশ্রম বিদ্যাশিক্ষা হয়।

•• এ কথা নিশ্চিত সত্য যে, গ্ৰাপ্থ্য যেমন সমস্ত শ্রীরনে জ্বীড়রা আছে ধর্ম তেমনি মানুষের সমগ্রপ্রকৃতিগত।

#### রবীশ্ররচনা-সংকলন

এ দেশে একদিন তপোবনের এইবৃপ বাবহাবই ছিল: সেখানে সাধনা ও শিক্ষা একর মিলিত হইয়াছিল বলিয়া, সেখানে পাওয়া এবং কেওয়ার কাল ছাঁত সহজে নিয়ত অনুষ্ঠিত হইতেছিল বলিয়াই, তপোবন হার্গপাতের মতো সম্পত স্মাজের মমাপ্যান অধিকার করিয়া তাহাব প্রাণকে শোধন পরিচালন এবং রক্ষা করিয়াছে। বেশিধ বিখারেরও নেই কাল ছিল। সেখানে পাওয়া এবং তেয়া অবিচ্ছিল হইয়া বিরাজ কবিতছিল।

কিম্তু, কেনই বা বড়ো কথাটাকে গোপন করিব? কেনই বা কেবল কেজো লোকদের মন জোগাইবাব জন্য ভিতরকার আসল রুস্টিকে আভাল করিয়া রাখিব?

#### রবীন্দনাথের চিশ্তাজগণ

এই প্রবন্ধ শেষ করিবার পরের্ব আমি অসংকোচে বলিব, আশ্রম বলিতেই আমাদের মনের সামনে যে ছবিটি জাগে, যে ভাবটি ভরিয়া উঠে, তাহা আমাদের সমস্ত হুদয়কে হরণ করে। তাহার কারণ শুল্ধমাত এ নহে যে, তাহা আমাদের জাতির অনেক যুদ্রের ধ্যানের ধন, সাধনার সূণ্টি: তাহার গভীর কারণ এই, আমাদের সমস্তের সংগে তাহার ভারি একটি সংগতি দেখিতে পাই, এইজনাই তাহাকে এমন সত্যা, এমন স্থাপর ব'লয়া ঠেকে। বিধাতার কাছে আমরা যে দান পাইয়াছি তাহাকে অস্বীকার করিব কেমন করিয়া ? আমরা তো ঘন মেঘের কালিমা-লিগু আকাশের নীচে জ্মগ্রহণ করি নাই , শীতের নিষ্ঠুর পীড়ন আমাদিগকে তো ব্রুম্থ ঘরের মধ্যে তাড়না করিয়া বাধ বরে নাই; আকাশ যে আমাদের কাছে তাহার বিবাট বক্ষপট উন্মান্ত করিয়া দিয়াছে, আলোক যে কোনোখানে কিছুমাত কাপণা রাখিল না; সুযোগির যে ভক্তির প্রোঞ্জলির মতো আকাশে উঠে এবং স্থানত যে ভক্তের প্রণামের মতো দিগতে নীরবে অবন্মিত হয়; কী উদার ন্দীর ধারা, কী নিজন গম্ভীর তাহার প্রসারিত তট; অবারিত মাঠ রাদ্রের যোগাসনের মতো পিথর হইয়া পড়িয়া আছে, কিন্তু তব্যু সে যেন বিষ্ণুর বাহন মহাবিহণগমের মতো তাহার দিগশ্তভাড়া পাখা মেলিয়া দিয়া কোন অনুশ্তের অভিমুখে উডিয়া চলিয়াছে সেখানে তাহার গতিকে আব লক্ষ্য করা যাইতেছে না; এখানে তত্ত্বতল আমাদিগকে আতিথা করে, ভূমিশ্যাা আমাদিগকে আধ্বান করে, আতপ্ত বায়ু আমাদিগকে বসন পরাইয়া রাখিয়াছে। আমাদেব দেশে এ-সমস্তই যে সতা, চিরকালের সতা। প্রথিবীতে নানা জাতির মধ্যে যথন সৌভাগা ভাগ করা হইতেছিল তথন এই-সমুহত যে আমাদের ভাগে পাডিয়াছিল, তবা আমাদের জীবনের সাধনায় ইহাদের কোনো ব্যবহারই করিব না ? এত বডো সম্পূর্ণ আমাদের চেত্রার বহিরখারে অনাদ্ত হইয়া পড়িয়া থাকিবে : আমরাই তো লগপুরুতির সংগ্র মানবপ্রকৃতির মিলন ঘটাইয়া চিত্রের বোধকে স্বান্তে, ধর্মের সাধনাকে বিশ্বব্যাপী করিয়া তুলিব, সেইজনাই এই ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়াছি। সেইজনাই আমাদেব দুই চক্ষার মধ্যে এমন একটি স্থগভীর দুণ্টি আছে যাহা ব্রুপের মধ্যে অরুপ্তে প্রত্যক করিবার জন্য দিন্ত্ব শাশ্ত অচণ্ডল হইয়া রহিয়াছে ; সেইজনাই অনন্তের বাশির দুর **এমনি** করিয়া আমাদের প্রাণের মধ্যে পেশছে যে সেই অনশ্তকে আমাদের সমণ্ড হাল দিয়া ছাঁইবার জন্য, তাহাকে ঘরে বাহিবে চিক্তার কম্পনার সেবার রসভোগে ফালে আহারে কমে ও বিশ্রামে বিচিত্র প্রকারে ব্যবহার করিবার জন্য আমরা কত কাল ধরিয়া কত দিক দিয়া কত কত পথে কত কত চেণ্টা করিতেছি তাহার অন্ত নাই। সেইজনা ভারতব্বের্বর আশ্রম ভারতব্বের জীবনকে এমন করিয়া অধিকার করিয়াছে, আমাদের কাব্যপরোণকে এমন করিয়া আবিষ্ট করিয়া ধরিয়াছে; সেইজনাই ভারতবর্ষের যে দান আজ পর্যশত পুথিবীতে অক্ষয় হইয়া আছে এই আশ্রমেই তাহার উদ্ভব । নাহয় আজ य कारन आमता जिन्माहि जाशांक आधानिक कान वना दश ववः य गजानी इतिहा চালিয়াছে তাহা বিংশ শতাব্দী বলিয়া আদর পাইতেছে, কিন্তু তাই বলিয়া বিধাতার অতি প্রোতন দান আজ নতেন কালের ভারতবধে কি একেবারে নিঃশেষ হইয়া গেল, তিনি কি আমাদের নির্মাল আকাশের উপ্মত্তেতায় একেবারে কুল্পে লাগাইয়া দিলেন ?

### রবীশ্ররচনা-সংকলন

আমরা কয়জন এই শহরের পোষ্যপত্র হইয়া তাহার পাথরের প্রাণ্গণটাকে খ্র বড়ো মনে করিতেছি, কিন্তু যে মাতার আমরা সন্তান সেই প্রকৃতি কি ভারতবর্ষ হইতে তাহার দিগনতবিস্তীর্ণ শ্যামাঞ্চর্ল তুলিয়া লইয়া বিদায় গ্রহণ করিয়াছেন ? তাহা যদি সভা না হয় তবে আমাদের দেশের বাহিরের ও অন্তরের প্রকৃতিকে নির্বাসিত করিয়া সকল বিষয়ে সর্বতোভাবে অন্য দেশের ইতিহাসকে অন্সরণ করিয়া চলাকেই মগালের পথ বলিয়া মানিয়া লইতে পাবিব না।

···আমি সবিনয়ে অথচ অসংশ্য় বিশ্বাসের দটেতার সংগেই বলিতেছি যে, যে ধর্মা কোনোপ্রকাব রূপকল্থনা বা বাহ্য প্রক্রিয়াকে সাধনার বাধা ও মানুষের বর্লিধ ও চরিত্রের পক্ষে বিপত্তনক বলিয়াই মনে কৰে সাময়িক বস্তুতা বা উপদেশেৰ শ্বারা সে ধর্ম মান্যষের চিত্তকে সংপূর্ণ অধিকার করিতে পারিবে না। সে ধর্মের পক্ষে এমন-সকল আশ্রনের প্রয়োজন যেখানে বিশ্বপ্রকৃতির সংগ্রে মানবজীবনের যোগ বাবধানবিহীন ও যেখানে তর্লতা-পশ্পক্ষীর সংগে মানুষের আজ্বীয়-সম্বন্ধ স্বাভাবিক, যেখানে ভোগের আকর্ষণ ও উপ্রেবণবাহালা নিতাই মানুষের মনকে ক্ষাম্থ করিতেছে না, माधना यथान एकवलमाठ धाानन नार्धाह विलीन ना हहेगा जाला ७ मध्यलकरम नियुष्हे প্রকাশ পাইতেছে, কোনো সংকীণ' দেশকালপাত্রের দারা কর্তব্যব্যুদ্ধিকে খণ্ডিত না করিয়া যেখানে বিশ্বজনীন মঞালের শ্রেষ্ঠতম আদুশকৈই মনের মধ্যে গ্রহণ করিবার অনুশাসন গভীরভাবে বিরাজ করিতেছে, যেখানে পরম্পরের প্রতি ব্যবহারে শ্রন্ধার চর্চা হইতেছে, জ্ঞানের আলোচনায় উদারতাব ব্যাপ্তি হইতেছে এবং সকল দেশের মহাপরে ষদের চরিত দ্মরণ করিয়া ভব্তির সাধনায় মন রুসাভিষিত্ত হইয়া উঠিতেছে, যেখানে সংকীণ বৈরাগোর কঠোরতার ঘারা মান্যমের সরল আনন্দকে বাধাগ্রন্ত করা হইতেছে না ও সংযমকে আশ্রয় করিয়া স্বাধীনতার উল্লাসই সর্বদা প্রকাশমান হইয়া উঠিতেছে, যেখানে স্থোণিয় স্থোপত ও নৈশ আকাশে জ্যোতিষ্কসভার নীরব মহিমা প্রতিদিন বার্থ হইতেছে না এবং প্রকৃতির ঋত-উৎসবের সংগে সংগে মানুষের আনন্দসংগীত একস্তরে বাজিয়া উঠিতেছে, যেখানে বালকগণের অধিকার কেবমাত্র খেলা ও শিক্ষার মধ্যে বন্ধ নহে—তাহারা নানাপ্রকাব কল্যাণভার লইয়া কর্তাস্থগোরবের সন্তি প্রতিদিনের জীবন-চেন্টার দারা আশ্রমকে স্বান্টি কবিয়া তালিতেছে, এবং ষেখানে ছোটো-বড়ো বালকব্যু-ধ সকলেই একাসনে বসিয়া নতশিরে বিশ্বজননীব প্রসন্ন হম্ত হইতে জীবনের প্রতিদিনের এবং চির্নাদনের অন্ন গ্রহণ করিতেছে।

### हीका :

## ধম<sup>ে</sup>শকা

১১ই পোষ ১৩১৮ সালে কলকাতায় সিটি কলেজে একেশ্বরবাদিগণের সন্মিলনীতে রবীশ্বনাথ 'ধ্যাশিক্ষা' প্রবংধটি পাঠ করেন।

## উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য :

আশ্রমের শিক্ষা, শিক্ষা ও অন্শীলন

### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

## তলনীয় প্রসংগ ঃ

১. জগদীশচন্দ্র বস্ত্রকে পত্র। ২. শিক্ষাসমস্যা। ৩ জগদানন্দ রায়কে পত্র ২নং। ৪ শিক্ষার আদর্শ। ৫. ধারাবাহী। ৬. আগ্রমের শিক্ষা। ৭ বিশ্বভারতী ১নং। ৮. প্রবিশেগ বক্তা। ৯. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ১০ শান্তিনিকেতন আগ্রমের শিক্ষানীতি। ১১ শিক্ষা ও সংস্কৃতি। ১২ বিশ্বভারতী ১৮ নং। ১৩. আগ্রমের রূপে ও বিকাশ ইত্যাদি।

### २२। जगमानम त्राग्रटक शक् :नः

[বচনা—১০ আশ্বিন ১৩১৯ প্রকাশ—প্রবাসী, কার্তিক ১৩৪১ প্র ১—৫]

আমাদের বিদ্যালয়ের ছাত্ররা একটা ২ড জিনিষ লাভ করছে যেটা ক্লাশের জিনিষ নয়—সেটা হচ্ছে বিশ্বের মধ্যে আনন্দ-প্রকৃতির সংগে আত্মীয়তার যোগ। সেটাতে যদিও পরীক্ষার সহায়তা করে না কিন্ড জীংনকে সার্থক করে। আমাদের ছেলেরা ব্রণ্টিতে ছাটে বেডায়, জ্যোৎস্নারাতিতে আনন্দ ভোগ করে, তারা রৌদ্রকে ডরার না, তারা গাছে চতে বসে প্রভা করে, এগ্রলোকে আমি সামান্য জিনিষ মনে করিনে। চারিদিকের সংখ্য জীবনের বাবধান আচিয়ে দেওয়া আনংন্দা ছোট বড় নানা যাতায়াতের পথ খুলে দেওয়া যে কত ২৬ লাভ তা বলে শেষ করা ধায় না। এ যেন জ্**গৎকে দান ক**রা। আমহা হতভাগারা বিদ্যাসাধা খাতিমান প্রকাক্তি যত সহজে পাই জগৎকে তত সহক্ষে পাইনে—আমরা যার দারা বেণ্টিত হয়ে রয়েছি তাকেই शांतरत वरमोह— केश्वत या आभारत्व निरंह वरमरहन का आभारतत हरन स्तवात मांड নেই— এই অসাডতাটাৰ খোলস তেওে ফেলে ছেলেদের নন বাতে নাকু জগতের মধ্যে জম্মগ্রহণ করে এখানকার নাটিতে জলেতে আলোতে অভাবে সপরণ করবার এধিকান লাভ করে এইটে আমি একান্ত মনে কানো করি। বোলপাবের মাঠে আমানের ছেলেরা এই জিনিষটা পাচ্ছিল—তারা নিজের ছোট ছোট মাঠো ভুলে ভগবানের এই দক্ষিণ হক্তের দান গ্রহণ ার্রছিল। তোমরা দেখো আমাদের বিদ্যালয়ে এই জিনিষ্টার যেন ব্যাঘাত না হয়। বিশ্বপ্রকৃতিব সংগ্যে এবং শিক্ষকদেব সংগ্যে ছাত্রদের *হা*দয়ের প্রতাহ অবার্বাহত যোগই আমাদের বিদ্যালয়ের সকলের তেয়ে বড বিশেষর। এইটেকে কোনোমতে কিছুমাত আছল করতে দেওয়া চলবে না।…

### ः किर्चि

#### क्रशमानस्य वाश

জগদানন্দ রায়ের রচিত 'সাধনা' প্রিকায় প্রকাশিত বৈজ্ঞানিক প্রবন্ধের স্টেরবন্দিনাথের সংগে গেদাননের পরিচয় ঘটে। জগদানন্দ ১৩০৮ সালে বোলপরের আসেন। সমগ্র জীবনই শান্তিনিকেতনে অতিবাহিত করেন। বিজ্ঞান বিষয়ে এবং প্রাকৃতিক বিষয়েও কতকগ্রিল গ্রন্থ রচনা করেন—'গ্রহনক্ষর', 'প্রাকৃতিকী', 'বৈজ্ঞানিকী', 'পোকামারড়', 'সগদীনচন্দের আবিক্লার', 'বাংলার পাখী' ইত্যাদি। জগদানন্দ রায় ভদ্মচর্য বিদ্যালয়ে ১৯২১ সালে প্রথম সর্বাধ্যক্ষ প্রদে নিয়্রভ হন। জন্ম – ৩রা আন্বিন ১২৭৬। মৃত্য – ১ই আষাঢ় ১৩৪০।

## উল্লেখ্যোগ্য বিষয়/মন্তব্য ঃ

প্রকৃতি

### ज्ञनीय अमन्गः

১ শিক্ষাসমস্যা। ২ তপোৰন। ৩ আছিত চক্ৰবতীকৈ পত্ত ২নং। ৪ বিশ্বভাৱতী ৪নং। ৫ নিশ্বভাৱতী ১০নং। ৬ বিশ্বভাৱতী ১৪ নং। ৭ বিশ্বভাৱতী ১৭নং। ৮ আশ্রমেৰ বৃপে ও বিকাশ। ৯. The School Master. ১০ A Post's School ইত্যাদি।

## ২০। শিক্ষাবিধি

িন্দ্ৰনা তঠুৰে প্ৰাৰণ ১৩১৯, দ্যালফোড ্ৰাকাশ – প্ৰবাসী, আশ্বিন ১৩১৯ (১১১২ ) ]

এখানে আসিবাব সগয় আমার একটা সংকলপ ছিল, এখানকার বিদ্যালয়গ্লিকে ভালো করিয়া দেখিয়া শ্নিয়া ব্রিঝা লইব, শিক্ষা সম্বন্ধে এখানকার কোনো ব্যবস্থা আমাদের দেশে খাটে কি না তাহা দেখিয়া বাইব। সামান্য কিছন দেখিয়াছি, কাগজে পত্রে এখানকার শিক্ষাপ্রণালী সাবন্ধে কিছন কিছন আলোচনাও পড়িয়াছি। পরীক্ষা নানা প্রকারের চলিতেছে, প্রণালী নানা রকমের উম্ভাবিত হইতেছে। এক দল বলিতেছে, ছেলেদের শিক্ষা যথাসম্ভব সূখকর হওয়া উচিত; আর-এক দল বলিতেছে,

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

ছেলেদের শিক্ষার মধ্যে দ্বঃথের ভাগ যথেণ্ট পরিমাণে না থাকিলে তাহাদিগকে সংসারের জন্য পাকা করিয়া মান্ত্র্ব করা যায় না। এক দল বলিতেছে, চোখে-কানে ভাবে-আভাসে শিক্ষার বিষয়গ্রলিকে প্রকৃতির মধ্যে শোষণ করিয়া লইবার ব্যবশ্থাই উৎকৃণ্ট ব্যবম্থা ; আর-এক দল বলিতেছে, সচেণ্টভাবে নিজের শক্তিকে প্রয়োগ করিয়া সাধনার দারা বিষয়গ;লিকে আয়ত্ত করিয়া লওয়াই যথার্থ ফলদায়ক। বংভুত, এ স্বন্ধ কোনো-দিনই মিটিবৈ না, কেননা মান্ব্যেব প্রকৃতির মধ্যেই এ দ্বন্দ্ব সত্য – সুখও তাহাকে শিক্ষা দেয়, দঃখও তাহাকে শিক্ষা দেয় . শাসন নহিলেও তাহ।র চলে না. স্বাধীনতা নহিলেও তাহার রক্ষা নাই : এক দিকে তাহার পড়িয়া-পাওয়া জিনিসের প্রবেশদার খোলা, আর-এক দিকে তাহার খাটিয়া-আনা ভিনিসের আনাগোনার পথ উদ্মান্ত । এ কথা বলা সহজ যে, দুইয়ের মাঝখানের পর্থাটকে পাকা করিয়া চিহ্নিত করিয়া লও, কিন্তু কার্যত তাহা অসাধ্য। কারণ, জীবনের গতি কোনোদিনই একেবারে সোজা রেখায় চলে না— অত্তর-বাহিরের নানা বাধায় ও নানা তাগিদে সে নদীর মতো আঁকিয়া-বাকিয়া চলে, কাটা খালের মতো সিধা পড়িয়া থাকে না : অতএব তাহার মাঝখানের রেখাটি সোজা রেখা নহে, তাহাকেও কেবলই স্থানপরিবর্তন কবিতে হয়। এখন তাহার পক্ষে ঘাহা মধ্যরেখা আর-এক সময়ে তাহাই তাহার পক্ষে চরম প্রাম্তরেখা ; এক গ্রাতির পক্ষে যাহা প্রাম্তপথ, আর-এক জাতিব পজে তাহাই মধাপথ। নানা জানবার্য কারণে মানুষের ইতিহাসে কখনো যুদ্ধ আসে, কখনো শান্তি গ্রাসে, কখনো ধন্দর্পদের জোয়ার আসে, কখনো তাহার ভাঁটার দিন উপস্থিত হয় ; কংনো নিজের শক্তিতে সে উন্মন্ত হইয়া উঠে কখনো নিজের অক্ষমতাবোধে সে অভিভূত হইয়া পড়ে। এমন অবম্থায় মান্য যথন এক দিকে হেলিয়া পড়িতেছে তথন আর-এক দিকে প্রবল টান দেওয়াই তাহার পক্ষে সংশিক্ষা। মান্যের প্রকৃতি যথন সবলভাবে সজীব থাকে তখন আপনার ভিতর হইতেই একটা সহজ শক্তিতে আপনার ভারসামঞ্জস্যের পথ সে বাছিয়া লয়। যে মান্যুষের নিজের শরীবের উপর দখল আছে সে যখন এক দিক হইতে ধান্ধা খ্যে তথন সে প্রভারতই অন্য দিকে ভর দিয়া আপুনাকে সামলাইয়া লয়, কিন্তু মাতাল একটু ঠেলা খাইলেই কাৎ হইয়া পড়ে এবং সেই অবম্থাতেই পড়িয়া থাকে। য়াুুুোুুুুেপ **ছেলে**দের মান্যৰ করিবার পশ্যা আপনা আপনি প্রবির্বাত তেইতেছে। ইহাদের চিত্র যতই নানা ভাবের জ্ঞানের অভিজ্ঞতার সংস্রবে সচেতন হইয়া উঠিতেছে ততই ইহারের পথের পরিবর্তান দ্রুত হইতেছে।

অতএব, চিত্তের গাত-অন্সারেই শিক্ষার পথ নির্দেশ করিতে হয়। কিন্তু যেহেত্ গতি বিচিত্র এবং তাহাকে সকলে স্পর্ট করিয়া চোথে দেখিতে পায় না এইজনাই কোনোদিনই কোনো এক জন বা এক দল লোক এই পথ দঢ়ে করিয়া নির্দিণ্ট করিয়া দিতে পারে না। নানা লোকের নানা চেণ্টার সমবায়ে আপনিই সহজ পথিট অণ্কিত হইতে থাকে। এইজন্য সকল জাতির পক্ষেই আপন পরীক্ষার পথ খোলা রাখাই সত্যপথ-আবিজ্কারের একমাত্র পশ্থা।

কিন্তু যে দেশে সামাজিক শিক্ষাশালায় বাঁধা প্রথা হইতে এক চুল সরিয়া গেলে জাত হারাইতে হয় সে দেশে মান্য হইবার পক্ষে গোড়াতেই একটা প্রকান্ড বাধা।

সামাজিক অবস্থার পরিবর্তন ঘটিতেছেই এবং ঘটিবেই, কেহ তাহাকে ঠেকাইয়া রাখিতে পারিবে না, অথচ ব্যবস্থাকে সনাতন রেখায় পাকা করিয়া রাখিলে মান্ষের পক্ষেতেমন দ্রগতির কারণ আর-কিছ্ই হইতে পারে না। এ কেননতরো? যেমন নদী সরিয়া যাইতেছে, কিম্তু বাঁধা ঘাট একই জায়গায় আছে; খেয়ানোকার পথ একই জায়গায় বিদিশ্ট; সে ঘাট ছাদা অনা ঘাটে নামিলে ধোবা নাপিত বন্ধ। স্থতরাং, ঘাট আছে কিম্তু জল পাই না, নোকা আছে কিম্তু তাহার চলা বন্ধ।

এমন অবম্থায় আমাদের সমাজ আমাদের কালের উপযোগী শিক্ষা আমাদিগকে দিতেছে না, আমাদিগকে দুই-চারি হাজার বংসর প্রকালের শিক্ষা দিতেছে। **অতএব**, भानास किता छुनिवात शास्क मकात्वत एउटा एवं विशासित स्मिता आगारमत वन्ध । আমাদের বর্তমান কালের দিকে তাকাইয়া আমাদের জীবন্যারার প্রতি তাহার কোনো দাবি নাই। একদিন আমাদেব ইতিহাসেব একটা বিশেষ অবস্থায় আমাদের সমাজ मानद्वात काहारक वाक्षण, काहारक छ कविस काहारक देवना वा मान हहेर আমাদের প্রতি তাহার এই একটা কালোপ্যোগী দাবি ছিল, স্তরাং এই দাবির প্রতি লক্ষ্য বাখিয়। শিক্ষার বাবগুণা বিচি<mark>ত্র আকারে আপনিই</mark> আপনাকে স্বাণ্টি করিয়া ত্লিতেছিল। কাবণ, স্বাণ্টিব নিয়মই তাই; একটা মূল ভাবের বাজি জীবনের তাগিদে দ্বতই আপন শাখা প্রশাখা বিশ্তার কবিয়া আড়িয়া ওঠে, আহির হইতে কেহ ডালপালা সংগ্রহ করিয়া আনিয়া জুড়িয়া দেয় না। স্মামানের বর্তমান সমাজের কোনো সজীব দাবি নাই: **এখানে** নে মান্যকে বলিতেছে, 'রাদ্ধণ হও, শুদ্র হও ৷' যাহা বলিতেছে তাহা সতাভাবে পালন করা কোনোমতেই সাত্রপর নহে, সূত্রাং মান্যে তাহাকে কেবলমাত বাহিরের দিক হইতে মানিয়া লইতেছে। লাদ্ধণ হইবার কালে ব্রদ্ধচর্য নাই, মাথা মাড়াইয়া তিন দিনের প্রহেসন অভিনয়ের পর গলায় স্তেধারণ আছে। তপস্যার দ্বারা পবিত জীবনের শিক্ষা রাদ্রণ এখন আর দান কবিতে পাবে না. কিন্তু প্রধ্রলিদানের বেলায় সে অসংকোচে মান্তপদ। এ দিকে জাতিভেদের মাল প্রতিষ্ঠা ব্যক্তিভেদ একেবারেই ঘর্মচয়া গেছে এবং তাহাকে রক্ষা করাও সম্পূর্ণ অসম্ভব হইয়াছে, অথ্য াভিদের বাহা বিধিনিষেধ সমুস্তই অচল হইয়া বসিয়া আছে। খাঁচাটাকে তার সমুস্ত লোহার শিক ও শিকল-সমেত মানিতেই হইবে, অথচ পাখিটা মরিয়া গেছে। দানাপানি নিয়ত জোগাইতেছি, অথচ তাহা কোনো প্রাণীর খোরাকে লাগিতেছে না। এমনি করিয়া আমাদের সামাজিক জীবনের সংগ্র সামাজিক বিধির বিচ্ছেদ ঘটিয়া যাওয়াতে আমরা কেবল যে অনাবশাক কালবিরোধী বাবস্থার দারা বাধাগ্রুত হইয়া আছি তাহা নহে, আমরা সামাজিক সতারক্ষা করিতে পারিতেছি না। আমরা মূল্য দিতেছি ও লইতেছি. অথচ তাহার পরিবর্তে কোনো সতাবস্ত নাই। শিষা গরেকে প্রণাম করিয়া দক্ষিণা চুকাইয়া দিতেছে, কিন্তু গরের শিষ্যকে গ্রের্র দেনা শোধ করিবার চেন্টামাত ক্বিতেছে না এবং গরের প্রোকালের বিষ্মৃত ভাষায় শিষাকে উপদেশ দিতেছে—শিষ্যের তাহা গ্রহণ করিবার মতো শ্রন্থাও নাই, সাধ্যও নাই, ইচ্ছাও নাই। ইহার ফল হইতেছে এই, সতাবম্তুর যে কোনো প্রয়োজন আছে এই বিশ্বাসটাই আমরা ক্রমশ হারাইতেছি।

### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

এ কথা স্বীকার করিতে আমরা লেশমাত লম্জাও বোধ করি না যে, বাহিরের ঠাট বজায় রাখিয়া গেলেই যথেন্ট। এমন-কি, এ কথা বলিতেও আমাদের বাধে না যে 'ব্যবহারত যথেচ্ছাচার করে। কিন্তু প্রকাশাত তাহা কবলে না করিলে কোনো ক্ষতি নাই'। এমনতর মিথ্যাচার মানুষকে দায়ে পাঁড়য়া অবলম্বন করিতে হয়। কারণ, যথনতোমার ক্রমা অন্য পথে গিয়াছে তখনো সমা মির্দি কঠোর শাসনে আচা কে একই জায়গায় বাঁধিয়া রাখে তাহা হইলে সমাজেব পনেবো আনা লোক মিথ্যাচারকে অবলম্বন করিতে লম্পাবোধ কবে না। কাবণ, মানুষের মধ্যে বীরপ্রের্ধের সংখ্যা অলপ; অতএব সতাকে প্রকাশে দ্বীকার করিবার দাও যেখানে অসহাক্পে অতিমাত সেখানে কপটতাকে অপরাধ বলিয়া গণ্য করা আর চলে না। এইজনা আমাদের দেশে এই একটা অম্ভুত ব্যাপার প্রত্যহই দেখা হায়—মানুষ একটা জিনিসকে ভালো বলিয়া স্বীকার করিতে অনায়াসে পারে, অথ্য সেই মুহুত্তিই অলানবদনে বলিতে পারে যে 'সামাজিক ব্যবহারে ইহা আমি পালন করিতে পারিব না'। আমরাও এই মিথ্যাচারকে ক্ষমা করি যথন চিন্তা করিয়া দেখি, এ সমাতে নিজ্যো সত্যবিশ্বাসকে কাজে খাটাইবার মাশ্রল কত অসাধ্যরপে অতিরিক্ত।

অতএব, সমাজ যেখানে জীবনপ্রবাহের সহিত আপন ধ্বাম্থ্যকর সামজস্যের পথ একেবারেই খোলা রাখে নাই, স্তুতরাং প্রোতন কালের ব্যবস্থা যেখানে পদে পদে বাধাদ্বর্প হইয়া তাহাকে বন্ধ করিয়া তুলিতেছে, সেখানে মান্ধের যে শিক্ষাশালা সকলের চেবে দ্বাভাবিক ও প্রশৃত সেটা যে আমাদের পক্ষে নাই তাহা নহে - তাহা তদপেক্ষা ভয়ংকর, তাহা আছে অথচ নাই, তাহা সভ্যকে পথ ছাজ্য়া দের না এবং মিথ্যাকে জমাইয়া রাখে। এ সমাজ গতিকে একেবারেই দ্বীকার করিতে চায় না বালয়া বিথাতকে কল্যবিত করিয়া তোলে।

নামাজিক বেদ্যালয়ের তো এব বদ্ধ দশা, তানা পরে রাজকীয় বিদ্যালয়। সেও একটা প্রকাশ্ভ ছাঁচে-ঢালা বনপার। নেনের সমস্ত শিক্ষাবিধিনে সে এক ছাঁচে শন্ত করিয়া জমাইয়া দিবে, ইহাই তাহার একমার দেটা। পাছে দেশ আগনার দ্বতন্ত প্রণালী আপন্ন উদ্ভাবিত করিতে চায়, ইহাই তাহার সর হেয়া ভ্রের বিষয়। দেশের মনঃপ্রকৃতিতে একাধিপতা বিশ্বার করিয়া সে আগনার আইন খাটাইরে, ইহাই তাহার মতলব। ভ্রুরাং এই বৃহৎ বেদারে কল কেরানাগারির কল হইয়া উঠিতেছে। মানুষ এখানে নোটের নুড়ি কুড়াইয়া ভিত্তিব ব্যুতা বোজার কলি হইয়া ভূলিতেছে, কিন্ত ভাহা জীবনের খাদ্য নহে। তাহান গোরব কেবল বোঝাইয়ের গোরব, ভাহা গোনের গোরব নহে।

সামাজিক বিজ্ঞানয়ের প্রাতন শিকল এবং রাজকার বিদ্যালয়ের ন্তন শিকল দটেই আমাদের মনকৈ যে পরিমাণে বাধিতেছে সে পরিমাণে মাজি দিতেছে না, ইহাই আমাদের একমার সমস্যা। নতবা নতেন প্রণালীতে কেমন করিরা ইতিহান মাখাথ সহজ হইয়াছে বা অঙক ক্ষা মনোরম হইয়াছে, সেটাকে আমি বিশেষ খাতির করিতে চাই না। কেননা আমি জানি আমরা যখন প্রণালীকে খাজি তখন একটা অসাধ্য সম্তাপথ খাজি। মনে করি উপযান্ত মানামকে যখন নির্মাত ভাবে পাওয়া শক্ত তখন বাধা

### রবীন্দ্রন্তনা-সংকলন

প্রণালীর স্বারা সেই অভাব প্রেণ করা যায় কি না। মানুষ বারবার সেই চেণ্টা করিয়া বারবারই অকৃতকার্য হইয়াছে এবং নিপনে পাঁড়য়াছে। ম্বুরিয়া ফিরিয়া যেমন করিয়াই চলি-না কেন শেষকালে এই অলখ্য সত্যে আসিয়া ঠেকিতেই হয় য়ে, শিক্ষরের দ্বারাই শিক্ষাবিধান হয়, প্রণালীর দ্বারা হয় না। মানুদের মন চলনশীল এবং চলনশীল মনই তাহানে বর্মিতে পালে। এ দেশেও প্রোক্ষাল হইতে আছ পর্যন্ত এক-একজন বিখ্যাত শিক্ষক জন্মিয়াছেন, তাঁহারাই ভগী থের মতো শিক্ষার প্রণ্যু স্রোতকে আকর্ষণ করিয়া সংসানের পাপের বোঝা হ্রাস করিয়াছেন ও ন্তুলে জড়তা দ্রে করিয়াছেন। তাহারাই শিক্ষাপ্রক্ষীর সমুহত বাঁধা বিধানের বাধার ভিতর দিয়াও ছারুরের মনে প্রাণ্পরার সঞ্চাবিত করিয়া নিয়াছেন। আনারের দেশেও ইংরেজি শিক্ষার আরভিদিনের কথা স্বারণ করিয়া দেখো। তিরোজিও, বাপ্তেন বিচার্ভ্সেন, ডেভিড হেয়ার, ই'হারা শিক্ষক ছিলেন ; শিক্ষার ছাঁচ ছিলেন না নোটের যোঝার বাহন ছিলেন না। তথন বিশ্ববিদ্যালয়ের বাহুর এমন ভয়ংকর পানা ছিল না, তথন তাহার মধ্যে আলো এবং হাওয়া-প্রবেশের উপায় ছিল; তথন নিয়ানের ফাঁকে শিক্ষক আপন আসন পাতিবার হথান করিয়া লইতে পারিতেন।

যেমন করিয়া হউচ আলাদের দেশে বিদ্যার ক্ষেত্রকে প্রাচীরমৃত্ত করিতেই হইবে। রাজনৈতিক আন্দোলন প্রভৃতি বাহা প্রণায় আমরা আমানের চেণ্টাকে বিক্ষিপ্ত করিয়া ফোলয়া বিশেষ কোনো ফল পাইতেছি না। সেই শক্তিকে ও উদ্যমকে সফলতার পথে প্রবাহিত করিয়া প্রাধীনভাবে দেশকে শিক্ষানানের ভার আলাদের নিচেকে লইতে হউবে। দেশের কানে যাঁহারা আঅসনপণি করিতে চান এইটেই তাঁহাদের সব সেয়ে প্রধান কানে। নানা শিক্ষকের নানা পরীক্ষার ভিত্য দিয়া আমাদের দেশের শিক্ষার স্থানক সচল করিয়া ভূলিতে পার্চিল তবেই তাহা আমাদের দেশের গ্রামগ্রী হইয়া তঠিবে। তবেই আমরা গ্রামে শ্রামে শ্রামের ও ক্ষণে ক্ষণে যথার্থ শিক্ষকের দেশে পাইব। তবেই স্বভাবের নিয়মে শিক্ষকপ্রশ্রেনা আপনি ভাগিয়া উচিত্র থাকিবে। জার্কার বিজ্ঞাবের নিয়মে শিক্ষকপ্রশ্রেনা আপনি ভাগিয়া উচিত্র থাকিবে। জার্কার ক্রামের ছিলতে পারি না। যে শ্রিফা হবাসাতির নানা লোকের নানা সেন্টার বানা নানা ভাবে চালিত হইতেছে তাহকেই 'নতার ভালিতে পার। প্রভাতির শাসনেই হান আন বিভাতীয়ের শাসনে হতক, যথন ক্রেনা-একটা বিশ্বেন বিজ্ঞাবিধি সমুস্ত দেশকে একটা কেনো ব্যুর আদশের্শ বাবিষা ফোলতে ভাষ তথন তাহকে 'নতারা' বিলতে পার না। তাহাকে গ্রাম্ব আদশের্শ বাবিষা ফোলতে ভাষা তথন তাহকে 'নতারা' বিলতে পার না। তাহাকে গ্রাম্ব আদশের বাবিষা ফোলতে ভাষা তথন তাহকে 'নতারা' বিলতে পার না। তাহাক পার না। তাহাকে গ্রাম্ব আদশের বাবিষা ফোলতে ভাষা সাংখ্যিতিশ।

শিক্ষা স তেব একটা মহৎ সত্য আনবা লি জিয়া ছলায় । আমবা নানিলাছল ম, মানুষ নানুষো কাছ হইতেই শিখিতে এটে ং ধেমন এলেব দ্বাহাই জনাণয় পূর্ণ হর, শিখার দ্বারাই শিখা জনলিয়া ৬ঠে প্রাণেব দ্বারাই প্রাণ জনিবত হইটা থাকে। মানুষকে ছাঁটেয়া ফেলিলেই সে তখন আন নান্ব থাকে না, সে তখন আপিস-আনালতের বা কল-কারখানার প্রয়োজনীট সামগ্রী হঠা ৬ঠে তখনি সে মানুষ না হইয়া মান্টার-মন্যায় হইতে চায় : তথনি সে আন এল সতে প্রের না, কেবল পাঠ দিয়া যায়। গুরুন্শিযোর পরিস্থাণ আখায়তার সন্বন্ধের ভিতর দিয়াই শিক্ষাকার্য

### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

সজীব দেহের শোণিত স্থাতের নতো চলাচল করিতে পারে। কারণ, শিশ্বদের পালন ও শিক্ষণের যথার্থ ভার পিতামাতার উপর। কিন্তু পিতামাতার সে যোগাতা অথবা স্থাবিধা না থাকিতেই অন্য উপযুক্ত লোকের সহায়তা অত্যাবশ্যক হইয়া ওঠে। এমন অবশ্থায় গর্কে পিতামাতা না হইলে চলে না। আমরা জীবনের শ্রেণ্ঠ জিনিসকে টাকা দিয়া কিনিয়া বা আংশিকভাবে গ্রহণ করিতে পারি না, তাহা শেনহ-প্রেম-ভক্তির ঘারাই আমরা আত্মসাৎ করিতে পারি; তাহাই মন্মান্তের পাকষশ্তের জারকরস, তাহাই জৈব সামগ্রীকে জীবনের সংগ্র সন্ধ্যিলত করিতে পারে। বর্তমান কালে আমাদের দেশের শিক্ষায় সেই গ্রের্র জীবনই সকলের চেয়ে অত্যাবশ্যক হইয়াছে। শিশ্বেরসে নিজীব শিক্ষায় মতো ভয়ংকর ভার আর কিছ্ই নাই, তাহা মনকে যতটা দেয় তাহার চেয়ে পিষিয়া বাহির করে অনেক বেশি। আমাদের সমাজব্যবস্থায় আমরা সেই গ্রের্কে খ্রিজতেছি যিনি আমাদের জীবনকে গতিদান করিবেন; আমাদের শিক্ষাব্যবস্থায় আমরা সেই গ্রের্কে থ্রিজতেছি যিনি আমাদের চিত্রের গতিপথকে বাধামক্তে করিবেন। যেমন করিয়া হউক সকল দিকেই আমরা মানুষকে চাই, তাহার পরিবর্তে প্রণালীর বিটকা গিলাইয়া কোনো কবিরাজ আমাদিগকে রক্ষা করিতে পারিবেন না।

### क्षेका :

### शिकाविधि :

১৯১২ সালে ইংল'ড-প্রবাস কালে রচিত পত।

## উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য :

শিক্ষাপ্রণালী, সর্বজনীন শিক্ষা

## তুলনীয় প্রসংগঃ

১. মেঘনাদবধ কাব্য । ২. প্রসংগ কথা ১ (তিনখানি পত্ত )। ৩. প্রে-প্রের অন্বাভি। ৪ শিক্ষাসংস্কার । ৫. শিক্ষাসমস্যা । ৬. আবরণ । ৭ পিতৃদেব (জীবনস্মাতি )। ৮. লক্ষ্য ও শিক্ষা । ১. জগদানস্ব রায়কে পত্ত প্রন্থ। ১০. অসকেতাবের কারণ । ১১. বিশ্বভারতী ২নং । ১২. বিদ্যার যাচাই । ১৩. আকাক্ষা । ১৪. বিশ্বভারতী ৬ নং । ১৫. পশ্চিমযাতীর ডায়ারি । ১৬. আলোচনা । ১৭. প্রেবিগেগ বস্তৃতা । ১৮. জনৈক অধ্যাপকের চিঠি । ১৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং । ২০ শিক্ষার বিকিরণ । ২১ বিশ্বভারতী ১৭নং । ২২. আশ্রমের শিক্ষা । ২৩. মেনতাষ্টম্ব মজম্মদারকে পত্র ২নং । ২৭. হিন্দ্র বিশ্ববিদ্যালয় । ২৮. অজিত কুমার চক্ববতীকৈ পত্র ২নং । ২৯. বিশ্বভারতী ১৭নং । ৩০. বিশ্বভারতী ১০নং । ৩১. বিশ্বভারতী ৪নং । ৩২. বিশ্বভারতী ১৫নং । ৩২. বিশ্বভারতী ১৫নং । ৩৫. শ্রম্ব মিলন । ৩১. বিশ্বভারতী ১৫নং । ৩৫. শ্রম্ব ভারতী ১৫নং । ৩৫. শিক্ষার মিলন । ৩১. বিশ্বভারতী ১৫নং । ৩৫. শ্রম্ব

### ২৪। জগদানন্দ রায়কে পত্র ২নং

[ রচনাকাল—১০ ভাদ্র ১৩১৯ ( ১৯১২ ) প্রকাশকাল— বিশ্বভারতী পত্রিকা, নাঘ-টেত্র ১৩৭৬ প্র—২৫৯ ]

### **উল্লেখ্যো**গা विषय मन्ज्वा :

শিক্ষা ও জীবন

### তুলনীয় প্রসংগ ঃ

- ১ শিক্ষার হেরফের।
- ২. আকাৎকা।
- বিশ্বভারতী ৪নং।
- s. সোভিয়েত ইউ<sup>°</sup>নয়নে রবী-দুনাথ ১নং ।
- ৬. শিক্ষার সাথ'কতা।
- ৭ আবরণ।
- ৮ লক্ষ্য ও শিক্ষা ইত্যাদি।

# রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

## २०। मका ७ निका

্তন্তবোধনী পত্রিকা, অগ্রহায়ণ ১৩১৯ (১৯১২) ]

াহার বিশেষ কোনো একটা বন্দর নাই তাহার অতীতই বা কী আর ভবিষ্যৎই বা কী? সে কিন্দের জন্য প্রতীক্ষা করিবে, কিসের জন্য নিজেকে প্রম্পুত করিবে? তাহার আশা-তাপমান্যন্তে দ্বোশার উচ্চতম রেখা অন্য দেশের নৈরাশ্যরেখার কাছাকাছি।

আমাদের দেশের বর্তানান সমাজে এই অবস্থাটাই সব চেয়ে সাংঘাতিক অবস্থা। আমাদের দৌবনে স্থাপতিতা নাই। আমরা যে কী হইতে পারি, কতদ্রে আশা করিতে পারি, তাহা বেশ মোটা লাইনে বড়ো রেখায় দেশের কোথাও আঁকা নাই। আশা করিবার অধিকারই মান্সের শক্তিকে প্রবল করিয়া তোলে। প্রকৃতির গ্রিহণীপনায় শক্তির অপব্যয় ঘটিতে পারে না, এইজন্য আশা যেখানে নাই শক্তি সেখান হইতে বিদায় গ্রহণ করে। বিজ্ঞানশাস্তে বলে চক্ষ্মান এ গীরা ২খন দীঘাকাল গ্রোবাসী হইয়া থাকে তখন তাহারা দ্ভিশ্তি হারায়।

এই কারণে দেখা যায়, আশা করিবার ক্ষেত্র বড়ো হইলেই মানুষের শক্তিও বড়ো হইরা বাড়িয়া ওঠে। শক্তি তখন লগত করিয়া পথ দেখিতে পায় এবং জার করিয়া পা ফেলিয়া চলে। কোনো সমাজ সকলের চেয়ে বড়ো জিনিস যাহা মানুষকে দিতে পায়ে তাহা সকলের চেয়ে বড়ো আশা। সেই আশার পার্ণ সফলতা সমাজের প্রত্যেক লোকেই যে পায় তাহা নহে; কিই তু নিজের গোচরে এবং অগোচরে সেই আশার অভিমুখে সর্বদাই একটা তাগিদ থাকে বলিয়াই প্রত্যেকের শক্তি তাহার নিজের সাধাের শেষ প্র্যান্ত অগ্রসর হইতে গারে। একটা আতির পক্ষে সেইটেই সকলের চেয়ে মন্ত কথা। লোকসংখ্যার কোনো মুল্য নাই; কিন্তু সমাজে যতগালি লোক আছে তাহাদের অধিবাংশের যথাসাভ্য শত্তিশাল হহয়া আছে সেইখানেই মণ্যল, ধন যেখানে সজীব হইয়া খাটিতেছে সেইখানেই ঐশ্বর্য।

এই পাশ্যান্তা দেশে লক্ষ্যবেধের আহ্বান সকলেই শ্বানতে পাইনাছে; মোটের উপর সকলেই ভানে সে কী চার; এইজন্য সকলেই আপনার ধন্ক-বাণ লইয়া প্রস্তুত হইয়া আসিয়াছে। যজ্ঞসম্ভবা যাজ্ঞসেনীকে পাইবে, এই আশায় যে লক্ষ্য বহু উচ্চে ঝুলিতেছে তাহাকে বিশ্ব করিতে সকলেই পণ করিয়াছে। এই লক্ষ্যবেধের নিমশ্রণ আল্যা পাই নাই। এইজন্য কী পাইতে হইবে সে বিষয়ে অধিক চিশ্তা করা আমাদের পক্ষে অনাবশ্যক এবং কোথায় যাইতে হইবে তাহাও আমাদের সম্মুখে স্পণ্ট করিয়া নিদিশ্টি নাই।

এই জন্য বখন এমনতরো প্রশ্ন শর্নি 'আমরা কী শিখিব, কেমন করিয়া শিখিব, শিক্ষার কোন্ প্রণালী কোথায় কী ভাবে কাজ করিতেছে' তখন আমার এই কথাই মনে হয়, শিক্ষা জিনিসটা তো জীবনের সংখ্য সংগতি-হীন একটা কৃতিম জিনিস নহে।

### त्रवी प्रतहना-मश्कलन

আমরা কী হইব এবং আমরা কী শিখিব এই দুটা কথা একেবারে গায়ে গায়ে সংলশ্ন। পাত্র ষত বড়ো জল তাহার চেয়ে বেশি ধরে না।

চাহিবার জিনিস আমাদের বেশি কিছ্ নাই। সমাজ আমাদিগকে কোনো বড়ো ডাক ডাকিতেছে না, কোনো বড়ো ত্যাগে টানিতেছে না; ওঠা-বসা খাওয়া-ছেওয়ার কতকগ্লো কৃত্রিম নিরথকি নিরম-পালন ছাড়া আমাদের কাছ হইতে সে আর-কোনো বৈষয়ে কোনো কৈফিয়ত চায় না। রাজশিৱিও আমাদের জীবনের সম্মুখে কোনো বৃহৎ সঞ্চরণের ক্ষেত্র অবারিত করিয়া দেয় নাই; সেখানকার কাঁটার বেড়াটুকুর মধ্যে আমরা যেটুকু আশা করিতে পারি তাহা নিতাশ্তই অকিঞ্চিৎকর; এবং সেই বেড়ার ছিদ্র দিয়া আমরা যেটুকু দেখিতে পাই তাহাও অতি যৎসামান্য।

জীবনের ক্ষেত্রকে বড়ো করিয়া দেখিতে পাই না বলিয়াই জীবনকে বড়ো করিয়া তোলা এবং বড়ো করিয়া উৎসূর্গ করিবার কথা আমাদের স্বভাবত মনেই আসে না। সে সন্বন্ধে যেটুকু চিন্তা করিতে যাই তাহা পর্নথিগত চিন্তা, যেটুকু কাজ করিতে যাই সেটুকু অন্যের অনুকরণ। আমাদের আরও বিপদ এই যে, যাহারা আমাদের খাঁচার দরজা এক মাহাতের জন্য খালিয়া দেয় না তাহারাই রাগ্রিদন বলে তোমাদের উড়িবার শক্তি নাই'। পাখির ছানা তো বি. এ. পাস করিয়া উডিতে শেখে না; উডিতে পায় বলিয়াই উডিতে শেখে। সে তাহার স্বজনসমাজের সকলকেই উড়িতে দেখে; সে নিশ্চয় জানে তাহাকে উড়িতেই হইবে। উড়িতে পারা যে সম্ভব এ সম্বশ্ধে কোনোদিন তাহার মনে সন্দেহ আসিয়া তাহাকে দ্বে'ল করিয়া দেয় না। আমাদের দৃভাগ্য এই ষে, অপরে আমাদের শক্তি সম্বন্ধে সর্বদা সন্দেহ প্রকাশ করে বলিয়াই এবং সেই সম্পেহকে মিথ্যা প্রমাণ করিবার কোনো ক্ষেত্র পাই না বলিয়াই অশ্তরে অশ্তরে নিজের সাবন্ধেও একটা সন্দেহ বাধমলে হইয়া যায়। এমনি করিয়া আপনার প্রতি যে লোক বিশ্বাস হারায় সে কোনো বড়ো নদী পাড়ি দিবার চেণ্টা পর্য'ন্তও করিতে পারে না; অতি ক্ষুদ্র সীমানার মধ্যে ডাঙার কাছে কাছে সে ঘর্রিয়া বেড়ায় এবং তাহাতেই সে সম্পূর্ণ সম্ভুষ্ট থাকে এবং যেদিন সে কোনো গতিকে বাগবাজার হইতে বরানগর গ্র্য'শ্ত উজান ঠেলিয়া যাইতে পারে সেদিন সে মনে করে, 'আমি অবিকল কলম্বসের সমতলা কীতি করিয়াছি।

'ত্মি কেরানির ঢেয়ে বড়ো, ডেপন্টি মনেসেফের চেয়ে বড়ো, তুমি বাহা শিক্ষা করিতেছ তাহা হাউইয়ের মতো কোনোক্রমে ইম্কুলমাস্টারি পর্যম্প উড়িয়া তাহার পর পেম্সনভোগী জরাজীণ'তার মধ্যে ছাই হইয়া মাটিতে আসিয়া পড়িবার জন্য নহে' এই মন্ত্রটি জপ করিতে দেওয়ার শিক্ষাই আমাদের দেশে সকলের চেয়ে প্রয়োজনীয় শিক্ষা এই কথাটা আমাদের নিশিদিন মনে রাখিতে হইবে। এইটে ব্ঝিতে না পারার মন্ট্রাই আমাদের সকলের চেয়ে বড়েয় বড়েয় বড়েয় ব বাঝার না আমাদের ইম্কুলেও এ শিক্ষা নাই।…

আমার বলিবার কথা এই, শিক্ষা কোনো দেশেই সম্পর্ণত ইম্কুল হইতে হয় না এবং আমাদের দেশেও হইতেছে না। পরিপাকশক্তি ময়রার দোকানে তৈরি হয় না, খাদাই তৈরি হয়। মানুষের শক্তি যেখানে বৃহৎভাবে উদ্যমশীল সেইখানেই তাহার

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

বিদ্যা তাহার প্রকৃতির সংগে মেশে। আমাদের জীবনের চালনা হইতেছে না বলিয়াই আমাদের প'্রথির বিদ্যাকে আমাদের প্রাণের মধ্যে আয়ন্ত করিতে পারিতেছি না।

এ কথা মনে উদয় হইতে পারে, তবে আর আমাদের আশা কোথায়? কারণ, জীবনের চালনাক্ষেত্র তো সম্পর্ণ আমাদের হাতে নাই; পরাধীন জাতির কাছে তো শক্তির ছার খোলা থাকিতে পারে না।

এ কথা সত্য হইলেও সম্পূর্ণ সত্য নহে। বস্তুত, শক্তির ক্ষেত্র সকল জাতির পক্ষেই কোনো না কোনো দিকে সীমাবন্ধ। সর্বত্রই অস্তরপ্রকৃতি এবং বাহিরের অবস্থা উভয়ে মিলিয়া আপসে আপনার ক্ষেত্রকে নিদিন্ট করিয়া লয়। এই সীমানিদিন্ট ক্ষেত্রই সকলের পক্ষে দরকারি; কারণ, শক্তিকে বিক্ষিপ্ত করা শক্তিকে ব্যবহার করা নহে। কোনো দেশেই অন্কুল অবস্থা মান্ষকে অবারিত স্বাধীনতা দেয় না, কারণ তাহা ব্যর্থতা। ভাগ্য আমাদিগকে যাহা দেয় তাহা ভাগ করিয়াই দেয়; এক দিকে যাহার ভাগে বেশি পড়ে অন্য দিকে তাহার কিছু না কিছু কম পড়িবেই।

অতএব, কী পাইলাম সেটা মান্ষের পক্ষে তত বড়ো কথা নয়, সেটাকে কেমন ভাবে গ্রহণ ও ব্যবহার করিব সেইটে যত বড়ো। সামাজিক বা মানসিক যে-কোনো ব্যবস্থায় সেই গ্রহণের শক্তিকে বাধা দেয়, সেই ব্যবহারের শক্তিকে পক্ষাঘাতগ্রুত্ত করে, তাহাই সর্বনাশের মলে। মান্য যেখানে কোনো জিনিসকেই পরথ করিয়া লইতে দেয় না, ছোট বড়ো সকল জিনিসকেই বাঁধা বিশ্বাসের সহিত গ্রহণ করিতে ও বাঁধা নিয়মের দ্বারা ব্যবহার করিতে বলে, সেখানে অবস্থা যতই অন্কুল হউক-না কেন মন্যুত্তকে শীর্ণ হইতেই হইবে।…

নিজের অবশ্থাকে নিজের শক্তির চেয়ে প্রবল বলিয়া গণ্য করিবার মতো দীনতা আর কিছু নাই। মানুষের আকাৎক্ষার বেগকে তাহার ব্যক্তিগত ধ্বার্থ, ব্যক্তিগত ভোগ, ব্যক্তিগত মনুক্তির ক্ষুদ্র প্রলুখতা হইতে উপরের দিকে জাগাহয়া তুলিতে পারিলেই তাহার এমন কোনো বাহ্য অবশ্থাই নাই যাহার মধ্য হইতে সে বাড়িয়া উঠিতে পারে না; এমন-কি, সে অবশ্থায় বাহিরের দারিদ্রাই তাহাকে বড়ো হইয়া উঠিবার দিকে সাহায্য করে।…

বর্তানানের ইতিহাসকে স্থানিদিণ্ট করিয়া দেখা যায় না; এইজন্য যথন আলোক আসন্ন তখনও অংশকারকে চিরুতন বলিয়া ভয় হয়। কিন্তু আমি তো দপণ্টই মনে করি, আমাদের চিন্তের মধ্যে একটা চেতনার অভিযাত আসিয়া পৌছিয়াছে। ইহার বেগ ক্রমশ্বই আপনার কাজ করিতে থাকিবে, কখনোই আমাদিগকে নিশ্চিশ্ত হইয়া থাকিতে দিবে না। আমাদের প্রাণশিক্ত কোনোমতেই মরিবে না, যে দিক দিয়া হউক তাহাকে বাঁচিতেই হইবে; সেই আমাদের দর্কার প্রাণচেণ্টা যেখানে একটু ছিন্ত পাইতেছে সেইখান দিয়াই এখনি আমাদিগকে আলোকের অভিমূখে ঠেলিয়া তুলিতেছে। মান্ষের সম্মুখে যে পথ স্বাপেক্ষা উন্মুক্ত বলিয়াই মান্য যে পথ ভুলিয়া থাকে, রাজা যে পথে বাধা দিতে পারে না এবং দারিদ্রা যে পথের পাথেয় হরণ করিতে অক্ষম, ম্পণ্ট দেখিতেছে, সেই ধর্মের পথ আমাদের এই সর্বপ্রপ্রতিহত চিক্তকে ম্বিক্তর টানিতেছে।

··· আমাদের দেশের এই লক্ষ্যকে যদি আমরা সম্পূর্ণ সচেতনভাবে মনে রাখি তবেই
আমাদের দেশের শিক্ষাকে আমরা সত্য আকার দান করিতে পারিব। জীবনের কোনো
লক্ষ্য নাই অথচ শিক্ষা আছে, ইহার কোনো অর্থই নাই। আমাদের ভারতভূমি
তপোভূমি হইবে, সাধকের সাধনক্ষেত্র হইবে, সাধ্র কর্ম হথান হইবে, এইখানেই ত্যাগীর
সবেণিচ্চ আজ্মোৎসর্গের হোমান্নি জনলিবে—এই গোরবের আশাকে যদি মনে রাখি তবে
পথ আপনি প্রস্তৃত হইবে এবং অর্কৃত্রিম শিক্ষাবিধি আপনি আপনাকে অন্ক্রিরত
পল্লবিত ও ফলবান করিয়া তুলিবে।

শিক্ষা, বিশ্বভারতী ১৯৭৩, পৃ: ১৩০-১৩৬

### ः किर्चि

### नका उ भिका

ইংল°ড-প্রবাস-কালে রচিত পত্ত। চ্যালফোড', প্লন্টর্শিয়র, ১৯শে অগল্ট ১৯১২।

### উল্লেখযোগ্য বিষয় মন্তব্য

শিক্ষাপ্রণালী, শিক্ষার লক্ষা, শিক্ষা ও জীবন

### **ज्लनीय भ्रमः**गः

১ মেঘনাদবধ কাব্য। ২০ প্রসংগকথা ১ (তিনখানি পত্র)। ৩০ পর্বেপ্রশ্নের অন্ত-ব্রতি। ৪. শিক্ষাসংস্কার। ৫. শিক্ষাসমস্যা। ৬. আবরণ। ৭. পিতদেব (জীবনস্মতি)। ৮. শিক্ষাবিধি ৯. জগদানন্দ রায়কে পত্র ৪নং। ১০. অসতেতাষের কারণ। ১১. বিশ্ব-ভারতী ২নং। ১২. বিদ্যার যাচাই। ১৩. আকাৎক্ষা। ১৪. বিশ্বভারতী ৬নং। ১৫. পশ্চিম্যাত্রীর ডায়ারি। ১৬. আলোচনা। ১৭. প্রেবিশে বস্তুতা। ১৮ জনৈক অধ্যাপকের চিঠি। ১৯ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১ নং। ২০. শিক্ষার বিকিরণ। ২১. বিশ্বভারতী ১৭ নং। ২২. আশ্রমের শিক্ষা। A Poet's School. ২৪. The School Master. ২৫. তোতাকাহিনী। ২৩. সন্তোষ্টন্দ্র মজ্মেদারকে পত্র ২নং। ২৭ ছাত্তদের প্রতি সংভাষণ। ২৮. তপোবন। ২৯. জগদানম্দ রায়কে পত্র ৩নং। ৩০. প্রান্তনী। ৩১. বিশ্বভারতী ৪ तः । ७२ विनातिमा । ७७ स्माजिस्य देजेनियन त्वीन्यनाथ २ तः । ७८ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৪নং। ৩৫. শিক্ষার সার্থকতা। ৩৬. শিক্ষার আদর্শ। ৩৭. বিশ্বভারতী ১৫ নং। ৩৮. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ৩৯ বিশ্বভারতী ১৮ নং। ৪০. শিক্ষার হেরফের। ৪১ জগদানন্দ রায়কে পত্র ২ নং ইত্যাদি।

### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

## ২৬। জগদানক রায়কে পত্র ৩নং

[ রচনা—তারিখহীন ( ১৩২০, ১৯১৩ আন্মানিক ),

## উল্লেখযোগ্য বিষয়/ মশ্তব্য :

শিক্ষার লক্ষ্য

## जूननीय अनला :

১. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ২. শিক্ষাসংম্কার। ৩. তপোবন। ৪. লক্ষ্য ও শিক্ষা। ৫. অসম্ভোষের কারণ। ৬. আকাম্ফা। ৭ প্রান্তনী। ৮. বিশ্বভারতী ৪নং। ৯. পর্বেবিশ্যে বস্তুতা। ১০. জনৈক অধ্যাপকের চিঠি। ১১. কলাবিদ্যা। ১২. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ১৩. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৪নং। ১৬. বিশ্বভারতী ১৫নং। ১৭. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ১৮. বিশ্বভারতী ১৭নং।

### রবীম্পরচনা-সংকলন

## ২৭ ৷ জগদানন্দ বায়কে পত্ৰ ৪নং

রচনা – তারিথহীন ( আনুমানিক ১৩২০, ১৯১৩),

…মনুষ্যত্তকে সাপ্রে মর্ক্তিদান করতে যারা ভয় করে তারা মন্ষ্যত্তের চরম সম্পদ থেকে বিশুত হয় । . . আমরা ইম্কুলেই কি আর সমাজেই কি সকল ক্ষেত্রেই মান্বের ম্বাধীনতা হরণ করে তাকে পঞ্চা করে কাজ চালাতে চাই [ । ] সেইজনোই সেইরকম খ্রিডিয়ে চলা কাজও পেয়ে থাকি ।

### উল্লেখযোগ্য বিষয় / মাতব্য :

শিক্ষা ও স্বাধীনতা

## कूलनीय भूमनाः

- ১ ছাত্রদের প্রতি সম্ভাষণ।
- ২ জাতীয় বিদ্যালয়।
- ৩ প্রান্তনী।
- ৪. বিশ্বভাৱতী ১০ নং।
- ৫ ধারাবাহী।
- ৬ **শিক্ষা ও সংক্রাততে সংগীতের ম্থান**।
- q. A Poet's School.
- ৮ The School Master ইত্যাদি।

### ২৮। জগদানদ রায়কে পত্র লেং

[ রচনা—তারিখহীন, ১৩২০/১৯১৩ ?

··· আমরা একদিকে যেমন ইংরেজি সোপান, সংস্কৃত প্রবেশ, প্রভৃতি অবলম্বন করে ধারে ধারে থাকে থাকে ভাষা শেখাবার চেন্টা করি তেমনি সেই সপ্যে উচিত অনেক-গ্রেল ইংরেজি ও সংস্কৃত সাহিত্যগ্রম্থ একেবারে হহে, করে ছেলেদের পড়িয়ে যাওয়া। সেগ্রেলা খ্ব তন্ন তন্ন করে পড়াবার একেবারেই দরকার নেই —তাড়াতাড়ি কোনোমতে

### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

কেবলমার মানে করে এবং আবাজি করে পড়ে ষাওয়া মার। এ রকম করে পড়ে গেলে সব ষে ছেলেদের মনে থাকে তা নয় কিম্তু নিজের অলক্ষ্যে অগোচরে ভাষার পরিচয়টা মনের ভিতরে ভিতরে গড়ে উঠতে থাকে। । । । বেটক পড়বে সেটক সম্পূর্ণ পাকা করে পড়ে' তারপরে এগোতে দেওয়ার যে প্রণালী আছে, সেটা দ্বভাবের প্রণালী নয়। न्याद्यं अंगानीरा आमारात मराने छेले पिरा लेकिस्त साता है जिल्हा वर्ष ষাচ্ছে, কিছুই দাঁড়িয়ে থাক্ছে না। কিশ্তু সেই নিরশ্তর প্রবাহ ভিতরে ভিতরে আমাদের অশ্তরের মধ্যে পলি রেখে যাচে । ছেলেরা মাতভাষা একটু ক'রে বাঁধ বে'ধে বে'ধে পাকা করে শেখে না – তারা যা জেনেছে এবং যা জানে না সমস্তই তাদের মনের উপরে অবিশ্রাম বর্ষণ হোতে থাকে—হোতে হোতে কখন যে তাদের শিক্ষা সম্পন্ন হয়ে ওঠে তা টেরই পাওয়া যায় না। প্রকৃতির প্রণালীর গণে হচ্চে এই যে প্রকৃতি তার শিক্ষাকে কিছুতেই বিরক্তিকর ক'রে তোলে না। জীবন জিনিষটা চলতি জিনিষ— তাকে জার করে একজায়গায় দাঁড করাতে গেলেই তাকে পীডন করা হয়। আমি এটা বেশ ব্রুতে পেরেছি ছেলেদের মনকে কোনো একটা জায়গায় ধরে রাখবার চেণ্টা করাই জড প্রণালী—শিক্ষা ব্যাপারটাকে বেগবান করতে পারলে তবেই জীবনের গতির সংগ তার তাল রক্ষা হয় এবং তখনই জীবন তাকে সহজে গ্রহণ করতে পারে। এই জনো অসম্পূর্ণ পড়াকে ভয় করলে চলবে না, আসলে বিলাণ্বিত পড়াটাই পরিহার্য । মুস্কিল এই যে, আমরা প্রতিদিন পদে পদে পরীক্ষার দ্বারা ফল দেখে দেখে তবেই আমাদের **শিক্ষাপ্রণালীর সফলতার বিচার করি কিন্তু জীবন ব্যাপারের বিকাশ নিত্য দেখা যা**য় না—তার যে ফলটা অগোচর সেইটেই তার বড়ো সম্পদ—সেটা ভিতরে ভিতবে জ্বসতে জমতে কাজ করতে করতে একদিন বাইরে অপর্যাপ্তভাবে বিকশিত হয়ে ওঠে।

## উল্লেখযোগ্য বিষয়/মন্তব্যঃ

भिक्का <u>थ</u>्यानी

## जुननीम् अन्धाः

১. মেঘনাদবধ কাব্য। ২. প্রসংগ কথা ১ (তিনখানি পত্ত)। ৩. প্রে'প্রশ্নের অনুবৃদ্ধি। ৪. শিক্ষাসংক্ষার। ৫. শিক্ষাসমস্যা। ৬. আবরণ। ৭. পিতৃদেব (জীবনক্ষাতি)। ৮ শিক্ষাবিধি। ৯. লক্ষ্য ও শিক্ষা। ১০. অসন্তোষের কারণ। ১১. বিশ্বভারতী ২নং। ১২. বিদ্যার যাচাই। ১৩. আকাৎক্ষা। ১৪. বিশ্বভারতী ৬নং। ১৫. পশ্চিমযাত্রীর ডায়ারি। ১৬. আলোচনা। ১৭. প্রেবিংগ বস্তৃতা। ১৮. জনৈক অধ্যাপকের চিঠি। ১৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২০. শিক্ষার বিকিরণ। ২১. বিশ্বভারতী ১৭ নং। ২২. আশ্রমের শিক্ষা। ২৩. A Poet's School. ২৪. The School Master. ২৫. তোভাকাহিনী। ২৬. সন্তোষচন্দ্র মজ্মদারকে পত্ত ২নং ইত্যাদি।

## ২১। অজিভকুমার চক্রবর্তীকে পত্র ১ নং

[ রচনা—আরবানা ইন্সিনয়েস, ২৪ পৌষ ১৩১৯ (১৯১৩) প্রকাশ—'দেশ' সাহিত্য সংখ্যা ১৩৭৭ প্র, ১৩৯ ]

😶 মান্যকে শ্রন্থা করাই হচ্চে মান্যবের সকলের চেয়ে বড় সেবা । 🖰 আমি আমার বিদ্যালয়ের ছেলেদের চিত্তকে এই শ্রুণার স্বারা জাগ্রত করতে চাই। কেননা মানুষের প্রত্যেকের মধ্যেই এই শ্রুদার সামগ্রী আছে—সেই দেবতার প্র্জা করলেই সে দেবতা দর্শন দেন। ছেলেদের যদি আমরা শ্রুণা করি তবে তাদের যেটি শ্রুণেয় সেইটেই বড় হয়ে ওঠে। তারা পারবে না, তারা ফাঁকি দেবে এ কথাটা গভীরভাবে সতা নয়---…ভিতরে শক্তি আছে তাকে তাগিদ করলে তবে সে দেখা দেয়− আমরা অনেক সময়ে কেবল তার উল্টোই করি—বিশেষত ছেলেদের উপর আমাদের জোর খাটে বলেই আমরা অলপ কারণে এবং নিবি'চারে তাদের অপমান করি—এই অপমানের দারা তাদের নন্দকে আমরা যত আঘাত করি তার চেয়ে তাদের ভালোকে আমরা ঢের বেশি আঘাত করে থাকি। ছেলেদের আমরা দান করব তারা আমাদের কাছে গ্রহণ করবে এই আমাদের সম্বন্ধ এই সম্বন্ধ অনুসারে ছেলেরা আমাদের নীচে দাঁডায় বলেই তাদের সম্বদ্ধে আমাদের অত্যাত সত্তর্ক হওয়া দরকার—এই জনোই শান্তে বিশেষ করে বলেছেন, শ্রুপরা দেয়মূ— কেননা দাতার উচ্চ ভামিটা দাতার পক্ষে বিপংজনক—অশ্রুপ্রা সহজে এসে পড়ে। যারা আমাদের চেয়ে দর্বেল এবং অক্ষম তাদের সংগ্যে সর্বদা ব্যবহার করা যাদের কাজ অনেক সময়েই তারা বড়ত্বের অধিকারের চাপে আপনাকে খাটো করে ফেলে। আমাণের বিদ্যালয়ে প্রতিদিন বিদ্যাদান করবার সময় মনে রা**থব** শ্রন্ধয়া দেয়ম। বালকের মধ্যে যে বডটি আছে, তার বাহা আকৃতি আপাতত ছোট বলে তাকে দেখবার দুজি যেন না হারাই।…

### हैका :

## অঞ্চিতকুমার চক্রবতী

১৯০৪ সালে অজিত চক্রবতী শাশ্তিনিকেতন আশ্রমে যোগদান করেন। রবীন্দ্র-নাথের আদর্শ রূপায়ণে তিনি অন্যতম সহায়ক ছিলেন। রবীন্দ্রসাহিত্যের ব্যাখ্যাকার ছিলেন। 'রবীন্দ্রনাথ'ও 'কাব্যপরিক্রমা' গ্রন্থ দুটি রচনা করেন। রবীন্দ্রসাহিত্যের অংশবিশেষ এবং ক্ষিতিমোহন সেনের রচিত বাউলগানেরও ইংরাজি অনুবাদ করেন।

জন্ম-১৮৮৬, गर्जू-১৯১৮।

## উল্লেখযোগ্য বিষয় / ম•তবাঃ

শিক্ষা ও নৈতিক আদশ

## जूननीय भ्रमणः

- ১. জাতীয় বিদ্যালয়।
- ২. বিশ্বভারতী ১১ নং।

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

- ৩. বিশ্বভারতী ১৫ নং।
- ৪. শাশ্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি।
- বাঁকুড়ায় ছায়দের উদ্দেশে ইত্যাদি।

## ৩০। অজিভকুমার চক্রবর্তীকে পত্র ২নং

[ রচনা—শিকাগো, তারিখহীন, ( ১৯১৩ ? )

## উল্লেখৰোগ্য বিষয় / মন্ত্ৰা :

সর্বজনীন শিক্ষা, প্রকৃতি

## जूननीय अन<sup>3</sup>गः

১. হিন্দু বিশ্ববিদ্যালয়। ২. শিক্ষাবিধি। ৩ বিদ্যাসমবায়। ৪. শিক্ষার মিলন। ৫. বিশ্বভারতী ৪ নং। ৬. বিশ্বভারতী ৫ নং। ৭. বিশ্বভারতী ৬ নং। ৮. বিশ্বভারতী ১০ নং। ৯ প্রেবিংগ বস্তুতা। ২০. বিশ্বভারতী ১৫ নং। ১১ বিশ্বভারতী ১৭ নং। ১২. My Educational Mission. ১০. শিক্ষাসমসা। ১৪. তপোবন। ১৫. জগদানন্দ রায়কে পত্র ১নং। ১৬. বিশ্বভারতী ১৪ নং। ১৭. আশ্রমের রূপ ও বিকাশ। ১৮. The School Master. ১৯. A Poet's School ইত্যাদি।

### রবীশ্বরচনা-সংকলন

## ७)। जरखायहस्य मञ्जूममात्रस्य शब्द )नः

[ রচনা—আরবানা ইলিনয়েস, তারিথহীন, ( ১৯১৩ ? / প্রকাশ—বিশ্বভারতী পত্তিকা, শ্রাবণ-পৌষ ১৩৪৯ প, ২৮৯ ]

#### है कि है

## সেতে। বচনদ্র মজ্মদার

রবশ্দুনাথের অশ্তরংগ স্থান শ্রীশচন্দ্র মজ্মদারের পত্র সন্তোষচন্দ্র মজ্মদার ১৯০২ সালে শান্তিনিকেতন ব্রহ্মণ বিদ্যালয়ে অধ্যয়ন শ্রের করেন। পরে আমেরিকায় কৃষিবিদ্যা অধ্যয়নের জন্য গমন করেন। ১৯১০ সালে অধ্যয়ন সমাপ্ত করে ব্রহ্মণ্ডর্বিদ্যালয়ে শিক্ষকতার কাজে যোগদান করেন। ১৯২৪ সালে শান্তিনিকেতনের পর্বে প্রান্তে সন্তোষ্চন্দ্র মজ্মদারের তত্তাবধানে 'শিক্ষাস্ত্র' বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। পরে শিক্ষাস্ত্র শ্রীনিকেতনে গ্রানান্তরিত হয়।

জন্ম—১৮৮৬। মৃত্যু—১৯২৬।

### উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য ঃ

শিক্ষা ও গঠনমূলক আদর্শ

## তুলনীয় পুসণাঃ

- ১. অজিত চক্রবতীকৈ পত্র ৩নং।
- শাশ্তিনকেতন আশ্রমের শিক্ষানীতি।
- ৩ আশ্রমের শিক্ষা ইত্যাদি।

### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

## ৩২। দ্রীশিকা

[ সব্জপত্ত, ভাদ্র-আশ্বিন ১৩২২ ( ১৯১৫ ) ]

আমরা শ্রীমতী লীলা মিত্তের কাছ হইতে শ্রীশিক্ষা সম্বন্ধে একখানি চিঠি পাইয়াছি, তাহা আলোচনা করিয়া দেখিবার যোগা। চিঠিখানি এই—

এক দল লোক বলেন, স্ত্রীশিক্ষার প্রয়োজন নাই, কারণ স্ত্রীলোক শিক্ষিতা হইলে পর্র্বের নানা বিষয়ে নানা অস্থাবিধা। শিক্ষিতা স্ত্রী বামীকে দেবতা বলিয়া মনে করে না, স্বামীসেবায় তার তেমন মন থাকে না, পড়াশনো লইয়া সে বাস্ত ইত্যাদি।

আবার আর-এক দল বলেন, শ্রীশিক্ষার প্রয়োজন খ্রই আছে, কেননা আমরা প্রয়েষরা শিক্ষিত, আমরা যাহাদের লইয়া ঘরসংসার করিব তাহারা যদি আমাদের ভাব চিশ্তা আশা আকাশ্দা ব্রিখতেই না পারে তবে আমাদের পারিবারিক স্থখের ব্যাঘাত হইবে ইত্যাদি।

দুই দলই নিজেদের দিক হইতে স্তাশিক্ষার বিচাব করিতেছেন। নারীর যে পুরুষের মতো ব্যক্তিত্ব আছে, সে যে অন্যের জন্য সূল্ট নয়, তাহার নিজের জীবনের যে সার্থকতা আছে, তাহা স্তাশিক্ষার স্বপক্ষের বা বিপক্ষের কোনো উকিল স্বীকার করেন না। উকিলরা যে পক্ষ লইয়াছেন বস্তুত তাহা তাঁহাদের নিজেরই পক্ষ। মামলার নিম্পত্তিতে যাঁহাদের প্রকৃত স্বার্থ তাঁহাদের কথা কাহারও মনে উদয় হয় না, এইটেই আশ্বর্য।

বিদ্যা যদি মন্ব্যক্ষ্লাভের উপায় হয় এবং বিদ্যালাভে যদি মানবমাত্রেরই সহজাত অধিকার থাকে তবে নারীকে কোন্নীতির দোহাই দিয়া সে অধিকার হইতে বঞ্চিত করা যাইতে পারে ব্যক্তি পারি না।

আবার, যাঁরা স্ত্রীলোককে তাঁহাদের নিজের জন্যই স্ভ বলিয়া স্থির করিয়া বিসয়াছেন, তাঁরা যেটুকু বিদ্যা স্ত্রীর জন্য উচ্ছিন্ট রাখিতে চান তাহা হইতে স্ত্রীলোকের মন্যান্থের যথোচিত প্রণিট আশা করা বাতুলতা।

ষাঁহারা শিক্ষাদানে স্ত্রী-প্রেষ উভয়কেই সমভাবে সাহায্য করিতে প্রস্তৃত তাঁহারা সাধারণ প্রেষের পাজিতে পড়েন না ; তাঁহাদের আসন অনেক উচ্চে, স্থতরাং তাঁহাদের কথা ছাড়িয়া দেওয়াই উচিত ।

অতএব. গরজ যাঁহাদের তাঁহাদিগকেই কার্যক্ষেত্রে নামিতে হইবে। নিজের উদ্যমে ও শক্তিতে নিজেকে মত্ত্ব না করিলে অনো মত্ত্বি দিতে পারে না। অন্যে যেটাকে মত্ত্বি বিলয়া উপস্থিত করে সেটা বন্ধনেরই অন্য মত্তি। পত্রত্ব যে স্ত্রীশিক্ষার ছাঁচ গড়িয়াছে সেটা পত্রব্বের খেলার যোগ্য পত্তুল গড়িবার ছাঁচ।

কিল্তু যিনি এ কার্মে অবতীর্ণা হইবেন তাঁহাকে সাধারণ শ্বীলোকের মতো গতান্গতিক হইলে চালিবে না। সংসারের লোকে যাহাকে স্থুখ বলে সেটাকে তিনি আদর্শ করিবেন না। এ কথা তাঁহাকে মনে রাখিতে হইবে, সম্তান গর্ভে ধারণ করাই তাঁহার চরম সাথাকতা নয়। তিনি প্রেষের আগ্রিতা, লম্জাভয়ে লীনাজ্গিনী, সামান্য ললনা নহেন; তিনি তাহার সংকটে সহায়, দ্রহে চিম্তায় অংশী এবং স্থুখে দ্থেখ সহচরী হইয়া সংসাগপথে তাহার প্রকৃত সহযাত্রী হইবেন।—

এই চিঠির মলে কথাটা আমি মানি। ষাহা-কিছ্ জানিবার বোগ্য তাহাই বিদ্যান তাহা পরুর্বকেও জানিতে হইবে, মেয়েকেও জানিতে হইবে—শৃথ্ কাজে খাটাইবার জন্য যে তাহা নয়, জানিবার জন্যই।

মান্য জানিতে চায়, সেটা তার ধর্ম ; এইজন্য জগতের আবশ্যক অনাবশ্যক সকল তব্ধই তার কাছে বিদ্যা হইয়া উঠিয়াছে। সেই তার জানিতে চাওয়াকে যদি খোরাক না জোগাই কিশ্বা তাকে কুপথ্য দিয়া ভুলাইয়া রাখি তবে তার মানবপ্রকৃতিকেই দ্বর্ধল করি, এ কথা বলাই বাহ্নল্য।

কিশ্তু, মান্যকে প্রা পরিমাণে মান্য করিব এ কথা আমাদের সকলের অশ্তরের কথা নয়। যথন সর্বসাধারণকে শিক্ষা দেওয়ার প্রগতাব হয় তথন এক দল শিক্ষিত লোক বলিয়া থাকেন, তাহা হইলে আমরা চাকর পাইব কোথা হইতে? বোধ হয় শীদ্রই এ সম্বন্ধে রিসক লোকে প্রহ্সন লিখিবেন যাহাতে দেখা যাইবে—বাব্র চাকর কবিতা লিখিতেছে কিংবা নক্ষতলোকের নাড়িনক্ষত গণনা করিবার জন্য বড়ো বড়ো অশ্ক ফাদিয়া বিসয়াছে, বাব্ল তাহাকে ধ্লিত কোঁচাইবার জন্য ডাকিতে সাহস করিতেছেন না পাছে তার ধ্যানের ব্যাঘাত হয়। মেয়েদের সম্বন্ধেও সেই এক কথা যে, তারা যাদি লেখাপড়া শেখে তবে যে ঝাঁটা বাঁটি ও শিলনোড়া বাব্রদের ভাগে পড়ে।

অথচ ই হাদের তকের যুক্তিটা এই যে, মেয়েদের প্রকৃতিই স্বতন্ত্র । কিন্তু তাই যদি হয় তবে তাঁহাদের ভয়টা কিন্সের ? প্রথিবীকে আমরা চ্যাপ্টা ভাবি কিন্তু তাহা গোল, এ কথা জানিলে প্রাধের পৌর্ষ কমে না। তেমনি, বাস্কির মাথার উপর প্রথিবী নাই এ খবরটা পাইলে মেয়েদের মেয়েলিভাব নন্ট হইবে এ কথা যদি বলি তবে ব্রিত হইবে মেয়েরা মেয়েই নয়, আমরা তাহাদিগকে অজ্ঞানের ছাঁচে ঢালিয়া মেয়ে করিয়া গড়িয়া তুলিয়াছি।

বিধাতা একদিন প্রেষকে প্রেষ এবং মেয়েকে মেয়ে করিয়া স্থি করিলেন, এটা তার একটা আশ্চর্য উম্ভাবন, সে কথা কবি হইতে আরম্ভ করিয়া জীবতন্তরিবং সকলেই স্বীকার করেন। জীবলাকে এই-যে একটা ভেদ ঘটিয়াছে এই ভেদের ম্থ দিয়া একটা প্রবল শক্তি এবং পরম আনন্দের উৎস উৎসারিত হইয়া উঠিয়াছে। ইম্কুল-মাস্টার কিম্বা টেক্সেট্বেক-কমিটি তাঁহাদের এক্সেসাইজের খাতা কিম্বা পাঠ্য ও অপাঠ্য বইয়ের বোঝা দিয়া এই শক্তি এবং সোম্পর্যপ্রের মুখে বাঁধ বাঁধিয়া দিতে পারেন, এমন কথা আমি মানি না। মোটের উপর, বিধাতা এবং ইম্কুল-মাস্টার এই দুইয়ের মধ্যে আমি বিধাতাকে বেশি বিশ্বাস করি। সেইজন্য আমার ধারণা এই যে, মেয়েরা যদি বা কাণ্ট্রেলেল্ও পড়ে তব্ব শিশ্বদের স্বেহ করিবে এবং প্রেষ্মেদের নিতাশ্ত দরে-ছাই করিবে না।

কিশ্বু তাই বলিয়া শিক্ষাপ্রণালীতে নেয়ে পর্রুষে কোথাও কোনো ভেদ থা কবে না. এ কথা বলিলে বিধাতাকে অমান্য করা হয়। বিদ্যার দুটো বিভাগ আছে। একটা বিশ্বুধ জ্ঞানের, একটা ব্যবহারের। যেখানে বিশ্বুধ জ্ঞান সেখানে মেয়ে-পর্রুষের পার্থক্য নাই, কিশ্বু যেখানে ব্যবহার সেখানে পার্থক্য আছেই। মেয়েদের মান্য ইতে শিখাইবার জন্য বিশ্বুধ জ্ঞানের শিক্ষা চাই, কিশ্বু তার উপরে মেয়েদের মেয়ে

### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

হইতে শিখাইবার জন্য যে ব্যবহারিক শিক্ষা তার একটা বিশেষত্ব আছে, এ কথা মানিতে দোষ কী ?

মেয়েদের শরীরের এবং মনের প্রকৃতি পর্র্বের হইতে স্বতন্ত্র বলিয়াই তাহাদের ব্যবহারের ক্ষেত্র স্বভাবতই স্বতন্ত্র হইয়াছে। আজকাল বিদ্রোহের ঝোঁকে এক ল মেয়ে এই গোড়াকার কথাটাকেই অস্বীকার করিতেছেন। তাঁরা বলেন, মেয়েদের ব্যবহারের ক্ষেত্র পর্ব্বেয়র সংগে একেবারের সমান।

এটা তাঁদের নিতাশ্তই ক্ষোভের কথা। ক্ষোভের কারণ এই যে, পর্বাষ আপন কমের পথ ধরিয়া জগতে নানা বিচিত্র ক্ষেত্রে কর্তৃত্ব লাভ করিয়াছে, কিশ্তু মেয়েদের কর্ম যেখানে সেখানে অধিকাংশ বিষয়েই তাহাদিগকে দায়ে পড়িয়া পর্বাষের অন্গত হইতে হইয়াছে। এই আনুগতাকে তাঁরা অনিবার্য বলিয়া মনে করেন না।

তাঁরা ব লন, পরুর্ষ এতদিন কেবলমাত গায়ের জারেই মেয়েদের কাঁধের উপর এই আন্রগতাটা চাপাইয়া দিয়াছে। জগতের সর্বতাই এই কথাটা যদি এতদিন ধরিয়া সত্য হইয়া থাকে, যদি মেয়েদের প্রকৃতির বির্দেধ প্রব্রেষর শক্তি তাহাদিগকে সংসারের তলায় ফেলিয়া রাখিয়া থাকে তবে বলিতেই হইবে, দাসত্বই মেয়েদের পক্ষে শ্বাভাবিক। দাসত্ব বলিতে এই বোঝায়, দায়ে পড়িয়া অনিচ্ছাসত্ত্বে পরের দায় বহন করা। যাদের পক্ষে এটা প্রকৃতিসিন্ধ নয়, তারা বরণ্ড মরে তব্ব এমন উৎপাত সহা করে না।

এতদিনের মানবের ইতিহাসে যদি এই কথাটাই সর্বদেশে সপ্রমাণ হইয়া থাকে যে দাসীত্ব মেয়েদের স্বাভাবিক, তবে প্রথিবীর সেই অধেক মান্বের লম্জায় সমস্ত প্রথিবী আজ মুখ তুলিতে পারিত না। কিন্তু আমি বলি, বিদ্রোহী মেয়েরা স্বজাতির বিরুদ্ধে এই-যে অপবাদ ঘোষণা করিয়া বেড়াইতেছেন এটা সংপ্রণ মিথাা।

আসল কথা এই, স্ত্রী হওয়া, মা হওয়া, মেয়েদের স্বভাব ; দাসী হওয়া নয়। ভালোবাসার অংশ মেয়েদের স্বভাবে বেশি আছে—এ নহিলে সন্তান মান্য হইত না, সংসার টি'কিত না। স্নেহ আছে, বলিয়াই মা সন্তানের সেবা করে, তার মধ্যে দায় নাই : প্রেম আছে বলিয়াই স্ত্রী স্বামীর সেবা করে, তার মধ্যে দায় নাই।

কিশ্তু দায় আসিয়া পড়ে যখন দেনহপ্রেমের সম্বন্ধ স্বাভাবিক সম্বন্ধ না হয়।
সকল স্বামীকেই সকল স্ত্রী যদি স্বভাবতই ভালোবাসিতে পারিত তাহা হইলে কথাই
ছিল না তাহা সভবপর নহে। অথচ যতদিন সমাজ বলিয়া একটা পদার্থ আছে
ততদিন মান্যকে অনেক বিষয়ে এবং অনেক পরিমাণে একটা নিয়ম মানিয়া চলিতেই
হইবে।

কিশ্তু, সেই নিয়ম স্নাণ্ট করিবার সময় সমাজ ভিতরে ভিতরে শ্বভাবেরই অন্সরণ করিতে থাকে। মেয়েদের স্বশ্ধে সমাজ আপনিই এটা ধরিয়া লইয়াছে যে, মেয়েদের পক্ষে ভালোবাসাটাই সহজ। তাই মেয়েদের স্বশ্ধে নিয়ম ভালোবাসার নিয়ম। সমাজ তাই মেয়েদের কাছে এই দাবি করে যে, তারা এমন করিয়া কাজ করিবে যেন তারা সংসারকে ভালোবাসিতেছে। বাপ মা ভাই বোন শ্বামী ও ছেলেমেয়ের সেবা তারা করিবে। তাদের কাজ ভালোবাসার কাজ, এইটেই তাদের আদর্শ।

এইজন্য মেয়েদের সংসারে কোনো কারণে যেখানে তাদের ভালোবাসা নাই সেখানেও

তাহাদিগকে সমাজ ভালোবাসার আদর্শেই বিচার করিয়া থাকে। যে স্বামীকে দ্বী ভালোবাসিতে পারে নাই তার সম্বশ্বেও তার ব্যবহারকে ভালোবাসার মাপকাঠিতেই মাপিতে হয়। সংসারকে সে ভালো বাস্ত্রক আর না-বাস্ত্রক তার আচরণকে কিষয়া দেখিবার ঐ একটিমাত্র কণ্টিপাথর আছে, সেটা ভালোবাসার কণ্টিপাথর।

ভালোবাসার ধর্মাই আত্মনাপাণে, স্তরাং তার গোরবও তাহাতেই। যেটাকে আনন্ধতা বালিয়া লাজা করা হইতেছে সোটা লাজার বিষয় হয় যদি তাহাতে প্রতীত না থাকে, বেবলমার দার থাকে। মেয়েরা আপনার সংভাবের দারাই সমাজে এমন একটা জায়গা পাইয়াছে যেথানে সংসারে র কাছে তারা আত্মমনপাণ করিতেছে। যদি কোনো কারণে সমারের এমন অবস্থা ঘটে যাতে এই আত্মসনপাণ ভালোবাসার আদশা ইইতে বহুল পরিমাণে লাউ ইইয়া থাকে. তবে তাহা মেয়েদের পক্ষে পীড়া ও অবমাননা।

মেয়েরা শ্বভাবতই ভালোবাসে এবং একনিষ্ঠ আত্মসমপ্ণের আদশ্কেই সাগাজিক শিক্ষায় তাদেব গনে বন্ধমলে করিয়া দিয়াছে, এই সন্বিধাটুকু ধরিয়া অনেক শ্বার্থপর পর্ব্যুষ তাদের প্রতি অত্যাচার কনে। যেখানে প্রেষ যথার্থ পোর্ক্ষের আদশ্ হইতে ভ্রুট সেখানে মেয়েবা আপন উচ্চ আদশ্রে দ্বারাই প্রীড়িত ও বন্ধিত হইতে থাকে, ইহার দৃষ্টান্ত আনাদের দেশে যত বেশি এমন আর-কোনো দেশে আছে কিনা আনি সন্দেহ করি। কিন্তু তাই বলিয়া এ কথাটাকে উড়াইয়া দেওয়া যায় না যে, সমাজে মেয়েরা যে ব্যবহারের ক্ষেত্রটি অধিকার করিয়াছে সেখানে শ্বভাববশ্বই তারা আপনিই আসিয়া প্রৌছিয়াছে, বাহিরের কোনো অত্যাচার তাহাদিগকে বাধ্য করে নাই।

এ কথা মনে রাখিতে হইবে, সমাজে পরে,ষের দাসত্ব মেয়েদের চেয়ে অব্প নহে, বরণ বেশি। এতকালের সভ্যতার সাধনার পরেও মানুষের সমাজ আজও দাসের হাতের খাটুনিতে চলিতেছে। এ সমাজে যথার্থ প্রাধীনতা অতি অম্প লোকেই ভোন করে। রাজ্যতশ্তে বাণিজ্যতশ্তে এবং সমাজের সর্বাবিভাগেই দাসের দল প্রাণপাত করিয়া সমাজ-জগল্লাথের প্রকাণ্ড রথ টানিয়া চলিতেছে। কোথায় **লই**য়া চলিতেছে তাহাও জানে না, কাহার রথ টানিতেছে তাহাও দেখিতে পায় না। সমণ্ড জীবন দিনের পর দিন এমন দায় বহন করিতেছে যাহার মধ্যে প্রীতি নাই সৌন্দর্য নাই। এই দাসত্বের বারো-আনা ভাগ পুরুষের কাঁধে চাপিয়াছে। মেয়েদের ভালোবাসার উপরই সমাজ ঝোঁক দিয়াছে এইজন্য মেয়েদের দায় ভালোবাসার দায়। পরেবৃষের শব্তির উপরই সমাজ ঝোঁক দিয়া**ছে**, এইজন্য পরের্বের দায় শ ন্তর দায়। অবস্থাগতিকে সেই দায় এত অতিরিক্ত হইতে পারে যাহাতে ভালোবাসা উৎপীড়িত হয় ও শক্তি দ্বর্বল হইয়া পড়ে। তথন সমাজের সংস্কার আবশ্যক হয়। সেই সংস্কারের জন্য আজ সমৃত মানবসমাজে বেদনা জাগিয়াছে। কিল্তু সংস্কার যতদরে পর্যন্তই যাক্ স্থির গোড়া পর্যন্ত গিয়া পেীছিবে না এবং শেষ পর্যন্ত কবির দল এই বলিয়া আনন্দ ক্রিতে পারিবেন যে, পরেষ পরেষই থাকিবে, মেয়েরা মেয়ে থা কয়া যাইবে বলিমাই তার 'সংকটে সহায়, দুরুহে চিশ্তায় অংশী এবং সুখে দুংখে সহচরী হইয়া সংসারে তাহার প্রকৃত সহযাত্রী হইবেন'।

শিক্ষা, বিশ্বভারতী ১৯৭৩, পৃ: ১৩৭-১৪১

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

: किंच

नीना मित

রাজনারায়ণ বস্থর কন্যা। কৃষ্ণকুমার মিত্রের সহর্ধার্মণী।

উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

দ্যু শিক্ষা

## তুলনীয় প্রসংগঃ

- ১ মুরোপযাতীর ডায়ারি।
- ভার দেবীকে পত্র ইত্যাদি।

### ৩০। শিক্ষার বাছন

সব্বজপত্ত, পোষ ১৩২২ (১৯১৫) ]

…দিনের আলোককে আমরা কাজের প্রয়োজনের চেয়ে আরো বড়ো করিয়া দেখিতে পারি, সে হইতেছে জাগার প্রয়োজন। এবং তার চেয়ে আরো বড়ো কথা, এই আলোতে মানুষ মেলে, অন্ধকারে মানুষ বিচ্ছিল হয়।

জ্ঞান মান্যের মধ্যে সকলের চেয়ে বড়ো ঐক্য। বাংলাদেশের এক কোণে যে ছেলে পড়াশ্না করিয়াছে তার সংশ্যে র্রেপের প্রান্তের শিক্ষিত মান্যের মিল অনেক বেশি সত্য, তার দায়ারের পাশের মূর্থ প্রতিবেশীর চেয়ে।

জ্ঞানে মান্যের সংগে মান্যের এই-যে জগংগ্রেড়া মিল বাহির হইয়া পড়ে, যে মিল দেশভেদ ও কালভেদকে ছাড়াইয়া যায়, সেই মিলের পরম প্রয়েজনের কথা ছাড়িয়া দেওয়া যাক; কিশ্তু সেই মিলের যে পরম আনন্দ তাহা হইতে কোনো মান্যকেই কোনো কারণেই বিশ্বত করিবার কথা মনেই করা যায় না।

সেই জ্ঞানের প্রদীপ এই ভারতবর্ষে কত বহু দ্বের দ্বের এবং কত মিট্মিট্ করিয়া জনিলতেছে সে কথা ভাবিয়া দেখিলেই ব্রিণতে পারি, ভারতবাসীর পক্ষে সেই পরম যোগের পথ কত সংকীণ—যে যোগ জ্ঞানের যোগ, যে যোগে সমস্ত প্রথিবীর লোক আজু মিলিত হইবার সাধনা করিতেছে।

ষাহা হউক, বিদ্যাশিক্ষার উপায় ভারতবর্ষে কিছু কিছু হইয়াছে, কিম্তু বিদ্যা-বিস্তারের বাধা এখানে মুখ্য বেশি।…বিদ্যার যে অংশটা নির্দ্তণা পোশ্ডিতা সে অংশ সকল দেশেই পশ্ড এবং কুনো, পশ্চমেও পেডান্ট্রি মরিতে চায় না। তবে কিনা, যে

দেশ দর্গতিগ্রন্থত সেখানে বিদ্যার বল কমিয়া গিয়া বিদ্যার কায়দাটাই বড়ো হইয়া ওঠে। তব্ এ কথা মানিতে হইবে, তখনকার দিনের পাণ্ডিভাটাই তক চন্দ্র ও ন্যায়পণ্ডাননদের মগজের কোণে কোণে বন্ধ ছিল বটে, কিন্তু তখনকার কালের বিদ্যাটা সমাজের নাড়ীতে নাড়ীতে সজীব ও সবল হইয়া বহিত। কি গ্রামের নিরক্ষর চাষি কি অন্তঃপ্রের গ্রীলোক, সকলেরই মন নানা উপায়ে এই বিদ্যার সে চ পাইত। স্মতরাং, এ জিনিসের মধ্যে অন্য অভাব অসম্পর্ণতা যাই থাক্, ইহা নিজের মধ্যে স্কংগত ছিল।

কিন্তু, আমাদের বিলাতি বিদ্যাটা কেমন ইম্কুলের জিনিস হইয়া সাইনবোর্ডে টাঙানো থাকে, আমাদের জীবনের ভিতরের সামগ্রী হইয়া যায় না। তাই পশ্চিমের শিক্ষায় যে ভালো জিনিস আছে তার অনেকখানি আমাদের নোট্ব্কেই আছে, সে কি চিন্তায়, কি কাজে, ফলিয়া উঠিতে চায় না।

আমাদের দেশের আধ্নিক পাণ্ডত বলেন, ইহার একমাত্র কারণ জিনিসটা বিদেশী।
এ কথা মানি না। যা সত্য তার জিয়োগ্রাফি নাই। ভারতবর্ষ ও একদিন যে সত্যের
দীপ জনলিয়াছে তা পশ্চিম মহাদেশকেও উম্জন্ম করিবে, এ যদি না হয় তবে ওটা
আলোই নয়। বস্তুত, যদি এমন কোনো ভালো থাকে যা একমাত্র ভারতবর্ষেরই ভালো
তবে তা ভালোই নয়, এ কথা জাের করিয়া বলিব। যদি ভারতের দেবতা ভারতেরই
হন তবে তিনি আমাদের স্বগের্বর পথ বস্ধ করিবেন, কারণ স্বর্গ বিশ্বদেবতার।

আসল কথা, আধ্বনিক শিক্ষা তার বাহন পায় নাই, তার চলা-ফেরার পথ খোলসা হইতেছে না। এখনকার দিনে সর্বজনীন শিক্ষা সকল সভ্য দেশেই মানিয়া লওয়া হইয়াছে। যে কারণেই হউক আমাদের দেশে এটা চলিল না।…

শিক্ষার জন্য আমরা আবদার করিয়াছি, গরজ করি নাই। শিক্ষাবিস্তারে আমাদের গা নাই। তার মানে, শিক্ষার ভোজে নিজেরা বাসায় যাইব, পাতের প্রসাদটুকু পর্য'ল্ড আর-কোনো ক্ষর্বিত পায় বা না পায় সে দিকে খেয়ালই নাই। এমন কথা যারা বলে 'নিংনসাধারণের জন্য যথেণ্ট শিক্ষার দরকার নাই, ল ত তাদের ক্ষতিই করিবে' তারা কর্তৃপক্ষদের কাছ হইতে এ কথা শর্নবার আধকারী যে, বাঙালির পক্ষে বেশি শিক্ষা অনাবশ্যক, এমন-কি অনিণ্টকর। 'জনসাধারণকে লেখাপড়া শেখাইলে আমাদের চাকর ত্রিটবে না' এ কথা যদি সত্য হয় তবে আমরা লেখাপড়া শিখিলে আমাদেরও দাস্যভাবের ব্যাঘাত হইবে এ আশাকাও মিথ্যা নহে। ··

বিদ্যাবিশ্তারের কথাটাকে যখন ঠিক্মত মন দিয়া দেখি তখন তার সর্বপ্রধান বাধাটা এই দেখিতে পাই যে তার বাহনটা ইংরেজি। বিদেশী মাল জাহাজে করিয়া শহরের ঘাট পর্য'লত আসিয়া পে'ছিতে পারে, কিশ্তু সেই জাহাজটাতে করিয়াই দেশের হাটে হাটে আমদানি রফ্তানি করাইবার দ্বোশা মিথ্যা। যদি বিলিতি জাহাজটাকেই কায়মনে আকড়াইয়া ধরিতে চাই তবে ব্যবসা শহরেই আট্কা পড়িয়া থাকিবে।

এ পর্যাত্ত এ অস্ক্রবিধাটাতে আমাদের অস্থ বোধ হয় নাই। কেননা মুখে যাই বিল মনের মধ্যে এই শহরটাকেই দেশ বিলয়া ধরিয়া লইয়াছিলাম। দাক্ষিণ্য যথন খ্ব বিশি হয় তথন এই পর্যাত্ত বিলিঃ আচ্ছা বেশ, খ্ব গোড়ার দিকের মোটা শিক্ষাটা

### রবীন্দ্রনাথের চিল্তাজগণ

বাংলাভাষায় দেওয়া চলিবে, কিম্তু সে যদি উচ্চশিক্ষার দিকে হাত বাড়ায় তবে 'গমিষাড়্যপহাস্যতাম্'।

আমাদের এই ভীর্তা কি চরদিনই থাকিয়া যাইবে ? ভরসা করিয়া এটুকু কোনোদিন বলিতে পারিব না যে উচ্চশিক্ষাকে আমাদের দেশের ভাষায় দেশের জিনিস করিয়া লইতে হইবে ? পশ্চিম হইতে যা-কিছ্ব শিখিবার আছে জাপান তা দেখিতে দেখিতে সমসত দেশে ছড়াইয়া দিল তার প্রধান কারণ সেই শিক্ষাকে ভারা দেশি ভাষার আধারে বাঁধাই করিতে পারিয়াছে।

অথচ, জাপানি ভাষার ধারণাশন্তি আমাদের ভাষার চেয়ে বেশি নয়। ন্তন কথা স্থিত করিবার শক্তি আমাদের ভাষায় অপরিসীম। তা ছাড়া য়ৢরোপের ব্শিধবৃত্তির আকার প্রকার যতটা আমাদের সংগ মেলে এমন জাপানির সংগ নয়। কিল্তু উদ্যোগী প্রুর্মিসংহ কেবলমাত লক্ষ্মীকে পায় না, সরম্বতীকেও পায়। জাপান জার করিয়া বিলল, 'য়ৢরোপের বিদ্যাকে নিজের বাণীমন্দিরে প্রতিষ্ঠিত করিব।' যেমন বলা তেমনি করা, তেমনি তার ফললাভ। আমরা ভরসা করিয়া এ পর্যন্ত বলিতেই পারিলাম না যে, বাংলাভাষাতেই আমরা উদ্দশিক্ষা দিব এবং দেওঃ। যায় এবং দিলে তরেই বিদ্যার ফসল দেশ জাভিয়া ফলিবে।

আমাদের ভরসা এতই কম যে, স্কুল-কলেজের বাহিরে আমরা যে-সব লোকশিক্ষার আয়োজন করিয়াছি সেখানেও বাংলাভাষার প্রবেশ-নিষেধ। বিজ্ঞানশিক্ষাবিস্তারের জন্য দেশের লোকের চাঁদার বহুকাল হইতে শহরে এক বিজ্ঞানসভা খাড়া দাঁড়াইয়া আছে। প্রাচ্যদেশের কোনো কোনো রাজার মতো গৌরবনাশের ভয়ে জনসাধারণের কাছে সে বাহির ইতৈই চায় না। বরং অচল হইয়া থাকিবে তব্ কিছুতেই সে বাংলা বালবে না। ও যেন বাঙালির চাঁদা দিয়া বাঁধানো পাকা ভিতের উপর বাঙালির অক্ষমতা ও উদাসীনাের স্মরণস্তান্তের মতো স্থাণা হইয়া আছে। কথাও বলে না, নড়েও না। উহাকে ভুলিতেও পারি না, উহাকে মনে রাখাও শক্ত। ওজর এই য়ে, বাংলাভাষায় বিজ্ঞানশিক্ষা অসভত। ওটা অক্ষমের, ভীরুর ওজর। কঠিন বৈকি। সেইজনাই কঠাের সংকলপ চাই। একবান ভাবিয়া দেখান, একে ইংর্রোজ তাতে সায়াম্পা, তার উপরে দেশে যে-সকল বিজ্ঞানবিশারর আছেন তাঁরা জগদ্ বিখ্যাত হইতে পারেন কিস্তু দেশের কোণে এই-যে একটুখানি বিজ্ঞানের নাঁড় দেশের লোক বাঁধিয়া দিয়াছে এখানে তাঁদের ফলাও জায়গা নাই, এমন অবস্থায় এই পদার্থটা বংগসাগরের তলায় যদি ডুব মারিয়া বসে তবে ইহার সাহাযো সেখানকার মংসাশাবকের বৈজ্ঞানিক উন্নতি আমাদের বাঙালির ছেলের চেয়ে যে কিছুমাত্র কম হইতে পারে এমন অপবাদ দিতে পারিব না।

মাতৃভাষা বাংলা বলিয়াই কি বাঙালিকে দণ্ড দিতেই হইবে ? এই অজ্ঞানকৃত অপরাধের জন্য সে চিরকলে অজ্ঞান হইয়াই থাক্, সমন্ত বাঙালির প্রতি কয়জন শিক্ষিত বাঙালির এই রায়ই কি বহাল রহিল ? যে বেচারা বাংলা বলে সেই কি আধ্যনিক মন্সংহিতার শত্রে ? তার কানে উচ্চশিক্ষার মন্ত চলিবে না ? মাতৃভাষা হইতে ইংরেজি ভাষার মধ্যে জন্ম লইয়া ত্বেই আমরা দিজ হই ?

বলা বাহন্ল্য, ইংরেজি আমাদের শেগা চাইই, শন্ধ্ পেটের জন্য নয়। কেবল

ইংরেজি কেন, ফরাসি জর্মন শিখিলে আরো ভালো। সেই সণ্গে এ কথা বলাও বাহ্না, অধিকাংশ বাঙালি ইংরেজি শিখিবে না। সেই লক্ষ লক্ষ বাংলাভাষীদের জন্য বিদ্যার অনশন কিবা অধ্যশনই ব্যবহথা, এ কথা কোন্য মুখে বলা ধায় ?…

আজকাল আমাদের বিশ্ববিদ্যালয়ের একটা প্রশণ্ত পরেমন্ডল তৈরি হইয়া উঠিতেছে।
একদিন মোটের উপর ইহা এক্জামিন পাদের কুঁণ্টের আথড়া ছিল। এখন আথড়ার
বাহিরেও ল্যাভোটটার উপর ভদ্রবেশ ঢাকা দিয়া একটু হাঁফ ছাড়িবার জায়গা করা
হইয়াছে। কিছন্দিন হইতে দেখিতেছি বিদেশ হইতে বড়ো বড়ো অধ্যাপকেরা আসিয়া
উপদেশ দিতেছেন, এবং আমাদের দেশের মনীধীদেরও এখানে আসন পড়িতেছে।…

আমি এই বলি, বিশ্ববিদ্যালয়ের প্রোতন বাড়িটার ভিতরের আঙিনায় যেমন চলিতেছে চল্কে, কেবল তার এই বাহিরের প্রাংগণটাতে যেখানে আমদরবারের ন্তন বৈঠক বাদল সেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষটাকে যদি সমশ্ত বাঙালির জিনিস করিয়া তোলা যায় তাতে বাধাটা কী? আহ্তে যারা তারা ভিতর-বাড়িতেই বস্থক, আর রবাহ্তে যারা তারা বাহিরে পাত পাতিয়া বাসিয়া যাক্-না। তাদের জন্য বিলিতি টেবিল নাহয় না রহিল, দিশি কলাপাত মন্দ কী? তাদের একেবারে দরোয়ান দিয়া ধাক্কা মারিয়া বিদায় করিয়া দিলে কি এ যজ্ঞে কল্যাণ হইবে? অভিশাপ লাগিবে না কি ?

এমনি করিয়া বাংলার বিশ্ববিদ্যালয়ে ইংরেজি এবং বাংলাভাষার ধারা যদি গণ্গাধমনোর মতো মিলিয়া যায় তবে বাঙালি শিক্ষাথীর পক্ষে এটা একটা তীর্থস্থান হইবে।
দুই স্রোতের সাদা এবং কালো রেখার বিভাগ থাকিবে বটে, কিন্তু তারা একসংগ্য বহিয়া
চলিবে। ইহাতেই দেশের শিক্ষা যথার্থ বিশ্তীর্ণ হইবে, গভীর হইবে, সত্য হইয়া
ভীঠিবে।

শহরে যদি একটিমাত্র বড়ো রাম্তা থাকে তবে সে পথে বিষম ঠেলাঠেলি পড়ে।
শহর-সংক্ষারের প্রম্বতাবের সময় রাম্তা বাড়াইয়া ভিড়কে ভাগ করিয়া দিবার চেন্টা হয়।
আমাদের বিশ্ববিদ্যালয়ের মাঝখানে আর-একটি সদর রাম্তা খ্লিয়া দিলে ঠেলাঠেলি
নিশ্বয় কমিবে।

বিদ্যালয়ের কাজে আমার যেটুকু অভিজ্ঞতা তাতে দেখিয়াছি ়ক দল ছেলে শ্বভাবতই ভাষাশিক্ষায় অপটু। ইংরেজি ভাষা কায়দা করিতে না পারিয়া যদি বা তারা কোনোমতে এন্ট্রেন্সের দেউড়িটা তরিয়া যায়, উপরের সি'ড়ি ভাঙিবার বেলাতেই চিত হইয়া পড়ে।

এমনতরো দ্বাতির অনেকগ্লা কারণ আছে। এক তো যে ছেলের মাতৃভাষা বাংলা তার পক্ষে ইংরেজি ভাষার মতো বালাই আর নাই ও যেন বিলিতে তলোয়ারের খাপের মধ্যে দিশি খাঁড়া ভরিবার ব্যায়াম। তার পরে, গোড়ার দিকে ভালো শিক্ষকের কাছে ভালো নিয়মে ইংরেজি শিখিবার স্থযোগ অলপ ছেলেরই হয়, গরিবের ছেলের তো হয়ই না। তাই অনেক স্থলেই বিশল্যকরণীর পরিচয় ঘটে না বলিয়া আমত গন্ধমাদন বহিতে হয়; ভাষা আয়ন্ত হয় না বলিয়া গোটা ইংরেজি বই ম্খন্থ করা ছাড়া উপায় থাকে না। অসামান্য স্মৃতিশন্তির জোরে যে ভাগোবান্রা এমনতরো কিন্কিন্ধ্যাকান্ড করিতে পারে তারা শেষ পর্যাত উন্ধার পাইয়া যায়, কিন্তু যাদের মেধা সাধারশ

### রবীন্দ্রনাথের চিন্তাঞ্চগৎ

মান্বের মাপে প্রমাণসই তাদের কাছে এতটা আশা করাই যায় না। তারা এই রুখ ভাষার ফাঁকের মধ্য দিয়া গাঁলয়া পার হইতেও পারে না, ডিঙাইয়া পার হওয়াও তালের পক্ষে অসাধ্য।

এখন কথাটা এই, এই ষে-সব বাঙালির ছেলে স্বাভাবিক বা আকি মাক কারণে ইংরেজি ভাষা দখল করিতে পারিল না তারা কি এমন কিছু মারাত্মক অপরাধ করিয়াছে ষেজন্য তারা বিদ্যামন্দির হইতে যাবত্দশীবন আত্দামনে চালান হইবার যোগ্য ? ইংলন্ডে একদিন ছিল ষধন সামান্য কলাটা ম্লাটা চুরি করিলেও মান্ষের ফার্নি হইতে পারিত, কিত্তু এ ষে তার চেয়েও কড়া আইন। এ যে চুরি করিতে পারে না বিলয়াই ফার্নি। কেননা মুখত্থ করিয়া পাস করাই তো চৌর্যবৃত্তি। যে ছেলে পরীক্ষাশালায় গোপনে বই লইয়া যায় তাকে খেদাইয়া দেওয়া হয়; আর ষে ছেলে তার চেয়েও লুকাইয়া লয়, অর্থাৎ চাদরের মধ্যে না লইয়া মগজের মধ্যে লইয়া যায়, সেই বা কম কী করিল? সভ্যতার নিয়ম অনুসারে মান্ষের ক্ষরণশক্তির মহলটা ছাপাখানায় অধিকার করিয়াছে। অতএব, যারা বই মুখত্থ করিয়া পাস করে তারা অসভ্যরকমে চুরি করে, অথচ সভ্যতার যুগে প্রেক্ষর পাইবৈ তারাই ?

যাই হোক, ভাগ্যক্সমে যারা পার হইল তাদের বির্দেধ নালিশ করিতে চাই না। কিন্তু যারা পার হইল না তাদের পক্ষে হাবড়ার প্লেটাই নাহয় দ্ফাঁক হইল, কিন্তু কোনো রক্সের সরকারি খেয়াও কি তাদের কপাল জন্টিবে না ? স্টীমার না হয় তো পান্সি ?

ভালোমত ইংরেজি শিখিতে পারিল না এমন ঢের ঢের ভালো ছেলে বাংলাদেশে আছে। তাদের শিখিবার আকাম্ফা ও উদ্যমকে একেবারে গোড়ার দিকেই আটক করিয়া দিয়া দেশের শব্বির কি প্রভৃত অপব্যয় করা হইতেছে না ?

আমার প্রশ্ন এই, প্রেপারেটরি ক্লাস পর্য দত এক রকম পড়াইয়া তার পর বিশ্ব-বিদ্যালয়ের মোড়টার কাছে যদি ইংরেজি বাংলা দুটো বড়ো রাংতা খুলিয়া দেওয়া যায়, তা হইলে কি নানা প্রকারে স্থাবিধা হয় না ? এক তো ভিড়ের চাপ কিছু কমেই, ছিভীয়ত শিক্ষার বিশ্তার অনেক বাড়ে।

ইংরেজি রাশ্তাটার দিকেই বেশী লোক ঝ্রিকবে তা জানি এবং দুটো রাশ্তার চলাচল ঠিক সহজ অবশ্থার পে<sup>†</sup>ছিতে কিছু সময়ও লাগিবে। রাজভাষার দর বেশি স্থতরাং আদরও বেশি। কেবল চাকরির বাজারে নয়, বিবাহের বাজারেও বরের মুলাব্দিও বালাভাষা অনাদর সহিতে রাজি, কিশ্তু অকৃতার্থ তা সহ্য করা কঠিন। ভাগামশ্তের ছেলে ধাত্রীশ্তন্যে মোটাসোটা হইয়া উঠক-না, কিশ্তু গরিবের ছেলেকে তার মাতৃশ্তন্য হইতে বিশ্বত করা কেন? ··

আমি জানি তক' এই উঠিবে, 'তুমি বাংলাভাষার যোগে উচ্চশিক্ষা দিতে চাও কিন্তু বাংলাভাষার উ'চুবরের শিক্ষাগ্রাত্থ কই ?' নাই সে কথা মানি, কিন্তু শিক্ষা না চালিলে শিক্ষাগ্রাত্থ হয় কী উপারে ? শিক্ষাগ্রাত্থ বাগানের গাছ নয় যে শোখিন লোকে শ্র করিয়া তার কেয়ারি করিবে, কিন্বা সে আগাছাও নয় যে মাঠে বাটে নিজের প্লোকে নিজেই কটকিত হইয়া উঠিবে। শিক্ষাকে যদি শিক্ষাপ্রাত্থের জন্য বিনয়া থাকিতে হয়

তবে পাতার জোগাড় আগে হওয়া চাই তার পরে গাছের পাঙ্গা, এবং কুলের পথ চাহিয়া নদীকে মাথায় হাত দিয়া পড়িতে হইবে।

বাংলায় উচ্চ অপ্নের শিক্ষাগ্রন্থ বাহির হইতেছে না এটা বদি আক্ষেপের বিষয় হয় তবে তার প্রতিকারের একমাত্র উপায়, বিশ্ববিদ্যালয়ে বাংলায় উচ্চ-অপ্নের শিক্ষা প্রচলন করা। বংগসাহিত্যপরিষং কিছ্মকাল হইতে এই কাজের গোড়াপন্তনের চেন্টা করিতেছেন। পরিভাষা রচনা ও সংকলনের ভার পরিষং লইয়াছেন, কিছ্ম কিছ্ম করিয়াওছেন। তাঁদের কাজ ঢিমা চালে চলিতেছে বা অচল হইয়া আছে বলিয়া নালিশ করি। কিন্তু দ্ম পা ও যে চলিয়াছে এইটেই আশ্চর্য। দেশে এই পরিভাষা-তৈরির তাগিদ কোথায় ? ইহার ব্যবহারের প্রয়োজন বা স্থযোগ কই ? দেশে টাকা চলিবে না অথচ টাকশাল চলিতেই থাকিবে, এমন আবদার করি কোনা লম্জায় ? ·

জার্মানিতে ফ্রান্সে আমেরিকায় জাপানে যে-সকল আধ্বনিক বিশ্ববিদ্যালয় জাগিয়া উঠিয়াছে তাদের মলে উদ্দেশ্য সমস্ত দেশের চিত্তকে মান্য করা। দেশকে তারা স্থি করিয়া চলিতেছে। বীজ হইতে অংকুরকে, অংকুর হইতে বৃক্ষকে তারা ম্বিন্তান করিতেছে। মান্যের ব্যিধ্বৃত্তিকে, চিত্তশক্তিকে উম্মাটিত করিতেছে।

দেশের এই মনকে মান্য করা কোনোমতেই পরের ভাষায় সম্ভবপর নহে। আমরা লাভ করিব, কিন্তু সে লাভ আমাদের ভাষাকে প্রে করিবে না; আমরা চিন্তা করিব, কিন্তু সে চিন্তার বাহিরে আমাদের ভাষা পড়িয়া থাকিবে; আমাদের মন বাড়িয়া চলিবে, সংগে সংগে আমাদের ভাষা বাড়িতে থাকিবে না—সমস্ত শিক্ষাকে অকৃতার্থ করিবার এমন উপায় আর কী ইতে পারে!

তার ফল হইয়াছে, উচ্চ-অণ্যের শিক্ষা যদি বা আমরা পাই উচ্চ-অশ্যের চিশ্তা আমরা করি না। কারণ. চিশ্তার খ্বাভাবিক বাহন আমাদের ভাষা। বিদ্যালয়ের বাহিরে আসিয়া পোশাকি ভাষাটা আমরা ছাড়িয়া ফেলি, সেই সঞ্গে তার পকেটে বা-কিছ্ সঞ্চয় থাকে তা আল্নায় ঝোলানো থাকে; তার পরে আমাদের চিরদিনের আটপোরে ভাষায় আমরা গল্প করি, গ্রুক্তব করি, রাজা-উজির মারি, তর্জমা করি, চুরি করি এবং খবরের কাগজে অগ্রাব্য কাপ্রের্যভার বিশ্তার করিয়া থাকি। এসন্তেরও আমাদের দেশে বাংলায় সাহিত্যের উন্নতি হইতেছে না এমন কথা বলি না, কিশ্তু এ সাহিত্যে উপবাসের লক্ষণ যথেন্ট দেখিতে পাই। যেমন, এমন রোগী দেখা যায় যে খায় প্রচুর অথচ তার হাড় বাহির হইয়া পড়িয়াছে, তেমনি দেখি আমরা যতটা শিক্ষা করিতেছি তার সমশ্তটা আমাদের সাহিত্যের সর্বাণ্যে পোষণ সঞ্চার করিতেছে না। খাদ্যের সংগ্ আমাদের প্রাণের সংগ্ সম্পূর্ণ যোগ হইতেছে না তার প্রধান কারণ, আমরা নিজের ভাষার রসনা দিয়া খাই না; আমাদের কলে করিয়া খাওরানো হয়, তাতে আমাদের পেট ভাতি করে, দেহপ্রতি করে না।

সকলেই জানেন, আমাদের বিশ্ববিদ্যালয় লন্ডন বিশ্ববিদ্যালয়ের ছাঁচে তৈরি। ঐ বিদ্যালয়টি পরীক্ষায় পাস করা ডিগ্রীধারীদের নামের উপর মার্কা মারিবার একটা বড়গোছের সীলমোহর। সানুষকে তৈরি করা নয়, মানুষকে চিহ্নিত করা তার কাজ।

### রবীন্দ্রনাথের চিম্তাজগ্নং

মান্বকে হাটের মাল করিয়া তার বাজার-দর দাগিয়া দিয়া ব্যবসাদারির সহায়তা সে করিয়াছে।

আমাদের বিশ্ববিদ্যালয় হইতেও আমরা সেই ডিগ্রীর টাকশালের ছাপ লওয়াকেই বিদ্যালাভ বলিয়া গণ্য করিয়াছি। ইহা আমাদের অভ্যাস হইয়া গ্যেছে। আমরা বিদ্যাপাই বা না পাই বিদ্যালয়ের একটা ছাঁচ পাইয়াছি। আমাদের মুশকিল এই যে, আমরা চিরদিন ছাঁচের উপাসক। ছাঁচে-ঢালাই-করা রীতিনীতি চাল-চলনকেই নানা আকারে প্রের অর্ঘ্য দিয়া এই ছাঁচ-দেবীর প্রতি অচলা ভত্তি আমাদের মুক্তাগত। সেইজন্য ছাঁচে-ঢালা বিদ্যাটাকে আমরা দেবীর বরদান বলিয়া মাথায় করিয়া লই; ইহার চেয়ে বড়ো কিছু আছে এ কথা মনে করাও আমাদের পক্ষে শক্ত।

তাই বলিতেছি, আমাদের বিশ্ববিদ্যালয়ের যদি একটা বাংলা অংগের স্কৃথি হয় তার প্রতি বাঙালি অভিভাবকদের প্রসন্ন দৃথি পড়িবে কি না সন্দেহ। তবে কিনা, ইংরেজি চাল্নির ফাঁক দিয়া যারা গলিয়া পড়িতেছে এমন ছেলে এখানে পাওয়া যাইবে। কিশ্তু আমার মনে হয়, তার চেয়ে একটা বড়ো স্থবিধার কথা আছে।

সে স্থাবিধাটি এই যে. এই অংশেই বিশ্ববিদ্যালয় গ্বাধীনভাবে ও গ্বাভাবিকর্পে নিজেকে সৃণ্টি করিয়া তুলিতে পারিবে। তার একটা কারণ, এই অংশের শিক্ষা অনেকটা পরিমাণে বাজার-দরের দাসত্ব হইতে মৃত্ত হইবে। আমাদের অনেককেই ব্যবসার খাতিরে জাঁবিকার দায়ে ডিগ্রা লইতেই হয়, কিল্টু সে পথ যাদের অগত্যা বংধ কিলা যারা শিক্ষার জন্যই শিখিতে চাহিবে তাবাই এই বাংলাবিভাগে আকৃণ্ট হইবে। শৃধ্যু তাই নয়, যারা দায়ে পড়িয়া ডিগ্রা লইতেছে তারাও অবকাশমত বাংলাভাষার টানে এই বিভাগে আনাগোনা করিতে ছাড়িবে না। কারণ, দু দিন না যাইতেই দেখা যাইবে, এই বিভাগেই আমাদের দেশের অধ্যাপকদের প্রতিভার বিকাশ হইবে। এখন যারা কেবল ইংরেজি শব্দের প্রতিশব্দ ও নোটের ধ্লা উড়াইয়া আধি লাগাইয়া দেন তারাই সেদিন ধারাবর্ষণে বাংলার ত্যিত চিত্ত জ্বড়াইয়া দিবেন।

থমনি করিয়া যাহা সজীব তাহা ক্রমে কলকে আচ্ছন্ন করিয়া নিজের শ্বাভাবিক সফলতাকে প্রমাণ করিয়া তুলিবে। একদিন ইংরে জিশিক্ষিত বাঙালি নিজের ইংরেজি লেখার অভিমানে বাংলাভাষাকে অবজ্ঞা করিয়াছিল, কিশ্তু কোথা ইইতে নব বাংলা-সাহিত্যের ছোটো একটি অব্দুর বাংলার ছনযের ভিতর হইতে গলাইয়া উঠিল — তথন তার ক্ষুদ্রতাকে তার দ্বর্ণলতাকে পরিহাস করা সহল্প ছিল - কিশ্তু সে যে সজীব, ছোটো হইলেও উপেক্ষার সামগ্রী নয়; আদ্র সে মাথা তুলিয়া বাঙালির ইংরেজি রচনাকে অবজ্ঞা করিবার সামর্থ্য লাভ করিয়াছে। অব্যুক্ত বাংলাসাহিত্যের কোনো পরিচয় কোনো আদর রাজবাবে ছিল না —আমানের মতো অবীন জাতির পক্ষে সেই প্রলোভনের অভাব কম অভাব নয় — বাহিরের সেই-সম্পত অনাবরকে গণ্য না করিরা বিলাতি বাজারের যাচনবারের দৃষ্টির বাহিবে কেবলমান্ত নিজের প্রাণের আনশেব সাম্বিত্যকরা যান ইংরেজি কপিবকে নকল করিয়া আসিতেন তাহা হইলে জগতে যে প্রভূত আবর্জনার সৃষ্টি হইত তাহা কল্পনা করিলেও গায়ে কটি দিয়া উঠে।

এতদিন ধরিয়া ইংরেজি বিদ্যার যে কলটা চলিতেছে সেটাকে মিশ্বীখানার যোগে বদল করা আমাদের সাধ্যায়ন্ত নহে। তার দুটো কারণ আছে। এক, কলটা একটা বিশেষ ছাঁচে গড়া, একেবারে গোড়া হইতে সে ছাঁচ বদল করা সোজা কথা নয়। দিতীয়ত, এই ছাঁচের প্রতি ছাঁচ উপাসকদের ভক্তি এত স্থদ্ট যে, আমরা ন্যাশনাল কলেজই করি আর হিশ্দ্র য়্নিভার্মিটিই করি আমাদের মন কিছুতেই ঐ ছাঁচের মাঠা হইতে মাজি পায় না। ইহার সংশ্কারের একটিমার উপায় আছে, এই ছাঁচের পাশে একটা সজীব জিনিসকে অলপ একটু শ্থান দেওয়া। তাহা হইলে সে তর্ক না করিয়া, বিরোধ না করিয়া কলকে আছেয় করিয়া একদিন মাথা তুলিয়া উঠিবে এবং কল যথন আকাশে খেওয়া উড়াইয়া ঘর্ষার শশে হাটের জন্য মালের বন্ধতা উন্গার করিতে থাকিবে তথন এই বনম্পতি নিঃশন্দে দেশকে ফল দিবে, ছায়া দিবে এবং দেশের সম্মত কলভাষী বিহুগ্গদলকে নিজের শাখায় শাখায় আশ্রয় দান করিবে।

কিন্তু ঐ কলটার সংগ্রে রফা করিবার কথাই বা কেন বলা? ওটা দেশের আপিস আদালত, প্রলিশের থানা, জেলথানা, পাগ্লাগারদ, ভাহাজের জেটি, পাটের কল প্রভৃতি আধ্বনিক সভ্যতার আসবাবের সামিল হইয়া থাক্-না। আমাদের দেশ যেথানে ফল চাহিতেছে, ছায়া চাহিতেছে, সেথানে কোঠাবাড়িগ্রলা ছাড়িয়া একবার মাটির দিকেই নামিয়া আসি-না কেন? গ্রের চারি দিকে শিষ্য আসিয়া যেমন শ্বভাবের নিয়মে বিশ্ববিদ্যালয় স্ভিট করিয়া তোলে, বৈদিককালে যেমন ছিল তপোবন, বৌশ্বলাল যেমন ছিল নালন্দা-তক্ষশিলা, ভারতের দ্বর্গতির দিনেও যেমন করিয়া টোল-চত্রপাঠী দেশের প্রাণ হইতে প্রাণ লইয়া দেশকে প্রাণ দিয়া রাখিয়াছিল, তেমনি করিয়াই বিশ্ববিদ্যালয়কে জীবনের দ্বারা জীব-লোকে স্ভিট করিয়া তুলিবার কথাই সাহস করিয়া বলা যা হ্-না কেন?

# ः ।कर्षि

### শিক্ষার বাহন

অগ্রহায়ণ, ১৩২২ সালে রামমোহন লাইরেরীতে রবীন্দ্রনাথ প্রবন্ধটি পাঠ করেন।

### উল্লেখযোগ্য বিষয় / মশ্তব্য :

মাতৃভাষা, শিক্ষার বিকিবণ, বিশ্ববিদ্যালয়।

## कुलनीय প্रमण्य

১ ন্যাশনল ফণ্ড। ২ শিক্ষার হেরফের। ৩ প্রসংগ কথা ১ (তিনখানি পত্র)। ৪ শিক্ষার হেরফের প্রবন্ধের অনুবৃত্তি। ৫ বাংলা শিক্ষার অবসান (জীবনস্মৃতি)। ৬ ইংরেজি শেখা। ৭ লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি। ৮ ছাত্রদের প্রতি সম্ভাষণ। ৯ বিশ্ববিদ্যালয়ের রূপ। ১০ শিক্ষার শ্বাংগীকরণ। ১১ ছাত্রসম্ভাষণ। ১২ পূর্ব প্রশ্নের অনুবৃত্তি। ১৩ রাশিয়ার চিঠি। ১৪ সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ ২নং। ১৫ পল্লীসেবা। ১৬ ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ১৭ বাংলা শিক্ষার প্রণালী ইত্যাদি।

### রৰীন্দ্রনাথের চিন্তাজগণ

#### ৩৪। চাত্রশাসনভন্ন

সব্জপত, চৈত্ত ১৩২২ (১৯১৬)

প্রেসিডেন্সি কলেজে ছাত্রদের সহিত কোনো কোনো য়,রোপীয় অধ্যাপকের বে বিরোধ ঘটিয়াছে তাহা লইয়া কোনো কথা বলিতে সংকোচ বোধ করি। তার একটা কারণ, ব্যাপারটা দেখিতেও ভালো হয় নাই, শ্,নিতেও ভালো নয়। আর-একটা কারণ, ইংরেজ ও ভারতবাসীর সম্পর্কটার মধ্যে যেখানে কিছ্ব ব্যথা আছে সেখানে নাড়া দিতে ইছা করে না।…

কাগজে দেখিতে পাই, অনেকে এই বলিয়া আক্ষেপ করিতেছেন যে, যে ভারতবর্ষে গ্রের্শিষ্যের সংবংধ ধর্মসংবংধ সেখানে এমনতরো ঘটনা বিশেষ ভাবে গহিত। শ্বের্গিত এ কথা বলিয়া পার পাইব না, চিরকালীন এই সংস্কার অস্থিমস্কার মধ্যে থাকা সত্ত্বেও ব্যবহারে তাহার ব্যতিক্রম ঘটিতেছে কেন এর একটা সত্য উত্তর বাহির করিতে হইবে।

বাংলাদেশের ছাত্রদের মনগতত্ত্ব যে বিধাতার একটা খাপছাড়া খেয়াল এ কথা মানি না। ছেলেরা যে বয়সে কলেজে পড়ে সেটা একটা বয়ঃসন্ধির কাল। তখন শাসনের সীমানা হইতে গ্বাধীনতার এলাকায় সে প্রথম পা বাড়াইয়ছে। এই গ্বাধীনতা কেবল বাহিরের ব্যবহারগত নহে; মনোরাজ্যেও সে ভাষার খাঁচা ছাড়িয়া ভাবের আকাশে ডানা মেলিতে শ্রুর করিয়ছে। তার মন প্রশ্ন করিবার, তক করিবার, বিচার করিবার অধিকার প্রথম লাভ করিয়ছে। শারীর-মনের এই বয়ঃসন্ধিকালিটিই বেদনাক তারতায় ভরা। এই সময়েই অলপমাত্র অপমান মর্মে গিয়া বি ধিয়া থাকে এবং আভাসমাত্র প্রীতি জীবনকে স্থাময় করিয়া তোলে। এই সময়েই মানবসংস্তবের জোর তার পারে যতটা খাটে এমন আর-কোনো সময়েই নয়।

এই বয়সটাই মানুষের জীবন মানুষের সংগপ্রভাবেই গড়িয়া উঠিবার পক্ষে সকলের চেয়ে অনুকূল, দ্বভাবের এই সত্যটিকে সকল দেশের লোকেই মানিয়া লইয়াছে। এইজনাই আমাদের দেশে বলে: প্রাপ্তে তু বোড়শে বর্ষে প্রুং মিত্রবদাচরেং। তার মানে এই বয়সেই ছেলে যেন বাপকে প্রাপ্তির মানুষ বলিয়া ব্রিকতে পারে, শাসনের কল বলিয়া নহে, কেননা, মানুষ হইবার পক্ষে মানুষের সংপ্রব এই বয়সেই দরকার। এইজনাই সকল দেশেই য়ুনিভার্সিটিতে ছাত্ররা এমন একটুখানি সম্মানের পদ পাইয়া থাকে যাহাতে অধ্যাপকদের বিশেষ কাছে তারা আসিতে পারে এবং সে স্থযোগে তাদের জীবনের পরে মানব-সংপ্রবের হাত পড়িতে পায়। এই বয়সে ছাত্রগণ শিক্ষার উদ্যোগপর্ব শেষ করিয়া মনুষ্যন্বের সার জিনিসগ্রিলকে আত্মসাং করিবার পালা আরুত্ত করে; এই কাজটি দ্বাধীনতা ও আত্মসম্মান ছাড়া হইবার জো নাই। সেইজনাই এই বয়সে আত্মসম্মানের সম্বন্ধে দরদ বড়ো বেশি হয়। চিবাইয়া খাইবার বয়স আসিলে বেশ একটু জানান দিয়া দাঁত ওঠে, তেমনি মনুষ্যন্থলাভের যখন বয়স আসে তখন আত্মসম্মানবোধটা একট ঘটা করিয়াই দেখা দেয়।

**बरे वस्त्रध्यान्ध्य कारम हात्रहा भारम भारम बक-बक्छा राष्ट्रामा वाधारेसा वरम। यथारम** 

ছারদের সপো অধ্যাপকের সম্বন্ধ স্বাভাবিক সেখানে এই-সকল উৎপাতকে জোয়ারের জলের জঞ্জালের মতো ভাসিয়া যাইতে দেওয়া হয়; কেননা, তাকে টানিয়া তুলিতে গেলেই সেটা বিশ্রী হইয়া উঠে।

বিধাতার নিয়ম অনুসারে ছাত্রদেরও এই বয়ঃসন্ধির কাল আসে, তথন তাহাদের ননোবৃত্তি যেমন এক দিকে আত্মশক্তির অভিমন্থে মাটি ফ্র্ডিয়া উঠিতে চায় তেমনি আর-এক দিকে যেখানে তারা কোনো মহন্ত্র দেখে, যেখান হইতে তারা শ্রুখা পায়, জ্ঞান পায়, দরদ পায়, প্রাণের প্রেরণা পায়, সেখানে নিজেকে উৎসর্গ করিবার জন্য ব্যগ্র হইয়া ঠে। মিশনরি কলেজের বিধাতা-প্রন্থের বিধানে ঠিক এই বয়সেই তাহাদিগকে শাসনে পেষণে দলনে দমনে নিজীব জড়পিও করিয়া তুলিবার জাতাকল বানাইয়া তোলা জগদ বিধাতার বির্দেধ বিদ্রোহ; ইহাই প্রকৃত নাদিতকতা।

জেলখানার কয়েদি নিয়মের নড়চড় করিলে তাকে কড়া শাসন করিতে কারও বাধে না; কেননা তাকে অপরাধী বলিয়াই দেখা হয়, মান্ম বলিয়া নয়। অপমানের কঠোরতায় মান্ধের মনে কড়া পড়িয়া তাঝে কেবলই অমান্ম করিতে থাকে, সেহিসাবটা কেহ করিতে চায় না; কেননা, মান্ধের দিক দিয়া তাকে হিসাব করাই হয় না। এইজনা জেলখানার সদািরি যে করে সে মান্ধকে নয়, অপরাধীকেই সকলের চেয়ে বড়ো করিয়া দেখে।

সৈন্যদলকে তৈরি করিয়া তুলিবরে ভার যে লইয়াছে সে মান্বাক একটিমাত সংকীর্ণ প্রয়োজনের দিক হইতেই দেখিতে বাধ্য। লড়াইয়ের নিখ্ত কল বানাইবার ফর্মাশ তার উপরে। স্থতরাং, সেই কলের হিসাবে যে-কিছ্ব ত্র্বিট সেইটে সে একাশ্ত করিয়া দেখে এবং নিম্মভাবে সংশোধন করে।

কিন্তু ছাত্রকে জেলের কয়েদি বা ফোজের সিপাই বলিয়া আমরা তো মনে ভাবিতে পারি না। আমরা জানি, তাহাদিগকে মান্য করিয়া তুলিতে হইবে। মান্যের প্রকৃতি সংক্ষা এবং সজীব তন্তুজালে বড়ো বিচিত্র করিয়া গড়া। এইজন্যই মান্যের মাথা ধরিলে মাথায় ম্গ্রে মারিয়া সেটা সারানো যায় না; তানক দিক বাঁচাইয়া প্রকৃতির সাধ্যসাধনা করিয়া তার চিকিৎসা করিতে হয়। এমন লোকও আছে এ সন্বন্ধে ধারা বিজ্ঞানকে খ্রই সহজ করিয়া আনিয়াছে; তারা সকল ব্যাধিবই একটিমাত্র কারণ ঠিক করিয়া রাখিয়াছে, সে ভূতে পাওয়া। এবং তারা মিশনরি কলেজের ওঝাটির মতো ব্যাধির ভূতকে মারিয়া ঝাড়িয়া, গরম লোহার ছাাঁকা দিয়া, চীৎকার করিয়া, তাড়াইতে চায়। তাহাতে ব্যাধি যায়। এবং প্রাণপদার্থের প্রায় পনেরো আনা তার অন্সরণ করে।

এ হইল আনাড়ির চিকিৎসা। যারা বিচক্ষণ তারা ব্যাধিটাকেই স্বতস্ত করিয়া দেখে না; চিকিৎসার সময় তারা মান্ধের সমস্ত ধাতটাকে অখন্ড করিয়া দেখে; মানবপ্রকৃতির জটিলতা ও স্ক্রেতাকে তারা মানিয়া লয় এবং বিশেষ কোনো ব্যাধিকে শাসন করিতে গিয়া সমস্ত মান্ধকে নিকাশ করিয়া বসে না।

অতএব যাদের উচিত ছিল জেলের দারোগা বা ড্রিল সার্জে ট্র বা ভূতের ওঝা হওরা তাদের কোনোমতেই উচিত হয় না ছার্নাদগকে মানুষ করিবার ভার লওয়া। ছারদের

### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

ভার তাঁঃাই লইবার অধিকারী যাঁরা নিজের চেয়ে বয়সে অলপ, জ্ঞানে অপ্রবীণ ও ক্ষমতায় দ্বর্ণলকেও সহজেই শ্রুখা করিতে পারেন; যাঁরা জানেন, শক্তস্য ভূষণং ক্ষমা; যাঁরা ছাত্রকেও মিত্র বলিয়া গ্রহণ করিতে কুণ্ঠিত হন না।

যিশ্ব্দুট বলিয়াছেন, 'শিশ্বিদগকে আমার কাছে আসিতে দাও।' তিনি শিশ্বিদগকে বিশেষ করিয়া শ্রুণা করিয়াছেন। কেননা, শিশ্বদের মধ্যেই পরিপ্রেণতার ব্যঞ্জনা আছে। যে মান্য বয়সে পাকা হইয়া অভ্যাসে সংস্কারে ও অহমিকায় কঠিন হইয়া গেছে সে মান্য সেই প্রেণতার ব্যঞ্জনা হারাইয়াছে; বিশ্বগ্রুর কাছে আসা তার পক্ষেই বড়ো কঠিন।

ছাত্রেরা গড়িয়া উঠি:তছে; ভাবের আলোকে, রসের বর্ষণে তাদের প্রাণকোরকের গোপন মর্মাপথলে বিকাশবেদনা কাজ করিতেছে। প্রকাশ তাদের মধ্যে থামিয়া যায় নাই; তাদের মধ্যে পরিপ্রণাতার ব্যঞ্জনা। সেই জনই সংগ্রের্ইহাদিগকে শ্রুখা করেন, প্রেমের সহিত কাছে আহ্বান করেন, ক্ষমার সহিত ইহাদের অপরাধ মার্জানা করেন এবং খৈবার সহিত ইহাদের চিত্তব্যত্তিকে উধের্র দিকে উদ্ঘোটন করিতে থাকেন। ইহাদের মধ্যে প্রণামন্যাপ্রের মহিমা প্রভাতের অর্বারেখার মতো অসীম সভাব্যতার গোরবে উন্জর্ল; সেই গোরবের দীপ্তি যাদের চোথে পড়ে না, যারা নিজের বিদ্যা পদ বা জাতির অভিমানে ইহাদিগকে পদে পদে অবজ্ঞা করিতে উদ্যত, তারা গ্রের্পদের অযোগ্য। ছাত্রদিগকে যারা শ্বভাবতই শ্রুখা করিতে না পারে ছাত্রদের নিকট হইতে ভক্তি তারা সহজে পাইতে পারিবে না। কাজেই ভক্তি জ্যের করিয়া আদায় করিবার জন্য তারাই রাজদরবারে কড়া আইন ও চাপরাশওয়ালা পেয়াদার দরবার করিয়া থাকে।

ছাত্রদিগকে কড়া শাসনের জালে যাঁরা মাথা হইতে পা পর্যশ্ত বাঁধিয়া ফেলিতে চান তাঁরা অধ্যাপকদের যে কত বড়ো ক্ষতি করিতেছেন সেটা যেন ভাবিয়া দেখেন। প্রিবীতে অলপ লোকই আছে নিজের অশ্তরের মহৎ আদর্শ যাহাদিগকে সতা পথে আহ্বান করিয়া লইয়া যায়। বাহিরের সংগ্যে ঘাত-প্রতিঘাতের ঠেলাতেই তারা কর্তব্য সম্বশ্বে সতর্ক হইয়া থাকে। বাহিরের সংগ্যে বোঝাপড়া আছে বলিয়াই তারা আত্মবিশ্বতে হইতে পারে না।

এইজনাই চারিদিকে যেখানে দাসত্ব মনিবের সেখানে দর্গতি, শাদ্র যেখানে শাদ্র রান্ধানর সেখানে দর্গতি, শাদ্র যেখানে শাদ্র রান্ধানর সেখানে অধঃপতন। কঠোর শাসনের চাপে ছাত্রেরা যদি মানবংশবভাব হইতে হাওঁ হয়, সকলপ্রকার অপমান দর্বাবহার ও অযোগ্যতা যদি তারা নিজীবভাবে নিঃশব্দে সহিয়া যায়, তবে অধিকাংশ অধ্যাপকদিগকেই তাহা অধোগতির দিকে টানিয়া লাইবে। ছাত্রদের মধ্যে অবজ্ঞার কারণ তারা নিজে ঘটাইয়া তুলিয়া তাহাদের অবমাননার ত্বারা নিজেকে অহরহ অবমানিত করিতে থাকিবেন। অবজ্ঞার ক্ষেত্রে নিজের কর্তব্য কথনোই কেহ সাধন করিতে পারে না।

অপর পক্ষে বালবেন, তবে কি ছেলেরা যা খানি তাই করিবে আর সমস্তই সহিয়া লইতে হইবে ? আমার কথা এই, ছেলেরা যা খানি তাই কখনোই করিবে না। তারা ঠিক পথেই চালবে, যদি তাহাদের সংগে ঠিকমত ব্যবহার করা হয়। যদি

তাহাদিগকে অপমান কর, তাহাদের জাতি বা ধর্ম বা আচারকে গালি দাও, যদি দেখে তাহাদের পক্ষে স্থাবিচার পাইবার আশা নাই, যদি অন্ভব করে যোগ্যতাসত্ত্বেও তাহাদের শ্বদেশীয় অধ্যাপকেরা অযোগ্যের কাছে মাথা হে<sup>\*</sup>ট করিতে বাধ্য, তবে ক্ষণে ক্ষণে তারা অসহিষ্ট্তা প্রকাশ করিবেই; যদি না করে তবে আমরা সেটাকে লক্ষা এবং দঃথের বিষয় বলিয়া মনে করিব।

অপর পক্ষে একটি সংগত কথা বলিবার আছে। রুরোপীয়ের পক্ষে ভারতবর্ষ বিদেশ, এখানকার আবহাওয়া ক্লান্তিকর, তাঁহাদের পানাহার উত্তেজক, আমরা তাঁহাদের অধীনম্থ জাতি, আমাদের বর্ণ ধর্ম ভাষা আচার সমন্তই ন্বতন্ত। তার উপরে, এ দেশে প্রত্যেক ইংরেজই রাজশক্তি বহন করেন, স্বতরাং রাজাসন তার সংগ্যে সংগ্রেই চলিতে থাকে; এজন্য ছাত্রকে কেবলমাত ছাত্র বলিয়া দেখা তাঁর পক্ষে শক্ত, তাকে প্রজা বলিয়াও দেখেন। অতএব, অতি সামান্য কারণেই অসহিষ্ণু হওয়া তাঁর পক্ষে ন্বাভাবিক। বাঙালি ছাত্রদের মানুষ করিবার ভার কেবল তাঁর নয়, ইংরেজ-রাজের প্রতিষ্ঠা রক্ষার ভারও তাঁর। অতএব, একে তিনি ইংরেজ, তার উপরে তিনি ইম্পীরেজল সাভিসের অধ্যাপক, তার উপরে তিনি রাজার অংশ তার উপরে তাঁর বিশ্বাস তিনি পতিত-উন্ধার করিবার জন্য আমাদের প্রতি কৃপা করিয়াই এ দেশে আসিয়াছেন—এমন অবম্থায় সকল সময়ে তাঁর মেজাজ ঠিক না থাকিতেও পারে। অতএব, তিনি কির্পে ব্যবহার করিবেন সে বিচার না করিয়া ছাত্রদেরই ব্যবহারকে আন্টেপ্রেই কঠিন করিয়া বাঁধিয়া দিতে ইইবে। সম্দ্রকে বলিলে চলিবে না যে, 'তুমি এই প্রথ'ন্ত আসিবে তার উথর্বে নয়', তাঁরে যারা আছে তাহাদিগরেই ব্যবহার, 'তোমরা হঠো, হঠো, আরো হঠো।'

তাই বলৈতেছি এ কথা সত্য বলিয়া মানিতেই হইবে যে, নানা আনবার্য কারণে ইংরেজ অধ্যাপক বাঙালি ছাত্রের সহিত বিশাশ্ব অধ্যাপকের মতো ব্যবহার করিয়া উঠিতে পারেন না। কেম্রিজে অক্স্ফোর্ডে ছাত্রদের সহিত অধ্যাপকদের সম্বন্ধ করিপে তক'স্থলে আমরা সে নজির উত্থাপন করিয়া থাকি, কিম্তু তাহাতে লাভ কী! সেখানে যে সম্বন্ধ স্বাভাবিক এখানে যে তাহা নহে, সে কথা শ্বীকার স্থিতিই ইইবে। অতএব, স্বাভাবিকতায় যেখানে গতে আছে সেখানে শাসনের ইউপাটকেল দিয়া ভরাট করিবার কথাটাই স্বর্ণগ্রে মনে আসে।

সমস্যাটা আমাদের পক্ষে শক্ত হইয়াছে এই কারণেই। এইজনাই আমাদের স্বদেশীয় বিজ্ঞেরাও ছাত্রদিগকে প্রামশ দিয়া থাকেন যে, 'বাপ্ন, তোমরা কোনোমতে এগ্জামিন পাস করিয়াই সম্ভূণ্ট থাকো, মানুষ হইবার দ্বাশা মনে রাখিয়ো না।'

এ বেশ ভালো কথা। কিন্তু স্ববৃদ্ধির কথা চির্রাদন খাটে না; মানবপ্রকৃতি স্ববৃদ্ধির পাকা ভিতের উপরে পাথরে গাঁথিয়া তৈরি হয় নাই। তাকে বাড়িতে হইবে, এইজন্যই কে কাঁচা। এইজন্যই কৃত্রিম ঘেরটাকে সে খানিকটা দরে পর্যন্ত সহ্য করে; তার পরে প্রাণের বাড় আর আপনাকে ধরিয়া রাখিতে পারে না, একদিন হঠাৎ বেড়া ফাটিয়া ভাঙিয়া পড়ে। যে প্রাণ কচি তারই জয় হয়, যে বাঁধন পাকা সে ৌকে না।

অতএব, স্বভাবকৈ যদি কেবল এক পক্ষেই মানি এবং অপর পক্ষে একেবারেই অগ্নাহ্য করি তবে কিছুদিন মনে হয়, সেই এক-তরফা নিম্পন্তিতে বেশ কাজ চলিতেছে।

### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

তার পরে একদিন হঠাং দেখিতে পাই কাজ একেবারেই চলিতেছে না। তখন বিগন্ধে রাগ হয়; যা এতদিন ঠান্ডা ছিল তার অকন্মাৎ চন্টলতা গ্রেত্র অপরাধ বলিয়াই গণ্য হইতে থাকে এবং সেই কারণেই শান্তির মাত্রা দন্ডবিধির সহজ বিধানকে ছাড়াইয়া ধায়। তার পর হইতে সমন্ত ব্যাপারটা এমনি জটিল হইয়া উঠে যে কমিশনের পধায়েত তার মধ্যে পথ খাজিয়া পায় না; তখন বলিতে বাধ্য হয় যে, 'কুড়াল দিয়া কাটিয়া, আগনে দিয়া পোড়াইয়া, দটীমারোলার দিয়া পিষিয়া রান্তা তৈরি করে। '

কথাটা বেশ। কর্ণধার কানে ধরিয়া ঝি কা মারিতে মারিতে স্কুলের থেয়া পার করিয়া দিল, তার পরে লোইশাসনের কলের গাড়িতে প্রাণরসকে অন্তরর্মধ তপ্তবাৎপ পরিণত করিয়া য়ুনিভাসি টির শেষ ইস্টেশনে গিয়া নামিলাম, সেখানে চাকরির বাল্মের্তে দীর্ঘ মধ্যান্থ জীবিকামরীচিকার পিছনে ধ্রিকতে ধ্রিকতে চলিলাম, তার পরে স্থা যখন অস্ত যায় তখন যমরাজের সদর গেটের কাছে গিয়া মাণার বোঝা নামাইয়া দিয়া মনে করিলাম 'জীবন সার্থক হইল'। জীবনযাত্রার এমন নিরাপদ এবং শান্তিময় আদর্শ অন্য কোথাও নাই। এই আদর্শ আমাদের দেশে যদি চিরদিন টে কা সম্ভবপর হইত তাহা হইলে কোনো কথা বলিতাম না।

কিন্তু টিনিল না। তার কারণ, আমরা তো কেবলমাত খৃণ্টানকলেজের প্রধান অধ্যক্ষ এবং পতিত-উন্ধারের দ্বঃসাধ্যন্ততধারীদের কাছ হইতেই শিক্ষা পাই নাই। আমরা যে ইংলন্ডের কাছ হইতে শিখিতেছি। সেও আন্ত একশো বছরের উপর হইরা গেল। সে শিক্ষা তো বন্ধ্যা নহে, ন্তন প্রাণকে সে জন্ম দিবেই। তার পরে সেই প্রাণের ক্ষ্মাতৃষ্ণা যে অলপানীয়ের দাবি করিবে তাকে একেবারে প্রত্যাখ্যান করিতে কেহ পারিবে না।…

ইংলন্ড্ যতক্ষণ পর্যশত ভারতবর্ষের সংগে আপন সম্পর্ক রাখিয়াছে ততক্ষণ পর্যশত আপনাকে আপনি লন্ধন করিতে পারিবে না। যাহা তার সর্বোচ্চ সম্পদ তাহা ইচ্ছা করিয়াই হউক, ইচ্ছার বির্দেধই হউক. আমাদিগকে দিতেই হইবে। ইহাই বিধাতার অভিপ্রায়, তার সংগে প্রিন্সিপাল সাহেবের অভিপ্রায় মিল্ক আর নাই মিল্ক। তাই আজ আমাদের ছাত্রেরা কেবলমাত্র ইংরেজি কেতাবের ইংরেজি নোট কুড়ানোর উপ্থব্যিততেই মিজেকে কতার্থ মনে করিবে না, আজ তারা আত্মসম্মানকে কছায় রাখিতে চাহিবেই; আজ তারা নিজেকে কলের প্রত্বল বলিয়া ভূল করিতে পারিবে না; আজ তারা জেলের দারোগাকে নিজের গ্রহ্ম বলিয়া মানিয়া শাসনের চোটে তাকে গ্রহ্মভন্তি দেখাইতে রাজি হইবে না। আজ যাহা সত্য হইয়া উঠিয়াছে তাকে গালি দিলেও তাহা মিথ্যা হইবে না এবং তার গালে চড় মারিলেও সে যে সত্য ইহাই আরও বেশি করিয়া প্রমাণ হইতে থাকিবে।

যে কথা লইয়া আজ আলোচনা চলিতেছে এ যদি একটা সামান্য ও সামিরক আন্দোলন মাত্র হইত তাহা হইলে আমি কোনো কথাই বলিতাম না। কিন্তু ইহার মলে খবে একটা বড়ো কথা আছে, সেইজন্যই এই প্রসপ্তে চুপ করিয়া থাকা অন্যায় মনে করি।

মান্বের ইতিহাস ভিন্ন দেশে ভিন্ন মূর্তি ধরে। ভারতবর্ষের ইতিহাসেরও

### त्वीन्युत्रह्मा-मश्कलम

বিশেষৰ আছে। সেই ইতিহাসের গোড়া হইতেই আমরা দেখিরা আসিতেছি, এ দেশ কোনো বিশেষ একটি জাতির বা বিশেষ একটি সভ্যতার দেশ নয়। এ দেশে আর্থ-সভ্যতাও যেমন সত্য দ্রাবিড়সভ্যতাও তেমনি সত্য, এ দেশে হিশ্দৃও যত বড়ো মৃসলমানও তার চেয়ে নিতাশ্ত কম নয়। এইজন্যই এখানকার ইতিহাস নানা বিরোধের বাণ্পসংঘাতে প্রকাশ্ড নীহারিকার মতো ঝাপসা হইয়া আছে। এই ইতিহাসে আমরা নানা শক্তির আলোড়ন দেখিয়া আসিতেছি, কিশ্তু একটা অখণ্ড ঐতিহাসিক মৃতির উশ্ভাবন এখনো দেখি নাই। এই পরিব্যাপ্ত বিপ্লেতার মধ্য হইতে একটি নিরবচ্ছিন্ন 'আমি'র স্থুপণ্ট ক্লেন জাগিল না।

শ্দিটিক যথন দ্রব অবশ্থায় থাকে তখন তাহা মার্তিহীন , আমরা সেই অবশ্থায় অনেক দিন কাটাইলাম। এমন সময় সম্দ্রপার হইতে একটি আঘাত এই তরল পদার্থের উপর হইতে নীচে, এক প্রান্ত হইতে আর-এক প্রান্তে সঞ্চারিত হইয়াছে; তাই অন্ত্রত্ব করিতেছি দানা বাধিবার মতো একটা স্বব্যাপী আবেগ ইহার কণায় কণায় যেন নজিয়া উঠিল। মার্তি ধরিয়া উঠিবার একটা বেদনা ইহার সর্বত্ত ষেন চঞ্চল হইয়া উঠিতেছে।

তাই দেখিতেছি, ভারতবর্ষের ইতিহাসে যেমন আর্য আছে দ্রাবি দ আছে, ধেমন মুসলমান আছে, তেমনি ইংরেজও আসিয়া পাঁড়য়াছে। তাই, ভারতবর্ষের প্রকৃত ইতিহাস কেবল আমাদের ইতিহাস নহে, তাহা ইংরেজরও ইতিহাস। এখন আমাদিগকে দেখিতে হইবে, ইতিহাসের এই-সমণ্ড অংশগ্রাল ঠিকনত করিয়া মেলে, সমণ্ডটাই এক সজীব শরীরের অংগ হইয়া উঠে। ইহার মধ্যে কোনো-একটা অংশকে বাদ দিবে সে আমাদের সাধ্য নাই। মুসলমানকে বাদ দিতে পারি নাই, ইংরেজকেও বাদ দিতে পারিব না। এ কেবল বাহ্বলের অভাববশত নহে, আমাদের ইতিহাসটার প্রকৃতিই এই; তাহা কোনো এক-জাতির ইতিহাস নয়, তাহা একটা মানব-রাসায়নিক প্রক্রিয়ার ইতিহাস।

এই-যে নানা যাত্র, নানা জাতি ও নানা সভাতা ভারতবর্ষের স্টিতহাসকে গড়িয়া তুলিতেছে, আজ সেই ঐতিহাসিক অভিপ্রায়ের অন্ত্রত করিয়া আনাদের অভিপ্রায়কে সজাগ করিতে হইবে। মনে রাখিতে হইবে, আমাদের দেশ ইংলন্ড্ নয়, ইটালি নয়, আর্মেরিকা নয় সেখানকার মাপে কোনোমতেই আমাদের ইতিহাসকে ছাঁটা চালিবে না। এখানে একোরে মালে তফাত। ও-সকল দেশ মোটের উপরে একটা ঐকাকে লইয়াই নিজেরা ইতিহাস ফাঁদিয়াছে, আমরা অনৈকা লইয়াই প্রথম হইতে শারে করিয়াছি এবং আজ পর্যাশত কেবল তাহা বাড়িয়াই চালিয়ছে।

আমাদিগকে ভাবিতে হইবে, এই লইয়াই আমরা কী করিতে পারি। বাহিরকে কেমন করিয়া বাহির করিয়া দিব, শ্বভাবতই অন্য ইতিহাসের এই ভাবনা; বাহিরকে কেমন করিয়া আপন করিয়া লইব, শ্বভাবতই আমাদের ইতিহাসের এই ভাবনা।…

ইংরেজের সণ্গে ভারতবাসীর জীবনের সন্দেশ কোথার সহজে বটিতে পারে ? বাণিজ্যের ক্ষেত্রে নয়, রাজকীয় ক্ষেত্রেও নয়। তার সর্বোংকৃণ্ট ম্থান বিদ্যাদানের ক্ষেত্র। জ্ঞানের আদানপ্রদানের ব্যাপারটি সাল্ফিক। তাহা প্রাণকে উদ্বোধিত করে।

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

সেইজন্য এইখানেই প্রাণের নাগাল পাওয়া সহজ। এইখানেই গ্রুর্র সংগ্য শিষ্যের সম্বন্ধ যদি সত্য হয় তবে ইহজীবনে তার বিচ্ছেদ নাই। তাহা পিতার সংগ্য প্রের সম্বন্ধের চেয়েও গভীরতর।···

ইংরেজ অধ্যাপকের সহিত বাঙালি ছাত্রদের সাবন্ধ সরল ও প্রাভাবিক হওয়া বর্তামানে বিশেষ কঠিন হইয়াছে। তার কারণ কী, একদিন ইংলন্ডে থাকিতে তাহা খাব স্পাট করিয়া বাঝিতে পারিয়াছিলাম। রেলগাড়িতে একজন ইংরেজ আমার পাশে বিসয়াছিলেন; প্রথমটা আমাকে দেখিয়া তাঁর ভালোই লাগিল। এমন-কি, তাঁর মনে হইল ইংলন্ডে আমি ধর্মপ্রচার করিতে আসিয়াছি। য়ারেরাপের লোককে সাধা উপদেশ দিবার অধিকার আমাদেরও আছে, এ মত তিনি বিশেষ উৎসাহের সহিত প্রকাশ করিলেন। এমন সময় হঠাৎ তাঁর কোতৃহল হইল আমি ভারতবর্ষের কোন্ প্রদেশ হইতে আসিয়াছি তাহা জানিবার জন্য। আমি বলিলাম, আমি বাংলাদেশের লোক। শানিয়া তিনি লাফাইয়া উঠিলেন। কোনো দাক্তমাই যে বাংলাদেশের লোকের অসাধ্য নহে, তাহা তিনি তীর উত্তেজনার সংগে বলিতে লাগিলেন।

কোনো জাতির উপর যখন রাগ করি তখন সে জাতির প্রত্যেক মান্য আমাদের কাছে একটা অ্যাব্স্ট্যাক্ট্ সন্তা হইয়া উঠে। তখন সে আর বিশেষ থাকে না, বিশেষণ হয়। আমার সহযাত্রী যতক্ষণ না জানিয়াছিলেন আমি বাঙালি ততক্ষণ তিনি আমার সংগ্য ব্যক্তিবিশেষের মতো ব্যবহার করিতেছিলেন, স্থতরাং আদব-কায়দার ক্রিট হয় নাই। কিম্তু, যেই তিনি শ্নিলেন আমি বাঙালি অমনি আমার ব্যক্তি বিশেষত্ব বাল্প হইয়া গিয়া একটা বিকট বিশেষণে আসিয়া দাঁড়াইল, সেই বিশেষণটি অভিধানে যাকে বলে 'নিদার্ণ'। বিশেষণ-পদার্থের সংগ্য সাধারণ ভদ্রতা রক্ষার কথা মনেই হয় না। কেননা, ওটা অপদার্থ বলিলেই হয়।…

উপসংহারে আমি এই কথা কত্'পক্ষকে বিশেষভাবে ধ্মরণ করিতে অন্নয় করি। যে বিদ্যালয়ে ইংরেজ অধ্যাপকের কাছে বাঙালি ছাত্রেরা শিক্ষালাভ করিতেছে সেই বিদ্যালয় হইতে নবযুগের বাঙালি যুবক ইংরেজজাতির 'পরে শ্রুণা ভব্তি প্রীতি বহন করিয়া সংসারে প্রবেশ করিবে, ইহাই আশা করিতে পারিতাম। যে বয়সে হে ক্ষেত্রে নতেন নতেন জ্ঞানের আলোকে ও ভাবের বর্ষণে ছাত্রদের মধ্যে নবজীবনের প্রথম বিকাশ ঘটিতেছে সেই বয়সে ও সেই ক্ষেত্রেই ইংরেজ গ্রের্ যদি তাহাদের হৃদয়কে প্রীতির দারা আকর্ষণ করিতে পারেন তবেই এই যুবকেরা ইংরেজের সংগ্রু ভারতবাসীর সাক্ষকে সজীব ও স্থান্ত করিয়া তুলিতে পারিবে।…

### धेका :

#### ভারশাসনতন্ত্র

হিন্দর হন্টেলের প্রতিষ্ঠাদিবসে ওটেন (Edward Farley Oaten) সাহেব কর্তৃক প্রদন্ত ভাষণকে উপলক্ষ্য করে তর্ত্ব ছাত্ররা বিক্ষর্ব্ধ হয় এবং কয়েকজন ছাত্র ওটেনকে আক্রমণ করেন। এই প্রসংগা স্থভাষচন্দ্র বস্ত্রর নামও শোনা যায়। তবে ঘটনাকালে

তীর উপ: স্থিতির বিষয় সন্দেহের অবকাশ আছে। এইরপে আক্রমণের জন্য ছাত্রদের উপর শাস্তিম,লক ব্যবস্থা নেওয়া হয়। এই প্রসন্গেই রবীন্দ্রনাথ ১৩২২ (১৯১৬) সালে 'ছাত্রশাসনতন্ত্র' প্রবন্ধাট রচনা করেন।

## উল্লেখযোগ্য বিষয় / মনতব্য:

জাতীয় শিক্ষা

# **उन**नीय भूत्रका :

- ১. ছাত্রদের প্রতি সম্ভাষণ।
- ২. তপোবন।
- श्चित्रः विश्वतिष्ठालयः ।
- 8. বিশ্বভারতী ১নং।
- 6. বিশ্বভারতী ২নং।
- বিশ্বভারতী ৬নং।
- ৭. প্র'বংগে বস্তুতা ইত্যাদি।

# হয়ে ভোডাকাছিনী

[ সব্জপত্র, মাঘ ১৩২৪ ]

এক যে ছিল পাথি। সে ছিল ম্ব'। সে গান গাহিত, শাদ্র পড়িত না। লাফাইত, উড়িত; জানিত না কায়দাকান্ন কাকে বলে।

রাজা বলিলেন, 'এনন পাখি তো কাজে লাগে না, অথচ বনের ফল খাইয়া রাজহাটে ফলের বাজারে লোকসান ঘটায়।'

মন্ত্রীকে ভাকিয়া বলিলেন, 'পাখিটাকে শিক্ষা দাও।'...

শিক্ষা যে কী ভয়ংকর তেজে চ'লতেছে, রাজার ইচ্ছা হইল বয়ং দেখিবেন। একদিন তাই পাত্র মিত্র অমাত্য লইয়া শিক্ষাশালায় তিনি বয়ং আসিয়া উপস্থিত।

### রবীন্দ্রনাথের চিল্ডাজগং

হইতে রাশি রাশি পাতা ছি'ড়িয়া কলমের ডগা দিয়া পাশির মুখের মধ্যে ঠাসা হইতেছে। গান তো বংধই—চীংকার করিবার ফাঁকটুকু পর্যশ্ত বোজা। দেশিলে শরীরে রোমাণ্ড হয়। ··

লিপিকা, পৃঃ ৯৫-১০১

#### होका :

#### তোভাকাহিনী

'লিপিকা'য় রূপক-জাতীয় গদপ আকারে সংকলিত রচনার অংশ।

# উল্লেখযোগ্য বিষয় / মতব্য :

শিক্ষাপ্রণালী

# তুলনীয় প্রসংগ

১. মেঘনাদবধকাব্য। ২. প্রসংগকথা ১ (তিনখানি পত্র । ৩. প্রেবপ্রদেনর অনুবৃত্তি। ৪. শিক্ষাসংস্কার। ৫. শিক্ষাসমস্যা। ৬. আবরণ। ৭.
পিতৃদেব (জীবনস্মৃতি)। ৮. শিক্ষাবিধি। ৯. লক্ষ্য ও শিক্ষা। ১০. জগদানন্দ
রায়কে পত্র ৫ নং। ১১ অসন্তোষের কারণ। ১২. বিশ্বভারতী ২নং।
১৩. বিদ্যার যাচাই। ১৪ আকাষ্কা। ১৫. বিশ্বভারতী ৬নং। ১৬. পশ্চিমযাত্রীর
ডায়ারি। ১৭. প্রেবিংগ বন্ধ্যুতা। ১৮. জনৈক অধ্যাপকের চিঠি। ১৯. স্যোভিয়েত
ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২০. আলোচনা। ২১. শিক্ষার বিকিরণ।
২২. বিশ্বভারতী ১৭নং। ২৩. আশ্রমের শিক্ষা। ২৪. A Poet's School.
২৫. The School Master. ২৬. সন্তোষচন্দ্র মজনুমদারকে পত্র ২নং ইত্যাদি।

# ७७। श्राखनी (१)

[ ৮ পোষ ১৩২৫ এর ভাষণ

শাশ্তিনকেতন আগ্রমিক সংঘ কর্তৃক প্রকাশিত, পৌষ ১৩৪৩। রবীন্দ্র রচনাবলী, পশিক্ষবংগ সরকার ১৩৬৮, ১৪শ খন্ড, প্: ৮১১—১২ ]

···প্রত্যেক দেশেরই নিজের শিক্ষাবিধি পরিচালনা করবার অধিকার আছে—সে বিষয়ে আমাদের ধর্ব তা দেখে পানি অন্তব না করে থাকতে পারি না। আমাদের শিক্ষায় বাইরের দিক থেকে চাপ পড়েছে, বিদেশী যে ব্রিল বলাচ্ছেন তাই বলছি। কথা হতে পারে, বিদ্যার তো বিশেষ একটা জাতীয়তা নেই, অতএব আমাদের শিক্ষা-পশ্বতির কোলো দেশেব নেই। কিশ্তু মনকে তো শ্বাধীন রাখতে পারা চাই। বাল্যকাল

থেকে যা শিখছি যা শনেছি, তাই ঘাড় পেতে নিচ্ছি—বাইরের আত্মকর্তৃত্ব এবং অশ্তরে শক্তির অভাবে জীবনে আমাদের গভীর অবসাদ এসেছে। গত পঞ্চাশ বংসরে আমাদের দেশে অনেক এন্জিনিয়র অনেক উকিল হয়েছে, কিশ্তু মাথা হেট হয় যখন ভাবি, খালি মন্থ্রুথ করেছি এবং ডিগ্রি পেয়েছি কিশ্তু প্রথিবীকে কিছনুই দিই নি।…

### धेका :

#### প্রান্তনী

রবীন্দ্রনাথ বিভিন্ন সময়ে শান্তিনিকেতনের প্রাক্তন ছারছারীদের উন্দেশ্যে ভাষণ দিয়েছেন। উক্ত ভাষণিটি শান্তিনিকেতন আশ্রমিক সণ্ডের বার্ষিক সভায় ৮ই পৌষ, ১৩২৫ সালে প্রদন্ত হয়।

### উল্লেখযোগ্য বিষয়/মুক্তব্য :

শিক্ষা ও স্বাধীনতা

# जूननीय প্রসংগ :

- ছাত্রদের প্রতি সম্ভাষণ।
- ২. জাতীয় বিদ্যালয়।
- o. বিশ্বভারতী ১০নং।
- ৪. ধারাবাহী।
- ৫. শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান।
- y. The School Master.
- q. A Poet's School.
- ৮. জগদানন্দ রায়কে পত্র ৪নং।
- ৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৩নং ইত্যাদি।

### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

# ৩৭। মৈমুরের কথা

্বিশান্তিনিকেতন পত্রিকা, বৈশাখ ১৩২৬ ( ১৯১৯ ) প্র: ৩ ]

### होका :

## মৈস্বের কথা

মহীশুরে নতুন বিশ্ববিদ্যালয় প্রসংগে র**চিত।** 

উল্লেখযোগ্য বিষয় / ম-তব্য ঃ

শিক্ষায় ঐতিহ্য ও আধ্নিকতা

# कुलनीय প্रসাগ

- ১. তপোবন।
- ২. শিক্ষার মিলন ইত্যাদি।

## ৩৮। ইংবেজী শেখা

[ শান্তিনিকেতন পত্তিকা, বৈশাথ ১৩২৬ ( ১৯১৯ ) প্রঃ ৪ ]

যে বয়সে অ মরা মাতৃভাষা শিখি সেই নিতাশত শিশ্বেয়সে সহজবোধই আমাদের একমাত্র সদলে। এই সহজবোধের শক্তি যে কত প্রবল তাহা ইহা হইতেই ব্রুষা ষাইবে যে, এই সহজবোধের সাহাযো শিশ্ব চার পাঁচ বছরেব মধ্যে তার সংসারজ্ঞানের ভিত্তি এবং জীবনযাতার সমসত অভ্যাসগর্লির মলে পত্তন করিয়া লয়। অথচ এজন্য তাহাকে কোনো প্রয়া করিতে হয় না।

শিশ্র পক্ষে এই সহজবোধের প্রবলতার কাবণ এই যে, কোনো প্রবিশংশ্কার তাহার এই বোধকে বাধা দের না। মনে একবার যথন সংশ্কার জন্মিয়াছে তথন সেই সংশ্কারের সঞ্জে বোঝাপড়া না করিয়া আর আমরা জ্ঞানলাভ করিতে পারি না। তথন হইতে ন্তন জ্ঞানের বিষয় আমাদের সাম্থে আসিলে, হয় আমাদের প্রবিসংশ্কার পাকা ছইতে থাকে, নয় তাহার পরিবর্তন ঘটে। ··

আমরা মাতৃভাষা যথন শিথি তথন কোনো ভাষা সম্বদ্ধে আমাদের মনে কোনো সংক্ষারই নাই। এই কারণে এই শিক্ষার প্রণালীই বিশৃষ্ধ অপরোক্ষপ্রণালী। তাহার পরে আমাদের সাত বা আট বছর বয়সে যথন বিদেশী ভাষা শিথিতে আক্রভ করি

## রব শিরচনা-সংকলন

তথন ভাষা সম্বশ্ধে আমাদের মনের সংস্কার পাকা হইয়া গেছে। তথন সেই পূর্বে-সংস্কার আমাদিগকে পদে পদে বাধা না দিয়া থাকিতে পারে না।

নতেন অভিজ্ঞতার সংগ্ণ আমাদের সংস্কাবের পরিবর্তনে বা বিস্তার ঘটিতে থাকে, তথন তাহাতে মনের ভার বৃদ্ধি করে না।

কিম্তু ভাষার সংস্কার এ সাতের নয়। মাতৃভাষার এবং ইংরেজি ভাষার সংস্কার চিরদিনই পাশাপাশি বিরুদ্ধ হইয়া বাস করিবে—একটা আর-একটাকে আত্মসাৎ করিয়া লইবে না। এইজনাই পরভাষা শেখা এবং তাহাকে ব্যবহার করা এত দৃঃখ।

এমন ম্থলে আমাদের মন কি করে ? দুইকে যখন সম্পূর্ণ এক করিয়া দিয়া সে ভার লাঘব করিতে না পারে তখন দুই ম্বতম্ত পদার্থের মধ্যে একটা সম্বম্ধ ঘটাইতে চেণ্টা করে। সেই সম্বম্ধে বলিব তুলনার সম্বম্ধ। যে ভাষা মিথিতেছি সে ভাষা আমার মাতৃভাষার সংগে কোন্খানে মেলে এবং কোন্খানে মেলে না ইহাই স্পন্ট করিয়া জানার দারাই ন্তন ভাষা আয়ন্ত করা ম্বাভাবিক প্রণালী। যাহা জানি তাহারই সংগে তুলনা করিয়াই, যাহা জানিতেছি তাহাকে আমরা জ্ঞানের অংগ করিয়া লই।

সাত আট বছর বয়সে যে বাংগালীর ছেলে ইংরেজি শিখিতেছে তাহার পক্ষে ওই ভাষা একটা বিষম উৎপাত। ওই বয়সের ইংরেজের ছেলের পক্ষে ফরাসী বা জার্মন ভাষা তোনন উৎপাত নহে। ইংরেজি শিক্ষাতন্তন গ্রন্থে Foreign language শিক্ষা বিলয়া যে আলোচনা আছে তাহা ইংরেজের পক্ষে য়ুরোপীয় ভাষা শিক্ষাসন্বন্ধে আলোচনা। সে আলোচনা যে আমাদের ছেলেদের ইংরেজি শিক্ষা সন্বন্ধে খাটে না, সে কথা মনে রাখা দরকাব। আমরা যখন হিন্দি শিখি তথন সেই পরিছেদের পরামর্শ গ্রহণ করিলে ক্ষতি নাই। ইংরেজি ভাষাকে সপ্যেশ অপরোক্ষ প্রণালীধারা শিক্ষা দিতে গেলে বাংগালীর ছেলের পক্ষে যে প্রভূত সময়ের প্রয়োজন হয় সে সময় দেওয়া অধিকাংশ ক্ষেতেই অস ভব। দ

তাই আমরা মনে করি যতদরে সম্ভব মাতৃভাষার সঞ্চো বার বার তুলনা করিতে করিতে বাংগালীর ছেলেকে ইংরেজি শেখানো উচিত—অর্থাৎ যে ভাষা সে জানে সেই ভাষারই পউভূমিকা : উপরে অন্য ভাষাটাকে নিক্ষেপ করিয়া দেখাইলে তাহার চোখে অন্য ভাষাটা ক্রমণ সংগণ্ট হইয়া উঠিবে।…

## উল্লেখযোগ্য বিষয় মন্ত্ৰা:

মাতৃভাষা

# তুলনীয় প্রসংগঃ

- ১. ন্যাশনল ফ'ড।
- ২. শিক্ষার হেরফের।
- ৩. প্রসংগকথা (তিনখানি পত্র)।
- ৪. শিক্ষার হেরফের প্রবন্ধের অন্ব্রতি।

### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

- বাংলা শিক্ষার অবসান ( জীবনক্ষাতি )।
- লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপি।
- ৭. ছারদের প্রতি সম্ভাষণ।
- ৮. শিক্ষার বাহন।
- विश्वविद्यालस्यतं त्राम ।
- ১০. শিক্ষার স্বাংগীকরণ।
- ১১. ছাত্রস'ভাষণ।
- ১২. বাংলা শিক্ষার প্রণালী ইত্যাদি।

## ৩৯। বিশ্বভারতী (:)

[ শান্তিনিকেতন পত্রিকা, বৈশাখ ১৩২৬ (১৯১৯) ]

···সেই শিক্ষাই আমাদের দেশের পক্ষে সত্য শিক্ষা যাহাতে করিয়া আমাদের দেশের নিজের মনটিকে সত্য আহরণ করিতে এবং সত্যকে নিজের শক্তির দারা প্রকাশ করিতে সক্ষম করে। প্রেরাবৃত্তি করিবার শিক্ষা মনের শিক্ষা নহে, তাহা কলের দ্বারাও ঘটিতে পারে।

ভারতবর্ষ যথন নিজের শক্তিতে মনন করিয়াছে তথন তাহার মনের ঐক্য ছিল— এখন সেই মন বিচ্ছিন্ন হইয়া গেছে। এখন তাহার মনের বড়ো বড়ো শাখা গ্রাল একটি কান্ডের মধ্যে নিজেদের বৃহৎ যোগ অন্ভব করিতে ভূলিয়া গেছে। এখাপ্রতাণের মধ্যেই একচেতনাস্ত্রের বিচ্ছেদই সমণ্ড দেহের পক্ষে সাংঘাতিক। সেইর্প, ভারতবর্ষের যে মন আজ হিন্দ্র বৌদ্ধ জৈন শিখ ম্বলমান খ্ল্টানের মধ্যে বিভক্ত ও বিশ্লিষ্ট ইইয়া আছে সে মন আপনার করিয়া কিছ্র গ্রহণ করিতে বা আপনার করিয়া কিছ্র দান করিতে পারিতেছে না। দশ আঙ্বলকে য্তুক করিয়া অঞ্জলি বাঁধিতে হয়—নেবার বেলাও তাহার প্রয়োজন, দেবার বেলাও। অতএব ভারতবর্ষের শিক্ষাব্যবন্ধায় বৈদিক পৌরাণিক বৌদ্ধ জৈন ম্বলমান প্রভৃতি সমন্ত চিক্তকে সন্মিলিত ও চিক্তন্পদ্কে সংগৃহীত করিতে হইবে; এই নানা ধারা দিয়া ভারতবর্ষের মন কেমন করিয়া প্রবাহিত হইয়াছে তাহা জানিতে হইবে। এইর্প উপায়েই ভারতবর্ষ আ পনার নানা বিভাবের মধ্য দিয়া আপনার সমগ্রতা উপলন্ধি করিতে পারিবে। তেমনি করিয়া আপনাকে বিশ্তীর্ণ এবং সংগিশ্লট করিয়া না জানিলে, যে শিক্ষা সে গ্রহণ করিবে তাহা

ভিক্ষার মতো গ্রহণ করিবে। সের্পে ভিক্ষাজীবিতায় কথনও কোনো জাতি সম্পদ্শালী হইতে পারে না।

বিতীয় কথা এই যে, শিক্ষার প্রকৃত ক্ষেত্র সেইখানেই যেখানে বিদ্যার উল্ভাবনা চলিতেছে। বিশ্ববিদ্যালয়ের মুখ্য কাজ বিদ্যার উৎপাদন, তাহার গোণ কাজ সেই বিদ্যাকে দান করা। বিদ্যার ক্ষেত্রে সেই-সকল মনীষীদিগকে আহ্বান করিতে হইবে যাঁহারা নিজের শক্তি ও সাধনা দারা অনুসন্ধান আবিক্কার ও স্ভির কার্যে নিবিল্ট আছেন। তাঁহারা যেখানেই নিজের কাজে একত্র মিলিত হইবেন সেইখানেই শ্বভাবতই জ্ঞানের উৎস উৎসারিত হইবে, সেই উৎসধারার নিঝারিলী-তটেই দেশের সত্য বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হইবে। বিদেশী বিশ্ববিদ্যালয়ের নকল করিয়া হইবে না।

তৃতীয় কথা এই যে, সকল দেশেই শিক্ষার সণ্গে দেশের সর্বাণ্গীণ জীবনযাত্তার যোগ আছে। আমাদের দেশে কেবলমাত্ত কেরানিশির ওকালতি ডাক্তারি ডেপ্টোর্গারি দারোগাগিরি ম্পেনফৈ প্রভৃতি ভদ্রসমাজে-প্রচলিত কয়েকটি ব্যবসায়ের সপ্গেই আমাদের আধ্বনিক শিক্ষার প্রত্যক্ষ যোগ। যেখানে চাষ হইতেছে, কল্বর ঘানি ও কুমারের চাক ঘ্রিরতেছে সেখানে এ শিক্ষার কোনো স্পর্শও পে'ছায় নাই। অন্য কোনো শিক্ষিত দেশে এমন দ্বর্যোগ ঘটিতে দেখা যায় না। তাহার কারণ, আমাদের নতুন বিশ্ববিদ্যালয়গ্রনি দেশের মাটির উপরে নাই, তাহা পরগাছার মতো পরদেশীয় বনস্পতির শাখায় ব্লিতেছে। ভারতবর্ষে যদি সত্য বিদ্যালয় স্থাপিত হয় তবে গোড়া হইতেই সে বিদ্যালয় তাহার অর্থশান্ত, তাহার ক্ষিতত্ত্ব, তাহার স্বান্থ্যবিদ্যা, তাহার সমস্ত ব্যবহারিক বিজ্ঞানকৈ আপন প্রতিষ্ঠানের চতুর্দিকবর্তা পক্লীর মধ্যে প্রয়োগ করিয়া দেশের জীবন-যাত্রাব কেন্দ্রম্থান অধিকার করিবে। এই বিদ্যালয় উৎকৃণ্ট আদর্শে চাষ করিবে, গোপালন করিবে, কাপড় ব্রনিবে এবং নিজের আথিক সম্বল-লাভের জন্য সমবায়-প্রণালী অবলম্বন করিয়া ছাত্র শিক্ষক ও চারিদিকের অধিবাদীদের সংগে জীবিকার যোগে ঘনিষ্ঠভাবে যক্ত হইবে।

এই রপে আদশ বিদ্যালয়কে আমি 'বিশ্বভারতী' নাম দিবার প্রস্তাব করিয়াছি। বিশ্বভারতী (১৯৬৩), প্রঃ ৭-১০

#### े कि

# বিশ্বভারতী—১

১৯১৯ সালে রবীন্দ্রনাথ বিভিন্ন ম্থানে নিমন্ত্রিত হয়ে বিশ্বভারতীর আনশ্ সম্বশ্বে ব্যাখ্যা করেন। 'শান্তিনিকেতন' পত্রিকায় (১৩২৬, বৈশাথ) উক্ত আদশ্ সংক্ষিপ্তাকারে 'বিশ্বভারতী' নামে প্রকাশিত হয়। (১) সংখ্যক রচনাটি উক্ত রচনারই অপরিবতিতি রূপ।

# উল্লেখযোগ্য বিষয় স•তবা ঃ

সাথকি শিক্ষা, শিক্ষা ও অনুশীলন, জাতীয় শিক্ষা, শিক্ষা ও স্ক্রনশীলতা, শিক্ষা ও জনজীবন।

#### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

# क्नजीय श्रजभा :

১. ধর্মশিক্ষা। ২. পর্ববিশ্যে বস্তা। ৩. শিক্ষার আদর্শ। ৪. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ৫. শান্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি। ৬. শিক্ষা ও সংক্ষিত। ৭. বিশ্বভারতী ১৮ নং। ৮. আশ্রমের রূপ ও বিকাশ। ৯. ছারদের প্রতি সম্ভাষণ। ১০. তপোবন। ১১. হিম্প্র বিশ্ববিদ্যালয়। ১২. ছারশাসনতক্র। ১৩. বিশ্বভারতী ২নং। ১৪. বিশ্বভারতী ৬নং। ১৫. আশ্রমের শিক্ষা। ১৬ শিক্ষার সার্থকতা। ১৭. The School Master ইত্যাদি।

### ৪০। অসত্তোষের কারণ

[ শাশ্তিনকেতন পরিকা, জ্যৈষ্ঠ ১৩২৬ ( ১৯১৯ ) প্রঃ ৫ ]

ভারতবর্ষের নানা স্থানেই ন্তন ন্তন বিশ্ববিদ্যালয়-স্থাপনের চেণ্টা চলিতেছে। ইহাতে বুঝা যায়, শিক্ষা সম্বন্ধে আমাদের মনে একটা অসম্ভোষ জন্মিয়াছে। কেন সেই অসম্ভোষ ? দুইটি কারণ আছে; একটা বাহিরের, একটা ভিতরের।

সকলেই জানেন. আমাদের দেশে ইংরেজি শিক্ষার যথন প্রথম পত্তন হইয়াছিল তখন তাহার লক্ষ্য ছিল এই যে, ব্রিটিশ ভারতের রাজ্যশাসন ও বাণিজ্যচালনের জন্য ইংরেজি-জানা দেশি কর্মচারী পড়িয়া তোলা। অনেক দিন হইতেই সেই গড়নের কাজ চলিতেছে। যতকাল ছাত্রসংখ্যা অলপ ছিল ততকাল প্রয়োজনের সঙ্গে আয়োজনের সমঞ্জস্য ছিল; কাজেই সে দিক হইতে কোনো পক্ষে অসশেতাযের কোনো কাবণ ঘটে নাই। যথন হইতে ছাত্রের পরিমাণ অত্যন্ত বাড়িয়া উঠিয়াছে তখন হইতেই এই শিক্ষাব্যকথার একটা প্রধান উদ্দেশ্য অধিকাংশ ছাত্রেরই পক্ষে বার্থ হইতেছে। যদি আমাদের দেশের শিক্ষায় ছাত্রদিগকে চাকরি ছাড়া অন্যান্য জীবিকার সংখ্যানে পটু করিয়া তুলিত তাহা হইলে এই সম্বন্ধে নালিশের কথা থাকিত না। কিন্তু পটু না করিয়া স্বপ্রকারে অপটুই করিতেছে, এ কথা আমরা নিজের প্রতি তাকাইলে ব্রিকতে পারি।

এই তো গেল বাহিরের দিকে নালিশ। ভিতরের দিকের নালিশ এই যে, এত কাল ধরিয়া ইংরেজের স্কুলে পড়িতেছি, কিন্তু ছাত্রদশা তো কোনোমতেই ঘ্রচিল না। বিদ্যা বাহির হইতেই কেবল জমা করিলাম, ভিতর হইতে কিছ্, তো দিলাম না। কলসে কেবলই জল ভরিতে থাকিব, অথচ সে জল কোনোদিনই যথেণ্ট পরিমাণে দান-পানের

উপযোগী ভরা হইবে না, এ যে বিষম বিপত্তি। ভয়ে ভয়ে ইংরেজের ডান্তার ছাত্র পর্নথি মিলাইয়া ডান্তারি করিয়া চলিল, কিল্ডু শারীরবিদ্যায় বা চিকিৎসাশাশের একটা কোনো নতুন তন্ত্ব বা তথ্য যোগ করিল না। ইংরেজের এঞ্জিনিয়ার ছাত্র সতর্ক তার সহিত পর্নথি মিলাইয়া এঞ্জিনিয়ারি করিয়া পেশ্সন লইতেছে, কিশ্ডু যন্ততন্ত্বে বা যন্ত্র-উশ্ভাবনায় মনে রাখিবার মতো কিছুই করিতেছে না। শিক্ষার এই শক্তিহীনতা আমরা মপণ্টই ব্রিক্তেছি। আমাদের শিক্ষাকে আমাদের বাহন করিলাম না, শিক্ষাকে আমরা বহন করিয়াই চলিলাম, ইহাবই পরম দ্বংথ গোচরে অগোচরে আমাদের মনের মধ্যে জমিয়া উঠিতেছে।

মথচ, বৃদ্ধির এই কৃশতা নিজীবিতা যে আমাদের প্রকৃতিগত নয় তার বর্তমান প্রমাণ: জগদীশ বস্থ, প্রফল্প রায়, রজেন্দ্র শীল। আমাদের শিক্ষার একান্তদীনতা ও পরবশতা-সভ্তেও ই হাদের বৃদ্ধি ও বিদ্যা বিশ্বজ্ঞানের মহাকাশে মাথা তুলিয়া দাঁড়াইয়াছে। আরু, অতীত কালের একটা মন্ত প্রমাণ এই যে, আমাদের প্রাচীন চিকিৎসাশান্ত নানা শাথায় প্রশাথায়, নানা পরীক্ষায় ও উন্ভাবনায় বিচিত্র বৃহৎ ও প্রাণবান হইয়া উঠিয়াছিল। কিন্তু পরেব-ইন্কৃলে-শেখা চিকিৎসাবিদ্যায় আজ আমাদের এত ক্ষীণতা ও ভীরতা কেন!

ইহার প্রধান কারণ, ভা\*ভারঘর যেমন করিয়া আহার্য দ্রব্য সঞ্চয় করে আমরা তেমনি করিয়াই শিক্ষা সঞ্জয় করিতেছি, দেহ যেমন করিয়া আহার্য গ্রহণ করে তেমন করিয়া নহে। ভাজারঘর যাহা-কিছা পায় হিসাব নিলাইয়া সাবধানে তাহার প্রত্যেক কণাটিকে রাখিবার হেলী করে। দেহ যাহা পায় তাহা রাখিবার জন্য নহে, তাহাকে অল্পীকৃত করিবার জন্য। তাহা গোলার গাজির মতো ভাজা খাটিয়া বাহিরে বহন করিবার জন্য নহে, তাহাকে অল্ডরে বাংলাকবিত করিয়া রঙ্গে মাংসে শ্বাম্থা শক্তিতে পরিণত করিবার জন্য। আজে আমাদের মাধানিল হইয়াছে এই যে, এই এত বছরের নোটবাকেব বশতা-ভরা শিক্ষা। মাল লইয়া আজ আমাদের গোলার গাজ্ও লাহিরে তেমন করিয়া ভাজা খাটিতেছে না, অথচ সেটাকে মনের আনাদের দিব্য পাক করিয়া ও পরিপাক করিয়া সেট ভাই সে বাবহলাও কোথাও নাই। তাই আমাদের বাহিরের থলিটাও রহিল ফাকা, সল্ভরের পাক্ষাত্র রহিল উপবাসাী।…

বর্তমান শিক্ষাপ্রণালটিই যে আমাদের বার্থতার কারণ, অভ্যাসগত অন্ধ মনতার মোহে সেটা আমরা কিছাতেই মনে ভাবিতে পারি না। ঘর্রারা ফিরিয়া নতুন বিশ্ববিদ্যালয় গড়িবার বেলাতেও প্রণালী বদল করিবার কথা মনেই আসে না; তাই, নতেনের ঢালাই করিতেছি সেই প্রোতনের ছাঁচে। নতেনের জনা ইচ্ছা খ্বই হইতেছে অথচ ভরসা কিছাই হইতেছে না। কেননা এটেই যে লোগ, এত 'দনের শিক্ষা-োঝার চাপে সেই ভরসাটাই যে সমূলে মরিয়াছে।

তানেক কাল এমনি করিয়া কাটিল, আর সময় নণ্ট করা চলিবে না। এখন মন্যান্তের দিকে তাকাইয়া লক্ষ্যেরও পরিবর্ত'ন করিতে হইবে। সাহস করিয়া বলিতে হইবে, যে শিক্ষা বাহিরের উপকরণ তাহা বোঝাই করিয়া আমরা বাঁচিব না, যে শিক্ষা অশ্তরের অমৃত তাহার সাহায্যেই আমরা মৃত্যুর হাত এড়াইব।

# রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

শিক্ষাকে কেমন করিয়া সত্য এবং প্রাণের জিনিস করা যায়, সেই কথার আলোচনা যথাসাধ্য জমে জমে করা যাইবে।

#### धीका :

#### श्रक्टाइन नाम

প্রখ্যাত রসায়নবিদ। ভারতবর্ষে রাসায়নিক শিল্প প্রতিষ্ঠানের প্রথম ভারতীয় ম্থপয়িতা। আচার্য পি সি রায় নামে সমধিক পরিচিত।

জম্ম—১৮৬১, মৃত্যু--১৯৪৪।

#### <u>बर्জन्युनाथ भीन</u>

বিখ্যাত দার্শনিক। রজেন্দ্রনাথ রবীন্দ্রনাথের অন্তর্গ্গ স্থপ্রদ ছিলেন। ১৯২১ সালে রবীন্দ্রনাথের আহ্বানে বিশ্বভারতীর উদ্বোধন অন্ত্যানে সভাপতি হন। জন্ম — ১৮৬৪, মৃত্যু — ১৯৩৮।

### উল্লেখযোগ্য বিষয়/মন্তব্যঃ

শিক্ষার লক্ষ্য, শিক্ষাপ্রণালী

# তুলনীয় প্রসংগ:

১. মেঘনাদবধ কাব্য । ২০ প্রসংগকথা ১ (তিন্থানি পত্র )। ৩. প্রেপ্পশ্নের অন্বৃত্তি। ৪০ শিক্ষাসংশ্বার । ৫০ শিক্ষাসমস্যা । ৬০ আবরণ । ৭০ পিতৃদেব (জীবনস্মৃতি )। ৮০ শিক্ষাবিধি । ৯০ লক্ষ্য ও শিক্ষা । ১০০ জগদানশ্দ রায়কে পত্র ৫নং । ১১০ বিশ্বভারতী ২নং । ১২০ বিদ্যার যাচাই । ১৩০ আকাৎকা । ১৪০ বিশ্বভারতী ৬নং । ১৫০ পশ্চিমযাত্রীর ডায়ারি । ১৬০ আলোচনা । ১৭০ প্রেবিঙ্গে বস্থাতা । ১৮০ জনৈক অধ্যাপকের চিঠি । ১৯০ সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ ২নং । ২০০ শিক্ষার বিকিরণ । ২১০ বিশ্বভারতী ১৫ নং । ২২০ আশ্রমের শিক্ষা । ২৩০ মিক্ষার বিকিরণ । ২১০ বিশ্বভারতী ১৫ নং । ২২০ আশ্রমের শিক্ষা । ২৩০ মেশ্তোষচন্দ্র মজ্মদারকে পত্র ২নং । ২৭ ছাত্রদের প্রতি সম্ভাষণ । ২৮০ তপোবন । ২৯০ জগদানশ্দ রায়কে পত্র ২নং । ২৭ ছাত্রদের প্রতি সম্ভাষণ । ২৮০ তপোবন । ২৯০ জগদানশ্দ রায়কে পত্র ৩নং । ৩০০ প্রান্তনী হনং । ৩১০ কলাবিদ্যা । ৩২ সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ ৪নং । ৩৬০ ভারতীর বিশ্ববিদ্যালয়ের আদর্শ । ৩৫০ সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ ৪নং । ৩৬০ ভারতীর বিশ্ববিদ্যালয়ের আদর্শ । ৩৭০ বিশ্বভারতী ১৭ নং । ৩৮০ বিশ্বভারতী ১৮ নং ইত্যাদি ।

#### বব শিবচনা-সংকলন

# ৪১। বিশ্বভারতী (২)

[ ভাষণ ১৮ আষাঢ় ১৩২৬, শাশ্তিনিকেতন পত্ৰিকা, শ্ৰাবণ ১৩২৬ ( ১৯১৯ ) ]

···আমার মনে এই কথাটি ছিল যে পাশ্চাত্য দেশে মান্বের জীবনের একটা লক্ষ্য আছে; সেখানকার শিক্ষা দীক্ষা সেই লক্ষ্যের দিকে মান্বকে নানা রকমে বল দিছে ও পথ নিদেশি করছে। তারই সংগ্যে সংগ্য অবাশ্তরভাবে এই শিক্ষাদীক্ষায় অন্য দশরকম প্রয়োজনও সিশ্ব হয়ে যাচ্ছে। কিশ্তু বর্তমানে আমাদের দেশে জীবনের বড়ো লক্ষ্য আমাদের কাছে জাগ্রত হয়ে ওঠোন, কেবলমাত্র জীবিকার লক্ষ্যই বড়ো হয়ে উঠল।

জীবিকার লক্ষ্য শা্ধ্য কেবল অভাবকে নিয়ে, প্রয়োজনকে নিয়ে; কিশ্তু জীবনের লক্ষ্য পরিপ্রণিতাকে নিয়ে—সকল প্রয়োজনের উপরে সে। এই পরিপ্রণিতার আদর্শ সম্বন্ধে য়ারোপের সংগ্যে আমাদের মতভেদ থাকতে পারে, কিশ্তু কোনো-একটা আদর্শ আছে যা কেবল পেট ভরাবার না, টাকা করবার না, এ কথা যদি না মানি তা হলে নিতাশত ছোটো হয়ে যাই।

সকল বড়ো দেশেই বিদ্যাশিক্ষার নিশ্নতর লক্ষ্য ব্যবহারিক স্থোগ-লাভ, উচ্চতর লক্ষ্য মানবজীবনের প্রণতা-সাধন। এই লক্ষ্য হতেই বিদ্যালয়ের স্বাভাবিক উৎপত্তি। আমাদের দেশের আধ্নিক বিদ্যালয়গর্নলির সেই স্বাভাবিক উৎপত্তি নেই। বিদেশী ব্রণিক ও রাজা তাদের সংকীর্ণ প্রয়োজন-সাধনের জন্য বাইরে থেকে এই বিদ্যালয়গর্নলি এখানে স্থাপন করেছিলেন। এমন-কি তখনকার কোনো কোনো প্রেলা দপ্তরে দেখা যার, প্রয়োজনের পরিমাণ ছাপিয়ে শিক্ষাদানের জন্যে শিক্ষককে কর্তপক্ষ তিরস্কার করেছেন।

তারপরে যদিচ অনেক বদল হয়ে এসেছে, তব্ কুপণ প্রয়োজনের দাসত্বের দাসা আমাদের দেশের সরকারি শিক্ষার কপালে—পিঠে এখনও অণ্কিত আছে। আমাদের অভাবের সংগ অন্নচিশ্তার সংগ জড়িয়ে আছে বলেই এই বিদ্যাশিক্ষাকে যেমন করে হোক বহন করে চলেছি। এই ভয়ংকর জবদ'দিত আছে বলেই শিক্ষাপ্রণালীতে আমরা দ্বাতশ্তা প্রকাশ করতে পারছি নে।

এই শিক্ষাপ্রণালীর সকলের চেয়ে সাংঘাতিক দোষ এই যে, এতে গোড়া থেকে ধরে নেওয়া হয়েছে যে আমরা নিঃশ্ব-। যা-কিছ্ সমশ্তই আমাদের বাইরে থেকে নিতে হবে — আমাদের নিজের ঘরে শিক্ষার পৈতৃক ম্লেধন যেন কানাকড়ি নেই। এতে কেবল যে শিক্ষা অসম্পূর্ণ থাকে তা নয়, আমাদের মনে একটা নিঃশ্ব-ভাব জন্মায়। আত্মাভিমানের তাড়নায় যদি-বা মাঝে মাঝে সেই ভাবটাকে ঝেড়ে ফেলতে চেণ্টা করি, তা হলেও, সেটাও কেমনতরো বেস্থরো রকম আশ্ফালনে আত্মপ্রকাশ করে। আজকাল-কার দিনে এই আশ্ফালনে আমাদের আশ্তরিক দীনতা কিছ্ই ঘোচেনি, কেবল সেই দীনতাটাকে হাস্যকর ও বিরক্তিকর করে তুর্লোছ।

যাই হোক, মনের দাসত্ব যদি ঘোচাতে চাই তা হলে আমাদের শিক্ষার এই দাস-ভাবটাকে ঘোচাতে হবে। ···

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

আমাদের দেশের শিক্ষাকে মলে-আশ্রয়-ম্বর্প অবলম্বন করে তার ওপর অন্য সকল শিক্ষার পত্তন করলে তবেই শিক্ষা সত্য ও সম্পূর্ণ হয়। জ্ঞানের আধারটিকে নিজের করে তার উপকরণ প্রথিবীর সর্বা হতে সংগ্রহ ও সঞ্চয় করতে হবে। বিশ্বভারতী ১৯৬৩ পাঃ ১১-১৭

### ः किर्वि

### বিশ্বভারতী-->

বিশ্বভার তীর প্রারশ্ভোৎসবের দিনে সভাপতি রবীশ্দ্রনাথ যে ভাষণ প্রদান করেন, 'শাশ্বিতানকেতন' পত্রিকায় খোবণ ১৩২৬) 'বিশ্বভারতী' নামে প্রকাশিত হয়। ২ সংখ্যক রচনাটি উক্ত রচনার প্রনম্দ্রিত রূপ।

#### केल्लभरवाना विषय्/भन्छवा :

শিক্ষার লক্ষ্য, শিক্ষাপ্রণালী, জাতীয় শিক্ষা

# তলনীয় প্রসংগঃ

১. মেঘনাদবধ কাব্য। ২. প্রসংগকথা ১ (তিনথানি পত্ত)। ৩. প্রে'প্রশেনর অনুবৃত্তি। ৪. শিক্ষাসংশ্কার। ৫. শিক্ষাসমস্যা। ৬. আবরণ। ৭. পিতৃদেব (জীবনস্মৃতি)। ৮. শিক্ষাবিধি। ৯ লক্ষ্য ও শিক্ষা। ১০. জগদানন্দ রায়কে পত্ত ওবং। ১১. অসন্তোযের কারণ। ১২. বিদ্যার যাচাই। ১৩. আকাৎক্ষা। ১৪. বিশ্বভারতী ১নং। ১৫. পশ্চিমযাত্রীর ডায়ারি। ১৬. আলোচনা। ১৭. প্রেবিঙ্গে বক্তৃতা। ১৮ জনৈক অধ্যাপকের চিঠি। ১৯. সোভিয়েত ইউ.নয়নে রবীন্দ্রনাথ ২নং। ২০ শিক্ষার বিকিরণ। ২১. বিশ্বভারতী ১৭নং। ২২. আশ্রমের শিক্ষা। ২০. A Poet's School. ২৪. The School Master. ২৫. তোতাকাহিনী। ২৬. সন্তোষচন্দ্র মজ্মদারকে পত্ত ২নং। ২৭. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ২৮. তপোবন। ২৯. হিম্প্র বিশ্ববিদ্যালয়। ৩০. ছাত্রশাসন তন্ত্র। ৩১. বিশ্বভারতী ৬নং ইত্যাদি।

# 8२। বিজ্ঞার যাচাই

্রশান্তিনিকেতন পত্রিকা, আষাঢ় ১৩২৬ (১৯১৯) প্রঃ ৩ ]

আমার মনে আছে, বালককালে একজনকৈ জানিতাম তিনি ইংরেজিতে প্রম পশ্ডিত ছিলেন, বাংলাদেশে তিনি ইংরেজি শিক্ষার প্রথম যুগের শেষভাগের ছাত্র। ডিরোজিয়ো প্রভৃতি শিক্ষকদের কাছে তিনি পাঠ লইয়াছিলেন। তিনি জানি না কী মনে করিয়া কিছুনিন আমাদিগকে ইংরেজি সাহিত্য সম্বশ্ধে উপদেশ দিতে ইচ্ছা করিলেন। ইংরেজি কবিদের সম্বশ্ধে তিনি মনে একটা শ্রেণীবিভাগ-করা ফর্দ লাইকাইয়া রাখিয়াছিলেন। তার মধ্যে পয়লা দোসরা এবং তেসরা নম্বর পর্যন্ত সমম্ব পাকাপাকি ঠিক করা ছিল। সেই ফর্দ তিনি আমাদিগকে লিখিয়া দিয়া মুখ্যেথ করিতে বলিলেন। তখন আমাদের যেটুকু ইংরেজি জানা ছিল তাহাতে পয়লা নম্বর দরের থাক্ তেসরা নম্বরেরও কাছ ঘেশ্বিতে পারি এমন শক্তি আমাদের ছিল না। তথাপি ইংরেজি কবিদের সম্বশ্ধে বাঁধা বিচারটা আগে হইতেই আমাদের আয়ত্ত করিয়া দেওয়াতে দোষ ছিল না। কেননা, বুচিরসনা দিয়া রসবিচার ইংরেজি কাব্য সম্বশ্ধে আমাদের পক্ষে প্রশৃত্ত নহে। যেহেতু আমাদিগকে চাখিয়া নহে কিশ্বু গিলিয়া খাইতে হইবে, কাজেই কোনটো মিন্ট কোন্টা অম্ল সেটা নোটব্রেক লেখা না থাকিলে ভূল করার আশংকা আহে। ত

আদালতটাই আমাদের এখানে নাই, কাজেই বিদেশের বিচারের নকল আনাইয়া আমাদিগকে বড়ো সাবধানে কাজ চালাইতে হয়। যে কবির যে দর আধ্নিক বাজারে প্রচলিত আছে তাহার উল্টা বলিলেই আহান্দক বলিয়া দাগা পড়ে, এইজনা বিদেশের সাহিত্যের বাজার-দরটা সর্বদা মনে রাখিতে হয়। নহিলে আমাদের ইন্ফুল-মান্টারি চলে না, নহিলে মাসিকপতে ইব্দেন মেটালিজিক্ ও রাশিয়ান উপন্যাসিকদের কথা পাড়িবার বেলা লজ্জা পাইতে হয়। শর্পন্ সাহত্য নহে, অর্থনীতি সমাজনীতি প্রছিত সম্বন্ধেও বিদেশের পরিবর্তনিশীল বিচারব্যন্ধির সঙ্গো অবিকল তাল মিলাইয়া যদি না চলি, যদি জন দুয়ার্টা মিলের নদ্র কালাইল-রান্ফিনের আমলে আওড়াই, বিলাতে যে সময়ে ব্যক্তিশ্বাতন্ত্রাবাদের হাওয়া বদল হইয়াছে সেই সময় ব্রথম্যা আমরাও যদি সংঘবাদের স্বর্থে কণ্ঠ না নলাই, তবে আমাদের দেশের হাই ইংরেজি স্কুলের মান্টার ও ছাত্রদের কাছে মা্থ দেখাইবাব তো থাকিবে না।

ইংরেজি ইংকুলে এত দীঘ কাল দাগা ব্লাইয়াও কেন আমরা কোনো বিষয়ে জােনের সন্ধাে মােলিনা প্রকাশ করিতে পারিলাম না, এই প্রশ্ন আমানের মনে উঠিয়ছে। ইহার কারণ, বিদ্যাটাও ঝেখান হইতে ধার কবিয়া লইতেছি ব্রণ্থিটাও সেখান হইতে ধার করিয়া লইতেছি ব্রণ্থিটাও সেখান হইতে ধার-করা। কাজেই নিজের বিসার খাটাইয়া এ বিদ্যা তেজের সন্ধো বাবহার করিতে ভরসা পাই না। বিদ্যা এবং ব্রণ্থির ক্ষেত্রে ইংরেজের ছেলে পরবশ্ন নহে, তাহার চারিদিকেই প্রাধীন স্থিত ও প্রাধীন বিচারের হাওয়া বহিতেছে। একজন ফরাসি বিদ্যা নিভ'য়ে ইংরেজি বিদ্যার বিচার করিতে পারে; তার কারণ যে ফরাসি বিদ্যা তাহার নিজের সেই বিদ্যার মধ্যেই বিচারের শক্তিও বিধি রহিয়ছে। এইজন্য

### রবীন্দ্রনাথের চিল্তাজগৎ

মাল বেখান হইতেই আসে বাচাই করিবার ভার তাহার নিজেরই হাতে, এইজনা নিজের হিসাব-মত সে মলো দেয় এবং কোন্টা লইবে কোন্টা ছাড়িবে সে সম্বশ্ধে নিজের র্,চি ও মতই তাহার পক্ষে প্রামাণা। কাজেই, জ্ঞানের ও ভাবের কারবারে নিজের পরেই ইহাদের ভরসা। এই ভরসা না থাকিলে মোলিনা কিছুতেই থাকিতে পারে না।

আমাদের মুশকিল এই যে, আগাগোড়া সমশত বিদ্যাটাই আমরা পরের কাছ হইতে পাই। সে বিদ্যা মিলাইব কিসের সংগ্র, বিচার করিব কী দিয়া? নিজের যে বাটখারা দিয়া পরিমাপ করিতে হয় সেই বাটখারাই নাই। কাজেই আমদানি মালের উপরে ওজনের ও দামের যে টিকিট মারা থাকে সেই টিকিটটাকেই ষোলো আনা মানিয়া লইতে হয়। এইজনাই ইম্কুলমাশ্টার এবং মাসিকপত্ত-লেখকদের মধ্যে এই টিকিটে লিখিত মালের পরিচয় ও অব্দ যে যতটা ঠিকমত মুখ্যুথ রাখিতে ও আওড়াইতে পারে তাহার ততই পসার বাড়ে। এতকাল ধরিয়া কেবল এমনি করিয়াই কাটিল, কিম্তু চিরকাল ধরিয়াই কি এমনি করিয়া কাটিবে?

শিক্ষা, বিশ্বভারতী ১৯৭৩ প্রঃ ১৭৪-৭৫

### भैका :

# হেনরি লাই ভিভিয়ান ডিরোজিও ( Henry L.V. Derozio )

ইয়ং বেণ্গল গোষ্ঠীর নেতা ছিলেন। প্রথর যুক্তিবাদী, স্বাধীন চিম্তার প্রবক্তা, ভারতপ্রেমিক, হিম্দ্রকলেজের খ্যাতনামা এ্যাংলো-ইম্ডিয়ান অধ্যাপক। তার স্বাধীন ব্যক্তিষের জন্য পরে তিনি হিম্দ্র কলেজ থেকে পদত্যাগ করতে বাধ্য হন।

জন্ম—১৮০৯, মৃত্যু—১৮৩১।

# ইবসেন ( Ibsen Henrik )

নরওমের কবি ও নাট্যকার। জন্ম—১৮২৮, মতো—১৯০৬।

# भ्योतीनक (Maeterlinck Maurice)

বেলজিয়ামের কবি, নাট্যকার ও প্রবন্ধলেথক। জন্ম—১৮৬২, মৃত্যু - ১৯৪৯।

# इन म्ह्रेग्रार्ट भिन्न ( John Stuart Mill )

ইংরেজ দার্শনিক ও অর্থনীতিবিদ্। জন্ম—১৮০৬, মৃত্যু– ১৮৭৩।

# ब्रान्किन (Ruskin John)

ইংরেজ শিল্পসমালোচক ও সমাজত কর্বিদ। জন্ম —১৮১৯, মৃত্যু —১৯০০।

# কাল হৈল ( Carlyle Thomas )

ইংরেজ প্রবন্ধ**লে**খক ও ঐতিহাসিক। জন্ম—১৭৯৫, মৃত্যু—১৮৮১।

# উল্লেখযোগ্য বিষয়/মৃশ্তব্য :

শিক্ষাপ্রণালী, শিক্ষা ও মৌলিকতা, বিদ্যার যাচাই

## जुननीय भुज्ञाः

১. মেঘনাদবধ কাব্য। ২. প্রসংগকথা ১ (তিনখানি পত্ত)। ৩. প্রেপ্রেশনর অনুবৃত্তি। ৪. শিক্ষাসংস্কার। ৫. শিক্ষাসমস্যা। ৬. আবরণ। ৭. পিতৃদেব (জীবনস্মৃতি)। ৮. শিক্ষাবিধি। ৯. লক্ষ্য ও শিক্ষা। ১০. জগদানন্দ রায়কে পত্ত ৫নং। ১১. অসন্তোষেব কারণ। ১২. বিশ্বভারতী ২নং। ১৩. আকাষ্কা। ১৪. বিশ্বভারতী ৬নং। ১৫. পশ্চিমযাত্রীর ডায়ারি। ১৬ আলোচনা। ১৭. প্রেবিংগ বক্তা। ১৮. জনৈক অধ্যাপকের চিঠি। ১৯ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২০. শিক্ষার বিকিরণ। ২১. বিশ্বভারতী ১৭নং। ২২. আশ্রমের শিক্ষা। ২৩. A Poet's School. ২৪. The School Master. ২৫. তোতাকাহিনী। ২৬. স্বেতাষ্চন্দ্র মৃদ্যুম্বারকে পত্র ২নং ইত্যাদি।

# ৪৩। বিজ্ঞাসমবায়

[ শাশ্তিনকেতন পরিকা, আশ্বিন-কার্ত্তিক ১৩২৬ ( ১৯১৯ ) পু: ২ ]

এলাহাবাদ ইংরেজি-বাংলা ম্কুলের কোনো ছাত্রকে একদা এই প্রশ্ন জিজ্ঞাসা করা হইয়াছিল যে 'রিভার্' শব্দের সংজ্ঞা কী। মেধাবী বালক তাহার নির্ভূণ উত্তর দিয়াছিল। তাহার পরে যখন তাহাকে জিজ্ঞাসা করা হইল কোনো দিন সে কোনো রিভার্ দেখিয়াছে কি না তখন গংগাযমনার তীরে বসিয়া এই বালক বিলল যে, 'না, আমি দেখি নাই।' অর্থাৎ এই বালকের ধারণা হইয়াছিল, যাহা চেণ্টা করিয়া, কণ্ট করিয়া, বানান করিয়া, অভিধান ধরিয়া, পরের ভাষায় শেখা যায় তাহা আপন

### ববীন্দ্রনাথের চিন্তাজগণ

জিনিস নয়, তাহা বহুদুরেবতী'; অথবা তাহা কেবল পর্নথলোক-ভক্ত। এই ছেলে তাই নিজের জানা দেশটাকে মনে মনে জিয়োগ্রাফি বিদ্যা হইতে বাদ দিয়াছিল। অবশা, পরে এক সময়ে এ শিখিয়াছিল যে, যে দেশে তাহার জন্ম ও বাস সেও ভূগোলবিদ্যার সামগ্রী, সেও একটা দেশ, সেখানকার রিভার্ও রিভার্। কি∗্ড মনে করা যাক, তার বিদ্যাচচার শেষ পর্যন্ত এই খবরটি সে পায় নাই—শেষ পর্যশ্তই সে জানিয়াছে যে আর-সকল জাতিরই দেশ আছে, কেবল তারই দেশ নাই—তবে কেবল যে তার পক্ষে সমস্ত প্রথিবীর জিয়োগ্রাফি অস্পণ্ট ও অসমাপ্ত থাকিয়া যাইবে তাহা নহে, তাহার মনটা অত্তরে অত্তরে গ্রহহীন গৌরবহীন হইয়া রহিবে। অবশেষে বহুকাল পরে যখন কোনো বিদেশী জিয়োগ্রাফি-পশ্ডিত আসিয়া কথাচ্ছলে তাহাকে বলে যে 'তোমাদের একটা প্রকাণ্ড বড়ো দেশ আছে, তার হিমালয় প্রকাণ্ড বড়ো পাহাড় তার সিন্ধ্র ব্রহ্মপত্রে প্রকাণ্ড বড়ো নদী', তখন হঠাৎ এই-সমুস্ত **খবরটায়** তাহার মাথা ঘারিয়া যায়; নতেন জ্ঞানটাকে সে সংযতভাবে বহন করিতে পারে ना : अत्नक कात्नत अर्शातवजारक अकिन्दन स्भाध मिनात जना स्म हौश्कातभाष्म हात দিকে বলিয়া বেড়ায়, 'আর-সকলের দেশ দেশমাত, আমাদের দেশ স্বর্গ ।' একদিন যখন সে মাথা হে'ট করিয়া আওড়াইয়াছে যে 'পূর্থিবীতে আর-সকলেরই দেশ আছে, কেবল আমাদেরই নাই' তখনও বিশ্বসতোর সংগে তার অজ্ঞানকৃত বিচ্ছেদ ঘটিয়াছিল ; আর আজ যথন সে মাথা তুলিয়া অসংগত তারম্ববে হাকিয়া বেড়ায় যে 'আর-সকলের দেশ আছে, আর আমাদের আছে দ্বর্গ' তখনো বিশ্বস্ত্যের স্থেগ তার বিচ্ছেদ। পরের্বর বিচ্ছেদ ছিল অজ্ঞানের, স্থতরাং তাহা মার্জনীয়; এখনকার বিচ্ছেদ শিক্ষিত মচেতার. স্বতরাং তাহা হাস্যকর এবং ততোধিক অনিষ্টকর।

সাধারণত, ভারতীয় বিদ্যা সম্বন্ধে আমাদের যে ধারণা সেও এই শ্রেণীর। শিক্ষাব্যবহথার মধ্যে আমাদের নিজ দেশের বিদ্যার হথান নাই, অথবা তাব হথান সব-পিছনে ; সেইজন্য আমাদের সমস্ত শিক্ষাব মধ্যে এই কথাটি প্রক্তন্ন থাকে যে, আমাদেব নিজ দেশের বিদ্যা বলিয়া পদার্থই নাই, যদি থাকে সেটা অপদার্থ বলিলেট হয়। **এমন সময় হঠাৎ** বিদেশী পশ্চিতের মাথে আমাদের বিদ্যাব সম্বন্ধে একটু যদি বাহলা শ্নিতে পাই অমনি উন্মত্ত হইয়া বলিতে থাকি, প্রথিবতি আন-সকলের বিদ্যা মানবী, আমাদের বিদ্যা দৈবী। অর্থাৎ, আব-সকল নেশের বিদ্যা মানবের স্বাতাবিক ব্যাম্বিকাশের সংগ্রে সংগ্রে জমশ জম কাটাইয়া বাডিয়া উঠিতেছে, কেবল আমাদের **प्रतर्भ विमा बन्ना वा भिरवत अभारत ७७ माइट्रार्ज अधिरमत बन्नतम् ॥ भिरा ভ্রমলেশবিবর্জিত হ**ইয়া অনুশ্ত কালের উপযোগী আকারে বাহির হইয়া আসিয়াছে । ইংরেজিতে যাকে বলে দেপশাল ক্রিয়েশন্ ইহা তাই, ইহাতে ক্রমবিকাশের প্রাকৃতিক নিয়ন খাটে না, ইহা ইতিহাসের ধারাবাহিক পথের অতীত, স্ততরাং ইহাকে ঐতিহাসিক বিচারের অধীন করা চলে না; ইহাকে কেবলমাত বিশ্বাসের দ্বারা বহন করিতে হইনে, বৃদ্ধি দ্বারা গ্রহণ করিতে হইবে না। অহংকারের আঁধি লাগিয়া এ কথা আমরা একেবারে ভূলিয়া যাই যে, কোনো-একটি বিশেষ জাতির জনাই বিধাতা সর্বাপেক্ষা অনুকুল ব্যবস্থা স্বহস্তে করিয়া দিয়াছেন, এ-সব কথা বর্বারকালের কথা। স্পেশাল

দ্বিমেশনের কথা আজিকার দিনে আর ঠাই পায় না। আজ আমরা এই ব্রিক বে, সত্যের সহিত সত্যের সম্বন্ধ, সকল বিদ্যার উভ্তব যে নিয়মে বিশেষ বিদ্যার উভ্তব সেই নিয়মেই। প্রথিবীতে কেবলমাত্র কয়েদীই অপর সাধারণের সহিত বিচ্ছিল্ল হইয়া সলিটারি সেলে থাকে। সত্যের অধিকার সম্বন্ধে বিধাতা কেবলমাত্র ভারতবর্ষ কেই সেই সলিটারি সেলে অম্তরায়িত করিয়া রাখিয়াছেন, এ কথা ভারতের গৌরবের কথা নয়।

দীর্ঘকাল আমাদের বিদ্যাকে আমরা একঘরে করিয়া রাখিয়াছিলাম। দুই রকম করিয়া একঘরে করা যায়—এক অবজ্ঞার দ্বারা, আর-এক অতিসংমানের দ্বারা। দুইয়েরই ফল এক। দুইয়েতেই তেজ নণ্ট করে। ··

শিশ্ব যে সেই ধাত্রীর কোলে থাকে। সাধারণের ভিড় হইতে তাহাকে রক্ষা করিয়েই মান্ব করিতে হয়। তাহার ঘরটি নিভ্ত, তাহার দোলাটি নিরাপদ। কিন্তু, তাহাকে যদি চিরদিনই ঢাকার্ঢুকি দিয়া ঘবের কোণে অপলের আড়াল করিয়া রাখি তাহা হইলে উলটা ফল হয়। অর্থাৎ, যে শিশ্ব একদা অত্যুক্ত স্বতন্ত্র ও প্রক্ষিত ছিল বলিয়াই পরিপ্তে ইইয়া উঠিয়াছিল সেই শিশ্বই বয়ঃপ্রাপ্ত হইয়া তাহার নিভ্ত বেণ্টনের মধ্যে অকর্মণা, কাণ্ডজ্ঞানবিবজিত ইইয়া উঠে। শ্রিটর মধ্যে যে বাজ লালিত হইয়াছে খেতের মধ্যে সেই বীজের বিধিত হওয়া চাই।

একদিন চৈন পারসিক মৈশর গ্রীক রোমীয় প্রভৃতি প্রত্যেক বড়ো জাতিই ভারতীয়েব মতোই ন্যুনাধিক পরিমাণে নিজের স্থরক্ষিত গ্রাতক্ত্যের মধ্যে নিজ সভ্যতাকে বড়ো করিয়া তুলিয়াছিল। প্রথিবীর এখন বয়স হইয়াছে; জাতিগত বিদ্যান্বাতন্ত্যকে একান্তভাগে লালন করিবার দিন আজ আর নাই। আজ বিদ্যান্সমবায়ের যাল্য আসিয়াছে। সেই সমবায়ে যে বিদ্যা যোগ দিবে না, যে বিদ্যা কৌলীন্যের গ্রিনানে অনুচা ইইয়া থাকিবে, সে নিজ্ফল ইইয়া মরিবে।

অতএব আমাদের দেশে বিদ্যাসমবায়ের একটি বড়ো ক্ষেত্র চাই, যেখানে বিদ্যার আদান প্রধান ও তুলনা হইবে, যেখানে ভারতীয় বিদ্যাকে মানবের সকল বিদ্যার ক্মবিকাশের মধ্যে রাখিয়া বিচার করিতে হইবে।

তাহা করিতে গেলে ভারতীয় বিদ্যাকে তাহার সমগত শাখা-উপশাখার যোগে সমগ্র করিয়া জানা চাই। ভারতীয় বিদ্যার সমগ্রতার জ্ঞানটিকে মনের মধ্যে পাইলে তাহার সংশ্বে বিশেবর সমগত বিদ্যার সম্বন্ধনিপ্নি দ্বাভাবিক প্রণালীতে হইতে পারে। কাছের জিনিসের বোধ দ্বেবর জিনিসের বোধের সহজ ভিত্তি।

বিদ্যার নদী আমাদের দেশে বৈদিক, পৌরাণিক, বেশ্বি, জৈন, প্রধানত এই চারি শাখায় প্রবাহিত। ভারতচিত্তগণোত্তীতে ইহার উণ্ভব। কিশ্কু যে দেশে নদী চলিতেছে কেবল সেই দেশের জলেই সেই নদী পুণ্ট না হইতেও পারে। ভারতের গণগার সংগ্র তিশ্বতের রন্ধপ্ত মিলিয়াছে। ভারতের বিদ্যার স্রোতেও সেইর্ণ মিলন ঘটিয়াছে। বাহির হইতে মুসলমান যে জ্ঞান ও ভাবেব ধারা এখানে বহন করিয়া আনিয়াছে সেই ধারা ভারতের চিত্তকে শতরে শতরে অভিষিক্ত করিয়াছে, তাহা আমাদের ভাষায় আচারে শিলেপ সাহিত্যে সংগীতে নানা আকারে প্রকাশমান। অবশেষে সম্প্রতি

## রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

মুরোপীয় বিদ্যার বন্যা সকল বাঁধ ভাঙিয়া দেশকে প্লাবিত করিয়াছে ; তাহাকে হাসিয়া উড়াইতেও পারি না, কাঁদিয়া ঠেকানোও সম্ভবপর নহে ।

অতএব, আমাদের বিদ্যায়তনে বৈদিক, পৌরাণিক, বৌষ্ধ, জৈন, মুসলমান ও পার্সি বিদ্যার সমবেত চর্চায় আনুষ্ঠিগকভাবে য়ুরোপীয় বিদ্যাকে ম্থান দিতে হইবে।

সমস্ত পাথিবীকে বাদ দিয়া যাহারা ভারতকে একান্ত করিয়া দেখে তাহারা ভারতকে সত্য করিয়া দেখে না। তেমনি যাহারা ভারতের কেবল এক অংশকেই ভারতের সমগ্রতা হইতে খণ্ডিত করিয়া দেখে তাহারাও ভারতচিত্তকে নিজের চিত্তের মধ্যে উপলম্খি করিতে পারে না । এই কারণ-বশতই পোলিটিকাল ঐক্যের অপেক্ষা গভীরতর উচ্চতর মহন্তর যে ঐক্য আছে তার কথা আমরা শ্রন্থার সহিত গ্রহণ করিতে পারি না। পূর্ণিবনীর সকল ঐক্যের যাহা শাশ্বত ভিত্তি তাহাই সত্য ঐক্য। সে ঐক্য চিত্তের ঐক্য আত্মার ঐকা। ভারতে সেই চিত্তের ঐকাকে পোলিটিকাল ঐকোর চেয়ে বড়ে। বলিয়া জানিতে হইবে; কারণ, এই ঐক্যে সমুষ্ঠ প্রিথবীকে ভারতবর্ষ আপন অঞ্গানে আহ্বান করিতে পারে। অথচ, দৃভাগান্তমে আমাদের বর্তমান শিক্ষা এমন যে, সেই শিক্ষার গাণেই ভারতীয় চিত্তকে আমরা তাহার প্ররাজ্যে প্রতিষ্ঠিত করিতে পারিতেছি না। ভারতের হিন্দু বৌন্ধ জৈন মুসলমান শিখ পাসি খুস্টানকে এক বিরাট চিত্তক্ষেত্রে সত্যসাধনার যজ্ঞে সমবেত করাই ভারতীয় বিদ্যায়তনের প্রধান কাজ —ছার্রাদগকে কেবল ইংরেজি মাখ্যথ করানো, অত্ক ক্যানো, সায়াশ্সা শেখানো নহে। লইবার জন্য অঞ্জলিকে বাঁধিতে ংয়, দিবার জন্যও : দশ আঙ্কল ফাঁক করিয়া দেওয়াও যায় না. লওয়াও যায় না। ভারতের চিত্তকে একত সন্নিবিষ্ট করিলে তবে আমরা সতাভাবে লইতেও পারিব, দিতেও পারিব।

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য ঃ

বিশ্বভারতীর আদশ্র, সর্বজনীন শিক্ষা, বিদ্যাহ্বাতক্ত্যের উত্তরণ ও শিক্ষার মিলন

# जूननीय अञ्चल :

- ১. हिन्द् विश्वविद्यालय ।
- श्विकार्विध ।
- অজিতক্মার চক্রবতীকে পত্র ২নং।
- ৪ শিক্ষার মিলন।
- ৫ বিশ্বভারতী ৪নং।
- ৬. বিশ্বভারতী ৫নং।
- .৭. বিশ্বভারতী ৬নং।

- ৮. বিশ্বভারতী ১০নং।
- ৯. পরেবিগে বক্ততা।
- ১০ বিশ্বভারতী ১৫নং।
- ১১ বিশ্বভারতী ১৭নং।
- ১২. My Educational Mission ইত্যাদি।

#### 88। আকাজ্জা

্রিপ্রীষ্ট্র কলেজ হস্টেলে ছাত্রদের আহ্বানে বক্কৃতার সারমর্ম । শাশ্তিনিকেতন পত্রিকা, পৌষ ১৩২৬ (১৯১৯) প্রঃ ৮-৯ ]

বৃদ্ধ সেজে আমি তোমাদের উপদেশ দিতে চাইনে। আমি কেবলমাত্র
তোমাদের এই কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, তোমরা নবীন।
এই প্রথিবী
থেকে সকল প্রকার জীর্ণতাকে তোমরা সরিয়ে দিতে এসেচ; কেননা জীর্ণতাই
আবর্জনা, জীর্ণতা যাত্রাপথের বাধা। এই জীর্ণতাকে যারা আপন বলে মমতা করে
তারাই সত্যকার বৃদ্ধ।
তোমরা নবীন, তোমাদেরই হাতে প্থিবীর ভার ন্তনকরে পড়েচে, তোমাদের ভবিযাংকে আছেন হতে দিয়োনা, পথ পরিক্রার কর।

কোন্ পাথেয় নিয়ে তোমরা এসেছ ? মহৎ আকাষ্ট্রা। তোমরা বিদ্যালয়ে শিথবে বলে ভব্তি হয়েচ। কি শিথতে হবে ভেবে দেখো। পাখী এর মা বাপের কাছে কি শেথে ? পাখা মেলতে শেখে, উড়তে শেখে। মান্সকেও তার অশ্তরের পাখা মেলতে শিথতে হবে , তাকে শিথতে হবে কি করে বড় আকাষ্ট্রা করতে হয়। পেট ভরাতে হবে, এ শেখবার জনো বেশি সাধনার দরকার নেই। কিল্তু পর্রোপর্নর মান্স হতে হবে এই শিক্ষার জনো যে অপরিমিত আকাষ্ট্রার দরকার তাকেই শেষ পর্যশ্ত জাগিয়ে রাখবার জন্যে মান্সের শিক্ষা।

এই খানে সমন্ত প্থিবীতে য়ারেপ শিক্ষকতার ভার পেয়েছে। কেন পেয়েছে? গায়ের জারে আর সব হতে পারে কিন্তু গায়ের জারে গারর হওয়া যায় না। যে মানাষ গাৌরব পায় সেই গারে হয়। যার আকাণক্ষা বড় সেইত গৌরব পায়। য়াররোপ বিজ্ঞান ভূগোল ইতিহাস প্রভৃতি সম্বদ্ধে বেশি খবর রেখেছে বলেই আজকের দিনে মানাষের গারের হয়েছে এ-কথা সত্য নয়। তার আকাণক্ষা বাহৎ, তার আকাণক্ষা প্রবল; তার আকাণক্ষা কোনো বাধাকে মানতে চায় না, মৃত্যুকেও না। মানাষের যে

#### রবীন্দ্রনাথের চিন্তাঞ্চগৎ

বাসনা ক্ষ্যে স্বার্থ সিন্ধির জন্যে, সেটাকে বড় করে তুলে মান্ধ বড় হয় না, ছোটই হয়ে যায়; সে যেন খাঁচার ভিতরে পাখাঁর ওড়া, তাতে পাখার সার্থকতা হয় না। কিন্তু জ্ঞানের জন্যে আকাৎক্ষা, প্রাকৃতিক শক্তিগ্রিলকে আবিষ্কার করে' তাকে মান্ধের আধকারে আনবার জন্যে আকাৎক্ষা যাতে মান্ধ মর্কে জয় করে ফসল পায়, রোগকে জয় করে স্বান্থ্য পায়, দ্রেজকে জয় করে নিজের গতিপথ অবারিত করে.—তাতেই মান্ধের মন্যাত্ব প্রকাশ পায়, তাতেই প্রমাণ হয় যে মান্ধের জাগ্রত আত্মা পরাভবকে বিশ্বাস করে না; কোনো অভাব দ্বঃখ দ্রগতিকেই সে অদ্ভেটর হাতের চরম মায় মনে করে মাথা পেতে নিতে অপমান বোধ করে; সে জানে যে তার দ্বঃখমোচন তার নিজেরই হাতে, তার অধিকার প্রভূত্ত্বের অধিকার। য়্রেরাপ এমনি করে আপন আকাৎক্ষার পাখা বড় করে মেলতে পেরেছে বলেই, আজ প্রথবীর সমস্ত মান্মকে শিক্ষা দেবার অধিকার সে পেয়েছে। সেই শিক্ষাকে আমরা যাদ পর্মধির বর্লি শিক্ষা, কতকগ্রিল বিষয় শিক্ষা বলে ক্ষ্যু করে দেখি তাহলে নিজেকে বণ্ডিত করলমে। মন্যুত্বের শিক্ষাটাই চরমশিক্ষা, আর সমস্তই তার অধীনে। এই মন্যুত্ব হচ্ছে আকাৎক্ষার ঔলার্য ; আকাৎক্ষার দহঃসাধ্য অধ্যবসায়, মহৎ সৎকলেগর দ্বর্জন্য।

রুরোপের লোকালয়ে রুরোপের মান্ষ বিপলে আকাৎক্ষাকে নিয়তই নানা ক্ষেতে প্রকাশ করছে এবং জয়ী করছে, সেই দেশবাাপী মহৎ উদামের সংগ্য সংগ্য তাদের শিক্ষা। তাদের বিদ্যালয়ের শিক্ষা এবং তাদের জীবনের শিক্ষা একেবারে পাশাপাশি সংলগ্ন। এমন কি যে বিদ্যা তারা শিক্ষকদের হাত থেকে গ্রহণ করেছে সে বিদ্যা তাদের আপন দেশেরই সাধনার ধন, তার মধ্যে শ্বে ছাপার অক্ষর নেই। তাদের আপন দেশের লোকের কঠিন তপস্যা আছে। এই কারণে সেখানকার ছাত স্থধ্ ষে কেবল শিক্ষার বিষয়কে বইয়ের পাতায় দেখছে আর গ্রহণ করছে তা নয়, মানবাত্মার কর্তৃত্ব, তার দাতৃত্ব, স্রস্টৃত্ব চারিদিকেই দেখছে। এতেই মান্ত্র আপনাকে চেনে এবং মান্ত্র হতে শেখে।

যে দেশে বিদ্যালয়ে কেবল দেখতে পাই, ছাত্ত নোটবকের পত্রপ্ত মেলে ধরে বিদ্যার মুন্টি ভিক্ষা করছে, কিন্বা পরীক্ষার পাসের দিকে তাকিয়ে টেক্স্ট্রে বইয়ের পাতায় পাতায় বিদ্যার উপ্তর্ভিতে নিযুক্ত; যে দেশে মানুষের বড় প্রয়োজনের সামগ্রী মাত্রেই পরের কাছে ভিক্ষা করে সংগ্রহ করা হচ্ছে, নিজের হাতে দেশের লোকে দেশকে কিছুই দিছে না—না শ্বাশ্ব্য, না অন্ন, না জ্ঞান, না শক্তি; যে দেশে কমের ক্ষেত্র সংকীর্ণ, কর্মের চেণ্টা দর্বল, যে দেশে শিলপকলায় মানুষ আপন প্রাণ মন আত্মার আনন্দকে নব নব রূপে স্ভিট করছে না; যে দেশে অভ্যাসের বন্ধনে সংক্ষারের জালে মানুষের মন এবং অনুষ্ঠান বন্ধবিজড়িত; যে দেশে প্রশ্ন করা. বিচার করা, ন্তন করে চিন্তা করা, ও সেই চিন্তা ব্যবহারে প্রয়োগ করা কেবল যে নেই তা নয় সেটা নিষিশ্ব এবং নিন্দনীয়, সেই দেশে মানুষ আপন সমাজে আত্মাকে দেখতে পায় না, কেবল হাতের হাতকড়া, পায়ের বেড়ি এবং মৃত্যুগের আবর্জনা-রাশিকেই চারিদিকে দেখতে পায়, জড বিধিকে দেখে, জাগ্রত বিধাতাকে দেখে না।

র্যাদ মালের দিকে তাকিয়ে দেখি তাহলে দেখব আমাদের যে দারিদ্রা সে আত্মারই

### রব শিরুরচনা-সংকলন

দারিদ্রা। মানবাত্মারই অপমান চারিদিকে নানা অভাব নানা দ**্বেশর**পে ছড়িরের রয়েছে। নদী যখন মরে যায় তখন দেখতে পাই গর্ত এবং বালি ; সেই শ্নাতার সেই শ্বুকতার অম্তিত্ব নিয়ে বিলাপ করবার কথা নেই, আসল বিলাপের কারণ নদীর সচল ধারার অভাব নিয়ে। আত্মার সচল প্রবাহ যখন শ্বুক্ক তথনি আচারের নীরস নিশ্চলতা।…

আমাদের আকাৎক্ষাকে শিশ্বকাল থেকেই কোমর বেঁধে আমরা থর্ব করি। অর্থাৎ সেটাকে কাজে খাটাবার আগেই তাকে খাটো করে দিই। অনেক সময়ে বড় বয়সে সংসারের ঝড়ঝাপটের মধ্যে পড়ে' আমাদের আকাৎক্ষার পাখা জীর্ণ হয়ে যায়, তখন আমাদের বিষয়বৃণিধ, অর্থাৎ ছোট বৃণিধটাই বড় হয়ে ওঠে। কিন্তু আমাদের দৃ্রভাগ্য এই যে, শিশ্বকাল থেকেই আমরা বড় রামতায় চলবার পাথেয় ভার হালকা করে দিই। নিজের বিদ্যালয়ে ছোট ছোট বালকদের মধ্যেই সেটা আমি অন্তব করি। প্রথমে কয় বৎসর একরকম বেশ চলে কিন্তু ছেলেরা যেই থাড রাসে গিয়ে পৌছয় অমনি বিদ্যা অর্জন সন্বন্ধে তাদের বিষয়বৃণিধ জেগে ওঠে। অমনি তারা হিসাব করে শিখতে বসে। তখন থেকে তারা বলতে আরম্ভ করে, আমরা শিখব না, আমরা পাস করব। অর্থাৎ যে পথে যথাসম্ভব কম জেনে যতদরে সম্ভব বেশি মার্কা পাওয়া যায় আমরা সেই পথে চলব।

এইত দেখি চি শিশ্কাল থেকেই ফাঁকি দেবার বৃশ্ধি অবলম্বন। যে-জ্ঞান আমাদের সত্যের দিকে নিয়ে যায় গোড়া থেকেই সেই জ্ঞানের সংগে অসত্য ব্যবহার। এর কি অভিশাপ আমাদের দেশের উপর লাগছে না? এই জন্যেই কি জ্ঞানের যজ্ঞে আমরা ভিক্ষার ঝুলি হাতে দরের বাইরে বসে নেই? আপিসের বড়বাব্ হয়েই কি আমাদের এই অপনান ঘৃচরে? আজকের দিনে দেশের লোকেরা যুবকেরা পর্যাকত যে বলছে যে ঋষিবা যা করে গেছেন তার উপরে আমাদের আর কিছুই ভাববার নেই, কিছুই করবাব নেই, এর মানে ব্যুতে পেরেছ? এইটেই ঘটেছে আমাদের কর্তৃত্ব-প্রবাধিত বিদ্যাদেবীর অভিশাপে। যে সমাজে কিছুই ভাববার নেই, কিছুই করবার নেই, সমুত্তই ধরাবাঁধা, সে সমাজ কি বৃশ্ধিমান শন্তিমান মানুষের বাসের যোগা? সে সমাজ ত মৌমাছির চাক বাঁববার জায়গা। দশ পনেরো বছর ধ'রে শিক্ষালাভ করে আপন চিতৃত্বান্তির পক্ষে এমন অভূত অপমানকর বথা অন্য কোনো দেশে এতগ্রলা লোক এত বড় নির্লান্ত অহণ্কাবেব সংগে বলতে পারে নি। সকল বড় দেশে যে বড় আকাজ্কা মানুষকে আপন শন্তিতে আপন ভাবনায় আপন হাতে সৃত্তি করবারই গৌরব দান করে আমনা সেই আকাজ্কাকেই কেবল যে বিস্কান করিছ তা নয়, দল বে'ধে লোক ডেকে বিস্কানের ঢাক পিটিয়ে সেই তালে তাণ্ডব নৃত্য করিছ।…

# উল্লেখযোগ্য বিষয় / মণ্ডব্য :

শিক্ষা ও জীবন, শিক্ষাপ্রণালী, শিক্ষার লক্ষ্য

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

### ज्ञानीय প্रमण्यः

১. শিক্ষার হেরফের। ২. জগদানন্দ রায়কে পত্র ২নং। ৩. বিশ্বভারতী ৪নং। ৪. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৫. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৫. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ৬. শিক্ষার সাথকিতা। ৭. আবরণ। ৮. লক্ষ্য ও শিক্ষা। ১. মেঘনাদবধ কাব্য। ১০. প্রসংগকথা ১ (তিনখানি পত্র)। ১১ প্রেপ্থিপ্নের অনুবৃদ্ধি। ১২. শিক্ষাসংশ্কার। ১৩. শিক্ষাসমস্যা। ১৪. পিতৃদেব (জীবনন্দ্রাত)। ১৫. শিক্ষাবিধি। ১৬. জগদানন্দ রায়কে পত্র ৫নং। ১৭. অসন্তোষের কারণ। ১৮. বিশ্বভারতী ২নং। ১৯. বিদ্যার যাচাই। ২০. বিশ্বভারতী ৬নং। ২১. পিন্ট্রমাত্রীর ডায়ারি। ২২. আলোচনা। ২৩ প্রেবিণেগ বক্ত্যা। ২৪. জনেক অধ্যাপকের চিঠি। ২৫. শিক্ষার বিকিরণ। ২৬. বিশ্বভারতী ১৭নং। ২৭. আশ্রমের শিক্ষা। ২৮. A Poet's School. ২৯. The School Master. ৩০. তোতাকাহিনী। ৩১. সন্তোষচন্দ্র মজ্মদারকে পত্র ২নং। ৩২. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ৩৩. তপোবন। ৩৪. জগদানন্দ রায়কে পত্র ৩নং। ৩৫. প্রক্রনী (৬নং)। ৩৬. কলাবিদ্যা। ৩৭. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৪নং। ৩৮. শিক্ষার আদর্শ। ৩১. বিশ্বভারতী ১৫নং। ৪০. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ৪১. বিশ্বভারতী ১৭নং। ৪২ বিশ্বভারতী ১৮নং ইত্যাদি।

# ८१। श्रीक्रमी-१मः

[ শান্তিনিকেতন আশ্রমিক সন্দ কর্তৃক প্রকাশিত, পোষ ১৩৪৩ ]

তব্ এমন করে জ্ঞানের অম্নদানের মধ্যে যে কৃপণতা আছে সে নিয়তই অশ্তরকে পীড়া দিতে থাকে। সাংসারিক লাভের প্রতি দৃষ্টি না রেখে জ্ঞানের চর্চা করব, মান্যের মন্যাত্ব এইখানেই। তার জ্ঞানের ক্ষ্যা প্রয়োজনের ক্ষ্যার চেয়ে কম নর। অন্য-সকল দেশে যেমন অর্থকরী বিদ্যা আছে, তেমনি জ্ঞানকে বস্তু নিরপেক্ষ করবার ইচ্ছাও আছে; কেবল ভারতবর্ষেই কি তা লোপ পাবে ? আমাদের দেশে বিদ্যাশিক্ষা রাহ্রগ্রুত, বিদ্যাকে আমরা প্রয়োজনের সামগ্রী মনে করছি—যে সর্যে ভূত ছাড়াবে তাকেই ভূতে প্রয়েছে।…

্ ৮ পোষ, ১৩২৬ শান্তিনিকেতন ] র, র. ১৪ খণ্ড, প্রে-৮১৪

#### : किर्चि

#### প্রাক্তনী ৬নং

শাশ্তিনিকেতন আশ্রমিক সংশ্বের বাধিক অধিবেশনে ৮ই পোষ ১৩২৬ সালে রবীন্দ্রনাথ প্রান্তন ছাত্রছাত্রীদের উদ্দেশে ভাষণ দিয়েছিলেন। এই রচনাংশটি উ**ত্ত ভাষণের** প্রকাশিত রূপ থেকে নেওয়া।

## উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

শিক্ষার লক্ষ্য

# जूननीय **अ**त्रकाः

১. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ২. শিক্ষাসংখ্কার। ৩. তপোবন। ৪. লক্ষ্য ও শিক্ষা। ৫. জগদানন্দ রায়কে পত্র ৩নং। ৬. অসম্ভোষের কারণ। ৭. আকাৎক্ষা। ৮. বিশ্বভারতী ৪নং। ৯. পর্ববন্ধে বস্তুতা। ১০. জনৈক অধ্যাপকের চিঠি। ১১. কলাবিদ্যা। ১২ সোভিয়েত ইট্নিয়নে রবীন্দ্রনাথ ১নং। ১৩ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৪নং। ১৪. শিক্ষার সাথকিতা। ১৫। শিক্ষার আদর্শ। ১৬. বিশ্বভারতী ১৫নং। ১৭. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ১৮. বিশ্বভারতী ১৭নং। ১৯ বিশ্বভারতী ১৮নং ইত্যাদি।

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

# ৪৬। শিক্ষার মিলন

[ সব্বজপত্ত, ভাদ্র ১৩২৮ (১৯২১) প্রবাসী, আম্বিন ১৩২৮ (১৯২১) ]

কিম্তু কেন এসে পে<sup>†</sup>ছিয় নি ? বিশ্বকে ভোগ করবার অধিকার ওরা কেন পেয়েছে ? নিশ্চয়ই সে কোনো-একটা সত্যের জোরে ।···

বিশেবর একটা বাইরের দিক আছে, সেই দিকে সে মন্ত একটা কল। সে দিকে তার বাধা নিয়মের এক চুল এদিক-ওদিক হবার জা নেই। এই বিরাট বন্তুবিশ্ব আমাদের নানা রকমে বাধা দেয়; ক্র্ডেমি করে বা ম্র্যাতা করে যে তাকে এড়াতে গেছে বাধাকে সে ফার্কি দিতে পারে নি, নিজেকেই ফার্কি দিয়েছে। অপর পক্ষে বন্তুর নিয়ম যে শিথেছে শ্বাধ্ব যে বন্তুর বাধা তার কেটেছে তা নর, বন্তু ন্বয়ং তার সহায় হয়েছে—বন্ত্বিশ্বের দর্গম পথে ছটে চলবার বিদ্যা তার হাতে, সকল জায়গায় সকলের আলে গিয়ে সে পেণ্টছতে পারে ব'লে বিশ্বভোজের প্রথম ভাগটা পড়ে তারই পাতে; আর, পথ হাটতে হাটতে যাদের বেলা বয়ে যায় তারা গিয়ে দেখে যে, তাদের ভাগ্যে হয় অতি সামানাই বাকি, নয় সমন্তই ফারি

এমন অবস্থায়, পশ্চিমের লোকে যে বিদ্যার জোনে বিশ্ব জয় করেছে সেই বিদ্যাকে গাল পাড়তে থাকলে দ্বঃখ কমবে না, কেবল অপরাধ বাড়বে। কেননা, বিদ্যা যে সত্য। কিম্তু এ কথা যদি বল শিন্ধ্ব তো বিদ্যা নয় বিদ্যার সংগ সংগ শয়তানিও আছে' তা হলে বলতে হবে, ঐ শয়তানির যোগেই ওদের মরণ। কেননা, শয়তানি সত্য নয়।

জন্তুরা আহার পায় বাঁচে, আঘাত পায় মরে, যেটাকে পায় সেটাকেই বিনা তর্কে মেনে নেয়। কিন্তু মানুষের সব চেয়ে বড়ো শ্বভাব হচ্ছে মেনে না নেওয়া। জন্তুরা বিদ্রোহী নয়, মানুষ বিদ্রোহী। বাইরে থেকে যা ঘটে, যাতে তার নিজের কোনো হাত নেই, কোনো সায় নেই, সেই ঘটনাকে মানুষ একেবারে চ্ড়ান্ত বলে শ্বীকাব করে নি বলেই জীবের ইতিহাসে সে আজ এত বড়ো গোরবের পান দখল করে বসেছে। আসল কথা, মানুষ একেবারেই ভালোমানুষ নয়। ইতিহাসের আদিকাল থেকে মানুষ বলেছে, বিশ্বঘটনার উপরে সে কর্তৃত্ব করবে। কেমন করে করবে? না, ঘটনার পিছনে যে প্রেরণা আছে, যার থেকে ঘটনাগ্রলো বেরিয়ে এসেছে, তারই সংগ্রা কোনোমতে যদি রফা করতে বা তাকে বাধ্য করতে পারে তা হলেই সে আর ঘটনার দলে থাকবে না, ঘটিয়িতার দলে গিয়ে ভর্তি হবে। সাধনা আরণ্ড করলে মন্ত্রত্ব নিয়ে। গোড়ায়

তার বিশ্বাস ছিল, জগতে যা-কিছ্ম ঘটছে এ-সমস্তই একটা অম্ভূত জাদ্যশক্তির জোরে, অতএব তারও যদি জাদ্যশক্তি থাকে তবেই শক্তির সংগ্যে অন্রপে শক্তির যোগে সে কর্তৃত্ব লাভ করতে পারে।

সেই জাদ্মশ্রের সাধনায় মান্য যে চেণ্টা শ্রের্ করেছিল আজ বিজ্ঞানের সাধনায় তার সেই চেণ্টার পরিণতি। এই চেণ্টার মূল কথাটা হচ্ছে: মান্য না, মানায। অতএব, যারা এই চেণ্টার সিম্পি লাভ করেছে তারাই বাহিরের বিশ্বে প্রভূ হয়েছে, দাস নেই। বিশ্বভ্রমাশ্রে নিয়মের কোথাও একটুও ত্রুটি থাকতে পারে না, এই বিশ্বাসটাই বৈজ্ঞানিক বিশ্বাস। এই বিশ্বাসের জোরেই জিত হয়। পশ্চিমের লোকে এই বৈজ্ঞানিক বিশ্বাসে ভর করে নিয়মকে চেপে ধরেছে, আর তারা বাইরের জগতের সকল সংকট তরে যাছে। এখনো যারা বিশ্বব্যাপারে জাদ্মকে অগ্বীকার করতে ভয় পায় এবং দায়ে ঠেকলে জাদ্মর শরণাপন্ন হবার জন্যে যাদের মন ঝোঁকে, বাইরের বিশ্বে তারা সকল দিকেই মার খেয়ে ময়ছে, তারা আর কর্তৃত্ব পেল না।

প্রে'দেশে আমরা যে সময়ে রোগ হলে ভূতের ওঝাকে ডার্কছি, দৈন্য হলে গ্রহশান্তির জন্যে দৈবজ্ঞের দ্বারে দৌড়চ্ছি, বসন্তমারীকে ঠেকিয়ে রাখবার ভার দিচ্ছি
শীতলাদেবীর 'পরে, আর শত্তকে মারবার জন্যে মারব-উচাটন মন্ত আওড়াতে বসেছি,
ঠিক সেই সময়ে পশ্চিম মহাদেশে ভল্টেয়ার্কে একজন মেয়ে জিজ্ঞাসা করেছিলেন,
'শ্নেছি নাকি মন্তগ্নে পালকে পাল ভেড়া মেরে ফেলা যায়, সে কি সত্য:'
ভল্টেয়ার জবাব দিয়েছিলেন, 'নিশ্চয়ই মেরে ফেলা যায়, কিন্তু তার সপ্রে যথোচিত
পরিমাণে সেঁকো ব্য থাকা চাই।' য়ৢরোপের কোনো কোণে-কানাচে জাদ্মন্তের
'পরে বিশ্বাস বিছ্মাত নেই এমন কথা বলা যায় না, কিন্তু এ সন্বন্ধে সেঁকো বিষটার
প্রতি বিশ্বাস সেখানে প্রায় সর্ববাদিসন্যত। এইজনোই ওরা ইচ্ছা করলেই মারতে
পারে আর আমরা ইচ্ছে না করলেও মরতে পারি।

আজ এ কথা বলা বাহলো যে, বিশ্বশক্তি হড়েছ গ্রুটিবিহীন বিশ্বনিয়মেরই রুপ; আমাদের নিয়শ্বিত বৃদ্ধি এই নিয়দিরত শক্তিকে উপলন্ধি করে। বৃদ্ধির নিয়মের সংগে এই বিশেবর নিয়মের সামজ্ঞস্য আছে, এইজন্যে, এই নিয়নের 'পরে অধিকার আমাদের প্রত্যেকের নিজের মধ্যেই নিহিত এই কথা জেনে তরেই আমরা আত্মশক্তির উদর নি শেষে ভর দিয়ে দাঁছাতে পেরেছি। বিশ্বব্যাপারে যে মান্য আক্সিমততাকে মানে সে নিজেকে মানতে সহস্য করে না, সে যখন-তথন থাকে-তাকে মেনে বসে, শরণাগত হবার জন্যে সে একেবারে ব্যাকুল। মান্য যখন ভাবে বিশ্বব্যাপারে তার নিজের বৃদ্ধি খাটে না তখন সে আর সন্ধান করতে চায় না, প্রশ্ন করতে চায় না; তখন সে বাইরের দিকে কর্তাকে খ্রুজে বেড়ায়। এইজনো বাইরের দিকে সকলেরই কাছে সে ঠকছে, প্র্লিসের দারোগা থেকে ম্যালেরিয়ার মশা প্র্যান্ত। বৃদ্ধির ভীর্তাই হচ্ছে শক্তিহীনতার প্রধান আছে।…

আমি একদিন একটি গ্রামের উন্নতি করতে গিয়েছিল্ম। গ্রামের লোকেদের জিজ্ঞাসা করলম্ম, 'সেদিন তোদের পাড়ায় আগন্ন লাগল, একখানা চালাও বাঁচাতে পার্রাল নেকেন?' তারা বললে, 'কপাল!' আমি বললেম, 'কপাল নয় রে, কুয়োর অভাব।

### রবীদ্রনাথের চিম্তাজগৎ

পাড়ায় একখানা কুয়ো দিস নে কেন?' তারা তখনি বললে. 'আজে, কর্তার ইচ্ছে হলেই হয়।' যাদের ঘরে আগন্ন লাগাবার বেলায় থাকে দৈব তাদেরই জল দান করবার ভার কোনো-এক টি কর্তার। স্থতরাং, যে ক'রে হোক এরা একটা কর্তা পেলে বে'চে যায়। তাই এদের কপালে আর-সকল অভাবই থাকে, কিম্ভু কোনো কালেই কর্তার অভাব হয় না।

বিশ্বরাজ্যে দেবতা আমাদের শ্বরাজ দিয়ে বসে আছেন। অর্থাৎ, বিশ্বের নিয়মকে তিনি সাধারণের নিয়ম করে দিয়েছেন। এই নিয়মকে নিজের হাতে গ্রহণ করার দারা আমরা প্রত্যেকে যে কর্তৃত্ব পেতে পারি তার থেকে কেবলমাত্র আমাদের মোহ আমাদের বিশ্বত করতে পারে, আর-কেউ না, আর-কিছতে না।…

···এই বিধিদত্ত শ্বরাজ যে গ্রহণ করেছে অন্য সকল রকম শ্বরাজ সে পাবে, আর পেয়ে রক্ষা করতে পারবে ।···

মান্ধের বৃদ্ধিকে ভূতের উপদ্রব এবং অশ্ভূতের শাসন থেকে মৃত্তি দেবার ভার যে পেয়েছে তার বাসাটা প্রেই হোক আর পশ্চিমেই হোক তাকে ওপতাদ বলে কবলে করতে হবে। দেবতার অধিকার আধ্যাত্মিক মহলে, আর দৈত্যের অধিকার বিশেবর আধিভৌতিক মহলে। দৈত্য বলছি আমি বিশেবর সেই শক্তিরপেকে যা স্থানক্ষণ্র নিয়ে আকাশে আকাশে তালে তালে চক্তে চক্তে লাটিম ঘৃরিয়ে বেড়ায়। সেই আধিভৌতিক রাজ্যের প্রধান বিদ্যাটা আজ শ্রুলাচার্যের হাতে। সেই বিদ্যাটার নাম সঞ্জবিনী বিদ্যা। সেই বিদ্যার জারের সম্যক্রপে জীবনরক্ষা হয়, জীবনপোষণ হয়, জীবনের সকলপ্রকার দ্র্গতি দ্রের হতে থাকে; অন্নের অভাব, বশ্বের অভাব, গ্রাম্থ্যের অভাব মোচন হয়; জড়ের অত্যাচার, জশ্তুর অত্যাচার, মান্ধের অত্যাচার থেকে এই বিদ্যাই রক্ষা করে। এই বিদ্যা যথাতথ বিধির বিদ্যা; এ যখন আমাদের বৃশ্ধির সঙ্গে মিলবে তখনই গ্রাতশ্র্যালভের গোড়াপত্বন হবে, অন্য উপায় নেই।

এই প্রসংগে একটা তর্ক ওঠবার আশংকা আছে। এ কথা অনেকে বলবেন, পশ্চিমদেশ যথন বনুনো ছিল, পশ্চম প'রে মৃগয়া করত, তথন কি আমরা নিজের দেশকে অন্ন জোগাই নি ? বস্তু জোগাই নি ? ওরা যথন দলে দলে সমনুদ্রের এ পারে, ও পারে, দস্থাবৃত্তি করে বেড়াত আমরা কি তথন স্বরাজ-শাসনবিধি আবিষ্কার করি নি ? নিশ্চয় করেছি, কিন্তু কারণটা কী ? আর তো কিছন্ই নয়, বস্তুবিদ্যা ও নিয়মতন্ত্র ওরা যতটা শিখেছিল আমরা তার চেয়ে বেশি শিখেছিলেম। পশ্চম পরতে যে বিদ্যালাগে তাঁত বনুনতে তার চেয়ে অনেক বেশি বিদ্যার দরকার, পশ্ব মেরে খেতে যে বিদ্যাধাটিতে হয় চাষ করে খেতে তার চেয়ে অনেক বেশি বিদ্যালাগে। দস্থাবৃত্তিতে যে বিদ্যা রাজ্য-চালনে ও পালনে তার চেয়ে অনেক বেশি। আজ আমাদের পরস্পরের অবশ্বটো যদি একেবারে উল্টে গিয়ে থাকে তার মধ্যে দৈবের কোনো ফাঁকি নেই।

কলিশেগর রাজাকে পথে ভাসিয়ে দিয়ে বনের ব্যাধকে আজ সিংহাসনে যে চড়িয়ে দিয়েছে সে তো কোনো দৈব নয়, সে ঐ বিদ্যা। অতএব, আমাদের সংগ ওদের প্রতিযোগিতার জাের কোনাে বাহ্য ক্রিয়াকলাপে কমবে না ; ওদের বিদ্যাকে আমাদের বিদ্যা করতে পারলে তবেই ওদের সামলানাে যাবে। এ কথার একমাত্র অর্থ, আমাদের সর্বপ্রধান সমস্যা শিক্ষাসমস্যা। অতএব শ্রেচায়ের্থের আশ্রমে আমাদের যেতে হচ্ছে।

এই পর্যাকত এগিয়ে একটা কথায় এসে মন ঠেকে যায়। সামনে এই প্রশ্নটা দেখা দেয়ে, সব মানলেম. কিশ্ত পশ্চিমের যে শক্তির পেথে এলে তাতে কি তৃথি পেয়েছ ?' না. পাই নি। সেশনে ভোগের চেহারা দেখেছি, আনন্দের না। অনবচ্ছিন্ন সাত মাস আর্মোরকায় ঐশ্বর্যের দানবপ্রীতে ছিলেম। দানব মন্দ অথে বলছি নে. ইংবেগিতে বলতে হলে হয়তো বলতেম টাইট্যানিক্ ওয়েল্থ্। অথণিং যে ঐশ্বর্যের শক্তি প্রবল্প, আয়তন বিপাল। হোটেলের জানলার কাছে রোজ বিশ-প'য়বিশতলা বাড়ির ল্রুটির সামনে ব'সে থাকতেম আর মনে মনে বলতেম, লক্ষ্মী হলেন এক, আর ক্বের হল আর— অনেক তফাত। লক্ষ্মীর অশ্তরের কথাটি হচ্ছে কল্যাণ, সেই কল্যাণের দ্বারা ধন শ্রীলাভ করে। কুবেরের অশ্তরের কথাটি হচ্ছে সংগ্রহ, সেই সংগ্রহের দ্বারা ধন বহুল্পে লাভ করে। বহুলপের কোনো চরম অথ' নেই।…

এ কথা বারবার বলেছি, আবার বলি, আমি বৈরাগ্যের নাম ক'রে শন্যে ঝ্লির সমর্থন করি নে। আমি এই বলি, অল্ডরে গান ব'লে সভাটি যদি ভরপ্র থাকে তবে তার সাধনায় স্থর-তালের চেণ্টা থাকে রসের সংযমরক্ষার; বাহিরের বৈরাগ্য এল্ডরের প্রণিতার সাক্ষ্য দেয়। কোলাহলের উচ্ছাণ্ডল নেশায় সংযমের কোনো বালাই নেই। অল্ডরে প্রেম ব'লে সভাটি যদি থাকে তবে তার সাধনায় ভোগকে হতে হয় সংযত, সেবাকে হতে হয় খাটি। এই সাধনার সভীত্ব থাকা চাই। এই সভীত্বের যে বৈরাগা অর্থাৎ সংয্ম সেই হল প্রকৃত বৈরাগ্য। অল্প্রপ্রি সংগে বৈরাগীর যে মিলন সেই হল প্রকৃত মিলন।

যখন জাপানে ছিলেম তখন প্রাচীন জাপানের যে রূপ সেখানে দেখেছি সে আমাকে গভীর তৃথ্যি দিয়েছে। কেননা, অর্থহীন বহুলতা তার বাহন ন্ব। প্রাচীন জাপান আপন হাংপদেমর মাঝখানে সুন্দরকে পেয়েছিল। তার সমস্ত বেশভূষা, কর্ম খেলা, তার বাসা আসবাব, তার শিল্টাচার ধর্মানুষ্ঠান, সমস্তই একটি মূল ভাবের দ্বারা অধিকৃত হয়ে সেই এককে সেই সুন্দরকে বৈচিত্যের মধ্যে প্রকাশ করেছে। একাশ্ত রিক্ততাও নির্থাক, একাশ্ত বহুলতাও তেমনি। প্রাচীন জাপানের যে জিনিসটি আমার চোখে পড়েছিল তা রিক্ততাও নয়, বহুলতাও নয়, তা প্রেতা। ··

য় বেরাপ যখন বিজ্ঞানের চাবি দিয়ে বিশ্বের রহস্যানিকেতনের দরজা খলতে লাগল তখন যে দিকে চায় সেই দিকেই দেখে বাঁধা নিয়ম। নিয়ত এই দেখার অভ্যাসে তার এই বিশ্বাসটা ঢিলে হয়ে এসেছে যে, নিয়মেরও পশ্চাতে এমন কিছন আছে যার সংগ্রে আমাদের মানবত্বের অশ্তরণ আনন্দময় মিল আছে। তেক রোখে বিজ্ঞানের চর্চা করতে করতে পশ্চিমদেশে এই আত্মাকে কেবলই সরিয়ে সরিয়ে ওর জন্যে আর জায়গা রাখলে না। এক ঝোঁকা আধ্যাত্মিক ব্রিখতে আমরা দারিদ্রো দ্বর্বলতায় কাত হয়ে

### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

পড়েছি, আর ওরাই কি এক-ঝেকা আধিভৌতিক চালে এক পারে লাফিরে মন্যান্ধের সার্থকতার মধ্যে গিয়ে পে<sup>ক</sup>চিচ্ছে ?

কিন্তু লোভ তো একটা তত্ত্ব নয়, লোভ হচ্ছে রিপ্র। রিপ্রের কর্ম নয় স্থিত করা। তাই, ফললাভের লোভ যথন কোনো সভ্যতার অন্তরে প্রধান আসন গ্রহণ করে তথন সেই সভ্যতায় মান্ষের আজিক যোগ বিশ্লিণ্ট হতে থাকে। সেই সভ্যতা যতই ধন লাভ করে, বল লাভ করে, স্থবিধাস্থযোগের যতই বিশ্তার করতে থাকে, মান্ষের আজিক সত্যকে ততই সে দ্বর্ণল করে।

একা মান্ব ভরংকর নিরথ ক; কেননা, একার মধ্যে ঐক্য নেই। বহুকে নিয়ে যে এক সেই হল সত্য এক। বহু থেকে বিচ্ছিন্ন যে সেই লক্ষ্মীছাড়া এক ঐক্য থেকে বিচ্ছিন্ন এক।…

শেপশ্চিমদেশে আজ সামাজিক বিদ্রোহ কালো হয়ে ঘনিয়ে এসেছে এ কথা স্থাপণ্ট।
ভারতে আচারের বাহা বাধনে যেখানে মানুষকে এক করতে চেয়েছে সেখানে সেই ঐক্যে
সমাজকে নিজাবি করেছে, রারোপে ব্যবহারের বাহা বাধনে যেখানে মানুষকে এক
করতে চেয়েছে সেখানে সেই ঐক্যে সমাজকে সে বিশ্লিণ্ট করেছে। কেননা আচারই
হোক আর ব্যবহারই হোক, তারা তো তন্তন নয়; তাই তারা মানুষের আত্মাকে বাধ
দিয়ে সকল ব্যবহথা করে।

…

চরম তত্ত্ব আছে উপনিষদে—

ঈশাবাস্যামিদং সব<sup>\*</sup>ং যৎ কিন্ত জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভূঞ্জীথা মা গৃধঃ ক্স্যাদ্বিদ্ধনম্।

প িচমসভ্যতার অন্তরাসনে লোভ রাজা হয়ে বসেছে, প্রেই তার নিন্দা করেছি। কিন্তু, নিন্দাটা কিসের ? ঈশোপনিষদে তত্ত্ববর্পে এরই উত্তরটি দেওয়া হয়েছে। ঋষি বলেছেন : মা গ্রেঃ। লোভ কোরো না। কেন করব না ? যেহেতু লোভে সত্যকে মেলে না। নাইবা মিলল, আমি ভোগ করতে চাই। ভোগ কোনো না, এ কথা তো বলা হছে না। ভূজীথাঃ, ভোগই করবে, কিন্তু সত্যকে ছেড়ে আনন্দকে ভোগ করবার পন্থা নেই। তা হলে সত্যটা কী ? সত্য হচ্ছে এই ঈশাবাস্যমিদং সর্বম্। সংসারে যা-কিছ্ চলছে সমস্ত ঈশ্বরের খারা আছ্ল্য।...

আত্মিক সাধনার একটা অংগ হচ্ছে জড়বিশেবর অত্যাচার থেকে আত্মাকে মৃত্ত করা।
পশ্চিম-মহাদেশের লোকেরা সাধনার সেই দিকটার ভার নিয়েপ্তে। এইটে হচ্ছে সাধনার
সব-নীচেকার ভিত, কিশ্চু এটা পাকা করতে না পারলে অধিকাংশ মান্যের অধিকাংশ
শক্তিই পেটের দায়ে জড়ের গোলামি করতে বাস্ত থাকরে। পশ্চিম তাই হাতের
আস্তিন গ্রিটেয়ে খশ্তা কোদাল নিয়ে এমনি ক'রে মাটির দিকে খ্রেক পড়েছে যে

উপর-পানে মাথা তোলবার ফ্রেসত তার নেই বললেই হয়। এই পাকা ভিতের উপর উপর-তলা যথন উঠবে তথনই হাওয়া-আলোর যারা ভক্ত তাদের বাসাটি হবে বাধাহীন। তত্তরজ্ঞানের ক্ষেত্রে আমাদের জ্ঞানীরা বলেছেন. না-জানাই বন্ধনের কারণ, জানাতেই মুক্তি। বস্তুবিশেবও সেই একই কথা। এখানকার নিয়মতত্ত্বকে যে না জানে সেই বন্ধ হয়, যে জানে সেই মুক্তিলাভ করে। তাই বিষয়রাজ্যে আমরা যে বাহ্য বন্ধন কলপনা করি সেও মায়া; এই মায়া থেকে নিক্কৃতি দের বিজ্ঞানে। পশ্চিনমহাদেশ বাহ্য বিশেব মায়ামুক্তির সাধনা করছে; সেই সাধনা ক্ষুধা তৃষ্ণা শীত গ্রীদ্ম বোগ দৈন্যের মূলে থ্বজে বের ক'রে সেইখানে লাগাছে ঘা; এই হছে মূত্যুর মার থেকে মানুষকে রক্ষা করবার চেটা আর প্রেমহাদেশ অভ্যান্থার যে সাধনা করেছে সেই হছে আমূতের অধিকার লাভ করবার উপায়। অতএব, প্রেপিন্ডিমের চিত্ত যদি বিভিন্ন হয় তা হলে উভয়েই ব্যর্থ হবে . তাই প্রেপিন্ডিমের মিলন-মন্ত্র উপনিষং দিয়ে গেছেন। বলেছেন—

বিদ্যাণ্ডাবিদ্যাণ যুহতদ্বেদোভয়ং সহ অবিদ্যায়া মাৃত্যুং তীর্ভাবিদ্যামাৃত্যুদন্তে।

য়ং কিণ্ড জগত্যাং জগৎ, এইখানে বিজ্ঞানকে চাই। ঈশাবাস্যামিদং সর্বম্, এইখানে তত্ত্বজ্ঞানকে চাই। এই উভয়কে মেলাবার কথা যখন ঋষি বলেছেন তখন প্রেপি চিমকে মিলতে হবে। এই মিলনের অভাবে প্রেপি দিমকে মিলতে অভাবে পি চিম অশানিতর দ্বারা ক্ষ্মুখ্ব, সে নিরানন্দ।

এই ঐক্যতত্ত্ব সাবশ্বে আমার কথা ভূল বোঝবার আশৃংকা আছে। তা**ই যে** কথাটা একবান আভা**সে বলেছি** সেইটে আর-একবার স্পণ্ট বলা ভালো। একাকার হওয়া এক হওয়া নয়। যারা স্বত-ত্র তারাই এক হতে পারে। প্রথিবীতে যারা পরজাতির স্বাতন্ত্রা লোপ করে তারাই সর্বজাতির ঐক্য লোপ করে। ইন্পীরিয়ালিজ্ম হচ্ছে অজগর সাপের ঐক্যনীতি . গিলে খাওয়াকেই সে এক করা বলে প্রচার করে। প্রে আমি বলেছি, আধিভোতিককৈ নাধ্যাত্মিক যদি আত্মসাৎ করে বসে তা হলে সেটাকে সমন্বয় বলা চলে না , প্রম্পনের ম্ব-ক্ষেত্রে উভয়ে ম্বতন্ত্র থাকলে তবেই সমশ্রে সাণ্য হয়। তেমনি মান্য যেখানে প্রতক্ত সেথানে তার প্রতক্ত্য প্রীকার কর**লে** তবেই মানুষ যেখানে এক সেখানে তার সতা ঐক্য পাওয়া যায়। সেদিনকার মহাযদেশ্বর পুর য়াোপ যখন শান্তির জনো ব্যাকল হয়ে উঠল তখন থেকে সেখানে কেবলই ছোটো ছোটো জাতির প্রতিক্রের দাবি প্রবল ধরে উঠছে। যদি আল নবযাবের আলভ হয়ে থাকে তা হলে এই যাগে অতিকায় ঐপ্রয়, অতিকায় সাম্রাল্য, সংঘদের্বনের সমস্ত র্জাতশয়তা টুকরো টুকরো হয়ে ভেঙে যাবে। সত্যকার প্রাতন্ত্রের উপর সত্যকার ঐক্যের প্রতিষ্ঠা হবে। যারা নবযুগের সাধক ঐক্যের সাধনার জন্যেই তাদের ম্বাতকোর সাধনা করতে হবে আর তাদের মনে রাখতে হবে, এই সাধনায় জাতিবিশেষের মুক্তি নয়, নিখিল মানবের মুক্তি।

যারা অনাকে আপনার মতো জেনেছে 'ন ততো বিজ্বগৃপ্সতে', তারাই প্রকাশ পেয়েছে, এই তন্ত্রনিট কি মানুষের পর্নথিতেই লেখা আছে ? মানুষের সমশ্ত ইতিহাসই

#### রবীন্দ্রনাথের চিন্তাঞ্জগৎ

কি এই তত্তেরে নিরশ্তর অভিব্যক্তি নয় ? ইতিহাসের গোড়াতেই দেখি, মান্যের দল পর্বতসমন্দ্রের এক-একটি বেড়ার মধ্যে একত্ত হয়েছে। মান্য যখন একত্ত হয় তখন যদি এক হতে না পারে তা হলেই সে সত্য হতে বিশুত হয়। একত্তিত মন্যাদলের মধ্যে বারা যদ্বংশের মাতাল বীরদের মতো কেবলই হানাহানি করেছে, কেউ কাউকে বিশ্বাস করে নি, পরম্পরকে বিশ্বত করতে গিয়েছে, তারা কোন্কালে লোপ পেয়েছে। আর, যারা এক আত্মাকে আপনাদের সকলের মধ্যে দেখতে চেয়েছিল তারাই মহাজাতির্পে প্রকাশ পেয়েছে।

বিজ্ঞানের কল্যাণে জলে শথলে আকাশে আজ এত পথ খুলেছে. এত রথ ছুটেছে যে. ভুগোলের বেড়া আজ আর বেড়া নেই। আজ, কেবল নানা ব্যক্তি নয়, নানা আতি কাছাকছি এসে জুটেল; অর্মান মানুষের সত্যের সমস্যা বড়ো হয়ে দেখা দিল। বৈজ্ঞানিক শক্তি যাদের একত্র করেছে তাদের এক কংবে কে? মানুষের যোগ যদি সংযোগ হল তো ভালোই, নইলে সে দুযোগ। সেই মহাদুযোগ আজ ঘটেছে। একত্র হবার বাহ্যশক্তি হু হু ক'রে এগোল, এক করবার আশ্তর শক্তি পিছিয়ে পড়েরইল। আমরা পুর্বদেশের ভালোমানুষ যারা ধীরমন্দগমনে পায়ে হে টে চলি ওদের ঐ উন্নতির ধাকা আজও সামলে উঠতে পারছি নে। কেননা যারা কাছেও আসে, তফাতেও থাকে. তারা যদি চঞ্চল পদার্থ হয় তা হলে পদে পদে ঠকাঠক ধাকা দিতে থাকে। এই ধাকার মিলন তথকর নয়, অবংথাবিশেষে কল্যাণকর হতেও পারে।

যাই হোক, এর চেয়ে গপণ্ট আল আর কিছুই নয় যে, লাতিতে জাতিতে একত হচ্ছে অথচ মিলছে না। এরই বিষম বেদনায় সমগত পূথিবী প্রীড়িত। এত দৃঃথেও দৃঃথের প্রতিকার হয় না কেন । তার কারণ এই যে, গণ্ডীর ভিতরে যারা এক হতে শিথেছিল গণ্ডীর বাইরে তারা এক হতে শেখে নি।

মান্য সাময়িক ও ম্থানিক কারণে গণ্ডীর মধ্যে সতাকে পায় ব'লেই সত্যের প্রাছেড়ে গণ্ডীর প্রাধের ; দেবতার চেয়ে পাণ্ডাকে মানে . রাজাকে ভোলে, দারোগাকে কছনতে ভুলতে পারে না । প্রথিবীতে নেশন গড়ে উঠল সত্যের জোরে : কিম্তু ন্যাশন্যালিজ্মে সত্য নয়, অথচ সেই জাতীয় গণ্ডী-দেবতার প্রভার অনুষ্ঠানে চারি দিক থেকে নরবলির জোগান চলতে লাগল। যতদিন বিদেশী বলি জাউত ততদিন কোনো কথা ছিল না ; হঠাৎ ১৯১৪ খ্যটাশে পরম্পরকে বলি দেবার জন্যে ম্বয়ং যজমানদের মধ্যে টানাটানি পড়ে গেল। তখন থেকে ওদের মনে সন্দেহ জাগতে আরম্ভ হল, একেই কি বলে ইণ্টদেবতা!…

বর্তমান যুগের সাধনার সণ্ডোই বর্তমান যুগের শিক্ষার সংগতি হওয়া চাই। রাণ্ট্রীয় গণ্ডী-দেবতার যারা প্রেরারি তারা শিক্ষার ভিতর দিয়ে নানা ছ্রেরায় রাতীয় আত্মভরিতার চর্চা করাকে কর্তব্য মনে করে। জর্মান একদা শিক্ষাবাবস্থাকে তার রাণ্ট্রনৈতিক ভেদবৃশ্ধির ক্রীতদাসী করেছিল ব'লে পণ্ডিমের অন্যান্য নেশন তার নিশ্দা করেছে। পশ্চিমের কোন্ বড়ো নেশন এ কাজ করে নি ?…

ম্বাজাত্যের অহমিকা থেকে ম্বিলান করার শিক্ষাই আজকের দিনের প্রধান শিক্ষা। কেননা কালকের দিনের ইতিহাস সার্বজাতিক সহযোগিতার অধ্যায় আরুভ করবে।

বে-সকল রিপর যে-সকল চিল্তার অভ্যাস ও আচারপর্শণত এর প্রতিকুল তা আগামী কালের জন্যে আমাদের অযোগ্য ক'রে তুলবে। ন্বদেশের গৌরবব্রণিধ আমার মনে আছে, কিন্তু আমি একান্ত আগ্রহে ইচ্ছা করি যে, সেই ব্রণিধ যেন কখনো আমাকে একথা না ভোলায় যে একদিন আমার দেশে সাধকেরা যে মন্ত্র প্রচার করেছিলেন সে হচ্ছে ভেদব্রণিধ দরে করবার মন্ত্র।…

এইজনোই আমাদের দেশের বিদ্যানিকেতনকে প্র'পশ্চিমের মিলননিকেতন ক'রে ত্লতে হবে, এই আমার অশ্তরের কামনা। বিষয়লাভের ক্ষেত্রে মানুষের বিরোধ মেটে নি, সহজে মিটতেও চায় না। সত্যলাভের ক্ষেত্রে মিলনের বাধা নেই। যে গৃহস্প কেবলমান্ত আপন পরিবারকে নিয়েই থাকে, আতিথ্য করতে যার কুপণতা, সে দীনান্তা। শৃধ্ব গৃহস্পের কেন, প্রত্যেক দেশেরই কেবল নিজের ভোজনশালা নিয়ে চলবে না, তার অতিথিশালা চাই যেখানে বিশ্বকে অভার্থনা ক'রে সে ধন্য হবে। শিক্ষাক্ষেত্রেই তার প্রধান অতিথিশালা। দ্বভাগা ভারতবর্ষে বর্তমান কালে শিক্ষার যত-কিছ্ব সরকারি ব্যবহ্থা আছে তার প্রনেরা-আনা অংশই পরের কাছে বিস্যাভিক্ষার ব্যবহ্থা।…

আমার প্রার্থনা এই যে, ভারত আজ সমণ্ড পর্বেভূভাগের হয়ে সতাসাধনার অতিগিশালা প্রতিণ্ঠা কর্ক। তার ধনসম্পদ নেই জানি, কিম্তু তার সাধনসম্পদ আছে। সেই সম্পদের জারে সে বিশ্বকে নিমন্ত্রণ করবে এবং তার পরিবর্তে সে বিশ্বর সবাত্র নিমন্ত্রণের অধিকার পাবে। দেউড়িতে নয়, বিশ্বর ভিতর-মহলে তার আসন পড়বে। কিম্তু আমি বলি, এই মানসমানের কথা এও বাহিরের, একেও উপেক্ষা করা চলে। এই কথাই বলবার কথা যে, সত্যকে চাই অম্তরে উপলব্ধি করতে এবং সত্যকে চাই বাহিরে প্রকাশ করতে; কোনো স্থাবধার জন্যে নয়, সম্মানের জন্যে নয়, মান্ষের আয়াকে তার প্রজ্ঞ্জতা থেকে মর্ভি দেবার জন্যে। মান্ষের সেই প্রকাশত ভ্রিট আমাদের শিক্ষার মধ্যে প্রচার করতে হবে, কমের মধ্যে প্রচলিত করতে হবে, তা হলেই সকল মান্যের সম্মান কবে আমরা সম্মানিত হব; নবযুগের উদ্বোধন করে আমরা জরাম্ভ হব। আমাদের শিক্ষালয়ের সেই শিক্ষামন্তিট এই—

য়ুস্ত্ সর্বাণি ভূতানি আত্মনাবান্ক্রিট সর্বভূতেষ্ট্ চাত্মানং ততো ন বিজ্বপ্রস্তে।

# हीका :

## শিক্ষার মিলন

গান্ধি দীর অসহযোগনীতির প্রাসন্থিক চিন্তায় রবীন্দ্রনাথ 'শিক্ষার মিলন' প্রবন্ধটি রচনা করেন। ১৫ই আগস্ট ১৯২১ সালে কলকাতায় ইনস্টিটিউট হলে জাতীয় শিক্ষা পরিষদের পক্ষ থেকে কবি-সাবদ্ধনার প্রভাৱেরে রবীন্দ্রনাথ 'শিক্ষার মিলন' প্রবন্ধটি পাঠ করেন। সভায় সভাপতি ছিলেন আশ্বতোষ চৌধ্বনী। উক্ত প্রবন্ধের প্রতিবাদে শরংচন্দ্র চট্টোপাধ্যায় ১৩২৮ সালে গৌড়ীয় বিদ্যায়তনে 'শিক্ষার বিরোধ' প্রবন্ধটি পাঠ করেন।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

## **উद्धा**य(याशा विषय / भन्छवा :

শিক্ষা ও বিজ্ঞানচর্চা, সর্বজনীন শিক্ষা, বিজ্ঞানশিক্ষা আধ্যাত্মিক শিক্ষা, শিক্ষায় ঐক্য

## ज्ञनीम श्रुमण्यः

১. প্রসংগ কথা (২)। ২. শান্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি। ৩. লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি। ৪. ছাগ্রসম্ভাষণ। ৫. হিম্দ্র বিম্ববিদ্যালয়। ৬.
শিক্ষাবিধি। ৭. অজিতকুমার চক্রবতীকৈ পত্র ২নং। ৮. বিদ্যাসমবায়। ৯. বিম্বভারতী ৪নং। ১০. বিম্বভারতী ৫নং। ১১. বিম্বভারতী ৬নং। ১২. বিম্বভারতী ১০নং। ১৩. প্রবিশ্বে বক্তা। ১৪. বিম্বভারতী ১৫নং। ১৫. বিম্বভারতী ১৭ নং।
১৬. My Educational Mission ইত্যাদি।

## ৪৭। ক্ষিতীশচন্দ্র দত্তকে পত্র

[ ১৭ ফালগুন ১৩২৮ (১৯২২), শাল্তিনিকেতন ]

·· শ্বীলোক ও প্রেষের এক অংশে মিল আছে আর এক অংশে নাই। সাধারণ বিদ্যাশিক্ষা উভয়েরই পক্ষে সমান আবশাক—ব্যবসায়িক শিক্ষা উভায়র পক্ষে স্বতন্ত । সংসারে যেমন প্রেরের তেমনি মেয়েদেরও এবটা ব্যবসায়িক দিক আছে সেথানে তাহাদের জন্য বিশেষ শিক্ষা চাই । বিশ্বভারতীতে সাধারণ শিক্ষায় ছাত্রছাতীদের মধ্যে কোনও প্রভেদ করা হয় নাই, এই জনা তাহারা সে সকল ক্লাশে একসংগেই শিক্ষালাভ করে। বিশেষ শিক্ষার জন্য বিশেষ আয়োজন করিবার চেণ্টায় আছি – প্রধান বাধা উপযুক্ত শিক্ষকের অভাব। আর্মোরকা প্রভৃতি দেশে গাহ'ন্থ্যতক্ত্ব ন্যান্থ্যতক্ত্ব রোগ-শ্বেষাতত্ত্ব সম্বশ্বে যথাথ বৈজ্ঞানিক শিক্ষা দেওয়া হয় তাহাতে শ্বেষ্ যে কাৰ্যকুশলতা শেখা হয় তাহা নহে মেয়েদের মন ভাশ্ত ও অংধ সংক্ষার হইতে মাক্ত হয়। এইরাপ সংস্কারের আব'জনায় আমাদের ফাীপ্রের্বের মন ভারাক্তান্ত হইয়া থাকে—ইহারই চাপে আমরা অশ্তরে বাহিরে মরিতেছে। আমাদের পুরুষেরা বিজ্ঞান শিক্ষা করিয়াও মনের ভিতরে মার্ত্তিলাভ করিতে পারে নাই প্রতাহ তাহার সহস্র প্রমাণ পাই। ইহা হইতে ব্রা যায় যে বোঝা অত্যনত ভারী, অলপ ঠেলায় নড়ে না। অন্তঃপ্রেও শিক্ষার প্রবেশ না ঘটিলে আমাদের মরণং ধ্রবং। নিশ্চয় জানিবেন সাধ্যমত স্ত্রীশিক্ষা সম্বন্ধে লক্ষাপথে চলিতে চেণ্টা করিব। কিম্তু আমার সামর্থা অলপ এবং আমার দেশের লোক আমার কাজে আজ পর্যশ্ত আন্ক্লো করেন নাই, প্রতিক্লতা অনেক

সহিতেছি। আশা আছে ধীরে ধীরে গড়িয়া তুলিতে পারিব। ইহা সত্য ধাহা মনে আছে তাহা বাহিরে প্রকাশ করিবার মত সম্বল আমার নাই।

আপনি যে মনে করিতেছেন এখানে মেয়েরা কেবল ভাষাই শিখিতেছে তাহা সতা নহে—তাহারা গানবাজনা চিত্রকলা শরীরতত্ত্ব শিখিতেছে, শীঘ্র তাঁতের কাজ শিখাইবার বাবস্থাও হইবে। যাহাকে Domestic Science বলে তাহাও শিখাইব সংকল্প আছে।

### উল্লেখযোগ্য প্রসংগ / মন্তব্য :

স্ত্রী শিক্ষা

# जूननीय श्रुमःगः

- ১. স্ত্রীশিক্ষা।
- ২ মুরোপযাত্রীর ডায়ারি।
- ৩. ভব্তিদেবীকে পত্র ইত্যাদি।

# ৪৮। বিশ্বভারতী (৪)

[ শাণ্তিনিকেতন পরিকা, ভাদ্র-আশ্বন ১৩২৯ ]

···আমি বাল্যকালের শিক্ষাব্যবংথায় মনে বড়ো পীড়া হাল, ভব করেছি। সেই ব্যবংথায় আমাকে এত ক্লেণ দিত আঘাত করত যে বড়ো হয়েও সে অন্যায় ভূলতে পারিনি। কারণ প্রকৃতির বক্ষ থেকে, মানবঞ্জীবনের সংস্পর্ণ খেকে স্বতন্ত্র করে নিম্নে শিশুকে বিদ্যালয়ের কলের মধ্যে ফেলা হয়।···

প্রাণের সম্বন্ধ থেকে বিচ্ছিন্ন হয়ে এই-যে বিদ্যা লাভ করা যায় এটা কখনও গীবনের সংগে অন্তরংগ হযে উঠতে পারে না।…

এখানে [ শান্তিনিকেতন আশ্রমে ] ছেলেরা জীবনের আরম্ভকালকে বিচিত্র রসে পর্ন করে নেবে, এই আমার অভিপ্রায় ছিল। প্রকৃতির সঞ্গে নিত্যযোগে গানে অভিনয়ে ছবিতে আনম্পরস আম্বাদনের নিতাচচায় শিশ্বদের মান চৈতন্যে আনম্পর মান্তি সন্তিত হয়ে উঠবে এইটেকেই লক্ষ্য করে কাজ আরম্ভ করা গেল।

কিশ্তু শাধ্য এটাকেই চরম লক্ষা বলে এই বিদ্যালয় শ্বীকার করে নেয়নি। এই বিদ্যালয় প্রতিষ্ঠিত করবার আমার প্রথম উদ্দেশ্য ছিল, বাঙালির ছেলেরা এখানে মানুষ

## রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

হবে, রূপে রসে গদেধ বর্ণে চিত্রে সংগীতে তাদের হাদর শতদলপদেমর মতো আনদেদ বিকশিত হয়ে উঠবে। কিম্তু আমার মনের পরিণতির সঞ্গে সংগে এর উদ্দেশ্যও গভীরতর হল।…

যতক্ষণ বীজ বীজই থাকে ততক্ষণ সে নিজের মধ্যেই থাকে। তার পরে যখন অব্দুরিত হয়ে বৃক্ষরপে আকাশে বিস্তৃতি লাভ করে তথন সে বিশ্বের জিনিস হয়। এই বিদ্যালয় বাংলার এক প্রাণ্টে কয়েকটি বাঙালির ছেলে নিয়ে তার ক্ষুদ্র সামর্থ্যের মধ্যে কোণ আঁকড়ে পড়ে ছিল। কিম্তু সব সজীব পদার্থের মতো তার অম্তরে পরিণতির একটা সময় এল। তথন সে আর একাশ্ত স্মীমাব্দ্ধ মাটির জিনিস রইল না, তথন সে উপরের আকাশে মাথা তুলল, বড়ো প্রথিবীর সঙ্গে তার অম্তরের যোগসাধন হল; বিশ্ব তাকে আপন বলে দাবি করল।

আধ্বনিক কালের প্রথবীর ভৌগোলিক সীমা ভেঙে গেছে, মান্য পরম্পরের নিকটতর হয়েছে, এই সত্যকে আমাদের গ্রহণ কয়তে হবে। মান্যের এই মিলনের ভিত্তি হবে প্রেম, বিশ্বেষ নয়। মান্য বিষয় ব্যবহারে আজ পরম্পরেকে পীড়ন কয়েছে, বিশ্বত কয়ছে, এ কথা আমি অম্বীকার কয়িছ না। কিম্তু সত্যসাধনায় প্রেশ্পাদ্দম নেই। ব্ম্থদেবের শিক্ষা ভারতবর্ষের মাটিতে উম্ভূত হয়ে চীনদেশে গিয়ে মানবচিত্তকে আঘাত কয়ল এবং য়য়ে সমম্ত এশিয়াকে অধিকার কয়ল। চিরম্ভন সত্যের মধ্যে প্রেশ-পাশ্চমের ভেল নেই। এই বিশ্বভারতীতে সেই সত্যসাধনার ক্ষেত্রকে আমার গড়ে তুলতে হবে। প্রথবীর সংগ্রে আমাদের দেওয়া-নেওয়ার সম্বর্গ ছিলাম, কেবলই পশ্চমের কাছে হাত পেতে পাঠ শিথে নিয়েছি। কিম্তু পশ্চমের সঞ্গে আমাদের আদান-প্রদানের সম্বর্গ হয়াম, কেবলই পশ্চমের কাছে হাত পেতে পাঠ শিথে নিয়েছি। কিম্তু পশ্চমের সঞ্গে আমাদের আদান-প্রদানের সম্বর্গ হয়ান। সাহসপ্রেশ্ব য়য়েরাপ্রকে আমি আমাদের শিক্ষাকেন্দ্র আমশ্রণ করে এসেছি। এখানে এইর্পে সত্যসন্মিলন হবে, জ্ঞানের তীর্থাক্ষের গড়ে উঠবে।

ভারতবর্ষ তার আপন মনকে জান্ক এবং আধ্নিক সকল লাঞ্চনা থেকে উন্ধার লাভ কর্ক। রামান্জ শংকরাচার্য ব্যুখদেব প্রভৃতি বড়ো বড়ো মনীষীরা ভারতবর্ষে বিশ্বসমস্যার যে সমাধান করবার চেণ্টা করেছিলেন তা আমাদের জানতে হবে। জ্যোবেশুরার ইসলাম প্রভৃতি এশিয়ার বড়ো বড়ো শিক্ষাসাধনার সণ্টো পরিচিত হতে হবে। ভারতবর্ষের কেবল হিম্প্রচিতকে প্রীকার করলে চলবে না। ভারতবর্ষের সাহিত্য শিক্ষপকলা স্থপতিবিজ্ঞান প্রভৃতিতেও হিম্প্রম্সলমানের সংমিশ্রণে বিচিত্র স্থিত জেগে উঠেছে। তারই পরিচয়ে ভারতবর্ষীয়ের প্রপ্ পরিচয়। সেই পরিচয় পাবার উপযুক্ত কোনো শিক্ষাপ্থানের প্রতিষ্ঠা হয় নি বলেই তো আমাদের শিক্ষা অসম্পূর্ণ ও দুর্বল।

ভারতের বিরাট সন্তা বিচিত্রকে আপনার মধ্যে একত্র সন্মিলিত করবার চেন্টা করছে। তার সেই তপস্যাকে উপলব্ধি করবার একটা সাধনাক্ষেত্র আমাদের চাই তো। বিশ্বভারতীতে সেই কাজটি হতে পারে।…

[ রচনাকাল—২০ ফাল্গনে ১৩২৮, শাল্ডিনিকেতন ]

### शैवा :

#### विश्वकावकी श्रव

উক্ত রচনাটি 'আলোচনা : বিশ্বভারতীর কথা' নামে শান্তিনিকেতন পত্তিকার (ভাদ্র-আশ্বিন ১৩২৯) প্রকাশিত হয়। বিশ্বভারতীর তৎকালীন কয়েকটি নবাগত ছাত্ত রবীন্দ্রনাথের নিকট বিশ্বভারতীর আদর্শ সম্বন্ধে কিছ্ন শন্নতে ইচ্ছন্ক হওয়ায় তিনি যে কথা বলেছেন, তারই মর্মা উক্ত রচনায় লিখিত।

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

শিক্ষা ও জীবন, সব'জনীন শিক্ষা, শিক্ষার লক্ষ্য, প্রকৃতি, বিশ্বভারতীর আদশ' ভূসনীয় প্রসংগ ঃ

১. শিক্ষার হেরফের। ২. জগদানন্দ রায়কে পত্র ২নং। ৩. আকাশ্কা।
৪. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৫. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ
২নং। ৬. শিক্ষার সার্থকতা। ৭. আবরণ। ৮. লক্ষ্য ও শিক্ষা। ৯. হিন্দ্র্বেণবালয়। ১০. শিক্ষাবিধি। ১১. অজিতকুমার চক্রবতীকে পত্র ২নং।
১২. বিদ্যাসমবায়। ১০. শিক্ষাবিধি। ১৪. বিশ্বভারতী ৫নং। ১৫. বিশ্বভারতী
৬নং। ১৬. বিশ্বভারতী ১০নং। ১৭. প্রেবিণেগ বক্কৃতা। ১৮ বিশ্বভারতী
১৫নং। ১৯ বিশ্বভারতী ১০নং। ২০. My Educational Mission. ২১. শিক্ষাসমস্যা। ২২. তপোবন। ২৩. জগদানন্দ রায়কে পত্র ১নং। ২৪. বিশ্বভারতী ১৪নং।
২৫. আশ্রমের রূপ ও বিকাশ। ২৬. The School Master. ২৭. A Poet's
School ইত্যাদি।

## ৪৯। বিশ্বভারতী (৬)

িপ্রেসিডেন্সি কলেজ ম্যাগাজিন, ৯ম খণ্ড ১নং, সেপ্টেবর ১৯২২ ]

···তপোবনের শিক্ষাপ্রণালীতে খ্ব একটি বড়ো সত্য আছে। যে বিরাট বিশ্ব-প্রকৃতির কোলে আমাদের জন্ম তার শিক্ষকতা থেকে বণিত বিচ্ছিন্ন হয়ে থাকলে মানুষ সম্পূর্ণ শিক্ষা পেতে পারে না।···

···স্থিকতা তপস্যা করছেন, তপস্যা করে সমস্ত স্কুন করছেন। প্রতি অশ্বপরমাণ্বতে তার সেই তপস্যা নিহিত। সেজন্য তাদের মধ্যে নির্ভুত্র সংঘাতঃ

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

অশ্নিবেগ, চক্রপথের আবর্তন। সৃণ্টিকর্তার এই তপাসাধনার সংগে সংগে মান্ধেরও তপস্যার ধারা চলেছে, সেও চুপ করে বসে নেই। কেননা মান্ধও সৃণ্টিকর্তা, তার আসল হচ্ছে সৃণ্টির কাজ। সে যে সংগ্রহ করে সঞ্চয় করে এই তার বড়ো পরিচয় নয়, সে ত্যাগের দ্বারা প্রকাশ করে এই তার সত্য পরিচয়। তাই বিধাতার এই বিশ্বতপঃ ক্ষেত্রে তারও তপ-সাধনা। মান্ধ হচ্ছে তুপস্বী, এই কথাটি উপলম্ধি করতে হবে। উপলম্বি করতে হলে সকল কালের সকল দেশের তপস্যার প্রয়াসকে মানবের সত্য ধর্ম বলে বড়ো করে জানতে হবে।

আজকের দিনে যে তপঃক্ষেত্রে বিশ্বের সর্ব' জাতির ও সর্ব' দেশের মানবের তপস্যার আসন পাতা হয়েছে আমাদেরও সকল ভেদবৃদ্ধি ভুলে গিয়ে সেখানে পে'ছতে হবে। আমি যখন বিশ্বভারতী স্থাপিত করলমে তখন এই সংকল্পই আমার মনে কাজ করছিল। আমি বাঙালি বলে আমাদের সাহিত্যরসের চর্চা কেবল বাংলাসাহিত্যের মধ্যেই পরিসমাপ্ত হবে? আমি কি বিশ্বসংসারে জন্মাই নি? আমারই জন্য জগতের ষত দার্শনিক যত কবি যত বৈজ্ঞানিক তপস্যা করছেন, এর যথাথে'পিলন্ধির মধ্যে কি কম গৌরব আছে? ··

পাশ্চাত্য ভূখশেড নিরশ্তর বিদ্যার সমাদর হচ্ছে। ফরাসি ও জর্মনিদের মধ্যে বাইরের ঘোর রাণ্ট্রনৈতিক যুশ্ধ বাধলেও উভয়ের মধ্যে বিদ্যার সহযোগিতার বাধা কথনও ঘটে নি।…

আমার ইচ্ছা বিশ্বভারতীতে সেই ক্ষেত্রটি তৈরী হয় যেখানে বিশ্বের সংগ ভারতের সম্বন্ধ শ্বাভাবিক কল্যাণজনক ও আত্মীয়জনো চত হয়। ভারতবর্ষকে অন্ভব করতে হবে যে, এমন একটি জায়গা আছে যেখানে মান্যকে আত্মীয় বলে গ্রহণ করতে অগৌরব বা দঃখের কারণ নেই, যেখানে মান্যের পরস্পরের সম্পর্কাটি পীড়াজনক নয়।…

[রচনাকাল—৪ ভান্ত, ১৩২৯/১৯২২, কলিকাতা ] বিশ্বভারতী, ১৯৬৩, পঃ ৪৭-৫৭

### हैका :

### বিশ্বভারতী (৬নং)

১৯২২ সালে ২১ শে আগস্ট (১৫২৮, শ্রাবণ) রবীন্দ্রনাথ কলকাতায় প্রেসিডেন্সি কলেজে ছাত্রসভায় যে বস্থাতা প্রদান করেন, ৬ সংখ্যক রচনাটি তারই অনুলিপি। 'প্রেসিডেন্সি কলেজ ম্যাগ্যাজিনে নবম খণ্ডে (সেন্টেণ্বর ১৯২২) 'বিশ্বভারতী' নামে প্রকাশিত হয়। 'শান্তিনিকেতন পত্তিকায়' ভাদ্র, ১৩২৯ (১৯২২) সালে প্রকাশিত হয়।

# উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য ঃ

শিক্ষাপ্রণালী, জাতীয় শিক্ষা, সর্বজনীন শিক্ষা

# রবীশ্ররচনা-সংকলন

### कुननीय भूजन्म :

১০ মেঘনাদবধ কাব্য । ২০ প্রসংগকথা ১ (তিনখানি পত্ত )। ০০ প্রেপ্তারের অনুবৃত্তি । ৪০ শিক্ষাসংস্কার । ৫০ শিক্ষাসমস্যা । ৬০ আবরণ । ৭০ পিতৃদেব (জীবনস্মৃতি ) । ৮০ শিক্ষাবিধি । ৯০ লক্ষ্য ও শিক্ষা । ১০০ জগদানন্দ রায়কে পত্ত ধনং । ১১০ অসন্তোষের কারণ । ১২০ বিশ্বভারতী ১নং । ১৩০ বিদ্যার ঘাচাই । ১৪০ আকাক্ষা । ১৫০ পশ্চিমযাত্তীর ডায়ারি । ১৬০ আলোচনা । ১৭০ প্রেবিশে বক্তা । ১৮০ জনৈক অধ্যাপকের চিঠি । ১৯০ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং । ২০০ শিক্ষার বিকিরণ । ২১০ বিশ্বভারতী ১৭নং । ২২০ আশ্রমের শিক্ষা । ২০০ ম Poet's School. ২৪ The School Master. ২৫০ তোতাকাহিনী । ২৬০ সন্তোষকন্দ্র মজ্মদারকে পত্র ২নং । ২৭০ ছাত্রদের প্রতি সম্ভাষণ । ২৮০ তপোবন । ২৯০ হিম্পু বিশ্ববিদ্যালয় । ৩০০ ছাত্রশাসনত্ত্র । ৩১০ বিশ্বভারতী ২নং । ৩২০ অজিতকুমার চক্রবতীকে পত্র ২নং । ৩০০ বিশ্যাসমবায় । ৩৪ শিক্ষার মিলন । ৩৫০ বিশ্বভারতী ৪নং । ৩৬০ বিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ শিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ বিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ শিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ শিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১০ নং । ৩৫০ শিশ্বভারতী ১৫ নং । ৩৯০ শিশ্বভারতী ১৫ শিশ্বভারতী ১৫ নং ।

## ao। বিশ্বভারতী (a)

[ রচনাকাল—১ ভাদ্র ১৩২৯.
শাশ্তিনিকেতন পত্রিকা, পৌষ ১৩২৯ ]

#### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

উৎকর্ষ ক্রমে ঘটবে, তখন প্রথিবীর সমঙ্গত ঙ্গলে বাধা মান্ব ডিভিরে চলে যাবে, দেশগত সীমানার কোনো অর্থাই থাকবে না।

ভূগোলের সীমা ক্ষীণ হয়ে মান্য পরস্পরের কাছে এসে দাঁড়িয়েছে। কিম্তু এতবড়ো সত্যটা আজও বাহিরের সত্য হয়েই রইল, মনের ভিতরে এ সত্য স্থান পেলে না। প্রোতন যুগের অভ্যাস আজও তাকে জড়িয়ে আছে, সে যে-সাধনার পাথেয় নিয়ে পথে চলতে চায় তা অতীত যুগের জিনিস; স্থতরাং তা বর্তমান যুগের সামনের পথে চলবার প্রতিকুলতা করতে থাকবে।

বর্তমান যুগে যে-সত্যের আবির্ভাব হয়েছে তার কাছে সত্যভাবে না গেলে মার খেতে হবে। তাই আজ মারামারি বেধেছে—নানা জাতির মিলনের ক্ষেত্রেও আনন্দ নেই, শান্তি নেই। কাটাকাটি মারামারি সন্দেহ হিংসা যে পঞ্জীভূত হয়ে উঠছে তাতেই ব্বেছি যে, সত্যের সাধনা হচ্ছে না। যে সত্য আজ মানবসমাজধারে অতিথি তার অভ্যর্থনার সাধনা বিশ্বভারতী গ্রহণ করেছে।…

#### वेका :

### বিশ্বভারতী ( ৫নং )

বিশ্বভারতীর আদর্শ প্রচারকদেপ কলকাতায় বিশ্বভারতী সন্মিলনী নামে যে একটি সভা স্থাপিত হয়, তারই একটি অধিবেশনে ১৩২৯ সালে রবীন্দ্রনাথ বিশ্বভারতীর আদর্শ ব্যাখ্যা করেন। ৫ সংখ্যক রচনাটি সেই ব্যাখ্যারই অন্বিলপি। উত্ত ব্যাখ্যাটি শান্দিতনিকেতন পরিকায় (পৌষ ১৩২৯) 'বিশ্বভারতী সন্মিলনী : লেভি সাহেবের বিদায়-সাবন্ধ নার পরে আলোচনা সভা' নামে প্রকাশিত হয়।

### উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য :

সর্বজনীন শিক্ষা

### **ज्ञानीय अञ्चल**ः

- ১. हिन्मः विश्वविमालस् ।
- ২. শিক্ষাবিধি।
- ৩ অজিতকুমার চক্রবতীকৈ পত্র ২নং।
- ৪. বিদ্যাসমবায়।
- ৫. শিক্ষার মিলন।
- ৬. বিশ্বভারতী ৪নং।
- ৭. বিশ্বভারতী ৬নং।
- ৮. বিশ্বভারতী ১০ নং।
- ৯. প্রে'বংগে বন্ধৃতা।
- ১০. বিশ্বভারতী ১৫ নং।
- ১১ বিশ্বভারতী ১৭ নং।
- ১২. My Educational Mission ইত্যাদি।

## ৫১। বিশ্বভারতী (১০)

[ রচনাকাল—৭ পোষ ১৩৩০, শাশ্তিনিকেতন পত্রিকা, পোষ ১৩৩০ ( ১৯২৩ ) ]

শেপ্থিবীতে যেখানে সভ্যতার নানা ধারা এসে মিলিত হয়েছে সেখানেই জ্ঞানের তীর্থ ভ্রিম বিরচিত হয়েছে। সেখানে নানা দিক থেকে নানা জাতির সমাবেশ হওয়াতে একটি মহামিলন ঘটেছে। গ্রীস রোম প্রভৃতি বড়ো সভ্যতার মধ্যে নানা জ্ঞানধারার সম্মিলন ছিল, তাই তা একঘরে হয়ে ইতিহাসে প্রচ্ছন্ন হয়ে থাকে নি। ভারতবর্ষের সভ্যতাতেও তেমনি আর্য গ্রাবিড় পার্রসিক প্রভৃতি নানা বিচিত্র জাতির মিলন হয়েছিল। আমাদের এই সমন্বয়কে মানতে হবে। প্রথিবীর ইতিহাসে যারা বর্বর তারাই সবচেয়ে গ্রত্তা; তারা ন্তন লোকদের প্রদেশে প্রবেশ করতে দেয় নি, বর্ণ ভাষা প্রভৃতির বৈষম্য যখনই দেখেছে তখনই তা দোষের বলে বিষবাণ প্রয়োগ করে মারতে গিয়েছে।

আজকের দিনে বিশ্বমানবকে আপনার বলে প্রবীকার করবার সময় এসেছে। আমাদের অন্তরের অপরিমেয় প্রেম ও জ্ঞানের দারা এই কথা জানতে হবে যে, মানুষ শা্ধ্ কোনো বিশেষ জাতির অন্তর্গত নয়; মানুষের সবচেয়ে বড়ো পরিচয় হচ্ছে—সে মানুষ। আজকের দিনে এই কথা বলবার সময় এসেছে যে, মানুষ সর্বদেশের সর্বক্ষালের। তার মধ্যে কোনো জাতীয়তা বা বর্ণভেদ নেই। সেই পরিচয়সাধন হয় নি ব'লেই মানুষ আজ অপরের বিত্ত আহরণ করে বড়ো হতে চায়। সে আপনাকে মারছে, অন্যকে মারতে তার হাত কিপত হচ্ছে না—সে এতবড়ো অপকর্ম করতে সাহস প্রচ্ছে।

ভারতবর্ষ তার জাতরক্ষা করবার শ্বপক্ষে কি পাশ্চাত্য দেশের নজির টেনে আনবে। আমরা কি একথা ভূলে গেছি যে, ন্রোপ ও আমেরিকা আপন আপন ন্যাশানালিজ্মের ভিত্তিপত্তন করে যে বিরাট প্রাচীর নির্মাণ করেছে আমাদের দেশে তেমন ভিত্তিপত্তন কথনও হয় নি। ভারতবর্ষ এই কথা বলেছিল যে, যিনি বিশ্বকে আপনার বলে উপলব্ধি করতে পেরেছেন তিনিই যথার্থ সত্যকে লাভ করেছেন।

প্রথমে আমি শান্তিনিকেতনে বিদ্যালয় স্থাপন ক'রে এই উদ্দেশ্যে ছেলেদের এখানে এনেছিল্ম যে, বিশ্বপ্রকৃতির উদার ক্ষেত্রে আমি এদের মৃদ্ধি দেব। কিন্তু ক্রমশ আমার মনে হল যে, মান্ষে মান্ষে যে ভীষণ ব্যবধান আছে তাকে অপসারিত ক'রে মান্ষকে সর্বমানবের বিরাট লোকে মৃদ্ধি দিতে হবে। আমার বিদ্যালয়ের পরিণতির ইতিহাসের সংগে সেই আন্তরিক আকাক্ষাটি অভিব্যক্ত হয়েছিল। কারণ বিশ্বভা রতী নামে যে প্রতিষ্ঠান তা এই আহ্বান নিয়ে স্থাপিত হয়েছিল যে, মান্ষকে শৃধ্যু প্রকৃতির ক্ষেত্রে নয়, কিন্তু মান্ষের মধ্যে মৃদ্ধি দিতে হবে। নিজের ঘরের—নিজের দেশের মধ্যে যে মৃদ্ধি তা হল ছোটো কথা, তাতে করে সত্য খান্ডত হয়, আর সেজন্যই জগতে অশান্তির সৃদ্ধি হয়। ইতিহাসে বারে বারে পদে পদে এই সত্যের বিচ্যুতি হয়েছে বলে মান্ষ পর্ীড়িত হয়েছে, বিদ্রোহানল জনালিয়েছে। মান্ষে মান্ষে যে সত্য —'আত্বং সর্বভূতের যং পশাতি স পশ্যতি', এই কথার মধ্যে যে বিশ্বজনীন

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

সত্য আছে তা মান্য মানে নি, স্বদেশের গাঁণ্ডতে আপনাদের আবদ্ধ করেছে। মান্য যে পরিমাণে এই ঐক্যকে স্বীকার কেণ্ডে সে পরিমাণে সে যথার্থ সত্যকে পেয়েছে, আপনার প্রণ পরিচয় লাভ করেছে।…

#### होका :

### বিশ্বভারতী (১০ নং)

১০ সংখ্যক রচনাটি শান্তিনিকেতনে ৭ই পোষ ১৩৩০ সালে প্রদন্ত ভাষণের প্রবন্ধরপে। শান্তিনিকেতন পত্রিকায় (মাঘ ১৩৩০) '৭ই পোষ : দ্বিতীয় ব্যাখ্যান' আখ্যায় প্রকাশিত হয়েছিল।

# উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য:

সব'জনীন শিক্ষা, প্রকৃতি, শিক্ষা ও স্বাধীনতা

### कुननीय शुनका :

১. হিন্দ্ বিশ্ববিদ্যালয়। ২. শিক্ষাবিধি। ৩. অজিতকুমার চক্রবতীকৈ প্র হনং। ৪. বিদ্যাসমবায়। ৫. শিক্ষার মিলন। ৬. বিশ্বভারতী ৪নং। ৭. বিশ্বভারতী ৫নং। ৮. বিশ্বভারতী ৬নং। ৯. প্রেবিণেগ বস্তুতা। ১০. বিশ্বভারতী ১৪নং। ১১. বিশ্বভারতী ১৫নং। ১২. My Educational Mission. ১৩. শিক্ষাসমস্যা। ১৪. তপোবন। ১৫. জগদানন্দ রায়কে প্র ১নং। ১৬. বিশ্বভারতী ১৭নং। ১৭. আশ্রমের রুপে ও বিকাশ। ১৮. The School Master. ১৯. A Poet's School. ২০ ছাত্রদের প্রতি সম্ভাষণ। ২১. জাতীয় বিদ্যালয়। ২২. প্রাক্তনী (৫নং)। ২৩. ধারাবাহী। ২৪. শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের ম্থান। ২৫. জগদানন্দ রায়কে প্র ৪নং। ২৬. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৩নং ইত্যাদি।

#### ববীন্দরচনা-সংকলন

### ৫২। বিশ্বভারতী (১১)

[ রচনাকাল —১৭ ভাদ্র ১৩৩১, প্রবাসী ( যান্তার পরেকিথা ) কার্তিক ১৩৩১ (১৯২৪) ]

···আর যে একটি কথা অনেক দিন থেকে আমার মনে জেগে ছিল সে হচ্ছে এই যে, ছাত্ত ও শিক্ষকের সম্বন্ধ অত্যন্ত সতা হওয়া দরকার। মান্ধের পরস্পরের মধ্যে সকল প্রকার ব্যাপারেই দেনাপাওনার সম্বন্ধ। কথনও বেতন দিয়ে, কখনও ত্যাগের বিনিময়ে, কখনও-বা জবরদাস্তির দারা মান্ধ এই দেওয়া-নেওয়ার প্রবাহকে দিনরাত চালিয়ে রাথছে। বিদ্যা যে দেবে এবং বিদ্যা যে নেবে তাদের উভয়ের মাঝখানে যে সেতৃ সেই সেতৃটি হচ্ছে ভিরুদেনহের সম্বন্ধ। সেই আত্মীয়তার সম্বন্ধ না থেকে যদি কেবল শক্ষক কর্তব্য বা ব্যবসায়ের সম্বন্ধই থাকে তা হলে যারা পায় তারা হতভাগা, যারা দেয় তারাও হতভাগা। 

•

#### : किर्वि

### বিশ্বভারতী (১১ নং)

দক্ষিণ আমেবিকা থাতার পূর্বে ববশিদ্রনাথ আশ্রমবাসীব নিকট যে ভাষণ দিয়েশিলেন ১১ সংখ্যক রচনাটি তাবই প্রবন্ধর্প। প্রবাসী পতিকায় (কাতিক ১৩৩১) যাতার প্রেক্গা' শিবোনামে মুদ্রিত হয়।

# উল্লেখযোগ্য বিষয়/মণ্ডব্য :

শৈক্ষা ও নৈতিক আদর্শ

# क्ननीय **अ**न्धाः

- ১০ জাতীয় বিদ্যালয়।
- ২. অজিতকুমার চক্রবতী'কে পত্র ১নং।
- ০. বিশ্বভারতী ১৫নং।
- শাশ্তিনকেতন আশ্রমের শিক্ষানীতি।
- বাঁকডায় ছাত্রদের উন্দেশে ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

### ৫৩। পশ্চিমধাত্তীর ভাষারি

[ ১২ ফেব্রুয়ারি, ১৯২৫, ক্লাকোভিয়া জাহাজ ]

আমার মতে শিক্ষার প্রণালী হচ্ছে বৈবাগীর রাম্তায়। ছাত্রদের নিয়ে বিবাগী হয়ে বিরিয়ে পড়তে হয়। চলতে চলতে নিয়ত নব নব বিষ্মায়ে অজ্ञানার ভিতৰ দিয়ে জেনে চলাই হচ্ছে প্রাণবান শিক্ষা। প্রাণেব ছন্দের সংগে এই শিক্ষা-প্রবাহের তাল মেলে। বৃষ্ধ ক্লাস হক্তে প্রাণধর্মী চিত্রের সহজ্ঞানেব পথে কঠিন বাধা। ··

পরিশিষ্ট, র। ১০। ৫৯৮-৯৯

# উল্লেখযোগ্য বিষয় / মশ্তব্য

শিক্ষাপ্রণালী

### তলনীয় প্রসংগ ঃ

১ মেঘনাদবধ কাব্য। ২ প্রসংগ কথা ১ (তিনখানি প্রস্থা। ৩ প্রেপ্রিশ্নের অনুবৃত্তি। ৪ শিক্ষাসংস্কার। ৫ শিক্ষাসমস্যা। ৬ আবরণ। ৭ পিতৃদেব (জীবনস্মৃতি)। ৮ শিক্ষাবিধি। ৯ লক্ষা ও শিক্ষা। ১০ জগদানন্দ রায়কে প্র ৫নং। ১১ অসন্তোষের কারণ। ১২ বিশ্বভারতী ২নং। ১৩ বিদ্যার বাচাই। ১৪ আকাষ্কা। ১৫ বিশ্বভারতী ৬নং। ১৬ আলোচনা। ১৭ প্রেপ্রেণ বক্তুতা। ১৮ জনৈক অধ্যাপকের চিঠি। ১৯ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ২০ শিক্ষার বিকিরণ। ২১ বিশ্বভারতী ১৭নং। ২২ আশ্রমের শিক্ষা। ২৩. A Poet's School. ২৪. The School Master. ২৫. তোতাকাহিনী। ২৬ সন্তোষচন্দ্র মজ্মদারকে প্র ২নং ইত্যাদি।

#### १८। व्यादनां हमा

শাশ্তিনিকেতন পরিকা, ১৩৩২ (জ্লোই ১৯২৫)]

•••ছাত্রদের শিক্ষাপ্রণালীর আলোচনা অন্প কথায় শেষ করা অসম্ভব। এ সাবন্ধে যে কথাটা আমার কাছে স্কলের চেয়ে গ্রহ্বতর ব'লে মনে হয় সেইটিয়াত আমি লিপিবন্ধ করতে ইচ্ছা করি।

মান্ধের শারীরিক ও মানসিক সকল প্রকার শক্তির মধ্যে একটি অখন্ড যোগ আছে। পরস্পরের সহযোগিতায় তারা বল লাভ করে।

দক্ষাগান্তমে আমাদের প্রচলিত শিক্ষার প্রথায় আমরা সাধানণত পর্বথিগত কয়েকটি বিষয় বাছাই ক'রে নিয়ে আর সমস্তকে অস্বীকার করি। পাশ্চাত্য সমাজে বিদ্যালয়ের বাহিবেও নানা উপায়ে স্কুল কলেজে শিক্ষণীয় বিষয়ের অভাব প্রেণ করে দেয়। আমাদের দেশে স্কুল কলেজের বাহিরে ছাত্রদের অন্য শিক্ষার ক্ষেত্র নেই বললেই হয়। তাই নোট নেওয়া মন্থাগ্থ করা বিদ্যায় তাদের মন যে পরিমাণ বস্তু পায় সে পরিমাণ বাদ্য পায় না।

দেহের শিক্ষা যদি সংগ সংগে না চলে তাহলে মনের শিক্ষারও প্রবাহ বেগ পায় না। অনেক ছেলেকে ক্লাশে জড়ব্র্ণিধ দেখি তার কারণই এই যে, শিক্ষার বাপারে তাদের দেহের দাবী কোনোই আমল পায় না। সেই অনাদরে তাদের মনের দৈন্য ঘটে।

দেহের চর্চা বলতে আমি ব্যায়াম বা খেলার চর্চা বলছিনে। দেহের দ্বারা আমরা বে-সব কাজ করতে পারি সেই সব কাজের চর্চা—সেই চর্চাতে দেহ স্থাশিক্ষত হয়, তার জড়তা দরে হয়। সেই সব কাজের প্রণালীর ভিতর দিয়ে দেহের সংগ্যে মনের যোগ হয়—সেই যোগেই উভয়ের বিকাশের সহায়তা ঘটে।

আমার মত এই যে, আমাদের আশ্রমে প্রত্যেক ছাত্রকেই বিশেষভাবে কোনো না কোনো হাতের কাজে যথাসম্ভব স্থান্দক ক'রে দেওয়া চাই। হাতের কাজ শিক্ষাই তার নৃখ্য উদ্দেশা নয়, আসল কথা, এই রকম দৈহিক কৃতিও চের্চা মনও সজীব সতেজ হয়ে ওঠে। যে-সব ছেলেকে আমলা নিবেধি ব'লে মনে করি তাদের অনেকেরই স্থাচিত্ত এই দৈহিক বর্মান্দকতার সোনার কাঠির স্পর্শ অপেক্ষা ক'রে আছে। দেহের মশিক্ষা মনের শিক্ষাব বল হবণ ক'রে নেয়। তা ছাড়া যার দেহ শিক্ষিত হয়নি সে যত বড়ো পশ্ডিতই হোক সংসার-ক্ষেত্রে অধিকাংশ বিষয়েই তাকে পরাসম্ভ হয়ে জীবন ধারণ করতে হয়— সে অসম্পূর্ণ মানুষ। এই অসম্পূর্ণতা থেকে আমাদের প্রত্যেক ছাত্রকেই বাঁচাতে হবে। এ সম্বন্ধে সম্ভবত কোনো কোনো অভিভাবকের কাছ থেকে আমারা বাধা পাব কিম্পু সে বাধাকে স্বীকার করা আমাদের কর্তবা হবে না।

দেহের শিক্ষার সংগ্যে মনের শিক্ষার, দেহের সচলতার সংগ্যে মনের সচলতার যোগ আছে এই আমার দৃঢ় বিশ্বাস। উভয়ের মধ্যে ভালো রকম মিল করতে না পারলে আমাদের জীবনের ছুম্দ ভাঙা হয়ে যায়। এই কারণেই আমি মনে করি পথচারী

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

বিদ্যালয়ই বিদ্যালয়ের আদর্শ। ইম্কুলের বাধ ঘরে শিক্ষা দিলে আমাদের জীবনলীলার অধিকাংশ উদ্যুমই সেই শিক্ষাপ্রণালী থেকে বাদ পড়ে।…

শিক্ষা, ১৩৪২, পঃ ২৫৯-২৬০

## উল্লেখযোগ্য বিষয় / মশ্তব্য :

শিক্ষাপ্রণালী, শিক্ষার পরিবেশ

### ভূলনীয় প্রসংগঃ

১ মেঘনাদবধ কাব্য। ২০ প্রসংগকথা ১ (তিনখানি পত্র । ৩০ প্রেপ্রের অন্ব্রিত্ত। ৪০ শিক্ষাসংস্কার। ৫০ শিক্ষাসমস্যা। ৬০ আবরণ। ৭ পিতৃদেব (জীবনস্মৃতি)। ৮০ শিক্ষাবিধি। ৯০ লক্ষ্য ও শিক্ষা। ১০০ জগদানশদ রায়কে পত্র ৫নং। ১১০ অসশ্তোষের কারণ। ১২০ বিশ্বভারতী ২নং। ১৩০ বিদ্যার বাচাই। ১৪০ আকাশ্ক্ষা। ১৫ পশ্চিমযাত্রীর ডায়ারি। ১৬ প্রেবিণেগ বন্ধুতা। ১৭০ জনৈক অধ্যাপকের চিঠি। ১৮০ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং। ১৯০ শিক্ষার বিকিরণ। ২০০ বিশ্বভারতী ১৭নং। ২১০ আশ্রমের শিক্ষা। ২২০ মিশ্বভারতী ১৭নং। ২১০ আশ্রমের শিক্ষা। ২২০ মিশ্বভারতী ১৭নং। ২১০ আশ্রমের শিক্ষা।

# १९। भूर्वनक वकु डा

[ প্রবাসী, বৈশাখ ১৩৩৩ ( ১৯২৬ ), পুঃ ১৭-১৮ 🗦

শান্তিনিকেতনে আমি আমার ছাত্রদের মধ্যে বিশ বছর বাস করছি; সেখানে আমি তাদের সংগ্রার সংগ্রা। আনাবের মধ্যে যে কেবল গ্রানিষ্যের সংবংধ তা নয়। সম্মানের যে-দ্রেছ তার উপর দাঁড়িয়ে আমি কান্ধ করিনি, বয়স্য ভাবে তাদের সংগ্রহ হ'তে চেণ্টা করেছি। কেননা আমার বিশ্বাস, অন্তরে তাদের সমবয়সী না হ'তে পারলে তাদের কিছু দিতে পারা বায় না।

···আমার প্রাচীন বয়স আধ্বনিককালের সংগে আমার বিচ্ছেদ ঘটাতে পারেনি। তোমরা যদি আমার কবিতা পাঠ কর তা হ'লে দেখতে পাবে, আমি তারুণোর কবি, আমার বাণী এই নবয়,গেরই বাণী; জীর্ণকে, অর্ধম,তকে আঁকড়ে ধ'রে, অতীতের দিকে উজানে পাড়ি দিতে আমি কখনো বলিনে। তোমরা যারা য্বক তাদের মধ্যে যৌকনের সাহস হোক যৌবনের যা ধর্ম নতনের পরীক্ষা দ্বারা অভিজ্ঞতা সঞ্চয় করা, **দ**্বসাহসের ভিতর দিয়ে নিজের বীর্য পরীক্ষা করা, তাই তোমাদের হোক। নিঙ্গীব সংস্কারের জালে নিজের জীবনকে ক্ষাদ্র স্বার্থের সংগে জড়িয়ে রাখা, এ যেন তোমাদের না ঘটে, নব জীবনের চাণ্ডলা তোমাদের নধো আন্তক। প্রাণের ক্ষেত্র থেকে প্রতাক্ষভাবে তোমরা জ্ঞান আহরণ করো, অভিজ্ঞতা সঞ্চল করো। প্রায় সর্বভই দেখা যায়, বিদ্যায়তনগুলি সংসারক্ষেত্রের বাইরে প্রতিষ্ঠিত। সেখানে মানুষকে তাব স্বস্থান थ्यंक উৎপাটिত क'रत जान चौंतात मार्या भागीरक स्थान करत ताथा दस रहमीन क'रत রেখে শিক্ষার বাঁধা খোনাক দেওয়া হয়। এই যে বাল্যকাল থেকেই প্রতাক্ষ অভিজ্ঞত। থেকে বণিত হওয়া, এ-দৈনা আর কিছ,তেই কখনো দুরে হয় না। নিজীবি শিক্ষা কখনো মন যথার্থভাবে নিতে পারে না। তাতে দনের অনেবটা অংশই নি**দে**চ্ট থেকে যায়, বাইরে থেকে প<sup>্র</sup>থির বাক্য গ্রহণ ক*ে*, খবর আহরণ করে, কিন্তু তার মধ্যে প্রাণের খাদ্য পায় না। আমাদের আহার্য দ্রব্য থখন পাক্ষনত স্পর্ণ করে তখন তারই উত্তেজনায় সেখানে আরক-রসেব সণ্ডাব হয়, তাতেই খাদ্য জীব' করে। তের্মান শিক্ষার বিষয় যথন মনে ঔংস্ক্রু জাগায় তথনই সেই ঔংস্ক্রু জ্ঞানের পবিপার্ক ক্রয়া চলে। চারিদিকের প্রাণের ক্ষেত্র থেকে বিদ্যার খাঁচায় নিবার্গিসত মনের সেই উৎস্থক্য থাকে না। এইজনোই আমাদের ছাত্রনের চিত্তের দৈন্য ঘোচে না। তাদের শিক্ষায় সাহস নেই, চিম্তা করবার সাহস নেই। মুখুম্থবিল্যা নীচে তানের সব শিক্ষা সমাধি**শ্**থ হ'য়ে ষায়। আমাদের শাশ্তিনিকেতনের চার্রান্তেই সাঁওতালদের বাস। নিকটের গ্রামে ডোমদের পাড়া আছে, তাদের কোনো কোনো প্রাবিধির মধ্যে বৌশ্বধ্যের কিছু অবশেষ আছে। এইসব জাতির সমাজতত্ত্ব যদি ছেলেনের পাঠা হ'ত তা হ'লে তারা পর্নথি থেকে পাঠ মুখ্য্থ করে' শরীর ক্ষয় করতে রাহ্নি হতো, কিন্তু যেখানে শিক্ষার বিষয় প্রতাক্ষ আছে, সেদিকে তারা সহজে যায় না। প্রতাক্ষভাবে জ্ঞানলাভের অভ্যাস থেকে তারা শিশ্কোল থেকেই বণিত। এমন শিক্ষাব মত শিক্ষাব অপবায় আর কিছা নেই। প্রথমত এইরকম জড় শিক্ষায় আমাদেব ছাত্রদের মনে বিদ্যার উপরে বি**ত্**ষ্ণা জ**েম।** তা ছাড়া মনেব নিঞের চেণ্টায় সতা আহরণের স্বাচাবিক ক্ষমতাও ক্লিণ্ট হয়। বাইরে থেকে বিদ্যা। চাপ পড়ে' অশ্তরের শক্তির অবসাদ ঘটে। প্রায় এক শতাব্দী কাল শিক্ষালাভের পরও আমরা জ্ঞানসভাগ কোনো নতুন তত্ত্ব নতুন পশ্থা ৬ ভাবন করতে পরিনি। আমরা আচার্য লগদীশচনদ্র বন্ধ মহাশয় প্রভৃতি দুই একজনের নাম করে' থাকি, কিশ**্ সেই কয়**ি নাম দিয়ে আমাদের দৈনা ঢাকা যায় না। জ্ঞানের জন্যে যে আগ্রহ, যাতে বিষয়-বন্ধন মোচন হয়, সে-আগ্রহ কেন ভাগল না আমাদের মধ্যে ? সত্যের সম্ধানে একাম্ত আত্মনিবেদন করতে কেন পারিনে, ষেহেত জ্ঞানের স্বাদ পাইনি কেবল তার বোঝা পেয়েছি, আমাদের জীবনের সংগে জ্ঞানের

#### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

যোগ স্থাপিত হয় নি। যে-আনন্দ লাভ করলে ত্যাগস্বীকার করতে পারব জ আমাদের হ'ল না। আমরা শ্বে কোনো রকমে কাজ সেরে নিতে চাই, চাকুরীর জন্যে আমাদের বিদ্যালয় থেকে নির্গমনের ব্যাকুলতা। কিন্তু কেন এত অপব্যয়? জ্ঞান যদি আমাদের চিন্তকে উদ্দীপিত না করে তবে কেন দার জন্যে এত বায়, এত সব বিদ্যালয়? কেন এত স্বাস্থ্যনাশ? কিসের জন্যে এত আশ্রুকা, এত উত্তেজনা? শ্বে উপাধির দ্টো অক্ষরের জন্যে? কোনো অমৃত কি পাওনি শিক্ষার মধ্যে? সমস্ত বিশেবর যাঁরা জ্ঞানতপদ্বী তাঁরা তোমাদের নিকট তাঁদের বাণী পাঠাচ্ছেন, তাঁদের জীবনের সম্পন্ন তোমাদের দিচ্ছেন, এই বলে' যে, তোমরাও যেন তাঁদের দলে যোগ দিতে পার যেন তাঁদের তপস্যার ব্রতী হও। তাঁরা তাঁদের জীবনের সাধন-ফল তোমাদের দিচ্ছেন, আর তোমরা তা নীল লাল পেন্সিসলের রেখায় দীর্ণ-বিদীর্ণ করে' তার সমস্ত প্রাণ বের করে' নিয়ে শত্বুক বাব্যগ্রেলা মগজের মধ্যে ঠেসে প্রশীক্ষা পাস করছ। এরি জন্যে এত সাধনা? এতদিন ধ্রে' আমাদের শিক্ষার ক্ষেত্রে যে-জ্ঞানের ধারা বয়ে এসেছে তা যদি আমাদের ছাত্রেরা যথার্থভাবে প্রাণে সপ্তর করতে পাণত তা হলেই দেশের মুখ্নী উত্তর্গল হ'ত।…

…আমরা কথায় কথায় বলি ভারতবর্ষকে আমরা ভালবাসি। যাকে ভালবাসা যায় তার পরিচয় পেতে হানয়ের অসীম ক্ষাধা। কিন্তু আমাদের ভারতব্যের প্রেণিগরিচয়ের জন্য আমরা কত্যুকু চেণ্টা করেছি? নিণ্ঠা নেই, তপস্যা নেই, এমন কি কোত্ত্ল নেই, তবে কোন্ ফাঁকিতে ভারতবর্ষ কৈ আমরা লাত করব? একবার মনের ভিতরে ছুবে জিজ্ঞাসা কর দেখি, যে-পরিমাণে ভালবাসলে দেশেব সমুহত তথ্য আহরণ করা সভব হয় সে ভালবাসা কি আছে?…

… আমরা অন্য দেশের ইতিহাস থেকে সাধারণ ভাবে 'দেশান্বাগ' এই তন্তর্নিট জেনেছি, কিশ্তু জ্ঞানের পথ দিয়ে, সাধনার ভিতর দিয়ে তা যথার্থভাবে লাভ করিনি। জড় শিক্ষার বাধাগ্রুত হয়েছে আমাদের জ্ঞান। স্লায়ে আমাদের ঔংস্কা নেই কেবল পরীক্ষাপাসের দিকে লক্ষ্য। শিক্ষা যদি বাইরের সংবাদ চাপিয়ে আমাদের মনকে শ্বেষ্ ভাঙগ্রুতই ক'রে দেয়, চিত্তধর্মকে জাগ্রত না করে. তবে সে-শিক্ষায় কোনো লাভ নেই, বরং ক্ষতি।

প্রত্যক্ষভাবে জ্ঞান সাহরণের ক্ষেত্র রয়েছে চারদিকে—বাইরের জিনিস, গাছপালা এসব ভাল করে' দেখতে শেথ। আমি কেবলমাত্র সহববাসী নই, বাংলার পল্লীর সংগ্রে আমার ঘনিষ্ঠ পরিচয় আছে। আমি অনেক পল্লীবাসীকে অনেক সময়ে িজ্ঞাসা করেছি, ওহে, ওটা কি গাছ ? উত্তর পেয়েছি, ওব কোনো নাম নেই মশাই, ওটা ব্নো গাছ। ওটা কি পাখী? আজে. ওটা জংগলে পাখী। দেশের নিতাগোচর জিনিস, কিম্তু তার কোনো নাম নেই, বিবরণ নেই। দেশকে এত উদাসীন ভাবে অর্থেক চোথ বুজে দেখলে কি ভালবাসা যায়? আজ তোমাদের দিকে চেয়ে আমি স্থী হব কি দ্বেংখিত হব জানিনে। জিল্ঞাসা করি, তোমাদের মধ্যে একজন কি এমন সংকশ্প করেছে যে আমি চাকুরী চাইনে, আমি চাই জ্ঞানের তপস্যায় সিশ্ধিলাভ করতে।

আমরা বলি, ভারতবর্ষের উপর আমাদের অধিকার। **অধিকার কি জন্মেছি** বলে'ই ? জ্ঞানের ক্ষেত্রে স্বদেশের অধিকার জয় করে নিতে হয় না ?…

·· সমশ্ত মান্ধের ক্ষেত্রে জ্ঞানের যে-আগ্রহ, তা তোমাদের মধ্যে জাগ্রক—তবেই তোমরা ভারতবর্ষকে জানবে, বিশ্বকে জানবে; আর সমশ্ত বিশ্ব-মানবের মাঝখানে তোমাদের যে শ্বজাতি, তাও তোমরা জানবে।

### ः किर्चि

# প্ৰবিশেগ বন্তা

শিক্ষার ক্ষেত্র – ময়মনসিংহ আনশ্যমোহন কলেজের ছাত্রগণের অভিনন্দনের প্রত্যন্তর ।

### উল্লেখযোগ্য বিষয় / মণ্ডব্য :

শিক্ষাপ্রণালী, ভাতীয় শিক্ষা, সর্বভিনীন শিক্ষা, শিক্ষার লক্ষা, শিক্ষা ও অনুশীলন

### তুলনীয় প্রসংগঃ

১ মেঘনাদবধ কাবা। ২. প্রসংগক্থা ১ (তিন্থানি পত্র)। ৩. প্রে'প্রেনের অনুবৃত্তি। ৪ শিক্ষাসংখ্যার। ৫ শিক্ষাসমস্যা। ৬ আবরণ। ৭ পিতৃরেব ( জীবনম্মৃতি )। ৮, শিক্ষবিধি। ১. লক্ষ্য ও শিক্ষা। ১০. জগনানন রায়কে পত্র ৫ বং । ১১. অসমেতাষের কারণ । ১২ বিশ্বভারতী ১নং । ১৩. বিদ্যার ষাচ্যই । ১৪. আকাশ্কা। ১৫. পশ্চিম্যাতীর ডায়ারি। ১৬ আলোচনা। ১৭. জনৈক অধ্যাপকের চিঠি। ১৮ সোভিয়েত ইউনিয়নে রবী-প্রনাথ ২নং। ১৯ শিক্ষার বিকিরণ। ২০ বি•বভারতী ১৭নং। ২১ আশ্রমের শিক্ষা। ২২ A Poet's School. ২০. The School Master ২৪. তোতাকাহিনী। ২৫. সতেতাধ-চন্দ্র মজ্মদারকে পত্র ২নং। ২৬ ছাত্রনের প্রতি স-ভাষণ। ২৭ তপোরন। ২৮. হিন্দু বিশ্ববিদ্যালয়। ২৯. ছাত্রশাসনতন্ত্র। ৩০. বিশ্বভাবতী ২নং। ৩১ বি-বভারতী ৪নং। ৩২ অজিতকুমার চক্রবতাঁকে পত্র ২নং। ৩৩ বিদ্যা-সমবায়। ৩৪. শিক্ষার মিলন। ৩৫ বিশ্বভারতী ৫নং। ৩৬. বিশ্বভারতী ৬নং। বিশ্বভাৰতী ১০নং। ৩৮ বিশ্বভাৰতী ১৫নং। ৩৯. My Educational Mission. ৪০. জগদানন্দ রায়কে পত্র ৩নং। ৪১. প্রান্তনী ৬নং। ৪২. কলা-বিদ্যা। ৪৩ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ৪৪ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ Sনং। ৪৫. শিক্ষার সার্থকতা। ৪৬. শিক্ষার আদর্শ। ৪৭. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ৪৮ বিশ্বভারতী ১৮নং। ৪৯ ধর্মশিক্ষা ইত্যাদি।

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

## १७। मत्स्रायहस्य मसूमपात्रत्क शब २ नः

[১৯ মে ১৯২৬,

শারদীয়া দেশ, ১৩৫০ পর ১৩]

শিক্ষার আদর্শ সম্বন্ধে একটা প্রবন্ধ লিখছি। যতই লিখছি ততই তোমাদের কাজের কথা মনে পড়ছে। সভ্যতার আরভে মানুষকে নিজের বেশ বাস আহার প্রভৃতি সমস্তই সমস্যার মত সমাধান করতে হয়েছে—প্রকৃতির হাতে এই তার প্রথম শিক্ষার প্রণালী— এই শিক্ষার উপযোগী মনোবৃত্তি তার আছে। সেই বৃত্তি খাটাতে পারলে তার পর্ণতা ও আনন্দ। দোকান বাজার ও পৈতৃক সম্পত্তির উপর বরাং দিয়ে সেই আনন্দের স্ফুরণ থেকে সভ্য মান্য বিশ্বত—শর্ম আনন্দের সম্পর্ণতা থেকে নয়, শিক্ষার সম্পর্ণতা থেকেও। বিশ্বসংসারে শিক্ষা শরে করতে হলে বর্ব রতা থেকে আরভে করতে হবে। ওরা যদি নিজের কুটীর নিজে বে'ধে নিজের কাপড় নিজে বৃন্দে নিজের কাগজ নিজে তৈরি কবে নিজের বানানো কালীতে লিখে কাজ চালাতে পারে ত ভাল হয় —সম্পর্ণ এতটা কবে তোলা কঠিন, কিম্তু লক্ষ্যের অভিমর্থে দ্র্টির রাখা উচিত। কোনো একটা অতাব হলেই দোকানের দিকে না ছন্টে নিজেরা কোনো উপায়ে প্রয়োজন সারতে পাবে কিনা এই চেন্টা সর্বদাই মনে জাগিয়ে রাখা উচিত। দায়ে ফেললেই মন আপনার শক্তিকে উন্ভাবিত করে, নইলে কিছ্বিদন পরে তার ভাণ্ডারের চাবি খ্রুলে পায় না।

### भीका :

## সল্ভোষ্টন্দ্র মজ্মদারকে পত্র ২নং

Marittima Italiana Genowa থেকে লিখিত পত্ত।

# উল্লেখ্যাগ্য বিষয় / মন্তবা ঃ

শিক্ষার লক্ষ্য ও শিক্ষার প্রণালী।

## ज्ञनीय श्रुमःगः

১. মেঘনাদবধ কাব্য। ২. প্রসংগকথা ১ ( তিনখানি পত্র )। ৩. প্রেপ্রদেনব অন্বৃত্তি। ৪. শিক্ষাসংগ্লার। ৫. শিক্ষাসমস্যা। ৬. আবরণ। ৭ পিতৃদেব (জীবনগম্তি)। ৮. শিক্ষাবিধি। ৯ লক্ষ্য ও শিক্ষা। ১০. জগনানগরায়কে পত্র ৫নং। ১১. অসম্ভোষের কারণ। ১২ বিশ্বভারতী ২নং। ১৩ বিদ্যার বাচাই। ১৪ বিশ্বভারতী ৬নং। ১৫. আকাংক্ষা। ১৬. পশ্চিম্যাতীর ভায়ারি। ১৭ প্রেবিণেগ বন্ধুতা। ১৮. জনৈক অব্যাপকের চিঠি। ১৯. সোভিয়েত ইউনিয়নে রবীক্ষনাথ ২নং। ২০. শিক্ষার বিকিরণ। ২১. বিশ্বভারতী ১৭নং। ২২. আগ্রমের শিক্ষা। ২৩. A Poet's School. ২৪ The School Master. ২৫. তাতাকাহিনী ইত্যাদি।

### ववीन्सवहना-मश्क्लन

## ११। जोमक अभागिकटक श्रेष

[ ২৮ ভাদ্র ১৩৩৫ ( ১৯২৮ ), বিশ্বভারতী পত্তিকা, অগ্রহায়ণ ১৩৪৯, প**্** ৩৩৯-৪০ }

••• শিক্ষা বলতে কি বোঝায় ? প্রাণকে সম্পূর্ণে জাগানো। প্রাণ বলতেই বোঝায় সত্য আগ্রহের লক্ষ্য ধরে নিরুত্বর এগোনো। আমাদের দেশে মানাষ আগ্রহহীন— মানুষের প্রতি তাদের আগ্রহ নেই, জ্ঞানের প্রতিও। ··· শিশুকাল থেকে ছেলেদের মনে আমরা শিক্ষণীয় বিষয় ভারী করে চালাই, তাতেই শিক্ষার আগ্রহ মারা পড়ে অর্থাৎ চিত্তকে আমরা বইয়ের শেলফের মতো দেখি, প্রাণবান জিনিসের মতো দেখিনে। আমাদের দেশে সবচেয়ে দরকার শিশকোল থেকেই আমাদের ছেলেমেয়েদের ননে আগ্রহ জিমায়ে দেওয়া – চারিদিকে যা কিছা আছে সবতাতেই তাদের আগ্রহ জাগানো চাই—বিচিত্র বিষয়ে—কেননা মনের খোরাক দেহের খোরাকের মতোই বিচিত্র। আমাদের শিক্ষকদের নিজেরই মনে চারিদিকের প্রতি ছাত্রদের প্রতি আগ্রহ নেই বলেই তারা কেবল মরামন হয়। সে মন অকর্মক ভাবে বস্তু ধারণ করতেই পারে, কিল্ড রূপ সূষ্টি কবতে পারে না। তারা বীজের বহুতার মত, বীজকে ফ্**লানো তাদের কর্ম** নয় – কারণ বীজের প্রতি তাদের প্রাণগত আগ্রহ নেই। যে শিক্ষক যে বিষয়টি সর্বদাই নিজে পড়ে না, অন্যকে পড়ায়, তার শিক্ষকতার অধিকার নেই। যাই হোক আমার পুণ এই যে, এখানকার ছাত্রদের শুধু বিদ্বান করা নয় আগ্রহবান করা। জীবনের প্রতি জগতের প্রতি তাদের অম্তহীন ঔৎস্কক্য যেন থাকে। তা হলেই তারা বে'চে আছে বলে জানব। হায়রে, ভারতবর্ষের তেত্রিশ কোটি মান্ত্র তেত্রিশ কোটি দেবতার মতোই—তারা নামে আছে বস্তৃত নেই। এই জনোই এত সহজেই তারা সকল বক্ষা সাথকিতা থেকে স্থালত হয়ে পড়ে। …

### উল্লেখযোগ্য বিষয় / মশ্ভৰ্যঃ

শিক্ষার লক্ষা

## তুলনীয় প্রসংগঃ

- ১. আকাণ্ফা।
- জগদানন্দ রায়কে পত্র ২নং।
- ৩ লক্ষাও শিক্ষা ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

### ৫৮। বাংলা শিক্ষার প্রণালী

[ অনাথনাথ বস্তুকে পন্ত, ১০ মার্চ, ১৯২৯, প্রবাসী, ভাদ্র ১৩৪৭, প**়ঃ** ৬৫৬ ]

···বাংলা শিক্ষার ভিতর দিয়ে ছেলেদের মনকে জাগাবার রাশ্তা যত প্রশশত এমন আর কোনো উপায়ে নয়। কবিতাই হোক গদাই হোক ওরা যা কিছ্ব পড়বে তার থেকে চিশ্তার বিষয় বা কম্পনার বিষয়কে বেছে নিয়ে সেটাকে ওদের মনের মধ্যে খবে করে আলোড়িত করা চাই, শব্ধে কথার মানে জানতে দেওয়া যথেন্ট নয়। ভাষার বাহ্যরপেটাও ওদের বেশ ভালো করে জানা উচিত যাতে ওরা ভাষাটাকে যথো-চিতরপে ব্যবহার করতে পারে। ইংরেজি বই থেকে মনের খোরাক পাবার অবস্থায় পে ছৈতে দেরি হবে — কিম্তু বাংলা থেকে প্রতিদিনই যেন ওদের মন খাদ্য পায় । যা ওদের নিদিশ্টি পাঠ তারই মধ্যে যেন ওরা বন্ধ না থাকে—বিশ্বপ্রকৃতি ও মানব-ইতিহাসের বিচিত্র বিষয় নানা স্থান থেকে সংগ্রহ করে ওদের মনের ঔৎস্বক্য জাগিয়ে তুলো। তার পরে যা তারা গ্রহণ করবে তা যাতে দান করতে পারে সর্বদাই তার চেণ্টা কোরো। সন্ধ্যাবেলায় মাঝে মাঝে ওদের বন্ধতা সভা আহ্বান কোরো—যে-বিষয়ে বক্ত্রতা হবে আগে থাকতে খুব ভালো করে পক্ষে বিপক্ষে আলোচনা করে ওদের মনকে প্রস্তুত করে তুলো। বিদ্যালয়ে শিশকোল থেকে আমরা বাঁধা খোরাকে অভ্যস্ত হই বলে আমাদের মননশন্তির সজীবতা হারাই – বৃদ্ধির ক্ষেত্রে নিজেরা চরে খাবার অভ্যাস যারা না করে তাদের চিত্ত কোনো কালে সবল হয় না। তোমরা গয়লার কাজ ছেডে দিয়ে রাখালের কাজ কোরে।

#### धेका :

### ञनाधनाथ वन्

বিশিষ্ট শিক্ষাবিদ। কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষণ বিভাগের প্রতিষ্ঠা এবং উন্নয়নের কাজে সফলতা লাভ করেন। ১৯৪৮ সালো দিল্লীর কেন্দ্রীয় শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যক্ষের পদে যোগদান করেন। ১৯২০ সালের প্রথমাধে (আনুমানিক) তিনি শান্তিনিকেতনে শিক্ষকতার পদে যোগদান করেন। ১৯৩০ সালে তিনি বিলাত্যাতা করেন। ১৯৫৭ সালে প্রনরায় তিনি শান্তিনিকেতনে বিনয়ভবনেব অধ্যক্ষের পদে যুক্ত হন।

জন্ম -- ১৩০৬, মৃত্যু -- ১৩৬৮।

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

মাতৃভাষা

### রবীশ্ররচনা-সংকলন

### क्रमनीत्र श्रमणः

- ১. ন্যাশনল ফণ্ড।
- ২ শিক্ষার হেরফের।
- o. প্রসংগক্থা ১ (তিনখানি পত্র)।
- ৪ শিক্ষার হেরফের প্রবশ্বের অনুবর্ণিত।
- বাংলা শিক্ষার অবসান ( জীবনক্ষাতি )।
- ৬. ইংরেজি শেখা।
- ৭. লোকশিক্ষা গ্রম্থমালার বিজ্ঞঞ্চি।
- ৮. ছাত্রদের প্রতি সম্ভাষণ।
- ৯. শিক্ষার বাহন।
- दिश्वितालसात त्था
- ১১. শিক্ষার ম্বালাকরণ।
- ১২. ছাত্ৰসম্ভাষণ ইত্যাদি।

# ৫৯। রথীন্দ্রনাথ ঠাকুরকে পত্র

১৭ মাচ', ১৯২৯, বিশ্বভারতী পত্রিকা, আবণ-আশ্বিন ১৩৭৯, প্: ১-৩ ]

শেপাঠভবনে হাতের কাজ, কলের কাজ, ইন্দ্রিয়বোধ চর্চা, সামাজিকতা চর্চা, গৃহসামগ্রীর পারিপাটা, পরিবেশের সোষ্ঠবসাধন প্রভৃতি ব্যাপারে যে সব খরচ অত্যাবশ্যক সেইগ্রেলা জোগাবার জন্যেই আমি বিশেষ ভাবে প্রেসিডেণ্ট ফণ্ড খ্রেভিল্ম। ঐ কাজগ্রলো যেন মনোযোগ বা উপকরণ অভাবে বন্ধ না থাকে - এবং যেন ঐচ্ছিকভাবে না হয়ে আবশ্যিকভাবে করানো হয়। মাঝে মাঝে ইংরেজি নাটক অভিনয় ভাষা শিক্ষার পক্ষে উপযোগী এ কথা যেন মনে থাকে—অবশা এই স্বযোগে উচ্চারণ এবং একসেণ্টের উপর দর্শিত রাখা উচিত। অভিনয় উৎসব প্রভৃতি উপলক্ষ্যে শ্রীনিকেতনের সংগ্র শাশ্তিনিকেতনের ছেলেদের ঘনিষ্ঠযোগ থাকা অবশাকর্তব্য—এমন কি, সাওতাল পাড়া ও ভূবনডাঙার ছেলেদেরও কোনো কোনো বিশেষ উপলক্ষ্যে এদের সেণ্ডেরা উচিত। গ্রামের অবশ্বা পর্যবেক্ষণ শিক্ষায় কালীমোহন যদি ছেলেদের সাহায্য করে তাহলে ভালো হয়—আমি বারবার বলেছি এই শিক্ষা খ্বেই দরকারী।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

#### धीका :

### ब्रधीन्द्रनाथ ठाकुब

রবীন্দ্রনাথের পর্ত্ত। কৃষিতন্তর্কবিদ, কার্মান্দ্রণী এবং বিশ্বভারতীর প্রথম উপাচার্য। জন্ম —১৮৮৮, মৃত্যু—১৯৬১।

#### কালীগোহন ঘোষ

পল্লী সংগঠনের কাজে রবীন্দ্রনাথের অন্যামী এবং ঘনিষ্ঠ সহযোগী। শ্রীনিকেতনের মুখ্য সংগঠকদের অন্যতম। জক্ম—১৮৮২, মুত্যু—১৯৪০।

### উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য ঃ

শিক্ষা ও গঠনমূলক আদশ

# जुननीय अन्धनः

- ১ অজিতকুমার চক্রবতী'কে পত্র ৩নং।
- ২. সশ্ভোষ্টন্দ্র মজ মদারকে পত্র ১নং।
- শাণিতনিকেতন আশ্রমের শিক্ষানীতি।
- ৪. আশ্রমের শিক্ষা ইত্যাদি।

## ७०। कनाविछा

িবিচিন্না, কার্তিক ১৩৩৬, (১৯২৯), পট্ট ৬৫২-৫৩ ]

…মান্ষ আপন অশ্তরতম ইচ্ছাকে ভালবাসাকে শ্ধ্য কেবল আপন ব্যবহারের দ্বব্যের মধ্যেই প্রকাশ করে তা নয়, তার সংগীত তার চিত্রকলা এই প্রকাশের প্রধান বাহন। এর দ্বারাই দেশ আপন অশ্তরের আবেগকে বাহিরে রূপে দান করে এবং তাকে চিব্রশ্তন ক'রে উত্তর কালের হাতে সমপ'ণ ক'রে যায়।

মান,ষের বৃদ্ধবৃত্তি এমন একটা জিনিস জাতিবিশেষে যার তারতম্য আছে কিশ্তু প্রকারভেদ নেই। যুক্তির নিয়ম সকল দেশেই সমান; যে সকল পদার্থ প্রমাণের বিষয় তাদের প্রমাণ করবার প্রণালী সর্বত্ত এক। ভারতবর্ষের ইতিহাসের তথ্যবিচার এক নিয়মে হবে আর ইংলণ্ডের অন্য নিয়মে হবে, এ হ'তেই পারে না। বিজ্ঞানের পশ্বতি ও তার ফল দেশভেদে বিভিন্ন হবে, এও অসম্ভব। অতএব বৃদ্ধিবৃত্তিম্লক যে শিক্ষা য়ুরোপ প্রিবীকে দিছে তা সর্বত্ত এক হবেই।

কিন্তু প্রদয়বৃত্তির দারা মানুষ আপন ব্যক্তিশ্বকে প্রকাশ করে। এই ব্যক্তিশ্বের বৈচিত্র্য থাকবেই; আর থাকাই শ্রেয়। এ-কে নন্ট করা আত্মহত্যা করারই সামিল। এই প্রদয়বৃত্তির প্রকাশ কলাবিদ্যার সাহাযোই ঘটে। সভ্য অসভ্য সকল দেশেই এই সকল কলাবিদ্যার পরে দেশের লোকের দরদ আছেই। কেবল আমাদের বিদ্যানানের ব্যবস্থায় এই কলাবিদ্যার কোনো স্থান নেই। স্থান থাকার যে গ্রেত্তর গ্রোজন আছে সে ব্যোধ প্যন্তি আমাদের শিক্ষিত লোকের মন হতে চ'লে গেছে।

এর প্রধান কারণ, আনাদের দেশের বিদ্যা অভাবের অন্ট্র। ইংরেজি শিখলে চাকরী হবে বা রাজসম্মানের স্থয়েগ ঘটনে দরিদ্রের এই মনোরথ আমাদের দেশের বিদ্যাকে চালনা কব্ছে। পাছে সেই লক্ষ্যসাধন হ'তে লেশ্যাত বিভবিক্ষেপ হয় এই ভাবনায় আমাদের দেশের লোক ব্যাকুল। এই লক্ষ্যসাধনের কাছে দেশের সমস্ত গণতের কল্যাণকে বিলিদান করতে আমাদের কিছুমাত সংকোচ নেই।

ইংরেল ত ভাষা ভূগোল ইতিহাস গণিত বিজ্ঞান সবই শিখছে, আর তার সণ্ণে সঙ্গো স্থাতি চিত্রবলা ও অন্যান্য সকল কলাবিদ্যাই শিখছে। এই সকল **ললিত কলা শিক্ষা** ৰাৱা তার পৌরুষ খব<sup>4</sup> হচ্ছে এমন প্রমাণ হয় না। সংগীতনিপ**ুণ ব'লে জার্মান**াতি অখ্যচালনায় অনুস বা বিজ্ঞানচর্গায় পিছপাও এ কথা কে বলবে ন বহুত আনন্দপ্রকাশ গতির জীবনী-শক্তিকেই ক্ষীণ করে বেওয়া হয়। যে লোক কাঠের কারবার নিয়ে আছে যে মনে করতে পাবে গাছেব পক্ষে ফ্রন ফন পাতাগ্রনো সোধানতা মাত, ওরা িত্র অপবায়, আসল সারবান জিনিস হচ্ছে গাছের কাঠ অংশ। একথা ভলে যায যে, উদ্ভিদরতো হ'তে ফলে যদি বিল্পু হয় তবে কাঠও তাব সহমরণে যাবে। তেমনি যে াতি আনন্দ বৰতে ভানে সে সাহি কাল কৰ্তেও ভোলে। জাপানী লাভ কৰতে নিজন্ম, প্ৰাণ দিতে নিভাঁকি, কিন্ত চেলি ফাল ফোটাৰ **সেলিয়াটি সন্দেলাগ** নিয়ে সেনের ছেলে-ছেছে। সকলেই ভংগৰ করে এবং চিত্রনলার পরম মূল্য বোঝে না এনে মার সে দেশে রেও নেই। আমানের দেশেই আনন্দকে বিজ্ঞলোকে ভয় করে. সৌন্ধান্ত্রেগ্রে ভাষা চাপলা মনে করে এবং কলাবিলাকে অপন্তির ও কাজের বিঘকর ব'লে জানে। এ কেবলগাত আমাদের সংগগত দীনতার লক্ষণ। এতে আমাদের গুঠুত ক্মশিক্তিকেই স্বলি বন্ছে।

আমাণের দেশের শিক্ষার মধ্যে এই যে দারিদ্রা তার লক্ষণ ও ফল আমাদের শানিতনিকেতনের বালকনের মধ্যেও নেখতে পাই। এখানকার বিদ্যালয়ে সংগীত ও চিত্রবিদ্যা শোষারার ভাল ব্যবস্থাই আছে। ছেলেরের অনেকেরই গান গাইবার ছবি আঁকরার স্বাভাবিক শক্তি থাকে। যতিনিন তারা নীচের ক্লাসে পড়ে ততিনিন তানের গান গাওয়া বা ছবি আঁকা শেখানো শস্ত হয় না, এতে তারা আনন্দই বোধ করে। কিন্তু উপরের ক্লাসে উঠবামাত আমাদের দেশের শিক্ষার লক্ষ্য তারা ব্যুক্তে পারে, তার অন্তর্নিহিত দীনতা তানের আক্রমণ করে। তখন হ'তে পরীক্ষার পড়ার বাইরে এই সমন্ত শিক্ষার বির্দেধ তানের মন বে'কে বসে। অন্য বিদ্যার প্রতি তানের অপ্রশ্বা কন্মে। এর কারণ সমন্ত সমাজের মধ্যে যে শিক্ষাক্রির প্রতি

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

উদাসীন্য আছে, একটু বয়স হ'লে ছাত্রদের মনেও সেই সব শিক্ষার প্রতি উদাসীন্য সন্ধারিত হয়। এ কেবল আমাদের এই হতভাগা দেশের অন্তর বাহিরের দারিদ্রোরই লক্ষণ।

বাল্যকাল হ'তেই আমাদের ভদ্রসম্প্রদায়ের লোকেরা এইর্পে কলাবিদ্যার সংপ্রব হতে দ্বে থাকেন। এতে দেশের যে কত বড় ক্ষতি হচ্ছে তা অনুভব করবার শক্তি পর্যম্ভ তাঁরা হারিয়ে ফেলেন।…

### উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য :

শিক্ষার লক্ষ্য, শিক্ষা ও চার্নশিল্প

## जुननीम প্রসংগ :

১ ছারদের প্রতি স'ভাষণ। ২. শিক্ষাসংক্ষার। ৩. তপোবন। ৪. লক্ষ্য ও শিক্ষা। ৫. জগদানন্দ রায়কে পর ৩নং। ৬. অসন্তোষের কারণ। ৭ আকাক্ষা। ৮. প্রাক্তনী (৬নং)। ৯ বিশ্বভারতী ৪নং। ১০. প্র'বংগে বহুতা। ১১. জনৈক অধ্যাপককে পর। ১২. গোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং। ১৩ সেভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৪নং। ১৪. শিক্ষার সাথ কতা। ১৫. শিক্ষার আদর্শ। ১৬. বিশ্বভারতী ১৫নং। ১৭. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ১৮. বিশ্বভারতী ১৭নং। ২০. শান্তিনকেতন আশ্রমের শিক্ষানীত। ২১. শিক্ষা ও সংকৃতিতে সংগীতের ক্থান ইত্যাদি।

## ৬১। বিশ্বভারতী (১৪)

[ বিচিত্রা, জ্যৈষ্ঠ ২৩৩৭ (১৯৩০ ) ]

সেদিন আমার সংকলপ ছিল, বালকদের এমন শিক্ষা দেব যা শৃধ্ পর্বথির শিক্ষা নম ; প্রান্তরযুক্ত অবারিত আকাশের মধ্যে যে ম্বিক্তর আনন্দ তারই সংগা মিলিয়ে যতটা পারি তাদের মান্য করে তুলব। শিক্ষা দেবার উপকরণ যে আমি সঞ্চয় করেছিলেম তা নয়। সাধারণ শিক্ষা আমি পাই নি, তাতে আমি অভিজ্ঞ ছিল্ম না।

আমার আনন্দ ছিল প্রকৃতির অশ্তরলোকে, গাছপালা আকাশ আলোর সহযোগে। দিশন্ন বয়স থেকে এই আমার সত্য পরিচয়। এই আনন্দ আমি পেয়েছিল্ম ব'লে দিতেও ইচ্ছে ছিল। ইম্কুলে আমরা ছেলেদের এই আনন্দ-উৎস থেকে নির্বাসিত কর্রোছ। বিশ্বপ্রকৃতির মধ্যে যে শিক্ষক বহুধার্শান্তযোগাৎ রুপরসগন্ধবণের প্রবাহে মান্বের জীবনকে সরস ফলবান করে তুলছেন, তার থেকে ছিল্ল করে ইম্কুলমান্টার বেতের ডগায় বিরস শিক্ষা শিশন্দের গিলিয়ে দিতে চায়। আমি ম্থির করলেম, শিশন্দের শিক্ষার মধ্যে প্রাণরস বহানো চাই; কেবল আমাদের ম্নেহ থেকে নয়, প্রকৃতির সৌন্দর্য-ভাশ্ডার থেকে প্রাণের ঐশ্বর্য তারা লাভ করবে। এই ইচ্ছাটুকু নিয়ে অতি ক্ষ্তে আকারে আশ্রমবিদ্যালয়ের শ্রেহ্ হল, এইটুকুকে সত্য করে তুলে আমি নিজেকে সত্য করে তুলতে চেয়েছিল্ম।…

বিশ্বভারতী, রা১১।৭৯০

### ः किर्घ

# বিশ্বভারতী (১৪নং)

উত্ত রচনাটি 'বিচিত্রা' পত্রিকায় (জ্যেষ্ঠ ১৩৩৭) 'কর্মের স্থায়িত্ব' নামে প্রকাশিত হয়।

## উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

প্রকৃতি

# जुननीय श्रमणः

- ১. শিক্ষাসমস্যা।
- ২. তপোবন।
- o. জগদানন্দ রায়কে পত্ত ১নং।
- ৪ অজিতকুমার চক্রবতী'কে পত্র ২নং।
- ৫. বিশ্বভারতী ৪নং।
- ৬ বিশ্বভারতী ১০নং।
- ৭. বিশ্বভারতী ১৭নং।
- ৮. আশ্রমের রূপ ও বিকাশ।
- 3. The School Master.
- ১০. A Poet's School ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

# ৬২। ভক্তি দেবীকে পত্র

িবার্লিন, ৫ সেপ্টেম্বর, ১৯৩০, প্রবাসী, অগ্নহায়ণ ১৩৩৭ পৃঃ ২২৪ ]

ভারতবধের যে শিক্ষাপ্রণালী ও শিক্ষাব্যবংথা আছে তার পণ্যতো আমরা সবাই জানি। কিন্তু উপায় নেই। পেটের দায়ে ছেলেরা এই ব্যর্থাতা ংবীকার করে নিতে বাধ্য—কিন্তু জাবিকার জন্য শিক্ষা মেয়েদের তেমন অপরিহার্য হয়নি। এইজন্য বর্তামান অবস্থায় আমাদের দেশে বিদ্যাদানের উৎকৃণ্ট প্রণালী মেয়েদের অন্যাই প্রবর্তান করা সম্ভবপর। যদি করে তুলতে পারি তবে এবারকার মতো এইটেই আমার শেষ সার্থাকতা হবে। ··

#### हे कि इ

#### ভব্তি দেবী

বারাণসীর দশনের অধ্যাপক ফ<sup>্</sup>ণভূষণ অধিকারীক কন্যা। আশা আর্যনায়কম এবং লেডি রাণ্য মুখার্জিক ভগিনী।

# উল্লেখযোগ্য বিষয় ' মন্তব্যঃ

<u>স্বীশিক্ষা</u>

# তুলনীয় প্রসংগঃ

- ১. স্ত্রীশিকা।
- য়ৢরোপয়াত্রীর ভায়ারি থেকে ইত্যাদি।

# ৬৩। বালিয়ার চিঠি ১নং

্রিম পত্র রথীন্দ্রনাথ ঠাকুরকে লিখিত। প্রবাসী, অগ্রহারণ, ১৩৩৭

···অামাদের সকল সমস্যার সবচেয়ে বড়ো রাহতা হড়ে শিক্ষা। এতকাল স্মাজের অধিকাংশ লোক শিক্ষার পূর্ণে স্থযোগ থেকে বিণ্ডিত—ভারতবর্ষ তো প্রায় সম্পূর্ণেই বিণ্ডিত। এখানে সেই শিক্ষা কী আশ্চর্য উদ্যুদ্ধ সমাধ্যের সর্বত ব্যাপ্ত হছে তা দেখলে বিস্মিত হতে হয়। শিক্ষার পরিমাণ শ্ব্র সংখ্যায় নয়, তার সম্পূর্ণতায়, তার প্রবলতায়। কোনো মান্যই যাতে নিঃসহায় ও নিংকম্যা হয়ে না থাকে এজনো কী

প্রচুর আয়োজন ও কী বিপরেল উদাম ! শর্ধর শ্বেত রাশিরার জন্যে নয়—মধ্য-এশিয়ার অর্ধ সভ্য জাতের মধ্যেও এরা বন্যার মতো বেগে শিক্ষাবিশ্তার করে চলেছে সায়ান্সের শেষ্ ফসল পর্যশ্ত যাতে তারা পায় এইজন্যে প্রয়াসের অশ্ত নেই।…

২০ সেপ্টেম্বর, ১৯৩০। রাশিয়ার চিঠি, প্র ১০-১১, বিশ্বভারতী, ১৩৭০

### केंद्रियरगाना विषय । मन्द्रवा :

শিক্ষার বিশ্তার।

### जुलनीय अञ्चल :

- ১ প্র'প্রশেনর অনুবৃত্তি।
- ২ শিক্ষার বাহন।
- সোভিয়েত ইউনিয়নে রবীশ্রনাথ ২নং।
- ৪ পল্লীদেবা।
- শিক্ষার বিকিরণ।
- লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপি।
- মাহংমদ আজিজাল হককে পত্র ইত্যালি।

### ৬৪। বাশিয়ার চিঠি ৩নং

- েত্য পর প্রশানত্যন্দ মহলানবীশকে লিখিত। প্রবাসী, পৌষ ১০৩৭
- .. পৃথিবীর লোবের কাছে এ কথা প্রচাবিত যে, আমরা হিন্দ্-মুসলমানে কাটাকাটি মারামারি করি, অতএব, ইত্যাদি। কিন্তু মুরোপেও একদা সংপ্রদায়ে সংপ্রদায়ে কাটাকাটি মারামারি চলত— গেল কী উপায়ে : কেবলমাত্র শিক্ষাবিশ্তারের দ্বারা। আমাদের দেশেও সেই উপায়েই যেত। কিন্তু শতাধিক বংসরের ইংরেজ-শাসনের পরে দেশে শতকরা পাঁচজনের কপালে শিক্ষা জ্বটেছে, সে শিক্ষাও শিক্ষার বিড়ন্দনা।
- ·· মান,ষের সকল সমস্যা-সমাধানের মালে হচ্ছে তার স্থাশক্ষা। আমাদের দেশে তার রাস্তা বন্ধ, কারণ 'ল অ্যান্ড অর্ডার' আর কোনো উপকারের জন্যে জায়গা রাখলে না, তহবিল একেবারে ফাঁকা। আমি দেশের কাজের মধ্যে একটি

### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

কাজকেই শ্রেষ্ঠ বলে মেনে নিয়েছিল্ম—জনসাধারণকে আত্মশক্তিকে প্রতিষ্ঠা দেবার শিক্ষা দেব বলে এতকাল ধরে আমার সমস্ত সামর্থা দিয়েছি। ··

তাই যখন শন্নলম রাশিয়াতে জনসাধারণের শিক্ষা প্রায় শন্ন্য অত্ক থেকে প্রভূত পরিমাণে বেড়ে গেছে তখন মনে মনে ঠিক করল্ম. ভাঙা শরীর আরো যদি ভাঙে তো ভাঙ্মক, ওখানে যেতেই হবে। এরা জেনেছে অগন্তকে শক্তি দেবার একটিমান্ত উপায় শিক্ষা— অন্ন স্বাস্থা শাস্তি সমস্তই এরই 'পরে নির্ভর করে। ফাকা 'ল অ্যাশ্ড অর্ডার' নিয়ে না ভরে পেট, না ভরে মন। অথ্চ তার দাম দিতে গিয়ে সর্বস্ব বিক্রিয়ে গেল।…

২৫ সেপ্টেম্বর, ১৯৩০, রাশিয়ার চিঠি, বিশ্বভারতী ১৩৭০ প্র: ২১-২২

#### हैका :

### भ्रमान्डहम्ब महलानवीम

বিশ্ববিশ্যাত সংখ্যাতত্ত্বিদ। রবীন্দ্রনাথের অন্তর্গণ সহচর ছিলেন। জন্ম—১৮৯৩, মৃত্যু—১৯৭২।

## উল্লেখযোগ্য বিষয় / সম্ভব্য ঃ

শিক্ষার অগ্রাধিকার, শিক্ষার বিস্তার

## कुननीय अञ्गः :

- ১ প্রেপ্রেশের অন্কৃতি।
- ২. শিক্ষার বাহন।
- o. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং।
- ৪. পল্লীসেবা।
- শেক্ষার বিকিরণ।
- ७. लाकिंगका शन्थमानात विख्तिश्व।
- ম্হম্মদ আজিজ্বল হককে পত্র ইত্যাদি।

# ৬৫। বাৰিয়াৰ চিঠি ৪নং

। ৪থ পত্র নিমলকুমারী মহলানবীশকে লিখিত। প্রবাসী, ফালগুন ১৩৩৭

··· যে শিক্ষা আমাদের দেশে প্রচলিত তাতে করে আমাদের চিশ্তা করবার সাহস, কর্মা করবার দক্ষতা থাকে নাঃ প্রিথির বর্ত্তি প্রেরাবৃত্তি করার পরেই ছাত্রদের পরিত্রাণ নিভাব করে।

বংশ্বিব এই পল্লবগ্রাহিতা ছাড়া আমাদের আব-একটা বিপদ ঘটে। ইম্কুলে যারা পড়া মুখ্যথ কনেছে আব ইম্কুলের বাইরে পড়ে থেকে যারা পড়া মুখ্যথ করেনি তাদের মধ্যে শ্রেণীবিভাগ ঘটে লেছে—শিক্ষিত এবং শ্রেণাক্ষিত। ইম্কুলে-পড়া মনের আত্মীয়তাবোধ পর্বথ-পোড়োদের পাড়ার বাইরে পে ছতে পারে না। যাদেব আমরা বলি চাষাভূষো পর্বথর পাতার পদা ভেদ করে তাদের প্রতি আমাদের দৃষ্টি পোছয় না। তারা আমাদের কাছে অম্পটে। এই জন্যেই ওরা আমাদের সকল প্রচেষ্টা থেকে ঘরাবতই বাদ পড়ে যায়। ব্রুদ্ধির সাহস এবং জনসাধারণের প্রতি দরদ-বোধ এই উভয়েব অভাব ঘটাতেই দ্বেখীর দ্বেখ আমাদের দেশে ঘোচানো এত কঠিন হয়েছে; কিন্ত এই অভাবের জন্য কাউকে দোষ নেওয়া যায় না। কেননা, কেরানি-তৈরির কারখানা বসাবার জনেই একনা আমাদের দেশে বিণকরাজত্বে ইম্কুলের পত্ন হয়েছিল। ডেম্ক্-লোকে মনিবের সংগ্র সায্ত্র্য-লাভই আমাদের সন্ত্রিত। সেইজন্যে উমেনাবিতে অকুতার্থ হলেই আমাদের বিদ্যা-শিক্ষা বার্থ হয়ে যায়।…

২৮ সেপ্টেম্বন, ১৯৩০। রাশিয়ার চিঠি, বিশ্বভারতী ১৩৭০, পৃঃ ২৭

### े कि

# নিম'লকুমারী মহলানবীশ

প্রশাদ্তস্ত্র মহলানবীশের সহধ্যিণী ও রবীদ্রনাথের দেনহধ্ন্যা। 'কবির সঙ্গে দাক্ষিণাতো', 'কবির সঙ্গে য়ারোপে', 'বাইশে আবণ' গ্রন্থগর্নল নিমলিকুমারী রচনা করেন। কেন – ১৯০০, মাত্যু – ১৯৮১।

## উল্লেখৰোগ্য বিষয় / মন্ত্ৰাঃ

শিক্ষার বিষ্টার, শিক্ষিত-আশিক্ষিতে শ্রেণীভেদ, ঔপনিবেশিক শিক্ষার চরিত্র

# তুলনীয় প্রসংগঃ

- ১. প্র' প্রনের আরুর্তি।
- ২. শিক্ষার বাহন।
- সোহিষেত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং।
- ৪. পল্লীদেবা।
- ৫ শিক্ষার বিকিরণ।
- ৬. লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি।
- মহম্মদ আজিজ্বল হককে পত্র ইত্যাদি।

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

# ৬৬। বিশ্বভারতী লেকেশিক্ষা সংসদ

( অন্বঠান-পত্ৰ )

২৬শে মাঘ, ১৩৩৭। বিশ্বভারতী পল্লীসেবা বিভাগ হইতে প্রকাশিত।

···অ•গপ্রত্যুগের সম্যুক্ নৈপুণাসাধন; দুণিটর ও মননশক্তির সম্যুক্ অনুশীলন ; তর্লতা, পশ্পক্ষী ও বিশ্বপ্রকৃতির বিচিত্র ব্যাপার সম্বশ্ধে উৎস্কৃত্য ও অনুরোগের চর্চা; প্রতিদিনের ব্যবহার্য দ্রব্য প্রদত্ত করিবার প্রণালী সম্বন্ধে অভিজ্ঞতালাভ; বাসংথান স্থানর সুশৃংখল ও খ্যাম্থাকর করিয়া রাখার অভ্যাস বেশভূষা, স্নান-আহার ব্যায়াম ও বিশ্রাম গ্রভৃতি শ্রীর সম্পকীয়ে সমস্ত ব্যবস্থা যাহাতে পরিকার পরিপাটি, স্থ্যাংযত, স্থােভন ও শ'রুসাধক হয় সেইরপে শিয়মের সতক অনুসরণ করা, ছাত্রদের পরুপরের প্রতি, গুরুত্বের প্রতি ব্যবহারে বিনয়-রক্ষা; যাহাতে সামাজিকতা-বৃত্তির বিকাশ হয় সেইরূপ অনুভানে। প্রবর্তন; আপং-কর্মে অভিজ্ঞতা ও প্রতিবেশীদের সর্বপ্রকার আন্কুল্যে তংপরতা ; স্বদেশের সকল বিষয় সম্বন্ধে জ্ঞান ও তৎপ্রতি কর্তব্য সম্বন্ধে ব্যোধের ডদ্রেক পর্জাতির প্রতি প্রতিব্যক্তি ও ভাহাদের সম্বন্ধে চিম্ভায়, বাকো ও কর্মে ন্যায়পরভাগে বিকাশ সাবন ; সভ্যসমাজে লোকহিতের জন্য যে-সকল অনুষ্ঠান প্রচলিত আছে ও যে-সকল নতেন প্রচেণ্টার প্রবর্তন ঘটিতেছে সে সাবশ্বে জ্ঞানলাভ; -এইগালি আমাদের শিক্ষার অংগ। সংক্ষেপতঃ, মনে, স্থায়ে ও ব্যবহারে যাহাতে ছাত্রেরা মন্ব্যাপ্তের সঞ্চল বিভাগেই সম্পর্ণে সত্য হইতে পারে ইহাই শিক্ষার উম্দেশ্য। ···নিজেদের প্রতিবেশকে স্বর্ণতোভাবে সমর্থ ও আত্মশাসনক্ষম করিয়া তোলাই যে সমুহত দেশের স্বরাজের ভিক্তিথাপন, ছাত্রদিগকে হাতে কলমে তাহাই ব্ৰুঝাইতে হুইবে।

### होका :

কুল-কলেজের নাইরে, দেশের সর্বত হলী-প্রেয় নিবিশৈষে — বিশেষ করে থাদের হকুল-কলেজের শিক্ষার স্থযোগ কন তাদের সকলের মধ্যে শিক্ষারিত্যাবের জন্য ধনত ক একটি লোকশিক্ষার প্রাতিষ্ঠান হথাপনের সংকলপ এবীন্দ্রনাথের এই দিনের। ১৯৩১ সনের প্রথম দিকে রবীন্দ্রনাথ তার পরিকলিপত প্রতিষ্ঠানের লক্ষ্য ইত্যাদি বিবৃত করে একটি অনুষ্ঠান-পত্র প্রকাশ করেন। পাঁচ বছর পরে ১৯৩৬ সালের মে মাসে হবতক্ত পাঠকুম ও প্রশীক্ষাবিধি নিয়ে বিশ্বভারতী লোক শক্ষা সংসদ্প্রতিষ্ঠিত হয়।

## উল্লেখযোগ্য বিষয়/মন্তব্য ঃ

শিক্ষার লক্ষ্যা, শিক্ষা ও অন্শীলন

### फूलनीय **अ**त्रःगः

১. ছারদের প্রতি সম্ভাষণ । ২. শিক্ষাসংক্ষার । ৩. তপ্পেরন । ৪. লক্ষ্য ও শিক্ষা । ৫. জগদানশ্ব রারকে পত্র ৩নং । ৬. অস্তেত্যের কারণ । ৭ প্রান্তনী ৬নং । ৮. আবাংক্ষা । ৯. প্রেবংগ বক্স্তা । ১০. বিশ্বভারতী ৪নং । ১১. জনৈক অধ্যাপকরে পত্র । ১২ কলাবিদ্যা । ১৩ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১নং । ১৪ সোভিয়েত এউনিয়নে রবীন্দ্রনাথ ১নং । ১৫. শিক্ষার সার্থকিতা ৷ ১৬. শিক্ষার আদর্শ । ১৭ বিশ্বভারতী ১৫নং ৷ ১৮. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ । ১৯. বিশ্বভারতী ১৭নং ৷ ২০ ৷ বিশ্বভারতী ১৮নং ৷ ২১ ধ্যাশিক্ষা ৷ ২২ বিশ্বভারতী ১নং ৷ ২০. শালিতকেতন আগ্রনের শিক্ষান্নীতি ৷ ২৪. শিক্ষা ও সংক্রতি ৷ ২৭. আগ্রনের রূপ ও বিশ্বশ ইত্যাবি ৷

# ৬৭। কালিয়ার চিঠি ৮লং

িচম পত্র রামান্দে চটোপাধাহকে লিখিত। প্রবাসী, অল্লহারণ ১০০৭ ী

ারাশিয়া-যাত্রায় আমার একটিমাত উদ্দেশ্য ছিল—ওখানে জনসাধারণের শিক্ষা-বিশ্তারের কাজ কিরকম চলছে আর ওরা তার ফল কিবকম প্রাচ্ছে সেইটে অলপ সময়ের মধ্যে দেখে নেওয়া।

আমার মত এই মে, ভারতব্ধেরি বুকো উপর যতিকছা দা্য আলভেদী হয়ে দাঁড়িয়ে আছে তার একটিমাত ভিত্তি হচ্ছে আশিক্ষা। জাতিভেদ, ধর্মাবিরোধ, কর্মাজ্যতা, আথিক দৌর্বলা—সমস্তই আঁকড়ে আছে এই শক্ষার অভারকে।

জাপান এই শিক্ষার যোগেই অলপকালের মধ্যেই দেশের রাণ্ট্রশন্তিকে সর্বসাধারণের ইচ্ছা ও চেণ্টার সংগ্র যুক্ত করে দিয়েছে, দেশের অর্থ-উৎপাদনের শক্তিকে বহুর্বুণে বাড়িরে ত্লেছে। বর্তমান তুরুক্ত প্রবল বেগে এই শিক্ষা অগ্রসর করে দিয়ে ধর্মান্ধতার প্রবল বোঝা থেকে দেশকে মুক্ত করবার পথে চলেছে। 'ভারত শুধুই ঘুমায়ে রয়'। কেননা ঘরে আলো আসতে দেওয়া হয়নি—যে আলোতে আলকের প্রথিবী জেগে, সেই শিক্ষার আলো ভারতে রুশ্ব খারের বাইরে।…

৪ অক্টোবর ১৯৩০। রাশিয়ার চিঠি, বিশ্বভারতী ১৩৭০, পঃ ৬৩-৬৪।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

#### श किर्धि

### রামানন্দ চট্টোপাধ্যায়

খ্যাতনামা সাংবাদিক ও শিক্ষাবিদ। 'প্রবাসী', 'প্রদীপ', 'দাসী', 'ধম'সিন্ধন্', 'ম্কুল' ও 'মডাণ' রিভিয়ন্ন' পত্রিকার সম্পাদক ছিলেন। রবীন্দ্রনাথের অম্তর্গ স্থল ছিলেন। জম্ম — ১৮৬৫, মৃত্যু — ১৯৪৩।

#### উল্লেখযোগ্য বিষয়/মন্ত্ৰ্য:

শিক্ষাব বিকিবণ

# कुलनीय প্রসংগ**ঃ**

- ১ প্রেপ্রিয়ের অন্ব্রতি।
- ২ শিক্ষার বাহন।
- সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ২নং।
- ৪. পল্লীসেবা ইত্যাদি।

# ৬৮। পল্লীসেবা ১নং

[ শ্রীনিকেতনের উৎসবে কথিত ভাষণ, ফাল্গাণ ১৩৩৭, পল্লীপ্রকৃতি। ]

যাদের আমরা ভদ্রসাধারণ নাম দিয়ে থাকি তারা যে বিদ্যা লাভ করে, তাদের যা আকাৎক্ষা ও সাধনা, তারা যে-সব স্থাগে-স্থবিধা ভোগ করে থাকে, সে-সব হল মরা নদীর শৃহ্ক গছনরের এক পাড়িতে—তার অপর পাড়ির সণ্গে জ্ঞান-বিশ্বাস আচার-অভ্যাস দৈনিক জীবনযান্তায় দৃহতর দ্রেছ। গ্রামের লোকের না আছে বিদ্যা, না আছে আরোগ্য, না আছে সম্পদ, না আছে অল্লবশ্ব। ওদিকে যারা কলেঞ্জে পড়ে, ওকালতি করে, ডাক্তারি করে, ব্যাণ্ডেক টাকা জমা দেয়, তারা রয়েছে দীপের মধ্যে—চারিদিকে অতলম্পর্শ বিচ্ছেদ।…

····দেশ সম্বন্ধে আমাদের যে উদ্যোগ তার থেকে দেশের লোক বাদ পড়ে। এটা আমাদের এতই অভ্যমত হয়ে গেছে যে, এর বিপ্লে বিড়ম্বনা সম্বন্ধে আমাদের বোধ নেই। একটা তার দৃষ্টাম্ত দিই।

আমাদের দেশে আধ্যানক শিক্ষাবিধি বলে একটা পদার্থের আবিভাবে হয়েছে। তারই নামে স্কলে কলেজ ব্যাঙের ছাতার মতো ইত্সতত মাথা তুলে উঠেছে। এমনভাবে এটা তৈরি যে, এর আলো কলেজি মণ্ডলের বাইরে অতি অলপই পে'ছিয়—স্থেরি আলো চাদের আলোয় পরিণত হয়ে যতটুকু বিকীণ হয় তার চেয়েও কম। বিদেশী ভাষার স্থলে বেড়া তার চার দিকে। মাতৃভাষার যোগে শিক্ষাবিস্তাব সম্বণ্ধে যথন চিম্তা করি সে চিম্তার সাহস অতি অলপ। সে যেন অম্তঃপ্রাক্রা বধার মতোই ভারি। আঙিনা প্যাদিতই তার অধিকার, তার বাইরে চিব্রুল পেরিয়ে তার ঘোনটা নেমে পড়ে। মাতৃভাষার আমল প্রাথমিক শিক্ষার মধ্যেই, অর্থাৎ সে কেবল শিশ্যানিজারই যোগ্য — অর্থাৎ, মাতৃভাষা ছাড়া অন্য কোনো ভাষা শেখবার স্থযোগ নেই, সেই বিরাট জনসংবক্ষে বিদ্যার অধিকার সম্বণ্ধে চিরাশেন্রে মতোই গণ্য করা হয়েছে। তারা কোনোমতেই প্রো মান্ত্র হয়ে উঠবে না, অথচ স্বরাজ সংবশ্ধে তারা প্রেরা মান্ত্রের অধিকার লাভ করবে চোথ ব্রেন্ড এইটে আম্রা কলপনা করি।

জ্ঞানলাভের ভাগ নিয়ে দেশের অধিকাংশ জনলাভলী সংবাধে এত বড়ো অনশনের বাবস্থা আর-দোনো নবজাগ্রত দেশে নেই তাপানে দেই, পাংসো নেই, তুরকে নেই, ইজিন্টে নেই। যেন মাতৃভাষা একটা অপরাধ, যাকে খাটান ধর্মশানের বলে 'আদিন পাপ'। দেশের লোকের পক্ষে মাতৃভাষা-গত শিক্ষার ভিত্র দিয়ে জ্ঞানের সর্বাধ্য-সম্পর্শতা আমবা কলপনার বাইরে ফেলে বেখেছি। ইংর্নোজ হোটেলওয়ালার দোকান ছাড়া আর কোথাও দেশের লোকের প্রাণ্টকর অল নিলবেই না এমন কথা বলাও যা আর ইংর্নোজ ভাবা ছাড়া মাতৃভাষার যোগে জ্ঞানের সমাক সাধনা হতেই পারবে না এও বলা ভাই।

এই উপলক্ষে এ কথা মনে রাখা দরকার যে, আধ্নিক সনগত বিদ্যাকে দাপানি ভাষার সমপ্রে আরন্তগম্য ক'বে তবে এলপানি বিশ্ববিদ্যালয় দেশেব শিক্ষা-ব্যবহথাকে সত্য ও সমপ্রে করে ত্লেছে। তার কারণ, শিক্ষা বলতে এলপান সমস্ত দেশের শিক্ষা ব্রেছে—ভদ্রলাক ব'লে এক সংকাণ শ্রেণীর শিক্ষা রোঞ্জেন। মুখে আমবা যাই বলি দেশ বলতে আমবা যা ব্রেথ সে হচ্ছে ভদ্রলোকের দেশ। জনসাধারণকে আমরা বলি ছোটোলোক; এই সংজ্ঞানী বহুকাল থেকে আমাদের অম্থিমজ্ঞায় প্রবেশ করেছে। ছোটোলোকদেব পক্ষে সকল প্রকার মাপকাঠিই ছোটো। তাবা নিজেও সোনী ধ্বীকার করে নিয়েছে। বড়ো মাপের কিছুইে দাবি করার ভ্রমা তাদের নেই। তারা ভদ্রলোকের ছায়াচর, তানের প্রকাশ অন্যুক্তরল। অথ্য দেশের অধিকাংশই তারা, প্রতরাং দেশের অম্ভুত বারো আনা অনালোকিত। ভ্রমমাজ তানের মৃত্তি করে দেখতেই পায় না, বিশ্বসমাজের তো কথাই নেই।

রাণ্ট্রীয় আলোচনার মন্ত অবদ্থায় আমরা মৃথে যাই কিছা বলি-না কেন, দেশাভিমান যত তারদ্বরে প্রকাশ করি-না কেন, আমাদের দেশ প্রকাশহীন হয়ে আছে ব'লেই করে'র পথ দিয়ে দেশের সেবায় আমাদের এত উদাসীন্য। যাদের আমরা ছোটো করে রেখেছি মানবন্দ্বভাবের কুপণতাবশত, তাদের আমরা অবিচার করেই থাকি। তাদের দোহাই দিয়ে ক্ষণে অর্থসংগ্রহ করি; কিন্তু তাদের ভাগে পড়ে বাকা, অর্থটা অবশেষে

### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

আমাদের দলের লোকের ভাগোই এসে জোটে। মোট কথাটা হচ্ছে, দেশের যে অভিক্ষাদ্র অংশে বৃশ্বি বিদ্যা ধন মান. সেই শতকরা পাঁচ পরিমাণ লোকের সংগ পাঁচানাবই পরিমাণ লোকের ব্যবধান মহাসম্দ্রের ব্যবধানের চেয়ে বেশি। আমরা এক দেশে আছি, অথচ আমাদের এক দেশে নয়।…

जाমাদের হতভাগ্য দেশে দেখি মাটির প্রদীপে যে আলো একদিন এখানে জনলৈছিল তাতেও আজ বাধা পড়ল। আজ আমাদের ভিগ্রীধারীরা পল্লীর কথা যখন ভাবেন তখন তাদের তানো অতি সামান্য ওজনে কিন্দু করাকেই যথেণ্ট বলে মনে করেন। যতক্ষণ আমাদের এইরলমের মনোভাব ততক্ষণ পল্লীর লোকেরা আমাদের পক্ষে বিদেশী। এমন-কি, তার চেয়েও তালা বেশি পর, তার কারণ এই—আমারা প্রুলে কলেজে যেটুক্ বিদ্যা পাই সে বিদ্যা স্বাবোপীয়। সেই বিদ্যার সাহায্যে য়্রোপীয়কে বোঝা ও যারোপীয়ের কাছে নিজেকে বোঝানো আমাদের পক্ষে সহলে। ইংলাও ফ্রান্স সামানির চিভবাত্তি আমাদের কাছে সহলে একালমান; ভাদের কাব্য গলপ নাটক যা আমরা পড়িসে আমাদের কাছে হোয়ালি নয়; এমন-কি, য়ে কামনা, য়ে তপস্যা তাদের, আমাদের কামনা-নাধনাও অনেক প্রিমাণে তারই পথ নিবেছে। কিন্তু যারা মা ষঠী মনসা ওলাবিবি শীতলা বে'টু রাহ্ম শনি ভূত প্রেত ব্রহ্মনৈত্য গ্রেপ্তসপঞ্জিকা পাণ্ড। পর্বতের আওতায় মান্য হয়েছে, ভাদের থেকে আমরা খ্ব বেশি উপরে ওঠেছি তা নয়; কিন্তু দরের সরে গিয়েছি, পরশ্পরের মধ্যে ঠিকমত সাড়া চলে না। তাদের ঠিকমত পরিচয় নেবার উপযুত্ত কৌতুহল প্রণিত আমাদের নেই।…

র।১৩।৫১৮-২০

# **উল্লেখযোগ্য বিষ**য় / शन्छेना :

শিক্ষায় মাতৃভাষা শিক্ষার বিশ্তার, শিক্ষিতে এশিক্ষিতে বিচ্ছেদ

# **जूबनीय अञ्चल**ः

- ১ শিক্ষার হেরফের।
- ২. শিক্ষার বাহন।
- ৩. শিক্ষার বিকিরণ।
- 8. লোক শিক্ষা গ্রন্থকালার বিজ্ঞাপ্তি –ইত্যাদি।

# ৬৯। রাশিয়ার চিঠি ১নং

৯ম পত্র নন্দলাল বস্তুকে লিখিত। প্রবাসী, অগ্রহায়ণ ১৩৩৭ ]

েদেশের লোককে আনি জানাতে চাই, আত কেবলমাত্র দশ বছরের আগেকার রাশিয়ার জনসাধানে আমাদের বর্তানান জনসাধারণের সমতুলাই ছিল; সোডিয়েট শাসনে এইজাতীয় লোককেই শিক্ষার দারা মান্য করে তোলবার আদর্শ কতথানি উচ্চ। এর মধ্যে বিজ্ঞান সাহিত্য সংগতি চিত্রকলা সমস্তই আছে—অর্থাৎ, আনাদের দেশের ভদ্তনামধার্থানের ক্রাণিক্ষার যে আয়োজন তার চেয়ে এনেক গ্রেটেই সংস্কৃতির। —

৫ মঞ্জোবর, ১০০। বাংশদার চিঠি, বিশ্বভারতী, ১৩৭০, পৃঃ ৭১

#### हे का

#### ন-দলাল বসঃ

খ্যাতনাল শিংপণী নংকোল ১৯১৪ সালে শাংকিনকৈতন আশ্রমে যোগনান কলেন। একাধারে আশ্রম িস্যালয়ে শিক্ষকতা এবং বিভিন্ন শিক্পস্থিতীর মাধ্যমে তাঁর সমগ্রজীবন অভিবাহিত করেন।

ন্ম--১৮৮০ ; মৃত্যু - ১৯৬৬।

## উল্লেখযোগ্য বিষয় মন্ত্ৰা ঃ

শিক্ষার বিস্তার

### তুলনীয় প্রসংগ

- ১ প্রেপ্তিয়ের অনুব্রতি।
- ২ শিক্ষার বাহন।
- সোভিয়েত ইঙানয়নে ববান্দ্রনাথ ২নং।
- ৪০ প্রীয়েরা।
- শক্ষার বিকিরণ।
- ৬ লোক শিক্ষা গ্রন্থমালার বিজ্ঞাপ্ত।
- মুহম্মদ আজিজ্বল হককে পত্ত ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

# ৭০। সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৬নং

[ নথিপত্তের সংকলন, অনুবাদ— শ্ভময় ঘোষ, বিদেশী ভাষা সাহিত্য প্রকাশালয়. মন্তেন্য, ১৯৬১, রবীন্দ্র শতবাধিক সংক্ষরণ, পৃত্য ২৪-২৬ ]

· আমি এসেছি শিখতে, জানতে, কেমন করে আপনারা নিজেনের মতো করে এক বিরাট সমস্যা, লোকশিক্ষার বিশ্বসমস্যার সমাধান করছেন। · · ·

ব্যক্তিগত ভাবে আমিও আমার শিক্ষা প্রতিষ্ঠানে নিজের মতো করে কাজ করে চলেছি, শিক্ষা সম্বন্ধে আমার মত হল তাকে জীবনের সংগে যোগ রাখতে হবে; তাকে জীবনের অংশ হতে হবে। যথার্থ শিক্ষা লাভ করা যায় যথার্থ জীবনধারণের ফলেই, জীবন থেকে বিচ্ছিন্ন হয়ে নয় যা সভ্য জগতের ইম্কুল কলেজে প্রায়ই ঘটে—সে যেন এক খাঁচা, তার ভিতরে শিশুদের যত কৃত্রিম পথ্য সোগান হয়। যথার্থ জীবনের মধ্যে দিয়েই আমরা প্রকৃত শিক্ষা পেতে পারি।

এই ধারণাটাকে আমি আমার শিক্ষা প্রতিষ্ঠানে রূপ দেবার চেণ্টা করেছি। এখানে এসে দেখছি আপনাদের শিক্ষাদশের সংগে আমার আদশের খ্বই মিল রয়েছে; দেখছি মান্য এখানে জীবনের প্রতিষ্ঠায় বে'চে আছে, তার মধ্যে দিয়ে তাদের মন শ্ধ্ব বিচ্ছিন্ন বৈজ্ঞানিক তালিম বা তথ্য নয় শিক্ষার প্রতিতকে গ্রহণ করতে প্রস্তৃত হয়ে উঠছে।

তাদের বৃদ্ধিকে আপনারা উদ্বৃদ্ধ করছেন সৃষ্টির কাজে, যা মান্ধের শ্রেণ্ঠ ধন। এর জন্য আমি আপনাদের কাছে কৃতজ্ঞ কারণ আমারও দ্বপ্প তাই। আপনাদের দেশে আপনারা তাকে যথার্থ রূপ দিতে পেরেছেন, প্রয়োজনীয় গতিবেগ ও উৎসাহ দিয়ে তাকে বাদ্তবে পরিণত করেছেন। আমার ধারণা, মানবজাতির প্রতি আপনাদের দেশের এটি একটি অক্ষয় উপহার—লোকশিক্ষার এই আদশ্।…

### हैका :

রুশ সোভিয়েত ফেডারিটিভ সমাজতাশ্তিক প্রজাতশ্তির সোভিয়েত লেথকদের সংযুক্ত ফেডারেশনের সম্বর্ধনাসভায় রবীন্দ্রনাথের বঙ্গৃতার স্টেনো রিপোর্ট', ১২ সেপ্টেন্বর, ১৯৩০।

## উল্লেখযোগ্য বিষয় / মৃশ্তব্য :

শিক্ষা ও জীবন, শিক্ষার লক্ষ্য

### তুলনীয় প্রসংগঃ

১ শিক্ষার হেরফের। ২০ জগদানন্দ রায়কে পত্র ২নং। ৩০ আকাৎক্ষা।
৪ বিশ্বভারতী ৪নং। ৫০ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৮নং। ৬০ শিক্ষার
সাথকিতা। ৭০ আবরণ। ৮০ লক্ষ্য ও শিক্ষা। ৯০ ছাত্রদের প্রতি সম্ভাষণ।
১০০ শিক্ষাসংস্কার। ১১০ তপোবন। ১২০ জগদানন্দ রায়কে পত্র ৩নং।
১৩০ অসন্তোষের কারণ। ১৪০ প্রান্তনী ৬নং। ১৫০ বিশ্বভারতী ৪নং।
১৬০ পর্বেবংগ বস্তুতা। ১৭ জনৈক অধ্যাপককে পত্র। ১৮০ কলাবিদ্যা।
১৯ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১৫নং। ২০০ শিক্ষার আদশ্রণ। ২১ বিশ্বভারতী
১৫নং। ২২০ ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদশ্রণ। ২৩০ বিশ্বভারতী ১৭নং।
২৪০ বিশ্বভারতী ১৮নং ইত্যাদি।

# ৭১ ৷ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৮নং

মারিয়া শেউই-হাউস : শের্নলাম গতকাল আপনি ভারতবর্ষে আপনার শিক্ষামলেক কাজের কথা বলেছেন। আপনার ইম্কুলে জীবনের সংগে পাঠের মিল কী ভাবে ঘটান হয়েছে, পরিপাশ্বের সবার সংগে কী ভাবে আপনি কাজ করেন তা বললে ভালো হয়।

রবিশ্রনাথ : সব খাঁটিনাটির বর্ণনা পিয়ে দীর্ঘ ভাষণের কোন প্রয়োজন নেই।
সংক্ষেপে, আমার আদর্শ ছিল এই—শিক্ষাকে জীবনের অগ্য হতে হবে, জীবন থেকে
বিচ্ছিল্ল এক নির্বাহতুক কিছুতে পরিণত হওয়া তার উচিত নয়। তাই শিশ্বদের আমার
কাছে এনে তাদের সর্বাগগীণ সম্পর্ণ জীবনযাপনের স্থাোগ দিলেম। তাদের ইচ্ছামত
সর্বাকছ্ব করারই শ্বাধীনতা ছিল। যতদ্বে সম্ভব শ্বাধীনতা তাদের দিয়েছিলেম।
সব সময় চেণ্টা করেছি তাদের সব কাজে এমন কিছু তুলে ধরতে যা তাদের কাছে
চিত্রাক্ষাক।

চেন্টা করেছি তাদের মনে স্বাকছন সম্বশ্বেই ঔংস্কৃতা জাগাতে — প্রকৃতির সৌম্পরেণ, আশেপাশের গ্রামে, অভিনয়ের মাধ্যমে, সাহিত্যে, সংগীতে। প্রকৃতির রাজ্যের স্বাকছন দিয়ে, শৃধ্ব ক্লাশের পড়া দিয়ে নয়, পর্যবেক্ষণ ও স্বাক্রিয় সহযোগিতার মাধ্যমে।

### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

আমি যখন নাটক লিখতেম কতদ্বে লেখা হল কী ভাবে নাটকটা এগচ্ছে, সে বিষয়ে গভাঁর ঔৎস্থক্য জাগত তাদের। নাটকের মহড়ার সময় তারা বার বার নাটক পড়ত, তাই তারা ব্যাকরণ পাঠ আর ক্লাশের পড়ার চেয়ে অনেক বেশি জ্ঞান পেত। এই ছিল আমার পর্দ্ধতি। শিশ্বদের মন আমি জানতেম। তাদের সড়েতন মনের চেয়ে অবচেতন নই বেশি সক্রির। তাই সবচেয়ে বড় কথা হল তাদের নানা রবমের কাজকর্মে টেনে আনা যা তাদের মনকে নাড়া দিয়ে ক্রমশ তাদের মনে চাএপাশের জগতের প্রতি ঔৎস্থক্য লাগাবে।

শ্র্থ গানের ক্লাস নয়, সন্ধায় গানের আসত্ত বসত। যে ছেলের গানের প্রতিবিশেষ অন্যাগ ছিল না, তারাও কোতুহলবশত ঘরের বাইরে থেকে আমাদের গান শ্নত। ক্রমে তারা এসে বসত ঘরের ভেতর, সংগীতের র্চি গড়ে উঠত তাদের। আমাদের দেশের কয়েকজন খ্রমই বড় শিলপী আমার সংগে ছিলেন। তাঁরা কাজ ব রতেন আর ছেলেরা দেখত তাঁদের কাজ কেমন ভাবে এগজে।

সবচেয়ে বড়ো কথা একটা পরিবেশ গড়ে তোলা ইয়েছিল। এই গড়ে তোলাটা পাঠকুম গড়ে তোলা নয়, এমন একটা কিছমু গড়ে তোলা যা ধরা ছোঁয়ার বাইরেন অর্থাৎ পরিবেশ।

.. চেণ্টা কবলেম এই ইংকুলে এমন কিছা খেন থাকে যা চলতি ইংকুলে পাওয়া যাবে না। শিক্ষকরা ছাত্রদের সংগ্য একই ভাবনযাপন বর্তেন। গড়ে উঠল একটা গোণ্ঠিজীবন, খেলাধালায় উৎসবে সব ক্ষেত্রেই শিক্ষক ছাত্ররা মিলেমিশে যোগ দিতেন। খাঁচার মতো নয়, যেখানে বাইরে থেকে খাবার যোগান হয় পাখিকে, বরং বলা উচিত একটা নাঁড়ের মতো। ছাত্রবা নিয়ে রাও তাকে গড়ে ভূলল তাদের তাবনযাত্রা, ভালবাসা, প্রতিদিনের কালে তাদের খেলাব লো গ্রন্থ তা বিছাই এই বিদ্যালয়কে গড়ে ভূলতে পারে তা দিয়ে। প্রতিশ্বনা এইটেই গ্রেছ্পথ্য বৈশিষ্ট্য।…

েআনশ<sup>্</sup>া এখনো আছে যদিও ঘটনাচক্র ও যাগধরো জীবনের সংগে তার কিছ্ বিছেদ ঘটেছে। তবা আমার ধাবণা একটি পরিবেশ গড়ে এঠেতে আর তা এখনো বজাষ রয়েছে। বিদ্যালয় এখন বড় হয়েছে। ছাত্রসংখ্যা প্রতিদিনই বেড়ে চলেছে, অবশ্য সেটা যে সবসময় ভাল তা নয়। বিদ্যাধি বৈশ্ব উপায় নেই।

পরে আর একটা দিক দেখা দিয়েছে, মেরেদের সংখ্যা বেশ বেড়েছে। আলাদের ওখানে এখন প্রায় ঘাটটি মেয়ে আর সত্তরটি ছেলে পড়ে। এই কোএড়ুঙেশনের ব্যবস্থাটিও ভারতবর্ষের পক্ষে একেবারে নতুন ব্যাপান। কিন্তু তা নিখতে ভাবেই কাজ করছে। অভিযোগের কোন কারণ আমাদের ঘটেনি। প্রায়ই তারা একসংগ্র বেড়াতে যায়। ছেলেরা কাঠ কেটে জল তুলে মেরেদের সাহায্য কবে। মেয়েরা ছেলেদের বে থৈবেড়ে খাওয়ায়। বেশ কয়েকদিন ধরে তারা একসংগ্র বেড়ার। এটিই একটি বিরাট শিক্ষা।

আরেকটি জিনিসও আমি প্রয়োজনীয় বলে মনে করি। আমি সব সময় চেণ্টা করি দেশের বাইরে থেকেও ইউরোপ থেকে পশ্চিতদের নিয়ে গিয়ে বন্ধুতার ব্যবস্থা করার। এশিয়ার অন্যান্য অঞ্চল থেকেও তা করতে পারলে ভাল হত। বিদ্যালয়ের পরিবেশের এটিও একটি অংগ। এই বিদেশী অতিথিদের সংগে আমাদের ছেলেমেয়েদের ব্যবহার ধ্বই সহজ স্বাভাবিক। আমার আদর্শ হল—মনের সর্বপ্রকার মৃত্তি। আমাদের ছেলেবেলাকার শিক্ষার ফলে আমরা স্বদেশ, স্বজাতি, আমাদের মহাপ্রের্থ আর ইতিহাস আর কুসংস্কারকে এক ধরনের বেড়া দিয়ে বেঁধে রেখেছি। বড় হরেও তার হাত থেকে মৃত্তির পাওয়া সহজ নয়. এমনকি আমাদের ইস্কুল-পাঠ্যবইগ্রেলাতেও তার সোংসাহ চর্চা চলে, আর সে কাজ করেন এমন সব ব্যক্তি যাঁরা অন্য দেশকে ছোট করে ছেলেদের মনে নিজেদের কীতিতে গর্ব জাগাতে চান। এর ফলে আসলে জাতীয়তার নামে কতগ্রেলা কুসংস্কারকেই আঁকড়ে ধরা হয়। বিদেশীদের ডেকে এনে আমা আমার ছেলেদের মনে আমাদের অতিথিদের প্রতি প্রাতি জাগাতে চেয়েছি, মনে হয় তাতে সফলও হয়েছি।

অন্যান্য ধরনের কাজও আছে। আমাদের পাশের গ্রামগর্নাতে আদিবাসীদের বাস। তারা আমাদের সাহায্যের প্রত্যাশী। আমরা কয়েকটি সান্ধ্য বিদ্যালয়ের ব্যবস্থা করেছি, আমাদের ছাত্ররা সেখানে চাষীদের পড়ায়। তারপর আমাদের বিদ্যালয়ের সঙ্গে গ্রামসেবারও ব্যবস্থা আছে। ছেলেরা তার ফলে গ্রামজীবনকে জানতে পারে। কৃষি ও স্বাস্থারক্ষার আধ্নিক বৈজ্ঞানিক পদ্ধতি দিয়ে গ্রামবাসীদের কী ভাবে সাহায্য করা যায় তা তারা শেখে। আমার মতে প্রকৃত শিক্ষা হল শ্থের পর্ন্থিগত বিদ্যা নয়, পর্ণ জীবন্যাপন।

আমাদের ছাত্রদের একটি জিনিস কেবল দিতে পারিনি, তা হল গভীর বৈজ্ঞানিক জ্ঞান। তার কাবণ বিপুল থরচ, আমাদের দরিদ্র দেশে তার সংস্থান খুবই কঠিন। আমি এখনো তার ব্যবস্থা করতে পারিনি। আমাদের ছাত্ররা আর আমি এই আশাই পোষণ করি যে. একদিন এ তারি দরে করা সম্ভব হবে। তারমেবাই নয়, শিক্ষার ভদেশেরই ছেলেদের পড়াশ্নেনা ও কাজের সঠিক সমন্বয় প্রয়োজন, কারণ গ্রামের কোলেই আমাদের জীবন্যাতা। তার প্রাপ্যা যদি তাকে না দিতে পারি, তবে আমরা নিজেদেরই মারব। সভ্যতা সেটাই করছে। গ্রামকে তার প্রাণব্য থেকে বিশ্বত করছে, তার স্বকিছ্ শ্রেষ্বে নিয়ে চালান দিচ্ছে সোহাগের সহরে।

এই বিশ্বাসবশেই আমার ছাত্রদেব আমি এই গ্রামের কাজে টেনে এনেছি। এই কাজ শর্র্ব করেছি কারণ আমার ছাত্রদের পক্ষে গ্রামকে ঠিকভাবে সাহাযা করতে শেখাটা প্রয়োজন। আমার ইম্কুলকে আমি যে-আদর্শ মনে রেখে গড়তে চেয়েছি তা সংক্ষেপে এট।…

প্রশ্নঃ আপনার ছাত্ররা সমাজে কোন অকথা থেকে এসেছে ? চাষ<sup>ী</sup>মজাুর প্রভৃতি ধরের শিশাহুরা আছে কি ?

রবী-দ্রনাথ ঃ আমাদের ওখানে কোন বাধা নেই। পাশের গ্রামগ্রলাতে যে আদিবাসীরা থাকে তাদের মধ্যে থেকে কিছ্ব ছাত্র নেবার চেন্টা একবার করেছিলেম। কিছ্ আমাদের ছাত্রদের সংগে তাদের রাখা খ্বই কঠিন।…

কি তুপাশের যে গ্রামে আমরা কাজ করছি সেখানে গ্রামবাসীদের জন্য একটি বিশেষ ইপ্কুল খোলা হয়েছে। এই তফাংটা কেন করলেম এ প্রশ্ন আপনারা করতে পারেন। উচ্চ শ্রেণীর লোকেদের জন্য যে ইপ্কুল, গ্রামের ছেলেমেয়েদের কেন সেখানে পড়তে দিলেম না ? তার কারণ অপেক্ষাকৃত ধনী ঘর থেকে যারা আসে তারা সবাই জ্বাবিকা নির্বাহের জন্য পরীক্ষা পাশ করে ডিগ্রী নিতে উৎস্কক । তাই তাদের আদর্শ শিক্ষা দেওয়া সম্ভব নয় । যেমন হাতের কাজ এমন কি সংগীত আর শিক্পকলায় তারা সময় নন্ট করতে চায় না । তারা চায় পড়া মুখ্যথ করে কোন রকমে পাশ করে বেরিয়ে যেতে । আমাকে এ ব্যাপার কিছুটা মেনে নিতে হয়েছে, তা না হলে আমার ইম্কুলে একটি ছায়ও থাকত না । এর একটি কারণ হল, আমাদের দেশ অত্যম্ত দরিদ্র, তাই ম্বভাবতই ছেলেরা বড় হয়ে জ্বীবিকা অর্জন করে পরিবারের ভরণপোষণ করতে চাইবে । তাদের পরীক্ষা পাশের স্বযোগ দিতেই হবে । সেই কারণেই আমি আরেকটি ইম্কুল খর্নল । সেটি গ্রামের যাদের সরকারী বা সওদাগরী অফিসে চাকরীর উচ্চাশা নেই তাদের জন্য । এই অপর ইম্কুলটিতে পরিপ্রেণ শিক্ষার জন্য যা কিছু আমি একাম্ত প্রয়োজনীয় বলে মনে করি তা প্রবর্তনের চেণ্টা করিছ । অনতিকাল পরেই এই গ্রামের ইম্কুলটিই সতিকার আদর্শ বিদ্যালয় হয়ে উঠবে, অন্যটি তথন পাবে অবহেলা । · ·

প্: ৩৩-৪১

#### : किंच

মন্ফোর উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী এবং অধ্যাপকদের সংগে রবীশ্রনাথের আলাপের স্টেনো-রিপোর্ট, ১৩ সেপ্টেম্বর, ১৯৩০

### উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য ঃ

শিক্ষা ও জীবন, শিক্ষাপ্রণালী, শিক্ষার পরিবেশ, শিক্ষার বিস্তার, শিক্ষাসত ।

# जुननीय भ्रमणः

১. শিক্ষার হেরফের। ২. জগদানন্দ রায়কে পত্র ২নং। ৩. আকাম্কা।
৪. বিশ্বভারতী ৪নং। ৫. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৬নং। ৬. শিক্ষার সার্থকতা। ৭. আবরণ। ৮. লক্ষ্য ও শিক্ষা। ৯. মেঘনাদবধ কাব্য। ৯০. প্রসংগকথা ১ (তিনথানি পত্র)। ১১. প্রেপ্রশ্নের অন্তর্ক্তা। ১২. শিক্ষাসংস্কার।
১৩. শিক্ষাসমস্যা। ১৪. পিতৃদেব (জীবনস্মৃতি)। ১৫. শিক্ষাবিধি। ১৬. জগদানন্দ রায়কে পত্র ওনং। ১৭. অসন্তোবের কারণ। ১৮ বিশ্বভারতী ২নং।
১৯. বিদ্যার যাচাই। ২০. বিশ্বভারতী ৬নং। ২১. পশ্চিম্যাত্রীর ডায়াবি। ২২. আলোচনা। ২০. প্রেবিংগ বহুতা। ২৪. জনেক অধ্যাপককে পত্র। ২৫. শিক্ষার বিকিরণ। ২৬ বিশ্বভারতী ১৭নং। ২৭. আশ্রমের শিক্ষা। ২৮. A Poet's ১০ন০০৷ ২৯. The School Master. ৩০. তোভাকাহিনী। ৩১. সন্তোষ্টেন্দ্র মজমুমদারকে পত্র ২নং। ৩২. শিক্ষার বাহন। ৩৩. রাশিয়ার চিঠি। ৩৪. পল্লীসেবা ১নং। ৩৫. Letter to L. K. Elmhirst. ৩৬. লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি।

# ৭২। সোভিয়েত ইউনিয়নে রবীক্রনাথ ১০নং

রবী-দুনাথ ঃ বন্ধ্রা, তোমরা আমায় যে আন্তরিক অভ্যর্থনা জানালে তাতে আমি অভিভূত। তোমাদের এই হাসিখ্সি, আশায় আনন্দে ভরা কচি মুখ, উদ্জব্দ ভবিষ্যতের আশায় ভরা, আমার মনে গভীর সাডা জাগিয়েছে।…

তোমাদের আমি ভাল ব্ঝতে পারি আরো এই কারণে যে আমার জীবনের অনেকটা সময় কেটেছে ছোটদের নিয়ে। বাংলা দেশে আমার একটি ইন্কুল আছে। সেখানে আমি শিশ্বদের সংগ্রই থাকি। চেণ্টা করি একটি প্র্ণ জীবনের পরিবেশে তাদের মান্ব করার। আমি চাই স্জনশীল জীবনের বিকাশের সব রকম সম্ভাব্য স্থযোগ তাদের দিতে। এ সম্ভাবনা শ্রেষ্ঠ উপায়ে কাজে লাগানের জন্য তাদের স্বাধীন উদ্যোগে আমি বিশ্বাস করি।

আমি শ্বাধীনতায় বিশ্বাসী। সেই শ্বাধীনতা যাব মধ্যে পরিপ্রেণিতায় প্রকাশ পায়, মান্বের দুটি গভীর প্রেরণা—মানবপ্রেম ও সমাজসেবা। আমার ইম্পুলে শিশুদের আমি এই শ্বাধীনতা দিয়েছি।…

১৪ সেপ্টেম্বর, ১৯৩০ পাঃ ৪৭-৪৮

#### : ाकीं

রবীন্দ্রনাথ ঠাকুরের সংগ্যে আ এ কিংগিনার নামান্দিত প্রথম পাইওনিয়র কমিউনের পাইওনিয়দের আলাপ, ১৪ সেপ্টেম্বর ১৯৩০

## উল্লেখযোগ্য বিষয়/ মন্তব্য :

শিক্ষা ও দ্বাধীনতা, শিক্ষা ও স্ভানশীলতা, মানবপ্রেম ও সনাজসেবা

# ত্লনীয় প্রসংগ:

১. ছারদের প্রতি সম্ভাষণ। ২. জাতীয় বিদ্যালয়। ৩. প্রাক্তনী (৫নং)। ৪. বিশ্বভারতী ১০নং। ৫. ধারাবাহী। ৬. শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের ন্থান। ৭. The School Master. ৮ A Poet's School. ৯. জগদানন্দ রায়কে পত্র ৪নং। ১০. আশ্রমের শিক্ষা। ১১. বিশ্বভারতী ১নং। ১২. শিক্ষার সাথকিতা। ১৩. আশ্রমের রূপ ও বিকাশ ইত্যাদি।

## রবন্দ্রনাথের চিস্তাজগণ

# ৭৩। সোভিয়েত ইউনিয়নে রবীক্রনাথ ১৫নং

রবীন্দ্রনাথ ঃ আমার কোতৃহলের প্রধান বিষয় হল লোকশিক্ষা। আপনারা ব্যবস্থার বদল ঘটিয়েছেন, এ ঘটনা এখনই তেমন কিছু প্রত্যক্ষ ফল দিতে পারে না। কিন্তু এই প্রথম সব'সাধারণকে শিক্ষা দেওয়া, এককালের শোষিত উৎপীড়িত জনসাধারণের আভ্যানতরীণ শক্তিকে কাজে লাগান এ আপনাদের বিরাট কীর্তি। এ কীর্তি সবচেয়ে ভাল ফল না দিয়ে পারে না, জগংটাকে আরো নিখ্ত করে তোলার স্করোগ তা দেবেই।

পেরভ: সব রকম আর্থানীতিক পরিবর্তানের শ্রেণ্ঠ ফল হল শিক্ষা সংস্কৃতি।

রবীশ্রনাথ: আপনি কি মনে করেন লোকশিক্ষার এই প্রসার কেবল আর্থনীতিক পরিবর্তনের ফলেই ঘটেছে?

শেষভ ঃ তা বৈকি। তা না হলে আমাদের এই লক্ষ্ণ লক্ষ্ণ দেশবাসীকে কী ভাবে শিক্ষা দেওয়া যেত তা জানি না। বিরাট জনসাধারণকে শিক্ষা দেওয়া হয়েছে ইম্কুলের পড়া আর ইম্কুল ছাড়া লোকশিক্ষার মধ্যে দিয়ে— আমাদের দেশে তাকে বলে রাজনৈতিক শিক্ষা।…

রবীশ্বনাথ ঃ আপনাদের অবস্থায় সাধারণ জনের মধ্যে শিক্ষা প্রসারের আগে যে অর্থনীতির ) প্রচলিত রুপকে ভেঙে দেওয়া দরকার ছিল, তা সহজেই বোঝা যায়। কিন্তু জারের রাশিয়ায় সাশিক্ষা ( public education ) থেকে জনসাধারণ যত দরে ছিলেন অন্য অনেক দেশে তেমন হয় নি। ইংলাও আর জার্মানীতেও জনসাধানণ জনশিক্ষার ফল পেরেছেন কিন্তু শোষণ, আর ধনতাতী উৎপাদনের প্রধান প্রধান ঘাঁটিতে বড় বড় শিচ্পকেন্দ্রগুলিতে সাপদেব স্বাভাবিক সংহতি বরবাদ করা হয়নি। সেখানেও সংক্ষতি ও শিক্ষার প্রসার সাভব, সাভাব শিক্ষার প্রসারের আমারের মে সমস্যা—সেটা আভ্যাতরিক। জনসাধারণের মধ্যে শিক্ষার প্রসারের আমারের মে সমস্যা—সেটা আভ্যাতরিক। জনসাধারণ যথন শিক্ষাত হবেন, আত্মশক্তি লাভ করবেন ওখন জনশিক্ষা আর শাসনপার্ধতির আমালে সংশোধন ঘটাতে পারবেন। বতানান অবস্থায় এটি জনশিক্ষা প্রসারে কিছুটা বাধা।

আমি রাশিয়ায় এসেছি শিখতে; আপনাদের লোকশিকা ব্যবহথা, ানসাধারণের জন্য সংস্কৃতির ক্ষেত্র উদ্মান্ত করে দেওয়ার কাল, ব্যক্তিবের মাজিলামান ব্যবহথার সংগ্রে পরিচিত হতে, কারণ আমি মনে করি ধ্বাধীনতার স্ফর্লিগ্যাইকুও, ব্যালিজের মাজিব সামান্যতম বিকাশও ভাবীকালের পক্ষে অত্যনত তাৎপ্যপিশে । · · ·

২৪ শে সেপ্টেম্বর, ১৯৩০, পর ৬০-৬২

## हीका :

ভক্সের সভাপতি ফ ন পেত্রভের সংগে রবীন্দ্রনাথের আলাপের স্টেনো-রিপোর্ট, ২৪ সেপ্টেবর ১৯৩০

#### পেরড

অধ্যাপক পেত্রভ রাশিয়ার বিপ্লবী আন্দোলনের একজন প্রধানতম সদস্য। জন্ম – ১৮৭৬।

## উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

শিক্ষার লক্ষা

#### जूलनीम्र श्रमःगः

১ ছাত্রদের প্রতি সংভাষণ। ২ শিক্ষাসংস্কার। ৩ তপোবন। ৪ লক্ষ্য ও শিক্ষা। ৫ জগদানন্দ রায়কে পত্র ৩নং। ৬ অসন্তোষের কারণ। ৭ আকাশ্ব্যা। ৮ প্রান্তনী (৬নং)। ৯ বিশ্বভারতী ৪নং। ১০ প্রেবিংগ বন্ধুতা। ১১ জনৈক অধ্যাপককে পত্র। ১২ কলাবিদ্যা। ১৩ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৬নং। ১৭ শিক্ষার সাথকিতা। ১৫ শিক্ষার আদর্শ। ১৬ বিশ্বভারতী ১৫নং। ১৭ ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ১৮ বিশ্বভারতী ১৭নং। ১৯ বিশ্বভারতী ১৮নং ইত্যাদি।

# ৭৪। শিক্ষার সার্থকভা

বিশ্বভারতীর কলেজ-বিভাগের প্রিন্সিপালে নলিনচন্দ্র ে ্র্লিকে লিখিত পত্ত । প্রাসী, জ্যেষ্ঠ ১৩১৮ প্রে-১৭৪ ]

িবিশ্ববিদ্যালয়ে পরীক্ষায় ষোলো আনা ফল পেয়েছ শানে প্রন্বাহন যোগে সাধ্বাদ পাঠাছি। আশা করি হঙ্তগত হবে। তব্ একথাটা মনে করিয়ে দেওয়া ভাল যে, পরীক্ষার ফল যে খ্ব বেশী দামী একথা আমি কোনোদিন মনে করিনে, বালাকালেই তার পরিচয় দিয়েছি—বৃদ্ধকালেও যে মতের পরিবর্তন হয়েছে তার লক্ষণ দেখিনে।

···আমার মনে শাশ্তিনিকেতনের যে আদর্শন এই জায়গায় সেই জিনিসটাকে চোথে দেখে যেমন আনন্দ পেল্ম তেমনি দ্বংখও লাগ্ল। এখানে দেখল্ম সমগ্র গৌবনের শিক্ষা—পরীক্ষা পাস তার মধ্যে কালো কালো আঁচড় কাটেনি। এরা প্রাণটাকে প্রভাবে জাগিয়ে তুলছে—নাচে গানে ল্লমণে ব্যায়ামে; শিক্ষাটা তারই একটা অংশমাত্র। এদের দলে য়ুরোপের নানা দেশের ছাত্র আছে—বর্ণান্ অনেকান্

## রবীন্দ্রনাথের চিম্তাজ্ঞগণ

—সমস্তটা নিয়ে একটা স্থি-কার্য চলছে, বীর্য এবং সোশ্দর্য এবং বিদ্যার সাধনা।
সরস্বতীকে এরা প্রাণক্মলের কেন্দ্রগুলে বিসয়ে উপাসনা করছে—সে যে পন্মের পাতা
—বর্ণে গন্ধে রপে রসে সন্প্রণ, সে তো প্রথির পাতা নয়—নীরস প্রাণহীন
আনন্দরহীন। আমি তো এতদিন ধ'রে এই কথাই বলে এসেছি যে, শিক্ষার যথার্থ
সার্থাকতা প্রাণের মধ্যে জ্ঞানের প্রতিষ্ঠা—দ্বইয়ের মধ্যে বিচ্ছেদ ঘটিয়ে পরীক্ষা পাস
করানো নয়। দ্বংথের বিষয় এই যে, প্রথম থেকেই এই বিলাতী বিদ্যাটাকে নিয়ে
এতকাল আমরা বিণকবৃত্তি করে আসছি। বোঝা শক্ত হয়েছে যে বিদ্যাকে প্রাণের
জিনিস করতে না পারলে তা বার্থাহয়, আর তা করতে হলে প্রাণকে পর্ণতা দেওয়া
চাই। আনন্দ রক্ষের প্রকাশ—প্রাণের প্রকাশও সেই আনন্দ—বিদ্যার প্রকাশও তাই।
আনন্দ মানে স্থথের বিলাস নয়, আনন্দে তপস্যা থাকা চাই—কিন্তু সেই তপস্যা
নোট ম্থম্থ করার তপস্যা নয়—জীবনকে সব দিক্ থেকে উদ্বোধিত করার তপস্যা।
যে-বিদ্যালয়কে নিজের প্রাণশন্তি শ্বারা ছাত্রয় প্রতিদিন স্থিট না করে সে-বিদ্যালয়
বিদ্যার খাঁচা—সেখানে পায়ে শিকল দেওয়া পোষা পাখীরা ম্থম্থ বর্লি অভ্যাস করে।

• ভারদের প্রতি আমাদের বাণী এই—উত্তিষ্ঠ ভারত প্রাপ্য বরাণ্ট নিবাধত।

জাগরণে পরীক্ষা-তরণে প্রভেদ আছে, এ কথা ভূলো না ভ্লো না। মার্ব্রণ, ২৮ জ্লাই. ১৯৩০

#### ः किर्चि

# नीवनहन्द्र गाष्त्र्वी

১৯২৮ সালে অক্টোবর মাসে নলিনচন্দ্র শান্তিনিকেতনে শিক্ষাভবন কলেজে অধ্যক্ষের পদে নিয়ন্ত্র হন। কলেজকে ন্তনরপে গড়তে চেয়েছিলেন। এই সময়ে বিজ্ঞান-শিক্ষাদানের ব্যবস্থা করা হয়। কলেজবিভাগে দর্শন, ইতিহাস, সংক্ষৃত, বাংলা, অর্থনীতি ইত্যাদি পড়াবার ব্যবস্থা হয়। নলিনচন্দ্র ১৯৩২ সালে শান্তিনিকেতন আশ্রম ত্যাগ করেন।

# মার্ব্গ'

জার্মানির শহর।

# উল্লেখযোগ্য বিষয়/মুক্তব্য ঃ

শিক্ষা ও জীবন শিক্ষার লক্ষ্য, শিক্ষা ও স্কুনশীলতা

# তুলনীয় প্রসংগ ঃ

১. শিক্ষার হেরফের। ২. জগদানশ্দ রায়কে পত্র ২নং। ৩. আকাঞ্চা। ৪. বিশ্বভারতী ৪নং। ৫. সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ ৬নং। ৬. সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ ৬নং। ৬. সোভিয়েত ইউনিয়নে রবীশ্বনাথ ৮নং। ৭. আবরণ। ৮. লক্ষ্য ও শিক্ষা। ৯ ছাত্রদের প্রতি সম্ভাষণ। ১০. শিক্ষাসংখ্কার। ১১. তপোবন। ১২. জগদানশ্দ রায়কে পত্র ৩নং। ১৩ অস্ক্তোধের কারণ। ১৪. প্রাক্তনী (৬)। ১৫. বিশ্বভারতী

৪নং। ১৬. প্রবিশেগ বস্তুতা। ১৭. জনৈক অধ্যাপককে পত্র। ১৮. কলাবিদ্যা। ১৯. শিক্ষার আদর্শ। ২০. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ২১. বিশ্বভারতী ১৭ং। ২৪. আশ্রমের বিশ্ব ও বিকাশ। ২৫. The School Master. ২৬. সোভিয়েত ইউনিয়নে বিশ্বনাথ ১০নং। ২৭. সোভিয়েত ইউনিয়নে বিশ্বনাথ ১০নং। ২৭. সোভিয়েত ইউনিয়নে ববীশ্বনাথ ১৫নং ইত্যাদি।

## ৭৫। শিক্ষার আদর্শ

ি কণ্ঠিপাথর, প্রবাসী, আম্বিন ১৩৩৮, প্রঃ ৮৩২. মাকুধারা, বৈশাখ-জ্যৈন্ঠ ১৩৩৮ ]

আমাদেব দেশে যে শিক্ষার ব্যবস্থা তার মুলে সাময়িক প্রয়োজনের তাগিদ ছিল। বিদেশীর সঞ্চার যে যোগের ব্যবস্থা রয়েছে তারই জন্য ওদের ভাষা শিক্ষা এবং কর্মচারী যোগানোর জন্য শিক্ষার আয়োজন হয়েছিল। এর ভূমিকা বা ভিত্তি এমন কিছুই মহং বা বড় ছিল না যাতে করে সমগ্র দেশকে জাতিকে উচ্চ আদশে প্রতিষ্ঠিত করতে পারে।

বিদ্যাশিক্ষাব যত আয়োজন রয়েছে আমাদের দেশে, ল মুখ্য উদ্দেশ্য বিদেশীর বাজকর্ম শালায় কি উপায়ে জায়গা করে দেবে; এবং এই শিক্ষার জন্যই আমরা চেন্টা করে থাকি। এই শিক্ষাই আমাদের চিত্তকে সংকীণ করে তুলেছে, দুর্বল করে তুলেছে। জ্ঞানে যে চিত্তকে মুক্তি দান করে, সেখানে এই জ্ঞানহীন শিক্ষা শ্বার্থ বৃশ্ধিকে প্রবল করে তুলেছে। এই শিক্ষার চেন্টা শুধ্ব পাস করবার, কেরাণী তৈরি করবার, মনুষাম্ব উদ্ভাবিত করবার নয়।

আজ কত দেশ কত ভাবে বড় হয়ে উঠেছে. তারা জগংকে অনেক কিছুই দিচ্ছে।
এমন কি নবজাগ্রত জাপান জ্ঞানবিজ্ঞানের অর্ঘা দিয়ে সমঙ্গুত পৃথিবীকে কৃতজ্ঞ করছে।
কিন্তু আমরা জোগাচ্ছি শুধু কেরাণী আর ডেপ্রুটি আর দারোগা। তার কারণ
আমাদের শিক্ষার অনুষ্ঠানগুলির মধ্যে যথার্থ বিদ্যার ভিত্তি নেই।

অন্যান্য দেশে বিদ্যার একটা বড় ভূমিকা আছে। সেখানে সমগ্র দেশের সঞ্জো শিক্ষার যোগ। আমাদের দেশে গোড়া থেকেই তার ব্যাঘাত ঘটে এসেছে। আমাদের বিদ্যার সাধনাকে শ্বার্থবিন্দিধ ও বিষয়বন্দিধ ছোট করেছে, সন্কীর্ণ করেছে—একে শৃংখলিত করেছে। ছাত্র যে শিক্ষা অর্জন করে তা' স্বার্থবিন্দ্ধি নিয়ে করে। কোনো

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

মহৎ আদর্শকে তারা অন্সরণ করতে শেখেনি। ওরা যে বিদ্যাবৃণিধ লাভ করে তার মূল্য শুধু হাটে বাজারেই আছে, কিশ্তু তার পেছনে মনুষ্যন্থ নেই।

প্রোকালে জ্ঞানের একটা মহৎ সাধনা ছিল। তার আদর্শ ছিল সমগ্র জীবনকে পরিণতি দেওয়। গাহ'ম্থা, বানপ্রম্থ, ব্রহ্মচর্য এগাল সেই সাধনারই অংগ এবং শিক্ষা তারই অশ্তর্গত। এই সাধনার ভিতরে আমরা দেখতে পাই আত্মার আবরণ মোচন এবং এর ভিত্তি হচ্ছে মনুষ্যাত্বের উদ্ভাবনা শক্তি। কিন্তু বর্তমানের বিদ্যালয়ে ছাত্ররা এম - এ, বি-এ পাস করছে এবং সংগ্র সংগ্র আমাদের দেশের শিক্ষার অন্তর্ভম লক্ষ্যকে উপেক্ষা করতে শিখেছে। আমার ইচ্ছা আমাদের এথানকার শিক্ষাসাধনার মলে থাকবে অন্তরাত্মার আবেদন। ধর্ম হচ্ছে মানুষের জীবনের ভূমিকা। কিন্তু সমগ্র দেশ লক্ষ্যহীন শিক্ষার দ্বারা নিজের গভীরতম ধর্মকে আঘাত দিয়েছে। পশ্চিম মহাদেশে ধর্ম থেকে মাঢ়তার ভার লাঘব করবার জন্য প্রাণপন চেণ্টা চলে এসেছে; আমরাই শব্ধ তাকে জড়িয়ে ধরবার চেণ্টা করছি। এই আশ্রমের আদর্শ হচ্ছে তপোবনের আদর্শ। ছাত্ররা বিশ্বন্ধেচিতে পরম্পরের সংগ্য ম্নেহের ভালবাসার যোগ রেখে যাতে নিজেদের জীবনের প্রতি কর্মা সাধন করে যেতে পারে এবং যা কল্যাণ যা সতা তার প্রতি আন্তরিক শ্রুষা লাগ্রত হতে পারে, সেইটিই ইন্ছে করে এই প্রান্তরের প্রান্তে আসন পেতেছিলাম। আমার অশ্তরে বাসনা ছিল যে, ছেলেরা আত্মসংযমকে জীবনের প্রধান অংগ করে নেবে, শ্রুখাবান হবে। আমি মনে করি বিজ্ঞান, ভূগোল বা ইতিহাস শিক্ষা এগ্নলো গৌণ। কিন্তু বিদ্যালয়ের মলে আনংশর দিকে আমাদের হয়ত দৃষ্টি বিক্ষিপ্ত হয়েছে ; এ সংবদেধ নানান্দিক থেকে অনেক রকম বাধাও ঘটেছে। বাইরের আন্দোলনের হাওয়ার মধ্যে থেকে যারা এখানে প্রবেশ করছে তাদের মনেব সংগ্র এখানকার সাধনার সংঘর্ষ হওয়া প্রাভাবিক। তাতে করে এই আশ্রমটি ক্রমে ক্রে একটি সাধারণ ইম্কুল কলেজ মাত্র হয়ে ওঠবার আশংকা ঘটে: এর বিশেষ মূলটিকে **পর্ণে করে রাখা দর্ভকর হয়ে ওঠে।** যারা এই অনুষ্ঠানটির উদ্দেশা ঠিক ব্রখতে পারে না, পাছে তারা আমার এই একমাত প্রয় আশ্রমটিকে বিকৃত করে এই আমার গ্রাশুকা **এবং এই আশুজাই আমাকে প**ীড়িত করে।

শাশ্ব বলেছে — অভ্যাসের চেয়ে জ্ঞান বড়। যে সকল ক্রিরাক্ম আনরা অশ্বভাবে করি জ্ঞান তাকে আলোকিত করে। তাতে হয় আত্মগ্রিধ এবং চিন্তুকে সভোর উপব নিষ্ঠাবান করে তোলে। আবার ধ্যান জ্ঞানের চেয়ে বড়। সমশ্ত জ্ঞানকে আপনার করে নেওয়া যায় ধ্যান সাধনার দ্বারা। এই বিন্যালয়ে জ্ঞানেব সংগ্রে ধ্যানের যোগসাধন করবার কথা। ধ্যান যদি সফল হয়, তবে আমাদের সব কাজ সব চেণ্টা সফল হবে।

# উল্লেখৰোগ্য বিষয় / মন্তব্য ঃ

আশ্রমের শিক্ষা, শিক্ষার লক্ষ্য, শিক্ষা ও অনুশীলন

# তুলনীয় প্রসংগঃ

5. জগদীশচন্দ্র বস্ত্রকে পত্র। ২. শিক্ষার সাথাকতা। ৩. শিক্ষাসমস্যা।
৪. জগদানন্দ রায়কে পত্র ২নং। ৫. ধারাবাহী। ৬ আগ্রমের শিক্ষা। ৭. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ৮. শিক্ষাসংস্কার। ৯ তপোবন। ১০. লক্ষ্য ও শিক্ষা।
১১. জগদানন্দ রায়কে পত্র ৩নং। ১২. অসন্তোষের কারণ। ১৩. আকাম্কা।
১৪. প্রাক্তনী (৬নং)। ১৫. বিশ্বভারতী ১নং। ১৬. পর্বেশ্যে বস্তুতা।
১৭ ুজনৈক অধ্যাপককে পত্র। ১৮. কলাবিদ্যা। ১৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৬নং। ২০. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১৫নং। ২১ ধর্মাশিক্ষা।
২২. বিশ্বভারতী ১৫ নং। ২০. ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ২৪ বিশ্বভারতী ১৭ নং। ২৫. বিশ্বভারতী ১৮নং। ২৬. বিশ্বভারতী ১নং। ২৭. শান্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি। ২৮. শিক্ষা ও সংস্কৃতি। ২১. আগ্রমের বর্পে ও বিকাশ।
ইত্যাদি।

# ৭৬। বিশ্বভারতী (১৫)

িবিশ্বভারতী নিউজ, জানুয়াণী ১৯৩৩ 🛚

আমার মন্য-বয়নে আমি এই শাণিতনিকেতনে বালকদের িনুর এক বিদ্যালয় গথাপন করতে ইন্ডা করি। এই কথা আমান মনকে অধিকার করে যে, মানুষ বিশ্বপ্রকৃতি ও মানুনসংসান এই দুটুয়েন মধ্যেই জন্মগ্রহণ করেছে, অতএব এই দুটুকে একত সমারেশ কনে বালকদের শিক্ষারতন গড়লে তারই শিক্ষার পাণিতা ও মানুবজীবনের সমগ্রতা হয়। বিশ্বপ্রকৃতির যে আগ্রান, তার থেকে বিছিন্ন করে পর্বীগগত বিদ্যা বিয়ে জােব করে শিক্ষার আয়োজন করলে শা্ধা শিক্ষাবস্থকেই জমানাে হয়, যে মন তাকে গ্রহণ করেব তার অবশ্থা হয় ভারবাহী জন্তুর মতাে। শিক্ষার উদ্দেশ্য তাতে বাথা হয়।

আমার বাল্যকালের অভিজ্ঞতা ছলিন। আমার বালকমনে প্রকৃতির প্রতি সহজ্ঞ অনুরাগ ছিল, তার থেকে নির্বাদিত করে বিন্যালয়ের নীবস শিক্ষাবিধিতে যথন আমার মনকে থল্রের মতো পেষণ করা হয় তখন কঠিন যন্ত্রণা পেয়েছি। এভাবে মনকে ক্লিণ্ট করলে, এই কঠিনতায় বালকমনকে অভাশ্ত করলে, তা মানসিক শ্বাদেথ্যর অনুকৃষ্ণ হতে পারে না। শিক্ষার আদর্শকেই আমরা ভুলে গেছি। শিক্ষা তো শ্ব্র সংবাদবিতরণ নয়; মানুষ সংবাদ বহন করতে জন্মার্যনি, জীবনের মূলে যে লক্ষ্য আছে

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

তাকেই গ্রহণ করা চাই। মানবজীবনের সমগ্র আদর্শকে জ্ঞানে ও কর্মে প্রেণ করে উপলব্ধি করাই শিক্ষার উদ্দেশ্য।

আমার মনে হয়েছিল, জীবনের কি লক্ষ্য এই প্রশ্নের মীমাংসা যেন শিক্ষার মধ্যে পেতে পারি। আমাদের দেশের পর্রাতন শিক্ষাপ্রণালীতে তার আভাস পাওয়া যায়। তপোবনের নিভ্ত তপস্যা ও অধ্যাপনার মধ্যে যে শিক্ষাসাধনা আছে তাকে আশ্রয় করে শিক্ষক ও ছাত্র জীবনের পর্ণতা লাভ করেছিলেন। শর্ধ্ব পরা বিদ্যা নয়, শিক্ষা কলপ ব্যাকরণ নির্ক্ত ছন্দ জ্যোতিষ প্রভৃতি অপরা বিদ্যার অনুশীলনেও যেমন প্রাচীন কালে গ্রেন্শিষ্য একই সাধনক্ষেত্রে মিলিত হয়েছিলেন, তেমনি সহযোগিতার সাধনা যদি এখানে হয় তবেই শিক্ষার পর্ণতা হবে।

বর্তামানে সেই সাধনা আমরা কতদরে গ্রহণ করতে পারি তা বলা কঠিন। আজ আমাদের চিত্তবিক্ষেপের অভাব নেই। কিন্তু এই-যে প্রাচীন কালের শিক্ষাসমবায়, এ কোনো বিশেষ কাল বা সম্প্রদায়ের অভিমত নয়। মানবচিত্তবৃত্তির মলে সেই এক কথা আছে—মানুষ বিচ্ছিন্ন প্রাণী নয়, সব মানুষের সংগ্য যোগে সে যুক্ত, তাতেই তার জীবনের পূর্ণতা, মানুষের এই ধর্ম। তাই যে দেশেই, যে কালেই, মানুষ যে বিদ্যা ও কর্ম উৎপন্ন করবে সে সব-কিছুতে সবামানবের অধিকার আছে। বিদ্যায় কোনো জাতিবর্ণের ভেদ নেই। মানুষ সবামানবের স্ভে ও উম্ভত্ত সম্পদের অধিকারী, তার জীবনের মলে এই সত্য আছে। মানুষ জন্মগ্রহণস্ত্রে যে শিক্ষার মধ্যে এসেছে তা এক জাতির দান নয়। কালে কালে নিখিলমানবের কর্মাশিক্ষার ধারা প্রবাহিত হয়ে একই চিত্তসমন্দ্রে মিলিত হয়েছে। সেই চিত্তসাগরতীরে মানুষ জন্মলাভ করে, তারই আহ্বানমন্ত্র দিকে দিকে ঘোষিত। •

আমার তাই সংকল্প ছিল যে, চিত্তকে বিশেষ জাতি ও ব্যক্তির মধ্যে আবন্ধ না করে শিক্ষার ব্যবন্থা করব; দেশের কঠিন বাধা ও অন্ধ সংস্কার সত্তেও এখানে সর্বদেশের মানবচিত্তের সহযোগিতায় সর্বকর্ম যোগে শিক্ষাসত স্থাপন করব; শ্ধ্ ইতিহাস ভ্রোল সাহিত্য-পাঠে নয়, কিন্তু সর্বশিক্ষার মিলনের দ্বারা এই সত্যসাধনা করব। এ অত্যন্ত কঠিন সাধনা, কারণ চারিদিকে দেশে এর প্রতিকুলতা আছে। দেশবাসীর যে আত্মভিমান ও জাতি-অভিমানের সংকীণতা তার সংগে সংগ্রাম করতে হবে।…

वा221922-25

#### : किविं

# বিশ্বভারতী ১৫নং

১৩৩৯ সালে ৯ই পে<sup>1</sup>য শান্তিনিকেতনে বিশ্বভারতীর বার্ষিক পরিষদ**্-সভায়** রবীন্দ্রনাথ যে অভিভাষণটি প্রদান করেন, উক্ত রচনাটি তারই প্রবন্ধর্প। ১৯৩৩ সালের জানুয়ারী মাসে 'বিশ্বভারতী নিউজ'-এ (পোষ-উৎসব সংখ্যা) আচার্যদেবের অভিভাষণ নামে মুদ্রিত হয়।

# উল্লেখবোগ্য विषय / मन्डवा :

সর্বজনীন শিক্ষা, শিক্ষা ও নৈতিক আদর্শ

# जूननीय भूत्र<sup>9</sup>ग -

১. হিন্দ্য বিশ্ববিদ্যালয়। ২. শিক্ষাবিধি। ৩. অজিতকুমার চক্রবর্তীকে পত্র ২নং। ৪. বিদ্যাসমবায়। ৫. শিক্ষার মিলন। ৬. বিশ্বভারতী ৪নং। ৭ বিশ্বভারতী ৫নং। ৮. বিশ্বভারতী ৬নং। ৯. বিশ্বভারতী ১০নং। ১০. পর্বেবংগ বক্তা। ১১. বিশ্বভারতী ১৭নং। ১২. My Educational Mission. ১৩. লাতীয় বিদ্যালয়। ১৪. অজিতকুমার চক্রবতীকৈ পত্র ১নং। ১৫. বিশ্বভারতী ১১নং। ১৬. শান্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি। ১৭. বাঁকুড়ায় ছাত্রদেব উদ্দেশে ইত্যাদি।

## ৭৭। বিশ্ববিদ্যালয়ের রূপ

িকলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক আহতে সভায় (ভিসেশ্বর ১৯৩২) পঠিত অভি-ভাষণ প্রশিতকা, কলকাতা বিশ্ববিদ্যালয় ১৩৩৯ ব

াবিশ্ববিদ্যালয় একটি বিশেষ সাধনার ক্ষেত্র। সাধারণভাবে বলা চলে, সে সাধনা বিদ্যার সাধনা। কিল্তু তা বললে কথাটা স্থানিদিন্টি হয় লাং কেননা বিদ্যা শব্দের অর্থ ব্যাপক এবং তার সাধনা বহুবিচিত্র।

এ নেশে আমাদের বিশ্ববিদ্যালয়ের একটি বিশেষ আকার প্রকার ক্রমণ পরিণত হয়ে উঠেছে। ভাবতবর্ষের আধুনিক ইতিহানেই তার মলে নিহিত। এই উপলক্ষে তার বিশ্তারিত বিচার অসংগত হইবে না। বাল্যকাল হতে যাঁরা এই বিদ্যালয়ের নিকট-সংপ্রবে আছেন তাঁরা আপন অভ্যাস ও মমন্ত্রের বেন্টনী থেকে ছাড়িয়ে নিয়ে একে বৃহৎ কালের পরিপ্রেক্ষণিকায় দেখতে হয়তো কিছ্ন বাধা পেতে পারেন। সামীপ্যের এবং অভ্যাসের সম্বন্ধ না থাকাতে আমার পক্ষে সেই ব্যক্তিগত বাধা নেই; অতএব আমার অসংসক্ত মনে এর স্বর্পে কিরকম প্রতিভাত হচ্ছে সেটা সকলের পক্ষে স্বীকার করবার যোগ্য না হলেও বিচার করবার যোগ্য।

বলা বাহুলা, য়ৢরোপীয় ভাষায় যাকে য়ৢনিভিসিটি বলে প্রধানত তার উদ্ভব য়ৢরোপে। অর্থাৎ য়ুনিভিসিটির যে চেহারার সংগে আমাদের আধ্যনিক পরিচয় এবং যার সংগে আধ্যনিক শিক্ষিতসমাজের ব্যবহার সেটা সম্লে ও শাখা-প্রশাখায় বিলিতি।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

আমাদের দেশের অনেক ফলের গাছকে আমরা বিলিতি বিশেষণ দিয়ে থাকি, কিম্তু দিশি গাছের সংগে তাদের কুলগত প্রভেদ থাকলেও প্রকৃতিগত ভেদ নেই। আজ পর্যামত আমাদের বিশ্ববিদ্যালয় সম্বশ্বে যে কথা সম্প্রণ বলা চলবে না। তার নামকরণ, তার র্পেকরণ, এ দেশের সংগে সংগত নয়; এ দেশের আবহাওয়ায় তার স্বভাবীকরণও ঘটে নি।

অথচ এই য়ৢনিভার্সাটির প্রথম প্রতির্প একদিন ভারতবর্ষেই দেখা দিয়েছিল। নালন্দা বিক্রমশীলা তক্ষশিলার বিদ্যায়তন কবে প্রতিষ্ঠিত হয়েছিল তার নিশ্চিত কালনির্ণয় এখনো হয় নি, কিশ্তু ধরে নেওয়া যেতে পারে য়ে, য়ৢরোপীয় য়ৢনিভার্সাটির প্রেই তাদের আবিভাব। তাদের উভ্তব ভারতীয় চিত্তের আশ্তরিক প্রেরণায় শ্বভাবের অনিবার্ষা আবেগে। তার প্রবিবতী কালে বিদ্যার সাধনা ও শিক্ষা বিচিত্ত আকারে ও বিবিধ প্রণালীতে দেশে নানা শ্থানে ব্যাপ্ত হয়েছিল, এ কথা স্থানিশ্চত। সমাজের সেই সর্বত্রপরিকীর্ণা সাধনাই প্রঞ্জীভত কেন্দ্রীভত রূপে এক সময়ে শ্থানে শ্থানে দেখা দিল।

এর থেকে মনে পড়ে ভারতবর্ষে বেদব্যাসের যুগে, মহাভারতের কাল। দেশে যে বিদ্যা, যে মননধারা, যে ইতিহাসকথা দরে দরের বিক্ষিপ্ত ছিল, এমন-কি দিগশ্তের কাছে বিলীনপ্রায় হয়ে এসেছে, এক সময়ে তাকে সংগ্রহ করা, তাকে সংহত করার নির্বাতশয় আগ্রহ ভের্গেছিল সম্মত দেশের হনে। নিজের চিৎপ্রক্ষের যুগব্যাপী ঐশ্বর্যকে স্থাপণ্টরপ্রে নিজের গোচর করতে না পারলে তা ক্রমণ অনাদরে অপরিচয়ে জ**ীণ' হয়ে বিলপ্তে হয়**। কোনো-এক কালে এই আশুকায় দেশ সচেতন হয়ে উঠেছিল: দেশ একাশ্ত ইজা করেছিল, আপন সূত্রচিছন রয়গ্রলিকে উদ্বার করতে, সংগ্রহ করতে, তাকে সত্রেক্থ করে সমগ্র করতে এবং ভাকে স্ব'লোকের ও স্ব'কালোর ব্যবহারে উৎসূর্গ করতে। দেশ আপন বিরাট চিন্ময়ী প্রকৃতিকে প্রত্যক্ষরূপে সমাজে দিথর-প্রতিষ্ঠ করতে উংস্থক হয়ে উঠল। যা আবদ্ধ ছিল বিশেষ বিশেষ পণিভতের অধিকাবে তাকেই অনুবচ্ছিল্লরূপে সর্বাসাধারণের আয়াত্তগোচ্ব করবার এই এক আশ্রুম্ব অধাবসায়। এর মধ্যে একটি প্রবল চেণ্টা, অক্লান্ত সাধনা, একটি সমগ্রপূণিট ছিল। এই উল্যোগের মহিমাকে শ্ভিমতী প্রতিভা আপন লক্ষ্যীভত করেছিল, তার স্পণ্ট পুনাণ পাওয়া যায় মহাভারত নামটিতেই। মহাভারতের মহৎ সমাভারল রাপ থাবা ধানে দেখেছিলেন **'মহাভারত' নামকরণ তাঁদেরই কৃত। সেই রাপটি একই কালে ভৌম'ডলিক রাপ** এবং মানস রূপ। ভারতবর্ষের মুনকে দেখেছিলেন তাঁরা মুনে। সেই বিশ্বদ্রিটার প্রবল আনন্দে তাঁরা ভারতব্বে চিরকালের শিক্ষার প্রশস্ত ভূমি প্রত্ন করে দিলেন। সে শিক্ষা ধর্মে কর্মে রাজনীতিতে সমাজ-নীতিতে ওত্তব্জ্ঞানে বহুব্যাপক। তা। পব থেকে ভারতবর্ষ আপন নিষ্ঠার ইতিহাসের হাতে আঘাতের পর আঘাত পেয়েছে, ভার মর্মাগ্রন্থি বারবার বিশ্লিণ্ট হয়ে গেছে, দৈন্য এবং অপমানে সে জর্জার কিল্ড ইতিহাস-বিষ্মাত সেই যাগের সেই কীতি এতকাল লোকশিক্ষার অবাধ জলসেকপ্রণালীকে নানা ধারায় পূর্ণে ও সচল করে রেখেছে। গ্রামে গ্রামে ঘরে ঘরে তার প্রভাব আঞ্জও বিরাজমান। সেই মলে প্রপ্রবণ থেকে এই শিক্ষার ধারা যদি নিরুত্র প্রবাহিত না হত তা হলে দঃখে দারিদ্রো অসম্মানে দেশ বর্ব'ংতার অন্ধকপে মূন,যাত্ব বিসঞ্জ'ন করত। সেইদিন

ভারতবর্ষে যথার্থ আপন সজীব বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি। তার মধ্যে জীবনীশক্তির বেগ যে কত প্রবল তা স্পণ্টই বৃষ্ঠেত পারি যখন দেখতে পাই সম্দ্রপারে জাভাষীপে সর্বসাধারণের সমস্ত জীবন ব্যাপ্ত ক'রে কী-একটি কলপলোকের সৃণ্টি সে করেছে, এই আর্থেতর জাতির চরিত্রে, তার কলপনায়, তার রুপ্রচনায় কিরক্ম সে নিরল্তর স্থিয়।

জ্ঞানের একটা দিক আছে, তা বৈষয়িক। সে রয়েছে জ্ঞানের বিষয় সংগ্রহ করবার লোভকে অধিকার ক'রে, সে উর্জ্ঞোজত করে পাশ্ভিত্যের অভিমানকে। এই কুপলের ভাশ্ডারের অভিমানে কোনো মহৎ প্রেরণা উৎসাহ পায় না। ভারতে এই-যে মহাভারতীয় বিশ্ববিদ্যালয়-যুগের উল্লেখ করলেন সেই যুগের মধ্যে তপস্যা ছিল; তার কারণ, ভাশ্ডারপরের তার লক্ষ্য ছিল না; তার উদ্দেশ্য ছিল সব'লনীন চিত্তের উদ্দাশন, উদ্বোধন, চারিক্রস্ভি। পরিপুর্ণ মন্যান্থের যে আদর্শ জ্ঞানে কর্মে হৃদয়ভাবে ভারতের মনে উদ্ভাসিত হয়েছিল এই উদ্যোগ তাকেই সঞ্চারিত করতে চেয়েছিল চির্রাদনের জন্য স্বাসাধারণের জীবনের মধ্যে, তার আথিক ও পারমাথিক সম্গতির দিকে, কেবলমাত্র তার ব্রিশতে নয়।

নাল-দা বিক্রমশিলার বিদ্যায়তন সংবদ্ধেও এই কথা খাটে। সে যাগে সে বিদ্যার মহংমলো দেশের লোক গভারভাবে উপলখি করেছিল; তাকে সমগ্র সংপ্রতার কেন্দ্রীভূত ক'রে সর্বজনীন জ্ঞানসত রচনা করবার ইচ্ছা স্বতই ভারতবর্ষের মনে সম্বাত হয়েছিল সন্দেহ নেই। ভগবান বৃহ্ব একদিন যে ধর্ম প্রচার করেছিলেন সে ধর্ম তার নানা অলুনাসন, তার সাধনার নানা প্রণালী নিয়ে সাধারণচিজের আনতভোগি স্তরে প্রবেশ করে ব্যাপ্ত হয়েছিল। তখন দেশ প্রবলভাবে কামনা করেছিল এই বহা্শাখায়িত পরিব্যাপ্ত ধারাকে কোনো কোনো স্থানিদিণ্ট কেন্দ্রস্থলে উৎসারিত ক'রে দিতে স্বর্ণসাধারণের সনানের ভন্য, প্রনের জন্য, কল্যাণের জন্য।

এই ইন্থাটি যে কিরকম সত্য ছিল, কিরকম উদার, কিরকম বেগবান ছিল, তার প্রমাণ পাওয়া যায় এই অনুষ্ঠানের মধ্যেই, এর অকুপণ ঐশ্বরে । বিখ্যাত টেনিক পরিব্রাজক হিউয়েন সাঙ বিশ্বরোচ্ছনাসিত ভাষায় এই বিদ্যানিকেতনের বর্ণনা করেছেন । তাঁর লেখনাচিত্রে দেখতে পাই এব অলংকরণরেখায়িত শর্ক্তিন্ত কভলেণী, এর অলভেদী হার্যালখন, ধ্পস্থগন্ধি মন্দির, ছায়ানিবিড় আম্রবন, নালপানে-প্রফল্লে গভার সরোবর । তিনটি বড়ো ডড়ো বাড়িতে এখানকার গ্রন্থাগার ছিল; তালের নাম রক্সাগর, রয়েরার । বিনাট বড়ো ডড়ো বাড়িতে এখানকার গ্রন্থাগার ছিল; তালের নাম রক্সাগর, রয়েরার । রয়েরার বিলা বার্যাদির নয়তলা , সেইখানে প্রজ্ঞাপার্মিতাসত্ত এবং অন্যান্য শাহর্ত্রশ্ব রাজত ছিল । বহাু রাজা পরে পরে এই সভ্যের বিশ্তারসাধন করেছেন; চা র দিকে হলত টেতা তঠেছে, সেই টেতাগালের মারা মধ্যে শিক্ষাভবন, তর্কসভাগাহ, প্রত্যেক সরোবরের চারি দিকে বেলী ও মন্দির; দ্থানে দ্থানে শিক্ষক ও প্রচারকদের জনো চারতলা বাসম্থান । এখানকার গাহ্নিমানাণে কিরকম স্বায় সতর্কতা সেই প্রসংগে ডান্তার স্পানার বলেন, আধ্নিক কালে যে রক্মের ই'ট ও গাঁথানি প্রচলিত এখানকার গাহ্নিমানাণের উপকরণ ও যোজনাপাধতি তার চেয়ে অনেক গাণে শ্রেষ্ঠ । ইৎসিঙ্ক বলেন, এই বিদ্যালয়ের প্রয়োজন-নিবাহের জন্য দুই শতের আধিক গ্রাম উৎসর্গ করা

## রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

হয়েছে ; বহুসহস্র ছাত্র ও অধ্যাপকের জীবিকার উপয**ৃন্ত** ভোজ্য প্রত্যহ প্রচুর পরিমাণে গ্রামের অধিবাসীরা নিয়মিত জুগিয়ে থাকে।

এই বিদ্যায়তনগর্নির মধ্যে, শ্বা বিদ্যার সঞ্জয় মাত্র নয়, বিদ্যার গোরব ছিল প্রতিষ্ঠিত। যে-সকল আচার্য অধ্যাপক ছিলেন, হিউয়েন সাঙ বলেন, তাঁদের রশ বহুদ্রেব্যাপী; তাঁদের চরিত্র পবিত্র, আনন্দনীয়। তাঁরা সম্পর্মের অনুশাসন অকৃত্রিম শ্রুমর সঞ্জে পালন করেন। অর্থাৎ যে বিদ্যা প্রচারের ভার ছিল তাঁদের 'পরে সমন্ত দেশ এবং দ্রেদেশের ছাত্রেরা তাকে সম্মান করত; সেই সমানকে উষ্কলে ক'রে রক্ষা করার দায়িছ ছিল তাঁদের 'পরে—কেবল মেধা দ্বারা নয়, বহুশুতের দ্বারা নয়, চরিত্রের দ্বারা, অর্থালত কঠোর তপস্যার দ্বারা। এটা সম্ভব হতে পেরেছিল, কেননা সমন্ত দেশের শ্রুম এই সান্থিক আদর্শ তাঁদের কাছে প্রত্যাশা করেছে। আচার্যেরা জানতেন, দ্রে দ্বের দেশকে জ্ঞানবিতরণের মহৎ ভার তাঁদের 'পরে; সম্প্র পর্ব ত পার হয়েন প্রাণপাসায়। এইভাবে বিদ্যার 'পরে সর্বজনীন শ্রুমা থাকলে যাঁরা বিদ্যা বিতরণ করেন আপন যোগ্যতা সম্বশ্বে শৈথিলা তাঁদের পক্ষে সহজ হয় না। সমন্ত দেশের কলাপ্রতিভাও আপন শ্রুমার অর্ঘ্য এখানে পর্বণ শিক্ততে নিবেদন করেছিল। সেই উপলক্ষে দেশ আপন শিল্পরচনার উৎকর্ষ এই বিদ্যামন্দিরের ভিত্তিতে ভিত্তিতে মিলিত করেছে, ঘোষণা করেছে; ভারতের কলাবিদ্যা ভারতের বিশ্ববিদ্যাকে প্রণাম করেছে।…

আপন সর্বশ্রেষ্ঠ বিদ্যার প্রতি সর্বজনের যে উদার শ্রুদ্ধা প্রভূতত্যাগদ্বীকারে অকুণ্ঠিত সেই অকৃত্রিম শ্রুদ্ধাই ছিল দ্বদেশীয় বিশ্ববিদ্যালয়ের যথার্থ প্রাণ-উৎস।

এ-কথা সহজেই কল্পনা করা যায় যে, জ্ঞানসাধনার এই-সকল বিরাট যজভূমিতে মান্বের মনের সংখ্য মান্র কিরকম অতিবাহৎ ও নিবিড় সংঘর্ষ চলেছিল, তাতে ধীশক্তি বহিল্মখা কিরকম নিরুত্ব প্রোভ্রেল হয়ে থাকত। ছাপানো টেক্স্ট্ বুক্ থেকে নোট দেওয়া নয়, অশ্তর থেকে অশ্তরে অবিশ্রাম উদ্যম সঞ্চার করা। বিদ্যায় ব্রাম্বিতে জ্ঞানে দেশের যাঁরা স্থমীশ্রেষ্ঠ দরে দরোশতর থেকে এখানে তাঁরা সামিলিত। ছাতেরাও তীক্ষাব্যন্থি, শ্রন্ধাবান, স্থযোগ্য; স্বারপণ্ডিতের কাছে কঠিন পরীক্ষা দিয়ে তবে তারা পেয়েছে প্রবেশের অধিকার। হিউয়েন সাঙ লিখেছেন, এই পরীক্ষায় দশ জনের মধ্যে অন্তত সাত-আট জন বজি'ত হত। অর্থাৎ তৎকালীন ম্যাণ্ট্রকুলেশনের যে ছার্কান ছিল তাতে মোটা মোটা ফাঁক ছিল না। তার কারণ, সমণত প্রথিবীর হয়ে আদর্শকে বিশান্ধ ও উন্নত রাখবার দায়িত্ব ছিল জাগরক। লোকের মনে উদ্বৈগ ছিল, পাছে অযথা প্রশ্রয়ের দারা বিদ্যার অধঃপতনে দেশের পক্ষে মার্নাসক আত্মঘাত ঘটে। নানা প্রকৃতির মন এখানে এক জায়গায় সমবেত হত; তারা একজাতীয় নয়, একদেশীয় নয়। এক লক্ষ্য দৃঢ়ে রেখে এক জীবিকাব্যকথায় তারা পরুপরের অতাত্ত ঘনিষ্ঠ ঐক্য লাভ করেছিল। বিদ্যার সম্মিলনক্ষেত্রে এই ঐক্যের মূল্য যে কতথানি তাও মনে রাখা চাই। তথন প্রথিবীর আরো নানা প্থানে বড়ো বড়ো সভ্যতার উম্ভব হয়েছিল ; কিম্তু, জ্ঞানের তপ্রস্যা-উপলক্ষে মানবমনের এমন বিশাল সমবায় আর কোথাও শোনা যায় নি। এর মূলে কারণ, বিশ্বজনীন মন্যাজের প্রতি স্থগভীর শ্রুখা, বিদ্যার প্রতি গোরববোধ,

চিত্তসম্পদ যাঁরা নিজে পেয়েছেন বা স্ভি করেছেন সেই পাওয়ার ও স্ভির পরম আনন্দে সেই সম্পদ দেশবিদেশের সকলকে দান করবার একাগ্র দায়িছজ্ঞান। আজ নিজের প্রতি, মান্বের প্রতি, নিজের সাধনার প্রতি, আলস্যাবিজড়িত অপ্রশ্বার দিনে বিশেষ ক'রে আমাদের মনে করবার সময় এসেছে যে, মানব-ইতিহাসে সর্বাগ্রে ভারতবর্ষেই জ্ঞানের বিশ্বদানযক্ত উদার দাক্ষিণ্যের সভেগ প্রবিতিত হয়েছিল। বাংলাদেশের পক্ষ থেকে আরো-একটি কথা আমাদের মনে রাখবার যোগ্যা, নালম্দায় হিউয়েন সাঙের যিনি গর্মে ছিলেন তিনি ছিলেন বাঙালি, তাঁর নাম শীলভদ্র। তিনি বাংলাদেশের কোনো-এক স্থানের রাজা ছিলেন, রাজ্য ত্যাগ করে বেরিয়ে আসেন। এই সভেঘ যাঁরা শিক্ষাদান করতেন তাঁদের সকলের মধ্যে একলা কেবল ইনিই সমসত শান্ত্র, সম্পত সত্র ব্যাখ্যা করতে পারতেন।

সেকালে বেশ্বিভারতে সংঘ ছিল নানা ন্থানে। সেই-সকল সংখ্য সাধকেরা শাশ্বজ্ঞেরা তত্ত্বজ্ঞানীরা শিষ্যেরা সমবেত হয়ে জ্ঞানের আলোক জ্বালিয়ে রাখতেন, বিদ্যার প্রভিসাধন করতেন। নালন্দা বিক্রমশিলা তাদেরই বিশ্বর্প, তাদেরই শ্বাভাবিক পরিণতি।

উপনিষদের কালেও ভারতবর্ষে এইরকম বিদ্যাকেন্দ্রের স্থিত হয়েছিল, তার কিছ্
কৈছ্ প্রমাণ পাওয়া যায়। শতপথব্রান্ধণের অন্তর্গত বৃহদারণাক উপনিষদে আছে,
আর্ নির প্র শ্বেতকেতু পাঞ্চালদেশের 'পরিষদ্'এ জৈবালি প্রবাহণের কাছে
এসেছিলেন। এই গথানটি আলোচনা করলে বোঝা যায়, ঐ পরিষদ ঐ দেশের বড়ো
বড়ো জ্ঞানীদের সমবায়ে। এই পরিষদ জয় করতে পারলে বিশেষ প্রতিষ্ঠা লাভ হত।
অন্মান করা যায় য়ে, সমহত পাঞ্চালদেশের মধ্যে উচ্চতম শিক্ষার উদ্দেশে সন্মিলিতভাবে
একটা প্রতিষ্ঠান ছিল, বিদ্যার পরীক্ষা দেবার জন্যে সেখানে অন্যত্র থেকে লোক আসত।
উপনিষদ-কালের বিদ্যা য়ে ব্বভাবতই গথানে গ্থানে শিক্ষা-আলোচনা তর্কবিতর্ক ও
জ্ঞানসংগ্রহের জন্য আপন আশ্রয়র্পে পরিষদ রচনা করেছিল, তা নিশ্চিত অন্মান
করা যেতে পারে।

রুরোপের ইতিহাসেও সেইরকন ঘটেছে। সেখানে খৃষ্টধর্মের আর\*ভকালে পর্রাতন ধর্মের সংগ নতেন ধর্মের বংশ্ব এবং নিষ্ঠুর উৎপীড়নের দারা নবদীক্ষিতদের ভান্তর পরীক্ষা চলেছিল। অবশেষে ক্রমে যখন এই ধর্ম সাধারণ্যে শ্বীকৃত হল তখন শ্বভাবতই প্রার ধারার পাশেপাশেই ভত্তেরে ধারা প্রবাহিত হল। বাঁধ যদি বে'ধে না দেওয়া যায় তবে ব্যক্তিবিশেষের বিশেষ প্রকৃতির প্ররোচনায় ভান্তর বিষয় বিচিত্র রূপ ও বিকৃত রূপ নিতে থাকে। তখন তর্ক অবলম্বন ক'রে বিচারের প্রয়োজন হয়। বিশ্বাস তখন বর্ণিধর সাহায্যে, জ্ঞানের সাহায্যে আপন শ্থায়ী ও বিশ্বেশ্ধ ভিন্তির সম্ধান করে। তখন তার প্রশ্ন ওঠে: কল্মে দেবায় হবিষা বিধেম। ভান্ত তখন কেবলমাত্র প্রজার বিষয় না হয়ে বিদ্যার বিষয় হয়ে ওঠে। এইরকম অবশ্থায় য়্রোপের নানা শ্থানে আচার্য ও ছাত্রদের সন্থ স্ভিট হচ্ছিল। তার মধ্যে থেকে নির্বাচনের দরকার হল। কোথায় শিক্ষা শ্রম্থেয়, কোথায় তা প্রমাণিক, তা ন্থির করবার ভার নিলে রোমের প্রধান ধর্মসম্পর, তারই সংগ্র রাজার শাসন ও উৎসাহ।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

সকলেই জানেন, সে সময়কার আলোচ্য বিদ্যায় প্রধান গ্র্থান ছিল তর্ক শাল্যের। তথনকার পণ্ডিতেরা জানতেন, ডায়েলেক্টিক সকল বিজ্ঞানের মল্ল-বিজ্ঞান। এর কারণ গ্পণ্টই বোঝা যায়। শান্তের উপদেশগর্ল বাক্যের দ্বারা বন্ধ। সেইসকল আপ্রবাক্যের অবিসন্বাদিত অথে পেশছতে গেলে শান্দিক তকের প্রয়োজন হয়। য়্রোপের মধ্যযুগে সেই তকের যুক্তিজাল যে কিরকম স্ক্রের ও জটিল হয়ে উঠেছিল তা সকলেরই জানা আছে। শাশ্রজ্ঞানের বিশ্বন্ধতার জন্য এই ন্যায়শাশ্র। সমাজক্রেরা জন্য আর দ্বিট বিদ্যার বিশেষ প্রয়োজন, আইন এবং চিকিৎসা। তথনকার য়্রেরাপীয় বিশ্ববিদ্যালয় এই কয়টি বিদ্যাকেই প্রধানত গ্রহণ করেছিল। নালন্দাতে বিশেষভাবে শিক্ষার বিষয় ছিল হেতুবিদ্যা, চিকিৎসাবিদ্যা, শন্দবিদ্যা। তার সংগেছিল তন্ত্র।

ইতিমধ্যে য়ৢ৻রোপে মান্বের অন্তর ও বাহিরের পরিবর্তনের সংগে সংগে সেখানকার য়ৢনিতিসিটিতে মন্ত দুটি মূলগত পরিবর্তন ঘটেছে। ধর্মশাস্কের প্রতি সেখানকার মন্যুবের ঐকান্তিক যে নিভর ছিল সেটা ক্লমে ক্রমে শিথিল হয়ে এল। একদিন সেখানে মান্বের জ্ঞানের ক্ষেত্রের প্রায় সমস্তটা ধর্মশাস্ত্রের সম্পূর্ণ অন্তর্গত না হোক, অন্তত শাসনগত ছিল। লড়াই করতে করতে অবশেষে সেই অধিকারের কর্তৃ ছভার তার হাত থেকে স্থলিত হয়েছে। বিজ্ঞানের সংগে যেখানে শাস্ত্রনকোর বিরোধ সেখানে শাস্ত্র আজ পরাভূত, বিজ্ঞান আজ আপন স্বতন্ত বেদীতে একে বরর্পে প্রতিষ্ঠিত। ভূগোল ইতিহাস প্রভৃতি মান্বের অন্যান্য শিক্ষণীয় বিষয় বৈজ্ঞানিক যুক্তিপদ্বতির অনুগত হয়ে ধর্মশাস্ত্রের বন্ধন থেকে মুক্তি পেয়েছে। বিশেবর সমস্ত জ্ঞাতব্য ও মন্তব্য বিষয় সম্বন্ধে মানুষের জিজ্ঞাসার প্রবণতা আজ বৈজ্ঞানিক। আপ্রবাক্যের মোহ তার কেটে গেছে।

এইসংগে আর-একটা বড়ো পরিবর্তন ঘটেছে ভাষা নিয়ে। একদিন লাটিন ভাষাই ছিল সমনত য়ুরোপের শিক্ষার ভাষা বিদ্যার আধার। তার স্থবিধা এই ছিল, সকল দেশের ছাত্রই এক পরিবর্তনহান সাধারণভাষার থোগে শিক্ষালাভ করতে পারত। কিন্তু তার প্রধান ক্ষতি ছিল এই যে, বিদ্যার আলোক পাণিডত্যের ভিত্তিসীমা এড়িয়ে বাইরে অতি অলপই পেণিছত। যথন থেকে য়ুরোপের প্রত্যেক জাতিই আপন আপন ভাষাকে শিক্ষার বাহনরত্বে প্রকার করলে তথন শিক্ষা ব্যাপ্ত হল সর্বসাধারণের মধ্যে। তথন বিশ্ববিদ্যালয় সমনত দেশের চিত্তের সংগে অনতরংগরত্বে যত্ত্ব হল। শুনতে কথাটা শ্বতোবির্দ্ধ, কিন্তু সেই ভাষা-দ্বাতন্ত্রের সময় থেকেই সমনত য়ুরোপে বিদ্যার যথার্থ সমবায়সাধন হয়েছে। এই শ্বাতন্ত্রের সময় থেকেই সমনত য়ুরোপে বিদ্যার যথার্থ সমবায়সাধন হয়েছে। এই শ্বাতন্ত্রের স্বাম্বত প্রজার মধ্যে, যত্ত্ব হল প্রতিবেশী ও দ্রেবাসীদের জ্ঞানসাধনার সংগে, স্বতন্ত ক্ষেত্রের সমনত প্রজার মধ্যে, যত্ত্ব হল প্রতিবেশী ও দ্রেবাসীদের জ্ঞানসাধনার সংগে, স্বতন্ত ক্ষেত্রের সমনত শস্য সংগৃহীত হল য়ুরোপের সাধারণ ভাণ্ডারে। এখন সেখানে য়ুনিভার্সিটি যেমন উদারভাবে সকল দেশের তেমনি একান্তভাবে আপন দেশের। এইটিই হছে মান্যের প্রকৃতির অন্যতে। কারণ, মানুষ যদি সত্যভাবে নিজেকে উপলব্ধি না করে তা হলে সত্যভাবে নিজেকে উৎসর্গ

করতে পারে না। বিশ্বজনীনতার দাক্ষিণ্য বাস্তব হতে পারে না সেইসপে ব্যক্তিশ্বাতশ্বেয়র উৎকর্ষ যদি বাস্তব না হয়। এশিয়ার মধ্যযুগে বৌশ্বধর্মকে তিম্বত চীন মংগালিয়া গ্রহণ করেছিল, কিম্তু গ্রহণ করেছিল নিজের ভাষাতেই। এইজন্যেই সে-সকল দেশে সে ধর্ম সর্বজনের অম্তরের সামগ্রী হতে পেরেছে, এক-একটি সমগ্র-জাতিকে মানুষ করেছে, তাকে মোহাম্ধকার থেকে উম্ধার করেছে।

রুনিভর্সিটির উৎপত্তি সম্বম্থে বিশ্তারিত বর্ণনার প্রয়োজন দেই। আমার বলবার মোট কথাটি এই যে, বিশেষ দেশ, বিশেষ জাতি যে বিদ্যার সম্বম্থে বিশেষ প্রতি গোরব ও দায়িত্ব অন্ভব করেছে তাকেই রক্ষা ও প্রচারের জন্যে শ্বভাবতই বিশ্ববিদ্যালয়ের প্রথম স্থিট। যে ইচ্ছা সকল স্থিটির মূলে, সমশ্ত দেশের সেই ইচ্ছাশক্তির থেকেই তার উদ্ভব। এই ইচ্ছার মূলে থাকে শক্তির ঐশ্বর্য। সেই ঐশ্বর্য দাক্ষিণ্য দ্বারা নিজেকে শ্বতই প্রকাশ করতে চায়; তাকে নিবারণ করা যায় না।

সমশ্ত সভ্যদেশ আপন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে জ্ঞানের অবারিত আতিথ্য করে থাকে। যার সপদে উদ্বৃত্ত আছে সেই ডাকে অতিথিকে। গৃহশ্থ আপন অতিথিশালায় বিশ্বকে শ্বীকার করে। নালন্দায় ভারত আপন জ্ঞানের অল্লসত্ত খুলেছিল স্বদেশবিদেশের সকল অভ্যাগতের জন্য। ভারত সেদিন অনুভব করেছিল, তার এমন সম্পদ পর্যাপ্ত পরিমাণে আছে সকল মানুষকে দিতে পারলে তবেই ষার চরম সার্থকতা। পাশ্চাত্য মহাদেশের অধিকাংশ দেশেই বিদ্যার এই অতিথিশালা বর্তমান। সেখানে শ্বদেশী-বিদেশীর ভেদ নেই। সেখানে জ্ঞানের বিশ্বক্ষেত্রে সব মানুষই পরঙ্গর আপন। সমাজের আর-আর প্রায় সকল অংশেই ভেদের প্রাচীর প্রতিদিন দ্বর্লগ্র্য হয়ে উঠছে কেবল মানুষের আমশ্রণ রইল জ্ঞানের এই মহাতীথে। কেননা এইখানে দৈনাম্বীকার, এইখানে কৃপণতা, ভদ্রজ্ঞাতির পক্ষে সকলের চেয়ে আত্মলাঘব। সৌভাগ্যবান দেশের প্রাণগণ এইখানে বিশ্বর দিকে উন্মুক্ত।

আমাদের দেশে য়ৢনিভািসটির পত্তন হল বাহিরের দানের থেকে। সে দানে দাক্ষিণ্য অধিক নেই। তার রাজান্চিত কৃপণতা থেকে আজ পর্যশত দৃঃখ পাচছ। ইংরেজের দেশে রাজন্বারে যে অতিথিশালা খোলা আছে লাডন য়ৢনিভািসটিতে, এ দেশের দরিদ্রপাড়ায় তারই একটা ছোটো শাখা স্থাপন হল। ভারতীয় বিদ্যা ব'লে কোনো-একটা পদার্থ যে কোথাও আছে এই বিদ্যালয়ে গোড়াতেই তাকে অস্বীকার করা হয়েছে। এর স্বভাবটা প্রথিবীর সকল য়ৢনিভািসটির একেবারে বিপরীত। এর দানেব বিভাগ অবর্গধ, কেবল গ্রহণের বিভাগ আপন ক্ষ্রিত কবল উল্ঘাটিত করে আছে। তাতে গ্রহণের কাজও ঠিকমত ঘটে না। কেননা, যেখানে দেওয়া-নেওয়ার চলাচল নেই সেখানে পাওয়াটাই থাকে অসম্পূর্ণ।

আধ্রনিক কালে জীবন্যাত্রা সকল দিকেই জটিল। ন্তন ন্তন নানা সমস্যার আলোড়নে মান্ধের মন সর্বদাই উৎক্ষ্বেধ। নিয়ত তার নানা প্রশ্নের নানা উত্তর, তার নানা বেদনার নানা প্রকাশ সমাজে তর শিত, সাহিত্যে বিচিত্র ভণিগতে আবর্তিত। বিশ্ববিদ্যালয়ে নানা যুগের ধ্বে আদর্শগর্লি যেমন মনের সামনে বিধৃত, সঞ্চিত, তেমনি প্রচলিত সাহিত্যে প্রকাশ পাচ্ছে প্রবহমান চিত্তের লীলাচাঞ্চল্য। পাশ্চাত্য

#### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

বিশ্ববিদ্যালেরে বাহিরের এই চিক্তমথনের সণ্যে যোগ বিচ্ছিল্ল নয়। মান্বের শিক্ষার এই দ্বই ধারা সেখানে গণগাষমনার মতো মেলে। কেননা সেখানে সমস্ত দেশের একই চিক্ত তার বিদ্যাকে নিরবচ্ছিল্লভাবে সৃষ্টি করে তুলছে, পৃথিবীর সৃষ্টিকার্য যেমন জলে স্থলে উভয়তই সক্রিয়। ··

আমাদের দেশে বিদেশ-থেকে-পাওয়া বিশ্ববিদ্যালয়ের সংগ্য দেশের মনের এরকম সন্মিলন ঘটতে পারে নি। তা ছাড়া য়্রেলশীয় বিদ্যাও এখানে বংশজলের মতো, তার চলং রপে আমরা দেখতে পাই নে। যে-সকল প্রবীণ মত আসল্ল পরিবর্তনের মুখে, আমাদের সন্মুখে তারা শ্রিওর থাকে ধ্রুবিসিন্ধান্তর্পে। সনাতনক্ষ্মুণ্ধ আমাদের মন তাদের ফুলচন্দন দিয়ে প্রজা করে থাকে। য়ুরেরাপীয় বিদ্যাকে আমরা শ্রাবরভাবে পাই এবং তার থেকে বাক্য চয়ন করে আবৃত্তি করাকেই আধ্নিক রীতির বৈদন্ধ্য ব'লে জানি, এই কারণে তার সন্বন্ধে নৃতন চিন্তার সাহস আমাদের থাকে না। দেশের জনসাধারণের সমন্ত দ্রুহ প্রন্ন, গ্রুত্ব প্রয়োজন কঠোর বেদনা আমাদের বিশ্ববিদ্যালয় থেকে বিচ্ছিয়। এখানে দ্রের বিদ্যাকে আমরা আয়ত্ত করি জড় পদার্থের মতো বিল্লেষণের স্বারা, সমগ্র উপলন্ধির দ্বারা নয়। আমরা ছি'ড়ে ছি'ড়ে বাক্য মুখন্থ করি এবং সেই টুকরো-করা মুখন্থবিদ্যার পরীক্ষা দিয়ে নিন্কৃতি পাই। টেক্স্ট্বিক্-সংলণ্ণ আমাদের মন পরাশ্রিত প্রাণীর মতো নিজের খাদ্য নিভ্রে সংগ্রহ করবার, নিজে উন্ভাবন করবার শক্তি হারিয়েছে।

ইংরেজি ভাষা আমাদের প্রয়োজনের ভাষা, এইজন্যে সমস্ত শিক্ষার কেন্দ্রংথলে এই বিদেশী ভাষার প্রতি আমাদের লোভ; সে প্রেমিকের প্রীতি নয়, কুপণের আসন্তি। ইংরেজি সাহিত্য পড়ি, প্রধান লক্ষ্য থাকে ইংরেজি ভাষা আয়ন্ত করা। অর্থাৎ ফ্লের কীটের মতো আমাদের মন, মধ্করের মতো নয়। ম্বিটিভক্ষায় যে দান সংগ্রহ করি ফর্দ ধ'রে তার পরীক্ষা দিয়ে থাকি। সে পরীক্ষায় পরিমাণের হিসাব দেওয়া, সেই পরিমাণগত পরীক্ষার তাগিদে শিক্ষা করতে হয় ওজনদরে। বিদ্যাকে চিন্তের সম্পদ ব'লে গ্রহণ করা অনাবশ্যক হয় যদি তাকে বাহ্যবস্ত্রপ্রে বহন করি। …এমন দৈন্যের অবস্থাতেও কখনো কখনো এমন শিক্ষাক মেলে শিক্ষাদান যাঁর প্রভাবসিন্ধ।…

যে বিশ্ববিদ্যালয় সত্য সে এইরকম শিক্ষককে আকর্ষণ করে; শিক্ষার সাহায্যে সেখানে মনোলোকে স্ভিটকার্য চলে, এই স্ভিটই সকল সভ্যতার মনেল। কিম্তু আমাদের বিশ্ববিদ্যালয়ে এমনতরো যথার্থ শিক্ষক না হলেও চলে। হয়তো-বা ভালোই চলে। কেননা এখানকার পরীক্ষাপন্ধতিতে যে ফলের প্রতি দৃষ্টি সে আহরণ-করা ফল, ফলন-করা ফল নয়। দৈনোর নিষ্ঠুর তাগিদে এমনতরো শিক্ষার প্রতি দেশের লোভ আছে, কিম্ত ভব্তি নেই। ··

অভাব থেকে বিশ্ববিদ্যালয়-প্রতিষ্ঠার দৃষ্টাশ্ত অন্যত্র আছে। যেমন জাপানে। জাপান যখন স্পন্ট বৃশ্বলৈ যে, আধুনিক মুরোপ আজ যে বিদ্যার প্রভাবে বিশ্ববিজয়ী তাকে আয়ত্ত করতে না পারলে সকল দিকেই পরাভব স্থানিশ্চিত তথন জাপান প্রাণপণ আকাশ্দার বেগে আপন সদ্যপ্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে সেই মুরোপীয় বিদ্যার পীঠম্থান ক্ষুক্রনা করলে। বিদ্যাসাধনায় আধুনিক মানবসমাজে তার লেশমাত্র অগোরব না ঘটে এই

তার একাশ্ত স্পর্ধা। স্থতরাং সমশ্ত জাতির শিক্ষাদানকার্যে সিন্ধির আদর্শকে থাটো ক'রে নিজেকে বন্ধনা করার কথা তার মনেও আসতে পারে না। আমাদের দেশে বিদ্যার সফলতার কৃত্রিম আদর্শ অনেকটা পরিমাণে পরের হাতে। বিদেশী মনিবেরা নান পরিমাণে কতটুকু হলে তাঁদের আশ্ব প্রয়োজনের হিসাবে সম্ভূষ্ট হন তার একটা ওজন ব্রেথ নিয়েছিল্ম। প্রথম থেকেই প্রধানত এইজনাই বিদ্যার আশ্তরিক আদর্শের প্রতি নিষ্ঠা আমাদের হাস হয়ে এসেছে।

জাপানে বিদ্যাকে সত্য ক'রে তোলবার ইচ্ছার প্রমাণ পাওয়া গেল যখন স্বদেশী ভাষাকে সে আপন শিক্ষার ভাষা করতে বিলম্ব করলে না। সব'জনের ভাষার ভিতর দিয়ে বিশ্ববিদ্যালয়কে সব'জনের ক'রে তুললে; শিক্ষিত ও অশিক্ষিতের মধ্যে চিন্ত-প্রসারের পথ অবাধ প্রশৃত হয়ে উঠল। তাই আজ সেখানে সমৃত দেশে বৃশ্ধির জ্যোতি অবারিতভাবে দীপামান।

আমাদের দেশে মাতৃভাষায় একদা যখন শিক্ষার আসন প্রতিষ্ঠার প্রথম প্রশ্তাব ওঠে তখন অধিকাংশ ইংরেজি-জানা বিদ্বান আতাৎকত হয়ে উঠেছিলেন। সমশত দেশের সামান্য যে-কয়জন লোক ইংরেজি ভাষাটাকে কোনোমতে ব্যবহার করবার স্থযোগ পাচ্ছে তাদেব ভাগে উক্ত ভাষার অধিকারে পাছে লেশমাত্র কর্মাত ঘটে এই ছিল তাঁদের ভর। হায় রে, দরিদ্রের আকাৎক্ষাও দরিদ্র!

এ কথা মানতে হবে, জাপান দ্বাধীন দেশ; সেখানকার লোক বিদ্যার যে মল্যে দিথর করেছে সে মল্যে প্রেরা পরিমাণে মিটিয়ে দিতে কুপণতা করে নি । আর, হতভাগা গ্রামরা প্রলিস ও ফৌজ-বিভাগের ভূরিভোজনের ভূরণেষ রাজন্বের উচ্ছিন্টকণা খ্রুটে তারই দামে বিদ্যার ঠাট কোনোমতে বজায় রাথছি ফাকা মাল-মসলায় ।…

শেশবার রন্যেই বিশ্ববিদ্যালয় আরু তাঁর সভায় আমাকে আসন দিলেন। দুই কালের দিশেববিদ্যালয় আরু তাঁর সভায় আমাকে আসন দিলেন। দুই কালের সম্পিশ্বলে আমাকে রাখলেন একটি চিছের মতো। দেখলেম যথারীতি আমাকে পদবী দেওয়া হয়েছে, অধ্যাপক। এ পদবীতে যথেণ্ট সমান আছে, কিশ্তু আমার পক্ষে এটা অসংগত। এর দায়িছ আছে, সেও আমার পক্ষে গ্রুণ করা অসম্ভব। সাহিত্যের প্রস্কৃতক্ত্ব, তার শশ্বের উৎপত্তি ও বিশ্লিষ্ট উপাদান, অর্থাৎ সাহিত্যের নাড়ীনক্ষ্য আমার অভিজ্ঞতার বহিভ্তি। আমি অনুশীলন করেছি তার অর্থাড রূপ, তার গতি, তার ভিগ্ত তার ইিগ্রত।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

আবৃত্তি করে যেতেন তিনি অতি সরসভাবে, যেটি শন্দার্থের চেয়ে অনেক বেশি, অনেক গভীর, সেটি পাওয়া যেত তাঁর ক'ঠ থেকে। মাঝে মাঝে দ্রহ্ জায়গায় দ্রত ব্রিয়েরে যেতেন, পঠনধারার ব্যাঘাত করতেন না। রচনাশক্তির উৎকর্ষসাধন সাহিত্যশিক্ষার আর-একটি আনুষ্রিগ্রুফ লক্ষ্য। এই দায়িত্বও তাঁর ছিল। ভাষাশিক্ষা সাহিত্যশিক্ষার কাজ মুখ্যত ভাষাতত্ত্ব দিয়ে নয়, সাহিত্যের প্রত্নতত্ত্ব দিয়ে নয়, রসের পরিচয় দিয়ে ও রচনায় ভাষার ব্যবহার দিয়ে। যেমন আর্ট শিক্ষার কাজ আর্কি য়লজি আইকনোগ্রাফি দিয়ে নয়, আর্টেরই আন্তরিক রসম্বর্পের ব্যাখ্যা দিয়ে। সপ্তাহে একদিন তিনি সমগ্রভাবে ছাল্রদের প্রস্তু রচনার ব্যাখ্যা করতেন; তার পদচ্ছেদ, প্যারাগ্রাফবিভাগ, শন্দপ্রয়োগের স্ক্রের ত্র্তি বা শোভনতা, সমন্তই তাঁর আলোচ্য ছিল। সাহিত্য ও ভাষার স্বর্পবাধ, তার আণ্ডিকের অর্থাৎ টেক্নিকের পরিচয় ও চর্চাই সাহিত্যশিক্ষার প্রধান উন্দেশ্য, এই কথাটিই তাঁর ক্লাস থেকে জেনেছিলেম। ··

#### हीका :

টমাস রাউন (Edward Thomas Brown).

ব্টিশ কবি। জন্ম—১৮৫৮, মৃত্যু—১৮৯৩

হেনীর মাল (Henry Morley).

ইংরেজ সাহিত্যিক ও অধ্যাপক। জম্ম —১৮২২, মৃত্যু—১৮৯৪

জন মিলটন (Jhon Milton)

ইংরেজ কবি। জম্ম –১৬০৮, মৃত্যু – ১৬৭৪

উল্লেখযোগ্য বিষয় / মণ্ডব্য :

মাতৃভাষা, বিশ্ববিদ্যালয়ের আদর্শ ও ঔপনিবেশিক শিক্ষাবিধি

# ज्ननीय अत्रकाः

১ ন্যাশনল ফণ্ড। ২ শিক্ষার হেরফের। ৩ প্রসংগকথা ১ (তিনখানি পত্র)।
৪ শিক্ষার হেরফের প্রবশ্ধের অনুবৃত্তি। ৫ বাংলাশিক্ষার অবসান (জীবনম্মৃতি)।
৬ ইংরেজি শেখা। ৭ লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি। ৮ ছাত্রদের প্রতি সম্ভাষণ।
১ শিক্ষার বাহন। ১০ শিক্ষার স্বাংগীকরণ। ১১ ছাত্রসম্ভাষণ। ১২ বাংলা
শিক্ষার প্রণালী। ১০ ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ।

# ৭৮। শিক্ষার বিকিরণ

[ ফেব্রুয়ারী, ১৯৩৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক আহতে সভায় অভিভাষণ। পর্নাগ্রকা, কলিকাতা ১৯৩৩ ]

ভোজ্য জিনিসে ভাশ্ডার উঠল ভরে, রামাঘরে হাঁড়ি চড়েছে, তব্ ভোজ বলে না তাকে। আঙিনায় পাত পড়ল কত, ডাকা হয়েছে কতজনকে, সেই হিসাবেই ভোজের মর্যাদা। আমরা যে এড়ুকেশন শশ্দটা আবৃত্তি ক'রে মনে মনে খ্নিশ থাকি সেটাতে ভাঁড়ার-ঘরের চেহারা আছে, কিশ্তু বাইরে তাকিয়ে দেখি ধ্বু ধ্ব করছে আঙিনা। শিক্ষার আলোর জন্যে উঁহু লশ্চন ঝোলানো হয়েছে ইম্কুলে কলেজে, কিশ্তু সেটা যদি রুশ্ধ দেয়ালে বশ্দী আলোক হয় তা হলে বলব আমাদের অদুণ্ট মন্দ। সমন্ত-পট-জোড়া ভ্রিমকার মধ্যেই ছবির প্রকাশ, তেমনি পরিক্ষট্টতা পাবার জন্যে শিক্ষা চায় দেশজোড়া ভ্রিমকা। ব্যাপক-ভ্রিমকা-ল্লট শিক্ষা কতই অম্পেট, অম্প্রেণ, কেবল অভ্যাসবশ্যতই তার দৈন্যের বেদনা আমাদের মন থেকে মরে গিয়েছে। এড়ুকেশন নিয়ে অন্য দেশের সংগ ম্বদেশের যখন ভুলনা করি তখন দৃশ্য অংশটাই লক্ষ করি, অদুশ্য অংশের হিসাব রাখি নে। মিলিয়ে দেখি রান্নিভাসিটি সেখানেও আছে, আমাদের দেশেও তার প্রতির্পে দ্টো-একটা দেখা দিচ্ছে। ভুলে যাই এমন কোনো ভাগ্যবান দেশ নেই যেখানে বাঁধা শিক্ষালয়ের বাইরে সমন্ত সমাজ জ্বুড়ে আবাঁধা শিক্ষার একটা দিগ্নতিবিকীণ বাহত্তর পরিধি না আছে।

এক কালে আন্মাদের দেশেও ছিল। য়ারোপের মধ্যযাগের মতো আমাদের দেশে শাস্ত্রিক শিক্ষাই ছিল প্রধান। এই শিক্ষার বিশেষ চর্চা টোলে, চতুংপাঠীতে, কিন্তু সমুহত দেশেই বিহতীণ ছিল বিদ্যাব ভূমিকা। বিশিষ্ট জ্ঞানের সংগে সাধারণ জ্ঞানের িনতাই ছিল চলাচল। ওয়েসিসের সংগে মর্ভ্মির যে বৈপবীতোর **সংবংধ তে**মন ছিল না পণ্ডিত্যণ্ডলীর সংগে অপণ্ডিত লোকালয়ের। দেশে এমন অনাদ্ত অংশ ছিল না যেখানে রামায়ণ মহাভারত পরুরাণকথা ধমব্যাখ্যা নানা প্রণালী বেয়ে প্রতিনিয়ত ছড়িয়ে না প্রভত। এমন-কি, যে সকল ওত্তবজ্ঞান দর্শনিশান্তে ঠোর অধ্যবসায়ে আলোচিত তারও সেচন চলেছিল সর্বক্ষণ জনসাধারণের চিত্তভ্মিতে। গাছের খাদ্য যথেষ্ট-প্রিমাণ জল দিয়ে তরল হলে তবেই গাছ তাকে শাখায় প্রশাখায় গ্রহণ করতে পারে, তেমনি করেই সেদিন কঠিন বিদ্যাকে রসে বিগলিত করে সর্বজনের মনে সঞ্চারিত করা হয়েছে। যে সময়ে আমাদের দেশে প্ত<sup>ক</sup>ম ধর্মের অংগ ছিল তথন গ্রামে গ্রা**মে** জ্লাশ্যের আয়োজন দ্বতই ছিল বিস্তৃত, স্বজিনে মি<mark>লে আপনিই আপনার তৃঞা</mark>র জল রংগিয়েছে , রাজপরিষদের কোনো বায়কু<sup>\*</sup>ঠ আমলা-সেরেগ্তায় জলের জনো মাথা খ্রিড়তে হয় নি। তেমনি করেই সমাজ দেশের বিদ্যা আপনিই দেশময় বিতরণ করেছে। না যদি করত তবে সমুহত দেশ আজ বর্বরতায় কালো কর্কণ হয়ে উঠত। বিদ্যা তথন বিশ্বানের সম্পত্তি ছিল না, সে ছিল সমস্ত সমাজের সম্পদ।

যেখানে খবরের কাগজের পত্রমর্মর শোনা যায় না এমন একটি সামান্য গ্রামে চাষিরা একদিন আমাকে নিমশ্রণ করেছিল। সেখানে প্রায় সকলেই মুসলমান। আমার

#### রবীন্দ্রনাথের চিন্তাজগণ

অভ্যর্থনা উপলক্ষে চলছিল একটা গানের পালা। চাঁদোয়ার তলার কেরোসিন-লণ্ঠন জনলছে, মাটির উপর ছেলে বৃড়ো সকলেই বসে আছে শতংধ হয়ে। যাত্রাগানের প্রধান বিষয়টা গ্রিনিষ্যের মধ্যে তন্তনালোচনা—দেহতন্তন, সৃণ্টিতন্তন মুল্লিতন্তন । . . . রাত এগোতে লাগল, দ্পানুর পেরিয়ে একটা বাজে, শ্রোতারা শিথর হয়ে বসে শানহে। সব কথা শপট বৃত্তক বা না বৃত্তক, এমন একটা-কিছ্বর শ্বাদ পাচ্ছে যেটা প্রতিদিনের নীরস তচ্ছতা ভেদ করে পথ খালে দিলে চির্শতনের দিকে।

আমনি কতকাল চলেছে দেশে; বারবার বিচিত্র রসের যোগে লোকে শন্নেছে ধ্ব-প্রহলাদের কথা, সীতার বনবাস, কণের কবচদান, হরিশ্চন্দের সর্বপ্রত্যাগ। তখন দন্ধ ছিল অনেক, অবিচার ছিল, জীবনযাত্তার অনিশ্চয়তা ছিল পদে পদে, কিশ্তু সেই সংগ্যে এমন একটি শিক্ষার প্রবাহ ছিল যাতে করে ভাগ্যের বিমন্খতার মধ্যে মান্ধকে তার আশ্তরিক সম্পদের অবারিত পথ দেখিয়েছে, মান্ধের যে শ্রেণ্ঠতাকে অবস্থার হীনতায় হেয় করতে পারে না তার পরিচয়কে উল্জাল করেছে। আর যাই হোক, আমেরিকান টকির দ্বারা এ কাজটা হয় না।

অন্য সকল দেশে আবশ্যিক শিক্ষার প্রবর্তন হয়েছে অলপদিন হল। আমাদের দেশে যে জনশিক্ষা তাকে আবশ্যিক বলব না, তাকে বলব শৈবচ্ছিক। সে অনেক কালের। তার পশ্চাতে কোনো আইন ছিল না, তাগিদ ছিল না; তার প্রতঃসঞ্চার ছিল ঘরে ঘরে, যেমন রক্তসলাচল হয় সর্বদেহে।

তার পরে সময়ের পরিবর্তন হল। ইতিমধ্যে শিক্ষিতসমাজ ধখন রাজন্বারের দিকে মুখ ফিরিয়ে মন্ত্রিসভায় প্রবেশাধিকারের আবেদন কখনো-বা কর্ণকেপ্টে কখনো-বা ক্রিম আক্রোণে পেশ করছিলেন তখন তাঁদের পিছনের দিকে গ্রামে গ্রামে পিপাসার জল এল পাঁকের কাছে নেমে, এ দিকে শহরে শহরে বারে বারে ঝরতে লাগল কলের জল। আমরা বিক্ষিত হয়ে বললেম, একেই বলে উন্নতি। দেশের যেটা বৃহৎ রপে সেটা ল্কোল আমাদের অগোচরে, যে প্রাণ যে আলো দেশের সর্বার বিকীণ ছিল সেটা প্রতিসংহাত হল ছোটো ছোটো কেন্দে।

এ কালে যাকে আমরা এড়কেশন বলি তার আরশ্ভ শহরে। তার পিছনে ব্যবসা ও চাকরি চলেছে আনুষ্যাগক হয়ে। এই বিদেশী শিক্ষাবিধি রেল-কামরার দীপের মতো। কামরাটা উণ্জ্যলে, কিন্তু যে যোজন যোজন পথ গাড়ি চলেছে ছুটে সেটা অশ্ধকারে লুপ্ত। কারখানার গাড়িটাই যেন সত্যা, আর প্রাণবেদনায় প্রণ সমুষ্ঠ দেশটাই যেন অবাস্তব।

শহরবাসী একদল মান্য এই স্থোগে শিক্ষা পেলে, মান পেলে, অর্থ পেলে , তারাই হল এন্লাইটেন্ড্, আলোকিত। সেই আলোর পিছনে বাকি দেশটাতে লাগল প্রণ গ্রহণ। ইস্কুলের বেঞ্চিতে বসে যাঁরা ইংরেজি পড়া ম্খন্থ করলেন শিক্ষাদীপ্ত দ্ভির অন্ধতায় তাঁরা দেশ বলতে ব্রুলেন শিক্ষিতসমাজ, ময়রে বলতে ব্রুলেন তার পেখমটা, হাতি বলতে তার গজদনত। সেই দিন থেকে জলকণ্ট বলো, প্রথকন্ট বলো, রোগ বলো, অজ্ঞান বলো, জমে উঠল কাংস্যবাদ্যমন্দ্রিত নাট্যমঞ্চের নেপথেয় নিরানেশ নিরালোক গ্রামে গ্রামে। নগরী হল স্কুজলা, সুফলা, টানাপাখা-

শীতসা; সেইখানেই মাথা তুললে আরোগ্যানিকেতন, শিক্ষার প্রাসাদ। দেশের বিকে এক প্রান্ত থেকে আর-এক প্রান্তে এত বড়ো বিচ্ছেদের ছ্রির আর-কোনোদিন চালানো হয় নি, সে কথা মনে রাখতে হবে। একে আধ্নিকের লক্ষণ বলে নিন্দা করলে চলবে না। কেননা, কোনো সভ্য দেশেরই অবস্থা এরকম নয়। আধ্নিকতা সেখানে সপ্তমীর চাঁদের মতো অর্ধেক আলোয় অর্ধেক অন্ধকারে খণ্ডিত হয়ে নেই। জাপানে পাশ্চাত্য বিদ্যার সংপ্রব ভারতবর্ষের চেয়ে অলপ কালের, কিন্তু সেখানে সেটা তালি-দেওয়া ছে ভা কথা নয়। সেখানে পরিব্যাপ্ত বিদ্যার প্রভাবে সমন্ত দেশের মনে চিন্তা করবার শক্তি অবিচ্ছিল সন্ধারিত। এই চিন্তা এক ছাঁচে ঢালা নয়। আধ্ননিক কালেরই লক্ষণ অন্সারে এই চিন্তায় বৈচিত্য আছে অথচ এক্যও আছে, সেই এক্য ব্রিরর ঐক্য।

কেউ কেউ তথ্য গণনা করে দেখিয়েছেন, প্রেকালে এ দেশে গ্রাম্য পাঠশালার প্রার্থামক শিক্ষার যে উদ্যোগ ছিল ব্রিটশ শাসনে ক্রমেই তা ক্রমেছে। কিন্তু, তার চেয়ে সর্বনেশে ক্ষতি হয়েছে, জনশিক্ষাবিধির সহজ পথগালি লোপ পেয়ে আসাতে। শোনা যায়, একদিন বাংলাদেশ জুড়ে নানা শাখায় খাল কাটা হয়েছিল অতি আশ্চর্য নেপ্রেণ্য; হাল আমলের অনাদরে এবং নির্বাশিশতায় সে-সমস্তই বন্ধ হয়ে গেছে বলেই তাদের ক্লে ক্লে এত চিতা আজ জ্বলেছে। তেমনি এ দেশে শিক্ষার খালগালোও গেল বন্ধ হয়ে, আর অন্তর-বাহিরের সমস্ত দীনতা বল পেয়ে উঠছে। শিক্ষার একটা ক্রো সমস্যার সমাধান হয়েছিল আমাদের দেশে। শাসনের শিক্ষা আনন্দের শিক্ষা হয়ে দেশের হাদয়ে প্রবেশ করেছিল, মিলেছিল সমস্ত সমাজের প্রাণক্রিয়ার সঙ্গো। দেশব্যাপী সেই প্রাণের খাদ্যে আজ দ্বিভিক্ষ। প্রেসঞ্য কিছু বাকি আছে, তাই এখনো দেখতে পাচ্ছি নে এর মারম্বিত।

মধ্য-এশিয়ার মর্ভূমিতে যে-সব প্যটিক প্রাচীন যুগের চিহ্ন সন্ধান করেছেন তাঁরা দেখেছেন, সেখানে কত সমৃদ্ধ জনপদ আজ বালি চাপা পড়ে হারিয়ে গেছে। এক কালে সে-সব জায়গায় জলের সঞ্চয় ছিল, নদীর রেখাও পাওয়া যায়। কখন রস এল শ্রিকয়ে, এক-পা এক-পা কবে এগিয়ে এল মর্, শ্রুক রসনা মেলে লেহন করে নিল প্রাণ, লোকালয়ের শেষ ন্যাক্ষর মিলিয়ে গেল অসীম পাশ্রুরতার মধ্যে। বিপ্রলসংখ্যক গ্রাণ নিয়ে আমাদের যে দেশ সেই দেশের মনোভূমিতেও রসের জোগান আজ অবসিত। যে রস অনেক কাল থেকে নিয় ন্তরে ব্যাপ্ত হয়ে আছে তাও দিনে দিনে শ্রুক বাতাসের ্য় নিশ্বাসে উবে যাবে, অবশেষে প্রাণনাশা মর্ অগ্রসর হয়ে তৃষ্ণার অজগর সাপের মতো পাকে পাকে গ্রাস করতে থাকবে আমাদের এই গ্রামে-গাঁথা দেশকে। এই মর্র আক্রমণটা আমাদের চোখে পড়ছে না, কেননা, বিশেষ শিক্ষার গতিকেই দেশ-দেখা চোখ আমরা হারিয়েছি; গবাক্ষলশ্রতনের আলোর মতো আমাদের সম্পত দ্বিটর লক্ষ্য কেন্দ্রীভূত শিক্ষিতসমাজের দিকে।

আমি একদিন দীর্ঘাকাল ছিল্ম বাংলাদেশের গ্রামের নিকটসংস্তবে। গরমের সময়ে একটা দ্বংখের দৃশ্য পড়ত চোখে। নদীর জল গিয়েছে নেমে, তীরের মাটি গিয়েছে ফেটে, বেরিয়ে পড়েছে পাড়ার পত্করের পঙ্কস্তর, ধ্বাকরছে তপ্ত বালা। মেরেরা

## ববীন্দ্রনাথের চিশ্তাজগং

বহুদ্রে পথ থেকে ঘড়ায় করে নদীর জল বয়ে আনছে, সেই জল বাংলাদেশের অগ্রহজল-মিশ্রিত। গ্রামে আগন্ন লাগলে নিবোবার উপায় পাওয়া যায় নাঃ ওলাউঠো দেখা দিলে নিবারণ করা দুঃসাধ্য হয়ে ওঠে।

এই গেল এক, আর-এক দঃখের বেদনা আমার মনে বেজেছিল। সম্পে হয়ে এসেছে, সমস্ত দিনের কাজ শেষ করে চাষিরা ফিরেছে ঘরে। এক দিকে বিম্তত মাঠের উপর নিম্তুম্ব অম্ধকার, আর-এক দিকে বশিঝাড়ের মধ্যে এক-একটি গ্রাম যেন রাত্রির বন্যার মধ্যে জেগে আছে ঘনতর অশ্ধকারের দীপের মতো। সেই দিক থেকে শোনা যায় খোলের শব্দ, আর তারই সংগ একটানা স্থরে কীর্তানের কোনো-একটা পদের হাজারবার তারুবরে আবৃত্তি। শুনে মনে হত, এখানেও চিক্তজলাশয়ের জল তলায় এসে পড়েছে। তাপ বাড়ছে কিন্তু ঠা ডা করবার উপায় কতটুকুই বা ! বছরের পর বছর যে অবস্থাদৈন্যের মধ্যে দিন কাটে তাতে কী করে প্রাণ বাঁচবে যদি মাঝে মাঝে এটা অনুভব না করা যায় যে, হাড়ভাঙা মজুরির উপরেও মন বলে মানুষের একটা-কিছ্ম আছে যেখানে তার অপমানের উপশ্ম, দ্বভ'াগ্যের দাসত্ব এড়িয়ে যেখানে হাঁফ ছাডবার জায়গা পাওয়া যায়! তাকে সেই তপ্তি দেবার জন্যে একদিন সমস্ত সমাজ প্রভূত আয়োজন করেছিল। তার কারণ, সমাজ এই বিপলে জনসাধারণকে ম্বীকার করে নিয়েছিল আপন লোক ব'লে। জানত এরা নেমে গেলে সমণ্ড দেশ যায় নেমে। আজ মনের উপবাস ঘোচাবার জন্যে কেউ তাদের কিছুমাত্র সাহায্য করে না। তাদের আত্মীয় নেই, তারা নিজে-নিজেই আগেকার দিনের তলানি নিয়ে কোনোমতে একট্র সাম্প্রনা পাবার চেণ্টা করে। আর-কিছুইদিন পরে এইকও যাবে শেষ হয়ে ; সমুষ্ঠ দিনের দ্বঃখধন্দার রিক্ত প্রান্তে নিরানন্দ ঘরে আলো জ্বলবে না, সেখানে গান উঠবে না আকাশে। ঝিল্লি ডাকবে বাঁশবনে, ঝোপঝাড়ের মধ্য থেকে শেয়ালের ভাক উঠবে প্রহরে প্রহরে; আর সেই সময়ে শহরে শিক্ষাভিমানীর দল বৈদ্যুত খালোয় সিনেমা দেখতে ভিড় করবে।

এক দিকে আমাদের দেশে সনাতন শিক্ষার ব্যাপ্তি র্'ধ হয়ে এনসাধারণের মধ্যে জ্ঞানের অনাব্রণ্টি চিরকালীন হয়ে দাঁড়ালো, অন্য দিকে আধ্বনিক কালের নতুন বিদ্যার যে আবির্ভাব হল তার প্রবাহ বইল না সবজিনীন দেশের অভিন্থে। পাথরে-গাঁথা কুডের মতো হথানে হথানে সে আবংধ হয়ে রইল; তীথের পাঙ্যাকে দর্শনী দিয়ে দ্বে থেকে এসে গঙ্ঘে ভর্তি করতে হয়, নানা নিয়মে তার আট্ঘাট বাঁধা। মন্দাকিনী থাকেন শিবের ঘোরালো জটা লুটের মধ্যা বিশেষভাবে; তব্ত দেবললাট থেকে তিনি তাঁর ধারা নামিয়ে দেন, ব'হে ধান সাধারণভাবে ঘাটে ঘাটে মর্ভজনের দারের সক্ষম্থ দিয়ে, ঘটে ঘটে ভরে দেন আপন প্রসাদ। কিন্তু আমাদের দেশে প্রবাসিনী আধ্বনিকী বিদ্যা তেমন নয়। তার আছে বিশিও রূপ, সাধারণ রূপ নেই। সেইজন্যে ইংরেজি শিথে যাঁরা বিশিন্টতা পেয়েছেন তাঁদের মনের মিল হয় না সবর্ণসাধারণের সঙ্গে। দেশে সকলের চেয়ে বড়ো জাতিভেদ এইখানেই, শ্রেণীতে শ্রেণীতে অপপ্রাতা।

ইংরেজি ভাষায় অবগ্রনিষ্ঠত বিদ্যা স্বভাবতই আমাদের মনের সহবর্তিনী হয়ে চলতে পারে না। সেইজন্যেই আমরা অনেকেই যে পরিমাণে শিক্ষা পাই সে পরিমাণে

বিদ্যা পাই নে । চার দিকের আবহাওয়ার থেকে এ বিদ্যা বিচ্ছিন্ন; আমাদের ঘর আর ইম্কুলের মধ্যে ট্রাম চলে, মন চলে না । ইম্কুলের বাইরে পড়ে আছে আমাদের দেশ ; সেই দেশে ইম্কুলের প্রতিবাদ রয়েছে বিশ্তর, সহযোগিতা নেই বললেই হয় । সেই বিচ্ছেদে আমাদের ভাষা ও চিম্তা অধিকাংশ স্থলেই ইম্কুলের ছেলের মতোই । ঘটুল না আমাদের নোট্বেইয়ের শাসন. আমাদের বিচারবাম্পিতে নেই সাহস; আছে নজির মিলিয়ে অতি সাবধানে পা ফেলে চলা । শিক্ষার সঙ্গে দেশের মনের সহজ মিলন ঘটাবার আয়োজন আজ প্র্যম্বিত হল না । যেন কনে রইল বাপের বাড়ির অম্তঃপ্রে, শ্বশ্রবাড়ি নদীর ও পারে বালির চর পেরিয়ে। খেয়া-নোকাটা গেল কোথায় ?

পারাপারের একখানা ভোঙা দেখিয়ে দেওয়া হয়, তাকে বলে সাহিত্য। এ কথা মানতেই হবে, আধ্নিক বংগদাহিত্য বর্তমান যুগের অন্নে বংগ্র মান্য। এই সাহিত্য আমাদের মনে লাগিয়েছে এ কালের ছোওয়া, কিল্তু খাদ্য তো ও পার থেকে প্রোপ্রার বহন করে আনছে না। যে বিদ্যা বর্তমান যুগের চিত্তশক্তিকে বিচিত্র আকারে প্রকাশ করছে, উন্ঘাটন করছে বিশ্বরহস্যের নব নব প্রবেশদার, বাংলাসাহিত্যের পাড়ায় তার যাওয়া-আসা নেই বললেই হয়। চিল্তা করে যে মন, যে মন বিচার করে, বুল্ধিন সংগে ব্যবহারের যোগসাধন করে যে, সে পড়ে আছে পুর্ব-যুগাল্তরে; আর যে মন রসসভোগ করে সে যাতায়াত শ্রের করেছে আধ্রনিক ভোজের নিমল্তগশালার আঙিনায়। শ্বভাবতই তার ঝোঁক পড়েছে সেই দিকটাতে যে দিকে চলেছে মদের পরিবেশন, যেখানে ঝাঁঝালো গল্ধে বাতাস হয়েছে মাতাল।

গলপ কবিতা নাটক নিয়ে বাংলাস। হিভারে পনেরো-আনা আয়োজন। অর্থাৎ ভোজের আয়োজন, শান্তর আয়োজন নয়। পাশ্চাত্য দেশের চিত্তোংকর্য বিচিত্র চিন্তশন্তির প্রবল সমবায় নিয়ে। মন্ত্রাপ্ত সেখানে দেহ মন প্রাণের সকল দিকেই ব্যাপতে। তাই সেখানে যদি চুটি থাকে তো প্রতিও আছে। বটগাছের কোনো ডাল বা ঝড়ে ভাঙল, কোনোখানে বা পোকায় ছিন্ত বরেছে, কোনো বংসর বা বৃণ্টির কাপণিয়, কিন্তু সবস্থাব জড়িয়ে বনম্পতি জামিয়ে রেখেছে আপন ম্বাম্থ্য, আপন বালণ্ঠতা। তেমনি পাশ্চাত্য দেশের মনকে ক্রিয়াবান্ করে রেখেছে তার বন্যা, তার শিক্ষা, তার সাহিত্য, সমমত মিলে; তার কর্মশিক্তির অক্লান্ত উংকর্ষ ঘটিয়েছে এইসমদেতর উংকর্ষ।

আমাদের সাহিত্যে রসেরই প্রাধান্য। সেইজন্য যথন কোনো অসংযম কোনো চিত্তবিকার অনুকরণের নালা বেয়ে এই সাহিত্যে প্রবেশ করে তথন সেটাই একাশত হয়ে ওঠে, কলপনাকে রুগুণ বিলাসিতার দিকে গাঁজিয়ে তোলে। প্রবল প্রাণশক্তি জাগ্রত না থাকলে দেহের ক্ষুদ্র বিকার কথায় কথায় বিষফোড়া হয়ে রাঙিয়ে ওঠে। আমাদের দেশে সেই আশক্তা। এ নিয়ে দোষ দিলে আমরা নজির দেখাই পাশ্চাত্য সমাজের; বলি, এটাই তো সভ্যতার আধ্বনিকতম পরিণতি। কিশ্তু সেইসক্তে সকল দিকে আধ্বনিক সভ্যতার যে সচিশ্ত সচল প্রবল বৃহৎ সমগ্রতা আছে সেটার কথা চাপা রাখি।…

সকলের গোড়ায় চাই শিক্ষিত মন। ইম্কুল-কলেজের বাইরে শিক্ষা বিছিয়ে দেবার উপায় সাহিত্য। কিম্কু সেই সাহিত্যকে সর্বাণগীণরূপে শিক্ষার আধার করতে হবে;

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

দেখতে হবে তাকে গ্রহণ করবার পথ সর্বন্ত স্থাম হয়েছে। এজন্যে কোন্ বন্ধকে ডাকব ? বন্ধক্ষে আজ দ্বাভ হল। তাই বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ের দারেই আবেদন উপশ্বিত কর্মছ।

মিশ্বিদ্যোলয়কে সেই মিশ্বিদ্যের অবিচ্ছিন যোগ সমণ্ড দেহের অণ্গপ্রত্যাপে। বিশ্ববিদ্যালয়কে সেই মিশ্বিদ্যের শথান নিয়ে শনায়্তশ্ব প্রেরণ করতে হবে দেশের সর্বদেহে। প্রশ্ন এই, কেমন ক'রে করা যেতে পারে। তার উত্তরে আমার প্রশ্তাব এই যে, একটা পরীক্ষার বেড়াজাল দেশ জুড়ে পাতা হোক। এমন সহজ ও ব্যাপক ভাবে তার ব্যবশ্থা করতে হবে যাতে ইম্কুল-কলেজের বাইরে থেকেও দেশে পরীক্ষাপাঠ্য বইগ্লিল স্বেচ্ছায় আয়ন্ত করবার উৎসাহ জন্মে। অম্তঃপর্রের মেয়েরা কিংবা প্রের্থদের যারা নানা বাধায় বিদ্যালয়ে ভতি হতে পারে না তারা অবকাশকালে নিজের চেণ্টায় অম্পিক্ষার লম্জা নিবারণ করছে, এইটি দেখবার উদ্দেশে বিশ্ববিদ্যালয় জেলায় জেলায় পরীক্ষার কেন্দ্র স্থাপন করতে পারে। বহু বিষয় একত্র জড়িত ক'রে বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি দেওয়া হয়, এ ক্ষেত্রে উপাধি দেবার উপলক্ষে সেইরকম বহুলতার প্রয়োজন নেই। প্রায়ই ব্যক্তিবিশেষের মনের প্রবণতা থাকে বিষয়বিশেষে। সেই বিষয়েই আপন বিশেষ অধিকারের পরিচয় দিতে পারলে সমাজে সে আপন বিশেষ শ্থান পাবার অধিকারী হয়। সেটুকু অধিকার থেকে তাকে বিশ্বত করবার কোনো কারণ দেখি নে।

বিশ্ববিদ্যালয় আপন পীঠম্থানের বাহিরেও যদি ব্যাপক উপায়ে আপন সত্তা প্রসারণ করে তবেই বাংলাভাষায় যথোচিত পরিমাণে শিক্ষাপাঠ্য গ্রন্থরচনা সম্ভবপর হবে। নইলে কোনো কালেই বাংলাসাহিত্যে বিষয়েব দৈনা ঘ্রচতেই পারে না। যে-সব শিক্ষণীয় বিষয় জানা থাকলে আত্মসমান রক্ষা হয় তার জন্যে অগত্যা যদি ইংরেজি ভাষারই শারাম্থ হতে হয় তবে সেই অকিগুনতায় মাতৃভাষাকে চির্রাদন অপমানিত করে রাখা হবে। বাঙালি যারা বাংলাভাষাই জানে শিক্ষিতসমাজে তারা কি চির্রাদন অশ্তাজ শ্রেণীতেই গণ্য হয়ে থাক্বে? এমনও এক সময় ছিল যথন ইংরেজি ইম্কুলের পয়লা শ্রেণীর ছাত্রেরা 'বাংলা জানি নে' বলতে অগোরব বোধ করত না, এবং দেশের লোকেরাও সসম্বন্ম তাদের চৌকি এগিয়ে দিয়েছে। সেদিন আজ আর নেই বটে, কিম্তু বাঙালির ছেলেকে মাথা হে ট করতে হয় 'শ্বেদ্ব কেবল বাংলা ভাষা জানি' বলতে। এ দিকে রাণ্ট্রক্ষেত্রে স্বরাজ পাবার জন্যে প্রাণপণ দৃঃখ স্বীকার করি, কিন্তু শিক্ষার ক্ষেত্রে শ্বরাজ পাবার উৎসাহ আমাদের জাগে নি বললে কম বলা হয়। এমন মান্য আজও দেশে আছে যারা তার বিরুখ্ধতা করতে প্রস্তৃত, যারা মনে করে শিক্ষাকে বাংলাভাষার আসনে বসালে তার মলো যাবে ক'মে। বিলেতে যাতায়াতের প্রথম যাগে ইশ্বশ্যী নেশা যথন উৎকট ছিল তথন সেই মহলে স্ত্রীকে শাড়ি পরালে প্রেস্টিজ্-হানি হত। শিক্ষা-সরুবতীকে শাড়ি পরালে আজও অনেক বাঙালি বিদ্যার মানহানি ক**ম্পনা** করে। অথচ এটা জানা কথা যে, শাড়ি-পড়া বেশে দেবী আমাদের ঘরের মধ্যে চলাফেরা করতে আরাম পাবেন, খ্রওয়ালা ব্টেজ্তোয় পায়ে পায়ে বাধা পাবার কথা ।

একদিন অপেক্ষাকৃত অলপবয়সে যথন আমার শক্তি ছিল তথন কথনো কথনো

ইংরেজি সাহিত্য মুখে মুখে বাংলা করে শ্নিয়েছি। আমার শ্রোতারা ইংরেজি জানতেন সবাই। তব্ তাঁরা ফ্রীকার করেছেন, ইংরেজি সাহিত্যের বাণী বাংলাভাষায় তাঁদের মনে সহজে সাড়া পেয়েছে। বঙ্গুত আধ্নিক শিক্ষা ইংরেজিভাষাবাহিনী বলেই আমাদের মনের প্রবেশ-পথে তার অনেকথানি মারা যায়। ইংরেজি খানার টোবিলে আহারের জটিল পঙ্ঘতি যার অভ্যঙ্গত নয় এমন বাঙালির ছেলে বিলেতে পাড়ি দেবার পথে পি. এও. ও. কোঙ্গানির ডিনারকামরায় যথন খেতে বসে তথন ভোজ্য ও রসনার মধ্যপথে কটিছেন্রির দোত্য তার পক্ষে বাধাগ্রঙ্গত বলেই ভরপ্রে ভোজের মাঝখানেও ক্ষর্থিত জঠরের দাবি সঙ্গণ্ দিটতে চায় না। আমাদের শিক্ষার ভোজেও সেই দশা; আছে সবই, অথচ মাঝপথে অনেকথানি অপচয় হয়ে যায়। এ যা বলছি এ কলেজি যজ্জের কথা, আমার আজকের আলোচ্য বিষয় এ নিয়ে নয়। আমার বিষয়টা সবি-সাধারণের শিক্ষা নিয়ে। শিক্ষার জলের কল চালানোর কথা নয়, পাইপ যেখানে পেছিয় না সেখানে পানীয়ের ব্যবঙ্গার কথা। মাতৃভাষায় সেই ব্যবঙ্গা হবে কাঁ?

বাংলা যার ভাষা সেই আমার ত্ষিত মাতৃভূমির হয়ে বাংলার বিশ্ববিদ্যালয়ের কাছে চাতকের মতো উৎক ঠিত বেদনায় আবেদন জানাচ্ছি: তোমার অলভেদী শিথরচাড়া বেণ্টন করে পাঞ্জ পাঞ্জ শামল মেঘের প্রসাদ আজ বিষিত হোক ফলে শাসে, স্থানর হোক পাড়েপ পালরে, মাতৃভাষার অপমান দরে হোক, যুগশিক্ষার উদ্বেল ধারা বাঙালিচিত্তের শাংক নদীর বিক্ত পথে বান ডাকিয়ে বয়ে যাক, দাই কুল জাগাক পাণে চেতনায়, ঘাটে ঘাটে উঠুক আনশ্বধনি।

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য:

শিক্ষাপ্রণালী, শিক্ষার বিশ্তার, মাতৃভাষা, শিক্ষা ও সাহিত্য

# তুলনীয় প্রসংগঃ

১ মেঘনাদবধ কাব্য। ২০ প্রসংগকথা ১ (তিন্থানি পত্ত)। ৩০ প্রেপ্রিশ্নের অন্বাত্তি। ৪০ শিক্ষাসংস্কার। ৫০ শিক্ষাসমস্যা। ৬০ আবরণ। ৭০ পিতৃদেব (এরবিনস্মৃতি)। ৮০ শিক্ষাবিধি। ৯০ লক্ষ্য ও শিক্ষা। ১০০ জগদানন্দ রায়কে পত্র ৫নং। ১১ অসন্তোষের কারণ। ১২ বিশ্বভারতী ২নং। ১৩ বিদ্যার যাচাই। ১৪০ আকোক্ষা। ১৫০ বিশ্বভারতী ৬নং। ১৬০ পন্চিম্যাতীর ভায়ারি। ১৭০ আলোচনা। ১৮০ প্রেবিজে বক্তুতা। ১৯০ জনৈক অধ্যাপককে পত্র। ২০০ সোভিয়েত ইউনিয়নে রবীশ্রনাথ ৮নং। ২১০ বিশ্বভারতী ১৭নং। ২২ আশ্রমের শিক্ষা। ২৩ A Poet's School. ২৪০ The School Master. ২৫০ তোতাকাহিনী। ২৬০ সন্তোষচন্দ্র মজনুমদারকে পত্র ২নং। ২৭০ শিক্ষার বাহন। ২৮০ রাশিয়ার চিঠি ২নং। ২৯০ পল্লীসেবা ১নং। ৩০০ লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞান্ত ৩১০ মাহুশ্মদ আজিজনুল হককে পত্র ইত্যাদি।

# রবীন্দ্রনাথের চিশ্তাজগৎ

# ৭৯। ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদর্শ

িসিংহলে ১৩৪১) রোটারী ক্লাবে ইংরেজি বস্তৃতার (Ideals of an Indian University) অনুবাদ ]

াবিশ্ববিদ্যালয়ের এ উদ্দেশ্য হওয়া কখনও উচিত নয় যে, কতকগ্রলো যাশ্রিক চাকার কল-কম্জা হবে সে জ্ঞান সন্ধরের, আর সেই যদ্রের ভিতর দিয়ে ছারদের কাছে শ্রেধ্ সেই জ্ঞানটুকু বিশ্তার করে দেবে যাতে তারা বেশ এক-রকম স্থথ-শ্বছন্দে থেয়ে-মেথে থাকে। বিশ্ববিদ্যালয়ের কর্তব্য হচ্ছে, আমাদের ভিতর থেকে অনুশীলনের বীজ বপন করা আর তা জগতে ছড়িয়ে দেওয়া। এই বিশাল ভারতের দৈর্ঘেণ্য-প্রম্থে এতবড়ো দেশের ভিতর এমন একটিও বিশ্ববিদ্যালয় আজকার দিনে নেই, যেখানে কোনো ভারতীয় বা বিদেশী ছার ভারত-অনুশীলনের যে শ্রেণ্ঠ জ্ঞান, তারা দান বা তার শ্বর্পকে অনুভূতিতে গ্রহণ করতে পারে কিশ্বা তাকে সে বিষয়ে সজাগ করে দেয়। ভারতবর্ষীয় অনুশীলন-জাত যে মন, তার প্রণ্তা নিয়ে যে ফল, তা কোনো ছারই দেখতে পারে না। যা আমাদের অভাব, যা আমরা আকাম্জা করি, তা অর্জন করতে হলে আমাদের যেতে হয় মহাসমন্ত্র পার হয়ে ইংলণ্ড ফ্রান্স কিংবা জামানীর দরজায় কড়া-নেড়ে ভিক্ষা করতে। যা আমরা করি, তাতে জ্ঞানের যে একটা আত্ম-সম্মান ও মর্য্যাদা আছে, তাকে পরের কাছে একেবারে হীন করে দিই।

ভারতের বিশ্ববিদ্যালয় শন্ধন্ কতকগনলো ঢাক পিটনো শন্দের ডিগ্রী দেয়, যা শন্ধন্ ধার-করা ময়নুর প্রেচ্ছের মতোই দেখায়। আসল কথা হচ্ছে মানন্ধের যে জ্ঞান, তার শ্বাভাবিক ভাবে বৈড়ে ওঠাই দরকান, আব সেই হোলো তার এই অন্নশীলনের গোরব। ··

সব চেয়ে দরকারী কথা, সব চেয়ে বড়ো সতা যা. তা সকল সময়েই ভূলে-যাওয়ার অভ্যাস করে নিয়েছে। সেটা এই যে, শিক্ষক যদি নিজে বিদ্যাবান্ না হয়, তরে সে অন্যকে বিদ্যা দান করে কী করে। — এক দীপ থেকে অন্য দীপের জালন্— একটা দীপ অন্য একটা প্রদীপকে জালাতে পারে না, যদি না সে নিজে জালে, নিজে না আলো দেয়। যে শিক্ষক শর্ধ্ব কেতাবের বর্নিই আউড়ে চলে, সে কিছ্ই শেখাতে পারে না, কোনো প্রেরণা সে কখনই জাগাতে পারে না। আর যেখানে সে অন্যপ্রেরণা নেই সেখানে চিল্তা তার নিজের গড়ে ওঠবার শক্তি হারিয়ে ফেলে, আর বর্ণির ভাগ সময়ই শ্কুলে অপচয় হয়, কারণ, তাদের কাছে যা শেখানো হয়, তার বর্নির ভাগ হোলো প্রাণহীন বল্তু-কথা। শিক্ষা-আরতনো সকল সময়ই এই জিনিষটি মনে রাখতে হবে যে, শিক্ষার প্রথম উদ্দেশ্যে হোলো সত্য-জিজ্ঞাসার জন্য একটা নিরবিছিয় সাধনার পথ করে দেওয়া, আর জীবল্ত প্রাণবশ্তু যে মন, তাকে যে ভাবে নকল-বিদ্যা দিয়ে তৈরী করা হয় তা নয়। অবি করিব সেই জিনিস গড়ে তোলবার, যা লেবেল-আটা ছাপ নয় বা ক্ষমতা-প্রাপ্ত এজেণ্ট নয়। আমরা দাবী করব সেই জিনিস গড়ে তোলবার, যা লেবেল-আটা ছাপ নয় বা ক্ষমতা-প্রাপ্ত এজেণ্ট নয়। আমরা দাবী করব সেই শিক্ষার যা সত্যের জন্য, স্কলরের জন্য অনুসন্ধিংসা এনে দেবে, মানসে এমন একটা মননশান্ত জাগিয়ে তুলবে, যে শত্তি সারাটা দেশ জন্তে তার খেলা খেলবে।

একটা বিশ্ববিদ্যালয়ের সেইটাই হোলো সবচেয়ে বড়ো কাজ, যা একটা জীবশত প্রাণবশত জীবের রসসন্তালনের পথ হবে, আর যা দেশের লোকের ও জাতির জ্ঞানের একনিন্ঠার ধারাকে স্বচ্ছন্দভাবে প্রকাশ করবে।…

শিক্ষার ভিতরে যে জ্ঞানের দিক্, এতক্ষণ আমি তারই কথার আলোচনা করলাম, কারণ প্রকাশভিণ্যর যে প্রণিতা, তাই জীবনেরও প্রণিতা। শ্র্ ভাষার মধ্যেই জীবনের সমণত প্রকাশ, প্রণি বিকাশ হয় না। সেইজন্য আমরা আমাদের ভাষায় প্রকাশ হাড়া অন্যা দিক বিয়েও জীবন ও অনুশীলনের প্রকাশ-ভিণ্য চাই। আমাদের মানুষের মন ও চরিত্রকেও ভালো ক'রে জানতে হবে, কারণ শিক্ষার মলে উদ্দেশ্য হল শ্রে জ্ঞান-সম্ভারের প্রণিতার পরিপ্রেণ হয়ে আমাদের সমূদ্র ক'রে তোলা নয়, মানুষের সংগে ভালোবাসার বাধন রাথতে হবে, সোখ্য আনতে হবে। আর সে জন্য মানুষকে বোঝা ও মানুষের চরিত্রকেও নিথ্বভভাবে জানা অতি প্রয়োজন। আমাদের ব্রেশনিতে হবে অপরের ব্যক্তিগত বিশেষত্ব —সেই ব্যক্তিরই মানুষের হানুষের আসল ভাষা। আমাদের স্টিত্রকৃতির দিকে বেশি ক'রে নজর দিতে হবে, যাতে আমরা মনুষ্যত্বের মধ্যে সেই ভাব, সেই মানবতার যে প্রাণম্পর্শ তা থেকে না বিণ্তত হই, যে প্রাণ ষে সহানুভূতি যে ভাবসম্বের মানুষের ইতিহাসের আদি থেকে আজও চলে আসছে, আর যা মানুষের চির্শ্তন সম্পদ।

শিক্ষা, বিশ্বভারতী ১৩৪২ পুঃ ২৬৪-২৭০

# উল্লেখযোগ্য विষয়/মন্তব্য :

শিক্ষার লক্ষ্য, শিক্ষা ও অনুশীলন, বিশ্ববিদ্যালয়ের আদশ

# कुलनीय भुज्ञाः

১ ছাত্রদের প্রতি সম্ভাষণ। ২ শিক্ষাসংখ্যার। ৩ তপোবন। ৪ লক্ষ্য ও শিক্ষা। ৫ জগদানন্দ রায়কে পত্র ৩নং। ৬ অসন্তোষের কারণ। ৭ আকাজ্কা। ৮ প্রাক্তনী (৬নং)। ১ বিশ্বভারতী ৪নং। ১০ প্রেবিংগ বক্তাতা। ১১ জনৈক অধ্যাপককে পত্র। ১২ কলাবিদ্যা। ১৩ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৬নং। ১৪ সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১৫নং। ১৫ শিক্ষার সার্থকতা। ১৬ শিক্ষার আদর্শ। ১৭ বিশ্বভারতী ১৫ নং। ১৮ বিশ্বভারতী ১৭ নং। ১৯ বিশ্বভারতী ১৮নং। ২০ ধর্মশিক্ষা। ২১ বিশ্বভারতী ১নং। ২২ শাশ্তিনকেতন আশ্রমের শিক্ষানীতি। ২৩ আশ্রমের রূপ ও বিকাশ। ২৪ বিশ্ববিদ্যালয়ের রূপ। ২৫ শিক্ষার বাহন ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

# ৮0। ধাৰাবাভী

[(১) আশ্রমিক-সম্পের প্রতিনিধি ম'ডলীর নিকট কথিত এবং (২) ৮ পৌষ. ১৩৪১ বিশ্বভারতী পরিষদের বার্ষিক অধিবেশনে আচার্যের অভিভাষণ। প্রবাসী, ১৩৪১ ফাল্যেন, প্র ৬০৯-১২]

## (১) [ আগ্রামক-সণ্ণ্য ]

··· আমাদের এই বিদ্যালয় নানারকম যোগাযোগে গড়ে উঠেছে, কিন্তু সর্বদাই এর মধ্যে একটা মূলতত্ত্ব কাজ করছে। আমি যদি বলি সে তত্ত্ব আমার, কঠিন ছাঁচে ঢালাই ক'রে তাকে রক্ষা করতে হবে—তা হবার নয়; আমি বলব না যে এমন একটা কাঠামো তৈরি করতে হবে যা চিরকাল থাকবে। এর ভিতরকার সে মূল কথাটি এই যে একটি বৃহত্তর জীবনের ভূমিকায় আমরা অনেকে একসংগে এখানে মিলিত হয়েছি—নানা বিচিত্রতা বির্ম্বতার মধ্যে দিয়ে একটি প্রাণবান অনুষ্ঠান গড়ে উঠেছে, সে নিজেও জানে না কোন্ পথে যাবে, তার কোনো বাঁধা পথ নেই।...

···এতে কোনো সন্দেহ নেই যে, এ বিদ্যালয় প্রাণবান<sup>-</sup>, এর মধ্যে অসংগতি থাকতে পারে, কিন্তু এর অন্তরে প্রাণ সঞ্চারিত।···

··· যখন আমি থাকব না তখন এর মধ্যে প্রাণকে জাগিয়ে রাখতে পারে এমন একটা শক্তি থাকা দরকার—তোমরা যদি অগ্নসর হবে একে গড়ে নাও তবে সেই অভাব মোচন হতে পারে।

# (২) [বিশ্বভারতী পরিষদের বাষি ক অধিবেশনে ]

···প্রথম যথন এই বিদ্যালয় আরুভ হয়েছিল তখন এর আয়োজন কত সামান্য **ছিল, সেকালে এথানে যারা ছাত্র ছিল তারা তা জানে। আজকের তুলনায় তার** উপকরণ-বিরলতা, সকল বিভাগেই তার অকিগুনতা অত্যন্ত বেশি ছিল। ... ছাত্রেরা তথন আমাদের অত্যানত নিকটে ছিল— অধ্যাপকেরাও পরম্পর অত্যানত নিকটে ছিলেন, পরম্পরের স্থন্থ ছিলেন তাঁরা। আমাদের দেশের তপোবনের আদর্শ আমি নিয়েছিলাম। কালের পরিবর্তনের সঞ্জে সে আদশেরে রূপের পরিবর্তন হয়েছে, কিম্তু তার মূল সত্যাটি ঠিক আছে —সেটি হচ্ছে জীবিকার আদর্শকে স্বীকার ক'রে তাকে সাধনার আদশের অনুগত করা। এক সময়ে এটা অনেকটা স্থসাধ্য হয়েছিল, যথন জীবন্যাতার পরিধি ছিল অন্তিব্হং। তাই বলেই সেই ম্বল্পায়তনের মধ্যে সহজ জীবনযাত্রাই শ্রেষ্ঠ আদর্শ একথা সম্পূর্ণ সতা নয় ।··· আমার প্রেরিত আদর্শ নিয়ে সকলে মিলে একতারায়তে গ্রেপ্তারত করবেন এমন অতি সরল ব্যবস্থাকে আমি নিজেই শ্রম্থা করি নে। আমি যাকে বড ব'লে জানি, শ্রেষ্ঠ ব'লে যা বরণ করেছি, অনেকের মধ্যে তার প্রতি নিষ্ঠার অভাব আছে জানি, কিল্ড তা নিয়ে নালিশ করতে চাই নে। আজ আমি বর্তমান থাকা সন্তেত্ত এখানকার যা কর্ম তা নানা বিরোধ ও অসপ্যতির মধ্যে দিয়ে প্রাণের নিয়মে আপনি তৈরি হয়ে উঠছে; আমি যখন থাকব না, তখনও অনেক চিত্তের সমবেত উদ্যোগে যা উম্ভাবিত হ'তে থাকবে তাই হবে সহজ

সত্য। কৃত্রিম হবে য'াদ কোনো এক ব্যক্তি নিজের আদেশ-নিদেশে একে বাধ্য ক'রে চালায়—প্রাণধর্মের মধ্যে স্বতোবিরোধিতাকেও স্বীকার ক'রে নিতে হয়।

অনেকদিন পরে আজ এ আশ্রমকে সমগ্র ক'রে দেখতে পাচ্ছি, দেখছি, আপন নিয়মে এ আপনি গড়ে উঠেছে। গংগা যখন গংগাতীর মুখে তখন একটিমাত্র তার ধারা। তার পর ক্লমে বহু নদনদীর সহিত যতই সে সংগত হ'ল, সমুদ্রের যত নিকটবতী হ'ল, কত তার রুপাশ্তর ঘটেছে। সেই আদিম শ্বচ্ছতা আর তার নেই, কত আবিলতা প্রবেশ করেছে তার মধ্যে, তবু কেউ বলে না গংগার উচিত ফিরে যাওয়া, যেহেতু অনেক মালনতা ঢুকেছে তার মধ্যে, সে সরল গতি আর তার নেই। সব নিয়ে যে সমগ্রতা সেইটিই বড়—আশ্রমও শ্বতোধাবিত হয়ে সেই পথেই চলেছে, অনেক মানুষের চিন্তসম্মিলনে আপনি গড়ে উঠছে। অবশ্য এর মধ্যে একটা ঐক্য এনে দেয় মুলগত একটা আদিম বেগ, তারও প্রয়োজন আছে, অথচ এর গতি প্রবল হয় সকলের সাম্মিলনে। নিত্যকালের মতো কিছুই কল্পনা করা চলে না—তবে এর মুলগত একটি গভীর তত্ত্ব বরাবর থাকবে একথা আমি আশা করি—সে-কথা এই যে এটা বিদ্যাশিক্ষার একটা খাঁচা হবে না, এখানে সকলে মিলে একটি প্রাণলোক সুণ্টি করবে।…

া আমি কলপনা করি, এখানকার বিদ্যালয়ের আগবাদন এক সময়ে যারা পেয়েছেন, এখানকার প্রাণের সংগ প্রাণকে মিলিয়েছেন—অনেক সময় হয়তো তাঁরা এখানে অনেক বাধা পেয়েছেন, দৃঃখ পেয়েছেন, কিন্তু দ্রে গেলেই পরিপ্রেক্ষিতে দেখতে পান এখানে যা বড় যা সত্য। আমার বিশ্বাস সেই দৃষ্টিবান অনেক ছাত্র ও কমী নিন্চরই আছেন, নইলে অগবাভাবিক হ'ত। এক সময়ে তাঁরা এখানে নানা আনন্দ পেয়েছেন, সখ্যবন্ধনে আবন্ধ হয়েছেন, এর প্রতি তাঁদের মমতা থাকবে না এ হ'তেই পারে না। আমি আশা করি, কেবল নিদ্রিয় মমতা দ্বারা নয় এই অনুষ্ঠানের অন্তবিতাঁ হয়ে যদি তাঁরা এর শৃত্ত ইচ্ছা করেন তবে এর প্রাণের ধারা অব্যাহত থাকতে পারবে, যন্দের কঠিনতা বড় হয়ে উঠতে পারবে না। এক সময়ে এখানে যাঁরা ছাত্র ছিলেন, যাঁরা এখানে কিছ্ম পেয়েছেন কিছ্ম দিয়েছেন, তাঁরা যদি অন্তরের সংগে একে গ্রহণ করেন তবেই এ প্রাণবান হবে।…

## ः किर्चि

শ্রীপর্বালনবিহারী সেন কর্তৃক অন্বালিখিত ও রবীন্দ্রনাথ কর্তৃক সংশোধিত। উল্লেখযোগ্য বিষয় / মনতবাঃ

আশ্রমের শিক্ষা, শিক্ষা ও গ্বাধীনতা, আশ্রমের ভবিষ্যৎ

# তুলনীয় প্রসংগ:

১. জগদীশচন্দ্র বসুকে পত্র। ২. শিক্ষাসমস্যা। ৩. ধর্মশিক্ষা। ৪. জগদানন্দ রায়কে পত্র ২নং। ৫. শিক্ষার আদর্শ। ৬. আশ্রমের শিক্ষা। ৭. ছাত্রদের প্রতি সম্ভাষণ। ৮. জাতীয় বিদ্যালয়। ৯. প্রান্তনী (৫নং)। ১০. বিশ্বভারতী ১০নং। ১১. The School Master. ১২. A Poet's School. ১০. জগদানন্দ রায়কে পত্র ৪নং। ১৪. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১০নং ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিম্তাজগৎ

## by वशीसमाधरक शब शब श

[ ৪ জ্বন, ১৯৩৫ ]

শেশনেলন্ম, ধীরেন ইচ্ছা প্রকাশ করেছে শাল্তিনিকেতনে লন্ডন মাট্রিক তরানোর একটা খেয়া ঘাট বসাবে। শ্বনে একটুও ভাল লাগছে না—শাল্তিনিকেতনের আদর্শ যে ক্রমশই বিগড়ে চলেছে এ তারি একটা নিদর্শন—যোলো আনা ইংগবংগ Snobbish ভাবে যে স্বর্গলোক কামনা করে আমাদের মধ্যে সেই নেশা যদি প্রবেশ করে তাহলে কোথায় গিয়ে উত্তীর্ণ হব। কলেজ ব্যাপারটা ক্রমশই শাল্তিনিকেতনের মধ্যে বিজাতীয়তার পথ প্রশম্ত করতে বসেছে। বারিন্টার মহলের ছেলেদের সাহেবি দীক্ষা দেবার ভার আমাদের নিতে হবে না কি? যে শিক্ষার শেষ লক্ষ্য বিলাতের দিকে শাল্তিনিকেতনে তারি বড় রাশ্তা বানাতে হবে? ভবিষাতের হাওয়া যদি এই দ্রোশার দিকেই বয় আমি কোনো কথা বলব না কিন্তু মৃত্যুর প্রেবিই এর সংগ্র আমার সম্বন্ধ বিচ্ছিন্ন হয়েছে বলেই মনে জানব।……

চিঠি পত্র ২য় খণ্ড, বিশ্বভারতী ১৩৪৯, প্রঃ ১১০-১১

#### धीका :

## ধীরেন

ডঃ ধীরেন্দ্রমোহন সেন। শান্তিনিকেতন শিক্ষাভবন ও পাঠভবনের প্রাক্তন অধ্যক্ষ। পরে পঃ বঃ সরকারের শিক্ষাসচিব। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য।

চিঠিপত্র-গ্রন্থে (২নং) এই নামের প্থানে ফুট্কি দেওয়া আছে। নামটি রবীন্দ্রভবনে রক্ষিত মূল চিঠি থেকে নেওয়া হল। জন্ম—১৯০১।

# উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

শাশ্তিনকেতন বিদ্যালয়ে বিলাতী-শিক্ষার প্রস্তাব প্রসংগ।

# ৮২। শান্তিনিকেতন আশ্রের শিক্ষানীতি

[ To The Students ভাষণের বাংলা রূপ ( Visva-Bhararti News, April 1935), ১১৩।১৯৪৭ এ প্রফিকা-আকারে প্রকাশিত।

আশ্রমে জীবনযাতার বৈচিত্র্য ও সম্পূর্ণতা সাধন করিয়া তাহাকেই ছাত্রদের শিক্ষার ক্ষেত্র করিয়া তুলিতে হইবে। তাহারা যাহা কিছু শিখিবে, এইখানেই যথাসম্ভব তাহার প্রকাশ ও প্রয়োগের স্থযোগ করিয়া দেওয়া কর্তব্য।

অজ্পপ্রত্যজ্গের সমাক নৈপুণ্য-সাধন : দুড়ি ও মননশক্তির সমাক অনুশীলন : তর্লতা পশ্বপক্ষী ও বিশ্বপ্রকৃতির বিচিত্র ব্যাপার-সম্বন্ধে ঔৎস্থক্য ও অনুরাগের চর্চা; প্রতিদিনের ব্যবহার্যদ্রব্য প্রস্তৃত করিবার প্রণালী-সাবন্ধে অভিজ্ঞতা লাভ: বাসম্থান স্থাদর স্থাপ্ত্রল ও ম্বাথাকর করিয়া রাখার অভ্যাস; বেশভূষা, ম্নান, আহার ব্যায়াম ও বিশ্রাম প্রভৃতি শরীর সম্প্রকারি সমস্ত ব্যবস্থা যাহাতে পরিজ্বার, পরিপাটি, স্থসংযত, স্থােভন ও শক্তিসাধক হয় সেইরপে নিয়মের সতক অনুসরণ করা; ছাত্রদের পরুপরের প্রতি, গ্রেক্সনের প্রতি, অতিথিদের প্রতি ও কর্মচারী ও ভূত্যদের প্রতি ব্যবহারে বিনয় রক্ষা , যাহাতে সামাজিকতাব্যক্তির বিকাশ হয় সেইর্প খনুষ্ঠানের প্রবর্তন; আপন্ধমে অভিজ্ঞতা ও প্রতিবেশীদের সর্বপ্রকার আনুকল্য তংপরতা : ম্বদেশের সকল বিষয় সাবন্ধে জ্ঞান ও তংপ্রতি কর্তব্য-সাবন্ধে বোধের উদ্রেক; পরজাতির প্রতি প্রতিবৃত্তি ও তাহাদের সম্বন্ধে চিম্তায়, বাক্যে ও কমের্ ন্যায়পরতার বিকাশ-সাধন; সভাসমাজে লোকহিতের জন্য যে-সবল অনুষ্ঠান প্রচলিত আছে ও যে-সকল নতেন প্রচেষ্টার প্রবর্তন ঘটিতেছে সে সম্বন্ধে জ্ঞানলাভ; এইগ্রালি ধামাদের আশ্রমে শিক্ষার অংগ। সংক্ষেপত, মনে, হানয়ে ও ব্যবহারে যাহাতে ছাত্রেরা মনুষ্যুত্বের সকল বিভাগেই সম্পূর্ণ সত্য হইতে পারে, ইহাই এথানকার শিক্ষার I TIMENT

১। সকল প্রকার ইন্দ্রিয়বোধের উৎকর্যসাধনে প্রথম হইতেই ছাত্রনিগকে সাহায্য করিতে হইবে। আত্মনিভ'বক্ষম হইবার চর্চায় ইহাই প্রথম পর্ব । দ্রব্যের পরিজ্ঞান ও পরিমাণ সন্বন্ধে থাথাতথ্য সংসার থাতায় সকলেব পক্ষে একানত আবশ্যক। যাহাদের ইন্দ্রিয়শন্তি আশিক্ষত তাহাদের শিক্ষা সন্পূর্ণ হয় নাই। শিক্ষাতালিকার মধ্যে ইন্দ্রিয়বোধ-চর্চার বিশেব স্থান নির্দিণ্ট করা চাই।

এই সংগ্র নানাপ্রকার কাণ্ঠ, মৃত্তিকা, শস্য, তন্তু ও খনিজ সংগ্রহ করিয়া তাহাদের পার্থক্যের পরিচয় সম্পর্ণে করিতে হইবে।

রক্ত, পীত, হারং প্রভৃতি বর্ণবৈচিত্র ও সারে গামা প্রভৃতি স্বর-বৈচিত্রাবোধে যাহাতে তাহাদের নৈপন্না জন্মে শিশন্কাল হইতে তাহাদিগকে এর্প শিক্ষা দিতে হইবে।

মনে রাখিতে হইবে, এই শিক্ষাগর্বল ঐচ্ছিক নহে, ইহারা আর্বাশ্যক।

২। আশ্রমে ও আশ্রমের বাহিরে গ্রামগ্রিলতে যাহাতে ছাত্রেরা পর্যবেক্ষণ শক্তির নিত্যব্যবহার ও ফল লিপিবন্ধ করে তাহার ব্যবস্থা করিতে হইবে।

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগণ

এই নিদিশ্ট ক্ষেত্রের মধ্যে গাছপালা পশ্বপাখী সম্বন্ধে তাহাদের অভিজ্ঞতা সম্পূর্ণ করা চাই।

বয়োব িশ্বর সংগ্য সংগ্র গ্রামগ্রলির জীবনযাত্রার পরিচয় সম্পূর্ণ হওয়া চাই। কৃষি, তাঁতের কাজ, কামারের, কুমারের, তিলির কাজ প্রভৃতি গ্রামের সকল প্রকার জীবিকা-সম্বশ্বে তাহাদের কিছুমাত্র অজ্ঞতা যেন না থাকে।

ভিন্ন ভিন্ন ঋতুতে গ্রামে যে-সকল পাল-পার্বণ অন্বণ্ঠিত হয়, তাহা জানা চাই।

হিম্দর্গ্রাম, মুসলমানগ্রাম, সাঁওতালগ্রাম—এবং হিম্দর্সমাজের মধ্যে ভিন্ন ভিন্ন জাতি যে সকল গ্রামে বাস করে। তাহাদের আর্থিক ও নৈতিক অবস্থার পার্থক। জানিতে হইবে।

ধর্মান, ভূতপ্রেতের বিশ্বাস, চিকিৎসা, জন্মমূত্যু, বিবাহ প্রভৃতি সন্বন্ধে অনুসন্ধান ও লিখন আবশ্যক।

গ্রামের ষে সকল দ্বঃখ দ্বরবংখা আছে প্রত্যক্ষ সম্ধানের দ্বারা তাহার কারণ নির্ণয় করিতে হইবে।

বংসরের মধ্যে নির্দিষ্ট সময়ে ছাত্রদিগকে ভ্রমণে লইয়া যাওয়া চাই। সেই উপলক্ষ্যে তাহারা কর্মক্ষম ও ক্লেশসহিষ্ণু হইতে পারিবে ও দ্বে গ্রামের লোক্যাত্রা সম্বশ্বে অভিজ্ঞতা অজনি করিয়া তাহা লিপিবম্ধ করিবে, এবং ম্বাজিয়মে রক্ষাযোগ্য দ্বব্য সংগ্রহ করিয়া আনিবে।

অর্থাভাব বশত আমাদের বিদ্যালয়ে ফিজিক্স কেমিণ্ট্র প্রভৃতি বৈজ্ঞানিক শিক্ষা ও পরীক্ষার যথোচিত স্থযোগ সাধন করিতে পারি নাই। কিন্তু এখানে উণ্ভিদ্বিদ্যা, কৃষিবিদ্যা ও আবহবিদ্যার (meteorology) অনুশীলন সহজেই হইতে পারে। এই সংশো আমাদের ডাক্তারের সাহায্যে শারীরবিদ্যা ও ফাত্রাধ্যক্ষের সাহায্যে ফাত্রবিদ্যার চর্চাও হইবে।

এখানে সর্বাদাই ঘূরতৈরী ও ঘর মেরামত চালতেছে। এই কাজে যথোচিত পরিষাণে যোগ দিবার জন্য ছার্নাদগকে উৎসাহিত করা আবশ্যক।

ছ্বতারের কাজ, তাঁতের কাজ ও বাগানের কাজের ব্যবগথা এখানে আছে, এই সকল কাজে ছাত্রেরা-যাহাতে নিয়মিত শিক্ষা পায় তাহা দেখা চাই।

সাবান, কালি, কাগজ প্রভৃতি ব্যবহার্য বস্তু প্রস্তৃত করিবার ব্যবস্থা করিতে হইবে। সপ্তাহে সপ্তাহে এ সম্বদ্ধে কোনো অভিজ্ঞ রাসায়নিককে কলিকাতা হইতে আনাইয়া লওয়া অসম্ভব হইবে না।

৩। প্রত্যেক ছান্রাবাসের পরিধি নির্দিষ্ট করিয়া দিতে হইবে। অর্থাৎ তাহার চারিদিকের কিছু পরিমাণ জমি তাহার অন্তর্ভুক্ত হইবে। এই জমি ও ঘরের শোভা, নির্মালতা ও পারিপাট্যসাধনের জন্য ছান্রাবাসিকদের দায়িত্ব থাকিবে। সেই ভ্রমির অন্তর্গত গাছপালার প্রতি দৃষ্টি রাখাও তাহাদের কর্তব্য।

কেবল ঘর পরিক্কার নয়, নিজেদের বেশভ্যো, শয্যা, আসন ও দেহ পরিকার রাখিতে হইবে। না রাখা যে লক্ষার বিষয়, তাহা ভদ্রোচিত নহে, ছারুদের ইহা

বিশেষভাবে জানা চাই। ছাগ্রাবাসের আসবাবের বিশ্ ংখলতা বা তাহার যথেচ্ছ ব্যবহার না ঘটে সে সম্বদ্ধে দু চিট রাখিতে হইবে।

বই, কাপড় প্রভৃতি ছেলেদের নিজের যাহা কিছ্ম আছে, তাহার স্বতস্ত তালিকা রাখিতে হইবে। তাহার অপচয় বা লোকসান ঘটিলে তর্থান কর্তৃপক্ষের জানা আবশ্যক।

পরম্পর দ্রব্য ব্যবহার-সম্বন্ধে ছাত্রদের সৌজন্য রক্ষা করা চাই। পরম্পরের বিনান্মতিতে যথেচ্ছাচার যে অভদ্রতা তাহা মনে রাখিতে হইবে।

প্রতাহ প্রাতে উঠিয়া পরস্পরকে নমস্কার ও গৃহস্থিত শিক্ষককে প্রণাম করিতে হইবে।

ছাত্রদের শ্বারা নির্বাচিত কাপ্তেনকে ছাত্ররা যদি সর্বতোভাবে মানা না করে তবে তাহাতে তাহাদের নিজেরই অপমান একথা তাহাদেব বোঝা চাই। ছাত্রবিচারকের বিচার উপেক্ষা করিবার অধিকার কোনো ছাত্রের নাই।

ঘবে গার্ব্জন উপশ্থিত হইলে ছাত্ররা আসন হইতে উঠিয়া তাঁহাকে আভবাদন করিবে। অতিথি কেহ প্রবেশ করিলে তাঁহাকে তাহার প্রয়োজন জিজ্ঞাসা করিয়া ষ্থাসাধ্য ব্যবস্থা করিবে।

দ্ববি'নীতভাবে আশ্রমের ভৃতাদের অবমাননা কোনোমতেই ক্ষমা করা **হইবে** না।

বিশেষ কোনো একদিন ছাত্রবা পারবেষণ করিয়া ভৃত্যদিগকে খাওয়াইবে এরপে ব্যবস্থা বাখা চাই। আশ্রমের আমোদ-উৎসবে ভৃত্যদিগকে আমন্ত্রণ করা কওবা।

মাঝে মাঝে নিদি'ণ্ট দিনে ছাত্রাবাসিকেরা আপন আপন ছাত্রাবাসে অন্যান্য ছাত্রাবাসিকদের নিমশ্ত্রণ করিয়া আমোদ আহলদ করিবে। এই উপলক্ষ্যে বিশেষ করিয়া ঘর সাজানো ও মনোরঞ্জনেব বাবস্থা করা কর্তব্য হইবে।

নিজেদের পরিচালনার জন্য ছাত্ররা বিধিব্যবম্থা নিজেরা প্রণয়ন করিবে ও তাহা পালন করিবার মত দায়িত্বধোধ তাহাদের মধ্যে জাগরিত ক্রতাই। প্রত্যেক ঘরে তাহারা নিজেদের মধ্য হইতে একজনকে নেতা নির্বাচিত করিবে। সেই ঘরের সকল ছাত্রদের নিয়ম রক্ষা ও সম্বাবহাদের জন্য তাহারই বিশেষ দায়িত্ব।

প্রত্যেক অধ্যাপকের কর্তবা, অধ্যাপনা ছাড়াও আশ্রমের সর্ববিধ অনুষ্ঠান ও সামাজিকতা সম্বশ্বে যোগরক্ষা করা। তাহাদের ঔৎসুক্যের অভাব ঘটিলে ছাত্রদের মনে উৎস্কা রক্ষা করা অসম্ভব হইবে।

ছার্ত্রদিগকে লইয়া ব্রতীবালক ও ব্রতীব্যালকার দল গঠন করিয়া তাহার কৃত্য অভ্যাস ক্রানো আবশ্যক।

এই ব্রতীবালকেরা মাঝে মাঝে গ্রামে গিয়া ম্যালেরিয়া প্রতিষেধ প্রভৃতি ক**ত'ব্যে** যোগ দিবে।

নিজেদের প্রতিবেশকে সর্ব'তোভাবে সমর্থ' ও আত্মশাসনক্ষম করিয়া তোলাই যে সমুষ্ঠ দেশের ম্বরাজের ভিত্তিম্থাপন, ছার্রাদগকে হাতেকলমে তাহাই ব্যুবাইতে হইবে।

#### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

সামাজিক ও আথিক অবম্থা সম্বদ্ধে স্বদেশের উন্নতির যে সকল বাধা আছে তাহার অনুশীলন আবশ্যক।

অন্যদেশে বর্তমান ইতিহাসের গতি কির্পে ও লোকহিতকর অনুষ্ঠানের কির্পে প্রীক্ষা চলিতেছে, ছার্ত্রদিগকে যথাসম্ভব সে সম্বশ্বে ব্ঝাইয়া দিতে হইবে।

অন্যদেশের আচার ব্যবহার ও লোক্যাত্র। সম্বন্ধে ছাত্রদের অবজ্ঞা ও বিশ্বেষবৃদ্ধি যাহাতে দরে হয় সে সম্বন্ধে সতক হওয়া চাই।

সাধারণভাবে আশ্রমের শিক্ষানীতি সম্বশ্বে আমার যাহা বস্তব্য তাহা উপরে লিখিলাম।

অধ্যাপকদের মধ্য হইতে কোনো একজনের প্রতি বিশেষ ভার থাকিবে, তিনি দেখিবেন সমষ্ঠ নিয়ম পালিত হইতেছে, শিক্ষাব্যবদ্থাতেও চুটি ঘটিতেছে না এবং আশ্রমের উৎসব ও পার্বণগর্মলি যথারীতি অন্ধৃতিত হইতেছে। বংসরের প্রত্যেক পর্বে তাঁহার বিষ্ঠারিত প্রতিবেদন সর্বাধ্যক্ষের নিকট উপস্থিত করিবেন।

#### উল্লেখযোগ্য বিষয়/মন্তবা :

বিজ্ঞানচর্চা, শিক্ষা ও অন্শোলন, শিক্ষা ও নৈতিক আদর্শ, শিক্ষা ও গঠনম্লক আদর্শ, শিক্ষা ও চার্মশিলপ

## जुननीय भुत्रका :

১০ প্রসংগ কথা ২। ২০ শিক্ষার মিলন। ৩০ লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি।
৪ ছাত্রসম্ভাষণ। ৫. ধর্মশিক্ষা। ৬. বিশ্বভারতী ১নং। ৭০ পর্বেবগের
বন্ধতা। ৮০ শিক্ষার আদর্শ। ১০ ভারতীর বিশ্ববিদ্যালয়ের আদর্শ। ১০ শিক্ষা
ও সংকৃতি। ১১ বিশ্বভারতী ১৮নং। ১২০ আগ্রনের রূপে ও বিকাশ।
১৩ জাতীর বিদ্যালয়। ১৪০ অজিতকুমার চক্রবতীকৈ পত্র ১নং। ১৫ বিশ্বভারতী
১১ নং। ১৬০ বিশ্বভারতী ১৫ নং। ১৭০ বাঁকুড়ার ছাত্রদের উদ্দেশে।
১৮০ অজিতকুমার চক্রবতীকৈ পত্র ৩নং। ১৯০ সম্ভোষ্ট রু মজ্মুমনারকে পত্র ১নং।
২০০ আগ্রমের শিক্ষা। ২১০ রথীন্দ্রনাথ ঠাকুরকে পত্র ১নং। ২২০ কলাবিদ্যা।
২০০ শিক্ষা ও সংকৃতিতে সংগীতের গ্রান ইত্যাদি।

# ৮৩। ৰিক্ষাও সংস্কৃতি

[ ধীরেন্দ্রমোহন সেনকে লিখিত পত্র, ১৫ই জ্বলাই ১৯৩৫। বিচিত্রা, শ্রাবণ ১৩৪২]

শিক্ষাবিধি সম্বন্ধে · · · আলোচনা করব িপর করেছিল্ম, ইতিমধ্যে কোনো-একটি আর্মেরিকান কাগজে এই বিষয়ে একটি প্রবন্ধ পড়ল্ম ; পড়ে প্রশি হয়েছি। আমার মর্তাট এই লেখায় ঠিকমত ব্যক্ত হয়েছে। · · ·

একদিন ভারতবর্ষে যখন তার নিজের সংস্কৃতি ছিল পরিপ্রণে তথন ধনলাঘবকে সে ভয় করত না, লাজা করত না; কেননা তার প্রাধন লক্ষ্য ছিল অন্তরের দিকে। সেই লক্ষ্য নির্ণায় করা, অভ্যাস করা, তার শ্রেষ্ঠতা স্বীকার করা শিক্ষার সর্বপ্রধান আগা। অবশ্য, তারই এক সীমানায় বৈষয়িক শিক্ষাকে স্থান দেওয়া চাই, কেননা মান্যেব সন্তা ব্যাবহারিক-পারমাথিকিকে মিলিয়ে। সংস্কৃতির অভাব আছে অথচ দক্ষতা প্রবোমাতায়, এমন থোঁড়া মান্যুষ চলেছিল বাইসিক্ল্ চড়ে। ভাবে নি কোনো চিল্তাব কারণ আছে, এমন সময় বাইসিক্ল্ পড়ল ভেঙে। তথন ব্রুবল, বহুমল্য ঘার্টীর চেয়ে বিনা মল্লার পায়ের দাম বেশি। যে মান্যুষ উপকরণ নিয়ে বড়াই করে সে জানে না আসলে সে কতই গরিব। বাইসিক্লের আদর কমাতে চাই নে, কিম্তু দ্রো সজীব পায়ের আদর তার চেয়ে বেশি। যে শিক্ষায় এই সজীব পায়ের জীবনী-শাছিকে বাড়িয়ে তোলে তাকেই ধন্য বিল, যে শিক্ষায় প্রধানত আসবাবের প্রতিই মান্যুক্ত নিভরিশীল ক'বে তোলে তাকে মৃত্তাব বাহন বলব।

যথন শালিতনিকেতনে প্রথম বিদ্যান র দ্যাপন কবি তখন এই লক্ষ্যটাই আমার মনে প্রবল ছিল। আসবাব েন্টে গেলে তাকে ব্যবহার করার জন্যে সাধনার দরকার নেই, কিল্ড্ আসবাব-নিনপ্রক্র হয়ে কী ক বে বাহিরে কর্মকুশলতা ও অন্তরে আপন সম্মাননোধ রক্ষা করা যায় এইটেই শিক্ষাসাধ্য। তখন আশ্রম গরিবেব মতোই ছিল জীবনযাত্রা, সেই গবিবিয়ানাকে লখ্যা করাই লখ্যাকর এ কথাটা তখন মনে ছিল। উপ্তর্ববানের জীবনকে ঈর্ষণ করা বা বিশেষভাবে সম্মান করাই যে কৃশিক্ষা, এ কথাটা আমি তখনকার শিক্ষকদের দমরণ করিয়ে রেখেছিল্ম।

বলা বাহলো, যে দারিদ্রা শক্তিহীনতা থেকে উদ্ভূত সে বু িত। কথা আছে : শক্তমা ভূষণং ক্ষমা। তেমনি বলা যায়, সামর্থাবানেরই ভূষণ অকিঞ্চনতা। অতএব সামর্থা শিক্ষা করাই চাই ভোগের অভ্যাস বর্জন ক'রে। সামর্থাহীন দারিদ্রোই ভারতব্যের মাথা হে'ট হয়ে গেছে, অকিঞ্চনতায় নয়। অক্ষমকে দেবতা ক্ষমা করেন না।

'আমি সব পারি, সব পারব' এই আত্মবিশ্বাসের বাণী আমাদের শরীর মন যেন তংপরতার সংগ্যে বলতে পারে। 'আমি সব জানি' এই কথা বলবার জন্যে আমাদের ইন্দ্রিয় মন উৎস্কুক হয় তো হোক, কিন্তু তার পরেও চরমের কথা 'আমি সব পারি'। আজ এই বাণী সমস্ত য়ুরোপের। সে বলে, 'আমি সব পারি, সব পারব।' তার আপন ক্ষমতাকে শ্রুণা করার অন্ত নেই। এই শ্রুণার দ্বারা সে নিভাকি হয়েছে, জলে শ্রুলে আকাশে সে জয়ী হয়েছে। আমরা দৈবের দিকে তাকিয়ে আছি, সেইজন্যে বহু শৃতাশ্দী ধরে আমরা দৈবকত্কি প্রবণ্ডিত।

#### রবীন্দনাথের চিন্তাজগণ

'আমরা সব-কিছ্নু পারব' এই কথা সত্য ক'রে বলবার শিক্ষাই আত্মাবমাননা থেকে আমাদের দেশকে পরিবাণ করতে পাঁরে. এ কথা ভূললে চলবে না। আমাদের বিদ্যালয়ে সকল কর্মে সকল ইন্দ্রিয়মনের তৎপরতা প্রথম হতেই অনুশালিত হোক. এইটেই শিক্ষাসাধনার গ্রেত্র কর্তবা বলে মনে করতে হবে। জানি এর প্রধান অশ্তরায় অভিভাবক; পড়া মাখ্যথ করতে করতে জীবনীশান্ত মননশান্ত কর্মশান্ত সমাযত যতই কৃশ হতে থাকে তাতে বাধা দিতে গেলে তাঁরা উদ্বিশন হয়ে ওঠেন। কিন্তু মাখ্যথ বিদ্যার চাপে এই-সব চির-পংগ্রু মান্যুষের অকর্মণাতার বোঝা দেশ বহন করবে কীক'রে? উদ্যোগিনং পার্র্যুসংহমা্শৈতি লক্ষ্মীঃ। আমাদের শিক্ষালয়ে নবীন প্রাণের মধ্যে অক্সান্ত উদ্যোগিতার হাওয়া বয়েছে যদি দেখতে পাই তা হলেই বাঝব দেশে লক্ষ্মীর আমন্ত্রণ সফল হতে চলল। এই আমন্ত্রণ ইক্রমিক্সে ডিগ্রি নেওয়ায় নয়; চরিব্রকে বলিণ্ঠ করায়, সকল অবশ্বার ননো নিজেকে নিপাণভাবে প্রস্তুত করায়, নিরলস আত্মশন্তির উপর নিভারে ক'রে কর্মানান্তানের দায়িত্ব সাধনাব স্বযোগ নেই, আমাদের আশ্রমে আছে। এখানে নানা বিভাগে নানা কর্ম চলছে, তার মধ্যে শক্তি প্রযোগ করাতে পারে এমন ব্যবশ্বা থাকা চাই।

এই কৃতিস্থিশিক্ষা অত্যাবশ্যক হলেও এই-যে থথেণ্ট নয় সে কথা মানতে হবে। আমেরিকান লেখক এই কথাটারই আলোচনা করেছেন। তিনি বলেন, আধ্যানক শিক্ষা থেকে একটা জিনিস কেমন করে স্থলিত হয়ে পড়েছে, সে হচ্ছে সংস্কৃতি। চিত্তের ঐশ্বর্যকে অবজ্ঞা ক'রে আমরা জীবন্যাতার সিশ্বিলাভকেই একমাত্ত প্রধান্য দিয়েছি। কিন্তু সংস্কৃতিকে বাদ দিয়ে এই সিশ্বিলাভ কি কথনো যথার্থভাবে সম্পূর্ণ হতে পাবে?

সংস্কৃতি সমগ্র মান্ধের চিত্তব্তিকে গভীরতর হতর থেকে সফল করতে থাকে। তার প্রভাবে মান্ধ অহতর থেকে হবতই সব'হগীণ সাথ'কতা লাভ করে। তার প্রভাবে নিম্কাম জ্ঞানার্জনের অনুরাগ এবং নিংক্বার্থ কর্মান্ত্র্গানের উৎসাহ স্বাভাবিক হয়ে ওঠে। যথার্থ সংস্কৃতি জড়ভাবে প্রথাপালনের চেয়ে অকৃত্রিম সৌজনাকে বড়ো মল্যা দিয়ে থাকে। মান্ধের সংগে ব্যবহারে কাল উম্ধার করবার উপযোগী বিনয়কৌশল তার অনুশাসন নয়; সংস্কৃতিবান্ মান্ধ নিজের ক্ষতি করতে পারে, কিল্ডু নিজেকে হেয় করতে পারে, না সে আড়াবরপর্ব কিনিজেকে প্রচার করতে বা হ্বার্থপরভাবে সবাইকে ঠেলে নিজেকে অগ্রসর করতে লংলা বোধ করে। যা-কিছ্ ইতর বা কপট তার স্বানি তাকে বেদনা দেয়। শিলেপ সাহিত্যে মান্ধের ইতিহাসে যা-কিছ্ শ্রেষ্ঠ তার সংগে আল্তরিক পরিচয় থালাতে সকলপ্রকার শ্রেষ্ঠতাকে সম্মান করতে সে আনন্দ পায়। সে বিচার করতে পারে, ক্ষমা করতে পারে, মত্বিরোধের বাধা ভেদ ক'রেও যেথানে যেটুকু ভালো আছে সে তা দেখতে পায়, অন্যের সফলতাকে ঈর্যা করাকে সে নিজের লাঘব বলেই জানে।

সমগ্র মন্যান্থের স্বকীয় আদর্শ প্রত্যেক বড়ো সমাজেই আছে। সেই আদর্শ কেবল পাঠাগারে নয়, পরিবারের মধ্যেও। আমাদের দেশে বর্তমান দর্গতির দিনে সেই আদর্শ দর্বল হয়ে গেছে, তার শোচনীয় দৃন্টাশ্ত প্রতিদিন দেখতে পাই।…

#### রবীস্পরচনা-সংকলন

একদিন দেখেছিলেম শাশ্তিনিকেতনের পথে গোর্র গাড়ির চাকা কাদায় বসে গিয়েছিল; আমাদের ছাত্ররা সকলে মিলে ঠেলে গাড়ি উন্ধার করে দিলে। সেদিন কোনো অভ্যাগত আশ্রমে যখন উপস্থিত হলেন তাঁর মোট বয়ে আনবার কুলি ছিল না; আমাদের কোনো তর্ণ ছাত্র অসংকোচে তাঁর বোঝা পিঠে করে নিয়ে যথাস্থানে এনে পে'ছিয়ে দিয়েছিল। অপরিচিত অতিথিমাত্রের সেবা ও আন্কুল্য তারা কর্তব্য বলে জ্ঞান করত। সেদিন তারা আশ্রমের পথ নির্মাণ করেছে, গর্ত ব্রিজয়ে দিয়েছে। এ-সমস্তই তাদের সতর্ক ও বলিণ্ঠ সৌজন্যের অংগ ছিল, বইয়ের পাতা অতিক্রম করে তাদের শিক্ষার মধ্যে সংস্কৃতি প্রবেশ করেছিল। সেই-সব ছেলেদের প্রত্যেককে তথন আমি জানতেম; তার পরে অনেক দিন তাদের অনেককে দেখি নি। আশা করি, তারা নিশ্দাবিলাসী নয়, পরশ্রীকাতর নয়; অক্ষমকে সাহায্য করতে তারা তৎপর এবং ভালোকে তারা ঠিকমত যাচাই করতে জানে।

### উল্লেখযোগ্য বিষয়/মশ্তব্য:

শিক্ষা ও এন্শীলন, শিক্ষা ও আত্মবিশ্বাস, শিক্ষা ও মন্যাত্রের আদশ

# इननीय भ्रमण :

- ১. ধ্ম'শিকা।
- ২. বিশ্বভারতী ১নং।
- o. প্র'বংগ ব**ন্তা**।
- ৪. শিক্ষার আদর্শ।
- ভারতীয় বিশ্ববিদ্যালয়ের আদশ ।
- শান্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি।
- ৭. বিশ্বভারতী ১৮নং।
- ৮. আশ্রমের রূপ ও বিকাশ ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিস্তাজগণ

# ৮৪। অবিভক্ত বাংলাদেশের ভদানীস্তন শিক্ষাসচিব মুহম্মদ আজিজুল হককে নুহন-শিক্ষাবিধি প্রণয়ন সম্পর্কে লিখিত পত্র (১৮ সেপ্টেম্বর ১৯৩৫)

[বিশ্বভারতী ব্লেটিন ২০ নং. ফ্রেব্র্য়ারি, ১৯৩৬, অংশবিশেষ 'শিক্ষার শ্বাংগীকরণে'র 'প্রনণ্ড' রুপে প্রকাশিত ]

··· আমার আর একটি প্রশ্তাব আমাদের শিক্ষা-বিভাগের সম্মুখে আমি উপশ্বিত করতে চাই। দেশের যে-সকল পরুষ্ ও শ্বীলোকেরা নানাকারণে বিদ্যালয়ে শিক্ষালাভের স্থযোগ থেকে বণিত. তাদের জন্যে ছোটোবড়ো প্রাদেশিক সহরগ্রলিতে যদি পরীক্ষাকেন্দ্র শ্থাপন করা যায় তবে অনেকেই অবসরমতো ঘরে ব'সে নিজেকে শিক্ষিত করতে উৎসাহিত হবে। নিন্নতন থেকে উচ্চতন পর্ব পর্যশত তাদের পাঠ্যবিষয় নির্দেশ্ট করে তাদের পাঠ্যপ্রশতক বে'ধে দিলে স্থবিহিত ভাবে তাদের শিক্ষা নির্মিশ্ত হোতে পারবে। এই পরীক্ষার যোগে যে-সকল উপাধির অধিকার পাওয়া যাবে, সমাজের দিক থেকে তার সমান ও জীবিকার দিক থেকে তার প্রয়োলনীয়তার মূল্য আছে। তাই আশা করা যায়, দেশব্যাপী পরীক্ষাথীর দেয় অর্থ থেকে অনায়াসে এর ব্যয় নির্বাহ হবে। এই ৬পলক্ষ্যে পাঠ্যপ্রশতক রচনার ক্ষেত্র প্রসারিত হয়ে জনসাধারণের মধ্যে বিদ্যাবিশ্তারের উপাদান বেড়ে যাবে এবং এতে ক'রে বিশ্তর লেখকের জীবিকার উপায় নিশ্বারিত হবে। একদা বিশ্বভারতী থেকে এই কর্তব্যে গ্রহণ করবার সংকশ্প মনে উদয় হয়েছিল কিন্তু দরিদ্রের মনোরথ মনের বাইরে অচল। তা ছাড়া বাজনসরকারের উপাধিই জীবন্যাতায় কর্ণধার।

# हीका :

# মুহন্মদ আজিজলৈ হক

অবিভক্ত বাংলার শিক্ষামন্ত্রী ছিলেন (১৯৩৪—৩৭)। ১৯৩৮-৪২ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্ম ছিলেন। 'Man Behind The Plough' এবং 'History And Problems of Muslim Education in Bengal' ইত্যাদি গ্রন্থের রচয়িতা। জন্ম —১৮৯২, মৃত্যু—১৯৪৭।

## উল্লেখযোগ্য বিষয় মন্তব্য :

শিক্ষার বিশ্তার লোকশিক্ষা, শিক্ষা ও জাঁবিকা

# जूननीय भूत्रका :

- ১. শিক্ষার হেরফের।
- ২. শিক্ষার বাহন।
- ৩. শিক্ষার বিকিরণ।
- 8. লোকশিক্ষা গ্রন্থমালার বিজ্ঞপ্তি।
- ৫. শিক্ষার আদর্শ।
- ৬. কলাবিদ্যা ইত্যাদি।

#### রবীন্দ্ররচনা-সংকলন

#### ৮৫। ছারদের প্রতি

[ বিশ্বভারতী **সম্মিলনীর সভা**য় সভাপতির অভিভাষণ, প্রবাসী, অগ্রহায়ণ ১৩৪২ (১৯৩৫), প**়**ঃ ১৬৯-৭০ ]

েতোমবা যে-সব লেখা পড়লে, সেগ্লো নানা বিচিত্র ধরণের রচনা। তার মধ্যে একটা জিনিস লক্ষ্য করলেম—তোমরা গলপ, কবিতা এবং বর্ণনাচ্ছলে যা-কিছ্ লিখেছ তার প্রায় সবগ্লোই রসসাহিত্যের পর্যায়ে পড়ে।

তোমাদের রচনাতে একটা জিনিসের অভাব—সে চিন্তার উপাদানের। আজ প্থিবীতে নানা সমস্যা দ্বর্ণার হয়ে উঠেছে চারিদিকে প্রলয় তাওবের গর্জন—এ অবশ্পায় মন নিশ্চিন্ত থাকতে পারে না। মানুষের ভাগ্য যখন ঘটনাসংঘাতে প্রবল্ধাবে নাড়া খেয়ে ওঠে তখন ভাবী পরিণামচিন্তায় মন স্বভাবতই উৎকণ্ঠিত হয়ে ওঠে। কিন্তু সাধারণত এ সম্বন্ধে আমাদের উৎস্কেরের অভাব দেখতে পাই। মনে হয় তার একটা কাবণ আমরা অনুষ্ঠবাদী—সংসারের অনেকখানি দারিছে দৈবের হাতে সমপ্রণ করে নিশ্চেণ্ট থাকা আমাদের গ্রীজ্মপ্রধান দেশের অভ্যাস। চারিনিকে দ্বিত্তিক সভাগ রেখে কান প্রেতে থাকার উদ্যাম আমাদের ক্ষীণ। কিন্তু মানব-ইতিহাসের ডেউয়ের ধাক্কা থেকে উদাসীনভাবে নিভেকে স্বিয়ে রাখা আর শোভা পার না।…

জীবনের সাথাকতার তন্যে আনি রসের প্রয়োজনকে খ্রুবই মানি কিন্তু রসের প্রাবনকে মানি নে। তার সংগে সংগে কঠিন সত্যকে মানতে হবে চিন্তাশক্তির সহযোগে। তোনাদের রচনায় এবং কাজে আমি এই দেখতে চাই যে, নিমাল আনন্দের ক্ষেত্রে যেমন তোনারা বিশেবর অন্তরগণ মন নিয়ে সৌন্দর্য সন্ভোগ করে। তেমনি মানবসমাজের বিচিত্র ব্যাপারের প্রতি উৎপ্রকা নিয়ে তোমরা ব্যাম্পার্ক চিন্তা করে। অন্বেষণ করে। বিসার করে। এবং আপন জীবনের লক্ষ্য অবধারণ করে।

# উল্লেখযোগ্য বিষয় / নন্তব্য :

শিক্ষায় চিশ্তাশন্তি ও বিচারের ম্থান, শিক্ষায় ঔৎসক্তা ও অন্বেষণের ম্থান

# कुलनीय अनुका :

- ১. শিক্ষার বিকিরণ।
- আশ্রমের শিক্ষা ইত্যাদি।

#### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

### ৮৬। বিশ্বভা**রতী** (১৭)

ক্রমে বিদ্যালয়ের মধ্যে আর-একটা আইডিয়া প্রবেশ করেছিল—সংস্কৃতির ক্ষেত্রে বিশেবর সপ্তে ভারতবর্ষের যোগ।…

#### होका :

# বিশ্বভারতী ১৭দং ৫

১৩৪২ সালে ৮পোষ (১৯৩৫) বিশ্বভারতীর বাষি ক পরিষদে রবীশ্রনাথ যে বস্তুতা দেন, উক্ত রচনাটি তারই প্রবশ্ধর্প। এই বক্তৃতারই অন্য একটি অন্লিপি 'বিশ্বভারতী বিদ্যায়তন' নামে বিশ্বভারতী পত্রিকায় (ভাদ্র, ১৩৪৯) প্রকাশিত হয়।

## **উল্লেখযো**গ্য বিষয়/মন্তব্য :

শিক্ষাপ্রণালী, সব'জনীন শিক্ষা, শিক্ষার লক্ষ্য, প্রকৃতি

# जूननीय প্রসংগ:

১ মেঘনাদবধ কাব্য। ২. প্রসংগকথা ১ (তিনখানি পত্র)। ৩. প্রের অনুবৃত্তি। ৪. শিক্ষাসংস্কার। ৫. শিক্ষাসংস্কার। ৬. আবরণ। ৭. পিতৃদেব

### রবীম্বরচনা-সংকলন

জৌবনম্ম্তি)। ৮. শিক্ষাবিধি। ৯. লক্ষ্য ও শিক্ষা। ১০. জগদানন্দ রায়কে পত্র ৫নং। ১১. অসন্তোষের কারণ। ১২. বিশ্বভারতী ২নং। ১৩. বিদ্যার যাচাই। ১৪. আকাজ্ফা। ১৫. বিশ্বভারতী ৬নং। ১৬. পশ্চিমযাত্রীর ডায়ারি। ১৭. আলোচনা। ১৮. প্রেবিজে বক্তা। ১৯. জনৈক অধ্যাপককে পত্র। ২০. মোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ৮নং। ২১. শিক্ষার বিকিরণ। ২২. আশ্রমের শিক্ষা। ২৩. A Poet's School. ২৪. The School Master. ২৫। তোতাকাহিনী। ২৬. সন্তোষ্যন্দ্র মজ্মদারকে পত্র ২নং। ২৭. হিন্দ্র বিশ্ববিদ্যালয়। ২৮ অজিতকুমার চক্রবতীকৈ পত্র ২নং। ২৯. বিদ্যাসমবায়। ৩০. শিক্ষার মিলন। ৩১. বিশ্বভারতী ৪নং। ৩২. বিশ্বভারতী ৬নং। ৩৩. বিশ্বভারতী ১০নং। ৩১. বিশ্বভারতী ১৫নং। ৩৫। My Educational Mission. ৩৬। তপোবন। ৩৭ জগদানন্দ রায়কে পত্র ১নং। ৩৮. বিশ্বভারতী ১৪নং। ৩১. আগ্রমের রপে ও বিশ্বভারতী ২৪নং। ৩১. আগ্রমের রপে ও

# ৮৭। শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান

[ প্রবাসী, ফালগুন ১৩৪২, প্রঃ ৭১২-১৩ ]

দেশের সংস্কৃতিতে সংগীতের প্রাধান্য ছিল, আমাদের বিদারোশ্ম্য প্র্বিষ্ণের দিকে তাকিয়ে সেই কথাটি জানিয়েছি। তার পরে বয়স যতই বাড়তে লাগল ততই অন্য এক যাগের মধ্যে প্রবেশ করতে লাগলাম যে-শাগে ছেলেরা প্রথম বয়স থেকে কলেজের উচ্চ ডিগ্রীর দিকে মাথা উ'চু ক'রে নোট ম্বাহ্থ করতে লেগেছে। তখন গানটাকে সম্মানীয় বিদ্যা বলে গণ্য করবার ধারণা লাপ্ত হয়ে এল , যে-সব বড়ো ঘরে গাইয়েরা আদর ও আশ্রয় পেয়ে এসেছে সেখানে সংগীতের ভাঙা-বাসায় পড়াম্যম্পর গাইয়নধর্নি মার্থারত হয়ে উঠল, তখনকার যাবকদের এমন একটি শাচিবায়াতে পেয়ে বসল যাতে নাগতিগ্রহত গানব্যবসায়ীর চরিত্রের সঙ্গো জড়িত করে' গান বিদ্যাটিরই পবিত্রম্পকে বীভৎস ব'লে কলপনা করতে লাগল। বাংলা দেশের শিক্ষাবিভাগে সংগীতকে গ্রীকার করতে পারে নি। তাই সংগীতে রাচি, অধিকার ও অভিজ্ঞতা না থাকাটাকে অশিক্ষার পরিচয় ব'লে কোনো লম্জা বোধ করার কারণ তখনকার শিক্ষাত্মণভলীর মনে রইল না। বরগ্য সে দিন যে-সব ছেলে হিতৈষীদের ভয়ে চাপা গলায় গান গেয়েছে তাদের চরিত্রে হয়েছে সম্পেহ।…

দৈবক্রমে যে সুযোগ আমি পেয়েছিল্ম সে কথা মনে পড়ছে। আমাদের

#### রবীন্দ্রনাথের চিশ্তাজগং

পরিবারে পরীক্ষাপাসের সাধনা সেদিন গৌরব পায় নি । তিগ্রিলাঞ্চিত শিক্ষা ছাড়া শিক্ষার আর কোনো পরিচয় গ্রাহ্য নয়, এই অন্ধ সংস্কারটা আমাদের ঘরে থাকতেই পারে নি । আমার ভাইরা দিনরাত নিজের ভাষায় তত্ত্বালোচনা করেছেন, কাব্যরস আম্বাদনে ও উদ্ভাবনে তাঁরা ছিলেন নিবিণ্ট, চিত্রকলাও ইত্স্তত অণ্কুরিত হয়ে উঠেছে, তার উপরে নাট্যাভিনয়ে কারো কোনো সংকাচমাত্র ছিল না । আর সমস্ভ ছাড়িয়ে উঠেছিল সংগীত । · · ·

আমাদের দেশের শিক্ষা-বিভাগ বলাবিদ্যার সমানকে শিক্ষিত মনে দ্বাভাবিক ক'রে দেবেন এই নিবেদন উপস্থিত করবার অভিপ্রায়ে এই ভূমিকামাত্র আজ প্রস্তুত ক'রে এনেছি। আর যা-কিছ্ম আমার করবার আছে সে নানা অসামর্থা সভ্যেও আমার বিদ্যালয়ে আমি প্রবৃতিত করেছি।…

### हीका :

১৯৩৬ সালের ফেব্রুয়ারি মাসে অবিভক্ত বাংলার তথনকার শিক্ষামন্ত্রী আজিজন্ব হক এবং অন্য অনেকের উদ্যোগে কলকাতায় শিক্ষাসপ্তাহ উদ্যোগিত হয়। এই সংগেই নবশিক্ষাসংঘের (New Education Fellowship) ভারতীয় শাখার সমেলনও আহতে হয়। নবশিক্ষাসংঘ শিক্ষাসংস্কার ও শিক্ষাপ্রচার বিষয়ক একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। রবীন্দ্রনাথ তার ভারতীয় শাখার সভাপতি ছিলেন।

য**়ন্ত**রাণ্টে ডিউই এবং ভাবতে রবীন্দ্রনাথ এই দুজনকেই নবশিক্ষাবিধি প্রবর্তানেব আন্দোলনের গুরুহুথানীয় বলে ধরা যায়।

নবশিক্ষাসংঘের কলকাতার অধিবেশনে রবী-দ্রনাথ তিনটি ভাষণ দেন। একটি 'শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান' (৮।২।৩৬); একটি ইংরেভি ভাষণ 'The Ideal of Visva-Bharati' এবং শেষ ভাষণটি হল বিখ্যাত 'শিক্ষার স্বাণ্গীকরণ'।

### উল্লেখযোগ্য বিষয় / মন্তব্য :

শিক্ষা ও ব্যাধীনতা, নশক্ষা ও চার্নুনিল্প

# তুলনীয় প্রসংগঃ

- ১ ছাত্রদের প্রতি সম্ভাষণ।
- ২ জাতীয় বিদ্যালয়।
- o. প্রান্তনী (৫নং)।
- ৪ বিশ্বভারতী (১০নং)।
- ৫. ধারাবাহী।
- b The School Master.
- q. A Poet's School.
- ৮. জগদানন্দ রায়কে পত্র ৪নং।
- ৯. সোভিয়েত ইউনিয়নে রবীন্দ্রনাথ ১০নং।
- ১०. कर्नाविमा।
- ১১· শাল্তিনিকেতন আশ্রমের শিক্ষানীতি ইত্যাদি।

### রবীন্দ্ররচনা-সংকলন

# ৮৮। শিক্ষার স্বালীকরণ

[নিউ এড়কেশন ফেলোশিপের ভাষণ-র্পে পঠিত (ফেব্র্য়ারি, ১৯৩৬), বিশ্বভারতী ব্লেটিন, মাঘ ১৩৪২]

আমাদের দেশের আথিক দারিদ্রা দঃখের বিষয়, লম্জার বিষয় আমাদের দেশের শিক্ষার অকিণ্ডিংকরত্ব। এই অকিণ্ডিংকরত্বের মালে আছে আমাদের শিক্ষাব্য**বস্থার** অম্বাভাবিকতা, দেশের মাটির সংগে এই বাবদ্থার বিচ্ছেদ। চিতাবিকাশের ষে আয়োজনটা স্বভাবতই সকলের চেয়ে আপন হওয়া উচিত ছিল সেইটেই রয়েছে সব চেয়ে পর হয়ে—তার সংগে আমাদের দাঁডব যোগ হয়েছে, নাডীর যোগ হয় নি : এর ব্যর্থতা আমাদের স্বজাতিক ইতিহাসের শিক্তকে জীর্ণ করেছে, খর্ব করে দিচ্ছে **সমস্ত** জাতির মানসিক পরিবৃণিধকে। দেশের বহুবিধ অতিপ্রয়োজনীয় বিধিব্যবস্থায় অনাত্মীয়তার দর্বঃসহ ভার অগত্যাই চেপে রয়েছে : আইন আদালত, সকল প্রকার সবকারি কার্থবিধি, যা বহুকোটি ভারতবাসীর ভাগা চালনা করে, তা সেই বহুকোটি ভারতবাসীর পক্ষে সম্পূর্ণ দুর্বোধ, দুর্গম। আমাদের ভাষা, আমাদের আথিক অবন্থা, আনাদের অনিবার্থ অশিক্ষার সংগ্রে রাণ্ট্রশাসনবিধির বিপলে ব্যবধান-বশত পদে পদে যে দ্বংখ ও অপবায় ঘটে তার পরিমাণ প্রভৃত। তব্যু বলতে পারি 'এহ বাহ্য'। কিল্ডু শিক্ষাব্যাপার দেশেব প্রাণগত আপন জিনিস না হওয়া তার চেয়ে মর্মান্তিক। স্যাবরেটরীতে রাসায়নিক প্রক্রিয়ায় উণ্ভাবিত কৃতিম অলে দেশের পেট ভরাবার মতো সেই চেণ্টা; অতি অলপসংখ্যক পেটেই সেটা পে'ছায়, এবং সেটাকে সম্পূর্ণ রক্তে পরিণত করবার শক্তি অতি অবপ পাক্যন্তেরই থাকে। দেশের চিত্তের সংগে দেশের শিক্ষার এই দ্রের এবং সেই শিক্ষার অপ্যানজনক স্বল্পতা দীর্ঘকাল আমাকে বেদনা পিয়েছে . কেননা নিশ্চিত জানি সকল পরাগ্রহার চেয়ে ভয়াবহ, শিক্ষায় প্রধর্ম । ...

একদা একজন অব্যবসায়ী ভদ্রসন্তান তার চেয়ে আনাড়ি এক ব্যক্তির বাড়ি তৈরি করবার ভার নিয়েছিলেন। মাল-মসলার জোগাড় হয়েছিল সেরা দরের , ইমারতের গাঁথনি হয়েছিল মজবাত ; কিন্তু কাজ হয়ে গেলে প্রকাশ পেল, সি'ড়ির কথাটা কেউ ভাবে নি। শনির চক্রাণেত এমনতরো পৌরবাবন্থা যি ানো রাজ্যে থাকে যেখানে এক-তলার লোকের নিতাবাস এক-তলাতেই আব দোতলার লোকের দোতলায়, তবে সেখানে সি'ড়িব কথাটা ভাবা নিতানতই বাহালা। কিন্তু আলোচিত প্রেভি বাড়িটাতে সি'ড়িয়োগে উর্ব্বেপথ্যাত্রায় এক-তলার প্রয়োজন ছিল; এই ছিল তার উন্নতিলাভের এক্যাত্র উপায়।

এ দেশে শিক্ষা-ইমারতে সি'ড়ির সংকলপ গোড়া থেকেই আমাদের রাজ মিশ্রর প্লানে ওঠে নি। নীচের তলাটা উপরের তলাকে নিঃশ্বার্থ ধৈয়ে শিরোধার্য করে নিয়েছে: তার ভার বহন করেছে, কিশ্তু স্থযোগ গ্রহণ করে নি; দাম জ্বিগয়েছে, মাল আদায় করে নি।

আমার প্র'কার লেখায় এ দেশের সি'ড়িহারা শিক্ষাবিধানে এই মঙ্গত ফাঁকটার উল্লেখ করেছিল্ম । তা নিয়ে কোনো পাঠকের মনে কোনো-যে উদ্বেগ ঘটেছে তার

#### রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

প্রমাণ পাওয়া যায় না। তার কারণ, অল্লভেদী বাড়িটাই আমাদের অভাস্ত, তার গৌরবে আমরা অভিভূত, তার বিকের কাছটাতে উপর-নীচে সম্বশ্ধথাপনের যে সি\*ড়ির নিয়মটা ভদ্র নিয়ম সেটাতে আমাদের অভ্যাস হয় নি। সেইজন্যেই ইতিপ্রের্বে আমার আলোচ্য বিষয়টা হয়তো সেলাম পেয়ে থাকবে, কিম্তু আসন পায় নি। তব্ আর-একবার চেণ্টা দেখতে দোষ নেই, কেননা ভিতরে ভিতরে কখন যে দেশের মনে হাওয়া বদল হয় পরীক্ষা না করে তা বলা যায় না।

শিক্ষা সন্বন্ধে সব চেয়ে শ্বীকৃত এবং সব চেয়ে উপেক্ষিত কথাটা এই যে, শিক্ষা জিনিসটি জৈব, ওটা যান্ত্ৰিক নয়। এর সন্বন্ধে কার্যপ্রণালীর প্রসংগ পরে আসতে পারে কিন্তু প্রাণক্রিয়ার প্রসংগ সর্বায়ে। ইন্ক্যুবেটর যন্ত্রটা সহজ নয় ব'লেই কৌশল এবং অর্থবায়ের দিক থেকে তার বিবরণ শ্বনতে খ্ব মন্ত, কিন্তু ম্বার্গর জীবনধর্মান্ব্রগত ডিম-পাড়াটা সহজ বলেই বেশি কথা জোড়ে না, তব্ব সেটাই অগ্রগণ্য।

বেঁচে থাকার নিয়ত ইচ্ছা ও সাধনই হচ্ছে বেঁচে থাকার প্রকৃতিগত লক্ষণ। যে সমাজে প্রাণের জার আছে সে সমাজ টিঁকে থাকবার স্বাভাবিক গরজেই আত্মরক্ষাঘটিত দুর্টি সব্প্রধান প্রয়োজনের দিকে অঙ্গানতভাবে সজাগ থাকে, অল্ল আর শিক্ষা, জীবিকা আর বিদ্যা। সমাজের উপরের থাকের লোক খেয়ে-প'রে পরিপত্নট থাকবে আর নীচের থাকের লোক অর্ধাশনে বা অনশনে বাঁচে কি মরে সে সম্ধন্ধে সমাজ থাকবে অচেতন, এটাকে বলা যায় অর্ধাণেগর পক্ষাঘাত। এই অসাডতার ব্যামোটা বর্ধরতার ব্যামো।

পশ্চিম-মহাদেশে আজ সর্বব্যাপী অর্থসংকটের সণ্টো সংগা অল্লসংকট প্রবল হয়েছে। এই অভাব-নিবারণের জন্যে সেথানকার বিদ্যানের দল এবং গবমে ''ট ষেরকম অসামান্য দাক্ষিণ্য প্রকাশ করছেন সেরকম উদ্বেগ এবং চেণ্টা আমাদের বহুসহিষ্ণা বহুক্ষার অভিজ্ঞতায় সম্পূর্ণ অপরিচিত। এ নিয়ে বড়ো বড়ো অণ্টেকর ঋণ স্বীকার করতেও তাঁদের সংকোচ দেখি নে। আমাদের দেশে দ্ব বেলা দ্বম্টো খেতে পায় অতি অলপ লোক, বাকি বারো-আনা লোক আধপেটা খেয়ে ভাগাকে দায়ী করে এবং জীবিকার কৃপণ পথ থেকে মৃত্যুর উদার পথে সরে পড়তে বেশি দেরি করে না। এর থেকে যে নিজীবতার স্থিত হয়েছে তার পরিমাণ কেবল মৃত্যুসংখ্যার তালিকা দিয়ে নির্পেত হতে পারে না। নির্ংসাহ অবসাদ অকর্মণাতা রোগপ্রবণতা মেপে দেখবার প্রত্যক্ষ মানদশ্ড যদি থাকত তা হলে দেখতে পেতুম এ দেশের এক প্রান্ত থেকে আর-এক প্রান্ত জ্বড়ে প্রাণকে ব্যুণ্য করছে মৃত্যু; সে অতি কৃৎসিত দৃশ্য, অত্যন্ত শোচনীয়। কোনো স্বাধীন সভ্য দেশ মৃত্যুর এরকম স্বানেশে নাট্যলীলা নিশ্চেণ্টভাবে স্বীকার করতেই পারে না, আজ তার প্রমাণ ভারতের বাইরে নানা দিক থেকেই পাচছ।

শিক্ষা সাবন্ধেও সেই একই কথা। শিক্ষার অভিসেচনক্রিয়া সমাজের উপরের শতরকেই দৃই-এক ইণ্ডি মাত্র ভিজিয়ে দেবে আর নীচের শতরপরশ্পরা নিত্যনীরস কাঠিন্যে স্থদ্রপ্রসারিত মর্ময়তাকে ক্ষীণ আবরণে ঢাকা দিয়ে রাখবে, এমন চিক্তবাতী স্থগভীর ম্র্তাকে কোনো সভ্য সমাজ অলসভাবে মেনে নেয় নি। ভারতবর্ষকে মানতে বাধ্য করেছে আমাদের যে নির্মম ভাগ্য তাকে শতবার ধিকার দিই।

এমন কোনো কোনো গ্রহ উপগ্রহ আছে যার এক অর্ধেকের সপ্তে অন্য অর্ধেকের

#### রবীন্দ্ররচনা-সংকলন

চিরশ্বায়ী বিচ্ছেদ; সেই বিচ্ছেদ আলোক-অন্ধকারের বিচ্ছেদ। তাদের একটা পিঠ স্বের্বের অভিম্বে, অন্য পিঠ স্বের্বিম্থ। তেমনি করে যে সমাজের এক অংশে শিক্ষার আলোক পড়ে, অন্য বৃহত্তর অংশ শিক্ষাবিহীন, সে সমাজ আত্মবিচ্ছেদের অভিশাপে অভিশপ্ত। সেখানে শিক্ষিত-অশিক্ষিতের মাঝখানে অস্বের্পিশ্য অন্ধকারের বাবধান। দ্বই ভিন্নজাতীয় মান্বের চেয়েও এদের চিত্তের ভিন্নতা আরও বেশি প্রবল। একই নদীর একই পারের স্রোত ভিতরে ভিতরে অন্য পারের স্রোতের বির্শ্ধ দিকে চলছে; সেই উভয় বির্শেধর পাশ্বর্বিতি তাই এদের দ্রুজকে আরও প্রবলভাবে প্রমাণিত করে।

শিক্ষার ঐক্য-যোগে চিন্তের ঐক্য-রক্ষাকে সভ্য সমাজ মাত্রই একাল্ত অপরিহার্য ব'লে জানে। ভারতের বাইরে নানা ম্থানে ভ্রমণ করেছি প্রাচ্য ও পাশ্চাত্য মহাদেশে। দেখে এসেছি, এশিয়ায় নবজাগরণের যুগে সর্বতই জনসাধারণের মধ্যে শিক্ষাপ্রচারের দায়িত্ব একাল্ত আগ্রহের সংগ্য ম্বীকৃত। বর্তমান যুগের সংগ্য যে-সব দেশ চিত্তের ও বিত্তের আদানপ্রদান বৃশ্ধিবিচারের সংগ্য চালনা করতে না পারবে তারা কেবলই হঠে যাবে, কোণ-ঠেসা হয়ে থাকবে, এই শংকার কারণ দ্বে করতে কোনো ভদ্র দেশ অর্থাভাবের কৈফিয়ত মানে নি। আমি যথন রাশিয়ায় গিয়েছিল্ম তখন সেখানে আট বছর মাত্র ন্তন ম্বরাজতশ্তের প্রবর্তন হয়েছে; তার প্রথম ভাগে অনেক কাল বিদ্রোহে বিপ্লবে দেশ ছিল শান্তিহীন, অর্থাসন্থলতা ছিলই না। তব্ এই ম্বন্পকালেই রাশিয়ার বিরাট রাজ্যে প্রজাসাধারণের মধ্যে যে অম্ভূত দ্বত্যতিতে শিক্ষাবিশ্তার হয়েছে সেটা ভাগাবণ্ডিত ভারতবাসীর কাছে অসাধ্য ইন্দ্রজাল বলেই মনে হল।

শিক্ষার ঐক্য-সাধন ন্যাশনল ঐক্য-সাধনের মালে, এই সহজ কথা সাংস্পণ্ট ক'রে ব্যুখতে আমাদের দেরি হয়েছে তারও কারণ আমাদের অভ্যাসের বিকার।…

আমার কথার জবাবে এমন তর্ক হয়তো উঠবে, আমানের দেশে সমাজ প্রেও তো সজীব ছিল, আজও একেবারে মরে নি—তথনও কি আমাদের দেশে শিক্ষয়ে অশিক্ষায় যেন জলে স্থলে বিভক্ত ছিল না ? তথনকার টোলে চতুৎপাঠীতে তর্কশাসত ব্যাকরণ-শান্তের যে পার্ট-কষাকষি চলত সে তো ছিল পশ্ডিত পালোয়াননের ওংতাদি-আথড়াতেই বন্ধ; তার বাইরে যে বহুং দেশটা ছিল সেও কি সর্বত ঐরকম পালোয়ানি কারনায় তাল ঠুকে পাঁয়তারা করে বেড়াত ? যা ছিল বিন্যানামধারী পবিণত গঙ্গের বপ্রক্রীড়া সেই দিগগেজ পশ্ডিতি তো তার শর্ড আম্ফালন করে নি দেশের ঘরে ঘরে । কথাটা মেনে নিল্ম । বিদ্যার যে আড়ন্বর, নিরবিছিল্ল পাশ্ডিতা, সকল দেশেই সেটা প্রাণের ক্ষের থেকে দ্রেবতীর্ণ। পাশ্চাত্য দেশেও স্থলেপদবিক্ষেপে তার চলন আছে, তাকে বলে পেডশিন্ত। আমার বন্ধবা এই যে, এ দেশে একদা বিদ্যার যে ধারা সাধনার দ্র্যাম তুংগ শৃংগ থেকে নির্মারিত হত সেই একই ধারা সংস্কৃতির্পে দেশকে সকল স্তরেই অভিষিক্ত করেছে। এজন্যে যান্দ্রিক নিয়মে এছুকেশন ডিপার্ট্ মেনটের কারখানান্দর বানাতে হয় নি , দেহে যেমন প্রাণশিক্তর প্রেরণায় মোটা ধমনীর রক্তধারা নানা আয়তনের বহুসংখ্যক শিরা-উপশিরা-যোগে সমনত দেহে অংগপ্রত্যংগ প্রবাহিত হতে থাকে তেমনি ক'রেই আমাদের দেশের সমনত সমাজদেহে একই শিক্ষা শ্বাভাবিক

#### রবীন্দ্রনাথের চিম্তাজগণ

প্রাণপ্রক্রিয়ায় নির\*তর সঞ্চারিত হয়েছে— নাড়ীর বাহনগর্বল কোনোটা বা স্থল, কোনোটা বা অতি স্ক্রে, কিম্তু তব্ তারা এক কলেবর-ভূক্ত নাড়ী এবং রক্তও একই প্রাণ-ভরা রক্ত।

অরণ্য যে মাটি থেকে প্রাণরস শোষণ করে বে'চে আছে সেই মাটিকে আপনিই প্রতিনিয়ত প্রাণের উপাদান অজস্র জাগিয়ে থাকে। তাকে কেবলই প্রাণময় করে তোলে। উপরের ডালে যে ফল সে ফলায় নীচের মাটিতে তার আয়োজন তার নিজকৃত। অরণ্যের মাটি তাই হ'য়ে ওঠে আরণ্যিক, নইলে সে হত বিজাতীয় মর্। যেখানে মাটিতে সেই উদ্ভিদসার পরিব্যাপ্ত নয় সেখানে গাছপালা বিরল হয়ে জন্মায়, উপবাসে বে'কে-চুরে শীর্ণ হয়ে থাকে। আমাদের সমাজের বনভূমিতে একদিন উচ্চশীর্ষ বনম্পতির দান নীচের ভূমিতে নিতাই বির্ঘাত হত। আজ দেশে যে পাশ্চাত্য শিক্ষা প্রবিত্তিত হয়েছে মাটিকে সে দান করেছে অতি সামান্য; ভূমিকে সে আপন উপাদানে উর্বার করে তুলছে না। জাপান প্রভৃতি দেশের সংগ্র আমাদের এই প্রভেদটাই লম্জাজনক এবং শোকাবহ। আমাদের দেশ আপন শিক্ষার ভূমিকা স্থিতি সম্বশ্বে উদাসীন। এখানে দেশের শিক্ষা এবং দেশের বৃহৎ মন পরম্পরিভিন্ন। সেকালে আমাদের দেশের মন্ত মন্ত শাশ্বজ্ঞ পশ্চিতের সংগ্র নিরক্ষর গ্রাম্বাসীর মনঃপ্রকৃতির বৈপরীত্য ছিল না। সেই শাশ্বজ্ঞানের প্রতি তাদের মনের অভিম্বিতা তৈরি হয়ে গিয়েছিল, সেই ভোজে অর্ধভোজন তাদের ছিল নিত্য, কেবল দ্রাণে নয়, উদ্বৃত্ত-উপভোগে।

কিন্তু সায়েদেস-গড়া পাশ্চাতাবিদ্যার সংগ্যে আমাদের দেশের মনের যোগ হয় নি; জাপানে সেটা হয়েছে পঞ্চাশ বছরের মধ্যে, তাই পাশ্চাতাশিক্ষার ক্ষেত্রে জাপান শ্বরাজের অধিকারী। এটা তার পাস-করা বিদ্যা নয়, আপন-করা বিদ্যা। সাধারণের কথা ছেড়ে দেওয়া যাক, সায়ান্সে ডিগ্রি-ধারী পশ্ডিত এ দেশে বিশ্তর আছে যাদের মনের মধ্যে সায়ান্সের জমিনটা তল্তলে; তাড়াতাড়ি যা-তা বিশ্বাস করতে তাদের অসাধারণ আগ্রহ, মেকি সায়ান্সের মন্ত্র পড়িয়ে অন্ধ সংস্কারকে তারা সায়েশ্সের জাতে তুলতে কুশ্ঠিত হয় না। অর্থাৎ, শিক্ষার নৌকোতে বিলিতি দাঁড় বসিয়েছি, হাল লাগিয়েছি, দেখতে হয়েছে ভালো। কিন্তু সমন্ত ননীটার স্রোত উলটো দিকে—নৌকো পিছিয়ে পড়ে আপনিই।…

•••প্রাচ্য দেশে মল্যে বিচারের যে আদশ তাতে আমরা উপকরণকে অম্তের সংশ্ব পাল্লা দেওয়ার দরকার বোধ করি নে। বিদ্যা জিনিসটি অম্ত, ইটকাঠের দ্বারা তার পরিমাপের কথা আমাদের মনেই হয় না। আশ্তরিক সত্যের দিকে যা বড়ো বাহ্য রপের দিকে তার আয়োজন আমাদের বিচারে না হলেও চলে। অশ্তত এতকাল সেইরকম আমাদের মনের ভাব ছিল। বস্তুত, আমাদের দেশের প্রাচীন বিশ্ববিদ্যালম্ন আজও আছে বারাণসীতে। অত্যশ্ত সত্যা, নিতাশত স্বাভাবিক, অথচ মন্ত ক'রে চোখে পড়ে না। এ দেশের সনাতন সংস্কৃতির মলে উৎস সেইখানেই, কিশ্তু তার সংশ্বে না আছে ইমারত না আছে অতিজাটিল ব্যয়সাধ্য বাবস্থাপ্রণালী। সেখানে বিদ্যাদানের চিরশ্তন ব্রত দেশের অশ্তরের মধ্যে অলিখিত অনুশাসনে লেখা।

### রবীন্দ্রচনা-সংকলন

বিদ্যাদানের পশ্বতি, তার নিঃম্বার্থ নিংঠা, তার সোজন্য, তার সরগতা, গ্রেন্থিয়ের মধ্যে অক্তিম হাদ্যভার সন্বংধ, সর্বপ্রকার আড়ন্বরকে উপেক্ষা করে এসেছে - কেননা, সত্যেই তার পরিচয় । প্রাচ্য দেশের কারিগররা যেরকম অতি সামান্য হাতিয়ার দিয়ে অতি অসামান্য শিলপদ্রব্য তৈরি ক'রে থাকে পাশ্চাত্য বর্গিধ তা কল্পনা করতে পারে না। যে নৈপর্ণাটি ভিতরের জিনিস ভার বাহন প্রাণে এবং মনে। বাইরের ম্থলে উপাদানটি অত্যন্ত হয়ে উঠলে আসল ির্নিস্চি চাপা পড়ে।

দ্বভাগ্যক্তমে এই সহজ কথাটা আমরাই আজকান পাশ্যাতোর চেয়েও কম ব্রিষ। গরিব যথন ধনীকে মনে মনে ঈষা করে তথন এনবেনই ব্রিধারিকার হটে। কোনো সন্ধানে যথন আমরা পাশ্যাতোর অন্করণ করি তথন হাট-কাসের বাহালো এবং যশ্যের চক্তে উপচক্তে নিজেকে ও অন্যাকে ভূলিয়ে গৌল করা সহজন আসলা তিনিসের কাপাণ্যে এইটেরই দবকার হন জেলি। আসলোব চেয়ে নকলেন সাজেলল স্বভাবতই মায় বাহালোর দিকে। প্রত্যহহ কেখনে গাই, প্রবিদ্যাল জীবনসমস্যার আমরা যে সহজ্মমাধান করেছিল্মে তার থেকে কেবলই আমরা শর্মাণত হাঁহা। তার ফলে ল এই যে, আমাদের অবশ্যাটা বরে গোল প্রিন্ধ, এননানি, তার চেয়ে কমেক ভিন্নী নিচর দিকে, এথক আমাদের মেলকাল বার করে এনে ছ জন্য সেশ থেকে যেখানে সমারোহের সংগ্রে তহিবলের বিশেষ আড়া আজি নেই।

মনো করে দেখো-না—এ দেশে বহুরোগভারতি ভাসাধারণের আরোগ্য-বিধানের তার রিপ্ত রা কোষের লোহাই দিয়ে ব্যয়সংকাচ বরতে হয়, দেশজোড়া অতিবিহাট মুখিতার কালিমা ধথোচিত পরিমান্তিন করতে অথে কুলোয় না, অথাই দে-সব অভাবে দেশ অশতরে-বাহিলে মাৃত্যুর তলায় তলাজে তার প্রতিকারের অভি ফাঁণ ভপায় দেউলে দেশের মতোই আহত এ দেশে শাসন-বাবস্থায় ব্যয়ের অভন্ত প্রান্থ একেবারেই দরিত্ব দেশের মতো নর । তার মাগ্রের পরিমাণ স্বয়ং পাশ্যাত্য ধনী দেশকেও অনেক দ্বে এগিয়ে গেছে । এমন-কি, বিস্যাবিভাগের সমস্ত বাহ্য ঠাট বলায় রাখবার বায় বিদ্যাপ্রবিধানের চেয়ে বেশি । অর্থাৎ গাছের পাতাকে দশনিধারী আকারে ফাঁকড়া ক'রে তোলবার আতিল ফল ফলাবার রম-জোগানে টানটোনি চলেছে । তা হোক, এর এই বাইরের দিকের অভাবের চেয়ে এব নর্মগত গ্রের্ভর আতাবটাই সব চেয়ে দ্বিশ্বিশতার বিষয় । সেই কথাটাই বলতে চাই । সেই অভাবটা শিক্ষার থথাবোগ্য আধারের অভাব ।

ান্ব থেকে আহ্বিত শিক্ষাকে সমন্ত দেশ যতক্ষণ আপন করতে না পারবে ততক্ষণ তার বাহা উপকরণের দেঘাপ্রদেথর পরিমাপটাকে হিসাবের খাতায় লাভের কোঠায় ফেললে হান্ডি-কাটা ধারেব টাকটোকে মালধনহারা ব্যবসায়ে মানকা ব'লে আনন্দ করার মতো হয়। সেই আপন করবার সবাপ্রধান সহায় আপন ভাষা। শিক্ষার সকল খাদ্য ঐ ভাষার রসায়নে আমাদের আপন খাদ্য হয়। পক্ষীশাবক গোড়া থেকেই পোকা খেয়ে মান্য : কোনো মানবসমাজে হঠাৎ যদি কোনো পক্ষীমহারাজের একাধিপত্য ঘটে তা হলেই কি এমন কথা বলা চলবে যে, সেই রাজখাদ্যটা খেলেই মান্য-প্রজাদেরও পাখা গজিয়ে উঠবে।

#### রবীন্দ্রনাথের চিল্তাজগৎ

শিক্ষায় মাতৃভাষাই মাতৃদ্বশ্ধ, জগতে এই সর্বজনস্বীকৃত নির্রাতশায় সহজ কথাটা বহুকাল পুবের্ব একদিন বলেছিলেম; আজও তার প্রনরাবৃত্তি করব। সেদিন যা ইংরেজি-শিক্ষার-মন্ত্র-মৃশ্ধ কর্ণকুহরে অশ্রাব্য হয়েছিল আজও যদি তা লক্ষ্যম্রুট হয় তবে আশা করি, প্রনরাবৃত্তি করবার মানুষ বারে বারে পাওয়া যাবে।

আপন ভাষায় ব্যাপকভাবে শিক্ষার গোড়াপত্তন করবার আগ্রহ স্বভাবতই সমাজের মনে কাজ করে, এটা তার স্থুম্থ চিত্তের লক্ষণ। রামমোহন রায়ের বন্ধ্ব পাদ্রি এডাম সাহেব বাংলাদেশের প্রার্থামক শিক্ষার যে রিপোর্ট্ প্রকাশ করেন তাতে দেখা যায় বাংলা-বিহারে এক লক্ষের উপর পাঠশালা ছিল, দেখা যায় প্রায় প্রত্যেক গ্রামেই ছিল জনসাধারণকে অত্যন্ত ন্যুন্তম শিক্ষাদানের ব্যবস্থা। এ ছাড়া প্রায় তখনকার ধনী মাত্রেই আপন চন্ডীমন্ডপে সামাজিক কর্তব্যের অঙ্গর্পে পাঠশালা রাখতেন, গ্রুমশায় ব্যক্তিও বাসা পেতেন তাঁরই কাছ থেকে।…

